় যুগনায়ক বিবেকানন

(তৃতীয় খণ্ড)

প্ৰবৰ্ত্ৰ

স্বামী গন্তীরানন্দ



উদ্বোধন কার্যালয় কলিকাতা প্রকাশক স্বামী জ্ঞানাত্মানন্দ উবোধন কার্যালয় ১ উবোধন লেন, ক্লিকাডা-৩

প্রথম সংস্করণ ফান্ধন, ১৩৭৩

মূল্রাকর শ্রীষিজেন্দ্রলাল বিখাস ইণ্ডিয়ান ফোটো এনগ্রেভিং কোং প্রাইভেট লিঃ ২৮ বেনিয়াটোলা লেন, কলিকাতা-৯

মূল্য সাত টাকা

নবযুগের বার্তাকে বাৰায় রূপ দিবার পরে যুগনায়ক স্বামীজীর কর্তব্য ছিল উহার বিরাট কর্মময় সম্ভাবনার চাক্ষ্য আভাস প্রদান ও প্রানির্দেশ। তিনি নিজেই বলিয়াছিলেন, "এবারে নৃতন একটা পথ করে দিয়ে গেলুম। এতদিন লোকে জানত, ধ্যান, জপ, বিচার প্রভৃতি ছারা মৃক্তি হয়। এবার এখানকার ছেলেমেয়ের। তাঁর কাজ করে জীবন্মুক্ত হয়ে যাবে।" তাঁহার ধর্মের সংজ্ঞা এই: "মামুষের ভিতর যে দেবত্ব প্রথম হইতেই বর্তমান, তাহার প্রকাশসাধনকে ধর্ম বলে।" এই প্রকাশ ঘটিতে পারে বিচিত্ররূপে বিবিধ ক্ষেত্রে। স্বামীন্সীর নিজের জীবনই ইহার সাক্ষ্য দেয়। <u>জীরামক্রক্ষ দেখিয়াছিলেন, যেসব শক্তির একটি</u>-মাত্রের বিকাশের ফলে মাহ্রৰ জগিৰখ্যাত হইতে পারে, "নরেন্দ্রের ভিতরে ঐরূপ আঠারটি শক্তি পূর্ণমাত্রায় বিছমান।" অথচ ঐ শক্তিবিকাশ ধর্মবিরুদ্ধ হওয়ার কোন আশকা ছিল না: কারণ খ্রীরামক্লফ দেখিয়াছিলেন, "তাহার (নরেন্দ্রের) ভিতরে জ্ঞানস্থ উদিত হইয়া মায়ামোহের দেশ পর্যস্ত তথা হইতে দ্বীভৃত করিয়াছে।" এই জ্ঞান ও শক্তির, অন্তর্নিহিত ব্রহ্মাহভূতি ও তাহার বহি:-প্রসারের দিব্য সমন্বরের ভিত্তিতে যে আদর্শ বিরচিত হইল, তাহার পরিচয় পাই স্বামীজীরই এই উক্তিতে: "আমাদের আদর্শকে বস্তুত: অতি সংক্ষেপে প্রকাশ করা ঘাইতে পারে—মামুষের নিকট তাহার অন্তর্নিহিত দেবত্বের প্রচার এবং জীবনের প্রতি কার্যে সেই দেবছবিকাশের পদা নির্ধারণ।" মহুদ্যমান্তের কোন স্তর্ই তাঁহার পরিকল্পনার বাহিরে ছিল না: "বেদান্তের মহান তত্ত্ব কেবল অরণ্যে বা গিরিগুহায় আবদ্ধ থাকিবে না: বিচারালয়ে, ভজনালয়ে, দরিদ্রের কুটীরে, মৎশুজীবীর গৃহে, ছাত্রের অধ্যয়নাগারে, সর্বত্ত এই সকল তত্ত্ব আলোচিত ও কার্যে পরিণত হইবে।" সকলে আত্মার মহিমা ভনিয়া শক্তিলাভ করিবে এবং নিজ নিজ ক্ষেত্রে সেই শক্তির প্রয়োগ করিয়া অধিকতর সাফলামণ্ডিত হইবে। অতীতের ধর্মেতিহাস এই বিষয়ে তাঁহার সহায়ক ছিল, নিজ জীবনের অভিক্রতা ইহার সমর্থক ছিল এবং খীয় দার্শনিক দৃষ্টিও ইহার পরিপোষক ছিল। "যে জানে ভববন্ধন হইতে মৃক্তি পর্যস্থ পাওয়া যায়, তাতে আর সামাত বৈষয়িক উন্নতি হয় না ? অবশ্রুই হয়"; "আমি সেই ঈশর বা সেই ধর্মে বিশাস করি না, যিনি বিধবার চোথের জল মোছাতে বা অনাথের মুথে অন্ন তুলে দিতে পারেন না"—ইহাই ছিল তাঁহার দৃপ্ত ঘোষণা। জাগতিক উন্নতিসাধনকে অবহেলার চক্ষেনা দেখিয়া তিনি উহাকে দ্বারলাভের সোপানে পরিণত করিয়াছিলেন। শ্রীরামকৃষ্ণ বলিয়াছিলেন, "থালি পেটে ধর্ম হয় না"; আর স্বামীজী বলিয়াছিলেন, "কর্মতৎপরতাদ্বারা ঐহিক অভাব দৃর না হলে ধর্মকথায় কেউ কান দেবে না। তাই বলি আগে আপনার ভিতর অন্তর্নিহিত আত্মশক্তিকে জাগ্রত কর্, তারপর ইতর্সাধারণ সকলের ভিতর যতটা পারিস ঐ শক্তিতে বিশ্বাস জাগ্রত করে প্রথমে অন্নসংস্থান পরে ধর্মলাভ করতে তাদের শেথা।"

মানবতার দৃষ্টি অবলম্বনে বর্তমান জগৎ চাহিয়াছে মাহুষকে বহির্জগতের বিভেদ ভুলাইয়া সমস্থেতে গাঁথিতে; আর ব্রহ্মদৃষ্টি অবলম্বনে প্রাচীন ভারত চাহিয়াছে বিশ্বাদীকে তাহাদের বাস্তব একত্ব অহুভব করাইতে। স্বামীজী চাহিয়াছিলেন, এই উভয় দৃষ্টির সমন্বয়; তাহার আদর্শ মানবজীবন হইবে আকাশেরই স্থায় বিস্তীণ অথচ সম্ভের স্থায় গভীর।

এই প্রকার ধারণার বশবর্তী হইয়া তিনি রামক্লফ মঠ ও রামক্লফ মিশন প্রতিষ্ঠা করিলেন, 'আত্মনো মোক্ষার্থং জগদ্ধিতায় চ' এক নবীন সন্ন্যাসি-সঙ্ঘ গড়িয়া তুলিলেন, দেশ-বিদেশে স্থায়ী বেদাস্ত-কেন্দ্র স্থাপন করিলেন, নবভাব প্রচারের জন্ম গ্রন্থপ্রকাশ ও সাময়িক পত্রিকা পরিচালনার ব্যবস্থা করিলেন, মহামারী ও ত্রভিক্ষাদির সময়ে জনদেবার আয়োজন করিলেন এবং উৎসাহ ও সাহায্য দিয়া বহু সেবাকেন্দ্রের স্ত্রপাত করিলেন। স্বামী বিবেকানন্দের বৈশিষ্ট্য এইথানেই যে তাঁহার সাধনা ও সাফল্য অপর আচার্যদের ক্যায় ব্যক্তিগত উৎকর্ষ-লাভ বা শুভভাবরাশির প্রচারমাত্রের মধ্যে দীমিত থাকে নাই। তাঁহার ছিল সর্ববিষয়ে একটা সক্রিয় মনোবৃত্তি ও তদহরূপ আচরণ। তিনি দেখিতে চাহিয়াছিলেন বুদ্ধের হৃদয় ও শঙ্করের বুদ্ধির সম্মিলন। নিজ জীবনে তিনি তাহার প্রচুর প্রমাণ দিয়াছিলেন। উহারই সহিত আবার সম্মিলিত হইয়াছিল পাতঞ্চল যোগোক্ত ধ্যান এবং গীতোক্ত নিষ্কাম কর্ম, অথবা স্বামীজীর ভাষায়—বিরাটের পূজা। অস্তরে যাহা তিনি বিশাস করিতেন, বাহিরে তিনি দেখিতে চাহিতেন তাহারই বাস্তব রূপায়ণ। ভাবজগতে যাহা সত্য বাস্তব জগতেও তাহা হইবে প্রত্যক্ষলভা। অথচ আশ্চর্যের বিষয় এই যে, তাঁহার দিব্য জীবনে আদর্শ যেমন বাস্তবতার মধ্যে আত্মহারা হয় নাই, বাস্তবতাও তেমনি আদর্শের আকর্ষণে স্বীয়

জড়তামধ্যে সঙ্কৃচিত থাকিতে পারে নাই। জগৎকে তিনি মায়িক বা অলীক বলিয়া উড়াইয়া দেন নাই, উহাকে তিনি ভগবানের লীলানিকেতনে ও মানবের অধ্যাত্মসাধনক্ষেত্রে পরিণত করিতে চাহিয়াছিলেন। তিনি জানিতেন সভ্যতার অগ্রগতি হয় প্রতিপদে প্রকৃতির সহিত রফা করিয়া কিংবা পশুজগৎস্থলভ সংঘর্ষকে বরণ করিয়া নহে, প্রত্যুত আত্মিক শক্তিকে সর্বক্ষেত্রে প্রয়োগ করিয়া। জগতে পাপ, অসম্পূর্ণতা ইত্যাদি আছে সত্য, কিন্তু তাই বলিয়া তমোগুণের হস্তে আত্মসমর্পন করা চলে না, বরং সাহস, বীর্য ও প্রেম অবলম্বনে ঐ সবকে অতিক্রম করিতে হইবে। পলায়নপর মনোবৃত্তি স্বামীজীকে পীড়িত করিত। তাঁহার ত্যাগ ওর্মু বর্জন নহে, পরস্ক সার্থক জনসেবায় আত্মনিয়োগ; তাঁহার অধ্যাত্মপ্রচেষ্টা নেতিমার্গে আত্মবলিদান নহে, প্রত্যুত ইতিমার্গে অন্তর্নিহিত ব্রক্ষের পূর্ণ প্রকাশ —আর এই প্রকাশেরই মধ্যে রহিয়াছে মানবজীবনের প্রকৃত সার্থকতা, জনসমাজের উন্নতির অমোঘ বীজ। এই সর্বজনীন উন্নতির প্রচেষ্টায় তিনি আত্মমৃত্তির ক্রণাও ভূলিতে প্রস্তুত ছিলেন।


এই দৃষ্টিভূমি হইতেই তিনি সমাজের সন্মুখে রাখিয়া গিয়াছেন এক নবীন আশা ও আকাজ্ঞা: "এই জগতের আদর্শ সেই অবস্থা যথন 'সর্বং ব্রহ্মময়ং জগং' পুনরায় হইবে, যথন শূদ্রবল, বৈশ্ববল ও ক্ষত্রিয়বলের আর আবশ্বকতা থাকিবে না, যথন মানবসন্তান যোগবিভূতিতে বিভূষিত হইয়াই জন্ম-পরিগ্রহ করিবে, যথন চৈতক্তময়ী শক্তি জড়াশক্তির উপর সম্পূর্ণ আধিপত্য স্থাপন করিবে, যথন রোগ-শোক আর মহয়শরীরকে আক্রমণ করিতে পারিবে না, পশুবল প্রয়োগ পুরাকালের স্বপ্লের ক্যায় লোকস্মতি হইতে একেবারে বিল্পু হইবে, যথন এই ভূমগুলে প্রেমই একমাত্র সর্ব কার্যের প্রেরয়িতা হইবে—তথনই সমগ্র মহয়জাতি ব্রাহ্মণ্যবিশিষ্ট হইয়া ব্রাহ্মণ হইয়া যাইবে, তথনই জাতিভেদ লুপ্ত হইয়া প্রাচীন শ্বেষিদেরের দৃষ্ট সত্যযুগ সম্পন্থিত হইবে।"

বিশ্বমানবকে সক্রিয়ভাবে এই ব্রহ্মপ্রকাশের প্রতি প্রধাবিত করাই ছিল শ্বামীজীর অস্তবের আকৃতি—এই উদ্দেশ্যেই যুগনায়কের হৃদয়ের রক্তমোক্ষণ, আত্মবিসর্জন। তাই বিবেকানন্দের আগমনে জগৎ আজ্ব নবরূপ ধারণের পথে চলিয়াছে।

বেলুড় মঠ, শ্রীরামকৃষ্ণ-জন্মতিথি ২৮শে ফাল্কন, ১৩৭৩ নিবেদক গ্রন্থকার

সূচীপত্ৰ

বিষয়	शृ ष्ठे
যুগপ্রবর্তন	>
পর্বতরাজের ক্রোড়ে	٤ -
পঞ্চনদীর ভীরে	8 2
ভারতীয় প্রচারের শেষ পর্যায়	७२
স্বপ্নের রূপায়ণ	৮२
ভারত-পরিচয়	১০৬
ভূমৰ্গ	200
অমরনাথ ও ক্ষীরভবানী	560
আদর্শের বাস্তব রূপ	· ১৭৩
স্বজন সঙ্গে	२ • ७
নবীন সন্ন্যাসি-সজ্য	२२১
পুনবার মার্কিন মৃলুকে	২৩৪
मिक्कि का निकर्नियाय	₹ 🕻 ७
উত্তর ক্যালিফর্নিয়ায়	२ १ ७
আমেরিকা হইতে বিদায়	২৯৬
পাশ্চান্ত্য-ক্নষ্টিকেন্দ্র	७२२
প্রাচীন সংস্কৃতির সন্ধানে	৩৪৩
হিমালয়ে শেষবার	৩৫৬
পূর্ববঙ্গ ও আদাম	৩৭৮
বেলুড় মঠে	৽৻৶
কাশীধামে	836
দী বনপ্রান্ <u>তে</u>	807
মহাসমাধি	88%
নির্দেশিক <u>া</u>	8&0
গ্ৰন্থপঞ্জী	8৮७



যুগপ্রবর্তন

কলিকাতায় প্রত্যাগ্মনের পর প্রাথমিক অভ্যর্থনাদির কার্য শেষ হইয়া গেলে স্বামীজীর অগতম প্রধান কর্তব্য হইল গুরুলাতগণকে স্বমতে আনয়ন করা এবং-🗐 গুরুর বাণীকে সজ্যবদ্ধভাবে রূপপ্রাদানের জন্ম তাঁহাদিগকে উদ্বন্ধ করা। কার্যটি খুব সহজ ছিল না। গৃহী ভক্তদের মধ্যে এীযুক্ত রামচন্দ্র দত্তপ্রমুখ বয়স্ক আনেকে মঠাদি স্থাপনের প্রয়োজন পূর্বে স্বীকার করেন নাই; এখনও ধর্মজীবনে স্বমৃক্তির চেষ্টায় সর্বতোভাবে নিরত থাকাকেই তাঁহারা সর্বোত্তম আদর্শ বলিয়া মনে করিতেন, এবং এই চেষ্টাও গতামুগতিক পথে পরিচালিত হওয়া উচিত বলিয়াই তাঁহাদের ধারণা ছিল। অধিকম্ভ তাঁহারা স্বামীন্সীর প্রচারিত 'কার্যে পরিণত বেদাস্তবাদ'-এর সহিত এরামক্লফের জীবন ও উপদেশের সামঞ্জন্ত দেখিতে পাইতেন না। সন্মাসীদের অনেকেও স্বামীজীর নবীন চিন্তাকে সন্দেহের চক্ষে স্বামীজীর এই কর্মপ্রচেষ্টার সহিত বৈরাগ্যপ্রবণ, সমাজবিমুখ সন্মাদের মিলন কোথায়--- সংসার অস্বীকারকারী বেদান্তবাদের সম্বন্ধই বা কি ? স্বামীজী কিন্তু কোন অসামঞ্জন্ত দেখেন নাই; তিনি সোজা কথায় বলিলেন. "যে জ্ঞানে ভববন্ধন হতে মুক্তি পর্যন্ত পাওয়া যায়, তাতে আর দামান্য বৈষয়িক উন্নতি হয় না ? অবশ্রুই হয়।" তাঁহার স্মরণ ছিল, শ্রীরামক্লফের উক্তি, "থালি-পেটে ধর্ম হয় না", "কলিতে অন্নগত প্রাণ"। আর ইতিহাসবেত্তা তিনি জানিতেন, বৌদ্ধ-ধর্মের অবনতিকালে স্বাহ্নভূতির প্রতি সমূচিত দৃষ্টি না রাখিয়া শুধু বাহ্নিক ত্যাগের উপর অত্যধিক জোর দেওয়ার ফলে অনধিকারীরাও সন্মানকেই ধর্মলাভের একমাত্র পথ বলিয়া গ্রহণ করিয়াছিল এবং ইহার ফলে কর্মপ্রচেষ্টা ব্যাহত ও ভারতের অবনতি ক্রমবর্ধমান হইয়া বর্তমান চরম তুর্দশা ঘটিয়াছে। কথায় বলে, সাপের বিষ সাপই তুলিয়া লইতে পারে। বৌদ্ধ-সন্ম্যাসিকর্তৃক এই বিপথে পরিচালনের ফলে সমাজে বে অব্যবস্থা ঘটিয়াছে, হিন্দু-সন্ধ্যাসীকে আজ তজ্জ্ঞ্য প্রায়শ্চিত্ত করিতে হইবে; তাঁহাকে স্বীয় জীবন দিয়া দেখাইয়া দিতে হইবে কর্মণ্ড ভগবত্বপাসনায় পরিণত হইতে পাবে। শ্রীরামরুফ জীব-কল্যাণার্থ শরীর ধারণ করিয়াছিলেন, এই যুগে শিবজ্ঞানে জীবদেবার বাণী তাঁহারই মুখে প্রথম উচ্চারিত হইয়াছিল, হাজরা মহাশয় তাঁহাকে ভক্তদের ভাবনা ছাড়িয়া দিয়া ধ্যান-সমাধি লইয়া থাকিবার

পরামর্শ দিলেও তিনি কলিকাতার লোকের হুরবন্থা ভাবিয়া তাহা করিতে পারেন নাই এবং দেওঘর ও রাণাঘাটে তিনি স্বহস্তে সেবাব্রতের বীক্ষ প্রোথিত করিয়াছিলেন। বিরাট সমাজের জীবনে বেদাস্তকে কার্যকরী করিয়া তুলিবার উপায়রূপে তাই স্বামীজী দেবাব্রতকে স্বীয় সন্তেবর আবশ্রিক অঙ্গ বলিয়া বাছিয়া -লইলেন। স্বদেশবাসীকে ভিনি যেমন সর্বব্যাপী বিরাট পুরুষের পুজায় পাহ্বান করিলেন, তমোগুণ ছাড়িয়া বীরপদক্ষেপে খদেশের সেবায় ব্রতী হইতে বলিলেন, সম্যাসীদিগকেও তেমনি বুঝাইয়া দিলেন, নিঃম্বার্থভাব লইয়া জীবরূপী শিবের সেবায় অগ্রসর হইলে উহাই হইবে সর্বোত্তম ধর্মসাধন এবং উহাই ক্রমে হইবে মুক্তির কারণ। অতএব ভয় নাই; সন্দেহও বুথা। তিনি সকলকে ডাকিয়া বলিলেন, "তোমরা কোনু নিফলা দেবতার অৱেষণে ধাবিত হইতেছ? আর তোমার সম্মুথে, তোমার চতুর্দিকে যে দেবতাকে দেখিতেছ, সেই বিরাটের উপাসনা করিতে পারিতেছ না? আবশুক চিত্তভদ্ধি; কিরূপে এই চিত্তভদ্ধি হইবে? প্রথম পুজা-বিরাটের পুজা-তোমার সম্মথে, তোমার চারিদিকে যাহারা রহিয়াছে, তাহাদের পূজা। ইহাদের পূজা করিতে হইবে, সেবা নহে। সেবা বলিলে আমার অভিপ্রেড ভাবটি ঠিক বুঝাইবে না, পুজা শব্দেই ঐ ভাব ঠিক প্রকাশ করা যায়।" স্বদেশপ্রেমিক দেশের কল্যাণে আত্মনিয়োগ করিবে কোন व्यानत्र छेषु क रहेशा ?-- मरामाशात नतीत्रक्री चरनत्नत रमवानर्न वत्र कतिशा। সমাজের প্রতিটি অঙ্ক অপরের সন্মুথে দাঁড়াইবে কোন সম্বন্ধ মানিয়া লইয়া ?— সমান্তরপী বিরাটের দেবদেহের দেবায় ত্রতী হইয়া। সন্মাসী অধ্যাত্মমার্গে পা বাড়াইবেন কাহার আহ্বান স্বীকার করিয়া ?—সর্বব্যাপী ভগবানের প্রজার উদ্দীপনা পাইয়া।

শ্বামীজী এ যাবৎ দকলকে বুঝাইতেছিলেন যে, আত্মাভিমানজনিত বা যশোলিপ্সাপ্রস্ত কার্য দব সময়েই হেয়; কিন্তু অহন্ধারবজিত ও দেবাভাব-প্রণোদিত কর্ম অতীব প্রশংসনীয় এবং উহা চিত্তভদ্ধির প্রকৃষ্ট উপায়। বিশেষতঃ বিশুদ্ধস্থভাব ব্যক্তি ব্যতীত অপর কোন সাধারণ লোক যতক্ষণ পর্যন্ত রজোগুণকে অতিক্রম করিয়া সম্বভাবে প্রতিষ্ঠিত না হন, ততক্ষণ ধ্যান-ধারণা বা জ্ঞান-বিচারাদির পূর্ণ অধিকারী হইতে পারেন না। অনেকের বিশ্বাস, ভগবানলাভের

সর্বতঃ গণিপাদং তৎ সর্বতোক্ষিণিরোম্থম।
 সর্বতঃ শ্রুতিমলোকে সর্বমারতা তিয়তি॥ —শীতা ১৬।১৪

পর তাঁহারই আদেশক্রমে—বা 'চাপরাশ পাইয়া'—লোককল্যাণে নিযুক্ত হওয়া উচিত, তৎপূর্বে নহে। কিন্তু এই কথা শুধু আচার্যদের পক্ষেই প্রযোজ্য; যাঁহারা অপরকে ভগবংপথে চলিবার উপদেশ দিবেন, তাঁহাদের নিজেদের অমুভৃতি থাকা একান্ত আবশ্রক। পরত্ত যাঁহারা ঈশ্বরলাভের উপায়রপে তাঁহারই আরাধনা-জ্ঞানে ভক্তিভাবে সেবাব্রত গ্রহণ করেন, তাঁহাদের সম্বন্ধে একথা প্রযোজ্য নহে। আবার সাধনা হিসাবে এই পথকে অন্যান্ত স্থারিচিত পথ অপেক্ষা নিম্নতর স্থান দেওয়াও চলে না—কারণ সেবার সহিত ভক্তি, বিচার, ত্যাগ, একাগ্রতা প্রভৃতি অকাক্ষিভাবে বিজড়িত।

স্বামীজী উপযুক্ত কর্মী প্রস্তুত করিবার জন্ম এইভাবে সকলকে প্রোৎসাহিত করিতে থাকিলেও তাঁহার ব্ঝিতে বাকি ছিল না যে, দেশের লোকের মানসিক সহাস্থৃতি পাইলেও ভারতবর্ষে কাজ গড়িয়া তোলার একটি প্রধান অন্তরায় অর্থাভাব। শ্রীযুক্তা ওলি বুল ও শ্রীমতী মার্গারেট নোবলকে (ভগিনী নিবেদিতাকে) লিখিত ৫ই মে (১৮৯৭) তারিখের তুইখানি পত্রে স্বামীজী এই অস্থবিধার কথাই লিখিয়াছিলেন। প্রথম পত্রে আছে: "এখানকার অবস্থা বেশ আশাজনক বলে বোধ হচ্ছে না—যদিও সমন্ত জাতটা একযোগে আমাকে সন্মান করেছে এবং আমাকে নিয়ে প্রায় পাগল হয়ে যাবার মতো হয়েছিল! কোন বিষয়ে কার্যকারিতার দিকটা ভারতবর্ষে আদৌ দেখতে পাবে না। ভারতবর্ষ ইতিমধ্যেই শ্রীরামকৃষ্ণের হয়ে গেছে।" দ্বিতীয় পত্রে আছে অন্ত প্রকারে ইহারই পুনরাবৃত্তি: "তৃঃখ হয় এই জন্ম যে, আমার আদর্শগুলি কার্যে পরিণত হবার কিছুমাত্র স্থোগ পেল না। আর তুমি তো জানই, অন্তরায় হচ্ছে অর্থাভাব। হিন্দুরা শোভাযাত্রা এবং আরও কত্ত কিছু করছে; কিন্তু তারা টাকা দিতে পারে না।"

অর্থাভাবে স্বীয় আদর্শকে ক্রত কার্যে পরিণত করিতে অসমর্থ হইলেও স্বামী জী চূপ করিয়া থাকিলেন না। তিনি ঐ জন্ম বিবিধ উপায় অবলমনে তৎপর হইলেন। ভারতে অর্থ না থাকিলেও এথানে ত্যাগের মহিমা স্বীকৃত হয় এবং স্বল্প সংখ্যক হইলেও তথনও ঐ আদর্শে মাহ্য উবুদ্ধ হইত; আর স্বামীজী জানিতেন, টাকায় মাহ্য গড়ে না, মাহ্যই টাকা তৈরী করে। শ্রীরামক্তফের ভাবে উবুদ্ধ কয়েকজন যুবক স্বামীজীর আমেরিকায় অবস্থানকাল হইতেই মঠে বাতায়াত করিতেছিলেন এবং কেহ কেহ মঠে বোগদানও করিয়াছিলেন,। তাঁহার

স্বদেশ প্রত্যাগমনের পর কালীকৃষ্ণ, কানাই, স্থশীল ও যোগেক্সনাথ চট্টোপাধ্যায় তাঁহার নিকট সন্ন্যাদদীক্ষা প্রাপ্ত হইলেন ও তাঁহাদের নাম হইল যথাক্রমে বিরজানন্দ, নির্ভয়ানন্দ, প্রকাশানন্দ ও নিত্যানন্দ। ইহা সম্ভবত: মার্চ (১৮৯৭) মাদের কথা; কারণ মার্চ মাদ্রাজ চলিয়া ঘাইবার পূর্বে স্বামী রামকৃষ্ণানন্দ এই ঘটনাকালে আলমবাজার মঠে উপস্থিত ছিলেন ('বাণী ও রচনা', ৯০৫); স্বামীজীর ২০।০০৯৭-এর পত্র; 'স্বামী অথণ্ডানন্দ', ১১৮ পৃ: দ্র:)। এই চারি জনের মধ্যে "একজনকে যাহাতে সন্ন্যাস না দেওয়া হয়, তজ্জন্ত স্বামীজীর গুক্তনাত্রগণ তাঁহাকে বহু অন্থরোধ করেন। স্বামীজী তত্ত্বের বলিয়াছিলেন, 'আমরা যদি পাপী-তাপী দীনত্থী পতিতের উদ্ধারসাধনে পশ্চাৎপদ হই, তাহ'লে কে আর তাকে দেখবে? তোমরা এ বিষয়ে কোনরূপ প্রতিবাদী হইও না'।" ('বাণী ও রচনা,' ৯৪৭)। স্বামীজী আরও বলিলেন, "ও ব্যক্তি যথন মঠে আশ্রয় নিয়েছে তথন এটা বোঝা যাচছে যে, ওর মন বদলেগেছে। আর তোমরা যদি অসৎ ব্যক্তিদিগকে সংশোধন করতে পারবে না মনে কর তবে গেক্স্মা ধারণ

২। বর্ণনার স্থবিধার জন্ম এই কয় বংসর মধ্যে অপর বাঁহার। সন্নাস গ্রহণ করেন, তাঁহাদের কথাও এখানেই বলিয়া রাখি। জ্রীরামকৃষ্ণ-সন্তান পূজ্যাশাদ হরিপ্রসন্ন চট্টোপাধ্যায় ১৮৯৬ খৃষ্টাব্দে মঠে যোগ দেন ও ১৮৯৮ খৃষ্টাব্দে সন্ন্যাস-গ্রহণপূর্বক বিজ্ঞানানন্দ নামে পরিচিত হন। স্থনীলের দাদা স্থারীর চক্রবর্তী স্বামীজীর নিকট মন্ত্রদীক্ষা ও ব্রহ্মচর্যদীক্ষা গ্রহণ করেন এবং স্বামী নিরঞ্জনানন্দের নিকট সন্ন্যাস লইয়া (১৮৯৭) শুদ্ধানন্দ নামে পরিচিত হন। স্বামীজীর শিশ্ব স্থামী নির্মলানন্দ ও স্বানন্দের কথা আমরা পূর্বেই বলিয়াছি। স্বামীজীর বাকি সন্ন্যাসী শিষ্যদের পূর্ব নাম, গৃহত্যাগ-কাল, সন্ন্যাসের কাল ও সন্নাসের নাম এই:

পূৰ্ব নাম	গৃহত্যাগ-কাল	সন্ত্রাদের কাল	নুতন নাম
গোবিস্ফল শুকুল	24%	7434-99	আত্মানন্দ
থগেন্দ্ৰনাথ চটোপাধ্যায়	2227	2446	বিমলান ্দ
অজয়হরি ব্যানার্জি	1646	२३।७ । ऽ৮३৮	স্থরপানন্দ
হুরেন্দ্রনাথ বহু		₫	<u> হ্রেখরানক্দ</u>
হরিপদ চট্টোপাধ্যায়	७८ ४८	729L	বোধানন্দ
মতিলাল মুখার্জি		7499	मिक्तिमानव्य (२)
	•	न(७५४, ১৮৯৯	ধীরানন্দ
কৃষ্ণমূৰ্তি নাইডু		মে, ১৮৯৯	সোমান দ
पिक्तिगात्रक्षन खर	74 94	कून, ১৮৯৯ (१)	কল্যাণানন্দ
আণ্ডতোৰ মিত্ৰ		মার্চ, ১৯০০	সত্যকামান ক
সুরজ রাও	79.07	79.7	নি শ্চ য়ানন্দ
হ্নেশচন্দ্র গুহঠাকুরতা	79	জামুয়ারি, ১৯০২	পরমানক
কেদারনাথ মৌলিক	79	মে, ১৯০২	অচলান ক

করেছ কেন, আর আচার্য হতে যাচ্ছ কি বলে ?" (বাঙ্গলা জীবনী, ৬৪৮)। স্বামীজীর ইচ্ছাই ফলবতী হইল, তিনি করুণাবিগলিত অস্তঃকরণে একটি মৃমুক্ শরণার্থীকে ভবসাগর উত্তীর্ণ করাইতে উন্মত হইয়াছেন দেখিয়া সকলেই নীরব হুইলেন।

দীক্ষাগ্রহণেচ্ছুগণ পূর্বদিন মন্তকম্গুনপূর্বক উত্তরীয় ধারণাস্তে আত্মশ্রাদ্ধের জন্ম প্রস্তুত হইলেন। শিশ্ব শর্চচন্দ্র হুই দিন যাবং মঠেই ছিলেন। স্বামীক্রী তাঁহাকে বলিয়া রাখিয়াছিলেন, "তুই তো ভটচায বাম্ন; আগামী কাল তুইই তাদের আদ্ধ করিয়ে দিবি, পরদিন এদের সন্ন্যাস দেবো। আদ্ধ পাঁজি-পুঁথি সব পড়ে-শুনে দেখে নিস।" বেদমতে বাঁহারা সন্ন্যাস গ্রহণ করেন, তাঁহারা সন্ন্যাসের পূর্বেই নিজে নিজের আদ্ধ সমাপন করেন, কারণ সন্ন্যাসের পর আর তাঁহাদের বৈদিক কর্মে অধিকার থাকে না এবং বংশ লুপ্ত হওয়ায় পরে পিওদানের সম্ভাবনাও থাকে না। শিশু স্বামীজীর আদেশ পালন করিয়াছিলেন। "শ্রাদ্ধান্তে যথন ব্রহ্মচারি-চতুইয় নিজ নিজ পিণ্ড অর্পণপূর্বক পিণ্ডাদি লইয়। গঙ্গায় চলিলেন, তখন স্বামীজী শিষ্যের মনের অবস্থা লক্ষ্য করিয়া বলিলেন, 'এসব দেখেন্তনে তোর মনে ভয় হয়েছে – না রে ?' শিশু নতমন্তকে দম্মতি জ্ঞাপন করায় স্বামীজী শিশুকে বলিলেন, 'সংসারে আজ থেকে এদের মৃত্যু হল; কাল থেকে এদের নৃতন দেহ, নৃতন চিম্ভা, নৃতন পরিচ্ছদ হবে—এরা ব্রহ্মবীর্থে প্রদীপ্ত হয়ে জলন্ত পাবকের মতো অবস্থান করবে। 'ন প্রজয়া ধনেন, ত্যাগেনৈকে অমৃত-তত্বমানশুঃ'।" কুতশ্রাদ্ধ ব্রহ্মচারি-চতুষ্টয় এই অবসরে গঙ্গাতে পিগুাদি নিক্ষেপ করিয়া আসিয়া স্বামীজীর পাদবন্দনা করিলেন। স্বামীজী তাঁহাদিগকে আশীর্বাদ করিয়া বলিলেন, 'তোমরা মানবজীবনের শ্রেষ্ঠব্রত গ্রহণ করতে উৎসাহিত হয়েছ, ধক্ত তোমাদের জন্ম, ধক্ত তোমাদের বংশ, ধক্ত তোমাদের গর্ভধারিণী—কুলং পবিত্রং জননী কুতার্থা।'

"সেইদিন রাত্রে আহারান্তে স্বামী দ্বী কেবল সন্ন্যাসধর্ম-বিষয়েই কথা কহিতে থাকিলেন। সন্ন্যাসব্রত-গ্রহণোৎস্থক ব্রন্ধচারিগণকে লক্ষ্য করিয়া বলিলেন: 'আত্মনো মোক্ষার্থং জগদ্ধিতায় চ'—এই হচ্ছে সন্ন্যাদের প্রকৃত উদ্দেশ্য। সন্ন্যাদ না হ'লে কেউ কথন ব্রন্ধজ্ঞও হ'তে পারে না—এ কথা বেদ-বেদান্ত ঘোষণা করছে। ধারা বলে—এ সংসারও ক'রব, ব্রন্ধজ্ঞও হব—তাদের কথা আদপেই শুনবিনি। ওসব প্রচ্ছনভোগীদের স্থোকবাক্য। এতটুকু সংসারের ভোগেচ্ছা যার রয়েছে, এতটুকু

কামনা যার রয়েছে, ও কঠিন পন্থা ভেবে তার ভয় হয়; তাই আপনাকে প্রবোধ দেবার জন্ম ব'লে বেড়ায়—'একুল ওকুল তুকুল রেখে চলতে হবে'। ও পাগলের কথা, উন্মন্তের প্রলাপ, অশাস্ত্রীয় অবৈদিক মত। ত্যাগ ছাড়া মৃক্তি নেই। ত্যাগ ছাড়া পরাভক্তি লাভ হয় না। ত্যাগ—ত্যাগ। 'নাক্তঃ পন্থা বিহুতেহয়নায়'।"

এই ধারায়ই কথা চলিতে লাগিল। স্বামীজী সন্ন্যাসের মহিমা কীর্তন ও ব্রন্ধচারীদিগকে উৎসাহপ্রদানের উদ্দেশ্তে আবেগভরে অনেক কথা বলিতে লাগিলেন। শিশু শরৎবাব্ মৃত্ভাবে গৃহস্থজীবনের ভাল দিকটা দেখাইলেও তথন তাঁহার সেদিকে মন দিবার অবকাশ ছিল না—মন তথন সন্ন্যাসের উচ্চ পরদায় চড়িয়া আছে। স্বামী রামক্ষণানন্দও সে রাত্তের আলোচনায় যোগ -দিয়াছিলেন। পরিশেষে স্বামীজী এই বলিয়া শেষ করিলেন: "বছজনহিতায় বছজনস্থায় সন্মাসীর জন্ম। সন্ন্যাস গ্রহণ করে যারা এই উচ্চ লক্ষ্য ভূলে যায় 'বৃথৈব তস্ত জীবনম্'। পরের জন্ম প্রাণ দিতে, জীবের গগনভেদী ক্রন্দন নিবারণ করতে, বিধবার অশ্রু মৃছাতে, পুত্রবিয়োগ-বিধুরার প্রাণে শান্তিদান করতে, অজ্ঞ ইতরসাধারণকে জীবন-সংগ্রামের উপযোগী করতে, শাস্ত্রোপদেশ-বিস্তারের দ্বারা সকলের ঐহিক ও পারমার্থিক মঙ্গল করতে এবং জ্ঞানালোক দিয়ে সকলের মধ্যে প্রস্থপ্ত ব্রন্ধ-সিংহকে জ্ঞাগরিত করতে জগতে সন্মাসীর জন্ম হয়েছে।"

আবার গুরুলাতাদের লক্ষ্য করিয়া তিনি বলিতে লাগিলেন: "'আত্মনো মোক্ষার্থ জগদ্ধিতায় চ' আমাদের জন্ম; কি করছিস সব বসে বসে ? ওঠ্—জাগ্, নিজে জেগে অপর সকলকে জাগ্রত কর্, নরজন্ম সার্থক ক'রে চলে যা। 'উত্তিষ্ঠত জাগ্রত প্রাপ্য বরান্ নিবোধত'।"

সন্ধ্যাসগ্রহণের পূর্বে স্বামীজী ব্রহ্মচারীদিগকে বলিলেন, "খুব ভেবে-চিস্তে এপথে এগুবে; পুরাতন জীবনে ফিরে যাবার এখনও সময় আছে। তোমরা কি আমার আদেশ অমানবদনে মানতে পারবে? আমি যদি তোমাদের বাঘের সামনে বা বিষধর সাপের সামনে যেতে বলি, যদি বলি গলায় ঝাঁপিয়ে পড়ে কুমীর ধরে আন, যদি বাকি জীবন আসামের চা-বাগানে কুলী হিসাবে কাজ করার জন্ম বেচে দিই, অথবা যদি না থেয়ে মরতে বলি বা তুষানলে পুড়ে মরতে বলি—এই ভেবে যে এতে তোমাদের মলল হবে—তবে তোমরা আমার কথা তথনি মানতে রাজী আছে কি?" ব্রন্ধচারীরা অবনতমন্তকে স্বীকৃতি জানাইলেন। অতংপর তিনি তাঁহাদিগকে সন্ধ্যাসদীক্ষা দিলেন।

এখানে বলিয়া রাখা আবশুক ষে, স্বামীজী বিদেশ হইতে ফিরিয়া ভুধু সকলকে কাজে नाগাইবারই জন্ম ব্যস্ত ছিলেন না ; উপদেশ, শান্ত্রপাঠ, ধ্যান-ধারণা ইত্যাদির সাহায্যে সকলের সাধুঙ্গীবন স্থগঠিত করিতেও বিশেষ যত্নপর ছিলেন। তিনি কিরূপে ধ্যান শিক্ষা দিতেন, এই বিষয়ে স্বামী শুদ্ধানন্দ লিখিয়াছেন: "স্বামীজী এক দিন আমাদের সকলকে ঠাকুরঘরে লইয়া গিয়া সাধনভজন শিথাইতে লাগিলেন। বলিলেন, 'প্রথমে সকলে আসন ক'রে বস, আর ভাব, – আমার আসন দৃঢ় হোক, এই আসন অচল অটল হোক, এর সাহায্যেই আমি ভব-সমুদ্র উত্তীর্ণ হবো।' এইরূপ কিয়ৎক্ষণ চিস্তার পর ভাবিতে বলিলেন, 'এইরূপ ভাব যে, আমার নিকট হ'তে উত্তর দক্ষিণ পূর্ব পশ্চিম চতুর্দিকে প্রেমের প্রবাহ যাচ্ছে—হাদয়ের ভিতর হতে সমগ্র জগতের জন্ম শুভকামনা হচ্ছে—সকলের কল্যাণ হোক, সকলে হুস্থ ও নীরোগ হোক। এইরূপ ভাবনার পর কিছুক্ষণ প্রাণায়াম করবি: অধিক নয়, তিনটি প্রাণায়াম করলেই হবে। তারপর হৃদয়ে প্রত্যেকের ইষ্ট-মৃতির চিন্তা ও মন্ত্রজ্প-এইটি আধঘন্টা আন্দাজ করবি।' সকলেই স্বামীজীর উপদেশমত চিম্ভাদির চেষ্টা করিতে লাগিল। এইভাবে সমবেত সাধনামুষ্ঠান মঠে দীর্ঘকাল ধরিয়া অমুষ্ঠিত হইয়াছিল এবং স্বামী তুরীয়া-नन्न सामीक्षीत व्यारमर्ग नृजन मन्नामि-उक्कातिभगरक नहेश वहकान यावर 'এইবার এইরূপ চিস্তা কর, তারপর এইরূপ কর' বলিয়া দিয়া এবং স্বয়ং অমুষ্ঠান করিয়া স্বামীজী-প্রোক্ত সাধনপ্রণালী অভ্যাস করাইয়াছিলেন।" ('বাণী ও রচনা', 21060-67)1

স্বামীজী তথন নবাগত ব্ৰহ্মচারীদের জীবনগঠনের প্রতি কিরপ তীক্ষ দৃষ্টি রাখিতেন তাহা স্বামী শুদ্ধানন্দ-লিখিত একটি ঘটনা হইতে প্রমাণিত হয়। বরাহনগরে শ্রীযুক্ত শশিপদ বন্দ্যোপাধ্যায় একটি বিধবাশ্রম স্থাপন করিয়াছিলেন। স্বামীজী একবার আমেরিকা হইতে ঐ আশ্রমের জন্ম কিছু টাকাও পাঠাইয়াছিলেন। আলোচ্য সময়ে আলমবাজার মঠে দৈনিক একখানি 'ইণ্ডিয়ান মিরর' কাগজ আসিত; কিছু পিয়ন অতদ্রে না আসিয়া কাগজখানি বিধবাশ্রমেরাখিয়া যাইত ও স্বামী নির্ভয়ানন্দ উহা লইয়া আসিতেন। তথন নির্ভয়ানন্দের অনেক কাজ; তাই তিনি ভাবিলেন কাগজ আনার ভার ব্রঃ স্বধীরের (শুদ্ধানন্দের)উপর দিলে বেশ হয়। স্বধীরও রাজী হইলেন। জায়গাটা চিনিয়া লইবার জন্ম যথন স্বধীর অপরায়ে নির্ভয়ানন্দের সক্ষে ঐ দিকে যাইতেছিলেন, তথন স্বামীজী

তাঁহাকে দেখিয়া শাস্ত্রপাঠের জন্ম ভাকিলেন, কিন্তু স্থীর বলিলেন, তিনি কাগজ রাথার জায়গা দেখিতে বিধবাশ্রমে যাইতেছেন; এই বলিয়া তিনি চলিয়া,গেলেন। কিন্তু একজন ব্রহ্মচারী এভাবে শাস্ত্রপাঠ ফেলিয়া বিধবাশ্রমে কাগজ আনিতে যাইবে, ইহা স্বামীজীর মনঃপুত ছিল না, তাই অপরদের সহিত কথাপ্রসঙ্গে তাঁহার মনোভাব ব্যক্ত হইয়া পড়িল। ইহাই যথেষ্ট ছিল। স্থীর ফিরিয়া আসিয়া যথন ইহা জানিতে পারিলেন, তথন সেথানে যাওয়া একেবারে বন্ধ করিয়া দিলেন। (এ, ১০৩২-৫৩)।

সর্বতোভাবে শিখাদের জীবনগঠনের প্রতি দৃষ্টি থাকিলেও স্বামীজীর মূল উদ্দেশ্য ঠিকই ছিল—জগদ্ধিতায় সাধুদিগকে আত্মবিসর্জন দিতে হইবে ! কাজেই শিয়াদের প্রস্তুত করার সঙ্গে সঙ্গে তিনি গুরুলাতাদিগকেও কাজে নামাইতে যত্বপর হইলেন। গুরুলাতারা সকলে স্বামীজীর এই নবীন উভ্যমের সহিত একমত না হইলেও এবং শ্রীরামক্লফ-ধারার সহিত ইহার সম্পূর্ণ সামঞ্জস্ত আছে কিনা এই বিষয়ে কিঞ্চিৎ সন্দিশ্ধ থাকিলেও ভালবাসার টানে অনেকেই তাঁহার আহ্বানে সাডা দিলেন। ইহার প্রথম ফল ফলিল স্বামী রামক্ষণানন্দের মাদ্রাজ গমনে। তিনি এতদিন বরাহনগর ও আলমবাজারের মঠে থাকিয়া একনিষ্ঠভাবে ঠাকুরের পুজাদি করিতেছিলেন। বাধাবিপত্তি সত্ত্বেও ইহার ব্যতিক্রম হয় নাই। কিন্তু নেতা যাই আদেশ করিলেন যে, তাঁহাকে প্রচারের উদ্দেশ্যে মাদ্রাজ ঘাইতে হইবে, অমনি দ্বিরুক্তি না করিয়া তিনি দেখানে চলিলেন (১৮৯৭ মার্চ মানে)। স্বয়ং শ্রীরামকৃষ্ণ যাঁহাকে নেতার আদনে বসাইয়াছেন, তাঁহার আদেশ মানিয়া চলাই তো অপরের কর্তব্য। স্বামীন্ত্রী মাদ্রান্ত ত্যাগের প্রাক্তকালে বলিয়া আসিয়াছিলেন, "আমি তোমাদের কাছে এমন একজনকে পাঠাইব, যে তোমাদের স্বচেয়ে গোঁড়ার চেয়েও গোঁডা এবং তোমাদের পণ্ডিতদের চেয়েও বেশী পণ্ডিত।" আজ তাঁহার সেই সঙ্কল্পরিপূর্ণ হইল। স্বামী রামকৃষ্ণানন্দ তাঁহার সহকারী স্বামী সদানন্দের সহিত মাদ্রাজে পৌছিয়া শ্রীযুক্ত বিলিগিরির ভবন ক্যাসল কার্নানের একাংশে আশ্রয় পাইলেন এবং শ্রীরামক্রফের বাণী ও শান্তপ্রচারে আত্মনিয়োগ করিলেন। শীঘ্রই তিনি ট্রিপ্লিকেনে আইস হাউস রোডের উপর একটি বাড়ী ভাডা লইয়া আশ্রম স্থাপন করিলেন ও উহার নাম রাখিলেন 'রামক্বফ হোম'। তিন মাস পরে শ্রীযুক্ত বিলিগিরির আগ্রহে আশ্রমটি ক্যাসল কার্নানেই স্থানাস্তরিত হইল। এই আশ্রম আলমবাজার মঠেরই নিয়মামুদারে পরিচালিত হইত।

এই কালে স্বামীজীর সেবাব্রতের আদর্শে উদ্বন্ধ হইয়া, তাঁহারই পরি-কল্পনাত্মারে এবং তাঁহারই অর্থাত্তকূল্যে স্বামী অথণ্ডানন্দ মূর্শিদাবাদ জেলায় তুভিক্ষ-দেবাকার্যে অবতীর্ণ হইলেন। আমেরিকা যাইবার পূর্বেই স্বামীজী আৰু পৰ্বতের সন্নিকটে স্বামী ব্রন্ধানন্দ ও স্বামী তুরীয়ানন্দকে বলিয়াছিলেন, "আমি সমস্ত ভারতবর্ধ ভ্রমণ করিয়াছি এবং সম্প্রতি মহারাষ্ট্র ও পশ্চিমঘাট ঘুরিয়া আসিতেছি। কিন্তু হায়, স্বচক্ষে দেশবাসীর যে হুর্দশা দেখিয়া আসিয়াছি, তাহাতে অঞ্চ সংবরণ করা যায় না। এখন আমি বেশ ব্ঝিতেছি যে, দেশের এই হীনতা ও দারিন্দ্র না ঘুচাইতে পারিলে ধর্মপ্রচারের চেষ্টা সম্পূর্ণ রুথা। এই জন্মই অর্থাৎ ভারতের মুক্তির উপায়বিধানের জন্মই বর্তমানে আমি আমেরিকা যাত্রা স্থির করিয়াছি।" (বাঙ্গলা জীবনী, ৬৪৬)। স্বামী অথণ্ডানন্দ যে উভয় গুরুলাতার মুখে এই কথা শুনিয়াছিলেন এবং স্বামী ত্রন্ধানন্দেরই প্রামর্শে রাজপুতানায় গিয়াছিলেন এবং স্বামীজীর আদর্শান্তুসারে কাজে ব্রতী হইয়া সেথানে কিছুকাল কাটাইয়াছিলেন—ইহা তিনি স্বীয় 'স্থতিকথা'য় স্বীকার করিয়াছেন। রাজপুতানায় অবস্থানকালে তাঁহার ইচ্ছা হয় যে, তিনি গরীবদের শিক্ষার জন্ম কিছু করেন এবং এই বিষয়ে আমেরিকায় স্বামীজীকে পত্র লিখিয়া ও উত্তরে তাঁহার উৎসাহ পাইয়া ঐ কার্যে ত্রতী হন। অধুনা মূর্শিদাবাদ জেলায় ত্রভিক্ষের করাল মূর্তি দেখিয়া তাঁহার কোমল হৃদয় কাঁদিল এবং তিনি কিছু করিবার জন্ম ব্যাকুল হইলেন। তথন স্বাস্থ্য ভগ্ন হওয়ায় চিকিৎসকের পরামর্শে স্বামীজী মার্চ মাদের মাঝামাঝি দাজিলিং গিয়াছিলেন; সেখান হইতে মঠে ফিরিয়া যথন স্বামী অথণ্ডানন্দের থোঁজ করিলেন তথন স্বামী প্রেমানন্দ তাঁহাকে জানাইলেন যে, মুর্শিদাবাদের তুর্ভিক্ষ-পীড়িতদের তুঃখে বিষাদগ্রন্ত অথচ নিরুপায় হইয়া তিনি কোন উপায়ে তাহাদিগকে সাহায্য করার উদ্দেশ্যে তাহাদেরই মধ্যে দিন কাটাইতেছেন: প্রেমানন্দজী স্বামীজীকে অথণ্ডানন্দের তিন্থানি দেখাইলেন। স্বামীজী হঃস্থদের হঃথে বিচলিত ও অথগুানন্দের সঙ্কল্পে হর্বান্থিত হইয়া তথনই তাঁহাকে উৎসাহপূর্ণ পত্র লিখিলেন: "সাবাস বাহাত্র ! ওয়া গুৰুজীকী ফতে !! কাজ করে যাও, যত টাকা লাগে আমি দেবো।" স্বামীজী নিজ তহবিল হইতে দেড়শত টাকা দিলেন ও হুইজন সহকারীও পাঠাইলেন— স্থরেন্দ্র (স্থরেশ্বানন্দ) ও নিত্যানন্দ। এইভাবেই রাম্ক্রফ-সজ্যের প্রথম প্রণালীবদ্ধ সেবাকার্য আরম্ভ হইল। ('স্কৃতিকথা', ২৪ • - ৪১ পু:)।

ইহারই কিছুদিন পরে শ্রীযুক্ত শরচ্চন্দ্র চক্রবর্তী ও ব্রহ্মচারী স্থাবিরর (সামী জন্ধান্দের) মন্ত্রদীক্ষা হইল (১৯শে বৈশাধ, ১৩০৪ বা ১লা মে, ১৮৯৭)। শ্রন্থানের পূর্বে স্বামীজী ব্রন্ধচারীদিগকে ধ্যরূপ বলিয়াছিলেন, দীক্ষাকালে শরচ্দ্রন্থকেও তেমনি বলিলেন, "আমি তোকে যখন যে কাজ করতে বলব, তথনি তা যথাসাধ্য করবি তো? যদি গলায় ঝাঁপ দিলে বা ছাদের উপর থেকে লাফিয়ে পড়লে তোর মঙ্গল হবে বুঝে তাই করতে বলি, তাহলে তাও নির্বিচারে করতে পারবি তো? এখনও ভেবে দেখ্। নতুবা সহসা গুরু বলে গ্রহণ করতে এগোস নি। শিশ্ব নতশিরে 'পারিব' বলিয়া উত্তর দিলেন; তাঁহার দীক্ষা হইয়া গেল। দীক্ষান্তে স্বামীজী গুরুদক্ষিণা চাহিলেন। শিশ্ব বলিলেন, "কি দিব?" স্বামীজী কহিলেন, "যা, ভাণ্ডার থেকে কোন ফল নিয়ে আয়।" শরৎবাব্ দশ-পনরটি লিচু আনিয়া স্বামীজীর হন্তে দিলেন। ইহার পর ব্রন্ধচারী স্থার দীক্ষার জন্ম আগ্রহ প্রকাশ করায় স্বামীজী তাঁহাকেও মন্ত্রদীক্ষা দিলেন।

অর্থাভাব না মিটিলেও কাজ কিছু কিছু আরম্ভ হইয়া গেল, লোকও প্রস্তুত হইতে থাকিল। এখন আবশ্রুক হইল এমন একটি প্রতিষ্ঠান, যাহা প্রণালীবদ্ধরূপে কার্য পরিচালনা করিবে। কর্মব্যপদেশে কলিকাতায় থাকার প্রয়োজন ঘটলে স্বামীজী ও তাঁহার গুরুত্রাতারা ৺বলরাম বস্থ মহাশয়ের গৃহে (৫৭ রামকাম্ভ বস্থ স্থাট, বাগবাজার) উঠিতেন এবং ঐ ভক্তপরিবারের দ্বারা সাদরে অভ্যর্থিত হইতেন। ঐ পরিবার অক্সত্র চলিয়া গেলেও গৃহদ্বার সর্বদা সাধুদের জন্ম উন্মৃত্ত থাকিত। আলমবাজারে পূর্ববর্ণিত দীক্ষাকার্য সমাপনাস্তে স্বামীজী ঐ বাটীতে আসেন এবং কিছুদিন সেথানেই থাকেন। ঐ সময়ে তাঁহার অভিপ্রায়াম্পারে

৩। 'স্বামি-শিক্ত সংবাদ', পূর্বকাণ্ড, ৪৪ পৃষ্ঠার উল্লিখিত ১৩০৩ বঙ্গান্দের ১৯শে বৈশাথ (৩০শে এপ্রিল, ১৮৯৬) ভূল বলিয়া মনে হয়; কারণ তথন স্বামীজী বিদেশে ছিলেন। তাই ১৮৯৭ এর ১লা মে আলমবাজার মঠে দীক্ষা হইয়াছিল এবং ঐ দিনই বিকালে স্বামীজী রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠার জন্ত (১লা মে, ১৮৯৭) আলমবাজার হইতে বলরামবাবুর বাটাতে গিয়াছিলেন বলিতে হইবে। অথচ উক্ত গ্রন্থের বর্ণনাতে আছে, "স্বামীজী কয়েকদিন বাগবাজারের বলরামবাবুর বাটাতে অবস্থান করিতেছেন।" এই কথার পরেই মিশন প্রতিষ্ঠার কথার (১লা মে) ও উহার কার্যাবলী স্থিরীকরণের কথার (৫ই মে) অবতারণা করা হইয়াছে। আমাদের ধারণা শরৎবাবু ঐ স্থলে প্রধানতঃ ৫ই মের ঘটনাবলী লিখিতে গিয়া প্রদক্ষক্রমে ১লা মের উল্লেখ করিয়াছেন। এইরূপ না মানিলে সামপ্রক্র গাওয়া হুছর।

উক্ত প্রতিষ্ঠানটি রূপ পরিগ্রহ করে; ঐ বাটীতেই ১লা মে (১৮৯৭) 'রামকৃষ্ণ মিশন অ্যানোসিয়েশন'-এর স্কেপাত হয়। ঐ দিন ওটার পর বৈকালে বছ ভক্ত ঐ বাটীর দ্বিতলে সমবেত হইলেন। সকলে উপবেশন করিলে স্বামীজী বলিতে লাগিলেন: "নানা দেশ ঘুরে আমার ধারণা হয়েছে, সভ্য ব্যতীত কোন বড় কাজ হ'তে পারে না। তবে আমাদের মতো দেশে প্রথম হ'তে সাধারণতস্ত্রে সভ্য তৈরী করা বা সাধারণের সম্মতি (ভোট) নিয়ে কাজ করাটা তত স্থবিধাজনক ব'লে মনে হয় না। ওসব দেশের (পাশ্চান্ত্যের) নরনারী সমধিক শিক্ষিত —আমাদের মতো দ্বেধপরায়ণ নয়। তারা গুণের সম্মান করতে শিথেছে। এই দেখুন না কেন, আমি একজন নগণ্য লোক, আমাকে গুদেশে কত আদর্যত্র করেছে! এদেশে শিক্ষাবিস্তারে যথন সাধারণ লোক সমধিক সহ্বদ্য হবে, যথন মত-ফতের সন্ধীণ গণ্ডির বাইরে চিন্তা প্রসারিত করতে শিথেরে, তখন সাধারণতন্ত্র মতে সজ্যের কাজ চালাতে পারবে। সেইজন্ত এই সজ্যে একজন ডিক্টেটর বা প্রধান একনায়ক থাকা চাই। সকলকে তাঁর আদেশ মেনে চলতে হবে।

"আমরা যাঁর নামে সন্ন্যাসী হয়েছি, আপনারা যাঁকে জীবনের আদর্শ ক'রে সংসারাশ্রমে কার্যক্ষেত্রে রয়েছেন, যাঁর দেহাবসানের বিশ বংসরের মধ্যে প্রাচ্য ও পাশ্চান্তা জগতে তাঁর পুণ্য নাম ও অন্তৃত জীবনের আশ্চর্য প্রসার হয়েছে, এই সক্ষম তাঁরই নামে প্রতিষ্ঠিত হবে। আমরা প্রভূর দাস। আপনারা এ কাজে সহায় হোন।" ('বাণী ও রচনা', ১।৬০-৬১)।

শ্রীযুক্ত গিরিশচন্দ্র ঘোষ প্রমুখ উপস্থিত সকলে এই প্রস্তাব অমুমোদন করিলে রামক্বন্ধ-সজ্অ-স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইল, এবং পরবর্তী ৫ই মে তারিখের বিতীয় সভায় কার্যপ্রণালী প্রভৃতি আলোচিত ও গৃহীত হইল। উহার নাম হইল 'রামক্রন্ধ-প্রচার' সমিতি বা 'রামক্রন্ধ মিশন' অ্যাসোসিয়েশন। স্থিরীক্রত কার্যপ্রণালী এই:

উদ্দেশ্য—মানবের হিতার্থ শ্রীরামক্লম্ব যে সকল তত্ত্ব ব্যাখ্যা করিয়াছেন এবং কার্যে তাঁহার জীবনে প্রতিপাদিত হইয়াছে, তাহাদের প্রচার এবং মহয়ের দৈহিক মানসিক ও পারমার্থিক উন্নতিকল্পে যাহাতে সেই সকল তত্ত্ব প্রযুক্ত হইতে পারে, তিহ্বিয়ে সাহায্য করা এই 'প্রচারের' (মিশনের) উদ্দেশ্য।

ত্রত—জগতের যাবতীয় ধর্মতকে এক অক্ষয় সনাতন ধর্মের রূপান্তরমাত্র-জ্ঞানে সকল ধর্মাবলম্বীর মধ্যে—আত্মীয়তা স্থাপনের জন্ম শ্রীরামকৃষ্ণ যে কার্যের ষ্মবতারণা করিয়াছিলেন, তাহার পরিচালনাই এই 'প্রচারের' (মিশনের) ব্রত।

- কার্যপ্রণালী—মন্থয়ের সাংসারিক ও আধ্যাত্মিক উন্নতির জন্ম বিভাদানের উপযুক্ত লোক শিক্ষিতকরণ, শিল্প ও শ্রমোপজীবিকার উৎসাহ বর্ধন এবং বেদান্ত ও অন্যান্য ধর্মভাব রামকৃষ্ণজীবনে যেরূপ ব্যাখ্যাত হইয়াছিল, তাহা জনসমাজে প্রবর্তন।
- ভারতবর্ষীয় কার্য—ভারতবর্ষের নগরে নগরে আচার্যব্রতগ্রহণাভিলাষী গৃহস্থ বা সম্ল্যাসীদিগের শিক্ষার জন্ম আশ্রম স্থাপন, এবং যাহাতে তাঁহারা দেশদেশাস্তরে গিয়া জনগণকে শিক্ষিত করিতে পারেন, তাহার উপায় অবলম্বন।
- বিদেশীয় কার্যবিভাগ—ভারতবহিভূতি প্রদেশসমূহে 'ব্রতধারী' প্রেরণ এবং তত্তৎদেশে স্থাপিত আশ্রমসকলের সহিত ভারতীয় আশ্রমসকলের ঘনিষ্ঠতা ও সহাত্ত্তি বর্ধন এবং নৃতন নৃতন আশ্রম সংস্থাপন।

খামী জী খাং উক্ত প্রচার' সমিতির সাধারণ সভাপতির পদ অলম্বত করিলেন এবং খামী ব্রহ্মানল ও খামী যোগানল যথাক্রমে কলিকাতা-কেন্দ্রের সভাপতি ও উপ-সভাপতি হইলেন। বাবু নরেন্দ্রনাথ মিত্র, এটনি মহোদয় হইলেন ইহার সেক্রেটারী এবং ডাক্তার শশিভূষণ ঘোষ ও বাবু শরচন্দ্র সরকার হইলেন সহকারী সেক্রেটারী। শরচন্দ্র চক্রবর্তী মহাশয় সাধারণ শাস্ত্রপাঠকরপে নির্বাচিত হইলেন। সঙ্গে এই নিয়মও বিধিবদ্ধ হইল যে, বলরামবাবুর ঐ ৫৭ নং রামকাস্ত বস্থ খ্রীটের বাটীতেই প্রতি রবিবারে চারিটার পর উক্ত সমিতির অধিবেশন বিদবে। বলা বাহুল্য, দ্বিতীয় বার বিদেশগমন পর্যন্ত খামীজী কলিকাতায় থাকিলে যথারীতি সমিতির অধিবেশনে যোগদান করিতেন এবং উপদেশ দিয়া কিংবা কিল্লরকণ্ঠে গান শুনাইয়া শ্রোত্বর্গকে মুয়্ম করিতেন। এই সাপ্তাহিক সভার অধিবেশন কিছুকাল পর্যন্ত ঠিক ঠিক চলিয়াছিল। কিন্তু বেলুড় মঠ স্থাপনের কিছু পরে সমিতির কার্য বন্ধ হইয়া যায়, অনেক পরে ১৯০৯ খুষ্টাব্রের এপ্রিল মাসে আইনাহুসারে (১৮৬০ খুষ্টাব্রের ২১ অ্যাক্ট) 'রামক্রম্ফ মিশন'-নামে রেজ্বেল্পী হইয়া পুন্জীবন ও স্থায়িত্ব লাভ করে।

'স্বামি-শিশ্য-সংবাদে' উদ্ধৃত না হইলেও সমিতির উদ্দেশ্য ও কার্যপ্রণালীর মধ্যে আরও তুইটি অংশ সংযুক্ত ছিল: "মিশনের লক্ষ্য ও আদর্শ ষেহেতু কেবল আধ্যাত্মিক ও সেবামূলক, অতএব রাজনীতির সহিত ইহার কোন সম্বন্ধ থাকিবে না।

"উপযুক্ত উদ্দেশ্যগুলির সহিত বাঁহার সহামুভৃতি আছে বা যিনি বিশাস করেন শ্রীরামক্ষণদেব জগতে কোন বিশেষ কার্যসাধনের জন্ম আবিভৃতি হইয়াছিলেন, তিনি এই সজ্যের সভা হইতে পারিবেন।" (ইংরেজী জীবনী, ৫০১-২ পঃ)।

আমরা বলিয়া আদিয়াছি, শ্রীরামক্লফ-ভক্তগণ স্বামীজীর আদেশ পালনে তৎপর থাকিলেও সকলে তাঁহার ভাবধারা বা কার্যপ্রণালী সর্বাস্তঃকরণে অমুমোদন করিতে পারিতেন না। ইহার প্রমাণ ঐ সমিতি-প্রতিষ্ঠার দিনেই পাওয়া গিয়াছিল। সভাভকের পর বাহিরের সভ্যেরা চলিয়া গেলে স্বামীজী স্বামী যোগানন্দকে বলিলেন, "এভাবে কাজ তো আরম্ভ করা গেল, এখন দেখ্ ঠাকুরের ইচ্ছায় কতদূর হয়ে দাঁড়ায়।" স্বামী যোগানন্দ অমনি বলিয়া উঠিলেন, "তোমার এসব বিদেশী ভাবে কাজ করা হচ্ছে। ঠাকুরের উপদেশ কি এরকম ছিল ?" স্থামীজী উত্তর দিলেন, "তৃই কি করে জানলি এসব ঠাকুরের ভাব নয়? অনস্ত ভাবময় ঠাকুরকে তোরা তোদের গণ্ডিতে বুঝি বন্ধ করে রাথতে চাস ? আমি এ গণ্ডি ভেক্টে তাঁর ভাব পৃথিবীময় ছড়িয়ে দিয়ে যাব। ঠাকুর স্থামাকে তাঁর পুজা-পাঠ প্রবর্তন করতে কখনও উপদেশ দেন নি। তিনি সাধন-ভন্তন, ধ্যানধারণা ও অন্তান্ত উচ্চ উচ্চ ধৰ্মভাব সম্বন্ধে যেসব উপদেশ দিয়ে গেছেন, সেগুলি উপলব্ধি করে জীবকে শিক্ষা দিতে হবে। অনম্ভ মত, অনম্ভ পথ। সম্প্রদায়পুর্ণ জগতে আর একটি নৃতন সম্প্রদায় তৈরী করে যেতে আমার জন্ম হয় নি। প্রভুর পদতলে আশ্রয় পেয়ে আমরা ধন্ত হয়েছি। ত্রিজগতের লোককে তাঁর ভাব দিতেই আমাদের জন্ম।" স্বামীজী বিনা বাধায় আরও অনেক কিছু বলিয়া ষাইতে লাগিলেন। সব ভনিয়া যোগানন্দজী মন্তব্য করিলেন, "তুমি যা ইচ্ছে করবে তাই হবে। স্থামরা তো চিরদিনই তোমার আজ্ঞান্থবর্তী। ঠাকুর যে তোমার ভিতর দিয়ে এসব করছেন, মাঝে মাঝে তা বেশ দেখতে পাচ্ছি। তবু কি জান, মধ্যে মধ্যে কেমন থটকা আনে — ঠাকুরের কার্যপ্রণালী অন্তরূপ দেখেছি কিনা: তাই মনে হয়, আমরা তাঁর শিক্ষা ছেড়ে অন্ত পথে চলছি না তো?" স্বামীজী উত্তর দিলেন, "কি জানিস, সাধারণ ভক্তেরা ঠাকুরকে যতটুকু বুঝেছে, প্রভু বাস্তবিক ততটুকু নন, তিনি অনস্কভাবময়। ... তাঁর কুপাকটাক্ষে লাখে। বিবেকানন্দ এখনি তৈরী হতে পারে। তবে তিনি তা না করে ইচ্ছা করে এবার আমার ভিতর দিয়ে, আমাকে ষম্ভ করে এরপ করাচ্ছেন—তা আমি কি করব— বল্ ?"

কিছু পরে স্বামীজী গিরিশবাব্র বাড়ীতে বেড়াইয়া আদিতে চলিলেন; সঙ্গে গেলেন যোগানন ও শিশু শরচন্দ্র। গিরিশবাব্রে তিনি বলিলেন, "জি. সি., মনে আজকাল কেবল উঠছে—এটা করি, সেটা করি, তাঁর কথা জগতে ছড়িয়ে দিই, ইত্যাদি। আবার ভাবি—এতে বা ভারতে আর একটি সম্প্রদায় স্পষ্ট হয়ে পড়ে। তাই অনেক সামলে চলতে হয়।…তুমি কি বল?" গিরিশবাব্ বলিলেন, "আমি আর কি বলব? তুমি তাঁর হাতের য়য়র, য়া করাবেন তাই তোমাকে করতে হবে।"

'স্বামি-শিগ্র-সংবাদে'র উক্ত বিবরণাস্থসারে বাদ-বিসংবাদ সেদিন ঐথানেই থামিয়া যায়। কিন্তু লক্ষ্য করিবার বিষয় এই—যোগানন্দজী শেষ পর্যন্ত সন্দেহ্মুক্ত হইয়াছিলেন বলিয়া মনে হয় না। বিশেষতঃ মতভেদটি ছিল শ্রীরামক্বফের ভাবরাশি-বিষয়ে তত নহে, যত উহার কার্যকরী প্রয়োগ সম্বন্ধে। মতবাদ হিসাবে কেহ হয়তো সেবাব্রত-প্রচারের বিরোধিতা করিতেন না; কিন্তু সন্মাসী ও শ্রীরামক্বফেভক্তবৃন্দকে ঐ কার্যে নামাইবার চেষ্টার বিক্বদ্ধে প্রতিবাদ ছিল সরব ও সক্রিয়। শ্রীরামক্বফের উপদেশাদি হইতে সেবার ভাব স্বতই আসিয়া পড়ে এবং অবৈত বেদান্ত গানিতে গেলে সামাজিক ক্রন্তিম ভেদ অসমঞ্জস হইয়া পড়েও ইত্যাদি কথা বলিলেও প্রতিবাদে খ্ব বেশী মৃথর বা সক্রিয় হইবার প্রয়োজন দেখা যায় না। কিন্তু কেহ যদি বলে, সেবাব্রতের দ্বারা মৃক্তি হইবে ও শ্রীরামক্বফ্লভক্তদের ঐ পথ অফ্সরণ করা উচিত, তবে পরিস্থিতি সম্পূর্ণ অন্তর্মণ দাঁড়ায়। স্বতরাং ইহা আশ্রুর্ণ নহে যে, যোগানন্দজী তথনকার মতো চুপ করিয়া গেলেও তাহার দ্বিধা দূর হইল না এবং গুরুন্রাতাদের অপর কেহ কেহ তথনও বিরোধ প্রদর্শন করিতে থাকিলেন। ইহার প্রমাণ আমরা পরবর্তী আর একটি ঘটনা হইতে পাই।

স্বামী যোগানন্দের সহিত আলোচনার পরে আর এক সন্ধ্যায় স্বামীন্ধী বলরাম-ভবনেই বসিয়া গুরুলাতাদিগের সহিত আমোদ-আহলাদ করিতেছেন, এমন সময় এরপ বিশ্রস্তালাপস্ত্রেই এক অপ্রীতিকর অবস্থার উদ্ভব হইল।

গোনবজ্ঞানে জীবদেবা", "ভক্তের জাতি নাই", "থালি-পেটে ধর্ম হয় না", "অবৈভজ্ঞান
আনিলে বেঁধে যা ইচছা তাই কয়" ইত্যাদি জীরামকৃষ্ণ-বাণী স্মরণীয়।

পরিবেশ ভিন্ন হইলেও অকস্মাৎ যে প্রসঙ্গ আসিয়া পড়িল তাহার বিষয়বস্তু ছিল পূর্বদিনেরই অমুরূপ। প্রথিত্যশা স্বামী বিবেকানন্দকে বিশ্ববাসী যদিও পাইত গুরুগম্ভীর পরিবেশমধ্যে বক্তৃতাপরায়ণ বা কঠিন সমস্থাবলীর সমাধানে নিযুক্ত শাচার্যরূপে, তথাপি স্বীয় বন্ধুগোষ্ঠীর, বিশেষতঃ গুরুত্রাতাদের নিকট তিনি ছিলেন দদা কৌতুকপরায়ণ বান্ধপ্রিয় প্রীতিভাজন। তাঁহাদের সহিত আলাপ-কালে তাঁহার হানয় সম্পূর্ণ উন্মক্ত হইয়া যাইত—কোথাও কোন সঙ্কোচ বা আবরণ থাকিত না। ডিনি হাসিতেন, অপরকে হাসাইতেন; ঠাট্টা-বিদ্রূপ করিতেন, অপরের ব্যঙ্গকেত্রকও খুশিমনে গ্রহণ করিতেন। দেসব গল্প-গুজব ও বাধাহীন আলোচনাকালে কেহ প্রতিটি কথা ওজন করিয়া বলিতেন না—অতিরঞ্জন বা অবহেলন প্রভৃতি স্বভাবতই হইয়া যাইত। সর্ব মনখোলা তর্কের কালে শ্রীশ্রীগুরুদের সম্বন্ধেও অনেক ক্ষেত্রে এমন সব মস্তব্য উচ্চারিত হইয়া যাইত, যাহা অন্ত পারিপার্ষিক অবস্থার মধ্যে বক্তার গভীর অশ্রন্ধা, অহন্ধার ইত্যাদি অর্থেই গুহীত হইতে পারিত। এই সকল আলোচনা ইতরসাধারণের সমূধে হইত না, কারণ ইহাদের অন্তরের ভাবের সহিত অপরিচিত ব্যক্তিদের পক্ষে এইরূপ মন্তব্যাদির যথার্থ মর্ম গ্রহণ সম্ভবপর ছিল না এবং তজ্জন্য কদর্থ করার অবকাশও যথেষ্ট ছিল। কিন্তু গুৰুলাতারা সব বুঝিতেন; এবং জানিতেন যে, থোঁচা দেওয়া ও খাওয়ার মধ্যে যে আত্মীয়তাবোধ বিজ্ঞমান থাকে উহাই নরেজ্ঞনাথকে ষানন্দিত করিত, যদিও বাহৃত: তিনি কঠোরতর পালটা জ্বাব দিয়া প্রতিপক্ষীভূত গুরুত্রাতাকে তথনকার মতো জব্দ করিতে পারিলে অতিমাত্র সম্ভুষ্ট হইতেন। এইরূপ পরিস্থিতিতে স্বামীজীকে চটাইয়া দিয়া সকলে আনন্দিত হইতেন, তাঁহার ক্রন্ধপ্রায় মৃতি তাঁহাদিগকে হাসাইত, এবং তাঁহার কথাগুলি ইতর্সাধারণের দৃষ্টিতে মাত্রা ছাড়াইয়া গিয়াছে বলিয়া প্রতীত হইলেও মর্মজ্ঞ গুরুত্রাতারা কখনও ঐ শব্দরাশিকে আক্ষরিক অর্থে গ্রহণ করিতেন না।

সে সন্ধ্যায়ও ঐ ধারায়ই কথা চলিতেছিল। হঠাৎ এক গুরুলাতা প্রশ্ন করিয়া বদিলেন, স্বামীন্ধী কেন শ্রীরামকৃষ্ণকে প্রচার করিবার দিকে যথেষ্ট মনোযোগ

ইংরেজী জীবনীর মতে ইনি স্বামী যোগানন্দ (৫০৬ গৃঃ)। বাঙ্গলা জীবনীতে নাম
নাই (৬৫৬ গৃঃ)। 'এজীলাট্ মহারাজের স্মৃতিকথা'র মতে (০১৪ গৃঃ) লাট্ মহারাজ একদিন
এক্লপ আলোচনা আরম্ভ করেন, পরে অপরেরা যোগ দেন।

দেন না, আর তাঁহার প্রবর্তিত কার্যধারার সহিত শ্রীরামরুক্ষের শিক্ষা ও জীবনের সামঞ্জন্তই বা কোথায়? হাসি-ঠাট্টারই মধ্যে এই প্রশ্ন উঠিয়াছিল; স্কৃতরাং ভংকালীন ভাবেরই পরিপোষক উত্তর দিতে গিয়া স্বামীক্ষী প্রথমে বলিলেন, "তুই কি জানিস? তুই তো ঘোর মূর্য! যেমন গুরু তাঁর তেমনি চেলা! প্রহলাদের মতো 'ক'দেথেই কেঁদে সারা। তোরা সব ভক্তের দল, অর্থাৎ কতকগুলো ভাবরোগগ্রস্থ উন্মাদ। তোরা ধর্মের কি জানিস? শুরু কচি থোকার মতো নাকে কাঁদতে পারিস, 'ওহে প্রস্কু, তোমার কি স্থলর নাক, কিবা চোথ! কি যে সব, আহা মরি!' ইত্যাদি। মনে করেছিস এতেই তোদের মৃক্তি হাতের ভেতর, আর শেষ দিনে শ্রীরামরুক্ষদেব এসে তোদের হাত ধরে একেবারে গোলোকে টেনে নিয়ে যাবেন। আর জ্ঞানের চর্চা, লোকশিক্ষা, আর্ত-অনাথের সেবা, এসব মায়া—কেননা পরমহংসদেব ওসব করেন নি! আর কাকে কাকে নাকি বলেছিলেন, 'আগে ভগবান লাভ কর, তারপর আর সব। পরের উপকার করতে যাওয়া অনধিকারচর্চা'—যেন ভগবান-লাভ করা মুখের কথা! ভগবান একটা থেলনা কিনা যে খুঁজলেই মুঠোর মধ্যে পড়বে!"

বলিতে বলিতে এবং বার বার বাধা পাইয়া তিনি হঠাং গভ্তীরভাব ধারণ করিলেন এবং উচ্ছু দিত হৃদয়াবেগ দমন করিতে না পারিয়া গর্জিয়া উঠিলেন, "তোমরা মনে করেছ যে, তোমরাই তাঁকে ব্ঝতে পেরেছ, আর আমি কিছুই পারিনি! তোমরা মনে কর জ্ঞানটা একটা শুক্ষ নীরদ জিনিদ; তার চর্চা করতে গেলে প্রাণের কোমল ভাবটাকে একেবারে গলা টিপে মারতে হয়। তোমরা যাকে ভক্তি বলছ, সেটা যে একটা দারুল আহামকি কেবল মায়্র্যকে হর্বল করে মাজ, তা ব্ঝছ না। যাও, কে ভোমার রামক্রম্বকে চায়? কে তোমার ভক্তিম্পিক চায়? কে দেখতে চায় তোমার শাস্ত্র কি বলছে? যদি আমি আমার দেশের লোককে ভমংকুপ থেকে তুলে মায়্র্য করে গড়তে পারি, যদি তাদের ভেতর কর্মযোগের আদর্শ জাগিয়ে তুলতে পারি, তাহলে আমি হাসতে হাসতে সহন্র নরকে যেতে রাজী আছি। আমি রামক্রম্ব-টামক্রম্ব কার্লর কথা শুনতে চাইনে। যে আমার মতলব অয়ুসারে কাজ করতে চায়, তারই কথা শুনবো। আমি রামক্রম্ব কি কার্লর দাস নই—শুর্ যে নিজের ভক্তি-মৃক্তি গ্রাহ্ণ না করে পরের দেবা করতে প্রস্তুত, তারই দাস।" বলিতে বলিতে তাঁহার মৃথ আরক্তিম ও চক্ষ্ প্রদীপ্ত হইয়া উঠিল, স্বর ক্রপ্রপায় হইল এবং সমন্ত্র শরীর মৃত্র্য্য কম্পিত

হইতে লাগিল। তিনি বিদ্যুদ্ধেগে সেই ঘরের বাহিরে চলিয়া গেলেন এবং সীয় বিশ্রামাগারে প্রবেশপুর্বক ঘার কন্ধ করিয়া দিলেন।

উপস্থিত গুরুলাতারা আলোচনার এই প্রকার অপ্রত্যাশিত পরিণতি দেখিয়া বড়ই ছ:খিত ও বিব্রত হইয়া পড়িলেন, এবং সহসা কোন কর্ত্য স্থির করিতে পারিলেন না। কিয়ৎক্ষণ পরে কয়েকজন সাহস অবলম্বনপূর্বক স্বামীজীর কক্ষাভিন্থে অগ্রসর হইয়া দেখিলেন, স্বামীজী যোগাসনে নিশ্চলভাবে উপবিষ্ট এবং তাঁহার মূদিত নয়নয়্গল হইতে দরবিগলিত ধারায় অশ্রুণাত হইতেছে। দেখিয়াই মনে হইল, তিনি ভাবরাজ্যে বিরাজমান। অতএব তাঁহারা কিংকর্তব্যবিমৃত হইয়া সেখানেই দাঁড়াইয়া রহিলেন, স্বামীজীর ভাব ভঙ্গ করিতে সাহস পাইলেন না। প্রায় এক ঘন্টা পরে স্বামীজীর ভাব প্রশমিত হইলে তিনি মুখাদি প্রকালনাম্ভর ধীরপদবিক্ষেপে অমৃত্যু বন্ধুবর্ণের মধ্যে আসিয়া বসিলেন। তাঁহার মূর্তি তথন সৌম্য শাস্ত ও গজীর, দেখিলেই অম্পান হয়, তাঁহার হদয়মধ্যে এক প্রচণ্ড ঝটিকা প্রবাহিত হইয়া গিয়াছে; কারণ তথনও স্বিয়োজ্জল ললাট ও জ্যোতির্ময় ম্থমণ্ডল সত্যপ্রশমিত ভাবাবেগের রক্তিম রাগ ধারণ করিয়া রহিয়াছে। কিছুক্ষণ কাহারও বাক্যক্ষ্তি হইল না। অবশেষে স্বামীজী নিজেই বলিলেন:

"মাস্থ্যের প্রাণ যখন ভক্তিতে ভরে ওঠে, তখন তার হাদয় ও স্নায়্দ্রকল এত
নরম হয় যে, তাতে ফুলের ঘা পর্যন্ত সহ্থ হয় না। তোমরা কি জান যে, আজকাল
আমি উপন্তাসের প্রেমকাহিনী পর্যন্ত পড়তে পারি না ? ঠাকুরের কথা থানিকক্ষণ
বলতে বা ভাবতে গেলেই ভাবোদেল না হয়ে থাকতে পারি না! দেই জন্ত
কেবলই এই ভক্তি-স্রোতটা চেপে যাবার চেটা করি। আর জ্ঞানের শিকল দিয়ে
নিজেকে বাঁধতে চাই, কারণ এখনও মাতৃভূমির প্রতি আমার কর্তব্য শেষ হয়নি।
সেই জন্ত যেই দেখি, উদাম ভক্তিপ্রবাহে প্রাণটা ভেদে যাবার উপক্রম হয়েছে,
আমনি তার মাথায় কঠিন জ্ঞানের অকুশ দিয়ে আঘাত করতে থাকি। ওঃ,
এখনও আমার অনেক কাজ বাকি রয়েছে! আমি শ্রীরামক্ষণ্ডদেবের দাসাম্লাস;
তিনি আমার ঘাড়ে যে কাজ চাপিয়ে গেছেন, যতদিন না সে কাজ শেষ হয়,
ততদিন আমার বিশ্রাম নেই। বাস্তবিক আমার ওপর তাঁর কি ভালবাসাই!…"
আমী যোগানন্দ প্রভৃতি পুনর্বার তাঁহার ভাবান্তর লক্ষ্য করিয়া আর কথা বলিতে
দিলেন না, গ্রীন্মের অছিলায় তাঁহাকে সঙ্গে সইয়া সাজ্মন্তমণে বাহির হইলেন
এবং তাঁহার মনের গতি অন্তদিকে ফিরাইতে যত্নপর হইলেন। ক্রমে রাত্রি অধিক

হইলে স্বামীজী স্বাভাবিক ভূমিতে নামিয়া স্বাসিলেন এবং সকলে বাসস্থানে ফিরিলেন।

শুরুলাতারা ক্লানিতেন ও অত্যকার ঘটনায় চাক্ষ্য প্রমাণ পাইলেন যে, স্বামীক্লী বাক্ষ্কীবনে কঠিন জ্ঞানচর্চায় ব্যাপৃত ও মানবকল্যাণপ্রদ বিবিধ প্রচেষ্টায় নিরত থাকিলেও কর্ম ও জ্ঞানের কঠিন উপলগত্তের নিম্নে তাঁহার অন্তরের গভীরতম প্রদেশে সর্বদা ভক্তির এক ভাববহুল বিপুল ফল্পধারা প্রবাহিত রহিয়াছে, অবকাশ পাইলেই উহা বাহিরের কঠিনাবরণ ভেদ করিয়া আপন শক্তিতে তুকুল ভাসাইয়া চলিবে; তাই আরন্ধ কার্যের অন্তরোধে স্বামীক্ষী অবিরাম অন্তর্দ্ধ বরণ করিয়াও সেই স্রোতোধারাকে অন্তরেই চাপিয়া রাখিতেন। তাঁহারা ইহাও জানিতেন, জ্বগৎ-কল্যাণের জন্ম ও স্বামীক্ষীর মানবলীলাকে দীর্ঘায়িত করিবার জন্ম তাঁহার ভক্তিভাবের নিরঙ্গুশ প্রকাশের পথ আপাততঃ রুদ্ধ রাখাই আবশ্রক; নতুবা প্রেমভক্তির প্রবল উৎস ছুটিয়া বাহির হইলে তাঁহার রোগশীর্ণ পাথিব দেহ সে বেগধারণে অক্ষম হইয়া ভাঙ্গিয়া পড়িবে। তাই তাঁহাকে বিন্দুমাত্র বিমনা দেখিলে গুক্সল্রাতারা তাঁহার ভাবগতির মোড় ফিরাইতে সর্বদা সচেষ্ট থাকিতেন।

এই ঘটনাবলম্বনে আমরা স্বামীজীর ত্র্বোধ্য আপাতবিরোধী অনেক বাণী ও উপদেশাবলীর মধ্যে একটা সামঞ্জন্ম খুঁজিয়া পাই—ব্রুবিতে পারি, কেন তিনি মাঝে মাঝে কর্ম বা জ্ঞানের উপর অতিমাত্র জোর দিতেন, এবং ঐ মার্গর্বের প্রশংসায় মাতিয়া গিয়া ভক্তিকে ঠাটা বিজ্ঞপের বাণে বিদ্ধ করিতেন, কেন তিনি নির্বিকল্প সমাধিবান পুরুষ হইয়াও নীরব ব্যক্তিগত সাধনাপেক্ষাজনগণের কল্যাণার্থ কর্মমার্গ অবলম্বনকেই উচ্চতর স্থান দিতেন, আর কেনই বা মন্দিরের পূজার তুলনায় বিরাটের পূজাকে উর্ধ্বতর আসন দিতেন। তিনি ছিলেন যুগাচার্য— বর্তমান যুগের মানবমাত্রের কল্যাণপথের নির্দেশক, স্বমৃক্তি সাধনের চমৎকারিত্ব বা ব্যক্তিগত মৃক্তিপ্রাপ্তির উৎকর্ষ প্রমাণ করা তো তাঁহার একমাত্র কর্তব্য ছিল না। যাহা হউক, সেদিনের ঘটনার এই স্থায়ী ফল হইল যে, গুরুভাতারা স্থামীজীর আচরণাদি সম্বন্ধে সন্দেহমুক্ত হইলেন; তারপর তাঁহারা এভাবে আর ক্থনও প্রতিবাদ করেন নাই, বরং সাধ্যমত তাঁহার কর্মের সহায়ক হইয়াছিলেন। সেদিন হইতে তাঁহাদের দৃচপ্রত্যয় জল্মিয়াছিল, উহাই শুভপথ—ঠাকুর সত্য সত্যই স্থামীজীর ভিতর দিয়া স্বকার্য সাধন করিতেছেন।

স্বামীজী ছিলেন যুগনায়ক, তাই যুগবাণী উদেঘাধিত হইয়াছিল তাঁহার

কম্বতে, আর সে বাণী রূপান্বিত হইয়াছিল তাঁহার সবল ব্যক্তির অবলঘনে। তাঁহার বার্তা ও জীবনে প্রচারিত ও প্রকটিত হইয়াছিল নব্যুগের সন্মানের মাহাত্ম্য এবং প্রাচীন যুগের ব্যক্তিকেন্দ্রিক মুক্তিপ্রয়াদের সহিত আধুনিক যুগের উদারতর সর্বমুক্তির অপূর্ব মিলন। লন্ধনির্বাণ বৃদ্ধদেব সারনাথে ধর্মচক্র-প্রবর্তন-পুর্বক উদাত্তকঠে আহ্বান জানাইয়াছিলেন, "আইদ, আমরা দকলে মিলিয়া এই চক্রকে গতিশীল করিয়া তুলি।" স্বামীজীও মানবের অন্তনিহিত দেবত্বের বার্তা পুন:প্রচারিত করিয়া উহার বিকাশের পম্বা নির্দেশের জন্ম একটি যন্ত্র স্থাপিত করিলেন, আর সকলকে ডাকিয়া বলিলেন, "তোরা আমার কাজে সহায় হ।" ∦বেরামা বেরালা লিথিয়াছেন: "ইহা স্পট্ট প্রতীত হয় যে, বিবেকানন্দের দারা প্রতিষ্ঠিত সম্মটির প্রকৃতি ছিল ভগবংপ্রেরণা-প্রস্থত-সমান্ত্রসেবামূলক, নরনারীর সেবাভাব-প্রণোদিত ও বিশ্বজনীন। অধিকাংশ ধর্মে যুক্তি এবং আধুনিক জীবনের ममचावनी ७ প্রয়োজনের সহিত বিখাদের যে বিরোধ দৃষ্ট হয়, বিবেকানন্দের সজ্যে তাহা না হইয়া উহাকে বরং বিজ্ঞানের সহিত হাত মিলাইয়া একেবারে সম্মুথে দাড়াইতে হইবে; জাগতিক ও অতিজাগতিক প্রগতির সহিত উহাকে সহযোগিতা করিতে হইবে এবং শিল্প ও কলাবিতার প্রতি উৎসাহ দেখাইতে इटेर्टर। किन्नु टेटात श्रुकुछ উদ्দেশ इटेर्टर জनमगरिकत कन्नार। উट्टा এटे সিদ্ধান্ত গ্রহণ করিয়াছিল যে, বিভিন্ন ধর্মের মধ্যে ভ্রাতৃভাব স্থাপনই উহার মতের সারকথা, কারণ এইরূপ সমন্বয়েরই মধ্যে সনাতন ধর্ম নিহিত।" ('লাইফ चव चागी विदवकानम,' ১২১ 🕥

পর্বতরাজের ক্রোড়ে

খামীজী ২৮শে এপ্রিল (১৮৯৭) দার্জিলিং হইতে মেরীকে লিখিয়াছিলেন, "আমার চুল গোছা গোছা পাকতে আরম্ভ করেছে এবং আমার মুথের চামড়া 'আনেক কুঁচকে গেছে—দেহের এই মাংস কমে যাওয়াতে আমার বয়স যেন আরও কুড়িবছর বেড়ে গিয়েছে। এখন আমি দিন দিন ভয়য়র রোগা হয়ে যাচ্ছি, তার কারণ আমাকে শুধু মাংস থেয়ে থাকতে হচ্ছে —ফটি নেই,ভাত নেই, আলু নেই, এমন কি আমার কফিতে একটু চিনিও নেই !! অআমি এখন মন্ত দাড়ি রাখছি; আর তা পেকে সাদা হ'তে আরম্ভ হয়েছে—এতে বেশ গণ্যমান্ত দেখায় এবং লোককে আমেরিকান কুৎসা-রটনাকারীদের হাত থেকে রক্ষা করে! হে সাদা দাড়ি, তুমিকত জিনিসই না ঢেকে রাখতে পারো! তোমারই জয় জয়কার।"

আবার ৫ই মে শ্রীযুক্তা ওলি বুলকে লিথিয়াছিলেন, "ভগ্ন স্বাস্থ্য ফিরে পাবার জন্ম একমাদ দার্জিলিং-এ ছিলাম। আমি এখন বেশ ভাল হয়ে গেছি। ব্যারাম-ফ্যারাম দার্জিলিং-এ একেবারেই পালিয়েছে। কাল আলমোড়া নামক আর একটা শৈলাবাদে যাচ্ছি,—স্বাস্থ্যোয়তি সম্পূর্ণ করবার জন্ম।"

উভয় পত্র একদক্ষে পড়িলে পাঠকের সহজেই বোধ হইবে, স্বামীজী বদিও রোগ সারিয়া যাইবার কথা লিথিয়াছিলেন, তথাপি প্রকৃত ঘটনা তাহা নহে। তাঁহার প্রকৃতিই এইরূপ ছিল যে, রোগ-শোক বিপদ-ভাপদকে তিনি তেমন গ্রাহ্বই করিতেন না; অতএব মারাত্মক রোগকেও কিছুই নয় বলিয়া উড়াইয়া দেওয়াও তাঁহার পক্ষে অসম্ভব ছিল না। বস্ততঃ ঐ বয়সেই চুল পাকিয়া যাওয়া এবং থাত্ম হইতে আটা, চাউল, আলু ও শর্করাজাতীয় সমস্ত জিনিস বাদ দেওয়া ভাস্থোর স্থলক্ষণ নহে। অতএব তিনি যদিও দার্জিলিং-এ রোগম্ক হওয়া ও আলমোড়ায় স্বাস্থোয়তি সম্পূর্ণ করার কথা লিথিয়াছিলেন, তথাপি চিকিৎসকদের ভিল্ল মত থাকার যথেষ্ট হেতু ছিল। তাঁহারা তাঁহাকে সমতলে না থাকিয়া গ্রীম্মকালটা পাহাড়ে কাটাইতে পরামর্শ দিলেন। তদক্ষ্পারে তিনি ৬ই মে আলমোড়া য়াত্রা করিলেন। প্রথমতী মূলার পূর্বেই ভারতে আসিয়াছিলেন।

ইংরেজী জৌবনীর মতে বাজার তারিখ ১১ই মে (৫১০ গৃঃ), বাকলা জীবনী (৬৬৭ গৃঃ)
 উদ্ভি ১ই মের পাল অনুসারে উহা ৬ই মে। তিনি সম্ভবতঃ ১১ই মে আলমোড়ারগোঁছিয়াছিলেন।

তিনি স্বামীজীর যাত্রার পুর্বেই গুড়উইনের সহিত আলমোড়ায় গিয়াছিলেন। আলমোড়াবাসীরা স্বামীজীর তথায় আগমনের সম্ভাবনা জানিয়া বিশেষ উৎফুল হইয়াছিল এবং স্বামীজীকে সাগ্রহ আমন্ত্রণ জানাইয়াছিল। ইহাতে স্বামীজীরও তথায় যাওয়ার আগ্রহ বিশেষ বর্ধিত হইয়াছিল।

আলমোড়া যাইবার পথে লক্ষে নগরে তাঁহার অহুরাগী বন্ধ ও ভক্তবুন্দ তাঁচাকে সাদর অভার্থনা জানাইলেন এবং তিনিও সেথানে একদিন বিশ্রাম উপভোগ করিলেন। লক্ষ্ণে হইতে টেনে হিমালয়-পাদবর্তী কাঠগোদাম স্টেশনে পৌছাইলে দেখা গেল, তাঁহাকে লইয়া ঘাইবার জন্ম গুড়উইন আলমোড়া হইতে সেখানে আসিয়াছেন। স্বামী যোগানন আলমবাজার হইতে স্বামীজীর मक्त चामियाहित्नन। कार्यरानाम श्रेट्ट जिनि, গুড छेरेन এবং चात्रश्र কয়েকজন ভক্ত স্বামীজীর সঙ্গে আলমোডায় চলিলেন। আলমোডার সন্নিকটে লোদিয়া নামক স্থানে উপস্থিত হইলে এক বিপুল জনসভ্য স্থামীজীকে জয়ধ্বনি সহ আন্তরিক অভার্থনা জানাইল। ইহারা স্বামীজীর জন্ত একটি স্থসজ্জিত অশ্ব লইয়া আসিয়াছিল; তাঁহাকে উহারই পূর্চে বদাইয়া সেই জনসমষ্টি শোভাষাত্রা সহকারে ও অবিরাম জয়ধ্বনির মধ্যে তাঁহাকে নগরে লইয়া চলিল। নগরের গৃহ্বারগুলি তথন দীপমালায় উদ্ভাসিত ও রাজ্পথ মাল্য-পতাকাদিতে স্থশোভিত ছিল। বাজারের একাংশে তাঁহার অভ্যর্থনার জন্ম স্থদুশ্য চন্দ্রাতপবিমণ্ডিত একটি বৃহৎ পটমণ্ডপ বিনির্মিত হইয়াছিল। ঐ মণ্ডপে ষাইবার পথে শত শত পুরললনা তাঁহার মন্তকে পুষ্প ও লাজ বর্ষণ করিতে লাগিলেন। সভাস্থলে উপদ্বিত হইয়া দেখা গেল, প্রায় পাঁচ সহস্র ব্যক্তি সেখানে সমবেত হইয়াছেন। স্বামীজী নির্দিষ্ট আসনে উপবিষ্ট হইলে অভার্থনা-সমিতির পক্ষ হইতে পণ্ডিত জালাদত্ত যোশী হিন্দীতে একটি অভিনন্দন পাঠ করিলেন। পরে লালা বদ্রী-শার পক্ষ হইতে পণ্ডিত হরিরাম পাণ্ডে আর একখানি অভিনন্দনপত্র পাঠ করিলেন। ভারপর তৃতীয় আর একজন পণ্ডিত সংস্কৃতে এক অভিনন্দন পাঠ করিলেন।

ঋষিম্নিদের বাসভূমি, অধ্যাত্মসম্পদ ও ভাবরাশিতে পরিপূর্ণ গিরিরাজ

২। স্বামীজীর প্রাণরক্ষক ফকিরের কথা ১ম থণ্ড, ২৮৪ পৃষ্ঠায় স্বাছে। ফকিরকে সভাস্থলে উপস্থিত দেখিয়া স্বামীজী তাহাকে কাছে ডাকিয়া সকলের নিকট পূর্ববৃত্তান্ত বলিয়াছিলেন। খ্রীখ্রীলাট্ মহারাজের 'শ্বতিকথা'র মতে স্বামীজী বজী-শার বাড়ীতে থাকাকালে ঐ ফকিরকে রাজার দেখিতে পান এবং ছুটিয়া গিয়া তাহাকে ছুইটি টাকা দেন (৩১৭ পৃঃ)।

হিমালয়ের সহিত স্বামীন্ত্রীর একটা আবাল্য নিবিড় সম্বন্ধ ছিল। স্বতরাং অভিনদনের উত্তর দিতে গিয়া তিনি হিমালগ্রৈরই গুণকীর্তন করিলেন এবং শেখানে আশ্রমন্থাপনের একান্ত ইচ্ছা ব্যক্ত করিলেন: "আমাদের পুর্বপুরুষণণ শয়নে-স্বপনে যে ভূমির বিষয় ধ্যান করিতেন, এই সেই ভূমি—ভারতজননী পার্বতীদেবীর জন্মভূমি। এই সেই পবিত্র ভূমি যেখানে ভারতের প্রত্যেক ষথার্থ সত্যপিপাস্থ ব্যক্তি জীবন-সন্ধ্যায় আসিয়া শেষ অধ্যায় সমাপ্ত করিতে অভিলাষী হয়।

· ইহাই দেই ভূমি—অতি বাল্যকাল হইতেই আমি ষেধানে স্থাপন করিবার সঙ্কল্প আছে ; আর অক্যাক্ত স্থান অপেক্ষা এই স্থানটি এই সার্বভৌম ধর্মশিক্ষার একটি প্রধান কেন্দ্ররূপে কেন নির্বাচিত করিয়াছি, তাহাও সম্ভবতঃ তোমাদিগকে ভালরপে বুঝাইতে সমর্থ হইয়াছি। এই হিমালয়ের সহিত আমাদের জাতির শ্রেষ্ঠ স্মৃতিসমহ জড়িত। যদি ভারতের ইতিহাস হইতে হিমালয়কে বাদ দেওয়া যায়, তবে উহার অতি অল্পই অবশিষ্ট থাকিবে। অতএব এখানে একটি কেন্দ্র চাইই চাই। এই কেন্দ্র কর্মপ্রধান হইবে না-এখানে নিস্তরতা, শাস্তি ও ধ্যানশীলতা অধিক মাত্রায় বিরাজ করিবে; আর আমি আশা করি, একদিন না একদিন আমি ইহা কার্যে পরিণত করিতে পারিব।"

ঐ সময় স্বামী শিবানন্দ আলমোড়ায় তপস্থায় নিরত ছিলেন; তিনিও স্বামীজীর সহিত মিলিত হইলেন। স্বামীজীর সহিত আর ষেসকল গুরুলাতা বা শিশ্র আলমোড়ায় আসিয়াছিলেন, কিংবা পরে তথায় তাঁহার সহিত মিলিত হইয়ছিলেন, অথবা কিয়দ্দিবস পরে উত্তরভারত-ল্রমণকালে তাঁহার সঙ্গী হইয়ছিলেন, তাঁহাদের নাম: স্বামী ষোগানন্দ, স্বামী নিরঞ্জনানন্দ, স্বামী অভ্তানন্দ ও স্বামী বিজ্ঞানানন্দ—ইহারা সকলেই ছিলেন শ্রীয়ামরুক্ষ-শিশু; আর ছিলেন স্বামী সদানন্দ, স্বামী সচিদানন্দ (বুড়ো), স্বামী শুদ্ধানন্দ, ব্রন্ধচারী রুক্ষলাল ও শ্রীয়ুক্ত জে. জে. গুড়উইন—ইহারা স্বামীজীর বা তাঁহার গুরুলাতাদের শিশু। আর্যসমাজের ভৃতপূর্ব প্রচারক স্বামী অচ্যুতানন্দও এককালে স্বামীজীর সঙ্গে ছিলেন; ইনি পূর্বোক্ত কোন দলেরই ছিলেন না, শ্রীয়ামরুক্ষসভ্যভূক্তও ছিলেন না। ইহাদের মধ্যে যথন বাঁহারা আলমোড়ায় থাকিতেন স্বামীজী তাঁহাদের লইয়া হাসি-খুশির মধ্যে দিন কাটাইতেন। ব্যায়ামের উদ্দেশ্পে ও নই স্বাস্থ্য পুনর্লাভের আশায় তিনি দীর্যপথ অশ্বারোহণে ল্রমণ করিতেন। ২০শে

মে তিনি তাঁহার কলিকাতার চিকিৎসক ডাঃ শশিভ্যণ ঘোষকে লিখিয়াছিলেন, "আমি সকাল-বিকালে ঘোড়ায় চড়ে ষথেষ্ট ব্যায়াম করতে শুক করেছি এবং তার ফলে সত্যই অনেকটা ভাল বোধ করছি।" আলমোড়ায় পৌছিয়া কিছুদিন শহরে কাটাইবার পর তিনি সেখানে গরম বোধ করিয়া বিশ মাইল দ্রবর্তী অপেক্ষাকৃত ঠাণ্ডা জায়গা দেউলধার (বা দেওধার) নামক স্থানে লালা চিরঞ্জীলাল-শার একটি বাগানে চলিয়া যান। সেখানে প্রচুর ফল, বিশেষতঃ খোবানি থাকায় তিনি ঐগুলি থাইতেন এবং নৈনিতাল হইতেও অগুজাতীয় ফল আনাইতেন। এই সব সংবাদ দিয়া তিনি ডাক্তারবাব্দে সর্বশেষে লিখিলেন: "বর্তমানে আমি নিজেকে খুবই বলবান বোধ করছি! ডাক্তার, আমি যখন আজকাল তৃষারাবৃত্ত পর্বতশৃক্ষের সম্মুখে ধ্যানে বসে উপনিষদ্ থেকে আর্ত্তি করি—'ন তম্ম রোগো ন জরা ন মৃত্যুঃ, প্রাপ্তম্ম হি যোগাগ্নিময়ং শরীরম্' শরেই সময় যদি তৃমি আমায় দেখতে! রামকৃষ্ণ মিশনের কলকাতার সভাগুলি বেশ সাফল্য লাভ করছে জেনে খুব স্থাী হয়েছি; এই মহৎ কার্থের সহায়ক খারা, তাঁদের সর্বপ্রকার কল্যাণ হোক!"

বস্ততঃ শরীরের অপটুতার জন্ম বাধ্য হইয়া হিমালয়-শৃঙ্গে বিজন ফলোতানে দিন কাটাইলেও তিনি আরক্ষ কার্যের সহিত যোগস্ত্র ছিল্ল করেন নাই; দেখানে বিদিয়াও ঐ সব বিষয়ে ভাবিতেন ও অপরকে পরামর্শ দিতেন। ২০শে মে তারিথে স্বামী ব্রহ্মানদকে লিখিত পত্রে ইহার স্বস্পষ্ট পরিচয় রহিয়াছে। দেখা যায়, তখন তিনি কলিকাতার সন্নিকটে স্বায়ী মঠ স্থাপনের জন্ম প্রয়োজনীয় অর্থের কথা ভাবিতেছেন; মুর্শিদাবাদ জেলায় পরিচালিত ছভিক্ষ-সেবার কার্যধারা সম্বন্ধে পরামর্শ দিতেছেন; মাদ্রাজে আরক্ষ কার্যের জন্ম স্বামী রামক্ষ কান্দের সহায়কের কথা চিস্তা করিতেছেন ও এইরূপ বহু ব্যাপারে লিগু আছেন। পূর্বোক্ত উল্লানে তখন তিনি সেবকগণসহ অনেকটা নির্জনবাস করিতেন এবং অপর সঙ্গীরা শহরে থাকিতেন বলিয়াই মনে হয়; অস্ততঃ ১লা জুন তারিখের পত্রে ইহাই পাওয়া যায়। তবে মিস মূলার সম্ভবতঃ কিছুদিন ঐ নির্জন উল্লানে ছিলেন। মেরীকে লিখিত স্বামীজীর ২রা জুনের পত্রে আছে:

 [।] আলমোড়া হইতে বাগেশর যাইবার রান্তায় উহা মোটর রোডে ৩ মাইল দুরে; হাঁটাপথে আরও কাছে। বিন্সার ছাড়াইয়া যাইতে হয়।

[।] বেতাৰতর উপনিষদ্, ২।১২

"আলমোড়ার কোন ব্যবসায়ীর একটি চমৎকার বাগানে আছি…। পরভ রাত্রে একটি চিতাবাঘ এই বাগানে এসে পাল থেকে একটি ছাগল নিয়ে গেছে। …মিস মূলারকে তোমার মনে পড়ে কি ? কয়েক দিন থাকবার জ্বন্স তিনি এখানে এসেছেন, কিন্তু চিতাবাঘের বৃত্তান্তটি ভানে বেশ ঘাবড়ে গিয়েছেন।"

দেউলধারের বাগানে কয়েক সপ্তাহ কাটাইয়া তিনি ১৯শে জুন আলমোড়ায় ফিরিয়া আসিলেন। তাঁহার নিজের মতে তিনি তথন বেশ স্থ বোধ করিতেছিলেন, যদিও সঙ্গীরা ঠিক ততটা মনে করিতেন না। আলমোড়ায় থাকা-কালে তিনি স্থানীয় ভদ্রলোকদের সহিত আলাপ-আলোচনা করিতেন, এবং দেশী ও বিদেশী বহু বন্ধুকে পত্র লিখিয়া বিভিন্ন প্রকারে ভাবী কার্য সম্প্রসারের ক্ষেত্র প্রস্তুত করিতেন। অবশ্য তথন তিনি ভারতে ছিলেন বলিয়া ভারতীয় কার্যের কথাই প্রধানতঃ মনে আসিত; আর এই বিষয়ে তাঁহার এই দিন্ধান্ত ছিলঃ "ভারতে বক্তৃতা ও অধ্যাপনায় বেশী কাজ হবে না; প্রয়োজন সক্রিয় ধর্মের।" (৪ঠাজুলাই-এর পত্র)। এই হিসাবেই তিনি ১৫ই জুন ত্র্ভিক্ষ-সেবানিরত স্বামী অথগানন্দকে লিখিয়াছিলেন, "কর্ম, কর্ম, কর্ম—হাম আওর কুছ্ নহি মাঙ্গুতে হোঁ। স্বদম্ম, শুরু স্বদয়ই জয়ী হয়ে থাকে—মন্তিদ্ধ নয়। পুঁথিপাতডা, বিছেসিছে, যোগ ধ্যান জ্ঞান—প্রমের কাছে সব ধূলসমান—প্রেমেই অনিমাদি সিদ্ধি, প্রেমেই ভক্তি, প্রেমেই জ্ঞান, প্রেমেই মুক্তি। এই তো পুজো—নরনারী-শরীরধারী প্রভুর পুজো, আর যা-কিছু 'নেদং যদিদমুপাসতে'। এই তো আরম্ভ, ঐরপে আমরা ভারতবর্ধ—পৃথিবী ছেয়ে ফেলবো না?"

সামীজী স্বাস্থ্যোদ্ধারের উদ্দেশ্যে আলমোড়ায় আদিয়াছিলেন; এই জন্ম শীতল আবহাওয়ার যেমন প্রয়োজন ছিল, তেমনি আবশুক ছিল মানদিক শাস্তির। নগাধিরাজ হিমালয়ের কল্যাণে প্রথমটি তাঁহার পক্ষে স্থলভ হইলেও স্থদেশ ও বিদেশে একদল লোক দিতীয়টি দিতে নারাজ ছিলেন, এবং তজ্জন্ম প্রকাশে না হইলেও ব্যক্তিগতভাবে স্বামীজীকে এই বিষয়ে একটু মনোযোগ দিতে হইয়াছিল, ইহা আমরা পূর্বে দিতীয় খণ্ডে 'জাতের বড়াই' অধ্যায়ে বলিয়া আদিয়াছি; স্থতরাং পুনক্রেখ অনাবশ্রক। শুর্ এইটুকু বলিলেই যথেষ্ট হইবে যে, ঐ সময়ে মেরীকে লিখিত এক পত্র মধ্যে (১ই জুলাই) তাঁহার নবযুগের বাণী বাহিরের আঘাতে স্পষ্টতর হইয়া উঠিয়াছে: "আমি বুঝতে পারছি—আমার কাক্ষ শেষ

৫। কেনোপনিদ, ১।৫

হয়েছে। জোর তিন-চার বছর জীবন অবশিষ্ট আছে। আমার নিজের মৃক্তির ইচ্ছা সম্পূর্ণ চলে গেছে। আমি সাংসারিক স্থেপর প্রার্থনা কথনও করিনি। আমি দেখতে চাই যে, আমার যন্ত্রটা বেশ প্রবলভাবে চালু হয়ে গেছে; আর এটা যথন নিশ্চয় ব্রাব যে, সমগ্র মানবজাতির কল্যাণে অস্ততঃ ভারতে এমন একটা যন্ত্র চালিয়ে গেলাম, যাকে কোন শক্তি দাবাতে পারবে না, তথন ভবিন্ততের চিন্তা ছেড়ে দিয়ে আমি ঘুমবো। আর নিখিল আত্মার সমষ্ট্রিরপে যে ভগবান বিভামান, এবং একমাত্র যে ভগবানে আমি বিশাসী, সেই ভগবানের পূজার জন্তর যেন আমি বার বার জন্মগ্রহণ করি এবং সহস্র যন্ত্রণা ভোগ করি; আর সর্বোপরি আমার উপাস্ত, পাপী-নারায়ণ, তাপী-নারায়ণ, সর্বজাতির দরিত্র-নারায়ণ। এরাই বিশেষভাবে আমার আরাধ্য।" আলমোড়ায় এই ভাবে দিন কয়েক কাটাইয়া তিনি পুনর্বার ১১ই জুলাই দেউলধারে গমন করিলেন। সেভিয়ার-দম্পতি তথন সিমলায়, মিস মূলার আলমোড়ায় ও গুডউইন মান্রাজে।

স্বামীজীর সমসাময়িক একথানি পত্রে তাঁহার স্থভাবস্থলভ নির্ভীক নিরাবরণ সত্যবাদিতার পরিচয় পাই। প্রীমতী ম্যাকলাউড ভারতে আদিতে চাহিয়া-ছিলেন; স্বামীজী তাঁহাকে এই জন্ম সাদর আমন্ত্রণ জানাইলেও ভারতীয় অবস্থাও উহার সহিত পাশ্চাত্ত্য জীবন্যাত্রার মানের সম্পূর্ণ পার্থক্য সম্বন্ধে ১০ই জুলাই-এর পত্রে এমন নিথুঁত নিরাবরণ একখানি চিত্র দিলেন, যাহা শুধু স্বামীজীর পক্ষেই সম্ভব ছিল। অম্বরাগী ভক্ত তিনি চাহিতেন, কিন্তু মিথ্যা আশার ছলনায় নহে: "যেমন করেই হোক, তুমি এসে পড়.; শুধু এইটুকু মনে রেখে। – ইওরোপীয়দের ও হিন্দুদের বসবাসের ব্যবস্থা যেন তেল-জলের মতো; নেটিভদের সঙ্গে মেলানেমশা করা ইওরোপীয়দের পক্ষে সর্বনেশে ব্যাপার। তানতিভদের স্বন্ধ মেলানেমশা করা ইওরোপীয়দের পক্ষে সর্বনেশে ব্যাপার। তানতিভদের স্বাহ্ম যেতালোক তের পাবে।" নিবেদিতার ভারতাগমনের পূর্বে তিনি তাঁহাকেও ঠিক এইভাবেই বা স্পষ্টতরঙ্গপোবধান করিয়া দিয়াছিলেন, ইহা আমরা পরে দেখিতে পাইব। বলা বাহুল্য, এইরূপ জানিয়া-শুনিয়াও এই মহাপ্রাণা মহিলান্বয় ভারতে আসিয়া ভারতের সেবায় আশ্বনিয়োগ করিয়াছিলেন।

এই সময়ের আর একটি ঘটনায় স্বামীজীর উদার সেবাপ্রবণতার পরিচয় পাই। মুশিদাবাদ জেলার মহলা গ্রামে তথন রামক্লফ মিশনের পক্ষ হইতে যে ছুর্ভিক্ষ-সেবাকার্য চলিতেছিল, উহার প্রথমাবস্থায় মিশনের হক্তে আবশুক অর্থ না থাকায় কলিকাভার মহাবোধি সোসাইটি হইতে কিছু (১৫০) অর্থসাহায্য করা হয়। পরে সোসাইটি দাবী করেন যে, এই কার্য সোসাইটির নামে পরিচালিত হওয়া উচিত। এই বিষয়ে উভয় সংস্থার মধ্যে মভানৈক্য হয় এবং বিষয়টি স্বামীজীকে জানানো হয়। তথন উহার সমাধানকল্পে স্বামীজী লিখিয়া পাঠান: "ছজ্রদের নামের জালায় কি গরীবগুলো ভকিয়ে মরবে ? সব নাম 'মহাবোধি' নেয় ভো নিক, গরীবদের উপকার হোক। কাজ বেশ চলছে—উত্তম কথা।" (১৩ই জ্লাই-এর পত্র)। অবশ্য শেষ পর্যন্ত মহাবোধির নাম ব্যবহারের প্রয়োজন হয় নাই। স্বামী রামক্ষণানন্দ ও দক্ষিণদেশীয় ভক্তেরা যথেই টাকা তুলিয়া পাঠাইয়া দিলেন এবং অ্যান্ত স্থান হইতেও টাকা আসিল; ভাই রামকৃষ্ণ মিশনের নামেই কার্য পরিচালিত হইল।

ঐ চিঠিতে স্বামীজী কাশীপুরের উত্থানবাটীটি ক্রয় করিয়া উহাতে মঠস্থাপনের স্বাগ্রহও প্রকাশ করিয়াছিলেন: "ও বাগানের সহিত আমাদের সমস্ত স্থৃতি জড়িত; বাস্তবিক এটাই আমাদের প্রথম মঠ।" এখানেই ভক্তসঙ্গে শ্রীরামক্রম্থ স্বীয় লীলার শেষ, দিনগুলি কাটাইয়াছিলেন এবং এখানেই লীলাসংবরণ করিয়াছিলেন। স্বামীজীর সে অভিলাষ তথনই পূর্ণ না হইলেও দীর্ঘকাল পরে পূর্ণ হইয়াছিল।

ক্রমে তাঁহার আলমোড়া-ত্যাগের দিন ঘনাইয়া আসিল। তাঁহার বিদায় আসন্ত্রায় জানিয়া স্থানীয় অধিবাসিবৃন্দ তাঁহার বক্তৃতাশ্রবণের আগ্রহ জানাইলেন। এদিকৈ আলমোড়া-প্রবাসী ইংরেজরাও নিজেদের ইংলিশ-ক্লাবে তাঁহাকে বক্তৃতা করিবার জ্ব্য অন্থরোধ করিলেন। কিন্তু স্বল্লায়তন ক্লাব-ভবনে একশতের অধিক শ্রোতার স্থান সঙ্কুলান অসম্ভব জানিয়া দ্বির হইল যে, স্থানীয় মধ্য (ইন্টার) মহাবিত্যালয়ে হিন্দীতে একটি ভাষণ ও ক্লাবে ইংরেজীতে আর একটি ভাষণ হইবে।

হিন্দী বক্তৃতা শ্রবণের জন্ম শহরের গণ্যমান্ত ও স্থাশিক্ষিত প্রায় চারিশত ভদ্রলোক উপস্থিত হইয়াছিলেন। স্বামীজী হিন্দীভাষায় বক্তৃতা দিতে অভ্যন্ত ছিলেন না; এবং এরূপ সন্দেহও উপস্থিত হইয়াছিল যে, সাধারণতঃ তিনি ষেসব গভীর তত্ত্ব লইয়া আবেগভরে মর্মস্পর্দী বক্তৃতা দিয়া থাকেন, হিন্দীভাষার মাধ্যমে এরূপ করা সম্ভব হইবে কিনা। কিছু স্বামীজী প্রথমে মন্থরগতিতে বক্তৃতা আরুছ করিয়া শীঘ্রই বিষয়ের গুরুত্বের আকর্ষণে ভাষার দৈল্লগত অপটুতা

অতিক্রম করিয়া উঠিলেন ও স্থললিত ওজবিনী ভাষায় অবলীলাক্রমে বক্তব্য বলিয়া যাইতে লাগিলেন। সকলেই সবিশ্বয়ে দেখিলেন, ভাষাটি যেন তাঁহার হস্তে এক প্রাণচঞ্চল ষন্ত্ররূপে যথেচ্ছে পরিচালিত হইয়া স্বীয় কর্তব্য সম্পাদন করিতেছে। স্থানে স্থানে তিনি নৃতন শব্দ প্রণয়নপূর্বক স্বীয় ভাবের ব্যক্তনা ও পুষ্টিসাধন করিতেছিলেন। থাঁহাদের ধারণা ছিল, স্বামীজী এই নবীন পরীক্ষায় উত্তীর্ণ হইবেন না, তাঁহারাও তাঁহার প্রাঞ্জল ও অনর্গল বক্তৃতা শুনিয়া স্বীকার করিলেন যে, শক্তিমান পুরুষের পক্ষে অসম্ভবও সম্ভব হইতে পারে; এমনকি, থাঁহাদের মনে এরূপ সন্দেহ ছিল যে, হিন্দীভাষা গুরুতর বিষয়ের ব্যাখ্যাকল্পে তথনও ব্যবহৃত হইবার যোগ্যতা অর্জন করে নাই, তাঁহাদেরও সংশয় দ্রীভূত হইল। শুধু তাহাই নহে, কেহ কেহ এমনও বলিলেন, "তিনি তাঁহার বক্তৃতাহার। ইহাও প্রমাণ করিয়াছেন যে, হিন্দীভাষার মধ্যে এমন যথেষ্ট উপাদান আছে, যদবলম্বনে ঐ ভাষার অচিন্তিতপূর্ব উন্নতিসাধন করিয়া তাহাকে ওজস্বনী বক্তৃতার উপযোগী করা যাইতে পারে।"

ইংলিশ-ক্লাবের বক্ততায় স্থানীয় সকল ইংরেজই উপস্থিত ছিলেন। গোথী রেজিমেন্টের অধিনায়ক কর্নেল পুলি সভাপতির আসন অলক্কত করিয়াছিলেন। এতদ্বাতীত ডাঃ হ্যামিন্টন, ডেপুটি কমিশনার মিঃ গ্রেমী ও তাঁহার পত্নী, কর্নেল হ্যারিসনের পত্নী, মি: ও মিদেদ হুইশ লার্কিন ও ম্যাকফার্লন, মি: স্প্রাই, লালা वर्षी-भा, नाना **চित्रक्षीनान-भा, खानाम्ख रागी, श्रा**मी कीत व्यत्मक घनिष्ठं वक् छ প্রবীণ প্রধান নাগরিকগণ সেখানে উপবিষ্ট ছিলেন। বক্তভার বিষয় ছিল: 'বেদের উপদেশ—ভাত্ত্বিক ও ব্যাবহারিক'। স্বামীন্ধী প্রথমে বিভিন্ন উপন্ধাতির মধ্যে উপজাতীয় দেবোপাসনার উৎপত্তি ও এসব দেবতার নামে দিখিজয়ের কথা হইতে আরম্ভ করিয়া বেদের সংঘর্ষ-বিহীন দেবোপাসনায় আসিয়া পডিলেন। অতঃপর বেদে কি আছে, বেদের উপদেশ কি, ইত্যাদির সংক্ষিপ্ত পরিচয়-প্রদানাস্তে আত্মতত্ত্ব-বিচারে প্রবৃত্ত হইলেন। তাহার পর পাশ্চাত্তা জগৎ কিরূপে ব্যাহ্য-জগতের বিশ্লেষণ ও নিরীক্ষণাদির সাহায্যে জীবনের সর্বপ্রকার গুরুতর সমস্তার সমাধানে অগ্রসর হয়. এবং প্রাচ্য জগৎ বহির্জগতে অন্তর্জগতের সমস্থারাশির সমাধান না পাইয়া অন্তর্জগতেই উহার অফুসন্ধানে প্রবৃত্ত হয়—এই বিষয়টি তুলনার দৃষ্টিতে বুঝাইয়া দিলেন। তিনি বলিলেন—হিন্দুজাতিই এই অন্তর্জগৎ-অমুসন্ধান-প্রণালীর স্বাবিষ্ঠা; ইহাই এই স্বাভির বিশেষ সম্পত্তি, স্বার একমাত্র ঐ প্রণালীর সহায়তাতেই তাহারা ধর্ম ও আধ্যাত্মিকতারূপ মহারত্ম আবিষ্কার করিয়া সমগ্র জগৎকে উহা প্রদান করিয়াছে। আরও অগ্রসর হইয়া সামীজী আত্মার সহিত পরমাত্মার সহন্ধ ও উভয়ের স্বরূপত: একত্ম বুঝাইতে আরম্ভ করিলেন। শ্রীমতী হেনরিয়েটা মূলার ঐ সভায় উপস্থিত ছিলেন। তিনি বলেন, "তথন কিয়ৎক্ষণের জন্ম বোধ হইল, যেন আচার্য, তাঁহার বাণী, শ্রোত্রুল ও সকলের মধ্যে অফুস্যুত ভাবরাশি সব এক হইয়া গিয়াছে—যেন 'আমি', 'তুমি', 'উহা', 'ইহা' এই ভেদবোধ আর নাই। যেসকল বিভিন্ন ব্যক্তি তথায় সমবেত হইয়াছিলেন, তাঁহারা যেন সেই কয়েক মৃহুর্ত আচার্যবেরর দেহনিংস্ত আধ্যাত্মিক জ্যোতি:প্রবাহে আত্মহারা হইয়া মন্ত্রমুগ্রবৎ অবস্থান করিতে লাগিলেন। যাঁহারা স্থামীজীর বক্তৃতা অনেকবার শ্রবণ করিয়াছেন, এরূপ অফুভূতি তাঁহাদের নিকট ন্তন নহে। তাঁহারা জানেন, মধ্যে মধ্যে এমন তুই-একটা মৃহুর্ত আদে, যথন আর এমনবোধ থাকে নাযে, তিনি অবহিতচিত্তদোষগুণ-সমালোচক শ্রোত্রুন্দের সমক্ষে বক্তৃতাকারী স্থামী বিবেকানন্দ; সে সময়ে সব ভেদবৃদ্ধি ও ব্যক্তিগত বৈশিষ্ট্য ক্ষণকালের জন্ম তিরোহিত হয়, নামরূপ উড়িয়া যায়, কেবল থাকে একমাত্র চৈতন্ত সত্তা—যাহাতে বক্তা বাক্য ও শ্রোতা এক হইয়া মিশিয়া যায়।"

দার্জিলিং ও আলমোড়ার স্বাভাবিক জলরায়ুর গুণে, বৃদ্ধুবাদ্ধবের যত্নে ও বিশ্রামের ফলে স্বামীজীর স্বাস্থ্যের অনেকটা উন্নতি হইল। হয়তো আরও বিশ্রাম উপভোগ করিলে স্থায়ী ফললাভ হইত; কিন্তু যে স্বামীজী লোককল্যাণশাধনকে প্রথম ও প্রধান কর্তব্য বলিয়া ধরিয়া লইয়াছিলেন, তাঁহার শক্ষে দীর্ঘ কাল চুপ করিয়া থাকা সম্ভব ছিল না। আলমোড়া হইতে নামিবার অনেক আগেই ১৫ই জুন তারিখে তিনি স্বামী অথণ্ডানন্দকে লিথিয়াছিলেন, "আমি শীঘ্রই সমতলে নাবছি। বীর আমি, যুদ্ধক্ষেত্রে মরব; এখানে মেয়ে-মামুষের মতো বলে থাকা কি আমার সাজে ?"

অবশ্য একেবারে চুপ করিয়া থাকা কোন কালেই তাঁহার পক্ষে সম্ভব ছিল না। আমরা দেখিয়াছি, এই সময়েও তিনি সতঃপ্রতিষ্ঠিত কর্মকেন্দ্রগুলির সহিত ঘনিষ্ঠ সম্পর্ক রাখিতেন। ঐ সময়ে কি কি কার্য চলিতেছিল, তাহার আভাদ দিতে গিয়া তিনি মিদ নোবলকে (ভগিনী নিবেদিতাকে) ২৩শে জুলাই লিখিয়াছিলেন, "কাজ শুক্র হয়ে গেছে এবং বর্তমানে ছভিক্ষ-নিবারণই আমাদের কাছে প্রধান কর্তব্য। কয়েকটি কেন্দ্র ধোলা হয়েছে এবং কাজ চলছে—ছভিক্ষ- শেবা, প্রচার ও দামান্ত শিক্ষাদান। এখন পর্যন্ত অবশ্র খুব দামান্তভাবেই চলছে; বেদব ছেলেরা শিক্ষাধীন তাদের স্থবিধামত কাজে লাগানো হচ্ছে। বর্তমানে মান্তাব্দ ও কোলকাতাই আমাদের কাজের জায়গা। কলংখাতেও একজন গেছে।" এই কলখোর কাজের সংবাদটি নৃতন। ঐ কালে স্বামীজীর অম্বরোধে স্বামী শিবানন্দ কলখোয় গিয়া বেদাস্ত-প্রচারে নিরত হন এবং ছয় মাদ কাল দেখানে ঐ কার্ধে নিযুক্ত থাকেন।

এদিকে উত্তর-পশ্চিম ভারতের বিভিন্ন স্থান হইতে আহ্বান আসিতে লাগিল, স্বামীজী বাহাতে সেদব অঞ্চলে গিয়া বক্ততা করেন। তিনি নিজেও তাহাই চাহিতেছিলেন; কিন্তু সম্ভবত: বন্ধদের পীড়াপীড়িতে বর্ধারত্তে সমতলভূমি একটু শীতল না হওয়া পর্যন্ত নামা সম্ভব হইতেছিল না। তিনি হয়তো ২৩শে জুলাই-এর পুর্বেই দেউলধার হইতে নামিয়া আসিয়াছিলেন। এ তারিথের পত্তে আছে: "আমি এখন পাহাড থেকে সমতলের দিকে চলেছি।" পত্রখানির ঠিকানা আলমোডা। আলমোডা ছাডিতে আরও কয়েক দিন বিলম্ব হইয়াছিল। দেখান इटेंट निथि २०१म जुनारे-এর পত্তে चाह् : "क्ट्यक मिन वारमरे चामि সমতলে যাচ্ছি এবং সেখান থেকে যাব—এই পর্বতের পশ্চিম খণ্ডে। সমভূমিতে যখন একটু ঠাণ্ডা পড়বে, তথন দেশময় একবার বক্তৃতা দিয়ে বেড়াব – দেখব কি পরিমাণ কাজ করা যায়।" স্বয়ং প্রচারে ব্যন্ত থাকিলেও, দঙ্গে দঙ্গে গঠনমূলক কাৰ্যও চলিতে থাকুক, ইহা তিনি চাহিতেন; তাই আলমোড়া হইতে ৩০শে জুলাই তিনি স্বামী অথগুানন্দকে লিথিয়াছিলেন, তিনি যাহাতে অনাথ বালকদের সেবায় ব্রতী হন। ঐ পত্তে ইহাও জানাইয়াছিলেন যে, পরবর্তী সোমবারে (?) (২রা আগন্ট) তিনি আলমোড়া ত্যাগ করিবেন। আলমোড়ার বক্তৃতা তুইটি এই সময় মধ্যেই হুইয়াছিল বলিয়া অফুমান করা চলে; কারণ ঐ পত্রেই चारक: "এथान এकि-गारश्यमश्ल - वकुछ। श्राहन, ও এकि मिनी लाकिमिश्रं हिमीए । हिमीए जामात्र এই প্রথম, किन्त नकलात्र छ। थ्र ভাল লাগল। আগামী শনিবার (৩১শে জুলাই) আর একটি বক্তৃতা ইংরেজীতে—দেশী লোকের জন্ম।" জীবনীগুলিতে যদিও চুইটি বক্তার কথা আছে, তবু এই পত্রাংশ হইতে মনে হয়, স্বামীন্সী তিনটি বক্তৃতা দিয়াছিলেন। পত্তে আর একটি সংবাদ আছে: "এখানে একটি বুর্হৎ সভা স্থাপন করা গেল— ভবিশ্বতে কতদূর কার্য হয় দেখা যাক। সভার উদ্দেশ্য বিহ্যা ও ধর্ম শিক্ষা দেওয়া।" সর্বশেষে নিজের ভ্রমণধারা সম্বন্ধে লিখিয়াছিলেন: "সোমবার বেরিলী-যাত্রা, তারপর সাহারাণপুর, তারপর আম্বালা, সেখান হইতে ক্যাপ্টেন সেভিয়ারের সঙ্গে বোধ হয় মস্বনী, আর একটু ঠাণ্ডা পড়লেই দেশে পুনরাগমন ও রাজপুতানায় গমন ইত্যাদি।"

मिंडिन क्रिक्ट क्रिक क्रिक्ट क्रिक्ट क्रिक्ट क्रिक्ट क्रिक्ट क्रिक्ट क्रिक्ट क्रिक क्रिक्ट क्रिक क्रिक्ट क्रिक क्रिक्ट क्रिक क्रिक्ट क्रिक क्रिक বলা আবশ্যক। তন্মধ্যে প্রথমে স্বামীজীর স্বমুখ-কথিত একটি ভৌতিক বা দেবাবেশের ঘটনার বিবরণ দিতেছি। উহার স্থান-কাল জানা না থাকিলেও. অফুমান করা যায়, উহা দেউলধারের নিকটে সংঘটিত হয়। বিবরণটি এই: স্বামীজী হিমালয়ে ভ্রমণ করিতে করিতে একবার কোন পাহাড়ী গ্রামে এক রাত্রি কাটাইয়াছিলেন। সন্ধার পরে মাদলের খুব বাজনা ভানিয়া তিনি বাডীওয়ালাকে জিজ্ঞাদা করিয়া জানিলেন, গ্রামের কোন লোকের উপর 'দেবতার ভর' হইয়াছে। কৌতৃহল চরিতার্থ করিবার জন্ম যথাস্থানে উপস্থিত হইয়া তিনি দেখিলেন, একখানি কুঠার আগুনে লাল করিয়া উপদেবতাবিষ্ট ঐ ব্যক্তির গায়ে স্থানে স্থানে ছাাকা দেওয়া হইতেছে, চুলেও লাগানো হইতেছে অথচ গা বা চল পুড়িতেছে না, তাহার মুখেও কোন কটের চিহ্ন দেখা যাইতেছে না। এমন সময় গাঁয়ের মোড়ল (প্রধান) স্বামীজীর নিকট আসিয়া করজোড়ে বলিল, "মহারাজ, আপনি দয়া করে এর ভূতাবেশ ছাড়িয়ে দিন।" দশজনের অমুরোধে স্বামীজীকে অগত্যা ঐ ভূতাবিষ্ট লোকটির কাছে যাইতে হইল; গিয়াই মনে হইল, একবার কুঠারখানি পরীক্ষা করিয়া দেখা ভাল। কুঠারখানি তথন কালো হইয়া গিয়াছে; তবু স্বামীজী যাই হাতে ধরিয়া পরীক্ষা করিতে গেলেন, অমনি হাত পুড়িয়া গিয়া দারুণ যন্ত্রণা হইতে থাকিল। 'থিওরি-মিওরি' তথন সব উড়িয়া গেল: ঐ যন্ত্রণা লইয়াই লোকটির মাথায় হাত রাখিয়া তিনি খানিকক্ষণ জ্বপ করিলেন। আশ্চর্যের বিষয়, এরূপ করার দশ-বার মিনিটের মধ্যেই লোকটি ফুম্ব হইয়া গেল, আর উপস্থিত সকলের মন স্বামীজীর প্রতি শ্রন্ধায় ভরিয়া উঠিল। স্বামীঙ্গী নিজে কিন্তু ব্যাপারখানা কিছুই বুঝিতে পারিলেন না। তিনি আশ্রম্বাতার সহিত বাসস্থানে ফিরিয়া আসিয়া রাত্রি বার্টায় শ্যাগ্রহণ করিলেন। কিন্তু হাতের জালায় ও ঐ অভুত ঘটনার কোন কুল-কিনারা क्तिएक भातित्वन ना कारिया त्म त्राच्य चात यूम इहेन ना। ('वागी ७ तहना', 2166-69)1

আলমোড়ার একটি প্রধান ঘটনা দেশপ্রেমিক নেতা শ্রীযুক্ত অখিনীকুমার দত্তের সহিত সাক্ষাৎকার। বহুপুর্বে একদিন শ্রীরামক্ষের আদেশে অখিনীবার্ শ্রীযুক্ত রামচন্দ্র দত্ত মহাশয়ের গৃহে ঠাকুরেরই উপস্থিতিতে নরেন্দ্রনাথের সহিত আলাপ করিতে গিয়াছিলেন, কিন্তু সেদিন নরেন্দ্রের শির:পীড়ার জন্ম আলাপ হয় নাই। অখিনীবার্ তথন বলিয়াছিলেন, "থাক, আর একদিন আলাপ হবে।" শ্রীশ্রীঠাকুরের ইচ্ছা ছিল, ইহাদের মধ্যে ঘনিষ্ঠ সম্বন্ধ স্থাপিত হয়; উহা পূর্ণ হইল বার বৎসর পরে, ১৮৯৭ খুটান্দের মে কি জুন মাসে আলমোড়ায় ('কথামুত', ১ম ভাগ, পরিশিষ্ট)। অখিনীবার্ লিখিয়াছিলেন: "ঠাকুরের ইচ্ছা তোপুর্ণ হতেই হবে, তাই বার বচ্ছর পরে পূর্ণ হইল। আহা! সেই স্বামীবিবেকানন্দের সঙ্গে আলমোড়ায় কটা দিন কত আনন্দেই কাটাইয়াছিলাম! কথনও তাঁর বাড়ীতে, কথনও আমার বাড়ীতে, আর একদিন নির্জনে তাঁকে নিয়ে একটি পর্বতশৃকে। আর তাঁর সঙ্গে পরে দেখা হয় নাই।" (ঐ)।

ইংরেজী জীবনীতে এই সাক্ষাংকারের বিস্তৃত বিবরণ আছে (৫৭৪-৭৭ পৃঃ)। অখিনীবাব্ তথন আলমোড়ায় ছিলেন এবং থবরের কাগজে পড়িয়াছিলেন যে, স্বামীজীও সেথানে আছেন। কিন্তু বাড়ীর ঠিকানা কেহ জানিত না। অখিনীবাব্র পাচক শুধু এইটুকু বলিল যে, শহরে এক অভুত সাধু আছেন, যিনি ইংরেজী জানেন ও ঘোড়ায় চড়েন। অখিনীবাবুকে আর বলিয়া দেওয়ার প্রয়োজন হইল না যে, ইনিই বীর সন্ন্যাসী বিবেকানন্দ। অতএব তিনি তাঁহার সন্ধানে বাহির হইলেন। তবে বাড়ীর কাছে আসিয়াও ঠিক কোন বাড়ী বুঝিতে পারিলেন না, এবং অপরদের নানাভাবে প্রশ্ন করিয়াও সমৃচিত উত্তর পাইলেন না। অবশেষে বাঙ্গালী সাধুর কথা জিজ্ঞাসা করিলে একজন পথচারী বলিল, "আপনি ঘোড়সওয়ার সাধুর কথা জিজ্ঞাসা করিলে একজন পথচারী বলিল, "আপনি ঘোড়সওয়ার সাধুর কথা জিজ্ঞাসা করছেন? ঐ তিনি ঘোড়ায় চড়ে আসছেন, তাঁর বাড়ী ঐথানে।" অখিনীবাবু দূর হইতে দেখিলেন, গৈরিকপরিহিত সন্ন্যাসী গেটে উপস্থিত হইলে একজন ইংরেজ গেট খুলিয়া ঘোড়ার মুখু ধরিয়া ভিতরে লইয়া গেলেন এবং স্বামীজী অখপুষ্ঠ হইতে অবতরণ করিলেন।

একটু পরেই অখিনীবাবু সেখানে আসিয়া একজন যুবক সাধুকে জিজ্ঞাস। করিলেন, "নরেন্দ্রনাথ দত্ত আছেন? দেখা করব।" যুবক উত্তেজিত খরে

৬। ঐ জীবনীর মতে ঘটনাস্থল সেভিয়ারদের ভাড়া-বাড়ী; কিন্তু সেভিয়ার তথন (১৮৯৭-জুন) আলমোড়ার ছিলেন না। অধিনীবাবুর বিবরণে যে ইংরেজের উল্লেখ আছে, তিনি গুডউইন।

বলিলেন, "নরেন্দ্রনাথ এখানে কেউ নেই।" অখিনীবাবু পরমহংসদেবের নরেন্দ্রকে দেখিতে আসিয়াছেন ইহা যুবকের পক্ষে জানার কোন কারণ ছিল না। কিছ সমঝদার স্বামীজী কৌতৃহলী হইয়া ভিতর হইতে তারস্বরে ডাকিলেন, "আছেন, আহ্ন।" অখিনীবাবু নিজের নাম বলিলেন, অমনি গাঢ় আলিক্ষন হইল। ততক্ষণ একজন শিশু হাঁটু গাড়িয়া বসিয়া স্বামীজীর পায়ের বুট খুলিয়া দিতেছিলেন। আলাপ আরম্ভ হইলে দেখা গেল, ঠাকুর যে পূর্বে কথা বলিতে আদেশ করিয়াছিলেন, কিছ মাথাধরার জন্ম তাহা হয় নাই, সেই কথাটিও স্বামীজীর মনে আছে। অখিনীবাবু তাঁহাকে স্বামীজী বলিয়া সম্বোধন করিলে তিনি বাধা দিয়া বলিলেন, "সে কি, আপনার কাছে কথন আবার স্বামী হয়ে উঠলুম? আমি এখনও সেই একই নরেন্দ্র। ঠাকুর যে নামে আমাকে ডাকতেন, তা আমার কাছে পরম সম্পদ; ঐ নামেই ডাকবেন।

অশ্বনীবাব্—"আপনি সারা পৃথিবী ভ্রমণ করে লক্ষ প্রাণে আধ্যাত্মিক প্রেরণা জাগিয়েছেন। আমায় বলতে পারেন, ভারতের মুক্তি হবে কোন্ পথে?"

স্বামীজী—"ঠাকুরের কাছে আপনি যা শুনেছেন, তার বেশী আমার কিছু বলবার নেই—ধর্ম আমাদের জীবনের খাঁটি মর্ম কথা, জনগণ সকাশে কোন সমাজ-সংস্কার গ্রহণীয় হতে হলে তাকে ধর্মের ভেতর দিয়ে আসতে হবে। উলটো কিছু করার মানে গঙ্গাকে ঠেলে হিমালয়ে ফিরিয়ে নেওয়া ও আবার নৃতন থাতে প্রবাহিত করা।"

শবিনীবাবু—"কিন্তু কংগ্রেস যা করছে তাতে কি আপনার আত্বা নেই ?" স্বামীজী—"না, তা নেই; তবে নাই মামার চেয়ে কানা মামা ভাল। তা ছাড়া ঘুমস্ত জাতিকে জাগাবার জন্ম সব দিক থেকে ঠেলা দেওয়া ভাল। আপনি আমায় বলতে পারেন, কংগ্রেস জনসাধারণের জন্ম এ পর্যস্ত কি করেছে ?° আপনি কি মনে করেন যে, গোটা কয়েক প্রতাব করলেই স্বাধীনতা এসে যাবে ? ওতে আমার আত্বা নেই। আগে তারা পেটভরে থেতে পাক, তারপর নিজেরাই নিজেদের মৃক্তির পথ খুঁজে নেবে। কংগ্রেস যদি তাদের জন্ম কিছু করে তবেই কংগ্রেস আমার সহাস্কৃতি পাবে। সেই সজে ইংরেজদের গুণগুলিও আমাদের আপনার করে নিতে হবে।"

গণজাগরণের কথা তথনও কংগ্রেদের নেতাগণ এমনভাবে ভাবেন নাই; আর গঠনযুলক কাজও তথন আরম্ভ হয় নাই।

অখিনীবাব্—"ধর্ম বলতে কি আপনি কোন মতবিশেষকে বোঝাতে চান ?" স্বামীজী—"ঠাকুর কি কোন সাম্প্রদায়িক মতবাদ প্রচার করেছিলেন ? তবে তিনি সর্বাত্মক সমন্বয়ের ধর্মরূপে বেদান্তের কথা বলেছিলেন; তাই আমিও তাই প্রচার করি। তবে আমার ধর্মের সার কথা শক্তি। যে ধর্ম প্রাণে শক্তিসঞ্চার করে না, তা আমার কাছে ধর্মই নয়—তা উপনিষদের, গীতার বা ভাগবতের বারই হোক। শক্তিই ধর্ম, শক্তির চেয়ে বড় কিছু নেই।"

অশ্বিনীবাবু—"আমার কি করা উচিত বলুন।"

খামীজী—"শুনছি, আপনি কি একটা শিক্ষার কাজ নিয়ে আছেন; ঐ হল আসল কাজ। আপনার মধ্যে একটা বিরাট শক্তি কাজ করছে, আর জ্ঞানদান হচ্ছে একটা মন্ত কাজ। কিন্তু দেখবেন, জনসাধারণের মধ্যে যেন মান্তুষ-গড়ার শিক্ষা বিস্তার পায়। তার পরের কাজ হল চরিত্র গড়ে তোলা। আপনার ছাত্রদের চরিত্র বজ্ঞদূঢ় করে তুলুন। বাঙ্গালী যুবকদের হাড় থেকেই তৈরী হবে সে বজ্ঞ, যা ভারতের দাসত্বকে চূর্ণ করবে। জনকয়েক তৈরী ছেলে আপনি আমায় দিতে পারেন? তাহলে পৃথিবীটাকে বেশ একটা নাড়া দিয়ে যেতে পারি।

"আর ষেখানেই শুনবেন রাধাক্তফের কীর্তন চলছে, দেখানে ডাইনে বামে চাবকাবেন। সারা জাতটা পচে ধ্বসে যাছে। যাদের এতটুকু আত্মসংযম নেই তারা কিনা এসব গানে মাতে! এতটুকু অপবিত্রতা থাকলেও এসবের মধ্যে যে উচ্চ আদর্শ আছে, তার ধারণা করতে পারা যায় না। ছেলেমি নাকি? আমরা তো অনেক নেচেছি কুঁদেছি, এখন একটু বিরাম দিলেও ক্ষতি নেই। এই ফাকে জাতিটা একটু শক্তিশালী হয়ে নিক।

"আর অচ্ছুত, মৃচি, মেথর ও তাদের মতো সকলের কাছে গিয়ে বলুন, 'তোমরাই তো জাতের প্রাণ, তোমাদের মধ্যে এমন অসীম শক্তি আছে যে তা ত্নিয়াকে উলটে দিতে পারে। ওঠ, বাঁধন ঝেড়ে ফেল—দেখবে, সারা ত্নিয়া তোমাদের দেখে অবাক্ হয়ে যাবে।' তাদের মধ্যে স্কুল বসান, আর তাদের গলায় পৈতে ঝুলিয়ে দিন।"

স্বামীন্দীর প্রাতরাশের সময় উপস্থিত দেখিয়া অশ্বিনীবার্ বিদায় লইতে উঠিয়া বলিলেন, "একথা কি সত্যি যে, মাস্রাজের আন্ধারা যখন বলেছিলেন যে স্বাপনি শূল, স্বাপনার বেদপ্রচারে স্বধিকার নেই, তখন স্বাপনি বলেছিলেন, 'আমি যদি শৃদ্র হই, তবে হে মাদ্রাজবাদী ব্রাহ্মণগণ, আপনার। পারিয়ারও অধম' ?"

श्वामीकी--"इ।"

অখিনীবার্—"আপনার মতো একজন ধর্মপ্রচারক ও সংয্মী পুরুষের পক্ষে এরপ বলা কি ঠিক হয়েছিল ?"

স্বামীজী — "কে তা বলছে ? আমি তো কখন বলিনি যে আমি ঠিক করে-ছিলাম। এসব লোকের অভদ্রতা দেখে আমার মেজাজ খারাপ হয়ে পিয়েছিল, তাই অমন কথা বেরিয়ে পড়েছিল। এ ছাড়া কিই বা করতে পারতাম; কিন্তু আমি নিজের পক্ষ সমর্থন করছি না।"

শুনিয়া অখিনীবাবু স্বামীজীকে আলিঙ্কন করিলেন ও বলিলেন, "আজ আমার কাছে আপনার মান সব চেয়ে বেড়ে গেল। আজ আমি বুঝতে পেরেছি, আপনিকেন বিশ্ববিজয়ী আর ঠাকুর কেন আপনাকে এত ভালবাসতেন।"

স্বামীন্ত্রী আলমোড়া হইতে ৯ই আগস্ট বেরিলীতে পৌছাইয়া সেগানে শ্রীযুক্ত প্রিয়নাথবাব্র বাঙ্গলোডে আশ্রয় লইলেন। এথান হইতে আরম্ভ করিয়া সমভূমির কয়েকটি স্থলে তিনি ষেসব আলাপ-আলোচনা বা বক্তৃতাদি করিয়াছিলেন, তাহা প্রধানতঃ হিন্দীভাষায়। উহাদের শ্রুতিলিপি রক্ষিত না হওয়ায় বক্তব্য বিষয়গুলি জানা সম্ভবপর নহে। এইসব স্থলে তিনি সমাগত ভদ্রলোকদের সহিত তো আলাপ করিতেনই; সেই সঙ্গে তিনি স্থানীয় যুবক ও ছাত্র সম্প্রদায়ের সংস্পর্শে আসিতে সচেষ্ট থাকিতেন। ১০ই হইতে ১২ই তারিথ পর্যন্ত জরে অতিশয় কন্ট পাইতে থাকিলেও বেরিলীতে চারিদিন থাকার স্থযোগে তিনি আর্যসমাজ-প্রতিষ্ঠিত অনাথালয় পরিদর্শন করিয়াছিলেন ও লোকদিগকে সনাতন ধর্মের উদ্দীপনাময়ী বাণী শুনাইয়াছিলেন। এখানে আর্যসমাজের প্রাক্তন প্রচারক স্বামী অচ্যুতানন্দকে তিনি ১১ই আগস্ট তারিথে বলিয়াছিলেন, তিনি আর পাঁচ-ছয় বৎসরের অধিক মরজগতে থাকিবেন না। পূর্বেও লীলাসংবরণ সম্বন্ধে এইরূপ ভবিয়দ্বাণীর কথা আমরা উল্লেখ করিয়াছি। বস্তুতঃ স্বামীন্ত্রী জানিতেন এবং শরীরের অবস্থা দেথিয়াও বুঝিয়াছিলেন যে, তিনি অল্লায়ু, রোগ

৮। 'ভারতে বিবেকানন্দ' গ্রন্থে স্বামী অচ্যুতানন্দের ১০ই আগস্ট হইতে ২৯শে অক্টোবর পর্যন্ত বে দিনলিপি মুদ্রিত আছে (৪৪৩-৫৯ পৃ:), উহাতে বেরিলীর কথা আরম্ভ হইরাছে ১০ই আগস্ট হইতে। তাঁহার সম্পূর্ণরূপে সারিবে না, এবং এই প্রতিকৃল অবস্থার মধ্যেই তাঁহার আরক্ষ কার্য সমাপন করিতে হইবে—ভারত তথা নিখিল জগৎকে নব্যুগের বাণী ভানাইতে হইবে ও উহাকে যথাসম্ভব বান্তবে রূপায়িত করিতে হইবে—অন্ততঃ রূপায়ণের উপযুক্ত পরিবেষ্টন প্রস্তুত করিয়া যাইতে হইবে। স্ক্তরাং তাঁহার পরিশ্রম ও কষ্টের অবধি ছিল না। আর সে ভবিয়দ্বাণীও কতই না সত্য—১৯০২ খুষ্টাব্যের ৪ঠা জুলাই তিনি মরদেহ ত্যাগ করিয়াছিলেন।

বেরিলীর কার্য শেষ করিয়া তিনি ১২ই আগস্ট রাত্রি ১১টার ট্রেনে আম্বালায় গমন করিলেন। এখানে এক সপ্তাহ অবস্থানকালে শ্রীযুক্ত দেভিয়ার পত্নীসহ সিমলা হইতে আসিয়া তাঁহার সহিত দেখা করিলেন। এই সময়ে শরীর অপেক্ষা-ক্বত ভাল থাকায় বন্ধুবান্ধবরা হর্ধান্বিত ছিলেন, আর তিনিও সমাগত সম্রান্ত নগরবাসীদের সহিত সাননে বিবিধ বিষয়ে আলাপ করিতেন। আগস্কুকদের মধ্যে हिन्, মুসলমান, ত্রাহ্ম, আর্থসমাজী প্রভৃতি বিবিধ সম্প্রদায়ের লোক থাকিতেন এবং আলাপও হইত অধ্যাত্ম তত্ত্ব, সামাজিক সমস্তা, প্রাচ্য-পাশ্চান্ত্যের সাংস্কৃতিক তুলনা, স্বদেশের প্রকৃত উন্নতির উপায়, ইত্যাদি বিভিন্ন বিষয়ে। স্বামীজীর জ্ঞানের পরিধি ও গভীরতা, তাঁহার উদার মত ও চিন্তার মৌলিকতা এবং স্থানুর ভবিয়তের প্রতি প্রদারিত যুক্তিভিত্তিক আশা ও আকাজ্জার সংস্পর্শে षामिश्रा मकरन श्री छ । छ हम ९ कुछ इंटेर छन । षार्यमभा भी राम सिर्फ पारना हना-কালে শাস্ত্র বিষয়ে বহু কুটতর্কেরও অবতারণা হইত ; স্বামীজী ষ্থাষ্থ উত্তরদানে ইহাদিগকে নিরন্ত করিতেন। এইরূপ বৈঠকী আলোচনায় তিনি নিজেও এত উৎসাহ পাইতেন যে, ১৭ই আগস্ট দ্বিপ্রহরে ভোজনের পর হইতে উদরে বেদনা অহভব হইতে থাকিলেও সন্ধ্যার পর এক কুদ্র সভায় উপস্থিত হইয়া দেড ঘণ্টা याव इनग्रशाही धर्माभरनम निरनत। भरत त्रात्व व्यनाहारत काठाहरनत। ১७३ 'আগস্ট লাহোর কলেজের জনৈক অধ্যাপক এক ফনোগ্রাফ ষন্ত্র আনিয়া স্বামীজীকে উহাতে বক্ততা দিতে অমুরোধ করিলে তিনি ঐরপ করিয়াছিলেন। এই কর্ম-ব্যস্তভার মধ্যেও তিনি ১৯শে আগস্ট সকালে হিন্দু-মুসলমানদের মিলনের প্রতীকস্বরূপ হিন্দু-মহমেডান স্থূল পরিদর্শনে গিয়াছিলেন। অতঃপর ভোজনাস্তে শ্রামাচরণ মুখোপাধ্যায় প্রমুখ ভত্তলোকদের সহিত ও সন্ধ্যার পরে আর্থসমাজী উকিল ঘারকানাথের সহিত আলাপ করেন। মোটের উপর আঘালার দিনগুলি বেশ আনন্দপূর্ণ ও কর্মচঞ্চল ছিল। সেধান হইতে শেষ দিনে (১৯শে) তিনি

স্বামী রামক্রন্ধানন্দকে লিখিয়াছিলেন: "আমি এক্ষণেধর্মশালার পাহাড়ে যাইতেছি। নিরঞ্জন, দীম, ক্রন্ধলাল, লাটু ও অচ্যুত অমৃতসরে থাকিবে।" শ্রীযুক্তা ওলি বুল ভারতে আদিতে চাহেন জানিয়া স্বামীজী ঐ তারিখেই তাঁহাকে একথানি পত্র লিখেন। শ্রীমতী ম্যাকলাউভের সন্মুখে ভারতীয় জীবনের প্রক্লত চিত্র তুলিয়া ধরিয়া তিনি যেমন তাঁহাকে সাবধান করিয়া দিয়াছিলেন, অধচ আগমনের জন্মও সাদর আমন্ত্রণ জানাইয়াছিলেন, এই ক্ষেত্রেও তাহাই করিলেন: "ভাববেন যে, আপনারা যেন আফ্রিকার অভ্যন্তরে যাওয়ার জন্ম বেরিয়েছেন, তারপর যদি দৈবাৎ উৎক্লষ্ট কিছু পান তো সেটা আশাতিরিক্ত।"

ং েশে আগস্ট পূর্বাহে ধর্মশালাভিমূথে সেভিয়ার-দৃষ্পতির সহিত যাত্রা করিয়া পথে অমৃতদরে মাত্র চারি-পাঁচ ঘণ্টার জন্ম তোডরমল নামক জনৈক ব্যারিন্টারের গতে বিশ্রাম উপভোগ করিলেন। ধর্মশালায় তিনি দেভিয়ারদের সঙ্গে মাত্র সাত-আট দিন ছিলেন। » পরে সেধান হইতে অমৃতসরে পুনরাবর্তন করিয়া ঐ নগরে তুই দিন থাকেন ও ৩১শে আগস্ট মেল ট্রেনে রাওলপিণ্ডি যাত্রা করেন। অমৃতসরে হুই দিন থাকার অবসরে তিনি শিখদের মন্দিরাদি দর্শন করেন ও মূলরাজ প্রভৃতি প্রধান প্রধান আর্ঘসমাজী নেতাদের সহিত বিবিধ বিষয়ে আলোচনা করেন। রাওলপিণ্ডি স্টেশনে ডাক্তার ভক্তরামের ভাতা বগি-গাড়ী প্রভৃতি লইয়া তাঁহার অভার্থনার জন্ম অপেক্ষা করিতেছিলেন। কিন্তু রাওলপিণ্ডিতে তাঁহার থাকা হইল না। শরীরের অস্বস্থতা বৃদ্ধি পাওয়ায় তিনি দেভিয়ার-দম্পতির দহিত তংক্ষণাং টাঙ্গা-গাড়ীতে মারী স্বাস্থাবাদাভি**মু**ধে চলিয়া গেলেন। অপর সঙ্গীরা যথাকালে একা-গাড়ীতে তথায় উপস্থিত হইলেন এবং সকলে উকিল হংসরাজের বাটীতে আশ্রয় লইলেন। এই স্থানের বাৰালী অধিবাসীরা একদিন তাঁহাকে ভোজের জন্ম আমন্ত্রণ করিলে তিনি উহা স্বীকার-পূর্বক তাঁহাদের গৃহে গেলেন এবং ধর্মসঙ্গীত শুনাইয়া ও উপদেশ দিয়া সকলকে ক্বতার্থ করিলেন। মারীতে তিনি আসিয়াছিলেন সম্ভবতঃ ২রা সেপ্টেম্বর।

মারী হইতে স্বামীজী দক্ষিগণ সমভিব্যাহারে ৬ই সেপ্টেম্বর কাশ্মীর বাত্রা

৯। 'ভারতে বিবেকানন্দ'-এর ৪৪৫ পৃষ্ঠায় পনর দিন থাকার উল্লেখ থাকিলেও অত দিন হিসাবে পাওয়া যায় না। কারণ তিনি ২০শে আগষ্ট ধর্মশালার যান; ফিরিয়া ছুই দিন অমৃতসঙ্গে থাকেন ও ৩১শে আগষ্ট রাওগণিতি বান। করিলেন। সেভিয়ারদেরও ঐ সঙ্গে ঘাইবার কথা ছিল; কিন্তু শ্রীযুক্ত ' সেভিয়ার অকমাৎ অক্সন্থ হইয়া পড়ায় তাঁহাদের যাওয়া হইল না। তথাপি স্থবিবেচক সেভিয়ার মহাশয় একথানি পত্রমধ্যে স্বামীজীকে ৮০০০ টাকা পাঠাইয়া দিলেন। তথন সন্ধ্যা সাতটা। টাকা হাতে পাইয়া স্বামীজী চিস্তায়িতভাবে পার্শ্ববর্তী এক বন্ধুকে বলিলেন, "আমরা ফকির; এত টাকা লইয়া কি করিব, যোগেশ ? থাকিলেই ধরচ হইয়া যাইবে। তার চেয়ে অর্ধেক লওয়া হউক, আর বাকি ফেরত দিই। ইহাতেই আমার ও আমার সঙ্গীদের শ্রমণব্যয় নির্বাহ হইবে।" এই বলিয়া তিনি শ্রীয়ুক্ত সেভিয়ারের সহিত দেখা করিলেন ও অর্ধেক টাকা ফিরাইয়া দিলেন।

মারী হইতে টাঙ্গাযোগে ৮ই সেপ্টেম্বর বারামুলায় পৌছিয়া তাঁহারা টাঙ্গা চাডিয়া দিলেন এবং তথনই শ্রীনগরে ঘাইবার জন্ম নৌকায় উঠিলেন। এই নৌভ্রমণটি নানা দিক হইতে খুবই আনন্দপ্রদ ছিল। ১০ই সেপ্টেম্বর শ্রীনগরে পৌছিয়া তাঁহারা কাশ্মীর-রাজ্যের প্রধান বিচারপতি শ্রীযুক্ত ঋষিবর মুখোপাধ্যায় মহাশয়ের গৃহে আতিথা গ্রহণ করিলেন। মুখোপাধ্যায় মহাশয় স্বীয় স্বভাবস্থলভ অতিথিপরায়ণতার সহিত স্বামীন্সীর সর্বপ্রকার স্বাচ্ছন্দোর ব্যবস্থা করিয়া দিলেন। এই স্থযোগে নগরবাদীরাও তাহার পাণ্ডিতাপুর্ণ, প্রাণস্পর্শী, উদার ও সরল বাক্যালাপে আপনাদিগকে ধন্ত মনে করিলেন। ১৩ই সেপ্টেম্বর তিনি রাজ-প্রাসাদ দর্শনে উপস্থিত হইলে হুই জন উচ্চপদস্থ রাজকর্মচারী তাঁহাকে সাদর সংবর্ধনা জানাইলেন এবং তাঁহাদের একজন—ডাক্তার মিত্র—বলিলেন যে, রাজ-ভ্রাতা ও দেনাপতি রাজা রাম সিংহ পরদিবস তাঁহার দর্শন পাইতে উৎস্থক হইয়াছেন। তদমুদারে তিনি পরদিবদ মহারাজের ভ্রাতা রাম সিংহের সহিত শাক্ষাৎ করিলেন; মহারাজ তথন জন্মতে ছিলেন। রাম সিংহ স্বামীজীর প্রতি সমুচিত সম্মান-প্রদর্শনার্থ তাঁহাকে চেয়ারে বসাইয়া স্বয়ং পাত্রমিত্রসহ নিয়ে উপবেশন করিলেন। দেখানে ধর্ম, হিন্দুদিগের বিবিধ সমস্তা ও উন্নতির উপায় সম্বন্ধে তথ্যপূর্ণ চিত্তাকর্ষক তুই ঘন্টাব্যাপী আলোচনায় মুগ্ধ হইয়া রাম সিংহ বলিলেন, তিনি স্বামীন্দীর পরিকল্পনার রূপায়ণে যথাসম্ভব সাহায্য করিবেন।

শ্রীনগরে বহু সাধু, পণ্ডিত, বিষ্যার্থী,রাজকর্মচারী ও সাধারণ জিজ্ঞাস্থ স্বামীজীর ব্যক্তিত্বে আরুষ্ট হইয়া তাঁহার বাসভবনে আসিতেন। প্রাতে ও সন্ধ্যায় প্রায়ই ধর্মালোচনা ও পরে সঙ্গীতাদি হইত। আলোচনা হইত হিন্দী বা ইংরেজীতে;

১০। বাক্ষনা জীবনীর মতে শুৰ্কা (৬৮৮ পৃঃ); কিন্ত স্বামীজীর ১৩ই সেপ্টেম্বরের পত্র দ্রঃ।

কারণ সংশয়নিরসনার্থ বাঁহারা আসিতেন, তাঁহারা ছিলেন কাশ্মীরী বা পাঞ্জাবী। আগন্তক সকলেই তাঁহার আলাপে সংশয়মুক্ত ও আনন্দিত হঁইতেন। একবার আসিয়া কাহারও সাধ মিটিত না ; জিজ্ঞান্ত না থাকিলেও তথু তাঁহার শ্রীমৃতিদর্শন ও মধুর আলাপ ও দঙ্গীত শ্রবণের জন্মও তাঁহাদের পুন:পুন: আগমন হইত। স্বামীজীও ভূম্বর্গ কাশ্মীরের এই স্থন্দর নগরীতে প্রাকৃতিক চারু পরিবেশ ও স্বশীতল আবহাওয়ার মধ্যে বাস করিয়া বেশ আনন্দ পাইতেন। ক্রমে রাজা অমর সিংহের উজীর তাঁহার ভক্ত হইয়া উঠিলেন ও রাজাদেশে তাঁহার জন্ম একথানি হাউদ বোট ঠিক করিয়া দিলেন। স্বামীজী অতঃপর অবদর পাইলেই উহাতে আশ্রয় লইতেন এবং ইহাতে তাহার আনন্দ আরও বর্ধিত হইত। · নৈসর্গিক সৌন্দর্যনিলয় কাশ্মীরের হুদবক্ষে নৌকায় বাস ও ভ্রমণ করার মধ্যে সত্যই একটা মাধুৰ্ঘ ছিল। মধ্যে মধ্যে স্বামীন্ধী নৌকারোহণে নিকটবর্তী স্থানগুলি দেখিতে যাইতেন, অথবা বাজারে বেড়াইতেন কিংবা যন্ত্রসঙ্গীত ও কণ্ঠদঙ্গীত শ্রবণ করিতেন। এইভাবেই ২০শে দেপ্টেম্বর তিনি পানপুর নামক স্থানে গিয়া দেখানে কেশর-ক্ষেত দেখেন ও রাত্রিযাপন করেন। ২২শে তারিখে তিনি স্থপ্রসিদ্ধ অনস্তনাগ নামক স্থানেও যান ও বিজ্ঞবেহার মন্দির দেখিয়া আদেন। প্রদিবদ পদত্রজে মার্তণ্ড নামক স্থানে গ্রমনপূর্বক স্থানীয় পণ্ডিতদের সহিত ধর্মালোচনা করেন। সে রাত্রি স্থানীয় বিশ্রামাগারে কাটাইয়া পরে ২৪শে সেপ্টেম্বর অচ্ছাবল (অক্ষয়বল) নামক স্থানাভিমুখে যাত্রা করেন। পথিমধ্যে স্থানীয় লোকেরা তাঁহাকে সাগ্রহে পাওবের মন্দির' নামে খ্যাত একটি স্প্রাচীন মন্দির দেখাইয়া দিল। জনশ্রুতি এই যে, মন্দিরটি পাণ্ডবদিগের সমসাময়িক। স্বামীক্ষী উহার অত্যাশ্চর্য নির্মাণকৌশল ও ভাস্কর্য দেখিয়া বলিয়া-ছিলেন, উহা অন্ততঃ তুই সহত্র বংসর পূর্বে নির্মিত হইয়া থাকিবে এবং এমন উত্তম মন্দিরও তুর্লভ। কথিত আছে, স্বামীজীর এইরূপ মন্তব্য ত্রনিয়া সঙ্গী স্বামী অন্ততানন্দ (লাটু) জানিতে চাহিয়াছিলেন, তাঁহার এইরূপ বলার ভিত্তি কি। স্বামীজী তাহাতে যথন উত্তর দিলেন যে, লাটু মহারাজের মতো বিভাহীন ব্যক্তিকে এইরূপ তথ্য বুঝানো অসম্ভব, তথন লাটু মহারাজ বিন্দুমাত্র লজ্জিত না হইয়। প্রত্যুত্তর দিয়াছিলেন, "তুমি এমনি বিদ্বান বে, আমার মতো একটা মূর্থকেও বুঝাইতে পার না।" অচ্ছাবল হইতে তাঁহারা শ্রীনগরে ফিরিলেন।

ঐ কালের আরও হুইটি ঘটনায় লাটু মহারাজ ও স্বামীজীর মধ্যে প্রীতি ও

শ্রদার ফুলর পরিচয় পাওয়া যায়। হাউস বোট ভাড়া হইলে লাটু মহারাজ দেখিলেন, মাঝি উহাতে স্ত্রীপুত্রসহ বাস করে। তাই "মেইয়া মাঞ্বের সঙ্গে" থাকা চলিবে না বলিয়া তিনি উহাতে প্রবেশ করিতে অসম্মত হন। তথন স্বামীজী ভরসা দিলেন, "আমি আছি, তোর ভয় কিসের ? আমি থাকতে তোর কিছু হবে না।" শুনিয়া তিনি রাজী হইলেন। আর একবার স্বামীজী তাঁহার জন্ম আমিষ খাছ ও ভাত কিনিয়া আনিতে বলিলে লাটু মহারাজ বলিলেন, তিনি খাছ আনিবেন বটে, কিন্তু নিজে খাইবেন না; কারণ তিনি তথন নিরামিষাশী। শুনিয়া স্বামীজী বলিলেন, "থাক্, তোকে আর ষেতে হবে না।" লাটু মহারাজ কিন্তু গোলেন ঠিক, খাছও আনিয়া স্বামীজীকে দিলেন; অথচ নিজে খাইলেন না। (শুন্মী লাটু মহারাজের স্বৃতিকথা, ৩১৮-১৯)।

এই সকল তথ্য ছাড়াও স্বামীজীর স্বলিখিত লিপিগুলি হইতে কাশ্মীর সম্বন্ধে আরও কিছু কিছু জানিতে পারা যায়। তাঁহার ১৩ই ও ১৫ই সেপ্টেম্বরের এবং তারিখহীন আর একথানি পত্তে শ্রীনগর ও কাশ্মীরীদের সম্বন্ধে তিনি লিথিয়া-ছিলেন, "এদেশের যে প্রশংসা শুনিয়াছি, তাহা সত্য; এমন স্থলর দেশ আর নাই, আর লোকগুলিও স্থনর, তবে ভাল চক্ষু হয় না।" "এ জায়গার সব দৌন্দর্বের কথা তোমায় লিখে আর কি হবে ? আমার মতে এই হচ্ছে একমাত্র দেশ, যা যোগীদের অন্তকুল।" "আমি অনেক পর্যটন করিয়াছি; কিন্তু এমন দেশ তো আর দেখি নাই।" সৌন্দর্যে মৃগ্ধ হইলেও স্বামীজী লিখিতে ভূলেন নাই যে, কাশ্মীরের লোকদের জীবনযাত্তার মান অতি নিম: অবশ্র গোটা ভারতবর্ষ সম্বন্ধেও একই কথা। পত্তে লিখিত অন্তান্ত জ্ঞাতব্য কথাগুলি এই যে, স্বামীজী কাশ্মীরে "দ্রষ্টব্য স্থানগুলি দেখিবার জন্ম এবং শারীরিক শক্ষিলাভের জন্ম একমাস জলে জলে ঘুরিয়া বেড়াইবার" সঙ্কল্প করিয়াছিলেন। কাশ্মীরে তাঁহার সঙ্গী ছিলেন "সদানন্দ, ক্লফলাল" এবং ''লাটু, নিরঞ্জন, দীমু ও থোকা"। ভিনি স্থির করিয়াছিলেন যে, কাশ্মীর হইতে নামিয়াই দ্বিতীয় দলের চারি জনকে কলিকাভায় পাঠাইয়া দিবেন; কারণ "উহাদের এথানে আর কোনও কার্য সম্ভব নয়।" প্রত্যুত কুড়ি-পঁচিশ দিনের মধ্যে শুদ্ধানন্দ, স্থশীল ও হরিপ্রসন্নকে আম্বালায় পাঠাইতে লিখিয়াছিলেন। শেষ পর্যন্ত তাঁহার সঙ্গে কে কে ছিলেন, জানা নাই। ১৩ই তারিখের পত্তে 'রাজ্যোগে'র বন্ধামুবাদ ছাপাইবার কথা আছে, আর আছে, "এখানে রাজা এখন নাই। তাঁহার মেন্স ভাই সেনাপতি আছেন। তাঁহার সম্পাদকতায় একটা বকৃতা হইবার উত্যোগ হইতেছে। ঘাহা হয় পরে লিখিব। ত্-এক দিনের মধ্যে যদি হয় তো থাকিব; নহিলে আমি বেড়াইতে চলিলাম। সেভিয়ার মারীতেই বহিল। তাহার শরীর বড়ই অফুস্থ—টাঙ্গার ঝটকায়। মারীর বাঙ্গালী বাব্রা বড়ই ভাল এবং ভদ্র।" ঐ বকৃতা হইয়াছিল কিনা জানা নাই। সম্ভবতঃ হয় নাই।

১৫ই তারিখের পত্রে উল্লেখযোগ্য বিষয় এই: "কাশ্মীর গভর্নমেণ্ট আমাকে তাঁদের একথানি বন্ধরা ব্যবহার করতে দিয়েছেন, বন্ধরাটিবেশ স্থলর, আরামপ্রদ। তাঁরা জেলার তহশিলদারদের উপরও আদেশ জারি করেছেন। এদেশের লোকের। আমাদের দেথবার জন্ম দল বেঁধে আসছে, আমাদের স্থথে রাথার জন্ম যা কিছু প্রয়োজন সবই করছে।"

শ্রীনগরে প্রত্যাবৃত্ত স্বামীজীর আবার জনসাধারণের সহিত মেলামেশা ও বছতাপূর্ণ সদালাপাদি চলিতে লাগিল। মধ্যে মধ্যে তিনি সন্ত্রান্ত ব্যক্তিদের গৃহে ভোজনার্থ নিমন্ত্রিত হইতেন। ঐরপ ক্ষেত্রে গৃহস্বামীরা প্রাচীন রীতিতে অত্যন্ত সম্মান প্রদর্শন করিতেন ও যত্বের সহিত সর্বপ্রকার ব্যবস্থা করিতেন। একবার এক অভিজ্ঞাত-পরিবারে নিমন্ত্রণ পাইয়া উপস্থিত হইলে সমাগত ব্রাহ্মণ পণ্ডিতগণ পূস্পরৃষ্টি করিয়া ও মাল্যবিভ্ষিত করিয়া তাঁহাকে অভ্যর্থনা জানাইলেন এবং ভোজনান্তে সঙ্গে আদিয়া বাসস্থান পর্যন্ত পৌছাইয়া দিয়া গেলেন। এই জাতীয় ঘটনা হইতে ব্রিতে পারা বায়, স্বামীজী দেশবাসীর কিরপে হার্দিক শ্রমা আকর্ষণে সমর্থ হইয়াছিলেন এবং এই ঘটনার সহিত পূর্ববর্ণিত দক্ষিণেশ্বর কালীমন্দির হইতে তথাকথিত বহিদ্বরণের ব্যাপারটি তুলনা করিলে মনে হয়, অবশ্রজ্ঞাবী প্রগতির বেগ কন্ধ করিবার মতো গ্রুক্তি যাহাদের মন্তবে প্রবেশ করে, তাহারা স্বকার্য সাধনের জন্ত উন্মন্তপ্রায় কত প্রকার ত্র্ব্যবহারেই না লিপ্ত হয়।

ক্রমে কাশ্মীর ত্যাগের সময় আসিয়া পড়িল। অক্টোবরের প্রথম সপ্তাহেই তিনি নৌকাষোগে শ্রীনগর হইতে যাত্রা করিলেন এবং উহলার হ্রদবক্ষ বাহিয়া বারামূলায় উপস্থিত হইলেন ও তথা হইতে টাঙ্গা-যোগে ৮ই অক্টোবর সন্ধ্যায় মারীতে আসিলেন। এখানে তাঁহার পূর্বপরিচিত পাঞ্জাবী ও বাঙ্গালী অন্ধ্রাগীদের সহিত পুনর্মিলন ঘটিল। সেভিয়াররা তখনও সেখানেই ছিলেন; তাঁহাদেরও সহিত সাক্ষাৎ হইল। ১৪ই অক্টোবর রাত্রে স্থানীয় ভদ্রলোকেরা তাঁহাকে একটি অভিনন্ধন দিলেন এবং উহার উত্তরে তিনিও একটি মনোজ্ঞ ভাষণ দিলেন।

তিনি তখন নিবারণবাবুর বাড়ীতে ছিলেন; সভা সম্ভবত: সেথানেই হইয়াছিল।
মারী হইতে তিনি ১০ই অক্টোবর স্বামী ব্রহ্মানদকে এক পত্রে জানাইয়াছিলেন, তিনি যেন ব্র: হরিপ্রসন্ধকে (পরবর্তী কালের স্বামী বিজ্ঞানানদকে)
আম্বালায় পাঠাইয়া দেন, কারণ সেভিয়ার য়থাসম্ভব শীদ্র পূর্বপরিকল্পিত হিমালয়ের
আশ্রমটি স্থাপন করিতে উদগ্রীব হইয়াছিলেন, এবং জমি পছন্দ করা প্রভৃতি
বৈষয়িক ব্যাপারে হরিপ্রসন্ধ মহারাজের যথেষ্ট অভিজ্ঞতা ছিল—তিনি পূর্বে
একজিকিউটিভ ইঞ্জিনিয়ার ছিলেন। ঐ পত্রেই শ্রীমাকে হুই শত টাকা পাঠাইবার
সংবাদও আছে। ঐ তারিথের অপর একথানি পত্রে তিনি স্বামী অথতানদকে
একটি অনাথাশ্রম স্থাপনের জন্ম উৎসাহ দিয়া লিথিয়াছিলেন: "মুসলমান
বালকও লইতে হইবে বৈকি এবং তাহাদের ধর্ম নষ্ট করিবে না।…হিন্দু, মুসলমান,
খুষ্টান ইত্যাদি সকল জাতের ছেলে লও, তবে প্রথমটা আন্তে আন্তে, অর্থাৎ
, তাদের থাওয়া-দাওয়া ইত্যাদি একটু আলগ হয়; আর ধর্মের যে সর্বজনীন
সাধারণ ভাব, তাই শিথাইবে।"

স্বামীজীর মনে ঐ কালে কাশ্মীরে একটি কেন্দ্র স্থাপনের প্রভিপ্রায়ও ছিল।
শীনগর হইতে মার্গারেট নোবলকে লিখিত ১লা অক্টোবরের পত্তে পাই: "তোমার কাছে কাশ্মীরের বর্ণনা দেবার চেষ্টাও ক'রব না। শুধু এইটুকু বললেই যথেষ্ট হবে বে, এই ভূম্বর্গ ছাড়া অন্ত কোন দেশ ছেড়ে আসতে আমার কথনও মন খারাপ হয় নি। সম্ভব হ'লে, রাজাকে রাজী করিয়ে এখানে একটি কেন্দ্র প্রতিষ্ঠা করবারও যথাসাধ্য চেষ্টা করছি।" জন্মতে মহারাজের সহিত সাক্ষাৎকারকালে হয়তো তিনি এই প্রস্তাব করিয়াছিলেন, কিস্ক কার্যতঃ কিছুই হয় নাই।

উত্তর-পশ্চিম ভারতের অন্যান্ত স্থানেও কেন্দ্র স্থাপনের ইচ্ছা তাঁহার ছিল এবং ঐজন্ত আলমবাজার মঠ হইতে সন্মাসী ও ব্রহ্মচারীদের পাঞ্চাবে ও রাজপুতানায় আনাইয়াছিলেন, কিন্তু তাঁহার লীলাকালে কোথাও কেন্দ্র স্থাপিত হয় নাই—
যদিও যে বীজ তিনি প্রোথিত করিয়াছিলেন, তাহা অমর ছিল এবং পরে অঙ্ক্রিত ও ফলপুস্পমন্থিত হইয়াছিল ও হইতেছে। সে যাহা হউক, তিনি আপাততঃ ১৬ই অক্টোবর'' সকালে নয়টায় টাঙ্গা-যোগে মারী ছাড়িয়া বিকালে পাঁচটায় রাওলপিগুতে উপনীত হইলেন।

১১। ইংরেজী জীবনী (৫২৫) ও বাঙ্গলা জীবনী (৬৯০) হইতে মনে হয় তিনি ১৫ই তারিখে রাওলগিতিতে বান, কিন্তু 'ভারতে বিবেকানন্দ' ৪৫১ পূচায় ১৬ই তারিখের উল্লেখ আছে।

পঞ্চনদীর তীরে

রাওলপিণ্ডিতে ১৬ই অক্টোবর পৌছাইলে তত্ততা উকিল শ্রীযুক্ত লালা হংসরাজ্ব দাহানী তাঁহাকে স্বগৃহে দাদরে সংবর্ধনা জানাইলেন। তথন তাঁহার দলী ছিলেন শুধু স্বামী দানন্দ (গুপু মহারাজ) ও স্বামী অচ্যুতানন্দ; কারণ পূর্বেই তিনি নিরঞ্জনানন্দ, অভুতানন্দ, দচ্চিদানন্দ (দীমু) ও ক্ষফলালের জয়পুর গমনের ব্যবস্থা করিয়াছিলেন। ('বাণী ও রচনা', ৮০৫, ও ৮০১১ পৃঃ)'। উকিল মহাশ্যের গৃহে স্বামীজী আর্থসমাজের স্বামী প্রকাশানন্দের দহিত আলাপ করিয়া বিশেষ প্রীত হন। ঐ সময়ে বিচারপতি নারায়ণ দাস, ভকতরাম ও আরও অনেক শিক্ষিত ব্যক্তি তথায় উপস্থিত ছিলেন।

এখানেই তাঁহার জনসাধারণের সমক্ষে বক্তৃতাবলম্বনে প্রচারপর্বের পুনরারম্ভ • হইল। রাওলপিণ্ডিতে দিবসদ্বয় অতিবাহিত হইতে না হইতে তিনি ১৭ই অক্টোবর শ্রীযুক্ত স্থজনসিংহের মনোরম উচ্চানে বেলা পাঁচটায় বক্তৃতা দিতে জমুক্ত্র হইলেন। বিচারপতি নারায়ণ দাসের প্রস্তাবক্রমে ওহংসরাজের জমুমোদনে স্থজনসিংহ সভাপতির আসন অলঙ্কত করিলেন। সভায় শ্রোতার সংখ্যা ছিল প্রায় চারিশত এবং স্বামীজী হিন্দুধর্ম সম্বন্ধে হই ঘণ্টা ধরিয়া একটি দীর্ঘ পাণ্ডিত্যপূর্ণ ও প্রেরণাময় বক্তৃতা দিয়াছিলেন। বক্তৃতাটি ইংরেজীতে প্রদত্ত হইলেও সাক্ষেতিক লেখক না থাকায় উহা সংরক্ষিত হয় নাই। স্বামীজী স্বীয় বক্তব্য বিষয়ের ব্যাখ্যা ও সমর্থনকল্পে বেদাদি শাস্ত্র হইতে বহু বচন উদ্ধৃত করিলেন এবং "কথনও বীরদর্পে আত্মার অনস্ত মহিমা ও সর্বশক্তিমত্তার উল্লেখ করিয়া শ্রোত্ত-বুন্দের হলয়ে মহা তেজ ও শক্তির সঞ্চার করিলেন, কখনও বা সামাজিক কপটা-চারের বিক্রন্ধে কঠোর শ্লেষপ্রয়োগে তাঁহাদিগের মধ্যে হাস্তরসের প্রস্তবণ উন্মুক্ত করিয়া দিলেন।" (বাঙ্গলা জীবনী, ৬৯১)। সভায় উপস্থিত একজন ইংরেজ ভক্ত পরে বলিয়াছিলেন: "মস্তকে পুস্পমাল্য শোভিত ও গলদেশে পুস্পমাল্য

১। দিতীয় পত্রে মাত্র তিন জনের উল্লেখ আছে, এবং বলা হইয়াছে যে, উহাদের মধ্যে একজন স্বামীজীয় গুরুলাতা। সম্ভবতঃ তিনি স্বামী অভুতানন্দ, নিয়য়নানন্দ অক্সত্র চলিয়া গিয়া থাকিবেন।

২। ই'হার প্রাতা ছিলেন ব্যারিস্টার 'ভারতে বিবেকানন্দ' (৭ম সংস্করণ, ৪৫২ পৃঃ)। বাঙ্গলা জীবনীতে ভকতরাম বা ভক্তরামকে ব্যারিস্টার বলা হইরাছে (৬৯০)।

বিলম্বিত স্বামীন্দ্রী যথন অভ্যাসবশত: কখনও মঞ্চোপরি পদচারণ করিতে করিতে কিংবা পত্রপূষ্প ও মাল্যে মণ্ডিত শুস্তে হেলান দিয়া বক্তৃতা দিতেছিলেন, তখন গেরুয়া আলখালা ও কোমরবদ্ধে ভূষিত তাঁহাকে যেন কোন গ্রীসদেশীয় দেবমূর্তির ত্যায় দেখাইতেছিল। আর উফ্টীয-বিমণ্ডিত শ্রোতাদের অধিকাংশ আসন করিয়া ভূমিতে উপবিষ্ট থাকায় এবং দ্রে কর্য অন্ত গমনোভত হওয়ায় যে অপূর্ব দৃশ্য বিরচিত হইয়াছিল তাহাও ছিল অত্যন্ত সৌন্দর্থময়।"

ঐ সময়ে স্বামীজী প্রচারকার্যে কিরপ ব্যস্ত ছিলেন তাহার নিদর্শনস্বরূপ ক্ষাতানন্দের দিনলিপি ('ভারতে বিবেকানন্দ', ৪৫২-৫৩) হইতে এই উদ্ধৃতি দিলাম: "১৭ই অক্টোবর হংসরাজের বাড়ী। প্রাতঃকালে সমাগত ভদ্রলোকগণের সহিত চর্চা। পরে ভোজনার্থ ছাউনিতে নিমাইয়ের বাড়ী গমন। তথায় বাঙ্গালীদের সহিত কথাবার্তা। প্রায় তিনটার সময় তথা হইতে প্রত্যাবর্তন। একটু বিশ্রাম করিয়া বক্তৃতা দিবার জন্ম স্বজনসিংহের বাগানে গমন। অকৃতাস্তে বাসস্থানে প্রত্যাগমন করিয়া জনৈক ব্যক্তিকে সাধনরহন্দ্র-উপদেশ দিলেন। রাত্রে ভক্তরামের কুঠিতে নিমন্ত্রণ। সঙ্গে জজ, প্রকাশানন্দ, হংসরাজ প্রভৃতিও গেলেন এবং ভোজনাদি করিলেন। তথা হইতে রাত্রি দশটার সময় স্বস্থানে আগমন। প্রকাশানন্দের সহিত রাত্রি তিনটা পর্যন্ত চর্চা।"

১৮ই অক্টোবর প্রাত্তংকালেও রায় নারায়ণ দাস, বাবা ক্মেসিংহের পুত্র ও প্রকাশানন্দের সহিত চর্চা ও কথাবার্তা হইল। আহারাস্তে বিশ্রামের পর তিনি জানাইলেন—পূর্বদিন হইতে শিরংপীড়া আরম্ভ হইয়া তথন অত্যন্ত বাড়িয়া গিয়াছে। তথাপি তিনি হাসিম্থেই কথা বলিতে লাগিলেন, বাহিরের লোক কিছুই ব্ঝিতে পারিল না। সদ্ধ্যার পূর্বে তিনি জঙ্ক সাহেব ও ক্মেসিংহের পূত্রের ঘারা আনীত বগিতে ভ্রমণ করিলেন। রাত্রে তাহাদের সহিত একত্র ভোজন করিলেন এবং আর্যসমাজ ও ম্সলমানদের সম্বন্ধে অনেক সংশয়ের সমাধান করিলেন। বাসস্থানে ফিরিলেন রাত্রি এগারটায়।

১৯শে অক্টোবর প্রাত:কালে তিনি সেভিয়ারদের বাসস্থানে গিয়া তাঁহাদের সহিত আলাপ করিলেন। পরে প্রকাশানন্দের সহিত স্থানীয় বাঙ্গালীদের দ্বারা প্রতিষ্ঠিত কালীবাড়ীতে গিয়া সেধানে প্রসাদধারণ করিলেন এবং ভোজনাস্তে একজন শিধের সহিত ধর্মবিষয়ে অনেক চর্চা করিলেন। এই আলোচনাকালে অনেক বাঙ্গালী ভদ্রলোকও উপস্থিত ছিলেন। সন্ধ্যার পর ঐ কালীবাড়ীতেই স্থানীয় প্রবাসী বান্ধালীদের একটি ক্ষু সভার স্বামীজী স্বদেশের কল্যাণসাধনের উপায় সম্বন্ধে বহু স্বমনোহর উপদেশ দিলেন।

রাওলপিণ্ডিতে তাঁহার এই অবস্থানের স্বযোগে অনেকে হংসরাজের বাটীতে বা সেভিয়ারদের আবাসম্বানে মিলিত হইয়া তাঁহার সহিত সদালাপ করিতেন কিংবা তাঁহার উপদেশশ্রবণে কুতার্থ হইতেন। এই সব বিষয়ে স্বামীজীর সময়-বোধ থাকিত না, অপরেরাও আর সব ভূলিয়া তাঁহারই বাক্যম্থণা মুগ্ধচিটেও পান করিতেন; তাই প্রসম্ভলি থুবই দীর্ঘ হইত। ইহার মধ্যে আবার ভাবপ্রবণ ব্যক্তিদের অযৌক্তিক ব্যবহারও যথেষ্ট ছিল। রাওলপিণ্ডি ত্যাগের দিন (২০শে অক্টোবর) মধ্যাহ্ন-ভোজনের পর তিনি জনকয়েক জিজ্ঞাস্থ ব্যক্তি ও বন্ধুর সহিত আলাপে নিযুক্ত আছেন, এমন সময় একজন বাঙ্গালী ভদ্রলোকের অন্থরোধে স্বামীজীর এক গুরুত্রাতা একথানি ফিটনগাড়ী লইয়া দেখানে উপস্থিত হইলেন এবং জানাইলেন যে. ঐ ভদ্রলোক পীড়িত ও স্বামীজীকে দর্শন করিতে ইচ্ছুক। নিরলস স্বামীজী তথনই উঠিলেন: প্রকাশানন্দ এবং আরও কেহ কেহ তাঁহার অমুসরণ করিলেন। স্বগৃহে সমাগত স্বামীজীকে ভদ্রলোক পাঁচটি প্রশ্ন করিয়া বলিলেন, এইগুলির সমাধান না পাইলে নান্তিক হওয়া ব্যতীত তাঁহার উপায়ান্তর নাই। স্বামীজীও পর পর সবগুলি প্রশ্নেরই যুক্তিপূর্ণ সরল সমাধান করিয়া দিলে ভদ্রলোকের সন্দেহ অপস্ত হইল ও তিনি ক্লতার্থ হইলেন। অতঃপর তিনি স্বামীন্দ্রী প্রভৃতিকে কিঞ্চিৎ জলবোগ করাইয়া কৃতজ্ঞহদয়ে রাত্রি সাড়ে আটটায় বিদায় দিলেন। তারপর স্বামীজী হংসরাজের গৃহে নৈশভোজন-সমাপনাস্তে কালীবাড়ীতে গেলেন ও কাশ্মীরের মহারাজের আমন্ত্রণক্রমে জন্ম যাইবার জন্ত রাত্রি বারটায় টেনে উঠিলেন।

জমু দেশনে ২১শে অক্টোবর বেলা বারটায় যথন ট্রেন হইতে নামিলেন, তথন তাঁহাকে রাজ-অতিথির উপযুক্ত স্বাগত সম্ভাষণ জানানো হইল এবং রাজ্যের পক্ষ হইতে অভ্যর্থনা বিভাগের অধ্যক্ষ শ্রীযুক্ত মহেশচক্স ভট্টাচার্য পুত্রকালম দর্শন করিলেন এবং পরে মহেশবাবুর গুরু স্বামী কৈলাসানন্দ প্রভৃতি বহুসংখ্যক পাঞ্জাবী ভদ্রলোকের সহিত ধর্মালোচনা করিলেন। মহেশবাবুর সহিত কাশ্মীরে একটি মঠস্থাপন বিষয়েও আলোচনা হইল।

২২শে অক্টোবর বেলা ১১টার সময় তিনি রাজকীয় বগি-গাড়ীতে চড়িয়া

রাজপ্রাসাদে উপস্থিত হইলেন ও মহারাজের সহিত সাক্ষাৎ করিলেন। সাক্ষাৎকালে মহারাজের তুই ভ্রাতা ও রাজ্যের প্রধান প্রধান কয়েকজন কর্মচারীও উপস্থিত ছিলেন। স্বামীজী তাঁহার জন্ম নির্দিষ্ট আসনে উপবিষ্ট হইলে মহারাজ আলাপ আরম্ভ করিয়া সম্যাদের কথা তলিলেন ও স্বামীজী ঐ বিষয়ে সমূচিত উত্তর দিলেন। ক্রমে ভাবহীন বাহ্নিক আচার ও অর্থহীন অফুণ্নাদির কথা আসিয়া পড়িল এবং স্বামীজী অকাট্য যুক্তি অবলম্বনে দেখাইয়া দিলেন—কেমন করিয়া ধর্মের মূল তত্ত্বের প্রতি অনবহিত ও বাহ্যিক আচার ও ক্রিয়াকলাপ মাত্রে অতিমাত্র আসক্ত থাকিয়া ভারতবাসীরা ক্রমে ক্রমে বল বীর্ষ ও স্বাধীনতা হারাইয়াছে এবং অন্ধ্রপরম্পরায় কুসংস্কারকে ধর্মের আসনে বসাইয়া শত শত বৎসর অপরের দাসত্ব বরণ করিয়াছে ও নিম্পেষিত হইতেছে। এবস্প্রকার অযৌক্তিকতা কিরপ বিকট আকার ধারণ করিতে পারে তাহার প্রমাণ স্বরূপে তিনি বলিলেন. "আজকাল ব্যভিচারাদি প্রকৃত পাপাচরণে কেহ সমাজচ্যুত হয় না; কিন্তু মাহারাদি সম্বন্ধে বিন্দমাত্র ক্রটি ঘটিলেই যেন সমাজের ঘোরতর সর্বনাশ উপস্থিত হয়।" জাতি ও আহার সম্বন্ধীয় অত্যাচার ও আহাম্মকির পর সমুদ্রযাত্রার প্রসঙ্গ উত্থাপিত হইলে তিনি উহা সমর্থনপূর্বক স্বীয় মতের পরিপুষ্টির জ্জ্য শ্রীরামচন্দ্রের লম্বায় গমনের দৃষ্টাস্ত দিলেন এবং প্রকৃত অবস্থার প্রতি দৃষ্টি আকর্ষণ করিয়া দেখাইয়া দিলেন যে, তখনও বর্মা সিংহল প্রভৃতি দেশে বহু হিন্দু বাণিজ্যে ব্যাপুত ছিলেন। তিনি আরও বলিলেন যে, দেশভ্রমণ না করিলে প্রকৃত শিক্ষালাভ হয় না। পরিশেষে তিনি ইউরোপ ও আমেরিকা প্রভৃতি দেশে বেদান্ত প্রচারের সার্থকতা ও সাফল্যের কথা বুঝাইয়া দিয়া স্বীয় কার্যের ধারা ও উদ্দেশ্সাদি বর্ণনা-প্রসঙ্গে সকলকে জানাইলেন যে, দেশের হিতসাধনার্থ তিনি স্বমৃক্তির অভিলাষ বর্জনপূর্বক নিরয়গামী হইতেও বরং প্রস্তুত, তথাপি কোনপ্রকার বাধাবিপত্তি সত্ত্বেও পশ্চাৎপদ হইবেন না। প্রায় তিনটার সময় এই কথাবার্তা শেষ হইল। বলা বাহুল্য, মহারাজ স্বামীন্ধীর তেজ, সাহস, পাণ্ডিত্য, প্রতিভা, ভাবী অপুর্ব পরিকল্পনা, স্বধর্ম ও স্বদেশের প্রতি মমতা, উদার দৃষ্টি, অভুত বাগ্মিতা ইত্যাদির পরিচয় পাইয়া বিশেষ পরিতৃপ্ত হইলেন। ঐ দিনই স্বামীন্দ্রী বগি-গাড়ী করিয়া ছোট রাজার নৃতন বাসভবনে উপস্থিত হইলে রাজা তাঁহাকে সাদর সংবর্ধনা জানাইলেন এবং কিছুক্ষণ তাঁহার নিকট বসিয়া তাঁহার উপদেশামৃত পান করিলেন।

পরদিন শিয়ালকোট হইতে কয়েকজন ভদ্রলোক আসিয়া তাঁহাকে তথায়
যাইবার জন্ম অহুরোধ করিলে স্বামীজী সম্মত হইলেন। ঐ দিন জমুর জনসাধারণের সম্মুখে অপরাত্নে তিনি যে বক্তৃতা দিলেন, তাহাতে মহারাজ এত প্রীত
হইলেন যে, তিনি স্বামীজীকে পরদিনও আর একটি বক্তৃতা দিতে অহুরোধ
করিলেন। শুধু তাহাই নহে, তিনি আরও অহুরোধ জানাইলেন, স্বামীজী য়েন
দশ-বার দিন জমুতে থাকিয়া জনগণের কল্যাণার্থ একদিন অন্তর একটি করিয়া
ভাষণ দেন। এই কালের বক্তৃতাগুলি প্রায়শঃ হিন্দীভাষায় প্রদন্ত হওয়ায় এবং
ঐগুলি রক্ষার জন্ম কোন ব্যবস্থা না থাকায় বক্তৃতার দিন, বিষয় বা স্বামীজীর
বক্তব্য প্রভৃতি কিছুই এখন জানিবার উপায় নাই। সমসাময়িক ব্যক্তিদের বিবরণ
অবলম্বনে প্রাচীন জীবনীতে যাহা লিপিবদ্ধ আছে, তাহা হইতে শুধু এইটুকু
জানা যায় যে, বক্তৃতাগুলি ভাব ও ভাষায় খুবই হৃদয়রঞ্চক ও উদ্দীপনাময় ছিল,
এবং হিন্দীভাষাকে স্বীয় বক্তব্য প্রকাশের জন্ম স্বামীজী এমন স্থলরভাবে ব্যবহার
করিয়াছিলেন যে, গুণগ্রাহী মহারাজ ঐ ভাষায় কয়েকটি প্রবন্ধরচনার জন্ম
স্বামীজীকে অমুরোধ করিয়াছিলেন এবং স্বামীজীও এরপ করিয়াছিলেন।
প্রবন্ধগুলি পড়িয়া মহারাজ স্বামীজীর উচ্ছুসিত প্রশংসা করিয়াছিলেন।

২৪শে অক্টোবর্ণ প্রাত্কালে স্বামীজী পদব্রজে নদীতীরে বেড়াইতে গেলেন ও মিউনিসিপালিটির জলের কল দেখিয়া আসিলেন। স্বস্থানে প্রত্যাবর্তনাস্তে সদালাপ ও সঙ্গীত হইল। সন্ধ্যায় তিনি বগি-গাড়ীতে চড়িয়া শহরের দীপমালা দেখিলেন এবং আবাসস্থলে ফিরিয়া অচ্যুতানন্দকে ব্ঝাইয়া দিলেন যে, আর্যসমাজের ভাবধারা ক্রটিমুক্ত নহে। শিক্ষাক্ষেত্রে তথনকার দিনে পাঞ্জাবে যে ন্যুনতা লক্ষিত হইত, ঐ বিষয়েও তিনি হৃঃথ প্রকাশ করিলেন। ঐ দিন বিকালে যে জনসভা হইয়াছিল, তাহাতে মহারাজের আসার কথা থাকিলেও তিনি আসিতে পারেন নাই। স্বামীজী সাড়ে পাঁচটায় বক্তৃতা আরম্ভ করিয়া প্রায় ছুই ঘণ্টা ধরিয়া প্রথমে শান্তীয় বিষয়ের চর্চা করেন ও পরে ভক্তি সম্বন্ধে হাল্ডারস-মিশ্রিত স্বমনোহর ভাষণ দেন।

তিনি ২৫শে অক্টোবর প্রাতর্ত্রমণে বাহির হইলেন এবং ঐদিনই রাজকীয়

৩। ইংরেজী জীবনীর মতে ২০শে অক্টোবর (২২৭ পৃঃ), বাক্ষণা জীবনীর মতে (৬৯৪ পৃঃ)ও ভারতে বিবেকানন্দে'র মতে ২৪শে (৪৫৭ পুঃ)।

পশুশালা দেখিয়া আসিলেন। পরদিবস সঙ্গীদের সহিত বনভ্রমণকালে মহারাষ্ট্রীয় ইতিহাসের বিশ্ব আলোচনা করিলেন।

২৮শে অক্টোবর প্রাতন্ত্র মণান্তে বাসস্থানে প্রত্যাবর্তনের পর তিনি সমান্ত্রনীতি বিষয়ক আলোচনাপ্রসঙ্গে অনেক গৃঢ় তত্ত্বের অবতারণ করিলেন। উহার মর্ম এই যে, সকলের ভোগ তুল্য হওয়া উচিত; বংশগত বা গুণগত জাতিভেদ অফুসারে ভোগ বা অধিকারের যে তারতম্য আছে, উহা উঠিয়া যাওয়া উচিত। তবে বংশগত জাতিভেদের যথেষ্ট দোষ থাকিলেও কতকগুলি গুণও আছে। যেমন, কোন ব্যক্তি যতই গুণবান বা ধনবান হউক না কেন, বংশগত জাতি মানিয়া সে স্বজাতিকে পরিত্যাগ করিতে পারে না; স্বতরাং তাহার জাতি, তাহার গুণ ও ধনের কিছু না কিছু অংশভাগী হইয়া থাকে। গুণগত জাতিতে তাহা হইতে পারে না। তারপর বেকনের অফুমোদিত নীতিভত্ত্বের কথাপ্রসঙ্গে স্থামীজী বলিলেন, "মানম্বের প্রতি লক্ষ্য না রাথিয়া কার্য করাই মহাপুরুষের লক্ষণ—আমাকে লোকে মাহুক বা না মাহুক, যাহা কর্তব্য ব্রিয়াছি তাহা করিয়া যাইব।" তিনি নিজের বাল্যকালের উদাহরণ দেখাইয়া বলিলেন যে, তিনি ডোমণাড়ায় যাইয়া তাহাদের কল্যাণসাধনের চেষ্টা করিতেন। (বাঙ্গলা জীবনী, ৬৯৪-৯৫ গৃঃ)। এই প্রকার কথা অবশ্ব স্থামীজী সর্বসমক্ষে বলিতেন না, অন্তরক্ষ সঙ্গীদের মজলিশেই কথন কথন বলিয়া ফেলিতেন।

২৯শে অক্টোবর তিনি রাজা রামিসিংহের নিকট বিদায় লইতে গেলেন এবং তাঁহাকে জানাইলেন যে, শিয়ালকোটের বন্ধুদের পীড়াপীড়িতে সেথানে অবশ্রষ্ট যাইতে হইবে—এই বিষয়ে আর দেরী করা চলে না। রামিসিংহ এই সংবাদে বিষয় হইলেও বিদায় দেওয়া ভিন্ন গত্যস্তর ছিল না। তিনি তাঁহাকে বলিয়া দিলেন, তিনি যথনই জম্মু বা কাশ্মীরে আসিবেন, তিনি যেন কাশ্মীররাজের আতিথা স্বীকার করেন।

ইহার পরবর্তী কয়েক দিনের ঘটনা স্বামীজীর শিশু শ্রীযুক্ত জে. জে. গুডউইন লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। ইনি স্বামীজীর জন্ম অবস্থানকালে মাদ্রাজ হইতে আসিয়াছিলেন এবং কিছুদিন তাঁহারই সঙ্গে ছিলেন। তাঁহার বক্তব্য এই: "যদিও স্বামী বিবেকানন্দের ভগ্নসাস্থ্যের পুনক্ষার হইয়াছে, একথা মোটেই বলা চলে না; তথাপি তিনি পুনরায় কর্মব্যাপৃত হইয়াছেন—এবারে কর্মক্ষেত্র উত্তর-পশ্চিমে। কাশ্মীরে তিনি কয়েক সপ্তাহ ছিলেন এবং তত্ত্তা মহামান্ত মহারাজ

चामीबीत वक्तवा विवय चाक्रष्टे श्रेषा छांशांक এই विवय कथा निवाहित्नन य, স্বামীজী যদি ঐ রাজ্যে কোন কার্যকরী যোজনার রূপায়ণে তৎপর হন. তবে তিনি মহারাজের সাহায্য পাইবেন। ইহার পরে তিনি জন্মতে অল্প কিছুদিন থাকিয়া বিশেষ গুণগ্রাহী শ্রেতাদের নিকট হিন্দীতে বক্ততা করিয়াছিলেন। জন্ম হইতে তিনি শিয়ালকোটে যাইয়া লালা মূলচাঁদ, এম. এ., এল-এল.বি. মহাশয়ের গুহে আতিথ্য স্বীকার করিলেন। এখানে তাঁহার তুইটি ভাষণের আয়োজন হইয়াছিল —একটি ইংরেজীতে ও অপরটি হিন্দীতে। এই উভয় বক্ততার—এমনকি এই সময়ের সকল বক্তৃতার মধ্যেই একটা সাধারণ বক্তব্য বিষয় এই ছিল যে, ধর্মকে ধর্মনামে পরিচিত হইতে হইলে উহাকে কার্যে পরিণত রূপ গ্রহণ করিতে হইবে। আমার বোধহয় স্বামীজী যেন এই দিকটার উপর নিতাই অধিকাধিক ক্ষকত আরোপ করিতেছেন এবং তিনি যেসকল স্থানে যাইতেছেন ঐ সকল স্থানের প্রয়োজনামুদারে ও তত্তদেশবাদীর চরিত্রামুদারে বিবিধ প্রকারের সংস্থা স্থাপন-পূর্বক স্বীয় মতকে রূপ প্রদান করিতেছেন। দৃষ্টাস্তম্বরূপে বলা যাইতে পারে যে, তিনি শিয়ালকোটে একটি বালিকা বিভালয় স্থাপনের জন্ম বিশেষ আগ্রহান্বিত হইয়াছিলেন এবং দেখানে তাঁহার তুই দিন অবস্থানের ফলে ঐ প্রস্তাবটিকে বাস্তব क्रभारतत উष्प्राच्य नाना मन्हेंगरक स्मर्कितात्री कतिया महरतत প্रভावनानी ব্যক্তিদের একটি সমিতি গঠিত হইয়াছিল।"

বাঙ্গলা জীবনীর মতে ইংরেজী বক্তৃতাতে ভারতীয় জাতিসমূহের ধর্মবিষয়ক ঐক্য ও হিন্দী বক্তৃতায় ভক্তিবাদ ব্যাখ্যাত হয়। হিন্দী বক্তৃতার অমুবাদ রক্ষিত ও মুদ্রিত হইয়াছে। ('ভারতে বিবেকানন্দ' দ্রষ্টব্য)। শিয়ালকোটে তাঁহার নিকট যেসব বিভিন্ন শ্রেণীর লোক আসিতেন তাঁহাদের মধ্যে একদিন তুই জন পার্বত্যপ্রদেশবাসিনী সন্ন্যাসিনী ছিলেন। ইহাদিগের দর্শন এবং ইহাদের সহিত্ত আলাপের ফলেই তিনি পূর্বোক্ত বিভালয় স্থাপনে উত্তোগী হন।

৫ই নভেম্বর তিনি শিয়ালকোট ত্যাগ করিয়া সঙ্গিগ সমভিব্যাহারে অপরাহ্ন সাড়ে চারিটায় লাহোরে উপস্থিত হইলেন। এথানে আমরা আবার শ্রীযুক্ত গুডউইনের লিপির সাহায্য গ্রহণ করি: "তাঁহার পরবর্তী গমনস্থান ছিল লাহোর। রেল স্টেশনে এক বিপুল জনসমষ্টি তাঁহাকে সংবর্ধনা করিল। ইহাদের মধ্যে সনাতন ধর্মসমাজের অনেক সভ্য ছিলেন এবং এই সমাজের হন্তেই স্বামীজীর অভ্যর্থনার ভার অর্পিত ছিল। লাহোরের স্কৃচাক্ব রাজ্বপথ অবলম্বনে তাঁহাকে

গাড়ী করিয়া রাজা ধ্যান সিংহের ভবনে (হাবেলিতে) লইয়া যাওয়া হইল; পরে লাহোরের 'ট্রিনিউন' পত্রিকার সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত মহাশয়ের গৃহে তাঁহার বাসস্থান নির্দিষ্ট হইল। শুক্রবার সন্ধ্যায় তিনি পুরাতন প্রাসাদের প্রাক্ষণে 'আমাদের সমস্তাবলী' সম্বন্ধে এক ভাষণ দিলেন। লোকসমাবেশ হইয়াছিল প্রচুর; যাহারা আসিয়াছিল তাহাদের সকলের স্থানসকুলান হওয়ার মতো ঐ প্রাক্ষণটি যথেষ্ট বড় ছিল না; এবং এক সময়ে মনে হইয়াছিল য়ে, এত লোককে নিরাশ করিতে গিয়া সভার অমুষ্ঠানই হয়তো অসম্ভব হইবে। অম্বতঃ ছই সহস্র ব্যক্তিকে ফিরাইয়া দিবার পরও পূর্ণ চারি সহস্র শ্রোতা একটি অতি মনোজ্ঞ বক্তৃতা শুনিতে পাইয়াছিল। পরদিন মঙ্গলবারে প্রক্রেশার বোসের বেকল সার্কাদের তাঁবৃতে আর একটি স্বৃহৎ শ্রোত্মগুলী ভক্তি সম্বন্ধে স্বামীজীর ভাষণ শুনিতে সমবেত হইয়াছিল।

"পরবর্তী শুক্রবারে প্রদত্ত তৃতীয় বক্তৃতাটি বিপুল সাফল্য অর্জন করিয়াছিল। এইবারের ব্যবস্থার সম্পূর্ণ দায়িত্ব লইয়াছিল লাহোরের চারিটি মহাবিভালয়ের ছাত্রবুন্দ এবং উহা সর্বাঙ্গবুন্দর হইয়াছিল। শ্রোতৃসংখ্যা অস্কবিধা সৃষ্টি করার মতো অত্যধিক ছিল না, অথচ সব দিক হইতেই ইহারা ছিলেন লাহোরের সর্ব-স্তরের বাছা বাছা ব্যক্তি। সে সন্ধ্যায় বক্তব্য বিষয় ছিল: 'বেদান্ত'। স্বামীন্ত্রী তুই ঘণ্টারও অধিককাল যাবৎ অবৈতবাদ ও ভারতীয় ধর্ম সম্বন্ধে এমন একটি ভাষণ দিয়াছিলেন যাহা তাঁহার নিজের দিক হইতেও ছিল অতি উচ্চাঙ্গের। তিনি প্রারম্ভেই যে প্রক্রিয়াবলম্বনে ভারতীয় স্বাধ্যাত্মিকতার ভিত্তিভূত মনস্তত্ত্ব ও স্ষ্টি-তত্ত্বের ভাবধারাগুলির বিকাশপরস্পরা দেখাইয়া দিলেন তাহা ছিল অত্যাশ্র্য-রূপে পরিষ্কার এবং তিনি যখন দৃঢ়তাসহকারে ঘোষণা করিলেন যে, কেবল বিজ্ঞানই নহে, প্রত্যুত বৌদ্ধদর্শন ও অজ্ঞেয়বাদও আধ্যাত্মিকতার বিরুদ্ধে ও অতিলৌকিক তথ্যের বিপক্ষে যে আক্রমণ চালাইয়া থাকে, একমাত্র অদ্বৈতবাদই উহার প্রতিরোধে দমর্থ, তথন দে ঘোষণা স্বস্পাষ্ট ভাষায়ই ব্যক্ত হইয়াছিল এবং অপরের হৃদয়ে বিশ্বাসোৎপাদনের পূর্ণশক্তিও উহাতে ছিল। ভাষণটিতে আগাগোড়াই বীর্ষের কথা বলা হইয়াছিল—বলা হইয়াছিল মান্নষের প্রতি শ্রদ্ধার কথা, যাহা হইতে ভগবদবিশ্বাসেরও উদয় হইতে পারে, এবং এয়াবৎ স্বামীন্সী ভারতে যত বক্তৃতা দিয়াছিলেন, তরধ্যে সর্বোত্তম এই বক্তৃতাটির প্রত্যেকটি শব্দ ছিল তেজোময়। এই বক্তৃতার ফলে প্রচুর উৎসাহ সৃষ্টি হইয়াছিল,

অতএব লাহোরে যেসব ছাত্র সর্বদা স্বামীজীর সেবায় নিযুক্ত ছিল তাহাদিগের মধ্যে ঐ কথাগুলিকে কার্যে পরিণত করিবার উপযুক্ত উদ্দীপনা জাগাইতে স্বামীজীকে কোন বেগ পাইতে হয় নাই। প্রকৃত ঘটনা এইরপ দাঁড়াইল ষে, তিনি ছাত্রদের একটি সভার আয়োজন করাইলেন এবং উহাতে তাঁহার বক্তব্য অবণের পর একটি সভ্পূর্ণ অসাম্প্রদায়িক সমিতি গঠিত হইল ও আলোচনাক্রমে স্থির হইল যে, উহার কর্তব্য হইবে দরিত্রদিগের সেবা—প্রতি পল্লীতে সন্ধান করিয়া তাহাদের বাহির করিতে হইবে ও দরিত্র আর্তদিগের শুশ্রমার্য ও দরিত্র অজ্ঞদিগের নৈশবিভালয়ের ব্যবস্থা করিতে হইবে।

"তৃই দিন পরে স্বামীজী কার্যব্যপদেশে দেরাত্ন যাত্রা করিলেন।" (ইংরেজী জীবনী, ৫২৭-২৯ পৃঃ)।

আমরা পূর্বে সনাতন ধর্মাবলম্বীদের ছারা স্বামীজীর অভ্যর্থনার কথা বলিয়া আদিলেও এইরূপ অমুমান করা অতায় হইবে যে, লাহোরবাদী আর্থদমাজীরা তাঁহার সম্বন্ধে উদাসীন ছিলেন। বস্তুত: তাঁহারাও সাধ্যমত আদর-আপ্যায়নে পশ্চাৎপদ ছিলেন না। দয়ানন্দ আঙ্গলো-বৈদিক কলেজের অধ্যক্ষ লালা হংসরাজ প্রমুথ ঐ সমাজভুক্ত অনেকেই তাঁহার সহিত ধর্মালোচনা করিতে আসিতেন। অবশ্র চুই-চারিটি মৌলিক বিষয়ে ইহাদের সহিত স্বামীন্ধীর মতানৈক্য ছিল; ইহারা সাধারণতঃ আর্যসমাজের দারা স্বীকৃত সঙ্কীর্ণ মতবাদের সমর্থন করিতেন. আর স্বামীজীর মত ছিল আকাশের ক্যায় উদার অথচ সমূদ্রের ক্যায় গভীর। আর্যসমাজীরা বেদের উপনিষদভাগের প্রামাণ্য অস্বীকার করিয়া কেবল সংহিতা-ভাগকে শ্রুতির মর্যাদা দিতেন এবং উহারই প্রামাণ্য স্বীকার করিতেন; অধিকন্ধ তাঁহাদের মতে শ্রুতিবাক্যের ভুগু একপ্রকার অর্থই হইতে পারে। স্বামীন্ধীর মতে অধ্যাত্ম ক্ষেত্রে উপনিষদ্বাক্যেরই প্রামাণ্য প্রবলতর, যদিও উহার ব্যাখ্যা অবৈত, বিশিষ্টাবৈত, বৈত প্রভৃতি মতাফুদারে বিভিন্ন হইতে পারে। অফুভৃতির তারতম্য ও গভীরতা অমুষায়ী একই বাক্যের এই প্রকার বিভিন্ন অর্থবোধ অসম্ভব নহে। সাধকের জীবনে এই ক্রমিক উন্নতি স্বাভাবিক ও বাস্থনীয়; নতুবা অধিকারীর তারতম্য অস্বীকারপূর্বক দকল মুক্তিকামীকে একই স্তরে বা একই প্রকার সাধনামধ্যে আবদ্ধ রাখিবার প্রয়াস করিলে হিতে বিপরীত হইয়া থাকে। মামুষের মনকে প্রাকৃতিক নিয়মামুষায়ী ধাপে ধাপে উঠিতে দেওয়াই যুক্তিসঙ্গত। ভগবান সহত্ত্বে আর্থসমাজীদের ধারণা এই যে, তিনি নিরাকার, দর্বজ্ঞ, দর্ব-

শক্তিমান, কুপালু, প্রেমপূর্ণ ও আনন্দময়। অবৈতবাদীর নিগুণ বন্ধ বা সাকার-বাদীর প্রতিমাদিতে তাঁহাদের আস্থা নাই। এই উভয় মতের তাঁহারা ঘোর বিরোধী। স্বামীজী ইহাদিগকে মূর্তিপুজা ও অহৈতবাদের সার্থকতা ও প্রামাণ্য वुकारेया मिर्डिन, এवः युक्ति व्यवनम्बर्ग रमशारेया मिर्डिन रव, नमख नौडिवाम এवः ধার্মিক আচার-বিচার ও বিশ্বাস একমাত্র অবৈত-ভিত্তি অবলম্বনেই আধুনিক বিজ্ঞানাদির প্রবল আক্রমণের বিরুদ্ধে আত্মরকা করিতে পারে অধৈতকে বাদ দিয়া কোন ধর্মই বিচার ও জ্ঞানের ক্ষেত্রে টিকিতে পারে না। তিনি **আরও** দেখাইতেন যে, সগুণ নিরাকার ভগবানের কথা ভাবিতে গেলে কল্পনার সাহায্য লইতে হয়; স্বতরাং কল্পনাকে যদি জীবন হইতে বাদ দেওয়া অসম্ভবই হয় আর কল্পনাসহায়েই যদি ঈশ্বরের চিন্তা করিতে হয়, তবে ঐ চিন্তার সহায়করূপে কল্পনাশ্রিত মৃতিপুজাই বা নিমাধিকারীর পক্ষে অধৌক্তিক হইবে কেন ? অধিকন্ত যুক্তির থাতিরে যদিই বা মানিয়া লই যে, মৃতিপুত্রকমাত্রই আর্ঘসমাজী যেকোন ব্যক্তি অপেক্ষা নিমাধিকারী, তথাপি ধার্মিকের পক্ষে নিমাধিকারীর নিন্দা করা অধর্মেরই সামিল ; বরং পশ্চাৎপদ ব্যক্তির প্রতি সহামুভৃতি প্রদর্শনপূর্বক ও অন্ত প্রকার সাহাঘ্যপ্রদানপুর্বক তাহার গতিপথ সহজ সরল স্থাম করিয়া দেওয়া আবশ্রক। আবার স্বীয় জ্ঞানবিচারের গরিমা খ্যাপন করিলেও আর্যসমাজীদের ज्लिटन ठिनट्य ना ८४, के भार्या ठाँहाता नर्वाधनी नट्टन, दकनना, जरिवज्यानीता জ্ঞানবিচারের পরাকাষ্ঠা দেখাইয়া থাকেন। এইভাবে স্বামীন্ধী আর্যসমান্ত হইতে গোঁডামি সরাইবার চেষ্টা করিতেন।

লাহোরে জিজ্ঞাস্থদের পিপাসা যেমন ছিল প্রবল, স্বামী জীর কর্মোগ্তমণ্ড ছিল যেন তেমনি অফুরস্ত। তাই ধ্যান সিংহের হাবেলিতে প্রতিদিন প্রাতে তুই ঘণ্টা ও অপরাত্নে দেড় ঘণ্টা এই জাতীয় আলোচনা চলিত। শ্রোতাদের মধ্যে পাঞ্জাবী ও বাঙ্গালী হুইই থাকিতেন। তাছাড়া স্বামী জীর আবাসস্থল নগেক্রবাব্র বাড়ীতেও প্রচুর লোক-সমাগম ও কথাবার্তা হইত। ঐ বাটীতে একদিন আর্থ-সমাজের নেতা লালা হংসরাজের সহিত স্বামী জীর যে আলোচনা হয়, তাহাতে পূর্বোক্তরূপ বিচারধারাই চলিতেছিল। অবশেষে স্বামী জী বাধ্য হইয়া বলিলেন: "লালাজী, আপনারা যে বিষয় লইয়া এত আগ্রহ প্রকাশ করিতেছেন, তাহাকে আমি গোঁড়ামি আখ্যা দিয়া থাকি। সম্প্রদায়ের সত্তর বিস্তৃতিসাধনে যে ইহা বিশেষ সহায়তা করিয়া থাকে, তাহাও আমি জানি। আবার শাস্ত্রের গোঁড়ামি

অপেকা ব্যক্তিবিশেষকে লইয়া গোঁড়ামির (অর্থাৎ ব্যক্তিবিশেষকে অবভার বলা ও তাঁহার আশ্রেয় লইলেই মৃক্তি হয়, ইহাও আমার বিলক্ষণ জানা আহেও আশ্রের পিন্তৃতি হয়, ইহাও আমার বিলক্ষণ জানা আছে, আর আমার হন্তে সে শক্তিও আছে। আমার গুরু শ্রীরামক্রয়্ব পরমহংসকে ঈশ্বরাবতার-রূপে প্রচার করিতে আমার অক্যান্ত গুরুশ্রাতারা সকলেই বন্ধপরিকর, কেবল আমিই ঐ প্রকার প্রচারের বিরোধী। কারণ আমার দৃঢ় ধারণা—মাহ্মকে তাহার নিজ বিশাস ও ভাব অহ্যায়ী ধীরে ধীরে উন্নতি করিতে দিলে যদিও এই অগ্রগতি অতীব মন্থর হয়, তথাপি উহা পাকা হইয়া থাকে। যাহা হউক, আমি অন্তঃ চারি বৎসর এইরূপ উদার ভিত্তির উপর নির্ভর করিয়া প্রচার চালাইব। যদি উহাতে কোন ফল না হয়—(অবশ্র আমার দৃঢ় বিশাস, উহাতে নিশ্চয় ফল হইবে)—তবে আমি গোঁড়ামি প্রচার করিব।"

লাহোরে স্বামীজীর অসাম্প্রদায়িক মনোভাব এমনই স্থদূঢ় ছিল যে, সনাতন ধর্মাবলম্বীদের কোন কোন প্রতিষ্ঠান তাঁহাকে আর্থসমাজের বিরুদ্ধে প্রকাশ্ত বক্ততা দিতে অমুরোধ করিলেও তিনি সে প্রস্তাবে সমত হন নাই। তথাপি প্রয়োজনস্থলে স্বীয় মত স্থম্পষ্ট ব্যক্ত করিতে তিনি পশ্চাৎপদ হইতেন না। আর্যসমাজীদের দারা অস্বীকৃত ও বার্থ বলিয়া অবজ্ঞাত শ্রাদ্ধপ্রথাতে তিনি বিশ্বাসী ছিলেন: তাই তিনি একটি ঘরোয়া বৈঠকে সনাতনধর্মী ও আর্থসমাজী উভয় সম্প্রদায়ের সমক্ষে ঐ বিষয়ে স্বীয় সমর্থন জানাইয়াছিলেন। আলোচনাকালে এই প্রাচীন প্রথার যৌক্তিকতা প্রমাণ করিলেও তিনি সনাতনধর্মীদের অভিপ্রায় জানিয়াও বিরোধী পক্ষকে কোন আক্রমণ করেন নাই। সনাতনধর্মীরা প্রথমে চাহিয়াছিলেন যে, এই বিষয়ে প্রকাশ বক্ততা হইবে: কিন্তু স্বামীজী একটি ঘটনাকে উপলক্ষ করিয়া তাহা হইতে না দিয়া কৌশলে উভয়পক্ষের নেতৃগণের উপস্থিতিতে ঐরপে স্বীয় অভিমত বলিয়া গেলেন। এই স্বপ্রাচীন অমুষ্ঠানের উৎপত্তি-নির্ণয়-প্রদক্ষে তিনি বলিলেন-পিতৃপুরুষের উদ্দেশে শ্রদ্ধাসহকারে বস্তু व्यर्भन वा **डां**हारमत भूका हरेरा हिन्मुधर्भत वात्रछ। वामिकारन कान वाकि-বিশেষের দেহে মৃত আত্মীয়ের আত্মাকে আহ্মানপূর্বক তত্বদেশে পূজা ও উপহারাদি প্রদানের রীতি প্রচলিত ছিল। পরে দেখা গেল যে, যাহাদের দেহে প্রেতাত্মার আবেশ হয়, তাহারা বড়ই শারীরিক দৌর্বল্য অমুভব করে; স্কুতরাং এই প্রথার পরিবর্তে কুশপুত্তলিকায় প্রেতানয়নের প্রথা প্রবৃতিত হইল এবং তাহারই উদ্দেশে পিণ্ড ও বলি প্রদত্ত হইতে লাগিল। বৈদিক যুগে যে দেবতাদির আহ্বান, উপাসনা ও তদর্থে মজ্ঞাদি হইত তাহাও এই প্রেতাত্মার পুজারই পরিণতি।

এইরপে ঐ কালে সনাতন ধর্মাবলম্বী ও আর্যসমাজীদের সহিত প্রীতিপূর্ণ সমব্যবহারের ফলে উভয় সম্প্রান্থের মধ্যে পূর্বের সংঘর্ষের ভাব অনেকটা তিরোহিত হইয়া তৎস্থলে বন্ধুত্ব স্থাপিত হইয়াছিল। এই বিষয়ে তিনি কতটা লাফল্য লাভ করিয়াছিলেন তাহা তৎপ্রতি উভয়পক্ষের সম্মান প্রদর্শন বিষয়ে প্রতিষোগিতা হইতে এবং উপদেশ গ্রহণ ও বিবিধ বিষয়ে সমস্যা সমাধানের জন্ম উভয় পক্ষের দলে দলে আগমন হইতেই প্রমাণিত হইয়া থাকে। আর্যসমাজীদের প্রতি তাঁহার সদয় ব্যবহার ও তাঁহার প্রতি তাঁহাদের আফুগত্য দর্শনে লোকমুথে এইরপ একটি কথাও প্রচারিত হইয়াছিল যে, ঐ সমাজ স্বামীজীকে তাঁহাদের নেতৃপদে প্রতিষ্ঠিত করিবেন। ফলতঃ ঐ লোকপ্রবাদ স্বামীজীর অসাম্প্রদায়িকতা ও জনপ্রিয়তারই সাক্ষ্য দিয়াছিল।

পুর্বে আমরা বলিয়া আসিয়াছি যে, একটি ঘটনাকে উপলক্ষ করিয়া স্বামীজী ·কৌশলে আদ্ধবিষয়ে প্রকাশ্য বক্ততা বন্ধ রাথিয়া ঘরোয়া বৈঠকে ঐ বিষয়ে আলোচনা করেন। ঘটনাটি এইরূপ। লাহোরবাসীরা প্রস্তাব করিয়াছিলেন, স্বামীজীকে তাঞ্জামে চড়াইয়া নগরকীর্তন করা হইবে। স্বামীজী তাঞ্চামে চড়িতে সম্মত না হইলেও সমীর্তনসহ নগর প্রদক্ষিণ করিতে উৎসাহী ছিলেন। অন্তরক মহলে তিনি বলিয়াছিলেন যে, ঐ অঞ্চল শুদ্ধ জ্ঞানের চর্চাই অধিক হয়; অতএব সমীর্তনের সাহায্যে লোকদের মধ্যে কিঞ্চিৎ ভক্তি-রসের সঞ্চার হইলে ভালই হইবে। এই উদ্দেশ্যের বশবর্তী হইয়া তিনি ঐরূপ কর্মের সহিত স্থপরিচিত বাকালীদিগকে বলিয়া রাথিয়াছিলেন, তাঁহারা ঘেন নিশান ও খোল করতালাদি ভালভাবে সংগ্রহ করিয়া রাখেন। নির্দিষ্ট দিনে তিনি সঙ্গিণসহ স্থানীয় মিউজিয়ম দর্শনান্তে ষ্পাকালে ধ্যান সিংহের হাবেলিতে উপস্থিত হইয়া দেখিলেন, বিশুর লোক-সমাগম হইয়াছে বটে, কিন্তু সম্বীর্তনের উত্যোক্তাদের দেখা নাই। লোকপরম্পরায় শোনা গেল, শহরে একখানি মাত্র খোল ছিল, তাহাও অতি পুরাতন ও অব্যবহার্য; উহা এতই থারাপ ছিল যে, চাঁটি দিবামাত্রই উহা ফাঁসিয়া গিয়াছে। সন্ধীর্তন না হওয়াতে স্বামীন্দী কুত্রিম ক্রোধ প্রকাশপুর্বক ঘোষণা করিলেন, আছবিষয়ক বক্তৃতাও হইবে না। জনমঙলী উহা শুনিয়া স্ব স্ব গৃহে ফিরিয়া গেল। সনাতনী ও আর্যসমাজীদের মধ্যে প্রকাস্ত বিরোধের ভয়ও কাটিয়া গেল।

এই কালের কয়েকটি কুদ্র কুদ্র ঘটনা হইতে স্বামীজীর সরল সহজ্ব অমায়িক ও হলতাপূর্ণ লোকব্যবহারের এবং নৈর্ব্যক্তিক উদার দৃষ্টির পরিচয় পাওয়া য়ায় । একদিন "স্বামীজী তাঁহার জনৈক সঙ্গীর নিকট অনেকক্ষণ ধরিয়া কোন ব্যক্তির খ্ব প্রশংসা করিতেছিলেন, এমন সময় তাঁহার সঙ্গী বলিয়া উঠিলেন, 'কিঙ্ক স্বামীজী, সে ব্যক্তি আপনাকে মানে না।' স্বামীজী তৎক্ষণাৎ বলিলেন, 'ভাল লোক হতে গেলে যে আমাকে মানতে হবে, এর মানে কি ?' সঙ্গীটি নিতান্ত অপ্রতিভ হইলেন।

"এই সময়ে লাহোরে গ্রেট ইণ্ডিয়ান সার্কাস⁸ আসিয়াছে। একদিন কোন কার্যোপলক্ষে উহার অন্যতম স্বত্যাধিকারী বাবু মতিলাল বস্থ নগেন্দ্রনাথ গুপ্তের বাড়ীতে আসিয়াছেন। স্বামীজী দেথিয়াই চিনিলেন—তাঁহার বাল্যবন্ধু। অমনি তিনি নিতাস্ত আত্মীয়ের ন্যায় বোলাখুলি ভাবে কথাবার্তা কহিতে লাগিলেন। বাল্যকালে ইহারা এক আথড়ায় ব্যায়াম করিতেন। মতিবাবু তাঁহার বাল্যসঙ্গীর অপূর্ব তেজ, প্রতিভা ও শক্তিপ্রদীপ্ত মুখমণ্ডল দেথিয়া যেন. ঝলসিয়া গেলেন; স্বামীজী ষতই তাঁহার সহিত আপনার মতো ব্যবহার ও তদম্বরূপ কথাবার্তা কহিবার চেষ্টা করিতেছেন, তিনিও যেন ততই সঙ্ক্চিত হইয়া যাইতেছেন। শেষে অনেকটা সাহস সংগ্রহ করিয়া মতিবাবু স্বামীজীকে সম্বোধন করিয়া অতি দীনম্বরে বলিলেন, 'ভাই, তোমায় এখন কি বলে ডাকব ?' স্বামীজী অতিশয় স্বেহপূর্ণ স্বরে বলিলেন, 'হারে মতি, তুই কি পাগল হয়েছিস নাকি ? আমি কি হয়েছি? আমিও সেই নরেন, আর তুইও সেই মতি।' স্বামীজী এরূপভাবে কথাগুলি বলিলেন যে, মতিবাবুর সমন্ত সঙ্কোচ দূর হইয়া গেল।' (বাঙ্গলা জীবনী, ৬৯৯ পৃঃ)।

স্বামীজীর সহিত একজন স্থনামধন্ত ব্যক্তির সাক্ষাৎকার সমধিক উল্লেখযোগ্য। লাহোরের এফ. সি. কলেজের গণিতাধ্যাপক শ্রীযুক্ত তীর্থরাম গোস্বামী স্বামীজীর সাক্ষাৎকারলাভে খুবই উপকৃত ও আনন্দিত হইয়াছিলেন। ইনি পরে সন্ন্যাস-গ্রহণপূর্বক সাধারণের নিকট স্বামী রামতীর্থ নামে পরিচিত হন ও স্বামীজীর

৪। শুডউইন-এর মতে ইহার নাম 'বেরল সার্কাস'।

পদান্ধাস্থসরণে আমেরিকায় ও খদেশে বেদান্তপ্রচারে লিপ্ত হন। ইনি অনেক ভক্ত ও শিল্প সংগ্রহ করিয়াছিলেন এবং ইহার বক্তাবলী মৃদ্রিত হইয়া উত্তর ভারতের হিন্দীভাষা-ভাষী হিন্দুদের নিকট তাঁহাকে স্থপরিচিত করিয়াছিল। ইহারই নেতৃত্বাধীনে লাহোরের ছাত্রগণ স্বামীজীর বক্তাদির আয়োজন করিয়াছিল। স্বামীজীকে ইনি অশেষ শ্রদ্ধা করিতেন এবং একদিন তাঁহাকে নিজালয়ে সন্ধিগণসহ নিমন্ত্রণপূর্বক ভোজন করাইয়াছিলেন; এই ভোজে শ্রীযুক্ত গুডেউইনও উপন্থিত ছিলেন। ভোজশেষে স্বামীজী একটি গান গাহিয়াছিলেন: জইা রাম তহাঁ কাম নহিঁ, জহাঁ কাম নহিঁ রাম। তুলসী কবহুঁ হোত নহিঁ, রবি রজনী ইক ঠাম। তীর্থরাম এই সমন্ধে লিখিয়াছিলেন, "তাঁহার স্থমিষ্ট কণ্ঠন্বর উপন্থিত শ্রোত্রকের হৃদয়ে সঙ্গীতের অর্থবোধ আনিয়া শিহরণ জাগাইতে থাকিল।" স্বামীজী যাহাতে স্বীয় ইচ্ছানুসারে যে কোন গ্রন্থ লইতে পারেন এই জন্ম তীর্থরাম আপনার পুন্তকালয় খুলিয়া দিলে, স্বামীজী সেই গ্রন্থরাজি হইতে আমেরিকার কবি ওয়াল্ট হুইটম্যানের 'লীভ্স অব গ্রাস' (তুণপুঞ্জ) নামক কাব্যগ্রন্থধানি তুলিয়া লইলেন। এই কবিকে স্বামীজী আমেরিকার সন্ন্রাসী নামে অভিহিত করেন।

এক সন্ধ্যায় স্বামীজী, তাঁহার সঙ্গী সন্ন্যাসিগণ এবং কয়েকজন যুবক এক রাজপথ ধরিয়া ভ্রমণে বাহির হইয়া ক্রমে ক্ষুদ্র ক্রে দলে বিভক্ত হইয়া পড়িলেন ও প্রতিটি দল পৃথক পৃথক আলোচনায় মগ্ন হইলেন। তীর্থরামও উহাদের শেষের দলে ছিলেন। অনেক কাল পরে দার্জিলিং হইতে তাঁহার লিখিত একখানি পত্রে তিনি ঐ দিনের একটি আলোচনার বিবরণ এইরপ দিয়াছিলেন: "আমি সর্বশেষ দলের মধ্যে ছিলাম, জনৈকের প্রশ্নের উত্তরে আমি বলিতেছিলাম যে, 'আদর্শ মহাত্মা বলিতে তাঁহাকেই বুঝায় যিনি সর্বপ্রকার পৃথক ব্যক্তিত্ববোধ ত্যাগ করিয়া সর্বাত্মারূপে বিরাক্ষ করেন। কোন জায়গায় বায়তে যথেষ্ট পরিমাণ স্থোভাগে সঞ্চিত হইলে ঐ বায়ু স্ক্ষতা লাভ করিয়া উর্ধ্বগামী হয়। তখন চারিদিকের বায়ু ক্রত প্রবাহিত হইয়া ঐ শৃগ্রন্থান পূর্ণ করে, এবং এই কারণে সমগ্র বায়ুমণ্ডলে আলোড়ন উপস্থিত হয়। তেমনিভাবে মহাত্মা আত্মোৎকর্ষের সাহায্যে একটি সমগ্র জাতির মধ্যে অত্যাশ্র্বরূপে প্রাণশক্তি ও বীর্থ সঞ্চারিত করেন।' স্বামীজীর দলে বাঁহারা ছিলেন, তাঁহারা ঐ কালে চুপ করিয়া ছিলেন বলিয়া স্বামীজী আমার ঐ কথাগুলি শুনিতে পাইলেন ও অক্ষাৎ থামিয়া

গিয়া দৃঢ়স্বরে বলিলেন, 'হাঁ। আমার গুরু পরমহংস এরামরুফদেবও এইরপই ছিলেন'।"

লাহোরে স্বামীজী দশ-এগার দিন ছিলেন। বক্তৃতাগুলির বিবরণ স্বামরা শুডউইনের লেখা হইতে থানিকটা পাইয়াছি। স্বারও জ্বানা বায় বে, প্রথম দিনে রাজা ধ্যান সিংহের হাবেলিতে 'স্বামাদের বর্তমান সমস্থাসমূহ' বিষয়ে বক্তৃতাকালে বক্তৃতাস্থলে তুলনায় লোকসংখ্যা স্বত্যধিক হওয়ায় সেদিন এতই কলরব হইতেছিল বে, স্বামীজী বথাসাধ্য চেষ্টা করিয়াও সেই উচ্চধ্বনির উর্ধে স্বীয় কর্চস্বর উঠাইতে পারিলেন না এবং গোলমালও সম্পূর্ণ থামিল না। স্বত্রব তিনি কোন প্রকারে দেড় ঘন্টা বক্তৃতা করিয়া বক্তব্য বিষয়টি স্বসম্পূর্ণ রাখিয়াই স্বাসন গ্রহণ করিলেন। এই বক্তৃতা পরে 'হিন্দুধর্মের সাধারণ ভিত্তি' নামে প্রকাশিত হয়। ('বাণী ও রচনা', ধা২৬৭ পঃ)

তাঁহার দিতীয় বক্তা হয় ৯ই নভেম্বর সন্ধ্যা সাড়ে ছয় ঘটিকায় গ্রেট ইণ্ডিয়ান সার্কাদের তাঁবুতে। লালা বালমুকুল সভাপতি ছিলেন এবং উহার সারাংশ লাহোরের 'ট্রিবিউন' পত্রিকায় প্রকাশিত হইয়াছিল। বক্তৃতার বিষয় ছিল ভক্তি। সার্কাদের ক্রীড়াভূমিতে বক্তৃতা হইতেছিল; এদিকে রাত্রি আটটার পরেই সার্কাস আরম্ভ হইবে। মতিবাবু বলিয়া রাথিয়াছিলেন, আটটার আগেই যেন সভা শেষ হয়। বক্তৃতা চলিতেছে, এমন সময় স্বামীজী লক্ষ্য করিলেন মতিবাবু ঘড়ি দেখিতেছেন। স্বামীজী ভাবিলেন, মতিবাবু সক্ষেত করিতেছেন যে, বক্তৃতা বন্ধ করার সময় হইয়াছে; স্থতরাং তিনি বক্তব্য অসম্পূর্ণ রাথিয়াই ভাষণ শেষ করিলেন। ফলতঃ বক্তা বা শ্রোভা কাহারও তৃপ্তি হইল না।

লাহোরবাসীদের আশা মিটিল না; অতএব ধ্যান সিংহের হাবেলিতে তৃতীয় আর একটি বক্তৃতার আয়োজন হইল। ঐ বক্তৃতার তারিথ ছিল ১২ই নভেম্বর। সেদিন সর্বপ্রকার বন্দোবন্তের ভার ছিল কলেজের ছাত্রদের উপর। সভায় বাহাতে গোলমাল না হয়, এবং অতিরিক্ত লোকসমাগমবশতঃ বিশৃষ্খলার উত্তব না হয়, সেজক্য সেদিন বিনা মূল্যে টিকিট বিতরিত হইয়াছিল এবং শ্রোতাদের বিসবার জন্য চেয়ারের ব্যবস্থা হইয়াছিল। উপযুক্ত স্থান্দিকত ভদ্রলোকের সমাবেশ দেখিয়া স্বামীজীর বাগ্মিতা ও পাণ্ডিত্য সেদিন পূর্ণ শক্তিতে প্রকটিত হইয়াছিল। শ্রোতাদের উপর ইহার প্রভাবও হইয়াছিল অভ্যুত—সকলেই

আড়াই ঘণ্টাব্যাপী এই স্থদীর্ঘ বক্তৃতা নীরবে বসিয়া মনোধোগসহকারে ভনিয়াছিলেন। বক্তৃতাস্তে জনৈক পণ্ডিত ব্যক্তি বন্ধুবান্ধবকে বলিয়াছিলেন, "হাঁ, এই বক্তৃতায় 'মাল' আছে।" মনে হয় ইহাই স্বামীজীর ভারতে প্রদত্ত ভাষণগুলির মধ্যে সর্বশ্রেষ্ঠ।

বক্তাগুলি সম্বন্ধে ও স্বামীজীর ব্যক্তিগত প্রভাব সম্বন্ধে অধ্যাপক তীর্থরাম ১৬ই নভেম্বর (১৮৯৭) পণ্ডিত দীনদমাল শর্মা, ব্যাখ্যান-বাচস্পতিকে একথানি পত্র লিখিয়াছিলেন; আমরা নিম্নে উহার অহ্বাদ দিলাম। তীর্থরাম নিজে বেদাস্কবাদী ছিলেন বলিয়া স্বভাবতই ভক্তিবাদের প্রতি তাঁহার তেমন আকর্ষণ ছিল না; আর স্বামীজীর ঐ বিষয়ক বক্তৃতাটি অকস্মাৎ থামিয়া যাওয়ায় উপযুক্ত প্রভাবও বিস্তার করিতে পারে নাই; তাই তীর্থরামের পত্রে ঐ বিষয়ে একটু অন্তপ্তির স্পর্শ থাকিলেও শেষ বক্তৃতাটির তিনি উচ্ছাসত প্রশংসা করিয়াছেন। ঐ পত্রেই স্বামীজীর আমিষাহারের কথাও আছে। মনে হয় স্বামীজী খোলাখুলিভাবেই তীর্থরামকে উহা বলিয়াছিলেন—রাথিয়া ঢাকিয়া কথা বলার তো তাঁহার অভ্যাস ছিল না! পত্রথানি এই:

"প্রণাম। দশ দিন এথানে থাকার পর স্বামী বিবেকানন্দজী কাল দেরাছন অভিম্থে যাত্রা করিলেন (সোমবার, ১৫ই নভেম্বর)। তিনি এথানে ইংরেজীতে তিনটি বক্তৃতা দেন। স্বামীজী সনাতন ধর্মসভার অতিথিরূপে ছিলেন; তিনি রাজা ধ্যান সিংহের হাবেলিতে বাস করিয়াছিলেন। ঐ স্থানেই প্রথম ও তৃতীয় বক্তৃতাটি প্রদন্ত হয়। আজকাল তাঁহার স্বাস্থ্য ভাল নহে এবং চিকিৎসকের পরামর্শে তাঁহাকে মাংস ও শাকসজী আহার করিতে হয়। তিনি ছ'কাতে তামাকও ধান। তাঁহার সঙ্গে ছিলেন (বঙ্গদেশাগত) তিন জন সন্ধ্যাসী ও একজন ইংরেজ মহিলাসহ তিনজন ইংলগুনিবাসী। এই ইংরেজদের মধ্যে একজন ছিলেন সংবাদপত্রের সংবাদদাতা; ইনি বক্তৃতাদানকালে স্বামীজীর ভাষণ লিখিয়া লইতেন এবং 'ব্রন্ধবাদিন' ও অ্যান্স পত্র-পত্রিকার সম্পাদকদিগকে উহা পাঠাইতেন। এই ইংরেজ ভন্সলোকটি বেশ কার্যপারদর্শী ও স্বামীজীর ব্যয়ভার সাধারণতঃ ইহারাই বহন করেন। প্রথম ও ঘিতীয় বক্তৃতাদ্বয় ইত্যবসরে 'ট্রিবিউনে' প্রকাশিত হইয়াছে। সম্ভবতঃ তৃতীয় বক্তৃতান্থ ঐ পত্রিকায় মৃত্রিত হইবে। প্রথম বক্তৃতার বিষয় ছিল, 'হিন্দুধর্মের সাধারণ ভিত্তিসমূহ'। বক্তৃতাটি মোটের উপর বেশ ভালই হইয়াছিল; এমন কি, অনেকের দৃষ্টিতে উহাকে অত্যুত্তমও বলা চলে।

"দ্বিতীয় বক্তৃতাটি ছিল 'ভক্তি' বিষয়ে। ইহা স্বদয়গ্রাহী হয় নাই, অনেকে নিরাশ হইয়াছিলেন। তৃতীয় বক্তৃতার বিষয় ছিল 'বেদাস্ত'; ইহা পূর্ণ সার্ধ তৃই ঘণ্টা ধরিয়া চলিয়াছিল। শ্রোতারা ইহাতে এত মগ্ন হইয়া গিয়াছিলেন এবং উহাতে এমন এক পরিবেশ স্ট হইয়াছিল যে, স্থান ও কালের বোধ সম্পূর্ণ তিরোহিত হইয়াছিল। সময়ে সময়ে বোধ হইতেছিল যেন বিশ্বাত্মার সহিত নিজের সম্পূর্ণ অভেদাহভূতি জাগিতেছে। ইহা পূথক ব্যক্তিত্ববোধ ও অহন্ধারের মূলে কুঠারাঘাত করিতেছিল। সংক্ষেপে বলিতে গেলে ইহা এতদ্র সাফল্যমণ্ডিত হইয়াছিল যে, এইরূপ কদাচিৎ দৃষ্ট হয়। শ্রোতাদের সংখ্যা ছিল প্রচুর; আর তাঁহারা ইংরেজ, মুসলমান, আর্ঘনমান্ধী, ব্রাহ্মসমান্ধী বা যে কোন সম্প্রাদায়ভূক্ত হউন না কেন, সকলেরই নিকট উহা এক নবীন দৃষ্টিভঙ্গী খুলিয়া দিয়াছিল। মিশনারীদের কলেজের অধ্যক্ষ এবং ইওরোপীয় অধ্যাপকরাও ইহাতে বিশেষ উপকৃত হইয়াছিলেন।

"প্রকাশ্য বক্তা হইয়াছিল ঠিকই; তবে বৈঠকী আলোচনায় তাঁহার জ্ঞানরাশির ক্র্বণের যেমন অবকাশ ঘটে বক্তৃতায় তেমন হয় না। কথাবার্তায়ই তাঁহার সর্বাধিক উৎকর্ষ। ঘরোয়াভাবে তিনি আর্যসমাজ ও ব্রাহ্মসমাজের নেতৃর্দের সহিত যে আলোচনা করিয়াছিলেন, আমি তাহাতে উপস্থিত ছিলাম। তিনি তাঁহাদের প্রশ্নগুলির এমন সব সাংঘাতিক উত্তর দিয়াছিলেন এবং তাঁহাদের অহুস্তত মতগুলির এমন একটি ছবি তাঁহাদের সন্মুখে তুলিয়া ধরিয়াছিলেন যে, তাঁহারা একেবারে থেই হারাইয়া ফেলিয়াছিলেন। অথচ মজার বিষয় এই যে, তিনি এমন একটি শহ্বও উচ্চারণ করেন নাই, যাহাতে তাঁহাদের মনে আঘাত লাগিতে পারে। ক্ষণকালের মধ্যেই তিনি তাঁহাদের স্মুখে স্থীকার করাইয়া ছাড়িলেন যে, তাঁহাদের মতগুলি অসার। আর্যসমাজের প্রচুর ক্ষতি হইয়াছে। স্থামীজী প্রকাশ্য সভায় প্রাণগুলি, প্রাদ্ধ ও মৃতিপুজার সমর্থন করিয়াছিলেন। পাণ্ডিতাও তাঁহার যথেই আছে। অনেকগুলি শ্রুতিবাক্য তাঁহার মৃখন্থ। তিনি শারীরক-স্ত্রেণর শহরভান্য, রামাত্মজভান্য ও মধ্বভান্য অধ্যয়ন করিয়াছেন এবং বন্ধভাচার্থের অসুভান্যও পড়িয়া থাকিবেন। সাংখ্য ও ষোগশান্ত্রে তিনি স্থাণ্ডিত।

ভগবদ্গীতার তিনি অপূর্ব ব্যাখ্যাকার। আর তাঁহার গান বড়ই স্থমিষ্ট।
শামীজীর আগমনে সমগ্র নগরটি উপকৃত হইয়াছে।
শামার প্রতি স্থামীজী খুবই
সদম্ভ সেহপূর্ণ ছিলেন।

•

এফ. সি. কলেজ ১৬ই নভেম্বর, ১৮৯৭ ভবদীয় দাস বাম।"

তীর্থরাম সম্বন্ধে আর একটি চমৎকার ঘটনা জানা যায়। সৌহত্যের পরিচয়স্বরূপে তীর্থরাম স্বামীজীকে একটি সোনার ঘড়ি উপহার দিয়াছিলেন। স্বামীজী
উহা সাদরে স্বহস্তে গ্রহণপুর: সর তৎক্ষণাৎ তীর্থরামের পকেটে পুন: স্থাপনপূর্বক
বলেন, "বেশ তো বন্ধু, আমি উহা এই পকেটেই পরিব"—বলিয়া তিনি
তীর্থরামের দিকে তাকাইয়া বেশ অর্থপূর্ণভাবে একটু মুচকি হাসিলেন। স্বামীজী
অবৈতবাদী, তীর্থরামও তাই—উভয়ের মধ্যে ব্রহ্মসন্তার কোন ভেদ তো স্বীকার
করা চলে না!

লাহোরে যেসব অপুর্ব বৈঠকী আলোচনার কথা শ্রীযুক্ত তীর্থরাম উল্লেখ করিয়াছেন, তাহার কিঞ্চিং পরিচয় আমরা পুর্বেই দিয়া আসিয়াছি। আরও জানা যায়, একদিন লাহোরের সন্ত্রাস্ত ব্যক্তিদের লইয়া একটি সাদ্ধ্য সম্মেলনের আয়োজন হয় এবং উহাতে স্বামীজীকে নিমন্ত্রণ করিয়া সকলের সহিত পরিচয় করাইয়া দেওয়া হয়। এতদ্বাতীত লাহোর হাইকোর্টের প্রধান বিচারপতি শ্রীযুক্ত প্রতুলচন্দ্র চট্টোপাধ্যায় এবং আরও অনেক গণ্যমান্ত নাগরিক তাঁহাকে স্ব গৃহে নিমন্ত্রণপূর্বক ভোজন করাইয়াছিলেন। এই সকল স্থলেই ভোজন একটি উপলক্ষ মাত্র ছিল; সর্বত্রই স্বামীজীকে গভীর আলোচনাদিতে লিপ্ত হইতে হইত। আবার অনেক বিশিষ্ট ব্যক্তি অপরের অজ্ঞাতসারে তাঁহার নিকট আধ্যাত্মিক সাধনপ্রণালী শিথিয়া লইতেন বা তাঁহাকে গুরুপদে বরণ করিতেন। অনেক বালালী ভদ্রলোক কমিসারিয়েটের কার্যোপলক্ষে লাহোরের নিকটবর্তী মিয়ানমীরে বাস করিতেন। ইহারা একদিন স্বামীজীকে তাঁহার সন্ধানের সহিত নিমন্ত্রণ করিয়া ফলমূল ও মিষ্টান্নাদির দ্বারা জলযোগ করাইলেন এবং তাঁহার মধুর অথচ শিক্ষাপ্রদ উপদেশ শুনিয়া জীবন ধন্ত করিলেন।

লাহোরে শিথসম্প্রদায়ের শুদ্ধিসভা নামে একটি সংস্থা ছিল। কোন শিথ মোহবশতঃ মুসলমান ধর্ম গ্রহণের পর অমৃতপ্ত হইয়া শিথসম্প্রদায়ে পুনঃপ্রবেশের প্রার্থী হইলে এবং সে ভ্রমবশতই ঐরপ করিয়াছিল ও ভবিশ্বতে 'সন্ধর্ম' থাকিয়া উৎক্ষ জীবন্যাপন করিতে সতাই আগ্রহান্বিত হইয়াছে, ইহা প্রমাণ করিতে পারিলে ঐ শুদ্ধিসভা তাহাকে শিথ করিয়া লইত। সভার নিমন্ত্রণক্রমে স্বামীজী একদিন সদলবলে ঐরপ এক অর্প্রচানকালে উপস্থিত ছিলেন। তাঁহারা আসিয়া দেখিলেন, একটি বৃহৎ কড়ায় 'কড়া-প্রসাদ' (হালুয়া) প্রস্কৃত হইতেছে। একট্ পরেই ছইজন আবেদনকারীর শুদ্ধির জন্ম সভার কার্য আরম্ভ হইল। প্রথমে সভার সম্পাদক তাহাদের শিথধর্মত্যাগের ঘটনাপরম্পরা ব্র্মাইয়া দিলেন। পরে প্রার্থিয় সভাসমক্ষে অন্থতাপ প্রকাশপূর্বক শিথসম্প্রদায়ে পুন্র্যাইঘা দিলেন। পরে প্রার্থিয় সভাসমক্ষে অন্থতাপ প্রকাশপূর্বক শিথসম্প্রদায়ে পুন্র্যাইলের জন্ম অন্থনম জানাইল। অতঃপর শুক্রগোবিন্দ সিংহের নামোচ্চারণ, গ্রন্থনাহেব হইতে পবিত্র মন্ত্রপাঠ ও তীর্থবারিসেচনে উহাদিগকে শুদ্ধ করা হইল। পরিশেষে উপস্থিত সকলের মধ্যে 'কড়া-প্রসাদ' বিতরিত হইল। শুদ্ধিবিষয়ে শিথদিগের এই উদার ভাব দেখিয়া স্বামীজী বেশ সম্ভন্ত হইয়াছিলেন। জীবস্তুসম্প্রদায় এমনিভাবেই আ্রেরক্ষা ও আ্রেসম্প্রসারণ করে—কেহ কোন কারণে ধর্মচ্যুত হইলে তাহাকে চিরকালের জন্ম বিসর্জন দেয় না।

শ্রীযুক্ত নগেজনাথ গুপ্তের শ্বতিকথা হইতে লাহোরের ত্ই-একটি কুদ্র অথচ মনোজ্ঞ ঘটনা জানিতে পারা ধায়। স্বামীজী ও নগেজবার্ একদিন নিমন্ত্রিত হইয়া শ্রীযুক্ত বল্লী জয়শী রামের গৃহে গিয়াছিলেন। জয়শী রাম পূর্বে স্বামীজীকে ধরমশালায় দেখিয়াছিলেন। ঐ গৃহে উপস্থিত হইলে গৃহস্বামী ধুমপানের জল্প স্বামীজীকে একটি নৃতন স্থন্দর হঁকা দিলেন। কিন্তু হঁকা ব্যবহারের পূর্বেই স্বামীজী গৃহকর্তাকে সাবধান করিয়া দিলেন, "জাতিভেদ সম্বন্ধে আপনার কোন দৃঢ় সংস্কার থাকলে আমায় আপনার হঁকো দেবেন না, কারণ কাল যদি কোন অচ্ছুত আমাকে ধ্মপানের জল্প তার হঁকো দেবেন না, কারণ কাল যদি কোন করব, কেন না আমি জাতের গণ্ডির বাইরে চলে গেছি।" গৃহক্তা সবিনয়ে বলিলেন যে, স্বামীজী ধ্মপান করিলে তিনি নিজেকে গৌরবান্থিত মনে করিবেন।

স্বামীজী তাঁহার ত্ইজন সঙ্গীর সহিত নগেন্দ্রবাব্র গৃহেই বাস করিয়াছিলেন, ধদিও লাহোরের অভ্যর্থনাকারীরা তাঁহার জন্ম একটি বড় বাড়ী ঠিক করিয়া রাখিয়াছিলেন। এই স্থযোগে স্বামীজীর সহিত নগেন্দ্রবাব্র অনেক ঘনিষ্ঠ আলোচনা হইত। একদিন স্বামীজী বলিলেন, "ভারতের মধ্যবিত্তরা বীর্ষহীন

হয়ে গেছে; দৃঢ় সহল্প নিয়ে কোন কাজে দীর্ঘকাল লেগে থাকার শক্তি তারা হারিয়ে ফেলেছে; ভারতের ভবিশ্বৎ এখন জনসাধারণের হস্তে।"

এক সন্ধ্যায় তিনি চিম্বাকুলচিত্তে নগেক্সবাবুর নিকট আসিয়া বলিলেন, "এতে করে যদি দেশের কোন কল্যাণ হয় তো আমি হাসিমুখে জেলে যেতে রাজী আছি।" সন্থ বিজয়গোরবমণ্ডিত স্বামীজী দেশে প্রত্যাবর্তনের পর সেই গৌরব উপভোগের কথা ভূলিয়া গিয়া তখন প্রয়োজন হইলে এবং ফলপ্রস্থ হইলে আত্মবলিদানপূর্বক দেশের মঙ্গলসাধনের কথাই ভাবিতেছিলেন; আর ইংরেজ সরকারের অত্যাচারে দেশবরেণ্য অনেক দেশপ্রেমিককে কারাবরণ করিতে হইতেছে, ইহা ভাবিয়া তাঁহার চিত্ত তখন খুবই হুঃখভারাক্রাস্ত ছিল।

ঐ কালে তিনি জাপানের ও জাপানীদের দেশপ্রীতির থ্ব প্রশংসা করিয়া বলিতেন: "তাহাদের নিকট তাহাদের স্বদেশই ধর্ম! 'মহামহিম জাপান দীর্ঘজীবী হউক'—ইহাই তাহাদের জাতীয় জয়ধ্বনি। সর্বাগ্রে ও সর্বোপরি স্বদেশ। স্বদেশের সম্মান ও অথগুত্ব রক্ষার জন্ম কোনরূপ স্বার্থত্যাগই অসম্ভব নহে।" ('রেমিনিসেক্সেস অব স্বামী বিবেকানন্দ', ১৭)।

৫। জুলাই মাসের ২৭ তারিখে (১৮৯৭) বাল গঙ্গাধর তিলক রাজবিল্রোহের অপরাধে বোবে
সরকার কর্তৃক ধৃত হন এবং আদালতের বিচারে তিনি দেড় বৎসর কারাবাসের দগুপ্রাপ্ত হন।

ভারতীয় প্রচারের শেষ পর্যায়

স্বামীজীর থুবই ইচ্ছা ছিল পাঞ্চাব হইতে সিন্ধুদেশে যান; সেখানে তাঁহার প্রিয় শিষ্য শ্রীযুক্ত হরিপদ মিত্র ও তাঁহার সহধর্মিণী শ্রীযুক্তা ইন্দুমতী মিত্রের সহিত সাক্ষাৎ করিবারও অভিলাষ ছিল। কিন্তু নানা কারণে তাঁহার যাওয়া হইল না. তিনি লাহোর হইতে দেরাতন যাত্রা করিলেন। ইন্দুমতী মিত্রকে লিখিত তাঁহার ১৫ই নভেম্বরের পত্রে কারণগুলি এইরূপ দেখানো হইয়াছে: "প্রথমত: ক্যাপ্টেন এবং মিদেস সেভিয়ার নামক গাঁহারা ইংলণ্ড হইতে আসিয়া আমার সহিত আজ প্রায় নয়মাস ফিরিতেছেন, তাঁহারা দেরাছনে জমি ধরিদ করিয়া একটি অনাথালয় করিবার জন্ম বিশেষ ব্যগ্র। । । দ্বিতীয়তঃ আমার অন্তথ হওয়ার জন্ম জীবনের উপর ভরদা নাই। এক্ষণেও আমার উদ্দেশ্য যে, কলিকাতায় একটি মঠ হয়—তাহার কিছুই করিতে পারিলাম না। অপিচ দেশের লোক বরং পূর্বে আমাদের মঠে যে সাহায্য করিত, তাহাও বন্ধ করিয়াছে। তাহাদের ধারণা যে, আমি ইংলও হইতে অনেক অর্থ আনিয়াছি ॥ তাহার উপর এবার মহোৎদব হওয়া পর্যস্ত অসম্ভব: কারণ রাসমণির (বাগানের) মালিক বিলাতফেরত বলিয়া আমাকে উত্যানে যাইতে দেবেন না।। অতএব আমার প্রথম কর্তব্য এই যে, রাজপুতানা প্রভৃতি স্থানে যে তুই-চারিটি বন্ধ-বান্ধব আছেন, তাঁহাদের সঙ্গে সাক্ষাৎ করিয়া কলিকাতায় একটি স্থান করিবার জ্বন্ত প্রাণপণে চেষ্টা করা।… কলিকাতায় এক মঠ হইলে আমি নিশ্চিন্ত হই। এত যে সারা জীবন হু:থে-কটে কাজ করিলাম, সেটা আমার শরীর যাওয়ার পর নির্বাণ যে হইবে না, সে ভরসা হয়। আজই দেরাতনে চলিলাম।"

স্বামীজী দিন সাতেক দেরাত্নে থাকার সঙ্কল্প করিয়াছিলেন; কিন্তু কার্যতঃ দশ দিন ছিলেন, ইহা স্বামী প্রেমানন্দকে লিখিত ২৪শে নভেম্বরের পত্রে জানা যায়। দেরাত্নে তিনি কোথায় ছিলেন, জানা নাই—পত্রে তিনি সেথানের ঠিকানা দিয়াছেন "কেয়ার অব পোস্ট-মাস্টার"। তথায় তাঁহার পূর্বপরিচিত টিহিরির দেওয়ান শ্রীষ্ক্ত রঘুনাথ ভট্টাচার্য মহাশয়ের সহিত পুন্মিলন ঘটিয়াছিল। ভট্টাচার্য মহাশয় তথন ঘাড়ের ব্যথায় ভূগিতেছিলেন, স্বামীজীরও অহ্বরূপ রোগ ছিল; তাই তিনি উক্ত পত্রে স্বামী প্রেমানন্দের নিকট কিঞ্চিৎ পুরাতন ম্বত চাহিয়াছিলেন।

দেরাছনে কোন বক্তা বা জনসাধারণের মধ্যে জন্ত কোন প্রকার প্রচারকার্য হইয়ছিল বলিয়া জানা নাই। তথাপি অক্লান্তকর্মী স্থামীজীর বিশ্রামের অবকাশ ছিল না। তিনি এখানে পূর্ণোৎসাহে সঙ্গীদিগকে ব্রহ্মস্ত্রের রামান্তজভাত্ত পড়াইতে লাগিয়া গেলেন। এই অধ্যাপনাকর্মে তিনি প্রায়ই এমন তর্ময় হইয়া বাইতেন যে, সেভিয়ার-দম্পতি তাঁহাকে সাদ্ধ্যভ্রমণে লইয়া যাইবার জন্ত পার্গে আসিয়া দাঁড়াইলেও থেয়াল হইত না। এখানে যে অধ্যাপনা আরম্ভ হয়, তাহা পরবর্তী ভ্রমণকালেও যথারীতি চলিতে থাকে—একদিনও বাদ পড়ে নাই। ব্রহ্মস্ত্রের সহিত ঐ সময়ে সাংখ্যদর্শনপাঠও চলিতেছিল। উহা পড়াইতেন স্বামী অচ্যুতানন্দ ; কিন্ত স্বামীজী প্রায়ই পাঠকালে স্বয়্ম উপস্থিত থাকিতেন। অচ্যুতানন্দ সংস্কৃতভাষায় পারদর্শী হইলেও মাঝে মাঝে শাল্রের মর্মার্থ ব্যাখ্যায় তাঁহার অস্থ্রিধা হইত, অমনি তিনি স্বামীজীর সাহায়্য চাহিতেন, আর স্বামীজী অবলীলাক্রমে ঐসব হুয়হ স্থল সহজ সরল ভাষায় বৃঝাইয়া দিতেন। ইহাতে উপস্থিত সকলে খুবই বিশ্বিত হইতেন।

দেরাত্ন হইতে স্বামীন্দ্রী রাজপুতানাভিমুখে অগ্রসর হইলেন। তাঁহার গস্তব্য স্থান ছিল থেতড়ী। রাজা অজিত সিংহ তথন ইংলণ্ডের রাজদরবার হইতে ফিরিয়া আসিয়াছিলেন। তিনি বোম্বেতে জাহাজ হইতে অবতরণ করিলে স্বামীজীর নির্দেশ মত রামক্লফ মিশনের তরফ হইতে তাঁহাকে সংবর্ধনা জানানো হইয়াছিল। সম্প্রতি রাজা গুরুপাদদর্শনে ব্যাকুল ছিলেন, আচার্যপ্রবরও উপযুক্ত শিশুকে দর্শন দিতে উদ্গ্রীব ছিলেন। অতএব তিনি সাহারাণপুর, দিল্লী, আলোয়ার ও জয়পুরের পথে থেতড়ীতে চলিলেন। দিল্লীতে তিনি মাত্র চারি-পাঁচ দিন অবস্থান করেন। এখানে কোন ধনী ব্যক্তির গ্রহে না উঠিয়া তিনি নটক্ষ নামক এক গরীব শিষ্যের বাডীতে উঠিয়াছিলেন। আমেরিকায় হাইবার বহু পূর্বে হাতরাস স্টেশনে এই ভদ্রলোকের সহিত স্বামীন্দীর স্বালাপ হয় এবং সেই স্থত্তে উক্ত ভক্তের জীবনে বিপুল পরিবর্তন সাধিত হয়। ভদ্রলোক বরাবরই সরলপ্রকৃতি ও স্পাষ্টবক্তা ছিলেন এবং স্বামীক্ষীকে গুরুজী বলিয়া সম্বোধন করিতেন। স্বামী ভদ্ধানন্দজী (স্থার মহারাজ) বলিয়াছিলেন, "আমেরিকা ষাইবার পূর্বে এক সময়ে স্বামীজী রেলের তৃতীয় শ্রেণীর গাড়ীর কটে স্বতিশয় অন্থির হইয়া ইহার নিকট একখানি মধ্যম (ইণ্টার) শ্রেণীর টিকেট প্রার্থনা করায় ইনি বলিয়াছিলেন, 'কি গুৰুজী, বিলাস চুকছে নাকি' ?" বিদেশপ্ৰত্যাগত স্বামীজীর ব্যক্তিত্ব এখন বিশালতর এবং সকলেই তাঁহাকে অধিকতর সম্ভ্রম করিয়া চলিলেও নটকুষ্ণবাব্ অপরিবর্তিত ছিলেন এবং পূর্ববং অবাধ ও অকপট ভাবেই গুরুজীর সহিত কথাবার্তা চালাইতেন। একদিন তিনি বলিলেন, "গুরুজী, প্রায় পাঁচ-ছয় মাস যাবং সন্ধ্যে আহ্নিক কচ্ছি, কিন্তু কিছু পাচ্ছি নে।" স্বামীজী বলিলেন, "ভাষায় ভগবানকে ভাক দেখি" (অর্থাং হুর্বোধ্য সংস্কৃত ভাষার পরিবর্তে সহজ্বোধ্য মাতৃভাষা ব্যবহার কর)। এই বলিয়া তিনি গায়ত্রীর অর্থটি বেশ করিয়া বাঙ্গলা ভাষায় ব্র্ঝাইয়া দিলেন। নটুবাব্ আর একদিন স্বামীজীর জনৈক ব্রন্ধচারী শিশ্রের শিথা লক্ষ্য করিয়া বলিলেন, "এটি আবার কি?" ব্রন্ধচারী উত্তর প্রদানে ইতন্তত: করিতে থাকিলে স্বামীজী বলিলেন, "এর আপনি বৃঝি পরমহংস হয়েছেন ?" এই শিশ্রের সহিত স্বামীজীর ভাববিনিময় এইরূপ স্বচ্ছল ও স্বাধীন ধারাবলম্বনেই চলিত। উভয়ের মধ্যে স্বেইপ্রতিও ছিল ভরপুর আর নটুবাব্ স্বামীজীর সেবা করিতেন প্রাণপণে; স্বামীজীর শিশ্ববৃন্ধও তাঁহার যথেষ্ট আদর্যত্বের অধিকারী ছিলেন।

দিল্লীর মহাবিত্যালয়ের একজন অধ্যাপক ঘন ঘন স্বামীজীর নিকট যাতায়াত করিতেন। ইহার উৎসাহ ও উদ্যোগে স্থানীয় কয়েকজন ভদ্রলোক একটি ক্দ্র আসরে সমবেত হইয়া স্বামীজীকে কিছু প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিলেন। স্বামীজী প্রত্যেক প্রশ্নেরই স্থমীমাংসা করিয়া দিয়াছিলেন, এবং ইহাতে উপস্থিত সকলেই বিশেষ তৃপ্ত হইয়াছিলেন। স্বামীজী পূর্বে দিল্লী দেখিয়া থাকিলেও আবার সকলের সহিত লাল কেল্লা, কৃতব মিনার ও অত্যাত্য প্রাচীন স্থাপত্যনিদর্শনাদি দেখিয়া লইলেন, প্রসকল দর্শনকালে তিনি সঙ্গীদিগকে ইতিহাস অবলম্বনে উহাদের সহিত জড়িত ঘটনাবলী চিত্তাকর্ষক গল্পাকারে বলিয়া যাইতেন। সঙ্গীদের একজন পরে বলিয়াছিলেন, "তিনি অতীতকে জীবন্ত আকারে আমাদের সামনে তুলে ধরতেন। সত্য বলতে কি, আমরা অতীতের মধ্যে বর্তমানকে হারিয়ে ফেলতাম ও প্রাচীনকালের মৃত স্মাটেগণ ও শক্তিশালী রাজাদের সালিধ্য উপভোগ করতাম।" এই পর্যন্ত সেভিয়ার-দম্পতিও তাঁহার মঙ্গে ছিলেন।

দিল্লী হইতে স্বামীজী ১লা ডিসেম্বর টেনে আলোয়ারে চলিলেন। চারিদিকে বালির পাহাড়ের মধ্য দিয়া ট্রেন ছুটিতে ছুটিতে অবশেষে যথন রেওয়াড়ি ফেলনে আসিয়া থামিল, তথন দেখা গেল, থেতড়ীর রাজার লোক স্বামীজীকে লইয়া

ষাইবার জন্ম পালকি, উট, ঘোড়া প্রভৃতি বিবিধ ধানবাহনসহ তথায় উপস্থিত। বেতড়ী ছিল তথন জন্মপুরের অধীনস্থ একটি সামস্ত রাজ্য। জন্মপুর হইতে মকভূমির পথে উহার দুরত্ব প্রায় নকাই মাইল; কিন্তু রেওয়ারী হইতে কুড়ি মাইল কম। তাই রাজা অজিত সিংহ এই নাতিদীর্ঘ পথই স্বামীজীর ভ্রমণের পক্ষে প্রকৃষ্টতর মনে করিয়াছিলেন। এদিকে আলোয়ারে স্বামীজীর অনেক ভক্ত তাঁহার জন্ত সাগ্রহে অপেকা করিতেছিলেন এবং তথায় যাইবার জন্ত পূর্বেই পুন: পুন: অমুরোধ জানাইয়াছিলেন। এই নির্বন্ধাতিশয় উপেক্ষা করিয়া তাঁহার পক্ষে পোজা খেততী যাওয়া শোভা পায় না। অতএব রেওয়ারীতে না নামিয়া তিনি আপাততঃ আলোয়ারে গেলেন। ঐ স্টেশনে পৌছাইলে দেখা গেল বহু পরিচিত বন্ধবান্ধব তাঁহার স্বাগত সম্ভাষণের জন্ম সমবেত হইয়াছেন—চারিদিকে লোকের ভিড এবং নগরের গণ্যমান্ত ব্যক্তিগণ তাঁহার নিকটে আসিয়া হুই-চারিটি কথা বলিবার জন্ম ব্যগ্র। এমন সময়ে এক অন্তত ঘটনা ঘটিল, যাহাতে স্বামীজীর ব্যক্তিত্বের একটা বিশেষ দিকের পরিচয় পাওয়া গেল। তিনি দেখিতে পাইলেন, তাহার একজন পুরাতন অমুরক্ত ভক্ত দরে দাঁড়াইয়া আছেন—দীনহীন বৈশ। তাঁহার চোথেমুথে স্বামীজীর দর্শনে আনন্দ ফুটিয়া উঠিলেও এবং স্বামীজীর সান্নিধ্যলাভের আগ্রহ সর্বাঙ্গে স্বস্পষ্ট দেখা গেলেও সম্মানিত ভদ্রলোকদের ঠেলিয়া সন্মুথে অগ্রসর হইতে তাঁহার সাহসে কুলাইতেছে না। অমনি স্থান-কাল, चानव-काश्रमा, त्नाकनब्का हेजामित्व बनाश्चनि मिश्रा यागीकी उर्देकः यद ভাকিয়া উঠিলেন, "রামশ্বেহী, রামশ্বেহী !" স্বামীজীর ভূল হয় নাই, ইনি রামম্বেহীই বটে ৷ চারিপার্শ্বের ভিড় সরাইয়া তিনি রামম্বেহীকে নিকটে খানাইলেন এবং পুর্বেরই মতো প্রাণ খুলিয়া তাঁহার সহিত কথা বলিতে नाशित्नम ।

স্বামীন্দীর ইহাই ছিল স্বভাব। স্বালমোড়ায় স্বভার্থনা-সভার একপ্রাস্থে তাঁহার প্রাণরক্ষক এক মুসলমান ফকিরকে দণ্ডায়মান দেখিয়া তিনি এমনিভাবে— তাহাকে কাছে স্থানাইয়া সভার নিকট পরিচয় করাইয়া দিয়াছিলেন। মাদ্রাজ্বে পুনরাগমনের প্র ষথন তিনি বিরাট মিছিলের মধ্যে গাড়ী করিয়া যাইতেছিলেন তথন হঠাৎ দেখিলেন পথপার্শ্বে একখানি পরিচিত মুখ—স্বশিশ্ব স্বামী সদানন্দের। স্থানি তিনি চীৎকার করিয়া ডাকিতে লাগিলেন, "সদানন্দ বাবা, সদানন্দ বাবা, এদিকে এস।" গাড়ী থামানো হইল, সদানন্দ উহাতে উঠিলেন এবং একসঙ্কে

চলিলেন। স্বামীন্দী যথন প্রেসিডেন্সী কলেন্দ্রে পড়িতেন, তথন উপেক্রবাব্ নামক এক যুবক তাঁহার সহপাঠী ছিলেন। অতঃপর দীর্ঘকাল অতিবাহিত হইলে বিদেশপ্রত্যাগত স্বামীন্দ্রী একদিন কলিকাতায় বলরামবাব্র গৃহে আছেন, এমন সময় উপেক্রবাব্ সেখানে উপস্থিত হইলেন। স্বামীন্দ্রী তথন প্রায় পঞ্চাশ ক্ষন লোকের ঘারা পরিবেষ্টিত হইয়া আলাপ-আলোচনায় নিরত ছিলেন। কিন্তু উপেক্রবাব্কে দেখিবামাত্র চিনিতে পারিলেন ও ক্রুত আসন ছাড়িয়া তাঁহার দিকে আগাইয়া গিয়া তাঁহাকে বাছপাশে আবদ্ধ করিলেন। উপেক্রবাব্ বলিয়াছিলেন যে, সে আলিক্ষনে তাঁহার পাঠ্যাবন্থার স্মৃতি প্নক্ষজীবিত হইয়াছিল এবং তথনকার মতো তিনি স্বামী বিবেকানন্দকে বিশ্ববিজ্য়ী-সয়্মাসীক্ষপে না পাইয়া বাল্যস্থারণেই পাইয়াছিলেন। বান্তবিক স্বামীন্দ্রী একদিনও বাহাকে ভালবাসিতেন, তাঁহার স্মৃতি জাহার হলয়ে চিরান্ধিত থাকিয়া যাইত, এবং ঐ ব্যক্তিকে দেখিবামাত্র তাঁহার প্রেমসমুদ্র উথলিয়া উঠিত।

আলোয়ারেও তাহাই হইল—এখানেও পুরাতন বন্ধু ও ভক্তদের মধ্যে তিনি সানন্দে তিন-চারিদিন কাটাইলেন। রাজ্যের মহারাজ তথন নগরে ছিলেন না; তথাপি স্বামীজীর আদর-আপ্যায়ন ও সেবা-যত্মের কোন ক্রটে হইল না। ভক্তবৃন্ধ তো ছিলেনই; তহপরি রাজ্যের প্রধান প্রধান কর্মচারী সর্বপ্রকার স্বব্যবস্থার প্রতি দৃষ্টি রাখিলেন। মহারাজ্যের একটি বাড়ী তাঁহার ও সঙ্গীদের আবাদের জন্ম ছাড়িয়া দেওয়া হইল। সেখানে নিত্য প্রচুর লোকসমাগম হইত। স্বামীজী তাহাদের মধ্যে বিসিয়া অতীত কালেরই মতো গল্পগুলব করিতেন, উপদেশ দিতেন, পাশ্চান্তাদেশে স্বীয় অভিজ্ঞতার কথা বলিতেন, ভারতীয় কার্যের পরিক্রনা শুনাইতেন। আগন্তকেরা দেখিতেন, স্বামীজীর মন পার্থিব সন্মানে বিক্বত হয় নাই, পাশ্চান্ত্যের ঐশ্বর্ধ তাঁহার দেশপ্রীতিকে মান করে নাই, অগণিত নৃতন বন্ধুলাভেও তাঁহার চিরস্কন স্বেহপ্রীতি মৃছিয়া যায় নাই। কথাবার্তায় ছিল তাঁহার এক অতীত-স্থলভ সরলতা, ভালবাসা, উৎসাহ ও উদ্দীপনা। তাঁহার সেখানে অবস্থানের স্বযোগে এক-আগটি বক্ততাও হইয়াছিল।

পূর্ববারে স্বামীজী আলোদ্বারবাসীদের হৃদরে যে ধর্মোৎসাহ প্রজ্ঞলিত করিদ্বা-ছিলেন,তাহা তথনও পূর্ণমাত্রাদ্ব বিভ্যমান থাকাদ্ব আনেকেই তাঁহাকে স্বগৃহে একাস্কভাবে পাইবার জন্ত লালাদ্বিত ছিলেন, অতএব নিমন্ত্রণের সংখ্যাও ছিল প্রচুর। স্বামীজীর পক্ষে অল্পসমন্ত্রের মধ্যে সকলকে আপ্যাদ্বিত করা সাধ্যাদ্বত্ত ছিল না। কিন্তু একজনের আমন্ত্রণ তিনি পরম সমাদরে স্বীকার করিয়াছিলেন—
সে একটি র্ন্ধার। পূর্বে তিনি তাঁহার গৃহে একবার ভিন্ধা গ্রহণ করিয়াছিলেন;
এবারে তিনি তাঁহাকে বলিয়া পাঠাইলেন, তাঁহার মোটা চাপাটি থাইতে তিনি
বড়ই উৎক্ষ। ওনিয়া ব্নার চিন্তু আনন্দে নাচিয়া উঠিল আর নয়নবয় জলে ভরিয়া
গেল। যথাকালে অভ্যাগত সকলকে পরিবেশন করিতে করিতে তিনি স্বামীজীকে
বলিলেন, "বাছা, আমার তো ইচ্ছা করে তোমাদের ভাল ভাল জিনিস থেতে দিই;
কিন্তু আমি গরীব। ভাল জিনিস কোথায় পাব বল ?" স্বামীজী পরম সম্ভোষসহ ব্র্নার পরিবেশিত থাছগুলি গ্রহণ করিতে করিতে শিয়্মদিগকে বলিলেন,
"দেখছ হে, বুড়ীমার কি স্নেহ—আর এ চাপাটিগুলি কি সাত্ত্বিক!" বুন্ধাকে
দারিন্দ্রো নিৃতান্ত নিপীড়িত দেখিয়া এবং তাঁহার পূর্বেকার স্নেহ-মমতার কথা
ভাবিয়া স্বামীজী বিদায়কালে বুন্ধার অজ্ঞাতসারে গৃহস্বামীর হন্তে একথানি
একশত টাকার নোট দিয়া গেলেন—ঐ ব্যক্তির কোন প্রতিবাদই গ্রাহ্

আলোয়ার হইতে সকলে জয়পুরাভিম্থে যাত্রা করিলেন। সেখানে পৌছিয়া তাঁহারা থেতড়ীর রাজার বাঙ্গলোয় আশ্রয় লইলেন। আশ্রয়স্থলে আরামে বিদিয়া স্বামীজী পূর্বকথা শরণপূর্বক শিশুদিগকে বলিয়াছিলেন, "এখানেই একদিন সামাশু ফকিরবেশে এসেছিলাম—তথন রাজপাচক অনেক মুখনাড়া দিয়ে দিনাস্কে চারটি থেতে দিয়ে যেত; আর এখন পালকের গদিতে শয়নের বন্দো-বস্থ হচ্ছে, কতলোক সেবার জন্ম অহরহ যোড়হন্তে দণ্ডায়মান রয়েছে। এ কথাটি অতি সত্য যে, 'অবস্থা পুজ্যতে রাজন্, ন শরীরং শরীরিণাম্!'" এখানেও শুন্থান্ম লগরবাসী অনেকে তাঁহার সহিত সাক্ষাৎ করিতে আসিতেন। তাঁহাদের সহিত কথাবার্তায় অনেকথানি সময় কাটিত; আবার ষথনই অবসর পাইতেন তথনই তিনি সঙ্গীদিগকে লইয়া শান্ত্রচর্চায় মগ্ন হইতেন। বস্ততঃ এই ল্রমণকালেও তিনটি চিস্তা তাঁহার মনে সর্বদা জাগরক ছিল—প্রথমতঃ সঙ্গীদিগকে

>। 'শ্রীশ্রীলাটু মহারাজের স্মৃতিকণা'র মতে একই সময়ে একজন বড়লোক ও ঐ বৃদ্ধা নিমন্ত্রণ করিতে আসিলে স্বামীজী বৃদ্ধার নিমন্ত্রণই গ্রহণ করেন (৩২০ পুঃ)।

২। বিবেকানন্দ শতবার্বিকী সংখ্যা 'উৰোধনে' (২৪৪ পৃ:) শীযুক্তা জ্যোতির্ময়ী দেবী লিখিয়াছেন যে, খামীলী একবার জরপুরে আসিয়া শীযুক্ত সংসার সেনের বাটাতে উঠিয়াছিলেন। আমাদের বিবাস, ইহা খেডড়ী-রাজের সহিত পরিচলের পূর্বে আবু বাওয়ার পথে হইরাছিল।

উপযুক্ত শিক্ষাদান এবং দ্বিতীয়তঃ সম্ভব হইলে তাঁহাদিগকে বিভিন্নকার্যে বা আশ্রমস্থাপনে নিয়োগ। স্বামীজীর পত্তাবলী হইতে জানা বায়, তিনি কাশ্মীর. পাঞ্জাব, দেরাত্ন ও আলমোড়ায় কেন্দ্র স্থাপনের চেষ্টা করিয়া বার্থকাম হইয়া-ছिলেন। শিশুদের দারা কার্য করাইবার চেষ্টায় বিফল হইয়া তিনি ৮ই ডিসেম্বর খামী ব্ৰহ্মানন্দকে এক পত্ৰে জানাইয়াছিলেন, "আমরা কাল খেতড়ী যাত্ৰা করিব।…থেতডী হইয়া সকলকেই মঠে পাঠাইবার সঙ্কল্প আছে। যে-সকল কাজ এদের দ্বারা হইবে মনে করেছিলাম, তাহার কিছুই হইল না। অর্থাৎ আমার সঙ্গে সঙ্গে থাকিলে কেহই যে কিছুই করিতে পারিবে না—তাহা নিশ্চিত। স্বাধীনভাবে না ঘুরিলে ইহাদের দারা কিছুই হইবে না। অর্থাৎ আমার সঙ্গে থাকিলে কে ইহাদের পুঁছিবে—কেবল সময় নষ্ট। এইজন্ত ইহাদের পাঠাইতেছি মঠে।" পত্তের অপরাংশে আছে, "কাজ আমি চাই—কোন ফাঁকিবাজ চাই না। ষাদের কাজ করবার ইচ্ছা নেই—'যাহ, এই বেলা পথ দেখ' তারা।" তাঁহার তৃতীয় চেষ্টা ছিল, দেশী ও বিদেশী বন্ধদের নিকট অর্থনং গ্রহপূর্বক কলিকাতার মঠটির স্থায়িত্ব সম্পাদন করা। এই তৃতীয় চেষ্টাটি অন্তভাবে কিঞ্চিৎ সঞ্চল হইয়াছিল; ইতোমধ্যে বিদেশ হইতে কিঞ্চিৎ অর্থ আসিয়াছিল এবং উপয়ুক্ত জমি সংগ্রহের চেষ্টা চলিতেছিল।

জয়পুর হইতে ৯ই ডিসেম্বর থেতড়ী অভিমূথে যাত্রা আরম্ভ হইল। দীর্ঘ মরুপথ—৯০ মাইল ধরিয়া চলিয়াছে; প্রাকৃতিক শ্রামলশ্রী নাই, শুধু একবেয়ে বালি ও পথের উত্থান-পতন এবং সরল ও বক্রগতি। তাহার উপর পথশ্রম তো আছেই। কেহ চলিয়াছেন রথযোগে (একপ্রকার গোষানে), কেহ অমপুঠে, কেহ বা উট্রপৃঠে। পথ চলিতে চলিতে কত প্রসঙ্গ, কত আনন্দের কথাই না হইতেছে! আবার কোনও পড়াওয়ে (পথমধ্যে বিশ্রামন্থানে) পৌছাইবামাত্র স্বামীজী সকলকে লইয়া বেদাস্ত-অধ্যাপনে নিময় হইতেছেন। স্বামীজী একবার বিলয়াছিলেন বে, তিনি এক পড়াওয়ে ভূত দেখিয়াছিলেন।

১২ই ডিসেম্বর থেতড়ী-রাজ স্বয়ং বার মাইল পথ অগ্রসর হইয়া স্বামীজীর পাদবন্দনা করিলেন এবং তাঁহাকে স্বীয় ছয় ঘোড়ার গাড়ীতে বসাইয়া রাজধানীতে লইয়া আসিলেন। থেতড়ী রাজ্যে তথন মহাধুমধাম চলিতেছে। রাজা মাত্র কিছুদিন পুর্বে ইওরোপ ভ্রমণাস্থে স্বরাজ্যে প্রত্যাবৃত্ত হইয়াছেন। তত্পলক্ষে প্রজাগণ তাঁহার অভিনন্দন ও আপনাদের হর্ষপ্রকাশের জন্ম মহোৎসবের

আংষাজন করিয়াছে। তাহার উপর আবার রাজগুরুর আগমনে দকলের উৎসাহ দিগুণ বর্ধিত হইয়াছে। তাই ঐ উপলক্ষে দিবসবাপী ভোজ, আতশবাজী, আলোকসজ্জা, সঙ্গীত প্রভৃতি বিবিধ সমারোহের আয়োজন হইয়াছে; রাজ্যের বিশিষ্ট ব্যক্তিগণও অভার্থনার্থ সমবেত হইয়াছেন। সম্মেলনস্থলে স্বামীজী ও রাজা উপস্থিত হইলে উভয়কেই অভার্থনাস্থর অভিনন্দন প্রদত্ত হইল এবং উভয়েই সম্চিত উত্তর দিলেন। অতঃপর পর্বতচ্ড়ায় অবস্থিত একটি মনোহর বাঙ্গলার স্বামীজী ও তাঁহার সঙ্গীদের আবাসস্থল নির্দিষ্ট হইল। এই দলে স্বামীজীর শিশ্ব স্বামী সদানন্দও ছিলেন। তিনি থেতড়ীর ঘটনাবলীর বিবরণ দিয়া 'ব্রহ্মবাদিনে' যে প্রবন্ধ লিথিয়াছিলেন, আমরা তাহার আবশ্বকীয় অংশগুলির অনুবাদ দিলাম:

"রান্তায় যত প্রকার ব্যবস্থা প্রয়োজনাম্ব্রক্ল ও আরামপ্রদ হইতে পারে তাহার সমস্ত ঠিকঠাক করিয়া মহামান্ত থেতড়ী-রাজ থেতড়ী হইতে জয়পুরে পাঠাইয়াছিলেন এবং স্বয়ং বার মাইল অশ্বশকটে অগ্রসর হইয়া স্বামীজীর অভ্যর্থনা করিয়াছিলেন। সমস্ত থেতড়ী নগর আনন্দ ও উৎসাহে পরিপূর্ণ ছিল। ইংলগু ও ইওরোপে ভ্রমণ করিয়া সাফল্যমণ্ডিত মহামান্ত রাজা স্বরাজ্যে ফিরিয়া আসায় এবং ভগবিধানে ঠিক ঐ সময়েই তথায় স্বামীজীর আগমন হওয়ায় জনসাধারণের হলয়ের উৎসাহ বিগুণিত হইয়াছিল ও নাগরিকগণ এক বিরাট ভোজ, উজ্জ্বল দীপালোক, আত্বশাজীর আয়োজন করিয়াছিলেন। (সভায়) রাজাজী ও স্বামীজীকে অভিনন্দনপত্র প্রদত্ত হইলে উভয়েই সম্চিত উত্তর প্রাদান করিলেন।

"১১ই ডিসেম্বর" (১৮৯৭) স্থানীয় বিভালয়ে একটি সভায় রাজা ও স্বামীজী উভয়কেই বিবিধ সমিতির পক্ষ হইতে বহু অভিনন্দন প্রদত্ত হয়; রাজাকে অভিনন্দনপ্রদানকারীদের মধ্যে কলিকাতার রামক্ষণ্ড মিশন, থেতড়ীর শিক্ষাবিভাগ এবং স্থানীয় যুবকর্ন্দের বিতর্ক-সমিতিও (ইয়ং মেনস ভিবেটিং ক্লাব) ছিলেন। তারপর বিভালয়ের অল্পবয়ন্ধ বালকগণ কয়েকটি কবিতা আবৃত্তি করিল; ইহাদের কয়েকটি বিশেষভাবে রাজার সন্ধানার্থ রচিত হইয়াছিল। তারপর সভার

৩। ইংরেজী জীবনীতে ১১ই ডিনেম্বর উল্লিখিত হইলেও (৫০৪ পৃঃ) স্বামীজীর ৮ই ডিনেম্বরের পত্রে ৯ই তারিথে থেডড়ী যাত্রার কথা থাকার ১১ই তারিথ ভূল বলিয়া মনে হয়। থেডড়ী রাজ্যের দিনলিপিও (পরে উট্টবা) ১৭ই তারিথের নির্দেশ করে।

সভাপতি খেতড়ী-রাজের অহরোধে স্বামীজী মেধাবী ছাত্রদের মধ্যে পুরস্কার বিভরণ করিলেন। বিদ্যালয়ের কর্তৃপক্ষ তাঁহাদের বাৎসরিক পুরস্কারবিতরণের ' জন্ম এই অপূর্ব স্থযোগটি গ্রহণ করিয়াছিলেন। রাজাজী সংক্ষেপে উত্তর দিতে গিয়া বিশেষভাবে রামকৃষ্ণ মিশনকে ধলুবাদ জানাইলেন, কারণ মিশনের অধ্যক্ষ সেখানে উপস্থিত ছিলেন।
অবশেষে স্বামীক্ষী স্বীয় স্বাভাবিক বাগ্মিতাবলম্বনে অনর্গল বক্ততার মুথে রাজাকে ধ্রুবাদ জানাইলেন ও তাঁহার উচ্ছদিত প্রশংসা করিয়া বলিলেন যে, তিনি স্বয়ং ভারতের উন্নতিকল্পে সামাল্য যাহা কিছু করিয়াছেন, তাহাও রাজাজীর দকে দাক্ষাৎ না হইলে সম্ভব হইত না। ভারপর শিক্ষাক্ষেত্রে প্রাচ্য ও পাশ্চান্ত্য আদর্শের তুলনা করিয়া তিনি বলিলেন, প্রতীচ্যের উদ্দেশ্য হইল সাংসারিক অভ্যুদয় আর প্রাচ্যের আদর্শ ত্যাগ। তিনি থেতড়ী-বাসী যুবকদিগকে উপদেশ দিলেন, তাহার। যেন পাশ্চাত্ত্যের আদর্শের চাকচিক্যে বিভ্রান্ত না হইয়া পূর্বদেশীয় আদর্শেই অমুরক্ত থাকে। তাঁহার মতে শিক্ষা বলিতে বুঝায়—মাহুষের মধ্যে পুর্ব হইতেই যে দেবত্ব অন্তর্নিহিত আছে উহাকে বিকশিত করা, অতএব শিশুদিগকে শিক্ষা দিবার কালে উহাদের উপর আমাদের যথেষ্ট বিশ্বাস থাকা আবশ্রক। আমাদিগকে বিশ্বাস রাথিতে হইবে যে, প্রত্যেকটি শিশু অসীম দেবশক্তির ভাণ্ডারম্বরূপ এবং আমাদের চেষ্টা হইবে সেই অস্তঃস্ক হুপ্ত ব্রহ্মকে জাগরিত করা। শিশুদের শিক্ষাদানকালে আর একটি স্মরণীয় বিষয় এই যে, তাহাদিগকে মৌলিক চিম্ভা করিবার জন্ম উৎসাহ দিতে হইবে। এই মৌলিকতার অভাবই ভারতের বর্তমান অবনতির কারণ। তিনি বলিলেন, 'কেহই অপরকে শিথাইতে পারে না ; শিশুর উন্নতি নিজ প্রকৃতি অমুধায়ীই হইয়া থাকে, শিক্ষক শুধু উহার সাহায্য করেন।' তিনি শিশুদের শিক্ষার জন্ম যে প্রণালীর নির্দেশ দিয়াছিলেন, উহা অমুস্ত হইলে তাহারা ঠিক ঠিক মামুষ হইবে. এবং জীবনসংগ্রামে নিজেদের সমস্থার সমাধান নিজেরাই করিতে পারিবে।

"তারপর সর্বসম্মতিক্রমে সভাপতিকে ধ্যাবাদদানের প্রস্তাব গৃহীত হইয়। সভার কার্য শেষ হইল।

"অভ্যর্থনাসভায় থেতড়ীর জনগণ প্রাচীন রীতির অমুসরণপূর্বক পাঁচথানি থালা স্বর্ণ-মোহরে পূর্ণ করিয়া রাজাকে উপহার দিল: রাজা আবার ঐ উপঢৌকনের অধিকাংশ রাজ্যের শিক্ষাকার্যের জন্ম দান করিলেন। রাজাকে ভেট প্রদানের পর উপস্থিত সকল রাজকর্মচারী ও প্রজাবৃন্দ শ্রেণীবদ্ধভাবে পর পর স্বামীজীর সম্ব দিয়া যাইতে লাগিলেন এবং প্রত্যেকে তাঁহাকে প্রণামান্তে তুইটি করিয়া রৌপ্যমুদ্রা প্রণামী দিলেন। এই অষ্ট্রানটিতে মোট তুই ঘণ্টা ব্যয়িত হইয়াছিল। থেতড়ী ত্যাগকালে রাজাজী স্বামীজীকে তিন সহস্র টাকা অর্পণ করিয়াছিলেন; উহা স্বামী সদানন্দ ও (বুড়ো) স্বামী সচ্চিদানন্দের মারফত মঠে প্রেরিত হইয়াছিল।

"২০শে ডিসেম্বর মহারাজের রাজপ্রাসাদে স্বামীজী বেদান্ত সম্ব**দ্ধে বক্তৃতা** দিয়াছিলেন। প্রাসাদটি একটি পাহাডের উপর স্থন্দরভাবে নিমিত এবং স্বামীজী শিশ্বগণসহ উহাতে বাস করিতেছিলেন। শ্রোভাদের মধ্যে ছিলেন নগরের বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং জনকয়েক ইওরোপীয়ান। সভাপতির আসনে উপবিষ্ট রাজা স্বামীজীকে শ্রোতাদের সহিত পরিচিত করাইয়া দিলে আচার্যপ্রবর সার্ধ একঘন্টা ব্যাপী যে বক্ততা দিয়াছিলেন, উহাতে তিনি স্বীয় উৎকর্ষের পরাকাষ্ঠা দেখাইয়াছিলেন। তিনি প্রাচীন হুইটি সভ্যতার—গ্রীক সভ্যতা ও আর্য সভ্যতার তুলনা হইতে আরম্ভ করিয়া ইওরোপের উপর-পিথাগোরাস, সোক্রেটিস ও প্রেটোর উপর, নব-প্রেটোবাদীদের উপর এবং পরে স্পেন, জার্মানী ও অপরাপর ইওরোপীয় জাতির উপর, ইতিহাদের বিভিন্ন যুগে, এমনকি আমাদের সমসাময়িক কাল পর্যন্ত ভারতীয় চিন্তা যে প্রভাব বিস্তার করিয়াছে তাহার ইতিবৃত্ত খুলিয়া ধরিলেন। অতঃপর তিনি বেদসমূহ ও বৈদিক কাহিনীসমূহের আলোচনাপ্রসঙ্গে দেখাইয়া দিলেন, উহার মধ্যে কভ বিচিত্র ভাবধারা ও অরবিক্যাস রহিয়াছে। এই সমন্তের পশ্চাতে আছে এই অত্যুজ্জ্বল ভাবটি—'একং সদ্বিপ্রা বছধা বদন্তি।' স্থামীজী বলিলেন—এই বিষয়ে গ্রীকদের সহিত আর্যদের পার্থক্য এই যে, আর্থেরা বহির্জগৎ যাহা শিক্ষা দিতে পারে, তন্মাত্রে সম্ভষ্ট না হইয়া অন্তরাত্মাতে প্রবেশ করিয়াছিলেন এবং আত্মাহুভূতির আলোকাবলম্বনে জীবনসমস্তার সমাধান ক্রিয়াছিলেন। তারপর তিনি দ্বৈতবাদ, বিশিষ্টাদ্বৈতবাদ ও অদ্বৈতবাদের কথা তুলিয়া তাহাদের মধ্যে এই বলিয়া দামঞ্জ স্থাপন করিলেন বে, উহারা বেন অধ্যাত্মামূভূতিতে আরোহণের বিভিন্ন দোপান ; ঐগুলি অবলম্বনে ক্রমে উর্চ্চে উঠিতে থাকিলে অবশেষে স্বাভাবিক রীতিতেই অদৈতাহভূতিতে উহার পরিণতি ঘটে, আর উহার শেষ কথা 'তত্ত্বমসি'। পরে তিনি বলিলেন, 'এখানকার লোক এখন হিন্দুও নহে, বৈদান্তিকও নহে—ভাহারা ছুঁৎমার্গী। রান্নাঘর এখন তাহাদের মন্দির এবং হাঁড়ি দেবতা হইয়া দাঁড়াইয়াছে।'

"স্বামীজীর স্বাস্থ্য তথন ভাল ছিল না। এই পর্যস্ত আসিয়াই তিনি ক্লান্ত হইয়া পড়িলেন, তাই অর্থঘন্টা বিশ্রাম লইলেন। কিন্তু বকুতাটি শেষপর্যন্ত শুনিবার জন্ত শ্রোতারা ধৈর্যসহকারে বিদিয়া রহিলেন। এই বিশ্রামের ফলে অবসাদ বিদ্রিত হওয়ায় তিনি পুনর্বার অর্থঘন্টাকাল বক্তৃতা দিলেন এবং ব্রাইয়া দিলেন বে, জ্ঞানের তাৎপর্য হইল বহুত্বের মধ্যে একত্বের সন্ধান পাওয়া; যথন কোন বিজ্ঞানবিভাগে সর্বপ্রকার বৈচিত্রোর পশ্চাতে অবস্থিত একমাত্র বস্তুকে পাওয়া য়ায়, তথন উহার পরাকাঠা লাভ হয়। বক্তৃতা শেষ করিবার পূর্বে স্বামীজী রাজাকে এই বলিয়া ধলুবাদ দিলেন য়ে, প্রতীচ্যথণ্ড হিন্দুধর্মের শাশ্বত সত্য প্রচারের জন্ত রাজা তাঁহাকে প্রচুর সাহায়্য করিয়াছিলেন। বক্তৃতাটি থেতড়ীবাসীদের মনে স্থায়ী প্রভাব বিস্তার করিয়াছিল।

শিষামীজীর দিক হইতে থেতড়ীর কাজ ছিল যেমন আনন্দায়ক তেমনি বিশ্রামপ্রদ। বক্তৃতা দেওয়া ও নিজের জন্ম আয়োজিত অভ্যর্থনায় যোগ দেওয়া ছাড়া বাকি সময় তিনি অখারোহণ, বিভিন্ন স্থান দর্শন এবং সঙ্গীদের সহিত ও র'জপরিবারের লোকদের সহিত বাক্যালাপে কাটাইতেন।

"একবার যখন খেতড়ী-রাজ ও স্বামীজী অশ্বারোহণে যাইতেছিলেন, তখন স্বামীজী দেখিলেন, রাজার হাত হইতে প্রচুর রক্তপাত হইতেছে; স্বামীজীর গতিপথ হইতে একটি কন্টকপূর্ণ বৃক্ষশাখা স্বহন্তে সরাইয়া ধরার ফলেই এরপ হইয়া থাকিবে। স্বামীজী এই বিষয়ে আপত্তি জানাইলে রাজা উহা হাসিয়া উড়াইয়া দিলেন। তিনি বলিলেন, 'সর্বদা ধর্মকা করাই কি আমাদের কর্তব্য নয়, স্বামীজী ?' যুবক রাজা সত্যই ছিলেন খাঁটি ক্ষত্রিয়।

"স্বামীজীর বিদায়ের সময় আসিলে প্রিয় গুরুর বিরহচিন্তায় বিমর্বহাদয় রাজা জয়পুর পর্যন্ত তাঁহার সহিত চলিলেন। জয়পুরে একটি মন্দির-প্রাঙ্গণে রাজার সভাপতিত্বে একটি সভা আহুত হইয়াছিল এবং স্বামীজী প্রায় পাঁচশত শ্রোতার সম্মুথে বক্তৃতা প্রদান করিলে তাহারা সকলেই সম্ভষ্ট হইয়াছিল। জয়পুর হইতে তিনি তাঁহার সকল শিয়কেই মঠে ফিরিয়া যাইতে বলিলেন এবং নিজের সঙ্গে রাখিলেন শুধু ব্রহ্মচারী ক্রম্ফলালকে।"

স্বামী সদানন্দজী যে বিবরণ দিয়াছিলেন, উহারই পরিপুরকরণে আর একটি বিবরণ অধুনা আবিষ্ণৃত হইয়াছে—উহা খেতড়ী-রাজ্যের দিনলিপি; উহা শ্রীযুক্ত বেণীশঙ্কর শর্মার পুস্তকে ('স্বামী বিবেকানন্দঃ এ ফর্গটেন চ্যাপ্টার' ১২৮১৪৪ পৃ:) ইংরেজী অন্থবাদসহ মৃদ্রিত হইয়াছে। আমরা নিম্নে উহার জ্ঞাতব্যাং-শের বঙ্গান্থবাদ দিলাম:

"১২ই ডিদেম্বর, ১৮৯৭ (রবিবার)। ইংলণ্ড, জার্মানী, ফরাসী ও ইতালী দেশ পরিভ্রমণান্তে মহামান্ত মহারাজ ৬ই নভেম্বর সানন্দে থেতড়ীতে ফিরিয়াছেন। রাজ্যের জায়গিরদার ও উচ্চপদস্থ কর্মচারিবৃন্দ স্থির করিয়াছিলেন যে, আজ তাঁহাকে স্বাগত-সম্ভাষণ জানাইবেন এবং তাঁহার সম্মানার্থ একটি ভোজের আয়োজন করিবেন। এই উপলক্ষে স্বামী বিবেকানন্দজীরও উপস্থিত থাকার কথা, এবং এই তারিথে তিনি আসিতে সমত আছেন জানিয়াই এই দিনটিই স্থিরীকৃত হইগাছে। আজ সেই শুভদিন। রাজাজী তাঁহার দৈনিক কর্তব্য সমাপনাম্ভে একটি ভিক্টোরিয়া গাড়ীতে চড়িয়া সকাল সাড়ে নয়টায় পুকুর ধারে⁸ গেলেন—ইচ্ছা, জায়গাটি কিরূপ সজ্জিত হইয়াছে, দেখিয়া লইবেন; ঐ স্থানেই উৎসবের আয়োজন হইয়াছিল। তারপর দশটার সময় তিনি मुन्नी जगरमाइन नारनंद महिल बामीजीत मःवर्धनात जन (১২ माइन नृतवर्जी) वावारे नामक ज्ञात्न (शत्नन, ज्ञामीजी उथन त्मथात्न (भोडारेग्नाहित्नन। মহারাজ স্বামীজীর পাদপদ্মে একটি স্বর্ণমূলা ও পাঁচটি রৌপ্যমূলা প্রণামী দিলেন এবং দীর্ঘকাল ধরিষা বার্তালাপে নিমগ্ন হইলেন। অপরাত্র চারিটার সময় মহারাজ বৃগিগাড়ীতে (ভিক্টোরিয়াতে) স্বামীজীকে আপনার দক্ষিণ পার্বে ও মুন্সী জগমোহন লালকে সন্মুখের আসনে বসাইয়া খেতড়ী অভিমুখে যাত্রা করিলেন। (নগরের উপকর্ত্তে) জোঝুতে উপস্থিত হইলে নাগরিকদের পক্ষ হইতে স্বামীজীকে আরতি করা হইল। ঠাকুর রামবক্সজী ও মুন্দী লক্ষীনারায়ণজী অশ্বারোহীদের সহিত অপেক্ষা করিতেছিলেন, তাঁহারা এখন শোভাযাত্রায় যোগ দিলেন। পথে বছ স্থানে স্বামীজীকে আরতির সহিত স্বাগত জানানো হইল। পুন্ধরিণীর দিকে মুধ করিয়া যে মন্দির-প্রাসাদটি অবস্থিত আছে, স্বামীজীকে উহাতে বসানো হইল। মন্দিরের প্রধান পুরোহিতও (অধিকারীজী) আরতি क्तिरलम ७ ठाति । तो भागूना मान कतिरलम । मूनी नच्ची नात्रायण्डी ७ रजात्रजी প্রত্যেকে বিশটি মুদ্রা দিলেন এবং গণেশ দারোগা ও (বাঙ্গালী ডাক্তার) বাবু জীবন দাস একটি করিয়া মুদ্রা দিলেন। তারপর মহারাজ সাহেব স্নান সারিয়া

গালালাল তালাব। এই পুকুর বা দীঘির পাড়েই পুর্ববারে ও এইবারে স্থামীজার
 অভ্যর্থনা হইরাছিল। রাজবাটী (বা বর্তমান রামকৃক্ মিশনের কেন্দ্র) হইতে উহা ধুবই কাছে।

পোশাক পরিতে গেলেন ; অপর সকলে সভান্থলে উপস্থিত হইলেন। সন্ধার্টিক সাড়ে সাভটায় রাজাসাহেব স্বামীজীর সহিত সভাস্থলাভিম্পে চলিলেন— স্বামীজী সন্ধিগণসহ সন্মুথে চলিলেন, আর তাঁহাদের পশ্চাতে চলিলেন রাজাসাহেব। মন্দির-প্রাসাদ হইতে সভামগুপ পর্যন্ত লাল সালু বিস্তৃত ছিল। রাজাসাহেব একটি সাদা গদিতে বসিলেন আর তাঁহার দক্ষিণে গালিচার উপর স্বামীজী সদলবলে উপবিষ্ট হইলেন। সমবেত সকলেও আসন গ্রহণ করিলেন এবং সম্মান প্রদর্শনের জন্ত সকলে স্বামীজীকে অর্থ প্রদান করিলেন। দিন-লিপিতে উল্লিখিত আছে যে, এই দানের পরিমাণ ছিল ১৪৮ টাকা। "এই উপহার প্রদানকালে কলাবৎদিগের সন্ধীত চলিতেছিল। তারপর মুন্দী জগমোহন লাল উঠিয়া দাঁড়াইলেন ও একটি অভিনন্দন পাঠ করিলেন।" এই অভিনন্দনের নিম্নে বহু গণ্যমান্ত ব্যক্তির নামসহিছিল। "তারপর স্বামীজী একটি ভাষণ দিতে গিয়া রাজাসাহেবের প্রশংসা করিলেন। পরবর্তী বক্তা ছিলেন ঠাকুর রামবক্স সিংহ। ইহার পরে রাজাসাহেব একটি যথাঘোগ্য প্রত্যুত্তর দিলেন। বক্তৃতান্তে তিনি আসন গ্রহণ করিলে শ্রোতাদের চিত্তবিনোদনের জন্তু কর্পদানীত আরম্ভ হইল।

"ইহার পর স্বামীজী ও তাঁহার সঙ্গীদিগকে পুরোভাগে রাথিয়া রাজাসাহেব মিলরের পশ্চাতে যেথানে ভোজনের আয়োজন হইতেছিল সেথানে উপস্থিত হইলেন। সেথানে আসন ও চৌকি প্রস্তুত ছিল; অতিথিরা সকলে উপবেশন করিলেন। প্রায় আড়াই শত অতিথি ছিলেন। ভোজনাস্তু ঠাকুর রামবক্সজী স্বামীজীকে মাল্যভূষিত এবং চন্দন ও অগুরুতে লিপ্ত করিলেন। আটিটার সময় তাঁহারা ঐ স্থান ত্যাগ করিলেন ও পুন্ধরিণীর ধারের দোকানগুলি হইতে আতশবাজী দেখিয়া বিগিগাড়ীতে চড়িয়া রাজপ্রাসাদে গেলেন। স্বামীজীকে (মহারাজের নিজ বাসস্থান) স্থেমহলে থাকিতে দেওয়া হইয়াছিল। সমস্ত পুন্ধরিণীটি মৃত্তিকাধারে প্রজ্ঞলিত দীপে সজ্জিত ইইয়াছিল, ঘাটে তরক্সাকারে কক্র বংশোপরি অর্ধচন্দ্রাকারে দীপাবলী সজ্জিত ছিল। সমগ্র (প্রাচীন হর্গ) ভোপালগড়েও বে আলোকসজ্জা হইয়াছিল তাহাতে তের মণ ত্রিশ সের তৈল থরচ হইয়াছিল।

^{ে।} রাজা বা মহারাজের দক্ষিণের আসন অতি সম্মানিত ব্যক্তিকে দেওয়া হইয়া পাকে ।

"১৩ই ভিসেম্বর, ১৮৯৭, সোমবার। রাজাসাহেব স্থমহলে গিয়া স্বামীজীব সহিত বার্তালাপ করিলেন।

"১৪ই ভিদেম্বর, ১৮৯৭, মঞ্চলবার। সন্ধ্যায় স্বামীজীর সহিত রাজাসাহেব অজিত-নিবাস-বাগ উত্থানে গেলেন। ফিরিয়া তিনি স্বামীজীর বাসস্থান স্থ-মহলে গেলেন ও স্বামীজীর সহিত বার্তালাপ করিলেন। আটটার সময় রাজা-সাহেব স্বীয় প্রাসাদে ফিরিলেন।

"১৫ই ডিসেম্বর, ১৮৯৭, বুধবার। স্বামীজী রাত্রে আসিলেন ও উভয়ে সরদ মহলে (ঠাণ্ডা প্রাসাদে) আলাপ করিলেন। সাড়ে নয়টায় স্বামীজী চলিয়া গেলেন।

"১৭ই ডিসেম্বর, ১৮৯৭, শুক্রবার। দেড়টার সময় রাজাসাহেব বিভালয়ে গেলেন। স্বামীজী পূর্বেই সেথানে উপস্থিত হইয়াছিলেন। একটি সভার আয়োজন হইয়াছিল। প্রধান শিক্ষক শহরলালজী নিজের ও শিক্ষকবর্গের পক্ষ হইতে রাজাসাহেব ও স্বামীজীকে তুইটি অভিনন্দনপত্র প্রদান করিলেন। রাজাসাহেব স্বীয় ভাষণে ধলুবাদ প্রকাশ করিলেন ও অতঃপর স্বামীজীকে সমন্দ অজিত-সাগর দেখাইতে লইয়া গেলেন। বিভালয়ের ছাত্রেরা আসিয়া ছুটি চাহিলে তাহাদিগকে তুই দিনের ছুটি দেওয়া হইল এবং মিষ্টি থাওয়ার জল্প পনর টাকা দেওয়া হইল।…

"২০শে ডিসেম্বর, ১৮৯৭, শনিবার। স্বামী বিবেকানন্দ আসিয়া রাজাসাহেবের সহিত বেড়াইতে বেড়াইতে গল্প করিতে লাগিলেন। পরে উভয়ে
বারাগুায় গিয়া দীর্ঘকাল আলাপ করিলেন। সাতটার সময় রাজাসাহেব
স্থামীজীর সহিত স্থমহলে গেলেন। সেথানে স্বামীজীর ধর্মবক্তৃতা দিবার
কথা ছিল। অক্যান্ত অনেকে সেথানে চেয়ারে উপবিষ্ট ছিলেন। স্বামীজী
বক্তৃতা দিলেন।

"২১শে ডিসেম্বর, ১৮৯৭, রবিবার। আজ সাড়ে চারিটায় রাজাসাহেব স্বামীজীর চারিজন সেবক ও স্বামীজীর সহিত বগিগাড়ীতে জ্বপুর যাত্র। করিলেন। সন্ধ্যায় বাবাই পৌছাইয়া সেধানে রাত্রিযাপন ও গরগুজব করিলেন। ২৪শে ডিসেম্বর জ্বপুর পৌছাইলেন।

। কে কে স্বামীজীর সঙ্গে ছিলেন, তাহা আমরা ঠিক করিতে পারি নাই; ভবে এই
কয়জন অবশুই ছিলেন—বামী অভুতানন্দ, সদানন্দ, সভিদানন্দ ও বন্ধচারী কুকলাল।

"২৭শে ডিসেম্বর, ১৮৯৭। ছয়টার সময় রাজাসাহেব স্বামীজীর সহিত গোবিন্দ দাসের উভানে গেলেন; সেথানে স্বামীজী বক্তৃতা দিলেন।

"১লা জাত্ত্বারি, ১৮৯৮, শনিবার। স্বামী বিবেকানন্দ আসিলেন এবং অভিবাদনাদির পরে রাজাসাহেবের সহিত আলাপ করিতে লাগিলেন। আজ স্বামীজীর জয়পুর ত্যাগের কথা। অতএব রাজাসাহেব ও মৃঙ্গী জগমোহন লাল তাঁহাকে ট্রেনে তুলিয়া দিবার জন্ম আটটার সময় রেল স্টেশনে গেলেন। স্বামীজী আজমীঢ়ে গেলেন ও রাজাসাহেব প্রাসাদে ফিরিলেন।"

বাঙ্গলা জীবনীর মতে জয়পুরের সভাটি হইয়াছিল থেতড়ী-রাজের সভাপতিত্বে একটি মন্দির-প্রাঙ্গণে। সভায় প্রায় পাঁচশত শ্রোতা উপস্থিত ছিলেন। এখান হইতে স্বামীজী শুধু ব্রন্ধচারী কৃষ্ণলালের সহিত কিষেণগড়, স্মাজমীচ, যোধপুর, ইন্দোর, খাণ্ডোয়া প্রভৃতি স্থান হইয়া কলিকাতায় প্রত্যাগমন করেন।

যোধপুরে তিনি রাজ্যের প্রধান অমাত্য রাজা স্থার প্রতাপ সিংহের গৃহে আতিথ্য স্বীকারপুর্বক প্রায় দশ দিন অবস্থান করেন। পথে প্রত্যেক ক্টেশনেই বহু সংখ্যক ব্যক্তি সমবেত হইয়া তাঁহার সংবর্ধনা করিয়াছিল। অতঃপর খাণ্ডোয়ায় উপস্থিত হইয়া যথন তিনি পূর্বপরিচিত উকিল শ্রীযুক্ত হরিদাস চট্টোপাধ্যায় মহাশয়ের গৃহে উঠিলেন, তথন তাঁহার প্রবল জর। আট-দশ দিন সকলের ঐকান্তিক সেবাভ্রমধায় জ্বর সারিয়া গেলে তিনি পুনরায় ধাতার উচ্ছোগ করিলেন। বিদায়ের পূর্বদিবস হরিদাসবারু স্বামীজীর চরণ ধারণপূর্বক দীকার জন্ম প্রার্থনা জানাইলে স্বামীজী বলিলেন, "আমি চেলার দল বাড়াতে বা গুরুগিরি করতে চাই না। যারা গুরুগিরির অভিমান করে, তাদের দ্বারা দেশের বা নিজের কোন উপকার সাধিত হয় না। তবে এই সোজা সত্য কথাটি মনে রাথবেন যে, মাহুষে যা করেছে, তা সাধন করে পাওয়া মাহুষের সাধ্যায়ত্ত। প্রত্যেক মাহুষের মধ্যে সর্বশক্তিমতার বীব্দ বিভ্যমান।" স্বামীক্ষী যে দীক্ষা দিতেন না তাহা নহে; তবু কোন্ গৃঢ় অভিপ্রায়ে তিনি এইক্ষেত্রে বিরত রহিলেন, হরিদাদবাবুর ন্যায় সজ্জনের প্রার্থনা অপূর্ণ রাখিলেন, তাহা এক্ষণে অমুমান করাও তুঃদাধ্য। নিগৃঢ় কারণ অবশুই ছিল। সা্ধারণতঃ দেখা ঘাইত যে, তিনি চাহিবামাত্র দীক্ষা দিতেন না; প্রত্যেক প্রার্থীর প্রকৃতি বিশেষভাবে পর্যবেক্ষণাস্তে যাহাকে যেরপ অধিকারী মনে হইত, তাহাকে দেইরূপ পথে

পরিচালিত করিতেন এবং তদম্রূপ মন্ত্রাদি দিতেন। এইভাবেই কেহ ভব্জি, কেহ জ্ঞান, কেহ কর্ম বা কেহ রাজ্যোগের সাধনপদ্ধতি শিক্ষা পাইত, এবং স্বীয় আদর্শ অমুসরণপূর্বক অভীষ্টলাভের পথে অগ্রসর হইত। অধিকস্ক সকলকেই তিনি বলিয়া দিতেন, "আত্মনির্ভরতা ভিন্ন শ্রেষ্ঠতর সাধন নাই।"

খাণ্ডোয়া ত্যাগ করিয়া তিনি ক্রমে রাটলাম জংশন স্টেশনে পৌছাইলেন।
শরীর তথন তাঁহার ভাল ছিল না, বিশ্রাম অত্যাবশুক হইয়া পডিয়াছিল।
অতএব যদিও গুজরাট, বরোদা ও বোম্বে প্রেসিডেন্সীর বিভিন্ন স্থান হইতে
প্রচারকার্যে গমনের জন্ম আগ্রহপূর্ণ রাশি রাশি টেলিগ্রাম ও পত্র আসিয়াছিল,
তথাপি তিনি সেসব অস্বীকারপূর্বক আপাততঃ গুজরাটের পথ না ধরিয়া
কলিকাতায় প্রত্যাবর্তনের সিদ্ধান্তই গ্রহণ করিলেন। পথে জ্বলপূর স্টেশনে
বহু লোক তাঁহার অভ্যর্থনার জন্ম উপস্থিত ছিল; কিন্তু তিনি নামিলেন না—
সোজা কলিকাতায় চলিলেন।

বক্তার মাধ্যমে স্বামীন্সীর ভারতীয় প্রচারকার্য এখানেই শেষ হইল বলিলেও অত্যুক্তি হয় না। অবশু তিনি পরেও পূর্বক ও আসামে কয়েকটি বক্তা দিয়াছিলেন; কিন্তু সেগুলির তেমন উল্লেখযোগ্য অম্বলিপি সংরক্ষিত হয় নাই। শারীরিক অপারগতাবশতঃ এখন হইতে তাঁহাকে স্বীয় বাণীকে বাস্তবে পরিণত করার জন্ম অস্থ উপায়ের উপর নির্ভর করিতে হইয়াছিল; এই উপায়গুলি ছিল—স্থায়ী কেন্দ্র স্থাপন, শিশ্যদিগকে কার্যের জন্ম প্রস্তুত্ত করা, এবং সাময়িক পত্রে প্রবন্ধ প্রকাশ, ব্যক্তিগত পত্রালাপ ও উপদেশের সাহায্যে স্বীয় চিন্তাধারার স্থাপন্ট ছাপ রাখিয়া যাওয়া। সে দাগ ছিল অনপদরণীয়, আর সে ভাবরাশির কার্যকরী শক্তি ছিল অসীম, অদম্য। তাই আজও উহা পূর্ণোগ্যমে ফলপ্রসব করিয়া চলিয়াছে এবং শত শত বৎসর ধরিয়া অপ্রতিহতগতিতে ঐরপ করিতে থাকিবে। ভারতের ত্র্ভাগ্য যে, তাঁহার সক্রিয় জীবনকাল, শুধু সক্রিয় কেন, মোট জীবনকালই বড় অল্প ছিল; কিন্তু আশ্তর্যের বিষয় এই যে, এই অত্যল্প কালের মধ্যেও তিনি জনসাধারণের নিকট আত্যোন্নতির এমন এক সহজ্বলভ্য অফুরস্ত শক্তিভাগ্যর খুলিয়া ধরিয়াছেন যে, ভাবিলে অবাক হইতেহয়—একজন মাহুষের পক্ষে এত সম্ভব হইল কি করিয়া!

ভারতভূমির পুনরভূত্থানের জন্ম স্বামীজী যে বার্তা প্রচার করিলেন তাহা সংক্ষেপে বলিতে গিয়া ইংরেজী-জীবনীকারগণ লিথিয়াছেন যে, তিনি ধর্মের

পুন:প্রতিষ্ঠার জন্ম জাতির বিভিন্ন শাখার এমন একটি সাধারণ মিলনভূমির প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করিয়াছিলেন, যাহাকে ভিত্তি করিয়া ভারত পুর্বাপেক্ষাও শক্তিশালী ও গৌরবমণ্ডিত হইতে পারে। ভারতবাসীরা যে সংস্কৃতি উত্তরাধিকারস্থকে পাইয়াছে, উহার মূল্য ও ভাবী সম্ভাবনার কথা বলিতে গিয়া তিনি অস্তান্ত সভ্যতার সহিত উহার তুলনা করিয়া দেখাইয়া দিলেন, উহার মান স্বাধিক এবং উহা সভাই অভি গৌরবের বস্তু। এই প্রকার তথাাবিদ্ধারের ফলে ভারতবাদীর মনে স্বীয় জন্মভূমি ও তাহার রুষ্টি ও ঐতিহ্যের প্রতি অধিকতর প্রীতি ও শ্রন্ধার উদ্রেক হইল। তাঁহার মতে ভারতীয় জীবনকে প্রাচীন ধারা অবলম্বনেই অগ্রসর হইতে হইবে, যদিও এই গতিপথে উন্নতির উপযোগী সর্ব-প্রকার সামগ্রী অপরের নিকট হইতে সাদরে গ্রহণপূর্বক ভারতেরই চিরাচরিত রীতি অবলম্বনে দেগুলিকে আপনার মতো পরিবর্তিত করিয়া লইতে হইবে। ভারতমাতার প্রতি যদি আমাদের প্রকৃত শ্রদ্ধা থাকে এবং তাঁহার পুনরুদ্বোধনের ব্রত যদি আমরা গ্রহণ করিয়া থাকি, তবে অতীতের ধারা ও মর্মকথাকে সর্বতো-ভাবে অঙ্গীকার করার পরেই মাত্র নবীনকে বরণ করার কথা উঠিতে পারে। আর স্বামীজীর মতে আমাদের এই উত্তরাধিকার বলিতে প্রধানতঃ ও প্রথমতঃ ধর্মকেই বুঝায়। ভারতীয় জীবনস্রোত অতীতকালে এই আধ্যাত্মিক থাতেই প্রবাহিত হইয়াছিল এবং জীবনের অক্যান্ত ক্ষেত্রে যে বারি সেচনের প্রয়োজন হইয়াছিল, তাহা এই প্রধান স্রোতম্বতী হইতেই দিঞ্চিত হইয়াছিল। অতীত কালে কতবারই না ধর্ম ভারতীয় জীবনকে বিবিধ সন্ধট হইতে রক্ষা করিয়াছে। বিপদকালে ধর্মই সাংসারিক ক্ষেত্রেও জাতিকে সবল ও আত্মন্থ করিয়াছে। ষধনই কোন প্রচলিত সমাজনীতি বা রাষ্ট্রনীতিতে ক্রটি বা দৌর্বলা লক্ষিত হইয়াছে, তথন আধ্যাত্মিকতাই উহার প্রতিকারের নবীন পদা নির্দেশ করিয়াছে। **অ**তএব ভারতের পুনঞ্জীবনের প্রকৃষ্ট উপায় হইল আধ্যাত্মিক আদর্শে উহার ভাবী কার্যধারা গড়িয়া তোলা। সর্বোপরি তিনি দেখাইলেন যে, ব্যক্তির সততা, আত্মশ্রমা, সবলতা, ধর্মপ্রাণতা ইত্যাদিরই উপর জাতির শক্তি-সামর্থ্য নির্ভর করে। অতএব জাতির পুনর্গঠনকার্য সার্থক করিয়া তোলার জন্ম বিভিন্ন ক্লেত্রে বিচিত্র পরিবেশমধ্যে প্রতিষ্ঠিত প্রত্যেক ব্যক্তিকে স্বীয় ধর্মভিত্তিক চরিত্র গঠনের প্রতি অধিকতর মনোনিবেশ করিতে হইবে; বিশেষতঃ সাহস, বীর্য, আজু-বিশ্বাস, স্বার্থত্যাগ ও অপরের দেবার প্রতি দৃষ্টি রাখিতে হইবে। ভবিক্তৎ

উন্নতিসাধনের জন্ম তিনি ভারতীয় যুবকদের প্রতিই অধিক আন্থাবান ছিলেন এবং ভারতের সনাতন আদর্শ—ত্যাগ ও সেবার কথাই তিনি তাহাদিগকে বিশেষভাবে শুনাইয়াছিলেন (৫৩৭-৩৮ পঃ)।

বান্ধলা-জীবনীতে উল্লিখিত আছে যে, স্বামীজী ঐ সময়ে অক্সান্ত সামাজিক সমস্যা সম্বন্ধেও অনেক কথা বলিয়াছিলেন। যথা—"আন্তর্জাতিক বিবাহ-প্রথার প্রচলন ঘারা জাতিভেদের উচ্ছেদসাধন"; "একাধিক বিবাহ-নিবারণ"; "অবিবাহিতের সংখ্যারুদ্ধি আবশ্রক"; "ধনী ও দরিদ্রের মধ্যে বৈষম্যাপসারণ, জনসাধারণের মধ্যে শিক্ষাবিস্তার" এবং "আহারের স্থব্যবস্থা করিয়া ভাহাদের অবস্থার উন্নতিসাধন"; "স্থবিবেচনাসহকারে সংস্কৃতবিভার বিস্তার"; "জাতীয় ভিত্তিতে আবাসিক বিশ্ববিচ্ছালয় স্থাপন" এবং "পাশ্চাত্তা দেশে হিন্দুধর্ম ও দুর্শন প্রচার এবং তদ্বিনিময়ে ব্যাবহারিক বিভাশিক্ষার জন্ম বহুসংখ্যক শিক্ষিত যুবককে তত্তদেশে প্রেরণ।" শ্রীযুক্ত প্রমথনাথ বস্থ মহাশয়ের দারা উল্লিখিত এই বিষয়গুলির বিস্তৃত পরিচয় পাঠকগণ স্বামীজীর গ্রন্থাবলীতে পাইবেন। আমাদের শুধ বব্ধব্য এই ষে, বিবাহ ও জাতিভেদ প্রভৃতি সামাজিক বিষয়ে স্বামীজী সাধারণতঃ কোন প্রকার চরম সিদ্ধান্ত বলিতে রাজী ছিলেন না: কথাচ্চলে তখনকার মতো কোনও অভিপ্রায় প্রকাশ করিলেও পরে উহার কিঞ্চিৎ পরিবর্তন, পরিবর্জন বা পরিবর্ধনাদিও করিতেন। আন্তর্জাতিক বিবাহ সম্বন্ধে তাঁহার মত থুব স্থম্পষ্ট বলিয়া মনে হয় না। বিধবাবিবাহ বিষয়েও তিনি স্থাস্থাই মত দিতেন না। বলিতেন, বিধবাদের সমস্তা-সমাধান শিক্ষিতা বিধবারাই করিবে। তবে তিনি বাল্যবিবাহের সম্পূর্ণ বিরোধী ছিলেন। পানাহার বিষয়ে তিনি মধ্যযুগীয় স্মৃতিবিধান অপেকা স্বাস্থ্যবিজ্ঞানের উপর অধিক আন্থা রাখিতেন। ছুঁৎমার্কের তিনি সম্পূর্ণ বিরোধী ছিলেন। আর তিনি বলিতেন যে, শিক্ষার উপযুক্ত বিস্তার হইলে জনসাধারণ নিজেদের বুদ্ধি-বিবেচনা অহ্যায়ী সমাজব্যবন্থা নিজেরাই গড়িয়া লইবে. ঐ বিষয়ে এখন হইতে বাঁধা-ধরা পথ ছবিয়া দেওয়া অনাবশুক ও অন্যায়। সমাজে সাম্যস্থাপন ও ভোগাধিকার নিরসনের কথাও তিনি শুনাইয়াছিলেন; কিন্তু সে সাম্য স্বাসিবে উচ্চবর্গকে স্ববনত করিয়া নহে, প্রত্যুত সকলকে শিক্ষা ও সংস্কৃতির সাহায়ে ব্রাহ্মণত্বে উন্নীত করিয়া। ফলত: সমাজের সমস্ত গতি ও প্রচেষ্টা হইবে ধর্মভিত্তিক, আর সংঘর্ষ অপেক্ষা পরস্পারের সেবাই হইবে বাঞ্নীয় কার্যধারা।

কিন্তু ধর্ম বলিতে স্বামীক্ষী আচার-ব্যবহারমাত্রকে বুঝিতেন না। ভারতীয় বক্ততাগুলিতে এবং চিঠিপত্র ও বার্তালাপের মাধ্যমে তিনি ধর্ম সম্বন্ধে বেসব কথা বলিয়াছিলেন, তাহার নিম্বর্গ এই: বাহাচার হইতে অমুভৃতিমূলক প্রকৃত ধর্মকে পৃথক্ করিয়া বুঝিবার জন্ম উহাকে আধাাত্মিকতা বলিলে বরং ভাল হয়। এই অমুভৃতিই হইল ধর্মের মূল বস্তু, অমুভৃতিনিরপেক্ষ যে ধর্ম তাহা মামুষকে মুক্তিপথে পরিচালিত না করিয়া বরং বিভ্রান্ত করে। আবার ধর্মকে ভুধু বৌদ্ধিক ক্ষেত্রে আবন্ধ না রাথিয়া ব্যক্তিগত জীবনে ও সমাজে কার্যে পরিণত করিতে হইবে। কর্মযোগকে টীকা ও ভাষাদির সমত কেবল শাস্ত্রীয় যাগাঁযজ্ঞ বা ত্রত ও আচারাদির গণ্ডীতে সীমিত না রাখিয়া মানবন্ধীবনের বিস্তৃত্তর সর্ব-ক্ষেত্রে অনুসরণীয় বলিয়া জানিতে হইবে; বস্তুতঃ জীবনের প্রতি কার্যকে ধর্ম-ভাবের দারা অহুস্থাত করা চলে ও উহা বর্তমান যুগের পক্ষে অত্যাবশুক। অধিকল্প সাধনার চারিটি পথ-কর্ম, ভক্তি, যোগ ও জ্ঞানকে পরস্পর বিচ্ছিন্ন ও অসংবন্ধ না ভাবিয়া পরস্পরদময়িতরূপে জীবনের অবিচ্ছিন্ন অংশ বলিয়া গ্রহণ করিতে হইবে। কর্ম, ঈশ্বরামুর্জি, নীর্ব ধ্যান ও বিচার প্রত্যেকের জীবনে স্বভাবত: অল্লাধিক বিকশিত ও অমুস্ত হইয়া থাকে। যাঁহারা একটিমাত্র পথকে প্রাধান্ত দিতে চাহেন, তাঁহারা তাহাই করুন; কিন্ধ সাধারণ মানবের পক্ষে সমন্বয়ের পথই প্রশন্ততর। এই যোগসমন্বয়ের আলোচনাকালে ধর্মসমন্বয়ের কথাও স্মরণীয়। শ্রীরামক্লফ প্রদশিত এই সমন্বয়াবলম্বনেই ধর্মবিরোধের অবসান হইবে এবং প্রত্যেক জীবনে শাস্তি প্রতিষ্ঠিত হইবে। ত্যাগ ও সেবা প্রত্যেক সাধকের সাধনার প্রধান অবলম্বন হইবে : এমন কি এই আদর্শে প্রণোদিত হইয়া ব্যক্তিগত मुक्तिवामनारक खनाक्षनि मिर्छ इटेरव। श्वामी खी এटेक्स मर्वमृक्तित्र कथा শুনাইলেন এবং স্বমৃক্তির বাসনাকে স্বার্থপরতার পর্যায়ভুক্ত করিয়া সর্বমৃক্তিচেষ্টাকে উচ্চতর আসন দিলেন। আবার অবতারবাদ ইত্যাদি মানিয়া লইয়াও তিনি ব্যক্তি ও ধর্মগ্রন্থাদি অপেকা ধর্মের মূল তথাগুলিকে অধিকতর মূল্যবান বলিয়া প্রচার করিলেন। যেসকল ধর্মামুষ্ঠানে বা ধর্মাদর্শে আপনাকে অহথা অত্যন্ত হীন মনে করিতে হয়, অথবা যেদব আচার অমুষ্ঠানে ভাবাবেগ, অঙ্গবিকার ইত্যাদিকে অধিক মূল্যবান বলা হয় এবং তাহার ফলে জাতীয় জীবনে ত্র্বলভার আসন প্রতিষ্ঠিত হয়, উহার পরিবর্তে তিনি সেই সব আচার ও চিম্বা প্রণালীকেই অধিকতর সমান দিলেন, যাহাতে মাহুষকে সবল ও আত্মশ্রদাবান করে। স্থৃতি ও পুরাণাদি অপেক্ষা বেদ ও উপনিষৎ তাঁহার দৃষ্টিতে অধিকতর নির্ভরযোগ্য। ফলত: বিচারমূলক ও তথ্যবহল বেদাস্তশাস্ত্রই হইবে সর্বশাস্ত্রে ভিজিভূমি। বৈত, বিশিষ্টাবৈত প্রভৃতি সব মতই সত্য হইলেও চরম সত্য নিহিত আছে বেদাস্তে—অবৈতায়ভূতিতে; অফ্যান্ত সাধন ঐ চরমতত্বে পৌছাইয়া দিবার পথ বা সোপান হিসাবেই গ্রহণীয়। এইরপে স্বামীজী ধর্মক্ষেত্রে এমন এক নবীন দৃষ্টিভঙ্গী আনিয়া দিলেন, যদবলম্বনে মাহ্মবের মন অর্থহীন আচার-বিচারের নিগড় হইতে মৃক্তি পাইল, অথচ অফ্রচানাদিরই সাহাযেয় ব্যক্তিগতভাবে ধর্মপথে অগ্রগমনের ও সকলকে উন্নত করার পথেরও সন্ধান পাইল; এককথায় পথল্রাস্ত মানবজাতি অন্ধকারে আলোকের সাক্ষাৎ পাইল। মনে রাখিতে হইবে, স্বামীজীর কম্বত্তি যে নববার্তা বিঘোষিত হইয়াছিল, তাহা স্থান-কাল-পাত্রাহ্যমামী বিচিত্ররূপে রঞ্জিত হইলেও মূলত: উহা ছিল শাশ্বত বিশাস্থারই বাণী এবং উহা নিনাদিত হইয়াছিল প্রকৃতপক্ষে স্থান-কাল-পাত্রনির্বিশেষে শাশ্বতকালের জন্ম ও বিশ্বস্থনীন কল্যাণ্যাধনার্থ।

স্বপ্নের রূপায়ণ

রাটলাম হইতে স্বামীন্দ্রী ঠিক কোনদিন কলিকাতায় ফিরিলেন বলিতে পারি না; তবে উহা নিশ্চয়ই ৬ই ফেব্রুয়ারির পূর্বে। ৬ই ফেব্রুয়ারিতে একটি স্মরণীয় ঘটনা 'স্বামি-শিয়্যা-সংবাদে' ('বাণী ও রচনা,' ৯।৬৯-৭১ পৃঃ) মৃদ্রিত হইয়াছে।

"শ্রীরামকৃষ্ণদেবের পরম ভক্ত শ্রীযুক্ত নবগোপাল ঘোষ মহাশন্ন ভাগীরথীর পশ্চিম তীরে হাওড়ার অন্তর্গত রামকৃষ্ণপুরে নৃতন বসতবাটী নির্মাণ করিয়াছেন। নবগোপালবার ও তাঁহার গৃহিণীর একান্ত ইচ্ছা—স্বামীজী দারা বাটীতে শ্রীরামকৃষ্ণ-বিগ্রহ স্থাপন করিবেন। স্বামীজীও এ প্রস্তাবে সন্মত হইয়াছেন। নবগোপালবারুর বাটীতে আজ' ততুপলক্ষে উৎসব। ঠাকুরের সন্ম্যাসী ও গৃহী ভক্তগণ সকলেই আজ তথায় ঐ জন্ম সাদরে নিমন্ত্রিত। বাটীখানি আজ ধ্বজপতাকান্ন পরিশোভিত, সামনের ফটকে পূর্ণঘট, কদলীরুক্ষ, দেবদাক পাতার তোরণ এবং আত্রপত্রের ও পূস্পমালার সারি। 'জন্ম রামকৃষ্ণ' ধ্বনিতে রামকৃষ্ণপুর আজ প্রতিধ্বনিত।

"মঠ হইতে তিনথানি ডিঙ্গি ভাড়া করিয়া স্বামীজীর সঙ্গে মঠের সন্ন্যাসী ও ব্রহ্মচারিগণ রামকৃষ্ণপুরের ঘাটে উপস্থিত হইলেন। স্বামীজীর পরিধানে গেরুয়া রঙের বহির্বাস, মাথায় পাগড়ি—থালি পা। রামকৃষ্ণপুরের ঘাট হইতে যে পথে তিনি নবগোণালবাব্র বাটীতে ঘাইবেন, সেই পথের ছই ধারে অগণিত লোক তাঁহাকে দর্শন করিবে বলিয়া দাঁড়াইয়া রহিয়াছে। ঘাটে নামিয়াই স্বামীজী 'ছথিনী ব্রাহ্মণী কোলে কে শুয়েছ আলো ক'রে, কেরে ওরে দিগম্বর এসেছ কুটীরঘরে'—গানটি ধরিয়া স্বয়ং খোল বাজাইতে বাজাইতে অগ্রসর হইতে লাগিলেন। আর ছই-ভিনথানা খোলও সঙ্গে সঙ্গে বাজিতে লাগিল এবং সমবেত ভক্তগণের সকলেই সমস্বরে ঐ গান গাহিতে গাহিতে তাঁহার পশ্চাৎ পশ্চাৎ চলিতে লাগিলেন। উদ্ধাম নৃত্য ও মুদক্ষধানিতে পথঘাট মুখরিত

১। 'স্বামি-শিশ্ব-সংবাদে' তারিথ ৩ই কেব্রুয়ারি, ও তিথি মাথী পূর্ণিয়া দেথিয়া মনে হয়, ইহা ১৮৯৮এর ঘটনা; পূর্ববৎসর ঐ সময় স্বামীজী মাক্রাজে ছিলেন। মঠ আলোচ্য দিনে আলমবাজারে ছিল বলিয়া অন্ত্রমিত হয়।

হইয়া উঠিল। লোকে বখন দেখিল, স্বামীক্রী অক্তাক্ত সাধ্গণের মতো সামাক্ত পরিচ্ছদে খালি পায়ে মুদক বাজাইতে বাজাইতে আসিতেছেন, তখন অনেকে তাঁহাকে প্রথম চিনিতেই পারে নাই এবং অপরকে জিজ্ঞালা করিয়া পরিচয় পাইয়া বলিতে লাগিল, 'ইনিই বিশ্ববিজ্ঞয়ী স্বামী বিবেকানন্দ!' স্বামীক্ষীর এই দীনতা দেখিয়া সকলেই একবাক্যে প্রশংসা করিতে লাগিল। 'জয় রামকৃষ্ণ' ধ্বনিতে গ্রাম্যুপথ মুখরিত হইতে লাগিল।

"গৃহীর আদর্শস্থল নবগোপালবাবুর প্রাণ আজ আনন্দে ভরিয়া গিয়াছে। ঠাকুর ও তাঁহার সাঙ্গোপালগণের দেবার জন্ম বিপুল আয়োজন করিয়া তিনি চতুর্দিকে ছুটাছুটি করিয়া তত্বাবধান করিতেছেন এবং মধ্যে মধ্যে 'জয় রাম, জয় রাম' বলিয়া উল্লাসে চীৎকার করিতেছেন।

"ক্রমে দলটি নবগোপালবাব্র বাটীর ঘারে উপস্থিত হইবামাত্র গৃহমধ্যে শাক ঘণ্টা বাজিয়া উঠিল। স্বামীজী মৃদক নামাইয়া বৈঠকখানায় কিয়ৎকাল বিশ্রাম করিয়া ঠাকুরঘর দেখিতে উপরে চলিলেন। ঠাকুরঘরখানি মর্মরপ্রয়ের মণ্ডিত। মধ্যস্থলে সিংহাসন, তত্পরি ঠাকুরের পোর্সিলেনের মৃতি। ঠাকুর পুজায় যে যে উপকরণের আবশ্রুক, আয়োজনে তাহার কোন অকে কোন ক্রটি নাই। স্বামীজী দেখিয়া বিশেষ প্রসন্ন হইলেন।

"নবগোপালবাব্র গৃহিণী অপরাপর কুলবধ্গণের সহিত স্বামীজীকে প্রণাম করিলেন এবং পাথা লইয়া তাঁহাকে ব্যজন করিতে লাগিলেন।

"স্থামীজীর মুখে সকল বিষয়ের স্থ্যাতি শুনিয়া গৃহিণীঠাকুরানী তাঁহাকে সম্বোধন করিয়া বলিলেন, 'আমাদের সাধ্য কি যে ঠাকুরের সেবাধিকার লাভ করি? সামান্ত ঘর, সামান্ত অর্থ। আপনি আজ নিজে রুপা করিয়া ঠাকুরকে প্রতিষ্ঠিত করিয়া আমাদিগকে ধন্ত করুন।'

"স্বামীন্ধী তত্ত্তরে রহস্ত করিয়া বলিতে লাগিলেন, 'তোমাদের ঠাকুর তো এমন মার্বেল-পাথর-মোড়া ঘরে চৌদ্পুরুষে বাস করেননি; সেই পাড়া-গাঁয়ে খোড়ো ঘরে হ্রন্ম, যেন-তেন করে দিন কাটিয়ে গেছেন। এখানে এমন উত্তম সেবায় যদি তিনি না থাকেন তো আর কোথায় থাকবেন?' সকলেই স্বামীন্ধীর কথা শুনিয়া হাস্ত করিতে লাগিল। এইবার বিভৃতিভ্যাক স্বামীন্ধী সাক্ষাৎ মহাদেবের মতো পুদ্ধকের আসনে বিদিয়া ঠাকুরকে আহ্বান করিলেন।

"পরে স্বামী প্রকাশানন্দ্রামীজীর কাছে বসিয়া মন্ত্রাদি বলিয়া দিতে

লাগিলেন। পূজার নানা অঙ্গ ক্রমে সমাধা হইল এবং নীরাজনের শাঁক-ঘন্টা বাজিয়া উঠিল। স্বামী প্রকাশানন্দই পূজা করিলেন।

"নীরাজনাত্তে স্বামীজী পূজার ঘরে বসিয়া বসিয়াই শ্রীরামরুফদেবের প্রণতি-মন্ত্র মূথে মূথে এইরূপ রচনা করিয়া দিলেন:

> "স্থাপকায় চ ধর্মস্ত সর্বধর্মস্বরূপিণে। অবতারবরিষ্ঠায় রামক্ষকায় তে নম:॥"

"দকলেই এই মন্ত্র পাঠ করিয়া ঠাকুরকৈ প্রণাম করিলে শিশু ঠাকুরের একটি তব পাঠ করিল। এইরূপে পূজা সম্পন্ন হইল। উৎসবাত্তে শিশুও স্বামীজীর সঙ্গে গাড়ীতে রামকৃষ্ণপুরের ঘাটে পৌছিয়া নৌকায় উঠিল এবং আনন্দে নানা কথা কহিতে কহিতে বাগবাজারের দিকে অগ্রসর হইল।" 'শিশু' বলিতে এখানে 'স্বামি-শিশু-সংবাদ'-লেথক শ্রীযুক্ত শরচেন্দ্র চক্রবর্তীকে ব্রিতে হইবে।

ইহারই এক সপ্থাহ পরে (১৩ই ফেব্রুয়ারি) বেলুডে নীলাম্বর মুথার্জি মহাশয়ের বাগান-বাটী ভাড়া লইয়া মঠ আলমবাজার হইতে দেখানে স্থানাস্তরিত হইল। ইহার ত্ইটি কারণ ছিল। কয়েক মাদ পূর্বে ১৮৯৭ খুটান্দের ১২ই জ্নের ভূমিকন্পে আলমবাজারের জীর্ণ বাটীটি এরপ ক্ষতিগ্রন্ত হইয়াছিল যে, উহাতে বাস করা বিপজ্জনক হইয়া পড়িয়াছিল। বিভীয় প্রবলতর কারণ এই ছিল য়ে, জনেক অম্পদ্ধানের পর বেলুড়ে গঙ্গাতীরে ভাবী স্থায়ী মঠের জন্ম একখণ্ড জমি সংগৃহীত হইয়াছিল। বিবংশবের ওরা ফেব্রুয়ারি বি জমির জন্ম বায়না করা হয় এবং পরে ৪ঠা মার্চ শ্রীমতী হেনরিয়েটা মূলারের প্রদন্ত ৩৯০০০, টাকায় উহা ক্রয় করা হয়। ভূমিথণ্ড নীলাম্বর মুথার্জির উত্থান-বাটী হইতে মাত্র এক কার্লং উত্তরে অবস্থিত। বি জমির দখল লওয়া, অসমতল ভূমিকে সমতল করা, পুরাতন বাটীর সংস্কার ও পরিবর্তনাদি করা এবং বি সমস্তের রক্ষণাবেক্ষণ করা প্রভৃতি কার্যের জন্ম মঠটিকে উহারই সন্ধিকটে লইয়া আসার প্রয়োজন ছিল। ভূমিথণ্ডের পরিমাণ ছিল প্রায়্ম উনিশ বিঘা। ক্রয়কালে উহা নৌকা-মেরামত করা প্রভৃতি কার্যের জন্ম ব্যবহৃত হইত; স্ক্তরাং উহা খুবই অসমতল ছিল। বি

২। স্বামী ব্রহ্মানন্দের পত্র, ১৯।৬।৯৭, স্বামী জুরীয়ানন্দের পত্র, ১৫।৬।৯৭ (উর্বোধন', বৈশাঞ্চ স্ত জ্যৈষ্ঠ, ১৩৭২) ; স্বামীজীর ২৪।৭।৯৭-এর পত্র।

ভূমিখণ্ডের উত্তরাংশে যে জীর্ণ পাকাবাড়ী ছিল উহা তথন একতলা ছিল। ও উহার উত্তরাংশে তুইখানি ঘর ও দক্ষিণাংশে একখানি ঘর ছিল; উভয়াংশের সংঘাগ-ম্বরূপ একথানি লম্বা ঘর ছিল এবং উহার পুর্বে একটি বারাণ্ডা গন্ধার দিকে উত্তর-দক্ষিণে বিস্তৃত ছিল। এতদ্বাতীত ভূতাদের বাসের জন্ম বাড়ীর উত্তর-পশ্চিমাংশে আর একটি পথক ছোট বাড়ী ছিল। ৪ স্বামী বিজ্ঞানানন (পুর্বনাম হরিপ্রসন্ন চট্টোপাধ্যায়) পুর্বে ইঞ্জিনিয়ার ছিলেন ; স্থতরাং স্বামী অবৈতানন্দের সাহায্যে তিনিই জমিকে সমতল করা ও উহাতে বাসোপবোগী গৃহাদি নির্মাণের দায়িত্ব গ্রহণ করিয়াছিলেন। তিনি প্রধান পুরাতন বাটীর দক্ষিণ-পশ্চিম কোণে আর একথানি ঘর প্রস্তুত করেন এবং বাটীর উত্তরাংশকে বাদ দিয়া আর সমস্ত অংশটাকে দোতলা করেন। অধিকন্ধ ঐ বাটার পশ্চিমে জমির উত্তর-সীমায় চাকরদের ঘরের পশ্চিমে তিনি আর একটি নৃতন দ্বিতল বাটী প্রস্তুত করেন। তাহার একতলায় হইল রাল্লাঘর, ভাঁড়ার, ভোজনস্থান, ঠাকুরভাগ্ডার ইত্যাদি এবং উপরতলায় ঠাকুরঘর, ঠাকুরের শয়নগৃহ প্রভৃতি। এই সমস্ত কার্যে প্রায় এক বৎসর ব্যয়িত হইয়াছিল এবং ঐ সমস্ত ব্যয় বহন করিয়াছিলেন শ্রীযুক্তা ওলি বুল। জমিদংগ্রহ ও গৃহাদি নির্মাণের কথা আমরা একই দকে শেষ कतिनाम, किन्छ এथन श्रमोक्षीत कीवत्नत भूर्व এकि वरमत्तत घटनावनी वना হয় নাই। আমরা উহাতেই ফিরিয়া যাই।

আমরা বলিয়া আসিয়াছি যে, স্বামীজীর আদেশে স্বামী সারদানন্দ আমেরিকার কার্যে নিযুক্ত হইয়াছিলেন। অতঃপর স্বামী অভেদানন্দ আমেরিকায় গিয়া কার্য আরম্ভ করায় এবং ক্রমবর্ধমান ভারতীয় কার্যের পরি-চালনের জন্ম স্বামী সারদানন্দের ন্যায় একজন ধীর দ্বির কার্যক্ষম ব্যক্তির প্রয়োজন হওয়ায় স্বামীজীর আদেশে তিনি স্বদেশাভিমুখে যাত্রা করিলেন। শ্রীমতী ম্যাকলাউড এবং শ্রীযুক্তা ওলি বুলও ভারতে আগমনের জন্ম স্বামী সারদানন্দের সঙ্গে ১২ই জামুয়ারি জাহাজে আমেরিকা ত্যাগ করিয়াছিলেন। ম্যাকলাউড আসিবার পূর্বে স্বামীজীর অমুমতি চাহিলে তিনি লিখিয়াছিলেন, "হাঁ, আসিতে পার মদি

ত। 'বাণী ও রচনা', ৯।১২৪; শ্রীমতী ম্যাকলাউড-এর বর্ণনা ('রেমিনিসেসেস') ও মঠবাড়ীর
নির্মাণ-পদ্ধতি ইত্যাদি অবলম্বনে ও অমুমান সাহাব্যে এই বর্ণনা দেওয়া হইল। এতম্বাতীত সমসাম্বিক কোন বর্ণনা আমাদের জানা নাই।

४ (भराश्क्रवजीत शकावली'—উत्वाधन कार्यालय, ६৮ शृ: ।

তুমি আবর্জনা, অবনতি, দারিদ্রা দেখিতে চাও ও কোপীনপরিহিত মাহ্মবের মুখে ধর্ম শুনিতে চাও। এতদ্বাতীত আর কিছুর আশা রাখিলে আদিও না। আমরা আর একটাও দমালোচনা শুনিতে প্রস্তুত নহি।" ইহা দক্ষেও তিনি লগুনের পথে ভারতে আদিয়া দলী তৃই জনের সহিত ১২ই ফেব্রুয়ারি বোম্বেতে নামিলেন এবং কালবিলম্ব না করিয়া তথনই ট্রেন ধরিয়া ১৪ই ফেব্রুয়ারি অপরাহু চারিটার দময় হাওড়া দেখানে পৌছিয়া দেখিলেন, স্বামীজী আরও দশ বার জন শিশ্বসহ দেখানে উপস্থিত আছেন। দেখান হইতে মহিলাদ্ম কলিকাতার এক হোটেলে গেলেন ও স্বামী সারদানন্দ মঠে উপস্থিত হইলেন। ইহাদেরও পূর্বে মার্গারেট নোবল স্বগৃহের মমতা ত্যাগ করিয়া ২৮শে জাহ্ম্যারি জাহাজে করিয়া কলিকাতায় আদেন ও প্রথমে এক হোটেলে উঠিয়া পরে শ্রীযুক্তা মূলারের ভাড়া বাড়ীতে আশ্রয় গ্রহণ করেন। মার্চ মানে নৃতন মঠের বাড়ী ও জমির দখল পাইবার পর উক্ত মহিলাদ্য় ও নিবেদিতা ঐ বাটীতে বাস করিতে লাগিলেন।

এখানে নিবেদিতার ভারতাগমন সম্বন্ধে ত্ই-চারিটি কথা বলা আবশ্রক। স্বামীজীর ইহা একাস্থ বাসনা ছিল যে, নিবেদিতা ভারতে আসিয়া ভারতীয় নারীদের সেবায় আত্মনিয়োগ করেন। কিন্তু তিনি নিবেদিতার স্বাধীন ইচ্ছার উপর হন্তক্ষেপ করিতে প্রস্তুত ছিলেন না; বিশেষতঃ তিনি জানিতেন, ভারতীয় জীবনপ্রণালী ইংলণ্ডের তুলনায় এতই পৃথক্ এবং ভারতের আর্থিক অবস্থা এতই অম্বন্ধত যে, নিবেদিতা হয়তো উহার সহিত খাপ খাওয়াইয়া চলিতে সম্পূর্ণ সক্ষম হইবেন না। অতএব নিবেদিতা বদিও ভারতাগমনের জন্ম আগ্রহ দেখাইতে লাগিলেন তথাপি স্বামীজী এইসব কথা ভাবিয়া প্রথম নিবেদিতার প্রস্তাবে কর্ণপাত করিলেন না। পরে যখন ব্ঝিলেন, নিবেদিতার সম্বন্ধ অটুট ও নির্ভর্গণাত করেও তিনি এক পত্রে (২৯শে জুলাই, ১৮৯৭) তাঁহাকে ভারতীয় অবস্থা খুলিয়া লিখিলেন ও তিনি যাহাতে পরে বান্তবতার সম্মূখীন হইয়া আপসোস না করেন তজ্জন্ম পূর্ব হইতেই সাবধান করিয়া দিলেন; সক্ষে সঙ্গে আন্তরিক আহ্বানও জানাইলেন:

"তোমাকে থোলাখুলি বলছি, এখন আমার দৃঢ় বিশাস হয়েছে যে, ভারতের কান্ধে তোমার এক বিরাট ভবিশুৎ রয়েছে। ভারতের জন্ত, বিশেষতঃ ভারতের

^{ে। &#}x27;রেমিনিসেন্ডাস অব স্বামী কিবেকানক', ২৩৭-৩৮ পৃঃ।

নারীসমাজের জন্ম, পুরুষের চেম্নে নারীর—একজন প্রকৃত সিংহিনীর প্রমোজন। ভারতবর্ষ এখনও মহীয়সী মহিলার জন্মদান করতে পারছে না, তাই অন্য জাতি থেকে তাকে ধার করতে হবে। তোমার শিক্ষা, ঐকান্তিকতা, পবিত্রতা, অসীম ভালবাসা, দৃঢ়তা—সর্বোপরি তোমার ধমনীতে প্রবাহিত কেণ্টিক রজ্জের জন্ম তুমি ঠিক সেইরপ নারী যাকে আজ প্রয়োজন।

"কিন্তু বিন্নপ্ত আছে বহু। এদেশের তৃ:খ, কুসংস্কার, দাসত্ব প্রভৃতি কি ধরণের, তা তৃমি ধারণা করতে পারনা। এদেশে এলে তৃমি নিজেকে অর্ধ-উলঙ্গ অসংখ্যা নর-নারীতে পরিবেষ্টিত দেখতে পাবে। তাদের জাতি ও স্পর্শ সম্বন্ধে বিকট ধারণা; ভয়েই হোক বা ঘৃণায়ই হোক—তারা শেতাঙ্গদের এড়িয়ে চলে এবং তারাও এদের থ্ব ঘৃণা করে। পক্ষাস্তরে, শেতাক্ষেরা ভোমাকে খামধেয়ালী মনে করবে এবং তোমার প্রত্যেকটি গতিবিধি সন্দেহের চক্ষে দেখবে। অবদ এসব সত্ত্বেও তৃমি কর্মে প্রবৃত্ত হ'তে সাহস কর, তবে অবশ্য তোমাকে শতবার স্বাগত জানাচ্ছি।…

"কর্মেঝাঁপ দেবার পূর্বে বিশেষভাবে চিস্তা ক'রো এবং কাল্কের পরে যদি বিফল হও কিংবা কখনও কর্মে বিরক্তি আদে, তবে আমার দিক থেকে নিশ্চয় জেনো বে, আমাকে আমরণ তোমার পাশেই পাবে—তা তুমি ভারতবর্ষের জন্ত কাজ কর আর নাই কর, বেদান্ত-ধর্ম ত্যাগই কর আর ধরেই থাকো। 'মরদ্কী বাভ হাতীকা দাত'—একবার বেক্লে আর ভিতরে যায় না।"

সঙ্গে সঙ্গে আর একটি বিষয়ে তিনি নিবেদিতাকে সাবধান করিয়া দিলেন।
স্বামীজী নিজে মিস মূলারের প্রকৃতি খ্ব ভাল করিয়াই চিনিয়াছিলেন—তিনি
বড় জেদী ও সর্ববিষয়ে আপনার মত খাটাইতে ব্যগ্রা। এরূপ ব্যক্তির সহিত
কাল করিতে গেলে হয় পদে পদে কলহের মধ্যে পড়িয়া ইতো নইস্ততো শ্রষ্টঃ
হইতে হয়, নতুবা নিজের ব্যক্তিত্বকে মূছিয়া ফেলিয়া ঐ ব্যক্তিকেই সর্বতোভাবে
অহসরণ করিতে হয়। নিবেদিতা স্বভাবতই নবীন ক্ষেত্রে স্বাধীনভাবে কাল
গড়িয়া তুলিতে চাহিবেন, আর তিনি তাঁহার ব্যক্তিত্বকে এমনভাবে বিসর্জন
দিতেও পারিবেন না। অতএব স্বামীজী সাবধান করিয়া দিলেন, "ভোমাকে
নিজের পায়ে দাঁড়াতে হবে, মিস মূলার কিংবা অন্ত কারও পক্ষপুটে আশ্রম নিলে
চলবে না।" ('বাণী ও রচনা', গাওচ২-৮৩)।

মার্গারেট নোবল তবু আসিলেন। আদর্শের টান বথন সভ্য সভ্যই মান্ধবের

প্রাণে উপলব্ধি হয়, তথন জাগতিক স্থপ্যাচ্ছন্দ্যাভাবের চিন্তা তাহার গতিপথ ক্ষম করিতে পারে না ; বে নৌকার পালে হাওয়া লাগিয়াছে, জলোপরি ভাসমান শৈবালপুঞ্চ কি তাহাকে আবদ্ধ রাখিতে পারে ? নিবেদিতা আসিলেন, স্বামীজী তাঁহাকে সাদরে গ্রহণ করিলেন।

তখন বেলুড়ের ভাড়া বাড়ীতে মঠের কাব্ধ বেশ জমিয়া উঠিয়াছে। স্বামীজী সেখানে থাকিয়া নিত্য শাস্ত্রাধ্যাপনাদি করিতেন এবং নবাগত সাধুব্রহ্মচারীদিগকে বিভিন্নরূপে বিবিধক্ষেত্রে সেবাকার্যের জন্য শিকাদান করিতেন। সকলকে লইয়া ধ্যান, ভঙ্গন, অধ্যয়ন-অধ্যাপনা ও সাধনা সংক্রান্ত আলোচনাদিতে তথন তাঁহার বহু সময় ব্যয়িত হইত। নিয়মিত অধ্যাপনা ছাড়াও তিনি গীতা, উপনিষদ, জড়বিজ্ঞান, বিভিন্ন জাতির ইতিহাস ইত্যাদি বিষয়ে তাহাদের নিকট ভাষণ দিতেন এবং প্রশ্নোত্তরাদিতেও প্রচুর সময় কাটাইতেন। বলা বাহুল্য, স্বামীন্সী এই সমন্ত বিষয়ে যে আলোকসম্পাত করিতেন, তাহাতে শুধু আনন্দোৎপাদনই হইত না, শ্রোতাদের জ্ঞানবৃদ্ধির দঙ্গে সঙ্গে আধ্যাত্মিক শ্রবণ-মনন-নিদিধ্যাদনেও প্রচুর সাহায্যপ্রাপ্তি ঘটিত। ইহারই মধ্যে যে শিবরাত্তি-ত্রতাত্মন্তান হইল তাহা বড়ই স্থানন্দপ্রদ ছিল; কারণ তথন মঠে প্রাচীন ও নবীন সাধুদের বিপুল সমাবেশ . इरेबाहिन। यामी निवानन ७ यामी मात्रमानन विरम्दन প्रচातकार्य माफना অর্জনান্তে তথন দবে মঠে ফিরিয়াছেন। স্বামী ত্রিগুণাতীতও হুর্ভিক্ষ সেবাকার্য সমাপনাত্তে দেখানে আসিয়াছেন। স্বামী ব্রহ্মানন্দ এতদিন যাবৎ মঠের কার্য স্থচারুরপে পরিচালন করায় এবং স্বামী তুরীয়ানন্দ নবাগতদিগকে শান্ত্রশিক্ষা দেওয়ায় স্বামীজী খুবই আনন্দিত ছিলেন। অতএব তিনি স্থির করিলেন, শিবচতুর্দশীদিন অপরায়ে এক সভা ডাকিয়া ইহাদের প্রত্যেককে অভিনন্দিত করা इटेर । जनस्मारत सामीकी मजाभिजत जामरन উপবিষ্ট হইলে নবাগত महाामी ও ব্রহ্মচারীরা ইহাদের প্রত্যেকের উদ্দেশে লিখিত ইংরেজী অভিনন্দন পত্র পড়িয়া ভনাইলেন। তারপর স্বামীজীর নির্দেশামুদারে প্রত্যেক গুরুলাতা দণ্ডায়মান হুইয়া ঐ অভিনন্দনের সমূচিত উত্তর দিলেন। এই সময়ে স্বামীজী স্বামী তুরীয়ানন্দ সম্বন্ধে বলিয়াছিলেন, "এর কণ্ঠন্থর বাগ্মীদেরই সদৃশ।" সভাপতির ভাষণ দিতে উঠিয়া তিনি বলিলেন, "ঘরোয়া বৈঠকে বক্তৃতা দেওয়া এক কঠিন ব্যাপার। প্রকাশ্ত বক্তৃতা-স্থলে বক্তা সহজেই বক্তব্য বিষয়মধ্যে আপনাকে ডুবাইয়া ফেলিতে পারেন, এবং তাই শ্রোভাদের উপর তাঁহার প্রভাবও হয় প্রচুর। কিন্তু শ্রোতার

সংখ্যা মৃষ্টিমেয় হইলে এরূপ হয় না। তবু আমি চেষ্টা করিব।" তিনি গুরুজাতা ও শিশ্ববর্গকে ভাবী কার্যধারা সম্বন্ধে বহু মূল্যবান উপদেশ দিলেন; এবং সে কার্যপ্রশালীকে স্বফলপ্রস্থ করার উদ্দেশ্যে ব্যক্তিগতভাবে ও সজ্ববদ্ধরূপে কি করিতে হইবে তাহাও বুঝাইয়া দিলেন।

ইহারই পরে ২২শে ফেব্রুয়ারি শ্রীরামক্কফের জন্মতিথিপুজা হইল। ঐ উপলক্ষে স্বামীজী ব্রাহ্মণেতর প্রায় পঞ্চাশ জন ভক্তকে যজ্ঞোপবীত দান করেন। ঐ দিনের ঘটনাবলী বিবৃত করিতে গিয়া 'শিশু' শ্রীযুক্ত শরচন্দ্র চক্রবর্তী লিখিয়াছেন:

"স্থামীজী নীলাম্ববাব্র বাগানেই অবস্থান করিতেছিলেন। জন্মতিথিপুজায় সেবার বিপুল আয়োজন! স্থামীজীর আদেশ মতো ঠাকুর্ঘর পরিপাটি
স্থব্যসন্তারে পরিপুর্ণ। স্থামীজী সেদিন স্বয়ং সকল বিষয়ের তত্ত্বাবধান করিয়া
বেড়াইতেছিলেন। পুজার তত্ত্বাবধান শেষ করিয়া স্থামীজী শিশুকে বলিলেন,
'পৈতে এনেছিদ তো?'

"শিয়া—'আছে ই।। আপনার আদেশ মতো সব প্রস্তুত, কিন্তু এত পৈতার যোগাড় কেন, বুঝিতেছি না।'

"স্বামীজী—'বিজ্ঞাতি মাত্রেরই উপনয়ন-সংস্কারে অধিকার আছে। বেদ স্বয়ং তার প্রমাণস্থল। আজ ঠাকুরের জন্মদিনে বারা আসবে তাদের সকলকে পৈতে পরিয়ে দেবো। এরা সব রাত্য (পতিত) হয়ে গৈছে। শাস্ত্র বলে, প্রায়শ্তিত্ত করলেই রাত্য আবার উপনয়ন-সংস্কারের অধিকারী হয়। আজ ঠাকুরের শুভ জন্মতিথি, সকলেই তাঁর নাম নিয়ে শুদ্ধ হবে। তাই আজ সমাগত ভক্তমণ্ডলীকে পৈতে পরাতে হবে। বুঝলি ? রাজনেতর ভক্তদিগকে এরপ গায়ত্রী-মন্ত্র (এখানে শিশ্বকে ক্ষত্রিয়াদি বিজ্ঞাতির গায়ত্রী-মন্ত্র বলিয়া দিলেন) দিবি। ক্রমে দেশের সকলকে রাজ্মণ পদবীতে উঠিয়ে নিতে হবে; ঠাকুরের ভক্তদের তো কথাই নেই। হিন্দুমাত্রেই পরক্ষার পরক্ষারের ভাই। 'হোব না, হোব না' বলে এদের আমরাই হীন করে ফেলেছি। তাই দেশটা হীনতা, ভীক্ষতা, মূর্যতা ও কাপুক্ষযতার পরাষাটায় গিয়েছে। বলতে হবে—'তোরাও আমাদের মতো মাহুষ, তোদেরও আমাদের মতো সব অধিকার আছে। এখন বারা পৈতে নেবে তাদের গঙ্গামান ক'রে আসতে বল। তারপর ঠাকুরকে প্রণাম ক'রে স্বাই পৈতে পরবে।'

"স্বামীক্ষীর আদেশ মতো সমাগত প্রায় চল্লিশ-পঞ্চাশ জন ভক্ত ক্রমে গঙ্গান্ধান করিয়া আসিয়া শিষ্কের নিকট গায়ত্তী-মন্ত্র লইয়া পৈতা পরিতে লাগিল। মঠে ছলস্থুল। পৈতা পরিয়া ভক্তগণ আবার ঠাকুরকে প্রণাম করিল, এবং স্বামীজীর পাদপদ্মে প্রণত হইল। তাহাদিগকে দেখিয়া স্বামীজীর ম্থারবিন্দ যেন শতগুণে প্রফুল্ল হইল।" ('বাণী ও রচনা,' ১।৭৭-৭৮)।

चामीकी माक्का ए जार ममाक-मः कारत रुख त्कर पत्र विरत्नाधी रहेरन ध मरन रहा, এই ক্ষেত্রে ইচ্ছাপূর্বক সীয় নীতি লজ্মন করিলেন। অথচ এই আচরণের মূল স্ত্রগুলি তাঁহার উপদেশের পরিপন্থী নহে। তিনি সকলকে ব্রাহ্মণত্বে উন্নীত করার কথা বছবার বছস্থলে বলিয়াছিলেন। সমাজে ভোগদাম্য পুন:প্রতিষ্ঠার জন্ম তিনি সকলকে ব্রাহ্মণতে উন্নীত করিতে চাহিতেন। সত্যযুগে সকলে ব্রাহ্মণ ছিল; এযুগে অধিকার-দাম্য স্থাপনের জন্ম ব্রাহ্মণকে অবনত করিতে হইবে না. প্রত্যুত শিক্ষা ও সংস্কৃতির সাহায্যে সকলকে ব্রাহ্মণতে পুন:প্রতিষ্ঠিত করিতে हरेरेर । **आत्र এ**हे छेन्नश्रनकत्रागत माश्रिष छेक्ठवर्गरक छे छात्र कतिराज हरेरा । স্বামীজী বলিতেন, "আমি সমাজতন্ত্রবাদী" (I am a socialist); কিছ সঙ্গে সঙ্গে এই কথাও জানাইয়া দিতেন যে, ইহাকে তিনি আদর্শমতবাদ হিসাবে গ্রহণ করেন না, তবে 'নাই মামার চেয়ে কানা মামা ভাল'। নিম্নন্তরের ব্যক্তিরা কোন দিন উন্নতির স্থযোগ পায় নাই.এই মতবাদ অবলম্বনে যথন সে স্থযোগ আসিতেছে. তথন ইহাকে বরণ করাই যুক্তিযুক্ত। তথাপি ইহা সত্য যে, প্রকৃত উন্নতি হয় অপরকে অবনত করিয়া নহে, পরস্ক নিজে উন্নত হইয়া। এইসব উপদেশাবলীর একটা চাকুষ নিদর্শন দেখাইবারই জন্ম যেন তিনি এই কার্যে অগ্রসর হইলেন। অথচ ব্রাহ্মণতের অবমাননা না করিয়া সকলকে ক্ষত্রিয়াদি-দ্বিজাতির ব্যবহার্য গায়ত্রী-মন্ত্রই দিলেন। অবশ্র বিপুল সমাজ এই বিষয়ে তাঁহার নেতৃত্ব তথনই মানিয়া লয় নাই, এখনও মানে নাই। তথাপি মহাপুরুষের মহাপ্রাণের আবেগ ও আবেদন এথানেই পরিসমাপ্ত হইয়াছে, এমন কথাও বলা চলে না। কে জানে **অদুর ভবিষ্যতে কি হইবে, আর কেই বা বলিতে পারে যে, তাঁহার প্রবর্তিত শক্তি** এখনও অলক্ষিতে আপনার কার্য করিতেছে না ?

উক্ত অনুষ্ঠানের শেষে শ্রীযুক্ত গিরিশচন্দ্র ঘোষ মঠে উপস্থিত হইলেন।
"এইবার স্বামীজীর আদেশে সঙ্গীতের উল্যোগ হইতে লাগিল, এবং মঠের
সন্মাসীরা আজ স্বামীজীকে মনের সাথে যোগী সাজাইলেন। তাঁহার কর্ণে শন্ধের
কুণ্ডল, সর্বান্ধে কর্প্রধবল পবিত্র বিভূতি, মন্তকে আপাদলম্বিত জ্ঞটাভার, বাম হল্ডে
ত্রিশূল, উভন্ন বাহুতে কুল্রাক্ষ্বলয়, গলে আজাহুলম্বিত ত্রিবলীকৃত বড় কুল্রাক্ষ্মালা

প্রভৃতি দেওয়া হইল। এইবার স্বামীজী পশ্চিমান্তে মৃক্ত পদ্মাদনে বিদিয়া 'কৃজন্তং রামরামেতি' মধুরস্বরে উচ্চারণ করিতে এবং শুবাস্তে কেবল 'রাম রাম শ্রীরাম রাম' এই কথা পুন: পুন: উচ্চারণ করিতে লাগিলেন। স্বামীজীর অর্ধনিমীলিত নেত্র, হল্তে তানপুরার স্থর বাজিতেছে। 'রাম রাম শ্রীরাম রাম' ধ্বনি ভিন্ন মঠে কিছুকণ অন্ত কিছুই আর শুনা গেল না! এইরপে প্রায় অর্ধাধিক ঘণ্টা কাটিয়া গেল। তথনও কাহারও মৃথে অন্ত কোন কথা নাই। স্বামীজীর কণ্ঠনি:স্ত রামনামস্থধা পান করিয়া সকলেই আজ মাতোয়ারা!

"রামনামকীর্তনান্তে স্বামীক্ষী পূর্বের স্থায় নেশার ঘোরেই গাহিতে লাগিলেন, 'সীতাপতি রামচন্দ্র রঘুপতি রঘুরাক্র'। স্বামী সারদানন্দ 'একরপ-অরপ-নাম-বরণ' গানটি গাহিলেন। মুদক্ষের স্থির-স্লিগ্ধ গন্তীর নির্ঘোষে গঙ্গা যেন উথলিয়া উঠিল, এবং স্বামী সারদানন্দের স্থকণ্ঠ ও সঙ্গে মধুর আলাপে গৃহ ছাইয়া ফেলিল। তৎপরে শ্রীরামকৃষ্ণদেব যেসকল গান গাহিতেন, ক্রমে সেগুলি গীত হইতে লাগিল।

"এইবারে স্বামীজী সহসা নিজের বেশভ্বা খুলিয়া গিরিশবাবুকে সাদরে এসকল পরাইয়া সাজাইতে লাগিলেন। নিজহস্তে গিরিশবাবুর বিশাল দেহে ভন্ম মাধাইয়া কর্ণে কুণ্ডল, মন্তকে জটাভার, কঠে কুদ্রাক্ষ ও বাহুতে কুদ্রাক্ষ-বলম দিতে লাগিলেন। গিরিশবাবু সে সজ্জায় যেন আর এক মূর্তি হইয়া দাঁড়াইলেন, দেখিয়া ভক্তগণ অবাক হইয়া গেল! অনস্তর স্বামীজী বলিলেন: 'পরমহংসদেব বলতেন, ইনি ভৈরবের অবতার। আমাদের সঙ্গে এঁর কোনও প্রভেদ নেই।' গিরিশবাবু নির্বাক হইয়া বিয়য়া রহিলেন। তাঁহার সয়্যাসী গুরুলাতারা তাঁহাকে আজ যেরপ সাজে সাজাইতে চাহেন তাহাতেই তিনি রাজী। অবশেষে স্বামীজীর আদেশে একখানি গেকয়া কাপড় আনাইয়া গিরিশবাবুকে পরানোহইল। গিরিশবাবুকোন আপত্তি করিলেন না।'' (ঐ, ৭৯-৮০ পঃ)।

গিরিশবাবৃকে মনের সাধে সাজাইয়া স্বামীজী তাঁহার মূথে শ্রীঞ্রীঠাকুরের পুণাকথা শুনিতে চাহিলেন। কিন্তু গিরিশবাবৃর মূথে কথা সরিল না, তিনি শ্রীঞ্রীঠাকুরের কথা ভাবিয়া ও ভক্তদের আমোদ-আহলাদ দেখিয়া বেন আনন্দে জড়বৎ হইয়া গিয়াছেন। অবশেষে তিনি বলিলেন, "দয়াময় ঠাকুরের কথা আমি আর কি বলব ? কাম-কাঞ্চন-ত্যাগী তোমাদের জায় বাল সয়্যাসীদের সঙ্গে তেনি এ অধ্যকে একাসনে বসিতে অধিকার দিয়াছেন, ইহাতেই তাঁহার

ষ্পার করুণা অমূভব করি।" এই কথাগুলি বলিতে বলিতে গিরিশবার্ বাষ্পরুদ্ধ কণ্ঠে হঠাৎ থামিয়া গেলেন—স্থার কিছুই বলা হইল না।

তারপর স্বামীজী কয়েকটি হিন্দী গান গাহিলেন ও ভক্তগণ প্রথম পুজাস্তে জলবোগের জন্ম আহত হইলেন। জলবোগের পর আবার সকলে নীচের বৈঠকখানায় সম্মিলিত হইলে নৃতন উপবীতধারী এক ভক্তকে স্বামীজী বলিলেন, "তোরা হচ্ছিস বিজ্ঞাতি, বহুকাল থেকে ব্রাত্য হয়ে গেছলি। আজ বিথকে আবার বিজ্ঞাতি হলি। প্রত্যহ গায়ত্রী-মন্ত্র অস্ততঃ একশত বার জপবি। বুঝলি ?" ভক্ত "যে আজ্ঞা" বলিয়া আদেশ শিরোধার্য করিলেন।

ইতিমধ্যে মান্টার মহাশয় আসিয়া প্রণামান্তে অতীব বিনয়সহকারে এক-কোণে দাঁড়াইয়া ছিলেন; স্বামীজীর পুনঃ পুনঃ অন্থরোধে একপ্রান্তে উপবেশন করিলেন। স্বামীজী তাঁহার নিকট ঠাকুরের কথা শুনিতে চাহিলেও মান্টার মহাশয় নীরব রহিলেন। ঠিক তথনই মুর্শিদাবাদ হইতে স্বামী অথগুনন্দ অতি রহদাকার অভ্ত ত্ইটি পাস্তয়া লইয়া উপস্থিত হইলে সকলে উহা দেখিতে ছুটিলেন। পাস্তয়া ত্ইটি ঠাকুরঘরে পাঠাইয়া দিয়া স্বামী অথগুনন্দকে লক্ষ্য করিয়া স্বামীজী শিশুকে বলিলেন, "দেখছিস কেমন কর্মবীর! ভয় য়ৃত্যু এসবের জ্ঞান নেই; একরোথে কর্ম করে যাচ্ছে বহুজনহিতায় বহুজনস্থায়।…এরপ কর্মে যথন চিত্তশুদ্ধি হয়ে আসবে, তথন তোরই আআ সর্বজীবে সর্বঘটে বিরাজমান—এ তত্ত দেখতে পাবি। তাই পরের হিত্সাধন হচ্ছে আপনার আত্মার বিকাশের একটা উপায়, একটা পথ। এও জানবি একপ্রকার ঈশ্বরসাধনা। এরও উদ্দেশ্ব হচ্ছে আত্মবিকাশ। জ্ঞানভক্তি প্রভৃতি সাধনা দ্বারা যেমন আত্মবিকাশ হয়, পরার্থে কর্মবারা ঠিক তাই হয়।" এই সংক্রান্ত আরও কিছু আন্লোচনার পর স্বামীজী কিয়রবিনিন্দিত কণ্ঠে গাহিতে লাগিলেন:

"হ্খিনী ব্রাহ্মণীকোলে কে শুয়েছ আলো করে।

কে রে ওরে দিগম্বর এসেছ কুটীর ঘরে।" ইত্যাদি

গিরিশবাবু প্রভৃতি দকলেও তাঁহার সহিত কণ্ঠ মিলাইলেন। তারপর "মজ্জল আমার মনভ্রমরা শ্রামাপদ-নীলকমলে" ইত্যাদি কয়েকটি গানের পন্ন একটি জীবিত মংশ্রু তিথিপুজার নিয়মান্ত্সারে বাজ্যেন্তম সহ গলায় ছাড়া হইল এবং পরিশেষে দকলে উৎসবাস্থে প্রদাদ ধারণ করিলেন।

২২শে ফেব্রুয়ারির উৎসবটি সাধুভক্তগণ নিজেদের মডো ঘরোয়া ভাবেই

সম্পাদন করিলেন। ইহার গান্তীর্থ, ঐকান্তিকতা, হর্ষামূভতি অমুপম হইলেও জনসাধারণ ইহাতে বঞ্চিত ছিল। সর্বজনীন উৎসবের দিন ধার্য হইয়াছিল পরবর্তী রবিবারে (২৭শে ফেব্রুয়ারি)। শ্রীরামক্সফের নিকট ভক্তগণের আগমনকাল হইতে ১৮৯৭ খুষ্টাব্দ পর্যন্ত প্রতিবৎসর শ্রীরামক্রফ-জন্মোৎসব দক্ষিণেশ্বরের মন্দিরোভানে হইয়া আসিতেছিল। কিন্তু বক্ষণশীল দলের প্ররোচনায় এবং সীয় ভাবাদর্শের অমুসরণক্রমে ত্রৈলোক্যনাথ বিশাস প্রভৃতি মন্দিরের স্বতাধিকারীরা স্থির করেন যে, বিদেশপ্রত্যাগত ব্যক্তিদের আগমনে মন্দির কলুষিত করা চলে না। অতএব থেতড়ী-রাজের সহিত স্বামীজীর ঐ মন্দিরে প্রবেশের পর যে বাদামুবাদ আরম্ভ হইয়াছিল, তাহার পরিণতিম্বরূপ ১৮৯৮ খুষ্টাম্বে জ্মোৎস্ব ঐ উন্থানে করার অহমতি প্রত্যাহত হইল। স্বামীন্দ্রী ভাবিয়াছিলেন, মঠের জন্ম সংগৃহীত নৃতন জমিতেই সেবারে সর্বজনীন উৎসব হইবে। কিন্তু জমিটি বড়ই বন্ধর ছিল: বিশেষতঃ ৪ঠা মার্চের পূর্বে উহাতে তাঁহাদের আইনতঃ অধিকার জন্মে নাই। অত এব উৎসবক্ষেত্র-নির্বাচন একটা বড সমস্যা হইয়া দাঁডাইয়াছিল। অবশেষে স্বামী যোগানন্দের আন্তরিক চেষ্টার ফলে ঐ জমির আরও উত্তরে গঙ্গাতীরে কলিকাতার প্রীযুক্ত পুর্ণচক্র দাঁ মহাশয় ঠাকুরবাড়ী নির্মাণের জ্বন্স যে ভূমি সংগ্রহ করিয়াছিলেন, উহাতে উৎসব করার অহুমতি পাওয়া গেল, এবং যথাকালে মহাসমারোহে উৎসব সম্পন্ন হইল। এই উৎসবক্ষেত্রে বিদেশিনী ওলি বুল, ম্যাকলাউড, মূলার ও মার্গারেট শুধু ঘুরিয়া বেড়াইলেন না, ব্রাহ্মণী গোপালের মার बाরা সাদরে গৃহীতও হইলেন, নিষ্ঠাবতী বিধবা গোপালের মা তাঁহাদের চিবুক স্পর্শ করিয়া চুম্বন করিলেন এবং অক্তাক্ত পুরললনার সহিত তাঁহাদের পরিচয় করাইয়া দিলেন। ('ভগিনী নিবেদিতা', ৬৫ পঃ)।

এই কালে ষেদ্যৰ ভদ্ৰলোক স্বামীজীর দাক্ষাং অভিলাষে আদিতেন, তাঁহাদের মধ্যে অনাগারিক ধর্মপালের নাম উল্লেখযোগ্য। স্বামীজীর দহিত আলাপাদির পর তিনি পূর্বপরিচিতা শ্রীযুক্তা ওলি বুলকে দেখিতে চাহিলেন। ওলি বুল তখন মঠের নৃতন জ্বমিতে অবস্থিত সেই জীর্ণ বাটীতে নিবেদিতা প্রভৃতির সহিত বাদ করিতেন। নীলাম্বরবাব্র ষে বাড়ীতে স্বামীজীরা থাকিতেন, উহা হইতে ঐ বাড়ীর দ্রত্ব প্রায় হুই ফার্লং। পূর্বে ক্য়দিন ম্যলধারে বৃষ্টি হইয়া গিয়াছে, দেদিনও তুর্যোগ চলিতেছে। অনেকক্ষণ অপেক্ষা করিয়াও বৃষ্টি থামিল না দেখিয়া শ্রীজীরা বাহির হুইয়া পড়িলেন। রাস্তা ছিল পিচ্ছিল, ব্রুর ও কর্দমাক্ত; আর

মাঝে মাঝে শীতল বায়ু অন্থিপঞ্চর কাঁপাইয়া দিতেছিল। স্বামীন্ত্রীর কিন্তু তবু মহা উল্লাস। তিনি হাস্তকোলাহল ও ঠাট্টা-তামানা করিতে করিতে নগ্নপদে ষ্মগ্রমর হইতে লাগিলেন; সঙ্গী শিষ্যদেরও কাহারও পাষে জ্বতা ছিল না। ধর্মপালকেও স্বামীজী জুতা খুলিতে পরামর্শ দিয়াছিলেন, কিন্তু ধর্মপাল দে পরামর্শ গ্রাহ্য করেন নাই। ঐব্ধপ পথে জুতা-পায়ে চলিতে তাঁহার খুবই কট্ট হইতেছিল; তাহার উপর তাঁহার একটি পা কিঞ্চিৎ খঞ্জ ছিল। এই ভাবে চলিতে চলিতে একস্থানে তাঁহার জুতা সমেত পা বসিয়া গেল, তিনি আর উহা তুলিতে পারিলেন না। স্বামীজী দৌডিয়া গিয়া তাঁহাকে উদ্ধার করিলেন এবং ধর্মপালের একহন্ত শীয় স্কন্ধে রাথিয়া দৃঢ়ভাবে তাঁহাকে ধরিয়া পূর্ববৎ হাসিতে হাসিতে অবশিষ্ট পথ অতিক্রম করিলেন। গন্তবাস্থানে পৌছিয়া সকলেই পদপ্রকালন করিলেন। ধর্মপালও এরপ করিবার জন্ম কলদী হাতে লইলে স্বামীজী ক্ষিপ্রহন্তে উহা কাডিয়া লইয়া বলিলেন, "আপনি আমার অতিথি; অতিথির সেবার অধিকার আমার।" এই বলিয়া ধর্মপালের চরণ ধৌত করিতে উন্মত হইলে ধর্মপাল মহা আপত্তি করিতে লাগিলেন। স্বামীজীর শিশ্বগণের উপস্থিতিতে স্বামীজী এরূপ করিবেন. ইহা শিশুদের চক্ষেও বিদদৃশ বোধ হওয়ায় অবশেষে তাহারাই ঐ কার্যে অগ্রসর হইলেন। ঘটনাটি কুদ্র; কিন্তু স্বামীজীর অভিমানশূরতার নিদর্শন হিসাবে ইহার মহিমা প্রচুর।

ঐ সময়ে স্বামী জী কলিকাতায় কোন প্রকাশ সভায় প্রধান বক্তারূপে উপস্থিত না হইলেও অপরের বক্তৃতাকালে হই একটি সভায় উপস্থিত ছিলেন। এইরূপে ১১ই মার্চ ভারনী নিবেদিতা যখন স্টার থিয়েটারে 'ইংলণ্ডে ভারতীয় আধ্যাত্মিকতার প্রভাব' ও স্বামী সারদানক ১৮ই মার্চ 'আমেরিকায় আমাদের উদ্দেশ্য' সমজে বক্তৃতা দেন, তখন ঐ উভয় দিবসেই স্বামীজীকে সভাপতির আসন গ্রহণ করিতে হইয়াছিল। নিবেদিতাকে শ্রোভ্রুক্তের নিকট পরিচয় করাইয়া দিতে গিয়াতিনি প্রথমে মিস মূলার ও আানি বেশাস্তের নামোলের করিয়া বলিয়াছিলেন, "ইংলণ্ড আমাদের আর একটি উপহার দিয়াছে— মিস মার্গারেট নোবল। ইহার নিকট আমাদের অনেক আশা। আমি অধিক কথা না বলিয়া আপনাদের সহিত্ত মিস নোবল-এর পরিচয় করাইয়া দিতেছি।" ('বাণী ও রচনা', ৫।৩৪৮-৫৫ পৃঃ)। নিবেদিতার বক্তৃতার পরে স্বামীজী ওলি বুল ও মূলারকে ত্ই-চারিটি কথা বলিতে অম্বরোধ করিলে ওলি বুল বলিলেন, "ভারতের সাহিত্য পাশ্চান্ডবানীদের নিকট

একটা জীবন্ত আদর্শ হইয়া দাঁড়াইয়াছে; বিশেষতঃ আমেরিকাবাসীদের নিকট স্থামী বিবেকানন্দের বাণীসমূহ ঘরোয়া কথার মতো হইয়া গিয়াছে।" শ্রীমতী মূলার দাঁড়াইয়া শ্রোতাদিগকে "আমার বন্ধু ও স্বদেশীয়গণ" বলিয়া সম্বোধন করিবামাত্র চতুদিকে উচ্চ করতালিধ্বনি উথিত হইল। সে ধ্বনি প্রশমিত হইলে তিনি বলিলেন, তিনি ও স্থামীজীর অপর শ্রেতাক শিয়বর্গ ভারতে পদার্পণের কাল হইতেই ভারতকে স্বদেশ বলিয়া অহভব করিতেছেন। আর এই দেশ আধ্যাত্মিক আলোকের দেশ এই জন্ম যে তাঁহারা এইরূপ করিতেছেন, তাহা নহে, কিছ ইহা স্কলনের দেশ এই জন্ম। স্থামী বিবেকানন্দ পাশ্চাত্ম্য দেশে যেসকল কার্য করিয়াছেন, তৎসম্বন্ধে তিনি বিশেষ উল্লেখ করিতে চাহেন নাই, কেবল বলিলেন, সে দেশের সামাজিক ও দৈনন্দিন জীবনে স্থামীজী যে বিষম পরিবর্তন ও সংস্কার সাধন করিয়াছেন, তাহার ফল যে কত স্থারপ্রসারী হইবে, তাহা তিনি তথনই অন্থান করিতে সমর্থ নহেন—ইত্যাদি। এই তুইটি বক্তৃতা-সভা ছাড়াও স্থামীজী ২১শে মার্চ তারিথে কলিকাতায় বহুবাজারে অবস্থিত বিজ্ঞান পরিষদের এক সভায় একটি ভাষণ দিয়াছিলেন।

২৯শে মার্চ তিনি স্বামী স্বরূপানন্দ (অজয়হরি) ও স্বামী স্থরেশ্বরানন্দকে (স্থরেন্দ্রনাথকে) সন্ন্যাসধর্মে দীক্ষিত করিলেন। স্বামী স্বরূপানন্দ সহজ্বে স্থামীজী অতি উচ্চ ধারণা ও আশা পোষণ করিতেন। সন্ম্যাস-দীক্ষার পর তিনি বলিয়া-ছিলেন, "আজ আমাদের একটা মন্ত লাভ হল।" আর এক সময় ইহারই সম্বজ্বে বলিয়াছিলেন, "স্বরূপানন্দের মতো একজন উপযুক্ত কর্মী পাওয়া সহস্র সহস্ত্র স্বর্ণমুদ্রা লাভের চেয়েও বড়।"

ইহার চারিদিন পূর্বে ২৫শে মার্চ তারিখে মার্গারেট নোবলকে তিনি বক্ষচর্ব-দীক্ষা দিয়াছিলেন এবং নিবেদিতার অপূর্ব আত্মনিবেদন স্মরণ করিয়া সেই দিন হইতে নাম রাধিয়াছিলের 'নিবেদিতা'। লোকসমাজে মার্গারেট নোবল অতঃপর ভগিনী নিবেদিতা নামে স্থপরিচিতা হইয়া ভারতের স্নেহ প্রীতি ও শ্রদ্ধা পূর্ণমাত্রায় অর্জন করিয়াছিলেন। আজ কেহ ভাবিতেই পারে না বে, নিবেদিতা ভারতের নহেন। তাঁহার সাহিত্যিক অবদান যেমন অপূর্ব ও অমৃল্য, ভারত-কল্যাণার্থ কার্যাবলীও তেমনি বিচিত্র ও পবিত্র। সেদিনকার দীক্ষা সম্বন্ধে তিনি লিথিয়াছিলেন: "একদিন মঠের ঠাকুরঘরে যে ব্রতদীক্ষা হইয়াছিল, ভাহা ইহাদের মধ্যে একজনের পক্ষে যেন অবিক্ষরণীয় হইয়া থাকে; সেদিন বলিতে

পারা যায় যে, যেন এক নযজীবন লাভের প্রথম সোপান হিসাবে তিনি (স্বামীজী)
ঐ ব্যক্তিকে প্রথমে শিবপুজা শিখাইলেন এবং পরিশেষে এই অফুষ্ঠানের পরিসমাপ্তি হিসাবে তাহার দারা বৃদ্ধের চরণে অঞ্চলিপ্রদান করাইলেন। তাঁহার
নিকট যত বিভিন্ন আত্মা পথের সন্ধানের জন্ম আসিবে, তাহাদের প্রত্যেকের
উদ্দেশেই যেন তিনি এই বাণী উচ্চারণ করিলেন, 'যিনি পরের জন্ম জন্মগ্রহণ
করিয়াছিলেন এবং বোধিলাভের পূর্বে পাঁচ শত বার স্বীয় জীবন পরের জন্ম
উৎসর্গ করিয়াছিলেন, সেই বৃদ্ধের অফুসরণেরই জন্ম হউক তোমার অভিযাত্রা।'
এই অফুষ্ঠানটির রূপ যেমন ছিল অভিনব, তেমনি উহার উদ্দেশ্য ছিল অন্ট্রপূর্ব।
বিদেশিনী বিধর্মাবলন্ধিনী মহিলাকে আফুষ্ঠানিকভাবে হিন্দুর চিরাম্ব্রুত ত্যাগমার্গে পরিচালনা ইহার পূর্বে ভারতের মাটিতে আর কে দেখিয়াছে ?

মার্চ মাদে শ্রীযুক্তা ওলি বুল (ধীরামাতা), শ্রীমতী ম্যাকলাউড (জয়া) ও নিবেদিতা বেল্ড মঠের জন্ম ক্রীত জমির উপরে যে পুরাতন বাটীটি ছিল, উহাকে নিজেদের ইচ্ছামূরূপ সাজাইয়া উহাতেই বাস করিতে আরম্ভ করিলেন (সম্ভবতঃ মার্চ মাদের তৃতীয় সপ্তাহে)। বাড়ীটিতে বসবাসের ব্যবস্থা কিরপ হইয়াছিল তাহা বুঝাইতে গিয়া ম্যাকলাউড লিখিয়াছিলেন: "আমরা বাড়ীটিতে নৃতন করিয়া চুনকাম করাইলাম, বাজারে গিয়া পুরাতন মেহগনির আসবাবপত্র আনিলাম এবং একটা বৈঠকখানা সাজাইলাম—অর্ধেকটা পাশ্চান্তা রীতিতে ও অর্ধেকটা ভারতীয় কায়দায়। বাহিরের দিকে আমাদের একখানি খাবারম্বর ছিল, একটা ঘর ছিল আমাদের শয়নকক্ষ, আর একখানি ঘর ছিল নিবেদিতার শয়নের জন্ম। কাশ্মীর্ঘাত্রার পূর্ব পর্যন্ত নিবেদিতা ছিলেন আমাদের অতিথি।" ('রেমিনিসেলেস', ২০৯ পৃঃ)। স্বামীজী এই বাড়ীতে আসিয়া এই পাশ্চান্তা শিয়্যাদের সহিত বিবিধ আলাপপ্রসঙ্গে তাঁহাদের জ্ঞানভাণ্ডার সমৃদ্ধ করিতেন। নিবেদিতা লিখিয়াছেন:

"গঙ্গাতীরস্থ বাড়ীথানির সম্বন্ধে স্বামীন্ত্রী একজনকে বলিয়াছিলেন, 'ধীরা-মাতার ক্ষুত্র বাড়ীথানি ভোমার স্বর্গ বলিয়া মনে হইবে, কারণ ইহা আগাগোড়া সবটাই ভালবাসায় মাথা।' বাস্তবিকই তাই। ভিতরে এক অবিচ্ছিন্ন মেলামেশার ভাব এবং বাহিরে প্রতিজিনিসটি সমান স্থলর। শ্রামল বিস্তৃত শম্পরাজি, উন্নত নারিকেলবৃক্ষগুলি, বনমধ্যস্থ ছোট ছোট বাদামী রঙ-এর গ্রামগুলি—সবই স্থলর। "ধাহাদের মনে অতীতের স্বৃতি জাগরুক রহিন্নাছে, এমন অনেকে মাঝে মাঝে শাসিতেন এবং আমরা স্বামীন্দ্রীর শাস্তবর্ষব্যাপী ভ্রমণের কিছু কিছু বিবরণ শুনিতে পাইতাম, অধার স্বয়ং স্বামীন্দ্রী তথায় আসিতেন, উমামহেশ্বর ও রাধারুক্ষের গল্প বলিতেন, কত গান ও কবিতার আংশিক আবৃত্তি করিতেন। বেশীরভাগ তিনি আজ একটি কাল একটি—এইরপ করিয়া ভারতীয় ধর্মগুলিই আমাদের নিকট বর্ণনা করিতেন—তাঁহার ধ্বন ধ্বমন থেয়াল হইত, ধেন তদমুসারেই কোন একটিকে বাছিয়া লইতেন। কিছু তিনি কেবল যে ধর্মবিষয়ক উপদেশই আমাদিগকে দিতেন তাহা নহে। কথনও ইতিহাস, কথনও লৌকিক উপকথা, কথনও বা বিভিন্ন সমাজ, জাতিবিভাগ ও লোকাচারের বহুবিধ উদ্ভট পরিণতি ও অসক্ষতি—এ সকলেরও আলোচনা হইত। বাস্তবিক তাঁহার শ্রোত্রন্দের মনে হইত, যেন ভারতমাতা শেষ এবং শ্রেষ্ঠ পুরাণস্বরূপ হইয়া তাঁহার শ্রীম্থাবলম্বনে স্বয়ং প্রকটিত হইতেছেন।

"ভারতসংক্রাম্ভ বিষয়ে যাহা কিছু পাশ্চান্ত্য মনের পক্ষে আস্বাদ করা অসম্ভব বলিয়া তাঁহার বোধ হইত, সেগুলিকে শিক্ষার প্রারম্ভেই খুব করিয়া বাড়াইয়া আমাদের সমক্ষে উপস্থিত করিতেন। এইরূপে হয়তো তিনি হরগৌরী-মিলনাত্মক একটি কবিতা" আবৃত্তি করিতেন।

আলোচনার বিষয় যাহাই হউক না কেন, উহা সর্বদাই পরিণামে অষয় অনস্কের কথায় পর্যবিদত হইত। সাহিত্য, প্রত্নতত্ত্ব অথবা বিজ্ঞান—বে-কোন তত্ত্বের বিচারেই তিনি প্রবৃত্ত হউন না কেন, সেটি যে সেই চরম অফুভৃতিরই একটি দৃষ্টাস্তমাত্র, তাহা তিনি সর্বদাই আমাদের মনে বন্ধমূল করিয়া দিতেন। তাঁহার চক্ষে কোন জিনিসই ধর্মের এলাকার বহিভৃতি ছিল না। একদিন আমরা কয়েকজন ইওরোপীয় ভল্রলোককে নিমন্ত্রণ করিয়াছিলাম। স্বামীজী সেদিন পার্মিক কবিতার বিস্তৃতভাবে আলোচনা করিয়াছিলেন। 'প্রিয়তমের মুখ্রের একটি তিলের বদলে আমি সমরকন্দের সমস্ত ঐশ্বর্থ বিলাইয়া দিতে প্রস্তুত'—এই পদটি আবৃত্তি করিতে করিতে তিনি সহসা সোৎসাহে বলিয়া উঠিলেন, 'দেখ, বে লোক একটা প্রেমসঙ্গীতের মাধুর্য বৃত্বিতে পারে না, তাহার জন্ম আমি এক কানাকড়িও দিতে রাজী নই।'…সেই দিন অপরাহে কোন রাজনৈতিক বিষয়ের বিচার করিতে করিতে তিনি বলিলেন, 'দেখা ঘাইতেছে যে, একটি জ্লাভিন্

৬। 'অর্থনারীধরতোত্তম্' —শহরাচার্ধ। "কভ্রিকাচন্দনলেপনারৈ, শ্বশানভন্মাঙ্গবিলেপনার।" ইত্যাদি।

গঠনের পক্ষে সাধারণ প্রীতির ক্যায় একটা সাধারণ বিরাগেরও আবশ্রকতা আছে।'…

"২৫শে মার্চ। প্রাতে কৃটারে আদিয়া সকালের দিকে কয়েক ঘণ্টা সেখানে আতিবাহ্তি করা, আবার বৈকালে আসা—ইহাই স্বামীজীর এই সময়ের নিয়মছিল। কিন্তু এইরূপ সাক্ষাতের দিতীয় দিন সকালে—শুক্রবার দি ডে অফ আ্যানানসিয়েশন (দেবদ্ত আসিয়া ঈশা-জননী মেরীকে পুত্রজন্মের কথা জ্ঞাপন—২৫শে মার্চ)-এর দিন তিনি ফিরিবার সময় আমাদের তিনজনকে সঙ্গে করিয়া মঠে লইয়া গেলেন, এবং সেখানে ঠাকুরঘরে সংক্ষিপ্ত অফুর্চানাস্তে একজনকে (অর্থাৎ নিবেদিতাকে) ব্রন্ধচর্মতে দীক্ষিত করিলেন। প্রাণাশেষে আমরা উপর তলায় গেলাম। স্বামীজী যোগী শিবের স্থায় জটা, বিভৃতি, হাড়ের কুওল পরিধান করিয়া এক ঘণ্টাকাল ভারতীয় বাল্যয়-সংযোগে ভারতীয় গীত গাহিলেন। তারপর সন্ধ্যার সময় আমাদের নৌকায় বিসয়া তিনি আমাদের নিকট অকপটভাবে তাঁহার গুরুদেবের নিকট হইতে দায়রূপে প্রাপ্ত সেই মহৎকার্য সম্বন্ধ নানা প্রশ্ন এবং ভাবনাবিষয়ক অনেক কথা বলিলেন।" ('বাণী ও রচনা', ৯০২৬৪-৬৮ পৃঃ)।

নিবেদিতাকে তিনি প্রধানতঃ ভারতীয় আদর্শে, বিশেষতঃ হিন্দুভাবে গড়িয়া তুলিতে চাহিয়াছিলেন, কারণ হিন্দু-নারী-সমাজের সেবা করিতে হইলে সেবক ও সেবের মধ্যে ভাবের ঐক্য থাকা আবশ্রক। শিক্ষার ও ভাবের আদান-প্রদানের ক্ষেত্রে অন্ত যে-কোনও মাধ্যমের প্রয়োজন ও সাহায্য স্বীকৃত হউক না কেন, প্রেম ঐগুলির মধ্যে সর্বোজম, এমনকি উহাকে অনেক ক্ষেত্রে একমাত্র ও অবশ্রমীকার্য মাধ্যম বলিলেও অত্যুক্তি হয় না। একস্থরে বাঁধা প্রাণগুলি যত সহজে পরস্পরের ঘারা প্রভাবিত হয়, এমন আর কিছুতেই হয় না। কিন্তু সমাজের সম্পূর্ণ বাহিরে থাকিয়া তো সামাজিক জীবনকে ঠিক আপনার করা চলে না। অতএব স্বামীন্সীর সমস্তা হইল, নিবেদিতা প্রভৃতি বিদেশিনীদিগকে কি করিয়া সমাজের অনীভৃত করিবেন, কি করিয়া ভাঁহাদের জন্ম উচ্চবর্ণের স্বীকৃতি আদায় করিবেন। তিনি ভাবিয়া দেখিলেন, শ্রীরামকৃষ্ণ-গোটিভুক্ত ব্রাহ্মণ পরিবারে যদি ইহাদের প্রবেশাধিকার ঘটে, শ্রীমা, গোগালের মা, গোলাপ-মা প্রভৃতি ব্রাহ্মণ-বিধ্বারা

৭। মনে হয় নিবেদিতারা ছুই-এক্দিন মাত্র আগে ঐ বাড়ীতে আসিরাছিলেন। পরবৎসর (১৮৯৯) ২ ৫শে মার্চ, শনিবারে নিবেদিতা নৈটিক ব্রহ্মচর্বে দীক্ষিতা হন।

যদি ইহাদের পবিত্রতা স্বীকার করিয়া লয়েন, তবে কাজ থুবই সহজ হইবে। তাই তিনি প্রথমে পরমারাধা। শ্রীরামক্লফগতপ্রাণা শ্রীশ্রীমাতাঠাকুরানী সারদাদেবীর শরণাপন্ন হইলেন। কিন্তু স্বামীজী পরে দেখিলেন তাঁহার অত ভাবনার কোন কারণ ছিল না, ১৭ই মার্চ মাতাঠাকুরানী স্বগৃহে আগতা নিবেদিতা প্রভৃতিকে আপন সন্তানজ্ঞানেই "এলো মা" বলিয়া সম্নেহে ডাকিয়া লইলেন এবং আদর করিয়া পার্শ্বে বসাইয়া খাওয়াইলেন। নিবেদিতা ব্রাহ্মণ-পরিবারে প্রবেশাধিকার পাইলেন। এই ঘটনার উল্লেখ করিয়া স্বামীজী স্বামী রামক্লফানলকে লিখিয়াছিলেন, শ্রীমা এখানে আছেন। ইউরোপীয়ান ও আমেরিকান মহিলারা সেদিন তাঁহাকে দেখিতে গিয়াছিলেন। ভাবিতে পার, মা তাঁহাদের সহিত একসঙ্গে আহার করিয়াছেন। ইহা কি অভুত ব্যাপার নয় ?" ('বাণী ও রচনা', ৮০০০)। গোপালের মাও স্বগৃহে আগতা ইহাদিগকে অনুরূপ যত্নসহকারে গ্রহণ করিয়া নারিকেল-মুড়ি প্রভৃতি খাওয়াইয়াছিলেন।

পাশ্চান্তা শিক্ষাদিগকে ভারতীয় চিস্তাধারা ও জীবনযাত্রার সহিত স্থপরিচিত করাইবার উপর তিনি থুবই গুরুত্ব আরোপ করিতেন। বেলুড়ের ঐ বাড়ীর পশ্চান্বৰ্তী বুক্ষতলে তাঁহাদের সহিত বসিয়া তিনি ভারত-সংক্রান্ত কত আলোচনাই না করিতেন। এখানে তিনি ভারতের ইতিহাস, লোককথা, জাতিভেন, আচার-বিচার ইত্যাদি সকল বিষয়ের নিগৃঢ় রহস্তাবলী তাঁহাদের সমূধে উদ্যাটিত করিতেন। ভারত সম্বন্ধে পাশ্চাত্ত্য শিশ্বাদের মনে যেশব ভ্রান্ত ধারণা বা সংস্কার ছিল, তাহার সহিত তিনি বিন্দুমাত্র রফা করিতে প্রস্তুত ছিলেন না। হিন্দুধর্মের সহিত প্রথম পরিচয়কালে উহার যেসব দিক তাঁহাদের দৃষ্টিতে হুর্বোধ্য বা বিসদৃশ বোধ হওয়ার সম্ভাবনা ছিল, সেদব রাথিয়া-ঢাকিয়া বলার চেষ্টা তিনি মোটেই করিতেন না, বরং দেগুলির চরম রূপটিই তাঁহাদের নিকট তুলিয়া ধরিতেন এবং তাঁহাদিগকে ঐগুলির মর্ম উপলব্ধি করাইতে চাহিতেন। হিন্দুদের জ্বীবনধারা, ধর্মাদর্শ ও উপাসনা-রীতিগুলির অর্থবোধই ছিল পাশ্চান্তা মনের পক্ষে সর্বাপেক্ষা ক্রিন। স্বামীজী এসকল বুঝাইবার জন্ম মনপ্রাণ ঢালিয়া ঘণ্টার পর ঘণ্টা কথা কহিতে থাকিতেন। তাঁহার আবেগপুর্ণ ব্যাখ্যায় প্রভাবিত হইয়া বিদেশিনীরা ষচেনা, ষজ্ঞাতপূর্ব ও তাঁহাদের দৃষ্টিতে ষত্ত হিন্দুভাবরাশিরও একটা যুক্তিসন্মত ভাৎপর্বের কিঞ্চিৎ আভাদ পাইতেন। তাঁহারা তথন ভারতীয় চিম্বা ও ধারণাদি বিষয়ে শ্রন্ধান্বিতা হইয়া ঐগুলি বুঝিতে চেষ্টা করিতেন এবং ক্রমে ঐসকল ভাব ও ভাবভোতক শব্দাবলী ও প্রতীকাদিকে আপনার বলিয়া গ্রহণ করিতে পারিতেন। সভ্য কথা বলিতে কি, স্বামীক্ষীর মধ্যে প্রাচ্য ও প্রতীচ্য একাধারে মিলিয়া বেন এক হইয়া পিয়াছিল। অতএব তাঁহার দৃষ্টিভঙ্গী গ্রহণপূর্বক পাশ্চান্তার শিক্ষাদের পক্ষে উভয় সংস্কৃতির মূল স্ত্র আবিক্ষার করা ও ভদবলম্বনে জীবনে সামপ্রস্থা ছাপন করা অসম্ভব ছিল না। তবে সে লক্ষ্যে পৌছানো একটু সময়্বাপেক্ষ ছিল, ঐজ্ঞা দীর্ঘ পথ অতিক্রম করিতে হইত। আবশ্রুক ছিল প্রাচীন সংস্কারের আমূল পরিবর্তন। ভারতীয়গণ যে ভাবরাশিকে সহজে জয়াধিকারস্বত্রে প্রাপ্ত হয়, তাহার জয়্ম পাশ্চান্তাবাদীকে করিতে হয় দীর্ঘ সাধনা আর গুরুক্ষণে স্বীকার করিতে হয় একজন লক্ষ্যিক্ষি পরমকার্মণিক মহাপুরুষকে। এইসমন্ত গুণাবলী স্বামীক্ষীর ছিল, আর ছিল তাঁহার অসীম ধৈর্ঘ। কথায় বাধা পাইয়া তিনি ক্ষনও ক্রোধ প্রকাশ করিতেন না। হয়তো প্রশ্নগুলি অবাস্তর ও অর্থহীন হইত, তরু পথ স্বক্ষিন জ্ঞানিয়া তিনি ব্যাখ্যাবিষয়ে কার্পণ্য করিতেন না।

নবীন জগতে নব ভাবধারা গ্রহণের সঙ্গে সঙ্গে পান্চান্তাদের চক্ষে আর একটি নুতন মৃতির আবির্ভাব ঘটিল —তিনি স্বয়ং স্বামীন্ধী। ইওরোপ ও আমেরিকায় স্বামীজী ছিলেন ধর্মোপদেশক, সমন্বয়কর্তা, বেদাস্তকেশরী। দেখানে তাঁহার প্রধান সমস্থা ছিল, মোহমুগ্ধ মানবকে মুক্তিপথের সন্ধান দেওয়া ও ঐ পথে পরিচালিত করা। তাঁহার মুখে তথন ধ্বনিত হইত ভারতের চিরস্তন বাণী, ষাহা বিশ্বমানবেরও প্রাণের কথা। ভারতেও সে বাণী পুর্ববৎ উদেঘাষিত হইলেও ভারতের কল্যাণার্থ তিনি যখন ঐ বাণীকে কার্যে পরিণত করিতে চাহিলেন, তথন বাধাপ্রাপ্ত হওয়ায় তাঁহার মনে যে ক্লোভের স্পষ্ট হইল, তাহাও এক্ষণে ঐ বাণীর সঙ্গে মিলিয়া গেল। স্বামী বিবেকানন্দকে তাঁহারা এখন পাইলেন শুধু বিশ্বপ্রেমিক মহাপুরুষরূপে নহে, পরম্ভ তৎসহ দেশপ্রেমিক দৃঢ়-সঙ্কল কর্মবোগী সন্ন্যাসিরূপে। এই প্রাচ্য ও পাশ্চাত্ত্য বাণীর্মের মিলনভূমিতে দাঁড়াইয়। তিনি ষেদকল ভাব প্রকাশ করিয়াছিলেন, সমস্তা সমাধানের ষেদব নবীন পথের সন্ধান দিয়াছিলেন, তাহা তথনকার মতো মৃষ্টিমেয় পাশ্চাত্ত্য শিক্সাদের উদ্দেক্তে উচ্চারিত হইয়া থাকিলেও আমাদের সৌভাগ্যবণতঃ তাহা নিবেদিতার লেখনীমুখে সংরক্ষিত হইয়া ভারত ও ভারতেতর দেশের জনগণের সাধারণ সম্পত্তিতে পরিণত হইয়াছে। স্বামীনীকে ভালভাবে বুঝিতে হইলে তাঁহার এই

বক্তৃতাবলী, পত্রাবলী, রচনাসমূহ ও উপদেশসকলের সহিত নিবেদিতার এই গ্রন্থরাজিও অবশ্র পাঠ করিতে হইবে।

বলা বাহুল্য, সকলের সহিত সমভাবে কথা বলিলেও তিনি নিবেদিতার নিকট অনেক কিছু আশা করিতেন, অতএব তাঁহার এই মানস-ছহিতাটির শিক্ষা-দীকার প্রতি তাঁহার দৃষ্টি থাকিত সমধিক। স্থযোগ পাইলেই তিনি তাঁহাকে শিখাইতেন, পরিচালিত করিতেন, সময়বিশেষে শাসনও করিতেন। তিনি তাঁহাকে বলিতেন, "তোমার সাধনা হইবে—তোমার চিন্তারাশিকে, তোমার প্রয়োজনবোধকে, তোমার ধারণাগুলিকে ও তোমার অভ্যাসগুলিকে হিন্দুভাবে রূপায়িত করার জ্ব্য। গোঁড়া বাহ্মণী বন্ধচারিণীরই মতো হইবে তোমার সম্পূর্ণ জীবনধারা—বাহিরে ও ভিতরে। তোমার মনে উপযুক্ত আগ্রহ জিরিলে উপায়গুলি সহজেই আসিয়া পড়িবে। কিন্তু তোমাকে তোমার অতীত ভূলিয়া যাইতে হইবে এবং অপরেও যাহাতে ভূলিয়া যায়, তজ্জ্ঞ সচেষ্ট থাকিতে হইবে। তোমাকে ইহার শ্বতি পর্যন্ত মৃছিয়া ফেলিতে হইবে।" শ্বতই মনে হয়, ভারতীয় স্মাদর্শ এবং উহার বান্তব রূপ ও সমস্থাবলীর স্বস্তর্নিহিত গুঢ় তত্ত্বের সহিত প্রকৃত পরিচয় লাভের জন্ম নিবেদিতার পক্ষে এইরূপ সাধনাই ছিল অত্যাবশুক। স্বামীজী এমন কথাও বলিতেন যে, ভারতীয় কোন ভাব বা কুসংস্কার অত্যস্ক অভুত ও দেকেলে ঠেকিলেও উহা শ্রদাসহকারে বুঝিবার চেষ্টা করিতে হইবে, শুধু অবিবেচকের মতো উড়াইয়া দিলে চলিবে না। তিনি বলিতেন, "আমরা প্রত্যেকের সহিত তাহারই গোঁড়ামির ভাষায় কথা বলিব।" অবশ্য বিদেশীর পক্ষে এ পথ ছিল বড় কঠিন; বিশেষতঃ থাত ও জীবনযাত্রার ধারার সহিত থাপ-খাওয়ানো ছিল প্রায় অসম্ভব। কাজেই পদে পদে অন্তত রকমের ভূল হইত; কিন্তু স্বামীজী উহা সহ্ম করিতেন এবং ভূল দেখাইয়া ঠিক পথের সন্ধান দিতেন।

সকল শিশুকে ভালবাদিলেও এবং সকলের অধ্যাত্মজীবন পরিচালনের গুরুদায়িত্ব গ্রহণ করিলেও প্রতীচ্যদেশাগতদের প্রতি তাঁহার একটা বিশেষ কর্তব্য ছিল; কারণ তাঁহারা একমাত্র তাঁহারই উপর নির্ভর করিয়া এই অজ্ঞানা আচনা দেশে আসিয়াছিলেন। কিন্তু তাই বলিয়া তিনি কোন বিষয়ে স্বীয় মত ত্যাগ করিয়া বিজ্ঞাতীয় ভাবের সহিত আপস করিতে প্রস্তুত ছিলেন না। ভারতীয় কোন বিষয়ে মুক্রিয়ানা দেখাইলে বা কোন কিছুর নিন্দা করিলে তিনি

গৰ্জিয়া উঠিতেন। না ব্ঝিয়া সমালোচনা করিতে দেখিলে তিনি পাশ্চান্ত্যবাসী-দিগকে বলিয়া দিতেন, তাহারা যদি সতাই ভারতের হিতাকাজ্জী হয় এবং ভারত হইতে কিছু শিথিতে চায়, তবে সম্রদ্ধ মনোভাব লইয়া এই কার্যে অগ্রসর হইতে হইবে—চাই দেজতা খোলা মন ও অকপট হানয়। আর ভারতকৈ ব্ঝিতে হইলে চক্ষে আধ্যাত্মিকতার অঞ্চন মাথিতে হইবে, কারণ ভারতের সমস্ত সামাজিক ও ধর্মীয় ব্যবস্থা, রীতি-নীতি, আচার-অহুষ্ঠান আধ্যাত্মিকতারই উপর প্রতিষ্ঠিত। ভারতকে এক চুর্বল প্রগতিহীন বা স্তর্নগতি জ্বাতি বলিয়া ভাবিতেও তাঁহার মনে কট হইত: কারণ তিনি দেখিতেন, ভারত তথনও নবীন ভাব আত্মদাৎ করিয়া বর্তমান জগতে বাঁচিয়া থাকিবার—শুধু বাঁচিয়া থাকিবার কেন, অতীত যুগে ভারতের যে মহিমা ছিল তদপেক্ষাও অধিকতর মহিমান্বিত হইবার শক্তি রাখে: আর এইরূপ বীর্য যাহার থাকে তাহাকে বৃদ্ধ না বলিয়া চির্নবীন বলাই সমীচীন। বস্তুত: ভারত অমর। তিনি চাহিতেন, পাশ্চাজ্যবাসীরা শ্রন্ধা 'ও প্রেমের দষ্টিতে ভারতকে দেখিয়া ও চিনিয়া তাহার যে যে ক্ষেত্রে প্রকৃত অভাব আছে, পাশ্চান্ত্য বিজ্ঞানসহায়ে তাহা বন্ধুভাবে পুরণ করুক। তিনি ভারতের অপুর্ণতাকে কাহারও নিকট ঢাকিয়া রাখিতেন না, তিনি ওধু চাহিতেন যে, বাহিরের মাহুষ সত্য ও পক্ষপাতহীন দৃষ্টি লইয়া ভারতকে চিহুক এবং তাহার সেবায় অগ্রসর হউক। শ্রীমতী ম্যাকলাউড (জয়া) একবার জিজ্ঞাসা করিয়াছিলেন, "স্বামীজী, আমি আপনার কাজের স্বচেয়ে বেশী.সহায় কিভাবে হতে পারি ?" স্বামীজীর সংক্ষিপ্ত উত্তর ছিল, "ভারতকে ভালবাস।" প্রকৃত ভালবাসা থাকিলে আর সব আপনি আসিয়া পড়ে। ভারতকে তিনি ভালবাসিতেন, অপরকেও ভালবাসিতে শিখাইতেন।

৩০শে মার্চ তিনি স্বাস্থ্যোদ্ধারকল্পে দার্জিলিং রওনা হইলেন। সেধানে চিকিৎসকের মতামুসারে যদিও তিনি ঔবধ ও পথ্য গ্রহণ করিতেছিলেন, তথাপি স্বাস্থ্যের উন্ধতি না হইয়া অবনতিই ঘটিল—জ্বর ইত্যাদিতে ভূগিয়া শরীর তুর্বল হইয়া পড়িল। এইসব কারণে তিনি দার্জিলিং হইতে নামিয়া আসার জ্বন্ত প্রস্তুত হইতেছেন এমন সময় কলিকাতা হইতে সংবাদ আসিল বে, শহরে প্লেগের প্রাত্তাব ঘটিয়াছে। এই আশহা পুর্বেও তাঁহার মনে ছিল এবং এরূপ পরিছিতির জ্ব্যু তিনি প্রস্তুত্তও ছিলেন। ২৯শে এপ্রিলের পত্তে তিনি শ্রীমতী ম্যাকলাউডকে জ্বানাইয়াছিলেন, "আমি বে শহরে জন্মেছি, তাতে যদি প্লেগ এসে পড়ে, তবে

আমি তার প্রতিকারকল্পে আত্মোৎসর্গ করব বলেই স্থির করেছি।" যথন সংবাদ আসিল যে, প্লেগ করালমূতি ধারণ করার সম্ভাবনা ঘটিয়াছে, তথন তিনি কালবিলম্ব না করিয়া ৩রা মে কলিকাতায় উপস্থিত হইলেন। স্বামীন্দ্রী আসিয়া দেখিলেন, প্লেগে প্রাণনাশ যত হউক না হউক, মাহুষের মনে আতঙ্ক এত অধিক হইয়াছে যে, ভীত জনসাধারণ দলে দলে নগরত্যাগে উন্নত হইয়াছে, আর ইহা দেখিয়া সরকার তাহাদিগকে ধরিয়া রাখার জন্ম কঠোর ব্যবস্থা অবলম্বন করায় হিতে বিপরীত ঘটিয়াছে—নগরজীবন তথন বিশৃত্বল ও বিপর্যন্ত। তিনি तिथित्वन, त्मवाकार्यत अग्र शामभाकानामित वावश शहेत्व लात्कत अग्र নিবারণের উপায় আবিছত হয় নাই। অতএব নাগরিকদিগকে সাহস দিবার জন্ত স্বামীজীর আদেশে ঘোষণাপত্র বিতরণের বাবন্ধা হইল। স্বামীজীর কথামুসারে নিবেদিতা চুই দিন ধরিয়া ঐ ঘোষণার পাণ্ডলিপি প্রস্তুত করিলেন এবং উহা বাঙ্গলা ও হিন্দীতে ভাষান্তরিত হইল। উহার মর্মার্থ এই ছিল যে, রামক্লফ মিশন জনগণের পার্ষে দাঁডাইয়া তাহাদের সেবায় অর্থ ও সামর্থ্য অকুষ্ঠিত চিত্তে নিয়োগ করিবে। ঘোষণাপত্ত-প্রচার ছাড়াও প্রয়োজনমত সেবাকেন্দ্র-প্রতিষ্ঠার সহল্প স্বামীজীর ছিল। আয়োজন দেখিয়া একজন গুরুত্রাতা তাঁহাকে প্রশ্ন করিলেন, "টাকা আসবে কোথা থেকে ?" স্বামীজী ক্রকুটি করিয়া উত্তর দিলেন, "কেন ? দরকার হলে নৃতন মঠের জমি-জায়গা সব বিক্রী করব। আমরা ফকির; মৃষ্টিভিক্ষা করে গাছতলায় শুয়ে দিন কাটাতে পারি। যদি জায়গা-জমি বিক্রী করলে হাজার হাজার লোকের প্রাণ বাঁচাতে পারা যায় তো কিসের জায়গা আর কিসের জমি ?" ইহাই মহাপ্রাণ মহাপুরুষের উপযুক্ত বাণী। এই মঠ স্থাপনের স্বপ্ন তিনি কতদিন ধরিয়া দেখিয়াছিলেন; ইহার জন্ম তিনি কিরুপ প্রাণপাত পরিশ্রমই না করিয়াছিলেন। ভিক্ষা করিয়া বক্তৃতাদি দিয়া তিনি যাহা किছ পাইয়াছিলেন, সবই এই কার্যে বায় করিয়াছিলেন—নিজের জন্ম কিছুই রাথেন নাই। অথচ আর্তের ব্যথা যথন প্রাণে বাজিল, তথন তিনি অম্লানবদনে বলিতে পারিলেন, তিনি তাঁহার দাধের বেলুড় মঠ বিক্রয় করিতে প্রস্তুত। অবশ্য কার্যতঃ তাহা করিতে হয় নাই; কারণ প্লেগের প্রকোপ তেমন বৃদ্ধি না পাওয়ায়, গ্রন্মেন্টের কঠোর বিধিসমূহ প্রত্যাহত হওয়ায়, স্বামী বিবেকানন্দের ন্তায় দরদী ব্যক্তিকে পার্ষে পাইয়া জনসাধারণ অনেকটা আখন্ত হওয়ায় এবং প্রয়োজনীয় অর্থ অক্ত ফতে আসিয়া পড়ায় এরপ কিছু করার আবশুক হইল না।

শেষ পর্যন্ত প্রয়োজন না হইলেও প্রথমাবস্থার স্থামীজী সর্বপ্রকার ব্যবস্থার জন্মই প্রস্তুত হইয়ছিলেন। স্থির হইয়ছিল, "এক খণ্ড ভূমি খাজনা করিয়া লইয়া গবর্নমেন্টের নিয়মায়্থায়ী রোগীদের থাকিবার জন্ম পৃথক্ পৃথক্ আড্ডা ক্রিয়া এমনভাবে তাহাদের পরিচর্যা করা হইবে যে, তাহাতে হিন্দুসমাজের লোকের কোন আপত্তির কারণ হইতে না পারে। স্থামীজীর শিশ্বগণ ব্যতীত বাহিরের অনেক লোকও স্বেচ্ছায় এই সেবাকার্য করিতে চাহিলেন। স্থামীজী তাহাদিগকে সাধারণের মধ্যে স্বাস্থ্যরকার নিয়মসমূহ প্রচার করিতে এবং স্বহন্তে শহরের গলি-ছুজি ও ঘরত্রার পরিজার করিতে উপদেশ দিতেন। এতভ্তিয় বহু রোগীও সেবা-ভক্রা প্রাপ্ত হইল এবং স্থামীজীর উপর সাধারণের আন্থা ও বিশাস প্রাপেক্ষা শতগুণ বর্ধিত হইল। সকলেই দেখিল, তিনি ভগু ভঙ্ক দার্শনিক বিচার লইয়া সময়ক্ষেপ করেন না বা মৌখিক উপদেশ মাত্র দিয়া কান্ত থাকেন না, সেই সকল বিচারসিদ্ধ সত্য ব্যাবহারিক জীবনে পরিণত করিয়া থাকেন; মুথে যাহা বলেন, কার্যেও ঠিক তাহা পালন করিতে পারেন।" (বাক্লা জীবনী, ৭২৯)।

মহামারী দেখা দিয়াছিল এবং জনসাধারণকে সাহস দিবার জন্ম ব্যবস্থাও চলিতেছিল। যতদিন এই আশকা সব দিক আত্ত্বিত করিয়া রাখিয়াছিল, ততদিন স্বামীজী কলিকাতা পরিত্যাগ করিতে সন্মত হইলেন না। এই ত্ববস্থাকেও কিন্তু স্বামীজী মা-কালীরই একটি রূপ বলিয়া জানিতেন। ৩রা মে শ্রীশ্রীমাতাঠাকুরানীর গৃহে নিবেদিতা ও অপর একজনের সহিত সাক্ষাৎ হইলে স্বামীজী তাঁহাদের বলিয়াছিলেন, "মা-কালীর অন্তিত্ব সম্বন্ধে কতকগুলি লোক ব্যঙ্গ করে। কিন্তু ঐ দেখ, আজ মা প্রজাগণের মধ্যে আবিভূতা হইয়াছেন। ভরে তাহারা কূল-কিনারা দেখিতে পাইতেছে না, এবং মৃত্যুর দওদাতা সৈনিক্রন্দের ডাক পড়িয়াছে। কে বলিতে পারে যে, ভগবান শুভের ক্রায় অশুভ রূপেও আত্মপ্রকাশ করেন না! কিন্তু কেবল হিন্দুই তাঁহাকৈ অশুভরূপেও পূজা করিতে সাহস্ব পায়।" ('বাণী ও রচনা', ১৷২৬৮ পঃ:)।

প্রেগের সমস্থার সমাধান তথনকার মতো হইয়া গিয়াছে দেথিয়া স্বামীজী পুনর্বার হিমালয়ের শীতল ক্রোড়ে আশ্রম লইতে চলিলেন। সেভিয়ার-দম্পতি তথন ভারতের বিভিন্ন স্থানে শ্রমণাস্তে আলমোড়ায় বাস করিতেছিলেন এবং পরিকল্পিত আশ্রমের জন্ম উপযুক্ত জমির সন্ধানে ছিলেন। তাঁহারা স্বামীজীকে সেধানে ঘাইবার জন্ম পুন: পুন: লিথিয়া পাঠাইতে লাগিলেন। অবশেষে ১১ই

মে (১৮৯৮) আলমোড়া ষাত্রার দিন স্থির হইল। ঐ ব্ধবার সন্ধ্যা ৭টা ১৫
মিনিটে হাওড়া হইতে ট্রেন ছাড়িল। স্বামীজীর সঙ্গে চলিলেন স্বামী তুরীয়ানন্দ,
স্বামী নিরঞ্জনানন্দ, স্বামী সদানন্দ, স্বামী স্বরপানন্দ, শ্রীযুক্তা ওলি ব্ল, কলিকাতাস্থ
আমেরিকান কনসাল জেনারেলের পত্নী শ্রীযুক্তা প্যাটারসন, ভগিনী নিবেদিতা
ও শ্রীমতী জোসেফিন ম্যাকলাউড। আমেরিকার দক্ষিণপ্রান্তে বক্তৃতা দিতে
গিয়া স্বামীজী যথন বর্গবৈষম্যের অত্যাচারে নিপীড়িত হইতেছিলেন, তথন এই
প্যাটারসন-পত্নীই সর্বপ্রথম তাঁহার সাহায়ে আগাইয়া আসিয়াছিলেন।

ভারত-পরিচয়

এই যাত্রায় পাশ্চান্তা শিশ্বাদিগের, বিশেষতঃ নিবেদিতার প্রকৃত ভারত-পরিচয় ঘটিল—কথায় যাহা শুনিয়াছিলেন, তাহার চাক্ষ্য প্রত্যক্ষ পাইলেন। এই কালের বছ বিবরণ নিবেদিতার তুইখানি গ্রন্থে—'স্বামীজীকে যেরপ দেখিয়াছি' (মাস্টার আ্যাজ আই স হিম) ও 'স্বামীজীর সহিত হিমালয়ে' (নোটস অব সাম ওয়াণ্ডারিংস উইথ দি স্বামী বিবেকানন্দ ইন দি হিমালয়াস)—অতি স্থন্দরভাবে লিপিবন্ধ হইয়াছে। এই গ্রন্থবয়ে স্বামীজীর ভ্রমণর্ত্তান্ত, চিন্তাধারা, ভারতপ্রীতি ও কার্যাবলীর যেমন দৈনন্দিন ঘনিষ্ঠ পরিচয় পাই, তেমনি পাই পাশ্চান্তা মনকে শিক্ষা দিয়া ভারতের সেবায় নিয়োজিত করার জন্ম তাঁহার অদম্য চেষ্টার সাক্ষাৎ নিদর্শন। আমরা এই অধ্যান্তের বিষয়-বস্তুর জন্ম প্রধানতঃ এই পুন্তকন্বরের উপর নির্ভর করিব, যদিও স্থলবিশেষে অক্যান্ত পুন্তকেরও সাহায়্য লইতে হইবে। নিবেদিতার উক্ত প্রথম পুন্তকে আছে:

"মে মাসের প্রথম হইতে অক্টোবর মাসের শেষ পর্যন্ত আমরা কি অপরূপ দৃষ্ঠাবলীর মধ্য দিয়াই না ভ্রমণ করিয়াছি! আর যেমন আমরা একটির পর একটি করিয়া নৃতন নৃতন স্থানে আসিতে লাগিলাম, কি অন্তরাগ এবং উৎসাহের সহিতই না স্বামীজী আমাদিগকে তত্রত্য প্রত্যেক জ্ঞাতব্য বস্তুটির সহিত পরিচিত করাইয়া দিতেছিলেন! ভারত সম্বন্ধে শিক্ষিত পাশ্চান্ত্য লোকদের অজ্ঞতা এত বেশী য়ে, উহাকে প্রায় নিরেট মুর্থামি বলা চলে; অবষ্ঠ বাহারা এই বিষয়ে চেষ্টা করিয়া কতক ব্যুৎপত্তিলাভ করিয়াছেন, তাঁহাদের কথা স্বতন্ত্র। আর আমাদের এই বিষয়ে হাতে-কলমে শিক্ষা প্রাচীন পাটলিপুত্র বা পাটনা হইতেই আরম্ভ হইয়াছিল বলিতে হইবে। রেলমোগে পুর্বদিক হইতে প্রবেশ করিবার মুথে কাশীর ঘাটগুলির যে দৃষ্ঠ চক্ষে পড়ে, তাহা জগতের দর্শনীয় দৃষ্ঠগুলির অন্ততম। স্বামীজী সাগ্রহে উহার প্রশংসা করিতে ভূলিলেন না। লক্ষোয়ে বেসকল শিল্পত্রের ও বিলাসোপকরণ প্রস্তুত হয়, তাহাদিগের নাম ও গুণবর্ণনা অনেকক্ষণ ধরিয়া চলিল। কিন্তু বেসকল মহানগরীর সৌন্দর্য সর্ববাদিসম্মত ও যাহারা ইতিহাসে প্রসিদ্ধি লাভ করিয়াছে, গুরু সেইগুলিকেই যে স্বামীজী আগ্রহের সহিত আমাদের মনে দৃঢ়ান্ধিত করিয়া দিতে প্রস্থাস পাইতেন ভাহা

নহে। আর্থাবর্তের স্থবিস্কৃত থেত, খামার ও গ্রামবছল সমতল প্রদেশ অতিক্রম করার সময় তাঁহার প্রেম যেরপ উথলিয়া উঠিত, অথবা তয়্ময়তা যেরপ প্রগাঢ় হইত, এমন আর বোধ হয় কোথাও হয় নাই। এইখানে তিনি অবাধে সমগ্র দেশকে এক অথও ভাবে চিন্তা করিতে পারিতেন, এবং তিনি ঘন্টার পর ঘন্টা ধরিয়া কিরপে ভাগে জমি চাষ করা হয় তাহা বুঝাইয়া দিতেন, অথবা রুষক্র্যাইণীর দৈনন্দিন জীবনের বর্ণনা করিতেন; তাহার আবার কোন খুঁটিনাটি বাদ যাইত না—বেমন, সকালের জলখাবারের জন্ম যে রাত্রি হইতে থিচুড়ি উনানে চড়াইয়া রাখা হইত, তাহাও উল্লিখিত হইত। আমাদিগকে সকল কথা বলিতে বলিতে তাঁহার নয়নপ্রান্তে যে আনন্দরেখা ফুটিয়া উঠিত, অথবা কঠ যে আবেগভরে কন্দিত হইত, তাহা নিশ্চয়ই তাঁহার পূর্ব পরিব্রাজক-জীবনের স্মৃতিবশত:। কারণ আমি সাধুদিগের মুথে শুনিয়াছি যে, দরিদ্র ক্রষকগৃহে যে অতিথিসংকার লাভ হয়, তাহা ভারতের আর কুরাপি দেখা যায় না।"…(৮১-৮০ পুঃ)।

"সময়ে সময়ে এরপ মনে হইত, যেন স্বদেশের অতীত গৌরববোধই স্বামীজীর বোলআনা মনঃপ্রাণ অধিকার করিয়াছিল, তাঁহার স্থানমাত্রেরই ঐতিহাসিক মূল্যবোধ অতি অসাধারণরূপে বিকাশ পাইয়াছিল। এই হেতু যথন আমরা বর্ধার প্রাক্কালে একদিন অপরাহে গুমোটের মধ্য দিয়া তরাই অতিক্রম করিতেছিলাম, সেই সময় তিনি আমাদিগকে যেন প্রত্যক্ষ করাইয়া দিলেন যে, এই সেই ভূমি যথায় ভগবান বৃদ্ধের কৈশোর অতিবাহিত ও বৈরাগ্যলীলা প্রকটিত হইয়াছিল। বল্য ময়রগণ রাজপুতানা ও তাহার চারণগণের গীত মনে পড়াইয়া দিল। কচিৎ কোথাও একটি হন্তী স্বামীজীর ভারতের প্রাচীনকালের মুক্ককাহিনীসকল বলিবার উপলক্ষ্যক্ষরপ হইল—সেই প্রাচীন মুগের ভারত, যাহা যতদিন সে বিদেশীয়দিগের আক্রমণের বিক্লকে এই জীবস্ত কামানরূপ সামরিক প্রাকার থাড়া করিতে পারিয়াছিল, ততদিন কথনও পরাজিত হয় নাই।" তে ৮৩-৮৪ পঃ)।

"আমরা যথন কোন গ্রামের ভিতর দিয়া যাইতাম, তথন তিনি আমাদিগকে হিন্দু পরিবারগুলির বিশেষজ্পচক, স্বারদেশের উপরিভাগে দোহল্যমান গাঁদা ফুলের মালাগুলি দেপাইয়া দিতেন। আবার ভারতবাসিগণ 'স্কুলর' বলিয়া যাহার আদর করেন, গায়ের সেই 'কাঁচা সোনার রঙ' তিনি আমাদিগকে দেখাইয়া দিতেন। ইওরোপীয়দিগের আদর্শস্থল যে ঈষৎ রক্তাভ শ্বেত, তাহা

হইতে উহা কত বিভিন্ন! আমাদিগকে দকে লইয়া টাঙ্গাবোগে ঘাইবার দমন্ব তিনি অন্ত দব ভূলিয়া, যে শিব-মাহাত্ম্য বর্গনে তিনি কদাপি ক্লান্তিবোধ করিতেন না, তাহাতেই মগ্ন হইয়া ঘাইতেন। মহাদেবের লোকসমাগম হইতে অতিদ্রে পর্বতশীর্ষে মৌনভাবে অবস্থিতি, তাঁহার মানবের নিকট কেবল নিঃসঙ্গত্ম এবং এক অনস্থ ধ্যানে তন্ম হইয়া থাকা—এইদকল বিষয় বর্ণিত হইত।"…(৮৬ প্র:)।

১৩ই মে ভোরে সকলে কাঠগোদাম পৌছিয়া সেথান হইতে প্রথমে টাকায় ও পরে ঘোড়া বা ডাণ্ডী করিয়া নৈনীতালে উপনীত হন। স্বামীজী ডাণ্ডীতে গিয়াছিলেন। থেতড়ীর রাজা অজিত সিংহ তথন নৈনীতালে ছিলেন; স্বতরাং স্বামীজী রাজার সহিত মিলিত হইয়া তাঁহারই বাসস্থানে সানন্দে তুই-তিন দিন কাটাইলেন। আলমোড়া হইতে লিখিত স্বামীজীর ২০শে মে তারিথের পত্রপাঠে জানা যায়, স্বামী প্রেমানন্দ (বাব্রাম) পূর্ব হইতেই আলমোড়ায় ছিলেন; আলমোড়ার পথে স্বামীজী নৈনীতালে পৌছিলে স্বামী প্রেমানন্দও সেথানে তাঁহার সহিত মিলিত হইলেন। অতঃপর সকলে ১৬ই মে আলমোড়া যাত্রা করিলেন। নিবেদিতা লিখিয়াছেন:

"আমরা একটি বড় দল, অথবা প্রক্বন্তপক্ষে হুইটি দল। বুধবার সন্ধাকালে হাওড়া সেনান হইতে যাত্রা করিয়া শুক্রবার প্রাতে হিমালয়ের সমূথে উপস্থিত হইলাম। তিনটি ঘটনা নৈনীতালকে মধুময় করিয়া তুলিয়াছিল—থেতড়ীর রাজাকে আমাদের নিকট পরিচিত করিয়া দিয়া আচার্যদেবের আহ্লাদ, তুইজন বাইজীর (বা দেবদাসীর) আমাদের নিকট সন্ধান জানিয়া লইয়া স্বামীজীর নিকট গমন এবং অত্যের নিষেধ সত্ত্বে স্বামীজীর তাঁহাদিগকে সাদর অভ্যর্থনা করা; আর একজন মুসলমান ভদ্রলোকের এই উক্তি: 'স্বামীজী, যদি ভবিয়তেকেই আপনাকে অবতার বলিয়া দাবী করেন, মরণ রাধিবেন যে, আমি মুসলমান হইয়াও তাঁহাদের সকলের অগ্রগী।'

"এই নৈনীতালেই স্বামীজী রাজা রামমোহন রায় সম্বন্ধে অনেক কথা বলেন, তাহাতে তিনি তিনটি বিষয় এই আচার্যের শিক্ষার মূলস্ত্র বলিয়া নির্দেশ করেন: তাঁহার বেদান্তগ্রহণ, স্বদেশপ্রেমপ্রচার, এবং হিন্দু-মূসলমানকে সমভাবে ভালবাসা। এইসকল বিষয়ে রাজা রামমোহন রায়ের উদারতা ও ভবিশ্বদর্শিতা যে কার্যপ্রণালীর স্বচনা করিয়াছিল, তিনি নিজে মাত্র তাহাই অবলম্বন করিয়া অগ্রসর হইয়াছেন বলিয়া দাবি করিতেন।" ('বাণী ও রচনা', ৯।২৬৯ পৃঃ)।

দেবদাসীম্বয়-সংক্রান্ত ঘটনাটি বর্ণনা করিতে গিয়া নিবেদিতা লিথিয়াছেন যে, নৈনী-সরোবরের ও উপরে অবস্থিত মন্দিরছয় দর্শন করার কালে তাঁহারা চুইটি নর্তকীকে পুজারতা দেখিলেন। পুজাস্তে ভগিনী নিবেদিতা প্রভৃতির ভাকা ভাঙ্গা ভাষা অবলম্বনে তাহারা স্বামীন্সীর উপস্থিতির কথা জানিতে পারিল ও তাঁহাকে দর্শন করিতে গেল। স্বামীজী ঐ দেবদাসীধ্যুকে তাডাইয়া দিতে অম্বীকৃত হওয়ায় সমবেত জনতার মনে বেশ একটা আলোড়ন উপস্থিত হইয়াছিল: কিন্তু স্বামীজী গ্রাহ্ম করেন নাই। এই ঘটনা উপলক্ষে তিনি শিক্সাদিগকে থেতভীর বাইজীর ঘটনাটি শুনাইয়াছিলেন। নিবেদিতা যে মুসলমান ভদ্রলোকের কথা উল্লেখ করিয়াছেন, তাঁহার নামোল্লেখ না থাকিলেও খুব সম্ভবত: তিনি মহম্মদ সফ রাজ হোদেন। তাঁহাকে লিখিত স্বামীজীর ১০ই জুন (১৮৯৮) তারিথের একথানি বিশেষ উল্লেখযোগ্য পত্রের একটি অংশ এইরূপ: "বেদান্তের মতবাদ যতই স্ক্র ও বিশায়কর হউক না কেন. কর্মপরিণত ইসলামধর্মের সহায়তা ব্যতীত তাহা মানবসাধারণের অধিকাংশের নিকট সম্পূর্ণ-রূপে নিরর্থক। · আমাদের নিজেদের মাতৃভূমির পক্ষে হিন্দু ও ইসলামধর্মরূপ তুই মহান মতের—বৈদান্তিক মন্তিক ও ইসলামীয় দেহের—সমন্বয়ই একমাত্র আশা। আমি মানস-চক্ষে দেখিতেছি, এই বিবাদ-বিশৃত্খলা ভেদপুর্বক ভবিয়ৎ পূর্ণাক ভারত বৈদান্তিক মন্তিক ও ইসলামীয় দেহ লইয়া মহা মহিমায় ও অপরাক্ষ্মে শক্তিতে জাগিয়া উঠিতেছে।" (ইংরেজী 'কম্প্লিট ওয়ার্কদ', ৬।৪১৫)।

নৈনীতালে আর একজন ভদ্রলোকের সহিত স্বামীজীর সাক্ষাৎ হয়। ইনি পূর্বে তাঁহার মেট্রোপলিটান বিছালয়ের সহপাঠী ছিলেন, নাম যোগেশচন্দ্র দত্ত। যোগেশবার জানিতে চাহিলেন, "যদি কিছু টাকা তুলে এদেশের গ্র্যাজুয়েটদের বিলাতে পাঠিয়ে সিভিল সার্ভিস পড়িয়ে আনা যায়, তাতে কিরূপ ফল হয় ? তারা দেশে ফিরে দেশের অনেক উপকার করতে পারে না কি ?" স্বামীজী ইহাতে কোন উৎসাহ প্রকাশ না করিয়া বলিলেন, "ওতে কিছু হবে না হে! ওতে কেবল ছেলেগুলো সাহেবী তং শিথে আসবে আর এদেশে এসে সাহেব-ঘেঁবা হবে। এটা একেবারে ফ্রুবসত্য বলে জেনে রেথে দাও। তারা

১। নৈনীভাল-অর্থাৎ নমনীদেবীর সরোধর।

ভার্ নিজেদের উন্নতির চেষ্টা খ্রুবে, আর সাহেবদের মতো থাবে, পরবে ও চাল চালবে—দেশের কথা মনেও করবে না।" ঐদিন কথায় কথায় দেশের লোকের স্বদেশের উন্নতিকল্পে উৎসাহ ও উল্লেম্র অভাবের আলোচনা করিতে গিয়া তিনি এতই অভিভূত হইয়া পড়িয়াছিলেন যে, তাঁহার চক্ষে জল দেখা দিয়াছিল। তাঁহার সেই গলদশ্রলোচন দর্শনে সকলেরই হৃদয় ভারাক্রাম্ভ হইয়াছিল। ঐ আলোচনাকালে যোগেশবাবুর বন্ধু শ্রীযুক্ত ব্রহ্মান্দ সিং এম-এ মহাশয়ও সেখানে উপস্থিত ছিলেন। ইনি তথন রামপুর স্টেট কলেজের অধ্যক্ষ ছিলেন; পরে ইনি লক্ষে কাগজের কলের অন্ততম পরিচালক হইয়াছিলেন। এই দৃশ্য দেখিয়া যোগেশবাবু ও তাঁহার বন্ধুর মনে যে ভাবের উদয় হইয়াছিল, তৎসম্বন্ধে যোগেশবাবু বিথিয়াছিলেন: "জীবনে কথনো সে দৃশ্যটি ভূলিব না। তিনি সংসারত্যাগী সন্ন্যামী ছিলেন বটে, কিন্তু ভারতবর্ষের কথা তাঁহার হৃদয়ের পরতে পরতে জাগরক ছিল। ভারতই তাঁহার প্রাণ, ভারতই তাঁহার ধ্যান, জ্ঞান; ভারতের কথাই তিনি ভাবিতেন, ভারতের জন্ম তিনি কাদিতেন, আর ভারতের জন্মই তিনি জীবন উৎসর্গ করিয়া গিয়াছেন। তাঁহার চক্ষের প্রতি স্পান্দনে, ধমনীর প্রতি শোণিতবিন্দুতে ভারতের চিন্তা ছাড়া অন্থ চিন্তা ছিল না।"

নৈনীতালে তাঁহার সহিত সাক্ষাৎকারের জন্ত সমাগত ভদ্রলোকদিগকে তিনি পাশ্চান্তাদেশীয় নিমন্তরের অনেকের ধর্মসকোন্ত অজ্ঞতা ব্রাইবার জন্ত একটি গল্প জনাইয়াছিলেন: "একবার এক বিশপ কয়লার খনিতে গিয়াছিলেন। তিনি মজ্রদের মধ্যে বক্তৃতা দিয়া বাইবেলের মহান সত্যগুলি শিখাইতে সচেট হইলেন ও বক্তৃতাশেষে জিজ্ঞাসা করিলেন, 'তোমরা খুইকে জান তো?' একজন প্রত্যুত্তর দিতে গিয়া প্রতিপ্রশ্ন করিল, 'আজে, তার নম্বরটা কত?' কি বিজ্মনা! তাহার ধারণা ছিল, বিশপ নম্বরটি বলিয়া দিলে সে মজুরদের মধ্য হইতে তাহাকে খুঁজিয়া বাহির করিতে পারিবে।" আমাদের দেশে বলে, 'সাত কাগু রামায়ণ পড়ে সীতা কার বাপ?' স্বামীজী আরও বলিলেন, "পাশ্চান্ত্যের লোকেরা এশিয়ার লোকের মতো তেমন ধর্মপ্রাণ নয়। সাধারণের মধ্যে তো ধর্মের চিস্তাই নেই। যে কোন ভারতবাসী লগুন বা নিউ ইয়র্কে গেলে, প্রথমেই তার চোথে পড়ে যে, সেধানকার ত্নীভিপরায়ণতা তার কল্পিড নরকের চেয়েও বীভৎস। এশিয়ার লোক ষ্তই অধঃপতিত হোক, লগুনের হাইড পার্কে দিন তুপুরে ষেস্ব কাগু ঘটে, দেখলে তারও দ্বণা হবে।" তিনি

বলিতেন, পাশ্চান্ত্য দেশের নিম্নশ্রেণীর লোকেরা বে শুধু স্বধর্ম সম্বন্ধেই অজ্ঞ তা নম্ব, এদিকে খুব গোঁমার ও অসভা। একদিন আমি আমার এই প্রাচ্য পোশাক পরে লগুনের এক রাস্তা দিয়ে যাচ্ছি, এমন সময় এক কয়লার গাড়ীর গাড়োয়ান আমার পোশাক দেখে বোধ হয় একটু আমোদ বোধ করলে। ভারপরই তার হাতটা এমন স্থভ্স্ত্ড করতে লাগলো বে, তৎক্ষণাৎ সে একটা কয়লার চাঁই আমার দিকে ছুঁড়ে মারলে। ভাগ্যক্রমে সেটা আমার গায়ে না লেগে কানের পাশ দিয়ে বেরিয়ে গেল।"

নৈনীতাল হইতে ১৬ই মে স্বামীক্ষী ডাণ্ডীতে ও অপর সকলে ডাণ্ডীতে বা অ্বারোহণে আলমোড়ায় চলিলেন। ঐ রাত্রি তাঁহারা একটি ডাকবাঙ্গলায় কাটাইয়া পরদিন আলমোড়ায় পৌছাইলেন। সেখানে স্বামীক্ষী অপর সন্মানীদের সহিত সেভিয়ার-দম্পতির অতিথি হইলেন, পাশ্চান্ত্য মহিলারা কিঞ্চিৎ দ্রে একটি বাঙ্গলাতে আশ্রম লইলেন। তাঁহারা এখানে প্রায় একমাস ছিলেন। ম্যাকলাউডের স্বৃতিকথা হইতে জানা যায়, নৈনীতালেও এইরূপ পৃথক বাসেরই ব্যবস্থা হইয়াছিল—মহিলারা একটি হোটেলে ছিলেন এবং ঐ তিন দিন স্বামীজীর সহিত্ত তাঁহাদের বিশেষ সাক্ষাৎ ঘটে নাই। স্বামীজীর ২০শে মের পত্রে জানা যায়, স্বামী প্রেমানন্দ নৈনীতাল হইতে আলমোড়া যাইবার পথে ঘোড়া হইতে পড়িয়া যান ও তাঁহার হাতে চোট লাগে। এইজন্ত স্বামীজী থুবই চিস্তাহিত হইয়াছিলেন। আলমোড়ার অন্তান্ত খবরের মধ্যে ঐ পত্রে আছে:

"আমার শরীর অপেকাক্কত অনেক ভাল, কিন্তু ভিস্পেপ্ দিয়া (অজীর্ণতা) যায় নাই, এবং পুনর্বার অনিপ্রা আদিয়াছে। তেএবারে আলমোড়ার জলহাওয়া অতি উত্তম। তাহাতে দেভিয়ার যে বাঙ্গলা লইয়াছে, তাহা আলমোড়ার মধ্যে উৎক্কষ্ট। এনি বেস্থাণ্ট চক্রবর্তীর সহিত একটি ছোট বাঙ্গলায় আছে। চক্রবর্তী এখন (গাজীপুরের) গগনের জামাই। আমি একদিন দেখা করতে গিয়াছিলাম। এনি বেস্থাণ্ট আমায় অহনেয় করে বললে যে, আপনার সম্প্রদায়ের সহিত যেন আমার সম্প্রদায়ের পৃথিবীময় প্রীতি থাকে ইত্যাদি। আজ বেস্থাণ্ট চা খাইতে এখানে আদিবে। আমাদের মেয়েরা নিকটে একটা ছোট বাঙ্গলায় আছে এবং বেশ আছে।কেবল আজ মিস ম্যাকলাউড একটু অস্ক্স। হ্যারি সেভিয়ার দিন দিন সাধু বনে যাছেছ। হরি ভাই-এর নমস্কার এবং সদানন্দ, অজয় ও স্থরেনের প্রণাম জানিবে।" আলমোড়ায় অবস্থানকালে তুই দলের পৃথক বাসের ব্যবস্থা হইলেও স্বামীক্ষী পূর্বাভ্যাসাহ্মসারে প্রতিদিন প্রাতরাশের সময় শিক্ষাদের বাটাতে উপস্থিত হইতেন এবং বিবিধ বিষয়ে উপদেশ দিতেন। বস্তুত: এই শিক্ষাদানের ব্যাপার কথনও একেবারে বন্ধ হয় নাই; টেনে, অখপৃষ্ঠে, প্রাতরাশকালে বা ভ্রমণ করিতে করিতে যথনই স্থবিধা হইত তথনই স্বামীক্ষী স্বীয় জ্ঞানভাণ্ডার অপরের কল্যাধার্থ খুলিয়া ধরিতেন। সে বৎসর সারা গ্রীষ্মকালটাই এইভাবে কাটিয়াছিল। আলমোড়ায় বাঙ্গলোর বারান্দায় বিসিয়া ঐরপ আলোচনাকালে স্থামীক্ষী প্রধান বক্তা হইলেও অপরেরা প্রশ্ন করিবার বা স্বীয় মত ব্যক্ত করিবার যথেষ্ট অবকাশ পাইতেন।

স্বামীজীর সহিত এইসব আলোচনাকালে নিবেদিতা স্বামীজীর বাণীর একটি মূল হত্ত আবিষ্কার করিয়াছিলেন। তাহা প্রকাশ করিতে গিয়া তিনি লিখিয়াছেন: "आभात श्वकरमत्वत कीवतनत्र भट्य এवः त्मरे मत्क तथरमत्व विषय এरे रय,...त অবস্থায় মাত্র্য ভগবানকে প্রত্যক্ষ করে, সেই সমাধি-অবস্থালন শাশ্বত প্রজ্ঞা-লোকে তাঁহারও চিত্ত উদ্ভাষিত থাকিত বটে, কিন্তু উহা সেই সকল প্রশ্ন ও সমস্তার উপরই নিপতিত হইত, যাহা আধুনিক জগতের মনীষী ও কর্মিগণের আলোচনার বিষয়। তাঁহার আশা বিংশ শতান্দীর মানবগণের আশাকে আপনার আশার অস্তর্ভুক্ত করিয়া লইতে বা বর্জন করিতে পারিত, কিন্তু উহার থোঁজ-খবর না লইয়া থাকিতে পারিত না। সমুদ্য জ্ঞানভাণ্ডারকে একস্থতে গ্রথিত করার প্রথম ফলস্বরূপ চারিদিক হইতে সমগ্র মানবজাতির হর্দশা ও তংপ্রতিকূলে সংগ্রামের যে দৃষ্ঠ প্রকাষ্ঠ দিবালোকের নায় লোকের নয়নপথে সহসা পতিত হইয়াছিল, তাহা ইওরোপীয়গণের মতো তাঁহারও চক্ষে পড়িয়াছিল। ইওরোপ এ বিষয়ে কি অভিমত প্রকাশ করিয়াছে তাহা আমরা জানি। ষাট বংসর বা ততোধিককাল ধরিয়া ইওরোপীয় কলা, বিজ্ঞান ও কাব্য হতাশার ক্রন্সনে পূর্ণ। একদিকে অধিকারপ্রাপ্ত জাতিসমূহের উত্তরোত্তর বর্ধমান তৃষ্টি ও ইতরন্ধনোচিত প্রবৃত্তি, অক্তদিকে অধিকারনিরাক্কত জাতিসমূহের উত্তরোত্তর वर्धमान विशाप ও यञ्चणा, ज्यात मानत्वत्र खेलात श्रक्ति अनकलत्क भाभ विनाम জানিয়াও শক্তির অভাবে ইহাদের রোধ বা দমনে অসমর্থ-এই দৃশ্রই ইওরোপের শ্রেষ্ঠ মনীবিগণের চক্ষে পড়ে। অনিচ্ছাসত্ত্বেও এবং মর্মবাতনা ভোগ করিলেও উপায়ান্তর না দেখিয়া পাশ্চাত্ত্য শিক্ষাদীকা শুধু দাঁড়াইয়া দাঁড়াইয়া উচ্চৈ: মতে ইহাই বলিতে পারে, 'যাহার আছে, তাহাকে আরও দেওয়া হইবে, আর যাহার নাই, তাহার নিকট হইতে তাহার ধংসামান্ত সম্বলটুকুও কাড়িয়া লওয়া হইবে। সাবধান, যে পরাজিত হইবে, তাহারই সর্বনাশ !

"প্রাচ্য জ্ঞানিমগুলীরও কি এই অভিমত ? তাহা হইলে মানবজ্ঞাতির আর আশা কি ? আমি আমার গুরুদেবের জীবনে এই প্রশ্নের একটি উত্তর দেখিতে পাই। আমি তাঁহাকে একাধারে ভারতের ও জগতের অতীত কালের সংখ্যাতীত আচার্য ও ঋষিগণের আধ্যাত্মিক আবিদ্ধার ও ধর্মলাভের জন্ম সংগ্রামের উত্তরাধিকারি-স্বরূপে এবং এক নৃতনবিধ ভবিন্তং উন্নতির প্রবর্তক ও ঋষিরূপে দেখিতে পাই। আমার বিশাস যে, যেসকল উন্নত ও অসাধারণ চিন্তাপ্রণালী ও জ্ঞানভূমিতে তিনি অবাধে বিচরণ করিতেন, তাহার প্রত্যেকটির আধুনিক্যুণের জন্ম কোন-না-কোন সার্থকতা আছে। আমার বিশাস, অনেক জিনিস, যাহা আমি ব্রিতে পারি নাই বলিয়া আমার দৃষ্টি অতিক্রম করিয়াছে, তাহা অন্ত কাহারও জীবনে অনুকূল ক্ষেত্র প্রাপ্ত হইবে।" ('স্বামীজীকে যেরূপ দেখিয়াছি', ৯০-৯১ পৃঃ)।

় নিবেদিতার এই দিব্যদৃষ্টিলাভ একদিনে হয় নাই, এই জন্ম তাঁহাকে দীর্ঘ ক্ষরধার পথ অতিক্রম করিতে হইয়াছিল। কারণ ভারতের কল্যাণে উৎসর্গিত-প্রাণা তাঁহার মানসহহিতার প্রতীচাত্মলভ চিন্তাধারাকে ঢালিয়া সাজাইবার জন্ম স্বামীজী সর্বদা সাতিশন্ন চেষ্টিত ছিলেন ও ক্ষেত্রবিশেষে অতীব কঠোর প্রক্রিয়া অবলম্বন করিতেন। নিবেদিতার আত্মনিবেদনই তাঁহাকে এই কঠিন পরীক্ষায় উত্তীর্ণ করিয়াছিল, অপর কেহ হইলে অনেক আগেই ভাদিয়া পড়িত। ইহা আমরা ক্রমে ব্রিব, আপাততঃ আলমোড়ার শিক্ষা-কালেই ফিরিয়া যাই।

নিবেদিতা লিখিয়াছেন, "প্রাতরাশের সময় আমাদের নিকট আসিয়া কয়েক ঘণ্টা কথাবার্তায় কাটাইয়া দেওয়া স্বামীজীর পুরাতন অভ্যাস ছিল। আমাদের আলমোড়া পৌছিবার দিন হইতেই স্বামীজী এই অভ্যাস পুনরায় শুরু করিলেন। তথন (এবং সকল সময়ই) তিনি অতি অল্প সময় ঘুমাইতেন এবং মনে হয়, তিনি যে এত প্রাতে আমাদের নিকট আসিতেন, তাহা অনেক সময় আরও সকালে সন্থাসিগণের সহিত তাঁহার একপ্রস্থ ভ্রমণ শেষ করিয়া ফিরিবার মুখে। কথনও কথনও, (কিন্তু কালে ভল্রে) বৈকালেও আমরা তাঁহার দেখা পাইতাম, হয় তিনি বেড়াইতে বাহির হইতেন, নয় তো আমরা নিজেরাই, তিনি যেখানে

দলবলসহ অবস্থান করিতেছিলেন, সেই ক্যাপ্টেন সেভিয়ারের গৃহে হাইয়া জাঁহার সহিত দেখা করিতাম।" ('বাণী ও রচনা', না২৭০ পু:)।

"আলমোড়ায় এই প্রাতঃকালীন কথোপকথনগুলিতে একটি নৃতন ও অনমুভতপূর্ব ব্যাপার আসিয়া জুটিয়াছিল। উহার শ্বতি কষ্টকর হইলেও শিক্ষাপ্রদ। ···পাঠকের স্বরণ রাখা উচিত যে, স্বামীজীর তদানীস্তন শিশুগণের মধ্যে কনিষ্ঠ ছিলেন একজন ইংরেজ রমণী।^২···উক্ত শিগ্রাকে মঠে দীক্ষিত কবিবার প্রদারেস স্বামীজী উল্লাদের সহিত ... জাঁহাকে প্রশ্ন করিয়াছিলেন, 'তুমি এখন কোন্ জাতিভুক্তা?' উত্তর ভনিয়া স্বামীজী বিস্মিত হইলেন, দেখিলেন তিনি ইংরেজের জাতীয় পতাকাকে কি প্রগাঢ় ভক্তি ও পুজার চক্ষে দেখেন; দেখিলেন ষে. একজন ভারতীয় রমণীর তাঁহার ইষ্টদেবতার প্রতি যে ভাব, ইহারও এই পতাকার প্রতি অনেকটা সেই ভাব। স্বামীজীর তাংকালিক বিশ্বয় এবং আশাভঙ্গ বাহিরে প্রকাশ পাইল না বলিলেও হয়। ... কিন্তু আলমোড়ায় আসিয়া যেন এক ন্তন পাঠ লওয়া শুক হইয়াছে বলিয়া বোধ হইতে লাগিল। ... বছ সপ্তাহ পরে একবার কোন ঘটনা সম্বন্ধে উক্ত শিষ্যার নিরপেক্ষ মত জানিবার চেষ্টা করিয়া ষারপরনাই বিফলমনোরথ হইয়া স্বামীজী বলিয়া উঠিয়াছিলেন, 'বাস্তবিকই তোমার যেরপ স্বজাতিপ্রেম, উহা তো পাপ ৷ স্বধিকাংশ লোকই যে স্বার্থের প্ররোচনায় কার্য করিয়া থাকে—আমি চাই, তুমি এইটুকু বুঝ; কিছ তুমি ক্রমাগত ইহাকে উলটাইয়া দিয়া বলিয়া থাক যে, একটি জাতিবিশেষের সকলই দেবতা। অজ্ঞতাকে এইরপে আঁকড়াইয়া ধরিয়া থাকা তো হুষ্টামি।" ('স্বামীন্সীর সহিত হিমালয়ে', ১৮-২০ পঃ)।

"স্থতরাং আলমোড়ার এই প্রাতঃকালীন আলোচনাসমূহ আমাদের সামাজিক, সাহিত্যিক ও ললিতকলা-বিষয়ক বন্ধমূল পূর্ব সংস্কারগুলির সহিত সজ্মর্থর আকার ধারণ করিত, অথবা তাহাতে ভারতীয় ও ইওরোপীয় ইতিহাস ও উচ্চ উচ্চ ভাবের তুলনা চলিত এবং অনেক সময় অতি মূল্যবান প্রাসন্ধিক মস্তব্যও ভানিতে পাইতাম। স্বামীজীর একটি বিশেষত্ব এই ছিল যে, কোন দেশবিশেষ বা সমাজবিশেষের মধ্যে অবস্থানকালে তিনি উহার দোষগুলিকে প্রকাশ্যে এবং ভীব্রভাবে সমালোচনা করিতেন, কিন্তু তথা হইতে চলিয়া আসিবার পর যেন

২। নিবেদিতা জাতে আইরিশ হইলেও, তথনকার দিনে তাঁহাকে ইংরেজ বলা হইত—তাঁহার পরিবারের সকলে ইংলঙেই থাকিতেন।

সেখানকার গুণ ভিন্ন কিছুই তাঁহার মনে নাই, এইরূপই বোধ হইত।" ('বাণী ও রচনা', ১।২৭১ পু:)।

প্রথম দিন সকালের আলোচ্য বিষয় ছিল—সভ্যতার মূল আদর্শ। স্বামীজীর মতে প্রতীচ্যের আদর্শ সত্য, প্রাচ্যের ব্রন্ধচর্য। হিন্দুর বিবাহপদ্ধতি এই আদর্শ হইতেই সম্ভূত এবং সমস্ত বিষয়টির সহিত অবৈতবাদের মৌলিক সমন্ধ রহিয়াছে।

আর একদিনের বিষয়বস্ত ছিল জাতিভেদ। সমস্ত জগতেই চারিটি মুখ্য জাতি আছে; আবার চারিটি মুখ্যজাতীয় কার্যও আছে। সব জাতির মধ্যেই একদিকে যেমন ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্র ও শুদ্র রহিয়াছে, অপরদিকে তেমনি দেখা যায় বিভিন্ন জাতিতে উহাদের বিভিন্ন কর্মের প্রাধান্ত আছে। ধর্মসম্বন্ধীয় কর্ম প্রধানত: হিন্দুরা সম্পাদন করিতেছে; প্রাচীন রোমকদের হস্তে ছিল যুদ্ধবিদ্যা; বাণিজ্যসংক্রান্ত কর্ম অধুনা মুখ্যত: ইংরেজের দারা স্বীকৃত; আর আছে প্রজাতন্ত্র-মূলক কার্য, যাহা আমেরিকা সম্পন্ন করিবে। অতঃপর তিনি বুঝাইয়া দিলেন, আমেরিকাতে কিরূপে ভবিন্যতে সাধারণ জনগণের অধিকার স্বীকৃত হইবে এবং আমেরিকা কিরূপে তথনও আদিম অধিবাসীদের মর্যাদা-প্রতিষ্ঠায় নিযুক্ত ছিল।

সময়ান্তরে তিনি উল্লাসসহকারে মোগলবংশের কীর্তিকাহিনী শুনাইতেন।
আর দিল্লী ও আগ্রার কথা তাঁহার মুথে প্রায়ই শোনা যাইত। তাজমহলের
বর্ণনা করিতে গিয়া তিনি বলিয়াছিলেন, "কীণালোক, তারপর আরও কীণালোক
—আর সেখানে একটি সমাধি!" সাজাহানের কথা তুলিয়া তিনি উৎসাহভরে
বলিয়াছিলেন, "আহা, তিনিই ছিলেন মোগলবংশের ভূষণশ্বরূপ! অমন
সৌন্দর্যায়রাগ ওসৌন্দর্যবাধইতিহাসে আর দেখা যায় না। আবার নিজেও একজন
কলাবিদ্ লোক ছিলেন। আমি তাঁহার শহস্তচিত্রিত একখানি পাঞ্লিপি
দেখিয়াছি, সেখানি ভারতবর্ষের কলাসম্পদের অঙ্গবিশেষ। কি প্রতিভা!"
আকবরের প্রসঙ্গ তিনি আরও বেশী করিয়া করিতেন। আগ্রার সল্লিকটে
সেক্তেরার সেই গম্জবিহীন অনাচ্ছাদিত সমাধির বর্ণনাক্তে আকবরের কথা
বলিতে বলিতে স্বামীজীর কণ্ঠ যেন বাম্পক্তর হইয়া আসিত।

কথায় কথায় তিনি ইওরোপে চলিয়া বাইতেন। ইতালি ছিল তাঁহার বিবেচনায় "ইওরোপের সকল দেশের শীর্ষস্থানীয়; ধর্ম ও শিল্পের দেশ; একাধারে সাম্রাজ্য-সংহতি ও ম্যাটসিনির জন্মভূমি এবং উচ্চভাবের, সভ্যতা ও স্বাধীনতার প্রস্তি।" "সর্ববিধ বিশ্বজ্ঞনীন ভাবও আচার্যদেবের হৃদয়ে উদিত হইত। একদিন তিনি চীনদেশকে জগতের কোঁষাগার বলিয়া বর্ণনা করিলেন; এবং বলিলেন, তত্তত্য মন্দিরগুলির দারদেশের উপরিভাগে প্রাচীন বাঙ্গলা-লিপি খোদিত দেখিয়া তাঁহার রোমাঞ্চ হইয়াছিল।" (ঐ, ২৭৩ পঃ)।

শিবাজীর প্রসঙ্গ তৃলিয়া তিনি একদিন বলিয়াছিলেন, "আজও পর্যস্ত ভারতের কর্তৃপক্ষ সন্মাসীকে ভয় করে, পাছে তাঁহার গৈরিক বসনের নীচে আর একজন শিবাজী লুকায়িত থাকে।"

কখনও তিনি আর্যজাতির কথা বলিতেন। পূর্ণ উন্থমে তাহাদের লক্ষণ বিচার করিতেন। বলিতেন—ইহাদের উৎপত্তি-নির্ণয় জটিল সমস্থা। স্থইজ্বল্যাণ্ডের লোকদের সহিত চীনাদের আক্রতিগত সাদৃশ্য লক্ষ্য করিয়। স্থইজ্বল্যাণ্ডে থাকাকালে ভাবিতেন যেন চীনদেশেই আছেন। নরওয়ের কতক অংশ সম্বন্ধেও এ কথা থাটে। তারপর হাঙ্গেরীদেশীয় সেই পণ্ডিতের কথা বলিতেন, যিনি আবিদ্ধার করিয়াছিলেন যে, হুনদের আদিবাসস্থান তিব্বত।

কথনও কথনও তিনি বলিতেন, ভারতের সমগ্র ইতিহাসকে ব্রাহ্মণ ও ক্ষিত্রদের সজ্মর্থমাত্ররপে ব্যাথ্যা করা চলে। আর এই কথাও ঘোষণা করিতেন যে, যেসকল প্রেরণাবলে জাতির উন্নতি ও শৃঙ্খলাপসারণ হয়, তাহা ক্ষিত্রিয়েদের মধ্যেই চিরকাল নিহিত ছিল। আর উৎকৃষ্ট যুক্তিবলে তিনি প্রমাণ করিতেন যে, মৌর্য্রের ক্ষিত্রিয়ুকুলই অধুনা বাঙ্গলার কায়স্থগণে পরিণত হইয়াছেন। ব্রাহ্মণ ও ক্ষত্রিয়দের আদর্শের বিরোধ এইভাবে উপস্থাপিত হইত: "একটি প্রাচীন, গভীর এবং পরম্পরাগত আচার-ব্যবহারের প্রতি চির-বর্ধমান-শ্রন্ধান্ত্রাক্র অপরটি স্পর্ধানীল, আবেগপ্রবণ ও উদারদৃষ্টি-সম্পন্ন। রামচন্দ্র, শ্রীকৃষ্ণ, এবং ভগবান বৃদ্ধ—ইহারা সকলেই ব্যহ্মণকুলে না জন্মিয়া যে ক্ষত্রিয়ুকুলে উৎপন্ধ হইয়াছিলেন, সেটি ঐতিহাসিক উন্নতির এক গভীর নিয়ুমেরই ফলস্বরূপ।"

"বৃদ্ধদেব সম্বন্ধে স্বামীজী যে সময় কথা কহিতেন, সেটি এইটি মাহেল্রকণ; কারণ জনৈক শ্রোত্রী স্বামীজীর একটি কথা হইতে বৌদ্ধধর্মের ব্রাহ্মণ্যপ্রতিদ্বন্ধী ভাবটিই তাঁহার মনোগত ভাব, এই ভ্রমাত্মক সিদ্ধান্ত করিয়া বলিলেন, 'স্বামীজী, স্বামি জানিতাম না যে, স্বাপনি বৌদ্ধ!' উক্ত নাম শ্রবণে তাঁহার মুখমগুল দিব্যভাবে উদ্ভাসিত হইয়া উঠিল; প্রশ্নকর্ত্তীর দিকে ফিরিয়া বলিলেন, 'স্বামি বৃদ্দের দাসাহদাসগণের দাস। তাঁহার মতো কেউ কখন জন্মিয়াছেন কি ? স্বয়ং

ভগবান হইয়াও তিনি নিজের জন্য একটি কাঞ্চপু করেননি। আর কি হালয়! সমস্ত জগৎটাকে তিনি ক্রোড়ে টানিয়া লইয়াছিলেন। এত দয়া য়ে, রাজপুত্র এবং সয়্যাসী হইয়াও একটি ছাগশিশুকে বাঁচাইবার জন্ম প্রাণ দিতে উন্থত!" তিনি সেদিন আরও বলিয়াছিলেন য়ে, বাল্যকালে তিনি শ্রীবৃদ্ধের দর্শন পাইয়াছিলেন। বস্তুত: স্বামীক্রী বৃদ্ধের কথা অনেকবার অনেক ভাবে আলোচনা করিয়াছিলেন; বৃদ্ধের প্রশংসায় তিনি ছিলেন শতম্থ। একবার তিনি ভাগনী নিবেদিতা প্রভৃতিকে অয়াণালীর কাহিনী শুনাইয়াছিলেন।

"একদিন প্রাতঃকালে এক সর্বাপেক্ষা নৃতনত্বপূর্ণ বিষয়ের অবতারণা হইয়াছিল। সেদিনকার দীর্ঘ আলোচনার বিষয় ছিল 'ভক্তি'—প্রেমাস্পাদের সহিত সম্পূর্ণ তাদাত্মা, যাহা চৈতক্তদেবের সমসাময়িক ভ্যাধিকারী ভক্তবীর রায় রামানন্দের মুথে এরূপ স্থলরভাবে প্রকাশ পাইয়াছে:

'পহিলহি রাগ নয়নভক ভেল;
অফুদিন বাঢ়ল অবধি না গেল।
না সো রমণ না হাম রমণী
হছ মন মনোভব পেশল জানি।'

— 'শ্রীচৈতত্মচরিতামৃত', মধ্যলীলা, ৮ম পরিছেদ

"সেই দিন প্রাতঃকালে তিনি পারস্থের বাব-পদ্বিগণের (ব্যাবিস্টস্) কথা বলিয়াছিলেন—সেই পরার্থে আত্মবলিদানের যুগের কথা, যথন স্ত্রীজাতিকর্তৃক অন্ধ্রপাণিত হইয়া পুরুষগণ কাজ করিত এবং তাহাদিগকে ভক্তির চক্ষে দেখিত। এবং নিশ্চিত সেই সময়েই তিনি বলিয়াছিলেন, প্রতিদানের আকাজ্রা না রাখিয়া ভালবাসিতে পারে বলিয়াই তরুণবয়স্কগণের মহত্ত ও শ্রেষ্ঠতা, এবং তাহাদের মধ্যে ভাবী মহৎকার্থের বীক্ত স্ক্ষভাবে নিহিত থাকে—ইহাই তাঁহার ধারণা।

"আর একদিন অরুণোদয়কালে উদ্যান হইতে যথন উষার আলোকরঞ্জিত চিরতুষাররাশি দৃষ্টিগোচর হইতেছিল, সেই সময় স্বামীজী আসিয়া শিব ও উমা সম্বন্ধ দীর্ঘ আলাপ করিতে করিতে অঙ্গুলিনির্দেশ করিয়া বলিলেন, 'ঐ যে উর্ধ্বে শেতকায় তুষারমণ্ডিত শৃঙ্গরাজি, উহাই শিব; আর তাহার উপর যে আলোকসম্পাত হইয়াছে, তাহাই জগজ্জননী।' কারণ, এই সময়ে এই চিস্কাই তাঁহার মনকে বিশেষভাবে অধিকার করিয়াছিল যে, ঈশ্বরই জগৎ—তিনি জগতের

७। 'वानी ७ ब्रह्मा,' ३।१२-१७ शृः

ভিতরে বা বাহিরে নহেন, আর জগৎও ঈশ্বর বা ঈশ্বরের প্রতিমা নহে, পরস্ক ঈশ্বরই এই জগৎ এবং যাহা কিছু আছে, সব।" ('বাণী ও রচনা', ৯।২৭৫ পৃঃ)।

"একদিন সন্ধ্যাকালে পরমহংস শুকের আখ্যানটি আমরা শুনিয়াছিলাম।

"বাশ্ববিক শুকই ছিলেন স্বামীজীর মনের মতো যোগী। তাঁহার নিকট শুক সেই সর্বোচ্চ অপরোক্ষাফুভৃতির আদর্শস্বরূপ যাহার তুলনায় জীবজ্ঞগৎ ছেলেখেলা মাত্র। বছদিন পরে আমরা শুনিলাম যে, গ্রীরামক্বফ কিশোর স্বামীজীকে 'যেন আমার শুকদেব' বলিয়া বর্ণনা করিয়াছিলেন। 'অহং বেদ্মি শুকো বেন্তি ব্যাসো বেন্তি ন বেন্তি বা'—গীতার প্রকৃত মর্ম আমি জানি এবং শুক জানে আর ব্যাস জানিলেও জানিতে পারেন—ভগবদ্গীতার গভীর আধ্যাত্মিক অর্থ এবং শুকের মাহাত্মাত্মোতক এই শিববাক্য দাঁড়াইয়া উচ্চারণ করিতে করিতে তাঁহার মুথে যে অপুর্ব ভাবের বিকাশ হইয়াছিল, তাহা আমি কথনই ভূলিতে পারিব না; ভিনি যেন আনন্দ-সমুদ্রের গভীর তলদেশ পর্যন্ত নিরীক্ষণ করিতেছিলেন।

"আর একদিন স্বামীজী, হিন্দু-সভ্যতার চিরস্তন উপক্লে—আধুনিক চিস্তাতরঙ্গরাজির বছদ্রব্যাপী প্লাবনের প্রথম ফলস্বরূপ বঙ্গদেশে ষেসকল উদারহদয়
মহাপুরুষের আবির্ভাব হইয়াছিল, তাঁহাদের কথা বলিয়াছিলেন। রাজা
রামমোহন রায়ের কথা আমরা ইতিপুর্বেই নৈনীতালে তাঁহার মুথে শুনিয়াছিলাম। এক্ষণে বিভাসাগর মহাশয় সম্বন্ধে তিনি সাগ্রহে বলিলেন, 'উত্তর
ভারতে আমার বয়সের এমন একজন লোকও নাই, যাহার উপর তাঁহার প্রভাব
না পড়িয়াছে।' এই চুই ব্যক্তি এবং শ্রীরামক্রম্ব যে একই অঞ্চলে মাত্র কয়েক
ক্রোশের ব্যবধানে জ্রিয়াছেন, একথা মনে হইলে তিনি য়ারপরনাই আনন্দ
অমুভ্ব করিতেন।" (ঐ, ২০৫-৭৬ পঃ)।

স্বামীজী তাঁহার শিয়াদিগকে বলিয়াছিলেন যে, বিভাসাগর মহাশয় 'বিধবাবিবাহ-প্রবর্তনকারী ও বছবিবাহ-রোধকারী মহাবীর।' তিনি তাঁহাদিগকে বিভাসাগর-জীবনের অনেক চিন্তাকর্ষক ঘটনাও শুনাইয়াছিলেন। বালবিধবাগণের বিবাহ চলিতে পারে কিনা—মাতার এইরূপ সাগ্রহ প্রশ্নের উত্তরদানের জ্বস্থা তিনি দীর্ঘকাল নির্জনে শাস্ত্রালোচনা করিয়া এই সিদ্ধাস্কে উপনীত হইয়াছিলেন বে, শাস্ত্র ইহার বিরোধী নহে। তারপর এই প্রধার সমর্থনে পণ্ডিতদের স্বাক্ষর গ্রহণ করিয়াছিলেন; কিন্তু কতিপয় দেশীয় রাজ্ঞার চাপে পড়িয়া পণ্ডিতগণ স্বাক্ষর প্রত্যাহার করিলে ব্রিটিশ সরকার বাহাত্বের সাহায়েই ইহা আইনে পরিণত

করা সম্ভব হইয়াছিল। স্বামীজী আরও বলিলেন, "আর আজকাল এই সমস্তা সামাজিক ভিত্তির উপর স্থাপিত না হইয়া বরং একটা অর্থনীতি-সংক্রান্ত ব্যাপার হইয়া দাঁড়াইয়াছে।" ইহার পর নিবেদিতা মন্তব্য করিয়াছেন, "যে ব্যক্তি কেবল নৈতিক বলে বহু বিবাহকে হেয় প্রতিপন্ন করিতে সক্ষম হইয়াছিলেন, তিনি যে প্রভৃত আধ্যাত্মিক শক্তিসম্পন্ন ছিলেন, তাহা আমরা অম্থাবন করিতে পারিলাম। যথন ভ্রনিলাম যে, এই মহাপুরুষ ১৮৬৪ খৃষ্টান্দের তৃতিক্ষে অনাহারে এবং রোগে এক লক্ষ চল্লিশ হাজার লোক কালগ্রাদে পতিত হওয়ায় মর্মাহত হইয়া 'আর ভগবান মানি না' বলিয়া সম্পূর্ণরূপে অজ্ঞেয়বাদের চিন্তান্ত্রোতে গা ঢালিয়া দিয়াছিলেন, তথন "পোশাকী" মতবাদের উপর ভারতবাসীর কিরপ অনাস্থা, তাহা সম্যক উপলব্ধি করিয়া আমরা য়ারপরনাই বিশ্বয়াভিভৃত হইয়া-ছিলাম।

"বাঙ্গলার শিক্ষাব্রতীদের মধ্যে একজনের নাম স্বামীজী ইহার নামের সহিত উল্লেখ করিয়াছিলেন, তিনি ডেভিড হেয়ার; ইনি সেই বৃদ্ধ স্কটল্যাগুবাসী নিরীশ্ববাদী,—মৃত্যুর পর ঘাঁহাকে কলিকাতার (খুষ্টান) যাজকর্দ ঈশাহিজনোচিত সমাধিদানে অস্বীকার করিয়াছিলেন। তিনি বিস্ফচিকা রোগাক্রাম্ভ এক পুরাতন ছাত্রের শুক্রাঝা করিতে করিতে মৃত্যুম্থে পতিত হন। তাঁহার নিজ ছাত্রগণ তাঁহার মৃতদেহ বহন করিয়া এক সমতল ভূমিথণ্ডে সমাহিত করিল এবং উক্ত সমাধি তাহাদের নিকট এক তীর্থে পরিণ্ড হইল। সেই স্থানই আজ শিক্ষার কেন্দ্রস্বরূপ হইয়া কলেজ স্কোয়ার নামে অভিহিত হইয়াছে, আর তাঁহার বিভালয়ন্ত আজ বিশ্ববিভালয়ের অঙ্গীভৃত এবং আজিও কলিকাতার ছাত্রবৃদ্ধ তীর্থের ন্থায় তাঁহার সমাধিস্থান দর্শনে গিয়া থাকে।

"এই দিন আমরা কথাবার্তার মধ্যে কোন স্থযোগে স্বামীজীকে জেরা করিয়া বিলাম — ঈশাহি-ধর্ম তাঁহার উপর প্রভাব বিস্তার করিয়াছে কিনা। এইরূপ সমস্তা যে কেহ সাহস করিয়া উত্থাপন করিতে পারিয়াছে, ইহা শুনিয়া তিনি হাস্ত সংবরণ করিতে পারিলেন না; এবং আমাদিগকে খ্ব গৌরবের সহিত বলিলেন যে, তাঁহার পুরাতন শিক্ষক স্কটল্যাওবাসী হেষ্টি সাহেবের সহিত মেলামেশাতেই ঈশাহি প্রচারকগণের সহিত তাঁহার একমাত্র সংস্পর্শলাভ ঘটিয়াছিল। এই উষ্ণমন্তিছ বৃদ্ধ অতি সামান্ত ব্যয়ে জীবন্যাত্রা নির্বাহ করিতেন এবং নিজ গৃহকে তাঁহার ছাত্রগণেরই গৃহ বলিয়া মনে করিতেন। তিনিই প্রথমে স্বামীজীকে

শ্রীরামকৃষ্ণের নিকট ঘাইতে বলিয়াছিলেন, এবং তাঁহার ভারত প্রবাসের শেষভাগে বলিভেন, 'হাঁ বাবা, তুমিই ঠিক বলিয়াছিলে। তুমিই ঠিক বলিয়াছিলে। সভাই সব ঈশর !' স্বামীজী সানন্দে বলিলেন, 'আমি তাঁহার সম্পর্কে গৌরবান্বিত। তিনি যে আমাকে তেমন ঈশাহি-ভাবাপন্ন করিয়াছিলেন, একথা তোমরা বলিতে পার কি ? আমার তো মনে হয় না।'" (এ, ২৭৭-৭৮ পঃ)।

এই সব বৈঠকে লঘ্তর বিষয়ও আলোচিত হইত। একদিন স্বামীজী একটি মজার গল্প বলিয়াছিলেন: তিনি তথন আমেরিকার এক ভাড়াটিয়া বাড়ীতে থাকিতেন এবং স্বহস্তে রালা করিয়া থাইতেন। রন্ধনকালে এক অভিনেত্রী ও একটি দম্পতির সহিত তাঁহার প্রায়ই দেখা হইত। অভিনেত্রী রোজ একটি করিয়া পেরুর কাবাব থাইত। আর ঐ দম্পতির মধ্যে পুরুষটির ব্যবসায় ছিল লোকের ফরমায়েস মতো ভূত-নামানো। স্বামীজী জানিতেন, এই ভূত-নামানো ব্যাপারটা নিছক লোক-ঠকানো বুজরুকি ছাড়া আর কিছু নহে। অতএব তিনি তাহাকে এই ঠগবাজী ছাড়িয়া দিতে বলিতেন। অমনি ল্লীটি পিছনে আসিয়া দাঁড়াইয়া সাগ্রহে বলিত, "হা মশায়! আমিও তো ওঁকে ঠিক এই কথাই বলে থাকি; কারণ উনিই যত ভূত সাজবেন আর টাকা-কড়িয়া কিছু তা মিসেস উইলিয়ামস নিয়ে যাবে।"

এক ইঞ্জিনিয়ার যুবকের গল্পও তিনি বলিয়াছিলেন। শিক্ষিত হইলেও সে
মাতৃহারা ছিল এবং স্বর্গতা মাতাকে দেখিবার জন্ম মিনেস উইলিয়ামস-এর শরণ
লইয়াছিল। মজা দেখিবার জন্ম নিমন্ত্রিত হইয়া স্বামীজীও ঐ ভূত-নামানোর
আসরে উপস্থিত ছিলেন। ভূত-নামানোর সময়ে স্থুলকায়া ঐ মহিলা যথন পর্দার
আড়াল হইতে ক্ষীণকায়া ইঞ্জিনিয়ার-জননীরূপে আবিভূতা হইলেন, তথন
যুবকটি চীৎকার করিয়া বলিয়া উঠিল, "মা মা, তুমি প্রেতরাজ্যে গিয়ে কি
মোটাই না হয়ে গেছ!" স্বামীজী বলিলেন, "এই দৃশ্ম দেখে আমি মর্মাহত
হয়েছিলাম, কারণ আমার মনে হয়েছিল য়ে, লোকটার মাথা একেবারে বিগছে
গেছে।" এই বিভ্রান্ত যুবকের হিতসাধনের জন্ম তিনি তাহাকে ক্রশদেশীয় এক
চিত্রকরের কাহিনী ভনাইয়াছিলেন। এক ক্রমক তাহার মৃত পিতার আলেখ্য
প্রস্তুত করার জন্ম চিত্রকরকে ফরমায়েস দিয়াছিল। পিতার কোন চিত্র
ছিল না। চিত্রকর মৃতব্যক্তির চেহারা কিরপ ছিল জানিতে চাহিলে ক্রমক
উত্তর দিল, "তোমায় তো বাপু কতবার বললাম—তাঁর নাকের উপর একটা

আঁচিল ছিল !" কাজেই চিত্রকর একজন সাধারণ চাষীর ছবি আঁকিয়া তাহার নাকের ডগায় একটা বড় আঁচিল বসাইয়া দিয়া সংবাদ দিলেন, "ছবি প্রস্তুত, এনে দেখে যাও।" সে আসিয়া থানিকক্ষণ ছবিখানিকে বেশ করিয়া দেখিয়া লইয়া শোকবিহ্বল কণ্ঠে বলিল, "বাবা, বাবা, তোমার সঙ্গে শেষ দেখা হবার পর তুমি কত বদলে গেছ।" এই ঘটনার পর ইঞ্জিনিয়ার যুবক স্বামীজীর সহিত্
কথা বলা বন্ধ করিয়া দিয়াছিল।

বাহ্নদৃষ্টিতে এইরূপ নানা বৈচিত্র্য ও আনন্দের মধ্যে দিন কাটিলেও নিবেদিতার জীবনে তথন চলিতেছিল একটা ভাবগত সংঘর্ষ। ভারতের সেবায় ক্বতসংকল্প হইলেও তাঁহার প্রতীচ্য সংস্কার পদে পদে প্রতিবন্ধক ঘটাইত এবং ব্রিটিশ-সভ্যতার প্রতি আহুগত্য ভারতকে বুঝিবার পথে অস্তরায় হইত। স্বামীজী যে প্রক্রিয়া অবলম্বনে এইসকল বাধা অপসারণ করিতেন, তাহার কিঞ্চিৎ পরিচয় আমরা পুর্বেই পাইয়াছি। লগুনেও নিবেদিতা স্বামীজীর অনেক কথায় প্রতিবাদ জানাইতেন; সে মনোবৃত্তি আলমোড়ায়ও অব্যাহত ছিল। কিন্তু উভয় স্থলের মধ্যে পার্থক্য এই ছিল ঘে, স্বামীজী সেধানে ছিলেন বিদেশাগত অধ্যাত্মগুণমণ্ডিত আচার্য; আর এখানে তিনি ছিলেন নিবেদিতার নিজের গুরু—পথপ্রদর্শক। এখানে আপত্তির অবকাশ থাকিলেও শেষ পর্যন্ত উপদেশকে আদেশরূপে মানিয়া লওয়া ভিন্ন গত্যন্তর ছিল না। কিন্তু নিবেদিতা সহসা আপনার পাশ্চান্ত্য শিক্ষা-দীক্ষা-সংস্কারপূর্ণ মনকে পরিবর্তন করিতে পারিতেন না; ফল ছিল মতের বিরোধ ও মানসিক আঘাত ও সন্তাপ। কারণ স্বামীজী রাথিয়া ঢাকিয়া কথা বলিতে জানিতেন না—সত্য, নিছক সত্যের আকারেই ভাঁহার শ্রীবদন হইতে উদ্গত হইত।

উদাহরণস্বরূপ বলা যাইতে পারে, স্বামীজী যথন একদিন চীনদেশের প্রশংসায় পঞ্চম্থ, নিবেদিতা তথন বলিয়া উঠিলেন, "কিন্তু স্বামীজী চীনাদের অসত্যপরায়ণতা যে একটা সর্বজনবিদিত দোষ!" তৎক্ষণাৎ স্বামীজী জ্ঞলিয়া উঠিয়া বলিলেন, "অসত্যপরায়ণতা, সামাজিক কঠোরতা—এগুলি অত্যন্ত আপেক্ষিক শব্দ ব্যতীত আর কিছুই নয়। বিশেষতঃ অসত্যপরায়ণতার কথা বলতে গেলে, মাহুষ যদি মাহুষকে বিশাস না করত, তাহলে বাণিজ্ঞা, সমাজ্ঞ, বা বে কোন প্রকার সংহতি একদিনও টিকতে পারত কি ? যদি বল, শিষ্টাচারের থাতিরে অসত্যপরায়ণ হতে হয়, তবে পাশ্চান্তাদের এ বিষয়ে যে ধারণা, তার

সক্ষে এর পার্থক্য কোথায় ? ইংরেজ কি সকল সময়েই যথায়থ স্থানে তৃঃথ ও স্থা বোধ করে থাকে ? বলতে পার মাত্রাগত তারতম্য আছে। হতেও পারে, কিন্তু শুধু মাত্রাগত।"

একদিন নিবেদিতা বলিলেন, "হিন্দুরা এ জীবনের হাত থেকে নিছ্ডিলাভের জন্ম যে আকাজ্রা বোধ করেন, আমি তা অহুভব করতে পারি না। আমার মনে হয়, নিজের মৃক্তিসাধনের চেয়ে য়েসকল মহৎ কাজ আমার প্রীতিকর তাতে সহায়তা করার জন্ম ফের জন্মগ্রহণ করাই বাহুনীয়।" স্বামীজী অমনি উত্তর দিলেন, "তার কারণ তুমি ক্রমোন্নতির ধারণাটা জয় করতে পার না। কিন্তু কোন বাইরের জিনিসই ভাল হয় না—তারা য়েমন আছে তেমনি থাকে; তাদের ভাল করতে গিয়ে আমরাই ভাল হয়ে য়াই।"

স্বামীজী কথনও নিজ মতকে জোৱ কবিয়া অপবের উপর চাপাইতে চাহিতেন না বটে; তবু সভ্যের স্বরূপ তুলিয়াধরার জন্ম ও বিকৃতদৃষ্টি অপসারিত করার জন্ম ইওরোপীয় চিস্তাপ্রণালী, সমাজব্যবস্থা ইত্যাদির সমালোচনার প্রয়োজন হইত। আবার একদেশদর্শিতা, অযৌক্তিক ম্বদেশপ্রেম ও প্রদেশ-বিদ্বেষ ইত্যাদির প্রতিকারের জন্ম কোন প্রক্রিয়া কঠোর মনে হইলেও স্বামীজী অযথা উহাকে কোন কোমল আবরণে ঢাকিয়া রাখার প্রয়োজন বোধ করিতেন না— সব কথা খুলিয়াই বলিতেন। এই প্রথা নিবেদিতার ক্ষেত্রেও প্রয়োজিত হইত। নিবেদিতাও ইহার সার্থকতা বুঝিয়া পরে আক্ষেপ করিয়া লিখিয়াছিলেন, "শিথিবার বিষয় অনেক ছিল, কিন্তু সময় ছিল অতি অল্প। শিক্ষার্থীর অহং-নাশই ছিল এখানে শিক্ষার প্রথম সোপান। দ্বিতীয়তঃ শিক্ষার্থীর সাহস ও অকপটতারও পরীক্ষার প্রয়োজন ছিল।" কিন্তু এই তথ্য আবিষ্কারের পূর্বে সত্যই নিবেদিতার চিন্তাজগতে এক সক্ষটকাল উপস্থিত হইয়াছিল। স্বামীজীর উপর নির্ভর করিয়াই তিনি স্বদেশের মমতা বিদর্জনপূর্বক ভারতে আদিয়াছিলেন। হয়তো ভাবিয়া-ছিলেন, স্বামীজীকে পাইবেন এক সদাহাস্তময়, সহামুভূতিপূর্ণ আচার্যরূপে; কিন্ত স্বামীজীর এই কালের ব্যবহারে মনে হইত, তিনি যেন উদাদীন, হয়তো বা বিরূপ। এবত্থকার চিন্তাও নিবেদিতার মনে অসহনীয় ছিল। একদিকে ছিল আশাভঙ্গের ফলে অবিশ্বাদের উদয়, অপর দিকে বিরক্তি ও কিঞ্চিৎ শক্তিপরীক্ষার প্রয়াস। এই অপ্রত্যাশিত পরিস্থিতি নিবেদিতার জীবনে অবর্ণনীয় ষম্রণা আনিয়া দিল। সংঘর্ষের মূল কারণ অন্তমান করা তেমন কষ্টদাধ্য ছিল না। নিবেদিতা দর্বতোভাবে বিধাহীন চিত্তে স্বামীজীর শিশ্বত্ব স্থীকার করিলে মতানৈক্যের বা বিসংবাদের অবকাশ ঘটিত না, কিন্তু নিবেদিতার একটা নিজস্ব প্রবল ব্যক্তিত্ব ছিল। তিনি বিহুষী, বৃদ্ধিমতী, স্বাধীনজাতির নারী এবং চিন্তা ও কার্যে একটা স্বাতস্থ্যের অন্থসরণেই অভ্যন্তা। স্বামীজীর অনক্যসাধারণ চরিত্র, আধ্যাত্মিকতা, উদারতা, বাগ্মিতা ও প্রবল ব্যক্তিত্বের হারা আরুষ্টা হইলেও নিবেদিতা ইতরসাধারণের ক্যায় অসহায়ভাবে নিজের ব্যক্তিত্বকে মৃছিয়া ফেলিবেন, ইহার সম্ভাবনা ছিল না। বহির্জগতের সহিত আদানপ্রদানের সর্বোত্তম মাধ্যমন্ধপে যিনি বৃদ্ধিকেই বরণ করিয়াছেন, তিনি কি করিয়া অক্সাৎ অন্ধবিশাস বা ভাবপ্রবণতার বেদিতে আত্মবলিদান দিবেন ?

বিতীয়তঃ স্বামীন্ত্রী নিজেও স্বীয় মতবাদ বা দৃষ্টিভঙ্গী উপস্থিত করার কালে ব্যক্তিগত শ্রন্ধা বা আহুগত্যের দাবী মানিয়া লইয়া অস্বাভাবিক কোমলতার, আশ্রয় লইতে প্রস্তুত ছিলেন না। তেমন করিলে হয়তো নিবেদিতা স্বন্তিবোধ করিতেন ও স্বামীন্ত্রীর কথা আরও সহজে মানিয়া লইতেন; কারণ ভক্তিশ্রন্ধার রীতিই এই যে, উহা জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে পরাজ্য স্বীকার করিয়া লওয়ার মধ্যেই আনন্দের সন্ধান পায়। কিন্তু স্বামীন্ত্রীর চরিত্রে আপস বলিয়া তো কিছু ছিল না। আর ব্যক্তিগত আহুগত্যের তো বিশেষ মূল্য নাই, যদি তাহার পশ্চাতে আদর্শের প্রতি অস্ততঃ বৌদ্ধিক স্বীকৃতিও না থাকে। নিবেদিতাকে তিনি তরা নভেম্বর (১৮৯৭) তারিথে লিথিয়াছিলেন, "অত্যধিক ভাবপ্রবণতা কাজের বিত্ন করে, 'বজ্রাদপি কঠোরাণি মৃত্নি কুস্কুমাদপি'—এই হবে মূলমন্ত্র।"

ভাবাদর্শের সংঘর্ষ যতই প্রবল হউক, একটি বিষয়ে নিবেদিতা রহিলেন অটল
—সেবাকার্যে জীবন উৎসর্গ করার যে সম্বল্প তিনি গ্রহণ করিয়াছিলেন, প্রতিকূল
অবস্থায়ও তাহা রহিল অব্যাহত, অপরিবর্তিত। তিনি ব্ঝিলেন—ব্যক্তিগত
ক্ষচি অস্থসারে যে কার্যোভ্যম, তাহাতে তৃপ্তি ও সাফল্য থাকিলেও আদর্শাস্থসারে
কর্তব্য সম্পাদন যে আধ্যাত্মিক পরিপূর্ণতা আনিয়া দেয় তাহার তৃলনায় ইহা
অকিঞ্ছিৎকর। তব্ মানসিক যন্ত্রণা ছিল, এবং উহা অপরেরও দৃষ্টি আকর্ষণ
করিয়াছিল। শ্রীমতী ম্যাকলাউড ইহা লক্ষ্য করিয়াছিলেন এবং প্রতিকারের
চেষ্টাও করিতেছিলেন। ম্যাকলাউড জানিতেন ধে, ভাবী কর্মীর প্রস্তৃতিকাল
অধিকাংশ ক্ষেত্রেই তৃঃথবিজ্ঞাত্তিত থাকে। কিন্তু কঠোরতার একটা সীমা থাকা

আবশুক, ষাহাতে শিক্ষার্থীর মন একেবারে ভাক্সিয়া না পড়ে। নিবেদিতার ক্ষেত্রে তেমন অবাস্থিত এক মৃহুর্ত যে আসিয়া পড়িবে না কে জানে ? অতএব ম্যাকলাউড স্বতঃপ্রবৃত্ত হইয়া স্বামীজীকে এক সকালে শুনাইলেন—নিদারুণ মর্মবেদনায় নিবেদিতার শরীর-মন অবসন্ধ; আশু এই অবস্থার অবসান আবশুক।

স্থানীন্দ্রী সব শুনিয়াও নীরবে চঁলিয়া গেলেন; কিন্তু সন্ধ্যার সময় তিনি আবার আসিলেন ও ম্যাকলাউডের দিকে তাকাইয়া বলিলেন, "তোমার কথাই ঠিক, এ অবস্থার পরিবর্তন একান্ত দরকার। আমি একলা জঙ্গলে যাছিছ; নির্জন বাদের ইচ্ছা। ষথন ফিরে আসব, শাস্তি নিয়ে আসব।" বলিতে বলিতে উর্দ্ধে নবচন্দ্রের দিকে দৃষ্টি পরিচালিত হওয়ায় তিনি দিব্যভাবে আবিষ্ট হইয়া বলিলেন, "দেখ, মুসলমানগণ শুক্রপক্ষীয় শশিকলাকে শ্রন্ধার চক্ষে দেখিয়া থাকেন। আইস আমরাও নবীন শশিকলার সহিত নবজীবন আরম্ভ করি।" ইতিমধ্যে নিবেদিতা তাঁহার পদপ্রাক্তে নতজায় হইয়া রহিয়াছেন; স্বামীজী হন্ত প্রসারিত করিয়া স্বীয় মানসকলার মন্তকোপরি রাখিলেন ও তাঁহাকে প্রাণ খুলিয়া আশীর্বাদ করিলেন। নিবেদিতা লিখিয়াছেন, "বহুপুর্বে শ্রীরামকৃষ্ণ তাঁহার জন্মগত, স্পর্নমাত্তে জ্ঞানদান-ক্ষমতার বিকাশ করিবে। আলমোড়ায় দেইদিন সন্ধ্যাকালে আমি এই ভবিয়্রদানীর সত্যতার প্রমাণ পাইয়াছিলাম।" ('স্বামীজীকে যেরপ দেখিয়াছি', ১৯ পৃ:)। সে শুভাশীর্বাদে ও স্পর্ণে নিবেদিতার মনের হন্দ্ব চিরকালের জন্ম অপস্তত হইল।

২৫শে মে, বুধবার স্বামীজী চলিয়া গেলেন এবং স্বাবার ফিরিলেন ২৮শে মে, শনিবারে। পূর্বেও তিনি প্রতিদিন দশ ঘণ্টা করিয়া স্বরণ্যানীর নির্জনতার মধ্যে থাকিতেন বটে, কিন্ধু রাত্রিকালে নিজ তাঁবুতে ফিরিয়া আসিতেন। তথন স্বাবার চারিদিক হইতে এত লোক ঘিরিয়া ধরিত যে, তাঁহার ভাব ভঙ্গ হইত; তাই দিন কয়েকের জন্ম লোকালয় হইতে দ্রে পলায়নের প্রয়োজন ঘটিয়াছিল। এবারে যথন তিনি ফিরিলেন, তথন দেখা গেল, তাঁহার বদনমণ্ডল দিব্যজ্যোতিতে ও স্বাত্তিতিতে পরিপূর্ণ। তিনি দেখিয়া সম্ভুষ্ট হইয়াছেন যে, তিনি এখনও সেই

৪। বাঙ্গলা জীবনীর মতে (৭৬১ পৃঃ) তিনি প্রতাহ সীয়াদেবী নামক স্থানে বাইতেন ও রাজে ফিরিতেন; তারপরই সেভিয়ারদের সঙ্গে জারগা খুঁজিতে যান। বর্তমান গ্রন্থে নিবেদিতার লিখিত বে মত অকুস্ত হইল, তাহা কিঞিৎ অক্তরূপ। ('বানী ও রচনা', ৯।২৮০-৮১ পুঃ)।

নগ্রপদে ভ্রমণক্ষম, শীতাতপসহিষ্ণু ও স্বল্লাহারে তুট সন্ন্যাসীই আছেন, প্রতীচ্যবাস তাঁহার ক্ষতি করিতে পারে নাই।

৩০শে মে, সোমবার তিনি সেভিয়ার-দম্পতির সহিত পুনর্বার এক সপ্তাহের জন্ম অন্তর চলিলেন। এইবারের যাত্রার হুইটি উদ্দেশ্য ছিল —তিনি যে নির্জনবাসের জন্ম লালায়িত ছিলেন, সে বাসনা তথনও সম্পূর্ণ তৃপ্ত হয় নাই; আলমোড়া শহরে বা উহার আশে-পাশে তেমন তৃপ্তিলাভের স্ক্রেযাগও ঘটিতেছিল না। অতএব তিনি স্থির করিয়াছিলেন, এমন স্থানে যাইবেন, যেখানে কেহ তাঁহার সন্ধান পাইবে না। দিতীয়তঃ হিমালয়ে আশ্রম স্থাপনের উপযুক্ত স্থান সংগ্রহের চেষ্টা করাও আবশ্রক ছিল। দূরে একটি স্থানে এরপ জমি পাওয়ার সন্তাবনা ছিল; যদিও কার্যতঃ তাহা হয় নাই। এখানে আমরা আবার নিবেদিতার বিবরণে ফিরিয়া যাই।

"এরা জুন। শুক্রবার প্রাতঃকালে আমরা বসিয়া কাজকর্ম করিতেছিলাম, এমন সময়ে এক তার আসিল। তারটি একদিন দেরীতে আসিয়াছিল। তাহাতে লেখা ছিল—'কলা রাত্রে (২রা জুন) উত্তকামণ্ডে গুডউইনের দেহত্যাগ হইয়াছে।' সে অঞ্চলে যে (টাইফয়েড) মহামারীর স্ত্রপাত হইতেছিল, আমাদের বন্ধু তাহারই করালগ্রাসে পতিত হইয়াছেন; তিনি জীবনের শেষ মুহুর্ত পর্যন্ত স্বামীজীর কথা কহিয়াছিলেন।

"৫ই জুন। রবিবার সন্ধ্যার সময় স্বামীজী স্বীয় আবাদে ফিরিয়া আদিলেন।
আমাদের ফটক এবং উঠান হইয়াই তাঁহার রাস্তা। তিনি সেই রাস্তা ধরিয়া
আদিলেন এবং সেই প্রান্ধণে আমরা মূহুর্তেকের জন্ম বদিয়া তাঁহার সহিত কথা
কহিলাম। তিনি হ:সংবাদের বিষয় অবগত ছিলেন না; কিন্তু তবু যেন পূর্ব
হইতেই এক গভীর বিষাদচ্ছায়া তাঁহাকে আচ্ছন্ন করিয়াছিল এবং অনতিবিলম্বেই
নিস্তর্কতা ভঙ্ক করিয়া তিনি আমাদিগকে সেই মহাপুরুষ্বের কথা স্মরণ করাইয়া
দিলেন, ঘিনি গোখুরা দর্পকর্ত্বক দই হইয়া 'প্রেমময়ের নিকট হইতে দৃত আদিয়াছে'
এইমাত্র বলিয়াছিলেন, এবং যাঁহাকে স্বামীজী শ্রীরামক্লফের পরেই স্ব্রাপেক্ষা
অধিক ভালবাদিতেন। তিনি বলিলেন, 'এই মাত্র আমি এক পত্র পাইলাম,
তাহাতে লেখা আছে—পণ্ডহারী বাবা নিজ দেহদ্বারা তাঁহার যজ্ঞসমূহের পূর্ণাছতি

हरात्रको कोवनी, ०१० थृः।

७। গান্ধীপুরের পওহারী বাবা।

প্রদান করিয়াছেন। তিনি হোমাগ্নিতে সীয় দেহ ভস্মীভূত করিয়াছেন।' তাঁহার শ্রোত্রন্দের মধ্য হইতে একজন বলিয়া উঠিলেন, 'স্বামীজী! এটা কি অত্যন্ত থারাপ কাজ হয় নাই?' স্বামীজী গভীর আবেগ-কম্পিত-কণ্ঠে উত্তর করিলেন, 'তাহা আমি জানি না। তিনি এতবড় মহাপুরুষ ছিলেন যে, আমি তাঁহার কার্যকলাপ বিচার করিবার অধিকারী নহি। তিনি কি করিতেছিলেন, তাহা তিনিই জানিতেন।'"

এই আঘাত সামলাইতে না সামলাইতে তাঁহাকে আর একটি কঠিন আঘাত সহ্ব করিতে হইল। গুডউইনের দেহত্যাগের সংবাদ নিবেদিতারা চাপিয়া গেন্ধেও ইহা স্বামাজীকে জানানো আবশুক ছিল। অতএব সেভিয়ারদের বাড়ীতে তিনি অপরের মুথে এই ত্বংসংবাদ শুনিলেন। ইহাতে স্বামাজীর কিরপ মর্মপীড়া ঘটিয়াছিল, তাহ। আমাদের পক্ষে অহমান করাও অসম্ভব। আমরা জানি, অদৃষ্টবলে গুডউইনকে 'মালাজ মেল' নামক সংবাদপত্তের আফিসে কার্যগ্রহণ করিতে হইয়াছিল। এ কার্যে ব্যাপৃত থাকাকালেই তিনি টাইফ্যেডে আক্রাম্ভ হন ও তাঁহাকে উতকামণ্ডে লইয়া যাওয়া হয়। সেথানেই ২রা জুন তাঁহার দেহত্যাগ হয়। উক্ত সংবাদ প্রাপ্তির প্রদিন ৬ই জুনের কথা নিবেদিতা এইভাবে লিখিয়াছেন:

"পরদিন প্রাতে তিনি থুব সকাল সকাল আসিলেন। দেখিলাম, তিনি এক গভীর ভাবে ভাবিত। পরে বলিলেন যে, তিনি রাত্রি চারিটা হইতেই উঠিয়াছিলেন এবং একজন তাঁহার সহিত সাক্ষাৎ করিতে গিয়া গুডউইন-সাহেবের মৃত্যুসংবাদ তাঁহাকে দিয়াছে। আঘাতটি তিনি নীরবে সহিয়া লইলেন। কয়েক দিন পরে তিনি ষেস্থানে প্রথম ইহা পাইয়াছিলেন, সেস্থানেই আর থাকিতে চাহিলেননা; বলিলেন, তাঁহার সর্বাপেক্ষা বিশ্বস্ত শিশ্বের আক্বতি রাতদিন তাঁহার মনে পড়িতেছে, এবং ইহা যে হ্র্লতা, এ কথাও জ্ঞাপন করিলেন। ইহা যে দোষাবহ, তাহা দেখাইবার জন্ম তিনি বলিলেন যে, কাহারও শ্বুতির দ্বারা এইরপে পীড়িত হওয়াও যা, আর ক্রমবিকাশের উদ্ধন্তরে মৎক্স কিংবা কুকুর-স্থলভ লক্ষণগুলি অবিকল বজায় রাখাও তাই, ইহাতে মহন্মছের লেশমাত্র নাই। মাহ্মকে এই ভ্রম জয় করিতে হইবে এবং জানিতে হইবে যে, মৃতব্যক্তিগদ যেমন আগে ছিলেন, এখনও ঠিক তেমনি এইখানে আমাদের সঙ্গে সঙ্গে আহেন। তাঁহাদের অমুপস্থিতি এবং বিচ্ছেদটাই শুধু কাল্পনিক। আবার পরক্ষণেই কোন

ব্যক্তিবিশেষের (অর্থাৎ সগুণ ঈশবের) ইচ্ছামুসারে এই জগৎ পরিচালিত হইতেছে, এইরূপ নিবৃদ্ধিতামূলক কল্পনার বিরুদ্ধে তিনি তীত্র প্রতিবাদ করিয়া বলিলেন, 'গুডউইনকে মারিয়া ফেলার জন্ম এরূপ এক ঈশবেকে যুদ্ধে নিপাত করাটা মান্ত্যের অধিকার এবং কর্তব্যের মধ্যে নহে কি ? গুডউইন বাঁচিয়া থাকিলে কত বড় বড় কাজ করিতে পারিত।'…

"কিন্তু এই প্রথম কয়েক ঘণ্টা স্বামীজী তাঁহার বিয়োগত্ব:থে অটল রহিলেন এবং আমাদের সহিত বিসিয়া ধীরভাবে নানা কথা কহিতে লাগিলেন। সেদিন প্রাতঃকালে তিনি ক্রমাগত ভব্জি যে তপস্থায় পরিণত হয়, সেই কথা বলিতে লাগিলেন—কিরপে প্রগাঢ় ভগবৎপ্রেমের খরতর প্রবাহ মায়্মকে ব্যক্তিজের সীমা ছাড়াইয়া বহুদ্র ভাসাইয়া লইয়া গেলেও আবার তাহাকে এমন এক স্থানে ছাড়িয়া দিয়া যায়, য়েখানে সে ব্যক্তিজের মধুর বন্ধন হইতে নিক্ষতি পাইবার জন্ম ছটফট করে।

"দেদিন সকালের ত্যাগ্যম্মনীয় উপদেশসমূহ শ্রোত্বর্গের মধ্যে একজনের নিকট অতি কঠিন বলিয়া বোধ হইল; পুনরায় তিনি আদিলে উক্ত মহিলা তাঁহাকে বলিলেন, 'আমার ধারণা—অনাসক্ত হইয়া ভালবাসায় কোনরূপ তৃ:বোৎপত্তির সম্ভাবনা নাই, এবং ইহা ষ্মংই সাধ্যম্বরূপ।' হঠাৎ গম্ভীরভাব ধারণ করিয়া স্বামীজী তাঁহার দিকে ফিরিয়া বলিতে লাগিলেন, 'এই যে ত্যাগ-রহিত ভক্তির কথা বলিতেছ, এটা কি? ইহা অত্যন্ত হানিকর!' সত্যই যদি অনাসক্ত হইতে হয়, তবে কিরপ কঠোর আত্মসংঘমের অভ্যাস আবশ্যক, কিরপে স্বার্থপর উদ্দেশ্যগুলির আবরণ উন্মোচন করা চাই, এবং অতি কুস্থম-কোমল হৃদয়েরও যে, যেকোন মৃহুর্তে সংসারের পাপকালিমায় কলুষিত হইবার আশক্ষা বর্তমান, এই সম্বন্ধে তিনি সেইখানে এক ঘণ্টা বা ততোধিককাল দাঁড়াইয়া আলোচনা করিতে লাগিলেন। তিনি সেই ভারতবর্ষীয়া সন্ন্যাসিনীর কথা উল্লেখ করিলেন, যিনি 'মাহ্য কথন ধর্মপথে আপনাকে সম্পূর্ণ নিরাপদ জ্ঞান করিতে পারে'—এই প্রশ্ন জিজ্ঞাসিত হইয়া উত্তর-স্বরূপ 'এক খুরি ছাই' প্রেরণ করিয়াছিলেন। রিপুগণের বিক্লক্ষে সংগ্রাম স্থাণি ও ভয়ন্বর, এবং যে-কোন মৃহুর্তেই বিক্লেতার বিজ্ঞিত হওয়ার আশক্ষা রহিয়াছে।" (ঐ, ২৮০-৮২ পুঃ)।

ফলত: গুডউইনের নাম উল্লিখিত না হইলেও, তাঁহার মৃত্যু ও পওহারী বাবার মহাসমাধি আলমোড়ার ঐ কুন্ত দলটের উপর যে বিধাদাবরণ বিস্তার করিয়াছিল,

তাহা অন্তভাবে বৈরাগ্যাদির আলোচনা অবলম্বনে আপনার উপস্থিতি প্রমাণ করিতে লাগিল। এই ভাবটি তাঁহার মনকে দীর্ঘকাল অধিকার করিয়া ছিল বলিয়া মনে হয়। এমন কি একদিন ভগিনী নিরেদিতা গুডউইনের মৃত্যুকে উপলক্ষ্য করিয়া কয়েকটি পঙক্তি রচনান্তে স্বামীজীকে উহা দেখাইতে গেলে. ঐ টুকুতে যেন স্বামীজীর তৃপ্তি হইল না; তিনি উহা লইয়া গেলেন এবং স্বীয় লেখনী ধারণপূর্বক শব্দবিক্যাস অপেক্ষা ভাবাভিবাক্তির প্রতি অধিক জোর দিয়া দীর্ঘকাল ঐ কার্যে নিযুক্ত রহিলেন এবং পরিশেষে ঐ দৃষ্টি অবলম্বনেই উহাকে আত্যোপান্ত বদলাইয়া 'রেকুইএসক্যাট ইন পাসে' (শান্তিতে সে লভুক বিশ্রাম -'বাণী ও রচনা', গাঃ২৮ পু:) শীর্ষক একটি স্থন্দর ক্ষুদ্র কবিতা লিখিয়া শোকসম্বপ্তা গুডউইন-জননীর নিকট পুত্রের স্মৃতিচিহ্ন ও সান্ত্রনাবাক্যস্বরূপ পাঠাইয়া দিলেন। গুডউইন সম্বন্ধে তিনি আরও লিথিলেন, "গুড্উইনের ঋণ অপরিশোধনীয়। আর যাঁহারা মনে করেন, আমার কোন চিস্তাঘারা তাঁহারা উপকৃত হইয়াছেন, তাঁহাদের জানা উচিত যে, তাহার প্রত্যেকটি কথা শ্রীমান গুড্উইনের স্বার্থলেশহীন অক্লান্ত পরিশ্রমে প্রকাশিত হইতে পারিয়াছে। তাহার মৃত্যুতে আমি এমন একজন অকপট বন্ধু, ভক্তিমান শিশু ও অন্তত কর্মীকে হারাইয়াছি, যে জানিত না, ক্লান্তি কাহাকে বলে। পরার্থে যাঁহারা জীবনধারণ করেন, এরপ লোক জগতে অতি অল্প। সেই অত্যল্প সংখ্যারও আর একটি ব্রাস পাইল।"

এমনিভাবে কথাবার্তায় আরও চারিদিন আলমোডায় কাটিয়া গেল। ১ই জুন শ্রীক্রফের প্রদঙ্গ উঠিল। স্বামীজী কথনও কথনও শ্রীক্রফ, যীশুখুই প্রভৃতি অবতার বা মহাপুরুষের ঐতিহাসিক ব্যক্তিত্ব সম্বন্ধে অপর যুক্তিবাদীদেরই স্থায় পক্ষ ও বিপক্ষ অবলম্বনে বিবিধ আলোচনা করিলেও, "আজ কিন্তু শ্রীক্রফ সকল অবতারের মধ্যে আদর্শস্থানীয় বলিয়া বর্ণিত হইলেন।' কিন্তু এই কয় দিবস যাবং স্বামীজী কোথাও গিয়া একাকী বাস করিবার জন্ম ছটফট করিতেছিলেন। যে স্থানে তিনি গুডউইনের মৃত্যুসংবাদ পাইয়াছেন, সেই স্থান তাঁহার নিকট অসহ্থ হইয়া উঠিয়াছিল এবং পত্র আদান-প্রদানে সেই ক্ষত ক্রমাগত নৃতন হইয়া উঠিতেছিল। একদিন তিনি বলিয়াছিলেন যে, শ্রীরামক্রফ বাহির হইতে কেবল ভক্তিময় বলিয়া মনে হইলেও প্রকৃতপক্ষে ভিতরে তিনি পূর্ণ জ্ঞানমন্থ ছিলেন; কিন্তু তিনি (স্বামীজী) নিজে বাহ্নতঃ কেবল জ্ঞানময় বিলিয়া মনে হইলেও ভিতরে ভক্তিতে পূর্ণ, এবং সেইজন্ম মাঝে মাঝে তাঁহাতে

নারীজ্ঞনস্থলভ তুর্বলতা ও কোমলতার ভাব দেখা বাইত।" এই পরিবেশের পরিবর্তন আবশুক জানিয়া স্থির হইল, স্বামীজী কাশ্মীরে যাইবেন। তিনি জানাইলেন যে, তাঁহার সঙ্গে যাইবেন শুধু বিদেশিনী মহিলাবৃন্ধ—শ্রীযুক্তা ওলি বুল, প্যাটারসন, ম্যাকলাউড ও নিবেদিতা।

১০ই জুন আলমোড়া-বাদের শেষদিন অপরাহে তিনি পাশ্চান্তা শিয়াদের কাছে শ্রীরামক্লঞ্চ-জীবনের কয়েকটি বিশেষ ঘটনা বলিলেন। ষেদিন শ্রীবামক্লঞ্চ-শিয়াদের মনে ভাবনা জাগিয়াছিল যে, ক্যান্সার সংক্রামক-ব্যাধি এবং অপরেরাপ্ত ঠাকুরের এই সাংঘাতিক ব্যাধিতে আক্রান্ত হইতে পাবেন, দেদিন কেমন করিয়া নবেন্দ্রনাথ তাঁহার পথ্যের বাটি তুলিয়া ভুকাবশিষ্ট পায়স অম্লানবদনে গলাধংকরণপূর্বক সকলের মনে সাহস আনিয়াছিলেন, সেই ঘটনাও পাশ্চান্তা মহিলারা ভনিলেন। ১১ই জুন তাঁহারা আলমোডা ত্যাগ করিলেন।

কিন্তু আলমোড়া-ত্যাগের পূর্বে তিনি এই হু:খময় দিনগুলির মধ্যেও একটি ভাবী কল্যাণের বীজ প্রোথিত করিতে পারিয়া যারপরনাই আনন্দিত হইয়াছিলেন। স্বামীজীর উদ্দীপনায়, ও উৎসাহী যুবক ও পূর্ণ বেদান্তবাদী শ্রীয়ুক্ত রাজম্ আয়ারের সম্পাদনায় ১৮৯৬ খৃষ্টাব্দের জ্লাই মাসে মাদ্রাজ হইতে 'প্রবৃদ্ধ ভারত' বা 'এ্যাওয়েকেণ্ড ইণ্ডিয়া' নামক একখানি সাময়িক পত্তিকা প্রকাশিত হয়। কিন্তু ১৮৯৮ খৃষ্টাব্দের মে মাসে রাজম্ আয়ার মাত্র ছাব্দিশ বৎসর বয়সে দেহত্যাগ করিলে জ্ন-সংখ্যা প্রকাশের পবই পত্রিকা বন্ধ হইবার উপক্রম হইল। স্বামীজী পত্রিকাথানির খুবই প্রশংসা করিতেন। এবং আলমোডায় আসার পূর্ব হইতেই বিভিন্ন ভাষায় পত্রিকা প্রকাশ করিয়া ভদবলম্বনে শ্রীরামরুক্তের ও বেদান্তের বাণী সর্বত্র প্রচারের কথা প্রায়ই বলিতেন। এক সময় তিনি দৈনিক পত্রিকা প্রকাশেরও কথা ভাবিয়াছিলেন। এখন 'প্রবৃদ্ধ ভারতে'র এই সন্ধট-মৃহুর্তে তিনি উহাকে বাচাইয়া রাখিবার জন্ম সেভিয়ার-দম্পতিকে বলিয়া কহিয়া রাজী করাইলেন যে, তাহারা উহার বায়ভার বহন করিবেন এবং স্বামী স্বরূপানন্দের সম্পাদনায় উহা আপাততঃ আলমোড়ার 'থম্পসন হাউস' নামক

৭। শ্রীবৃক্তা প্যাটারসন সম্বন্ধে আমরা নিশ্চিত নহি। তবে তিনি স্বামীজীর সহিত আলমোড়ার আসিরাছিলেন ঠিক এবং ২০শে সেপ্টেম্বর স্বামীজী ডাল-হুদের তীরে প্যাটারসনের বাটান্তে গিরাছিলেন ('বাণী ও রচনা', ৯।০২৭ দ্রঃ)। ম্যাকলাউডের স্মৃতিকথার তাঁহার সঙ্গে ম্যাকলাউডের নৌকাবাদের কথা আছে। ('রেমিনিসেন্সেস', ২৪১)।

রহিল এক উজ্জ্বল উদ্দীপনাপূর্ণ স্বদেশপ্রেম। শিখদের অন্থপম বীরত্ব ও সমরনাদ "ওয়াহ্ গুরু কী ফতে", তাঁহাদের ধর্মপুত্তক গ্রন্থসাহেব, শিখগুরুদের অপূর্ব ত্যাগ ও মহত্বের কথা উল্লেখ করিয়া তিনি বলিলেন, তাঁহারা বেদাস্তের শ্রেষ্ঠ ভাবগুলি জনসাধারণের মধ্যে এমন ভাবে প্রচার করিয়াছেন যে, আজও রুষকক্সার চরকা হইতে "সোহহম্" ধ্বনি উথিত হয়! পরে গ্রীক্বীর সেকন্দরের পাঞ্জাব আক্রমণ হইতে আরম্ভ করিয়া চন্দ্রগুপ্ত ও বৌদ্ধসম্রাটদের অভ্যুদ্য প্রভৃতি অনেক বিষয়ের আলোচনাপ্রসঙ্গে তিনি গাদ্ধারের ভাস্কর্য-শিল্পের সৌন্দর্য ও প্রকৃতিগত বৈশিষ্ট্যে আদিয়া পড়িলেন এবং শ্লেষপূর্ণস্বরে বলিলেন, ইওরোপীয় সাহের্বেরা আবার বলে যে, আমরা নাকি গ্রীক্ষদের নিকট হইতে শিল্পকালা শিক্ষা করিয়াছি! পাঞ্জাবে প্রবেশমাত্র স্বামীজী কিরপ ভাবে অমুপ্রাণিত হইয়াছিলেন, তাহা বলিতে গিয়া নিবেদিতা লিথিয়াছেন:

"পাঞ্জাবে প্রবেশ করিয়াই আমার গুরুদেবের ম্বদেশপ্রেমের গভীরতম পরিচয় প্রাপ্ত হইয়াছিলাম। যদি কেহ তাঁহাকে সে সময়ে দেখিতেন, তাহা হইলে তিনি ধারণা করিয়া বসিতেন যে, স্বামীন্সী এই প্রদেশেই জন্মগ্রহণ করিয়াছেন —তিনি উহার সহিত আপনাকে এত অভিন্ন করিয়া ফেলিয়াছিলেন। মনে হইত যেন তিনি ঐ প্রদেশের লোকের সহিত বহু প্রেম ও ভক্তিবন্ধনে আবন্ধ ছিলেন ; যেন তিনি উহাদের নিকট পাইয়াছেনও অনেক এবং দিয়াছেনও অনেক। কারণ, তাঁহাদের মধ্যে কতক লোক ছিলেন, যাঁহারা পুর্ণ বিশ্বাদের সহিত বলিতেন যে, তাঁহাতে তাঁহারা গুরু নানক ও গুরু গোবিন্দের—তাঁহাদের প্রথম ও শেষ গুরুর অপুর্ব মিশ্রণ লক্ষ্য করিয়াছেন। তাঁহাদের মধ্যে যাঁহারা সর্বাপেক্ষা সন্দেহ-প্রবণ্ তাহারা পর্যন্ত তাঁহাকে বিশ্বাস করিতেন। আর যদি তাঁহারা তাঁহার আশ্রিত ইউরোপীয় শিশুগণ সম্বন্ধে—যাহাদিগকে তিনি নিজের করিয়া লইয়াছিলেন— তাঁহার সহিত একমত হইতে না পারিতেন, অথবা তাঁহার ভায় উচ্ছুসিত সহামুভতি প্রকাশ করিতে না পারিতেন, তাহা হইলে তিনি এই উদ্দামহালয় লোকগুলিকে তাঁহাদের মত পরিবর্তন না করা ও অটুট কঠোরতার জন্ম যেন আরও অধিক ভালবাসিতেন। তিনি যে পাঞ্চাবী বালিকার চরকা ঘুরাইতে ঘুরাইতে "শিবোহহং শিবোহহং" ধ্বনি শোনার কথা বলিতেন—যাহার বর্ণনা করিতে করিতে তাঁহার মুখমণ্ডল একটি অফুট আনন্দে উদ্ভাসিত হইয়া উঠিত— তাঁহার আমেরিকাবাসী শিক্তাণ পূর্বেই তাহার সম্বন্ধে অবগত হইয়াছিলেন।

মাবার এ কথাও বলিতে ভূলিলে চলিবে না যে, এই পাঞ্চাব প্রদেশের পরই তিনি (যেমন মার একবার তিনি কাশীতে জীবনের অপরাহু-সময়ে করিয়াছিলেন) একজন মৃদলমান মিঠাইওয়ালাকে ডাকিয়া তাহার নিকট হইতে মৃদলমানী থাবার কিনিয়া থাইয়াছিলেন।" ('স্বামীজীকে যেরূপ দেখিয়াছি,'৮৫-৮৬)।

রাওলপিণ্ডিতে তাঁহারা ট্রেন হইতে নামিলেন ও ১৫ই জুন মারী পৌছিলেন। রাওলপিণ্ডি হইতে সকলে টাঙ্গায় ঐ পথ অতিক্রম করিয়াছিলেন। মারীতেতিন দিন বিশ্রাম উপভোগের পর ১৮ই জুন আবার কাশ্মীরাভিম্থে ধাত্রা শুরু হইল। ঐ দিন তুলাই-এ পৌছিয়া ডাক-বাঙ্গলোয় উঠিলেন। এথানে স্বামীজী হিন্দু-ধর্মের আর একটি দিক উদ্ঘাটিত করিলেন। নিবেদিতা লিথিয়াছেন: "ডুলাই-এ আমাদের হিন্দুধর্ম-বিষয়ক জ্ঞানলাভের এক নৃতন অধ্যায় খুলিয়া গেল। কারণ স্বামীজী গম্ভীর ও বিশদভাবে এই ধর্মের আধুনিক অধ্যাগ্য খুলিয়া গেল। কারণ স্বামীজী গম্ভীর ও বিশদভাবে এই ধর্মের আধুনিক অধ্যাগ্য খুলিয়া গেল। আমাদিগকে বলিলেন, এবং উহাতে যেসকল কুরীতি বামাচার নামে প্রচলিত রহিয়াছে, দেগুলির প্রতি স্বীয় আপোসহীন বিরোধিতার কথাও উল্লেখ করিলেন।" শ্রীরামকৃষ্ণ কোনও ধর্মপথকেই অস্বীকার না করিলেও এই সকল সমাজবিরোধী ও পদম্খলনসন্ধূল পিচ্ছিল ধর্মসাধনার উপায়কে থিড়কির দরজা বলিয়া উল্লেখ করিতেন। এই কথা বলার সঙ্গে স্বামীজী ইহাও দেখাইয়া দিলেন যে, ভারতেত্র দেশেও এই জাতীয় সাধনপ্রণালী অল্পবিন্তর আছে, এবং এই সমন্তই বামাচারের সম্বন্ধ ভূক্ত। ডুলাই হইতে আবার টাঙ্গায় চড়িয়া তাঁহারা বারামুল্লায় চলিলেন।

ঠিক হইয়াছিল যে, স্বামীজীর উপদেশামৃত পান করিবার জন্ম সকলেই পালা করিয়া তাঁহার টালায় উঠিবেন। এইভাবে চলিতে চলিতে তিনি স্বীয় জীবনের একটি ঘটনা বলিয়াছিলেন। তাঁহার এক ধনী সহপাঠী রোগে ভূগিতেছিলেন; এদিকে রোগনির্ণয় ও উপযুক্ত ঔষধপ্রয়োগ না হওয়ায় তিনি ক্রমে রুশ হইয়া পড়িতেছিলেন। এমন সময় আত্মীয়েরা স্বামীজীকে ভাকিয়া আনিলেন—এই বিশ্বাসে যে, সাধু অলৌকিক শক্তিপ্রয়োগে অসাধ্য সাধন করিতে পারিবেন। স্বামীজী তথন গৃহত্যাগ করিয়াছেন। তিনি আসিয়া বন্ধুকে বৃহদারণ্যক উপনিষদের এই অংশটি শুনাইলেন ও ব্যাইয়া দিলেন: "যিনি ব্যহ্মণকে আপনা হইতে ভিন্ন বলিয়া জানেন, ব্রহ্মণ তাঁহাকে প্রত্যাখ্যান করেন; যিনি ক্ষত্রিয়কে আপনা হইতে ভিন্ন বলিয়া জানেন, ক্ষত্রিয় তাঁহাকে প্রত্যাখ্যান করেন; যিনি

লোকসকলকে আপনা হইতে ভিন্ন বলিয়া জানেন, লোকসকল তাঁহাকে প্রত্যাখ্যান করে" ইত্যাদি। শ সর্বব্যাপী ব্রহ্মের সহিত আপনার এই অভেদ ভাবনার কথা শুনিয়া ও উহাতে বিশ্বাস স্থাপনপূর্বক ঐরপ চিস্তা করিয়া রোগী নিরাময় হইয়া-ছিলেন। ঐ বাক্যগুলির অন্তর্নিহিত বিশ্বপ্রেমের প্রতি দৃষ্টি আকর্ষণ করিয়া স্থামীজী ভ্রমণসঙ্গীকে ইহাও বলিয়াছিলেন যে, তাঁহাকে অনেক সময় কঠোর মনে হইলেও তিনি এই সর্বাহ্ম্সাত প্রেমের বশবর্তী হইয়া সকলের কল্যাণেরই জন্ম ঐরপ ব্যবহার করেন; এই মূলতত্ত্ব মনে রাখিলে আর ভূল ব্রুমার অব্কাশ ঘটে না। ('বাণী ও রচনা', ১০২১০)।

ঐ ভ্রমণকালে তিনি শৈশবের একটি ঘটনাও বলিয়াছিলেন—কেমন করিয়া আচারবিশেষের অযৌক্তিকতা লইয়া মাতার সহিত তাঁহার তুমূল বিচার উপস্থিত হইয়াছিল। প্রচলিত রীতি অনুসারে আহারের সময় ডান হাতে জলের মাস তুলিতে হয়; কিন্তু নরেন্দ্র ব্যাইতে চাহিলেন, এরপ না করিয়া পরিক্ষার বাঁ হাতে তোলাই তো ভায়দঙ্গত। তর্কের একদিকে যুক্তি, অপর দিকে লোকাচার। ইহার মীমাংসা কোথায় ? (এ, ২০১ পঃ)।

"পথে যাইতে যাইতে প্রনায় একদল পাদচারী সন্ন্যাসীর সঙ্গে দেখা হইল। তাঁহাদের কচ্ছাত্ররাগ দেখিয়া স্বামীজী কঠোর তপস্থাকে 'বর্বরতা' বলিয়া তীব্র সমালোচনা করিতে লাগিলেন। যাত্রিগণ তাহাদের আদর্শের নামে ধীরে ধীরে কোশের পর কোশ পথ অতিবাহন করিতেছে—এই দৃষ্টে তাঁহার মনে কষ্টকর স্বতি-পরস্পরার উদয় হইল, এবং মানবসাধারণের পক্ষ হইতে তিনি ধর্মের উৎপীড়নে অধীর হইয়া উঠিলেন।' পরে আবার ঐ ভাব ষেমন হঠাং আসিয়াছিল, তেমনই হঠাৎ চলিয়া গেল এবং তাহার পরিবর্তে এই 'বর্বরতা' না থাকিলে ষে বিলাস আসিয়া মাহুষের সমৃদয় মহুয়ত্ব অপহরণ করিত, এই ধারণা ঠিক তেমনই দৃঢ়ভার সহিত উল্লেখিত হইল।" (ঐ, ২৯২ পঃ:)।

ক্রমে তাঁহারা বারামূলায় উপস্থিত হইলেন এবং সেধান হইতে নৌকাযোগে ২০শে জুন শ্রীনগর অভিমুধে যাত্রা করিলেন।

- »। वृंद्रमात्रगाक উপनिवम्, siein
- ১০। স্বামীজী বলিতেন, জনকরেক উচ্চতম আধ্যান্থিক গুণসম্পন্ন অতিমানব স্টের জন্ত জনসাধারণের অনুসরণীর ধর্মাচরণকেও অযথা একটা কঠোর আকার দেওয়া হইরাছে; ইহা অবৌজিক।

বারাম্লা ইইতে ২০শে জুন যাত্রা শুক্র হইল। দলে অপর কোনও পুক্ষসঙ্গী না থাকায় ছোট-থাট কাজগুলি স্বামীজীকেই করিন্তে ইইত। বিদেশিনীরা ভাষা জানেন না, এদেশের রীতি-নীতি ও কার্যপ্রণালী সম্বন্ধেও তেমন কিছুই বিদিত নহেন। অতএব স্বামীজী নিজেই বারাম্লায় নৌকা খুঁজিতে গিয়া-ছিলেন। অকস্মাৎ ভাক-বাঙ্গলায় ঐ বিদেশিনীদের কামরায় ফিরিয়া আদিলেন এবং "ভাগাবানের বোঝা ভগবানে বয়"—এই কথা বলিতে বলিতে ছাতাটি জাত্মন্বয়ের উপর রাথিয়া উপবেশন করিলেন। ভোঙ্গা ভাড়া করা প্রভৃতি প্রয়োজনীয় কাজে বাহির ইইয়া হঠাৎ একজন লোকের সহিত তাঁহার সাক্ষাৎ ইইয়াছিল। ঐ ব্যক্তি স্বামীজীর নাম শুনিয়াই সর্বপ্রকার বন্দোবস্তের দায়িত্ব নিজ স্কন্ধে লইয়া স্বামীজীকে নিশ্চিন্ত মনে ফিরিয়া যাইতে বলিয়াছিলেন। অতএব দিনটি সকলের বেশ আনন্দে কাটিল। তাঁহারা কাশ্মীরী 'সামাভার' হইতে চা পান করিলেন ও ঐ দেশী মোরব্বা থাইলেন। পরে তাঁহারা তিনগানি ভোঙ্গাবিশিষ্ট এক নৌবহরে চড়িয়া' শ্রীনগর যাত্রা করিলেন প্রায় বেলা চারিটার সময়। প্রথম সন্ধ্যায় নৌকাগুলি স্বামীজীর এক পূর্বপরিচিত বন্ধুর বাগানের পার্থে নঙ্গর করিল।

পরদিন তাঁহারা ত্যারমণ্ডিত পর্বতরাজির দারা বেষ্টিত এক স্থমনোহর উপত্যকায় উপন্থিত হইলেন; ইহাই বিশ্ববিশ্রুত কাশ্মীর উপত্যকা। একস্থানে নৌকা বাঁধিয়া সকলে প্রাতভ্রমণে নির্গত হইলেন এবং অনেকগুলিক্ষেত্র অতিক্রম করিয়া ও একজন সাধ্র কুঠিয়ার মতো স্থানসঙ্কুলান হইতে পারে এমন বিরাট কোটরবিশিষ্ট এক চেনার গাঁছের পাশ দিয়া হাঁটিতে হাঁটিতে ক্রমে এক থামারে আসিয়া উপস্থিত হইলেন। স্থানটি স্বামীজীর পূর্বপরিচিত। পূর্বের শরৎ ঋতুতে স্বামীজী যথন কাশ্মীরে আসিয়াছিলেন তথন এই গোলা-বাড়ীতেই

১। শ্রীমতী ম্যাকলাউডের মতে চারিখানি নৌকা ছিল—একথানিতে ওলি বুল ও ম্যাকলাউড, ছিতীরখানিতে শ্রীমুক্তা প্যাটারসন ও নিবেদিতা, তৃতীরখানিতে স্বামীলী ও একজন সন্ন্যাসী; চতুর্থখানি রন্ধন ও আহারের জন্ম ('রেমিনিসেলেস', ২৪১ পৃ:)। নিবেদিতা অপর কোন সন্ন্যাসীর উপস্থিতি অখীকার করেন; তাহার মতে নৌকা ছিল তিনধানি।

কাশ্মীরী নারীদের প্রথাহ্যধায়ী লালটুপি পরিহিতা ও শ্বেত অবগুঠনে আর্তা এক বৃদ্ধার সহিত তাঁহার সাক্ষাৎ হইয়াছিল। স্বামীজী তাঁহার নিকট জল চাহিয়া থাইবার পর বিদায় লইবার পূর্বে যথন ধীরভাবে তাহাকে জিজ্ঞাসা করিয়াছিলেন, "মা, তৃমি কোন্ ধর্মাবলম্বিনী ?" তথন বৃদ্ধা দৃগুকঠে স্বস্পষ্ট উত্তর দিয়াছিল, "থোদাকে ধ্যুবাদ! প্রভুর কুপায় আমি ম্দলমানী।" বৃদ্ধার সেই স্থার্মে আন্থা ও গৌরববোধের কথা স্বামীজী স্বদেশ ও বিদেশে বহু স্থানে সানন্দে বলিয়াছিলেন। আজ দেই পূর্বপরিচিত ম্দলমান পরিবারটি স্বামীজীকে সাদরে গ্রহণ করিল এবং স্বামীজীর সহিত আগতা বিদেশিনীদের প্রতিও উপযুক্ত সৌজন্ম প্রবাশ করিল।

শীনগর পর্যন্ত রান্তার চমৎকারিছে মৃশ্বা নিবেদিতা লিথিয়াছেন: "আমাদের যাত্রাপথের সৌন্দর্যসমূহের বর্ণনা করিতে গিয়া সহজেই আত্মহারা হইয়া পড়িতে হয়। কারণ, ···বিতন্তা গিরিসঙ্কটের গীর্জার আকারে শোভমান পাহাড়গুলি ও শস্তক্ষেত্রবক্ষে লুকায়িতপ্রায় গ্রামসমূহ ঐ পথের অন্তর্গত। ঐ সময়ের কথা অরণ করিলে কতকগুলি হ্বযাময় দৃশ্বপরম্পরা মানসপটে উদিত হয়। এন্থলে আমি শীনগরের বহির্দেশে সমৃন্নত লম্বাভিদেশহলভ পপ্লার গাছগুলি যে বীথি রচনা করিয়াছে, তাহার কথা উল্লেখ করিতে পারি।" ('স্বামীজীকে যেরপ দেখিয়াছি', ৮৭-৮৮ পৃঃ)। তাহারা আরও দেখিলেন, কোথাও ক্লয়ক আপন মনে গান গাহিয়া চলিয়াছে; কোথাও সাধুরা আঁনবাকা পথে দেবমন্দিরাভিমুথে অগ্রসর হইতেছেন। পাহাড়ের সামুদেশ শত শত আইরিস পুষ্পে স্থণোভিত। মধ্যে রহিয়াছে শ্রামল উপত্যকা ও শস্তক্ষেত্র, তাহার চতুর্দিকে শুল্লীর্য ত্র্যারার্ত পর্বতপ্রাকার।

শীনগরে পৌছিবার পূর্বে এক সন্ধায় আহারের পূর্বে ক্ষেতের উপর বেড়াইতে বেড়াইতে বিদেশিনীদের একজন স্বামীজীর নিকট অভিযোগ করিলেন, কালীঘাটে তিনি যাহা দেখিয়াছিলেন, তাহা তাঁহার দৃষ্টিতে ভক্তির আতিশয় বলিয়াই বোধ হইয়াছিল। "প্রতিমার সম্মুখে লোকে ভূমিতে সাষ্টাঙ্গ হয় কেন ?"—এই ছিল তাঁহার প্রশ্ন। স্বামীজীর হস্তে ছিল তথন ক্ষুদ্র নীল তিল ফুল, আর তিনি বলিতেছিলেন, "তিল আর্ষগণের স্বাপেক্ষা প্রাচীন তৈলবাহী বীজ।" কিন্তু প্রশ্ন ভনিয়া তিনি ফুলটি ফেলিয়া দিলেন, আর শ্বিরভাবে দাঁড়াইয়া প্রশাস্ত গন্তীরম্বরে বলিলেন, "এই পর্বত্যনার সম্মুখে সাষ্টাঙ্গ হওয়া আর সেই

প্রতিমার সম্মুধে সাষ্টাঙ্গ হওয়। কি একই কথা নয় ?" ('বাণী ও রচনা', ৯।২৯৪)। বস্তুত: কোন বস্তু শুধু বস্তুরপেই রসগ্রাহীকে আকর্ষণ করে না; উহার মধ্যে যে ভগবৎসৌন্দর্য নিহিত থাকে, তাহাই মাহুষের হৃদয় কাড়িয়া লয়।

ক্রমে তাঁহারা ২২শে জুন শ্রীনগরে পৌছাইলেন। পুর্বেই স্বামীজী সকলকে বলিয়া রাখিয়াছিলেন, তাঁহাদিগকে কোন শান্তিপূর্ণ স্থানে লইয়া গিয়া ধান শিক্ষা দিবেন। এখন স্থির হইল যে, সকলে কিছুদিন বিশ্রাম করিবেন এবং পরে নির্জনবাদের ব্যবস্থা হইবে। স্বামীজী ঐ সময়ে ভিন্ন বজরায় থাকিলেও, প্রতিদিন প্রাতরাশের সময় ঐ জন্ম নিদিষ্ট বজরাতে সকলের সহিত মিলিত হইতেন এবং অনেকক্ষণ ধরিয়া বিবিধ বিষয়ে আলাপ করিতেন। অনেক সময় সকলে একসঙ্গে ভ্রমণেও বাহির হইতেন।

শ্রীনগরে প্রথম রজনীতে ইহারা সকলে ঐ নগরবাসী বাঙ্গালী রাজকর্ম-চারীদের দারা ভোজনের জন্ম নিমন্ত্রিত হইয়াছিলেন। সেথানে পাশ্চাত্তা অতিথিদের মধ্যে একজন কথাপ্রদঙ্গে বলিলেন: "প্রত্যেক জাতির ইতিহাস বলিতে বুঝায় কতকগুলি বিশেষ আদর্শের বিকাশ ও উহার দৃষ্টান্ত। উক্ত জাতির সকলেরই উচিত, ঐগুলিকে দৃঢ়ভাবে ধরিয়া থাকা।" কিন্তু উপস্থিত হিন্দুগণ বলিলেন, ঐরপ অবস্থাও একটা বন্ধন ব্যতীত আর কিছু নহে; मानवमन हित्रकान देश मानिया नहेए भारत ना। अवरम्य श्रामीकी मधान्द হইয়া বুঝাইয়া দিলেন-সকলেই ইহা অবশ্য স্বীকার করিবেন যে, মানবপ্রকৃতির পক্ষে ভৌগোলিক বিভাগ অপেক্ষা মনস্তাত্ত্বিক বিভাগই অধিকতর বিচারদহ ও স্থায়ী। তারপর তিনি উপস্থিত সকলের পরিচিত ছুই ব্যক্তির নাম করিয়া विनातन, "त्तर, প্रथम क्रम शृक्षाम ; जिमि वाकानी त्रम्पी इटेला शृक्षेर्धावनशीत्मत মধ্যে আদর্শস্থানীয়া বলা চলে। विভীয় ব্যক্তি খুষ্টান দেশে জন্মিলেও অনেক হিন্দুর চেয়েও ভাল হিন্দু। সব দিক ভাবিয়া দেখিলে ইহাই কি সর্বাধিক বাঞ্দনীয় নহে যে উহাদের একে অপরের দেশে জন্মগ্রহণ করিয়া দেখানে নিজ নিজ আদর্শের যথাসম্ভব প্রসার করিলেই ভাল হইত ?" (ঐ. 1 (3686

সকালের আলোচনা-মঞ্জলিসে "কথনও কাশ্মীর যেসকল বিভিন্ন ধর্মযুগের মধ্য দিয়া চলিয়া আসিয়াছে তাহাদের সম্বন্ধে, কথনও বা বৌদ্ধর্মের নীতি, কথনও বা শিবোপাদনার ইতিহাদ, আবার হয়তো বা কণিছের সময়ের শ্রীনগরের অবস্থা—
এইদকল বিষয়ের কথোপকথন চলিত।" একদিন বৌদ্ধর্যের আলোচনাপ্রদক্তে
আশোকের ধর্মদমন্বয়-প্রচেষ্টার কথা তুলিয়া তিনি বলিয়াছিলেন, "আদল কথা এই
যে, বৌদ্ধর্য আশোকের দময়ে এমন একটি মহদস্ঞানে উত্যোগী হইয়াছিল, মাহার
জন্ম জগং এই যুগেই সবেমাত্র উপযুক্ত হইয়াছে।" ঐতিহাদিক ঘটনাপরক্ষারা
আবলম্বনে তিনি দেগাইয়া দিয়াছিলেন, "কিরপে আশোকের ধর্মবিষয়ক একছেত্রত্ত্ব
বার বার ঈশাহি ও ম্দলমান ধর্মের তরঙ্কের পর তরঙ্কারা চূর্ণ হইয়াছিল,
কিরপে আবার এতত্ত্যের প্রত্যেকেই (খুয়ান ও ম্দলমানধর্ম) মানবজাতির ধর্মবৃদ্ধির উপর একচেটিয়া অধিকার দাবি করিত" এবং অবশেষে তিনি দেখাইলেন,
এই মহাদমন্বয় কি উপায়ে স্বল্পকাল মধ্যেই সম্ভবপর হইবে বলিয়া অহ্নমান করা
চলে।

আর একবার চেক্সিজ থাঁ বা জেক্সিজ থাঁ-এর প্রসক্ষ উঠিলে তিনি বলিলেন, "লোকে তাঁহাকে একজন নীচ, পরপীড়ক বলিয়া উল্লেখ করে, — কিন্তু তাহা সত্য নহে। এইরপ মহামনা বাক্তিগণ কথনও কেবল ধনলোলুপ বা নীচ হইতে পারেন না। তিনি কোনও একটা একত্বের আদর্শে অন্তপ্রাণিত হইয়াছিলেন এবং তাঁহার (সময়ের) জগংকে তিনি এক করিতে চাহিয়াছিলেন। নেপোলিয়নও সেই ছাঁচে গড়া লোক ছিলেন এবং সেকেন্দরও এই শ্রেণীর আর একজন। মাত্র এই তিনজন — অথবা হয়তো একই জীবাত্মা তিনটি পৃথক্ দিখিজয়ে আত্মপ্রকাশ করিয়াছিল।" ইহার পর তিনি অবতারতত্ব সম্বন্ধে কথা পাডিলেন।

শীরামরুষ্ণের ভাবপ্রচারের মাধ্যম হিদাবে লোকহিতকর বিভিন্ন নবপ্রতিষ্ঠিত কেন্দ্রের ন্যায় মাদ্রাজ হইতে প্রকাশিত সাময়িক পত্রিকাদ্বরের কথাও তিনি খ্ব ভাবিতেন; এবং সম্প্রতি আলমোড়ায় স্থানান্তরিত 'প্রবৃদ্ধ ভারতে'র কথা তিনি রোজই বলিতেন। একদিন বৈকালে একথণ্ড কাগজ অপরদের সম্মুথে রাখিয়া তিনি বলিলেন, "একথানি পত্র লিথিবার চেষ্টা করিয়াছিলাম; কিছু উহা কবিতাকারে এইরূপ দাঁড়াইল—'টু দি আ্যাওয়েকেণ্ড ইণ্ডিয়া' ('To the Awakened India')".

"২৬শে জুন। আচার্যদেব আমাদের সকলকে ছাড়িয়া একাকী কোন শান্তিপূর্ণ স্থানে বাইবার জন্ম উৎস্ক হইয়াছিলেন। কিন্তু আমরা ইহা না জানিয়া তাঁহার সহিত ক্ষীরভবানী নামক শুল্র প্রশ্রবণগুলি দেখিতে বাইবার জন্ম জেদ করিতে লাগিলাম। শুনিলাম ইতিপুর্বে কথনও কোন খুষ্টান বা মুসলমান সেগানে পদার্পন করে নাই। পরে আমরা ইহার দর্শনলাভে যে কতদ্র ক্লতার্থ হইয়াছি, তাহা বর্ণনাতীত; কারণ ভগবান যেন শ্বির করিয়াই রাধিয়াছিলেন যে, এই নামটিই আমাদের নিকট সর্বাপেকা পরিত্র হইয়া উঠিবে।" পাথরের রেলিং ছারা পরিবেষ্টিত ঐ ক্ষুত্র প্রস্তর্বনাটির জল হুধ, চাউল ও ফুলের রঙে গাঢ় হইয়া আছে। শত শত ধর্মকাম তীর্থয়াত্রী মালা জপ করিতে করিতে কুণ্ড প্রদক্ষিণ করিতেছে। বহু সাধু সন্ন্যাসীরও সমাগম সেধানে। একস্থানে ভত্মমাধা জটাধারী এক সন্ন্যাসী হোমায়িপার্শে বিসয়া আছেন; স্থানটিতে একটি ছোট বাজ্বারও আছে। এই সমস্ত দেখিয়া, স্থানীয় ছোট ছোট ছোলমেয়েদের সহিত আলাপ করিয়া এবং সন্ন্যাসী ও পুরোহিতের নিকট চিনি-প্রসাদ পাইয়া সকলে খুবই আনন্দিত হইলেন।

পরে তাঁহারা কাশ্মীরের অন্তান্ত স্থান—তথত-ই-স্থলেমান, নৃরমহলের শালিমার বাগ, এবং নিশাৎ বাগ (আনন্দোভান) প্রভৃতি স্থানওদেথিয়াছিলেন।

তথত-ই-স্থলেমানে ছিল ক্ষ্ম একটি মন্দির। তিন হাজার ফুট উচ্চ এই পাহাডের শীর্বদেশ হইতে সমৃদয় কাশ্মীর উপতাকাটি স্থলর দেখা যায়। ডাল-হ্রদ আঁকিয়া বাঁকিয়া নিম্নে বিস্তৃত, আর চারিদিকে অপূর্ব শাস্ত শ্রী। ২৯শে জুন সকলে মন্দিরে উপস্থিত হইলে উহার অবস্থান ও পরিবেশের প্রতি দৃষ্টি আকর্ষণ করিয়া স্থামীজী বলিলেন, "দেখ, মন্দিরের স্থাননির্বাচনবিষয়ে হিন্দুদের কি দক্ষতা! মন্দিরগুলি সবই প্রায় এমন জায়গায়, যেখানটা দেখতে খুব চমৎকার। উদাহরণস্থরপ তিনি হরিপর্বত ও মার্তগু-মন্দিরের কথা উল্লেখ করিলেন। লোহিতাভ হরিপর্বত উঠিয়াছে নীল জলরাশির মধ্য হইতে — মনে হয় যেন একটি অর্ধণায়িত সিংহের মন্তকে মৃকুট স্থাণাভিত। আর মার্তগু-মন্দিরের পাদতলে বিরাজমান একটি শ্রামল উপতাকা।

এইসব দিনে স্বামীজী ভারতীয় ক্কাষ্ট্র, ইতিহাস, ধর্ম, তাহার দৃষ্টিভঙ্গী ইত্যাদি বিষয়ে কত কথাই না বলিয়াছিলেন! সঙ্গে সঙ্গে তিনি পাশ্চান্ত্য জীবনের সঙ্গে উহার তুলনাও করিতেন। পাশ্চান্ত্য মহিলাদিগকে তিনি শুনাইয়াছিলেন তুলসীদাসের দোহা:

> তুলসী জগমে আইয়ে সঁবসে মিলিয়ে ধায়। ন জানৈ কেহি ভেকসে নারায়ণ মিলি যায়॥

— তুলদী জগতে আদিয়া দকলের দহিত মিলিয়া মিশিয়া বাদ করে। জানি না, কোনরূপে নারায়ণ দেখা দেন।

আর ভনাইয়াছিলেন বেদের বাণী:

নিগুণ। (খেতাখতর উপনিষদ, ৬।১১)।

একো দেব: দর্বভূতেষু গৃঢ়: দর্বব্যাপী দর্বভূতাস্তরাত্মা।
কর্মাধ্যক্ষ: দর্বভূতাধিবাদ: দাক্ষী চেতা কেবলো নিগুণ্চ॥
—একমাত্র দেবতা দর্বভূতে লুক্কায়িত আছেন; তিনি দর্বব্যাপী, দর্বভূতের অস্তরাত্মা, দর্বকর্মের নিয়ামক, দর্বভূতের আধার, দাক্ষী, চৈতভাদাতা, নি:দক্ত ও

তিনি শুনাইয়াছিলেন রাবণের কাহিনী। কেই ধখন রাবণকে পরামর্শ দিয়াছিল যে, রামরূপ ধরিয়া সীতাদেবীকে প্রতারণা করিলে সীতা রাবণের বশীভূতা হইবেন, তখন রাবণ উত্তর দিয়াছিল—রাম স্বয়ং ভগবান, তাঁহার রূপ ধারণ করিলে তাঁহার ধানেই রাবণ ময় হইয়া য়াইবে; তখন পরস্ত্রীর কথা মনে জাগিবে কিরুপে ?—"তুচ্ছং ব্রহ্মপদং পরবধ্দকং কুতঃ ?" গল্পটি বলিয়া স্বামীজী মস্তব্য করিয়াছিলেন, "স্বতরাং দেখ, অত্যন্ত সাধারণ বা অপরাধীর জীবনেও এইসব উচ্চভাবের আভাস পাওয়া য়য়।" তিনি চিরকাল মানবজীবনকে অন্তর্নিহিত ব্রহ্মের প্রকাশ বলিয়াই জানিতেন। অত্রব হুকার্ঘ বা হুর্বৃত্তিকেও ব্রহ্মের বিকৃত বা অপুর্ণ প্রকাশ ভাবিয়া ঐসব লইয়া বিশেষ মাথা ঘামাইতেন না; বরং ঐরূপ ব্যক্তির চরিত্রে ষেটুকু গুণ ধরা পড়িত, তিনি তাহারই প্রশংসা ক্রিজেন।

একদিন খৃষ্টান সাধু ও 'ঈশান্থসরণের' রচমিতা টমাস আ কেম্পিসের কথা তুলিয়া স্বামীজী বলিলেন যে, এক সময়ে পরিব্রাক্তকরণে ভ্রমণকালে 'গীতা' ও 'ঈশান্থসরণ' এই গ্রন্থনাই তাঁহার সম্বল থাকিত। আর এই সয়্যাসিপ্রবরের সহিত অবিচ্ছেত্তভাবে জড়িত একটি উক্তি তিনি উদ্ধৃত করিলেন: "ওহে লোকশিক্ষক-গণ, চুপ কর! হে ভবিশ্বদক্তগণ, তোমরাও থামো! প্রভো, শুধু তুমিই আমার অস্তরের অস্তত্তেল কথা কও।"

আবার উদ্ধৃত করিতেন 'কুমারসম্ভবম্' হইতে (৫।৪) :
তপঃ ক বংসে ক চ তাবকং বপুঃ।
পদং সহেত ভ্রমরস্থ পেলবং
শিরীবপুষ্পাং ন পুনঃ পতত্ত্বিণঃ॥

— কঠোর তপস্থাই বা কোথায়, স্বার তোমার এই স্থকোমল দেহই বা কোথায় ? স্থকোমল শিরীষপুষ্প ভ্রমবেরই চরণপাত সহ্থ করিতে পারে, পক্ষীর ভার নহে। (স্বতএব উমা, তুমি তপস্থায় ষাইও না)।

আবার মাঝে মাঝে গাহিতেন:

"এসো মা এসো মা, ও হৃদয়রমা, পরাণ-পুতলী গো! হৃদয়-আসনে হও মা আসীন, নির্থি তোমারে গো!" ইত্যাদি

গীতার শ্লোক ও গীতার কথা তো তাঁহার শ্রীবদনে প্রায় সর্বদাই ছিল। তিনি বিশাস করিতেন না যে, জ্ঞানচর্চায় স্ত্রীলোকের ও শৃদ্রের অধিকার নাই; কারণ মহাভারতে সকলেই পড়িতে পারে, এবং মহাভারতের অন্তর্গত ভগবদ্গীতান্ন উপনিষদের সার সন্ধলিত হইয়াছে। বস্তুতঃ উপনিষদ্ ব্বিতে ইইলে গীতার সাহায্য প্রয়োজন।

এমনি করিয়া ৪ঠা জুলাই আসিয়া পড়িল। সেদিন আমেরিকার যুক্রাষ্ট্রের সর্বত্র মহাসমারোহে স্বাধীনতা-উৎসব উদযাপিত হইয়া থাকে: ঐ তারিখেই আমেরিকা ইংলণ্ডের নিকট হইতে স্বাধীনতা লাভ করে। স্বামীজীর দলে তিনজন আমেরিকার যুক্তরাষ্ট্রে মহিলা ছিলেন—শ্রীযুক্তা প্যাটারসন, ওলি বল (ধীরামাতা) এবং শ্রীমতী ম্যাকলাউড (জয়া)। চতুর্থ মহিলা ছিলেন ভগিনী নিবেদিতা—ইংলণ্ডের নাগরিক। পুর্বদিন নিবেদিতা এই বলিয়া ত্বংথ করিতে ছিলেন, "আমাদের আমেরিকার জাতীয় পতাকা নাই; থাকিলে প্রাতরাশ-কালে উহা দ্বারা আমাদের দলের অপর যাত্রিগণকে তাঁহাদের জাতীয় উৎসব উপলক্ষে অভিনন্দিত করা যাইতে পারিত।" স্বামীন্সী কথাটি ভনিলেন এবং অভিপ্রায়টি সর্বাস্থ:করণে গ্রহণ করিলেন। বাকি তিনজনের অজ্ঞাতসারে তিনি নিবেদিতার সাহায্যে ৪ঠা জুলাই-এর উৎসবের সব আয়োজন করিলেন। "৩রা তারিথ অপরাহে মহা ব্যস্ততার সহিত তিনি (স্বামীন্সী) এক কাশ্মীরী-'পণ্ডিত' (वर्षा कामीती हिन्तु) पत्रकीरक नहेशा व्यामितन এवः वृक्षाहेशा पितन रह, यमि এই ব্যক্তিকে পতাকাটি কিরুপে করিতে হইবে বলিয়া দেওয়া হয়, তাহা হুইলে সে সানন্দে সেইরপ করিয়া দিবে। ফলে তারকা ও ডোরা দাগগুলি ষত্যন্ত আনাড়ীর মতো একখণ্ড বন্ত্রে আরোপিত হইল এবং উহা চির্ভামল গাছের কয়েকটি শাখার সহিত, ভোজনাগাররূপে ব্যবহৃত নৌকাখানির শিরো-ভাগে পেরেক দিয়া আঁটিয়া দেওয়া হইল।" ('বাণী ও রচনা', ১০০০)।

প্রবেশ-দারটিও ভালপালা দিয়া স্থাচ্ছিত হইল। আর স্থামীক্সী 'টু দি কোর্থ সব জুলাই' শীর্ষক স্থাধীনতার স্তুতিব্যক্তক একটি স্থলর কবিতা রচনা করিলেন। "এমন সময়ে আমেরিকাবাদিনীরা স্থাধীনতা লাভের দিবদে চা-পান করিবার জ্বাতা নৌকাখানিতে পদার্পণ করিলেন। স্থামীজী এই ক্ষুদ্র উৎসবটিতে উপস্থিত থাকিবার জ্বাত্র এক জায়গায় যাওয়া স্থগিত করিয়াছিলেন।" স্বাত্রাত্র থাকিবার জ্বাত্র আর এক জায়গায় যাওয়া স্থগিত করিয়াছিলেন।" স্বাত্রাত্র অভিভাষণের সহিত তাঁহার উক্ত কবিতাটি স্থাগতস্বরূপে সর্বসমক্ষে পঠিত হইল। কবিতাটি 'মৃক্তি' এই নামে বঙ্গভাষায় পদাছলেল অন্দিত ও 'বাণী ও রচনা'য় (গাও২৯-৩০) মৃত্রিত হইয়াছে। এই ৪ঠা জুলাইর সহিত স্থামীজীর জীবনের একটি অবিচ্ছেত্য সম্বন্ধ স্থাপিত হইয়া গিয়াছে—কবিতাবলম্বনে ইহার স্ক্রিনিহিত ভাবধারা স্থাৎ সর্বপ্রকার মৃক্তির বার্তা প্রচারের জন্ম এবং ঐ তারিথ ও বারে (১ঠা জুলাই, শুক্রবার) মহাসমাধিতে তাঁহার নশ্বর দেহ হইতে মৃক্তিলাভের জন্ম। কবিতাটির শেষাংশ উল্লেখযোগ্য:

তারপর এলো দিন—সফলিয়া উঠিল যখন
সকল সাধনা কর্ম পূজা প্রেম আত্মবলিদান—
গ্রহণ করিলে আসি—সব হ'ল—সম্পূর্ণ সার্থক!
তথন উঠিলে তুমি—হে প্রসন্ধ, ছড়াবার তরে
ম্ক্তির আলোক শুভ্র—সারা বিশ্ব মানবের 'পরে!
চল প্রভ্রু, চল তব বাধাহীন পথে ততদিন—
যতদিন ওই তব মাধ্যন্দিন প্রথব প্রভায়
প্রাবিত না হয় বিশ্ব, পৃথিবীর প্রতি দেশে দেশে
দেই আলো না হয় ফলিত, যতদিন নরনারী
তুলি উচ্চ শির—নাহি দেখে টুটেছে শৃদ্খলভার,—
না জানে শিহরানন্দে তাহাদের জীবন নৃতন।

শ্রীনগর হইতে ভাল-ব্রদে যাওয়ার পথে এই উৎসব হইল। অতঃপর সেখান হইতে ফিরিবার পথে ৫ই জুলাই-এর একটি ঘটনা। পাশ্চান্ত্যে মেয়েলি শাস্ত্র অফুসারে কাহার কবে বিবাহ হইবে ইহা জানিবার জক্ত পরিহাসচ্ছলে ভাহার পাতে কয়টি চেরী ফলের বিচি পড়িয়া আছে, ভাহা গুনিয়া দেখা হয়। দলের একজন এরপ করিলে স্বামীজী উহাকে পরিহাস না ভাবিয়া সত্য বলিয়া ধরিয়া লইলেন এবং পরদিন প্রাতঃকালে যখন আসিলেন, তখন কেবলই উচ্চ বৈরাগ্যের কথা বলিতে লাগিলেন। তিনি বলিলেন, "(রান্ধর্মি) জ্বনক হওয়া কি এত সোজা?—সম্পূর্ণরূপে অনাসক্ত হইয়া রাজিসিংহাসনে বসা? ধনের বা ফলের অথবা স্ত্রীপুত্রের প্রতি কোন ধেয়াল না রাথা? পাশ্চান্ত্যে আমাকে বহু লোক বলিয়াছে যে তাহারা এই (জনকের) অবস্থায় উপনীত হইয়াছে। কিছু আমি এই টুকুমাত্র বলিতে পারিয়াছিলাম — এমন সব মহাপুরুষ তো ভারতবর্ষে জ্বনায় না!" তারপর নিবেদিতার দিকে ফিরিয়া বলিলেন, "একথা মনে মনে বলিতে এবং তোমার মেয়েদের শিথাইতে কখনও ভূলিয়া বাইও না যে,

মেরুসর্বপয়োর্যদ্বৎ স্থ্যভোতয়োরিব। সরিৎসাগরয়োর্যদ্বৎ তথা ভিক্ষ্গৃহস্থয়া: ॥

— মেরু পর্বত ও সর্বপে যে প্রভেদ, সূর্য ও থছোতে যে প্রভেদ, সমুদ্র ও কৃত্র জলাশয়ে যে প্রভেদ, সন্মাসী ও গৃহীতেও সেই প্রভেদ।

সর্বং বস্তু ভয়ান্বিতং ভূবি নৃণাং বৈরাগ্যমেবাভয়ম্।

—পৃথিবীতে সকল বস্তুই ভয়যুক্ত, মানবের পক্ষে কেবল বৈরাগ্যই অভয়াম্পদ।"
আর তিনি বলিতেন, ভণ্ড সাধুরাও ধন্ত ; ধাহারা ব্রত উদ্যাপনে অক্ষম
হইয়াছে তাহারাও ধন্ত, কেন না তাহারাও আদর্শের শ্রেষ্ঠতা বিষয়ে সাক্ষ্য
দিয়াছে এবং এইরূপে কতকাংশে অপরের সাফল্যের কারণ হইয়াছে। এই
সক্ষে মনে পড়ে তাঁহার লণ্ডনে বক্তৃতার কথা: "বৈরাগ্যই ধর্মের স্চনা। আজ্
কাল বৈরাগ্য বিষয়ে কথা বলা বড় অপ্রীতিকর। আমেরিকায় আমাকে বলিত,
আমি যেন পাঁচ সহস্র বৎসর পূর্বের কোন অতীত ও বিলুপ্ত গ্রহ হইতে আসিয়া
বৈরাগ্য বিষয়ে উপদেশ দিতেছি।" ('বাণী ও রচনা,' ২।১৫)।

শুধু কথায় নহে, কাশ্মীরে থাকাকালে কার্যেও তিনি এই বৈরাগ্যপ্রবণতা দেখাইয়াছিলেন। এই সময়ে তিনি প্রায়ই অজ্ঞাতবাদে চলিয়া ঘাইতেন। ভোরে ঘুম হইতে উঠিয়া সহঘাত্রিণীরা দেখিতেন, স্বামীজীর নৌকা নাই এবং বাকি মাঝিদের জিজ্ঞালা করিয়া জানিতেন যে, তিনি কোথাও চলিয়া গিয়াছেন। নিবেদিতা লিখিয়াছেন, "১০ই জুলাই রাত্রে বিভিন্ন স্ত্রে আমরা সংবাদ পাইলাম যে, আচার্যদেব সোনমার্গের রাস্তা দিয়া অমরনাথ গিয়াছেন এবং অপর একটি পথ দিয়া ফিরিবেন। কপর্দকমাত্র না লইয়া তিনি যাত্রা করিয়াছিলেন, কিন্তু হিন্দুশাসিত দেশীয় রাজ্যে এই ব্যাপারে তাঁহার বন্ধুবর্গের ক্রান উদ্বেগের কারণ হয় নাই। ১৫ই জুলাই অপরাহু পাঁচটার সময় আমরা

নদীর অফুকুল স্রোতে কিয়দ্র যাইবার জন্ম সবেমাত্র নৌকা খুলিয়াছি, এমন সময় ভৃত্যগণ দ্রে তাহাদের কয়েকজন বন্ধুকে চিনিতে পারিল এবং আমাদের সংবাদ দিল যে, স্বামীজীর নৌকা আমাদের অভিমুখে আসিতেছে। একঘণ্টা পরেই তিনি আমাদের সহিত মিলিত হইলেন এবং বলিলেন, ফিরিয়া আসিয়া তিনি আনন্দ অফুভব করিলেন। এবারকার গ্রীম্ম কৃত্তে অস্বাভাবিক গরম পডিয়াছিল এবং কয়েকটি তুষারবআ ধ্বসিয়া যাওয়ায় সোনমার্গ হইয়া অমরনাথ ষাইবার রাস্থাটি তুর্গম হইয়া গিয়াছে। এই ঘটনায় তিনি ফিরিয়া আসেন।

পর দিবস ১৬ই জুলাই একথানি ছোট নৌকায় নদীবক্ষে ভ্রমণকালেও ঐ বৈরাগ্যের স্থরই তাঁহার কঠে ধ্বনিত হইয়াছিল। "নৌকা স্রোতের অন্ধকূলে চলিতেছে, আর তিনিও রামপ্রসাদের গানগুলি একটির পর একটি গাহিয়া চলিয়াছেন, এবং মধ্যে মধ্যে একটু-আধটু অন্থবাদ করিয়া দিতেছেন।" তন্মধ্যে এইগুলি উল্লেথযোগ্য:

"ভূতলে আনিয়া মাগো করলি আমায় লোহাপেটা, (আমি) তবু কালী বলে ডাকি, সাবাস আমার বুকের পাটা।" "মন কেন রে ভাবিস এত, যেন মাতহীন বালকের মতো।"

১৭ই জুলাই তিনি ধীরামাতার নৌকায় আদিয়া কেবল ভক্তি সম্বন্ধেই কথা বলিতে লাগিলেন। ঐ প্রসঙ্গে তিনি অর্ধনারীশ্বর সহদ্ধীয় "কন্তুরিকাচন্দন-লেপনারৈ, শাশান-ভত্মাঙ্গ-বিলেপনায়" ইত্যাদি স্তোত্রটি আবৃত্তি করিয়াছিলেন। রাধারুক্ষ-প্রেমের কথাও বলিয়াছিলেন। রাগান্থগা ভক্তির কথায় তিনি এত তন্ময় হইয়া গিয়াছিলেন যে, প্রাতরাশের কথাই ভূলিয়া গেলেন; খাবার সামনে পড়িয়া ঠাণ্ডা হইয়া গেল। তিনি বলিলেন, "যথন এইসব ভক্তির প্রসঙ্গ চলিতেছে, তথন আর খাবারের কি দরকার?" এই বলিয়া তিনি অনিচ্ছাপূর্বকই বিদায় লইলেন। পুন্র্বার যথন ফিরিলেন, তথনও ঐ প্রসঙ্গই করিতে লাগিলেন। কিছু হয় এই সময়ে কিংবা অন্থ এক সময় তিনি এই কথাও বলিয়াছিলেন, যাহার নিকট তিনি বড় বড় কার্যের প্রত্যাশা রাথেন, তাহার নিকট রাধাক্তকের প্রসঙ্গ উত্থাপন করেন না। শিবই অদম্য এবং আগ্রহ্বান কর্মীর সৃষ্টিকর্তা এবং কর্মীর পক্ষে তাহারই পদে উৎসূর্গিত হওয়া উচিত।

हेहात्र পरत छाँहाता हेमनाभावान बाजा कतिरनन । चर्छनाहरक हेहाहे स्मत्रनाथ-

ষাত্রায় পরিণত হইল। ১৯শে জুলাই তাঁহারা এক জললের মধ্যে "চির-অন্থেষিত পাতে স্থান (বা পাণ্ডবদের স্থান) মন্দির আবিদ্ধার" করিলেন। স্থামীজীর মতে ইহার সহিত কাশ্মীরের পুরাতত্ত্বের মধুর শ্বৃতি বিজ্ঞড়িত ছিল। কাশ্মীরের ইতিহাসে চারিট ন্তর আছে—বৃক্ষ ও দর্প পূজার যুগ, বৌদ্ধর্মের যুগ, সোরোপাসনার আকারে প্রচলিত হিন্দুধর্মের যুগ ও মুসলমান ধর্মের যুগ। স্মালোচা মন্দিরটি ছিল বৌদ্ধযুগের নিদর্শন। ঐ নিস্তন্ধ দেবালয় ও বৃদ্ধমৃতিটি স্বামীজীর মনে গভীর ভাবের উদ্রেক করিয়াছিল। তিনি মন্দিরের ভাস্কর্যাদি সঙ্গিনী দিগকে বুঝাইয়া দিলেন। মন্দিরের অভ্যন্তরে ছিল স্থচক্র। সর্পবেষ্টনা-বন্ধ নরনারীব মৃতিদমূহ ও অন্তান্ত প্রাচীন ভাস্কর্য, আর মন্দিরের বাহিরে ছিল বুদ্ধদেবের একটি স্থন্দর দণ্ডায়মান মৃতি ও তদীয় জননী মায়াদেবীর ভগ্নমৃতি। মন্দিরটি বুহদাকার প্রস্তারে নির্মিত এবং পিরামিডের আকারে ক্রমে উর্ধ্বস্থা। স্বামীজীর মতে উহা মার্তণ্ডের মন্দিরেরও পূর্ববর্তী, এবং সম্ভবতঃ কণিক্ষের যুগের (১৫০ খুষ্টাব্দের)। তিনি বুঝাইয়া দিলেন যে, বৌদ্ধযুগে ভাস্কর্যের খুব উন্নতি হইয়াছিল, সুর্যচিহ্নিত চক্র বা পদ্ম উহার কারুকার্যের একটা সাধারণ অংশ, সর্পদম্বলিত মৃতিগুলি বৌদ্ধযুগের পুর্বের আভাস দেয়। কিন্তু সৌরোপাসনা-কালে ভাস্কর্যের অবনতি ঘটে; তাই সূর্যমূর্তিটি নৈপুণ্যহীন।

সদ্ধার প্রাক্কালে সকলে নৌকায় ফিরিলেন; কিন্তু তথনও স্বামীজীর মন ঐতিহাসিক গবেষণায় ব্যাপৃত রহিল। তিনি ভূমধ্যসাগরের পথে জাহাজে আগমনকালে ক্রীট দ্বীপের সন্নিকটে রাত্রে যে স্বপ্ন দেখিয়াছিলেন, উহার সহিত হায়ার ক্রিটিসিজ্ম-এর (উচ্চন্তরের বাইবেল-সমালোচনার) মিল থাকায় এবং বৌদ্ধ অফুষ্ঠানাদির সহিত খুইধর্মের, বিশেষতঃ ক্যাথলিক সম্প্রদায়ের বছ অফুষ্ঠানের সৌসাদৃশ্য থাকায় তিনি বিশাস করিতেন যে, বৌদ্ধর্ম হইতেই কালক্রমে খুইনে ধর্মের উৎপত্তি হইয়াছে। এবং বৌদ্ধর্মেরও পশ্চাতে রহিয়াছে উহার উৎসন্বরূপ বৈদিক ধর্ম। নৌকায় বিসিয়া এইসব বিষয়ে দীর্ঘ আলোচনা চলিল। স্বামীজী দেখাইয়া দিলেন, যীও খুইের ঐতিহাসিক সত্তা অবিসংবাদিত নহে—প্রধান ধর্মাচার্যদের মধ্যে কেবল বৃদ্ধ ও মহম্মদের ঐতিহাসিকতা সন্দেহাতীত। বাইবেলের জীবনী-জংশ খুইজন্মের বহু পরে লিখিত—স্ম্যান্তর জ্যাও এপিসল্স (Acts and Epistles)—কার্যাবলী ও পত্রাবলী—উহা হইতে প্র

নহে। কেবল সেওঁ পল সম্বন্ধে আমরা নি:সন্দেহ; কিন্তু ইনি যীশুর সমসাময়িক নহেন। রেঁনার লিখিত ঈশা-জীবনী অপেক্ষা প্রত্মতান্তিকের নিকট স্টুসের জীবনী অধিক নির্ভরযোগ্য।

ক্রিয়াকাণ্ডের ক্ষেত্রে দেখা যায়, ক্যাথলিকদের ম্যাদের (Mass) সহিত বৈদিক ভোগনিবেদনের সাদৃশ্য আছে; আর খৃষ্টানদের ব্লেসেড স্যাক্রামেন্ট (Blessed Sacrament) হিন্দুদের পবিত্র প্রসাদ। তবে হিন্দুরা আসন করিয়া বসিয়া ভোগ নিবেদন করে; আর শীতপ্রধান দেশে হাঁটু-গাড়িয়া উহা করা হয়—তিব্রতীয় বৌদ্ধরাও হাঁটু-গাড়িয়া নিবেদন করে। প্রটেস্টান্টদের প্রার্থনা-প্রথা উহারা মুসলমানদের নিকট হইতে পাইয়াছে! মুসলমানরা পৌরোহিত্যেয় লোপসাধন করিয়াছে—বেদী হইতে ও কোরাণ-পাঠ চলে; অগ্রণী হইয়া যিনি প্রার্থনা পাঠ করেন, তিনি অপর সকলকে পশ্চাতে রাথিয়া দণ্ডায়মান হন। প্রটেস্টান্টরা এই ভাবটি লইতে চেষ্টা করিয়াছে। ক্যাথলিক ধর্মাজকদের মন্তকের উপরিভাগ কেশমুক্ত করা (টনশার—Tonsure) প্রথাটি বৌদ্ধ সয়্যাসীদের মন্তক্মণ্ডনেরই অমুকল্প।

ঈশা-জীবনের ঘটনাবলীর সহিতও ভারতীয় জীবনের সাদৃশ্য আছে। কৃপপার্শ্বে এক অস্তাজা নারীকর্তৃক যীশুকে পানীয় জলপ্রদান ও ব্যভিচারের অপরাধে
ধৃতা রমণীকে ক্ষমা করার কথা শুনিলেই ভারতীয় সন্ন্যাসীদের পথিপার্শে জল
চাহিয়া থাওয়া ও বৃদ্ধের অস্বাপালী-গৃহে যাওয়া ইত্যাদি ঘটনা মনে পড়ে;
স্মার মনে পড়ে তাঁহার অস্তাজ-গৃহে ভোজনের কথা।

শ্রীক্ষের জন্ম ও বাল্যলীলার সহিত যীশুর জীবনের মিল এবং যীশুর 'পর্বতোপরি উপদেশ' ও বৃদ্ধের উপদেশের সৌসাদৃশ্রের কথাও স্বামীজী বলিতে পারিতেন, আর দেখাইতে পারিতেন যে, ক্যাথলিক ধর্মযাজকদের আলখালা, টুপি ও কোমরবদ্ধের সহিত তিব্বতী লামাদের পোশাকের হুবছ মিল আছে!

২। ঐতিহাসিক দৃষ্টিতে যীওখৃষ্ট সম্বন্ধে এইরূপ মন্তব্য করিলেও যীওর প্রতি তাঁহার ভক্তিশ্রন্ধার অভাব ছিল না। নিবেদিতা লিখিয়াছেন, "হিন্দুদর্শন-মতে ভাববিশেবের সর্বাঙ্গসম্পূর্ণতাই
আসল জিনিস, তাহার ঐতিহাসিক প্রামাণিকতা নহে। স্বামীজী বাল্যকালে একদা শ্রীরামকুক্ষকে
এই বিষয়েই ৫ শ্র করিয়াছিলেন। তাঁহার গুরুদেব উত্তর দেন, 'বাঁহাদের মাথা হইতে এমন সব
জিনিস বাহির হইয়াছে, তাঁহারা বে তাহাই ছিলেন, একথা কি তোমার মনে হর না ?" ('বাণী ও
রচনা', ১০০৮)।

তবে আলোচনামধ্যে তিনি এই কথা বলিয়াছিলেন, "সমগ্র ঈশাহি-ধর্মই আর্যধর্ম বলিয়া আমার বিশাস।" আর বলিয়াছিলেন যে, খুটের পুনরুখান (রিসারেক্শন) ব্যাপারটা 'বাসস্তিক'-দাহ-প্রথার নবীন সংস্করণমাত্র।

প্রশন্ত, অগভীর ও নির্মল জলপূর্ণ নদীর শাস্ত বক্ষে নৌকা ধীরে ধীরে চলিতে লাগিল। ২০শে জুলাই প্রাতঃকালে স্বামীজী অপর ছই জনের সহিত নদীর ধারে ধারে ক্ষেত্রের উপর দিয়া প্রায় তিন মাইল বেড়াইলেন। এ সময় 'মাহ্মম স্বভাবতঃ পাপী'—খৃষ্টানদের স্বীকৃত এই পাপবাদ সম্বন্ধে কথা তুলিয়া স্বামীজী বলিলেন, বেদে উহার নিদর্শন থাকিলেও, উহা প্রসারলাভ করিতে পারে নাই—যেন আরন্তেই থামিয়া গিয়াছে। বেদে শয়তানকে ক্রোধের অধীশ্বর বলা হইয়াছে। বৌদ্ধদের মধ্যে দে কামের অধীশ্বর 'মার'-এ পরিণত হইয়াছে; বৃদ্ধ 'মারজিং'। বাইবেলের শয়তান ও ঈশরের মধ্যে বিশ্বজ্ঞগং ঘেন দ্বিধাবিভক্ত হইয়া পড়িয়াছে —বেদে ঐরপ বিভাগের নিদর্শন নাই। পাপবাদ মিশরীয়দের ও শেমবংশীয়দের অধ্যুষিত জনপদমধ্যে বিস্তারলাভ করিলেও আর্যধর্মে উহা অবিভার স্থান গ্রহণ করিল। আর্য-সাধককে বিভা ও অবিভার পারে যাইতে হইবে—উভয়ই ত্যাজ্য। মিশরীয় প্রভৃতির পাপবোধ ইউরোপীয়দের মধ্যে অহ্নশংক।মিত হইয়াছে। বেদের আ্ব্যা স্বভাবতঃ নিম্পাপ; কিন্তু অবিভাবশতঃ পাপী বলিয়া মনে হয়।

তারপর ভারতের কথা উঠিল—ত্যাগ ও দেবাই ভারতের আদর্শ — হিন্দুজননী সকলের শেষে ভোজন করেন; বিবাহ ব্যক্তিগত স্থবের জন্ম নহে, উহা
জাতি ও বর্ণের কল্যাণের নিমিত্ত। ভারতীয় জীবনস্রোতে বলাধান করিতে
হইবে। আবার কথার গতি পরিবর্তিত হইয়া হাসিঠাট্টা আরম্ভ হইল।
ইত্যবসরে নৌকা আসিয়া পড়িল এবং তথনকার মতো কথাবার্তাও শেষ হইল।

সেদিনকার সমস্ত বৈকাল অস্থা বোধ করিয়া স্বামী জী নিজ নৌকায় শুইয়া কাটাইলেন। নৌকা অবস্তীপুরাভিম্থে চলিল; সেধানে দর্শনীয় ছিল প্রাচীন নগরের ছুইটি ধ্বংসপ্রাপ্ত মন্দির—বিজবেহার-মন্দির ও মার্ভণ্ড-মন্দির। ২২শে জুলাই ধ্বন তাঁহারা বিজবেহার মন্দিরে উপস্থিত হুইলেন, ত্বন

৩। নিবেদিতার লেখার ('বাণী ও রচনা', ১।৩১০-১৩) এই তারিখগুলি বেশ এলোমেলো।

শাদ্ধরা তাঁহার ডারেরী দেখিরা ঠিক করিয়া দিলাম।

স্বামীলী কতকটা স্বস্থ বোধ করিয়া কিছুক্ষণের জন্ম সকলের সহিত মিলিভ হইলেন। তিনি নিজেই বলিতেন—"শীঘ্র অস্থরে পড়া এবং শীঘ্র সারিয়া উঠা"—ইহাই যেন ছিল তাঁহার ধাত। দিবদের বাকি অংশট্রকু প্রধানতঃ সকলের সঙ্গে কাটাইয়া ও বিবিধ বিষয়ে আলোচনা করিয়া তিনি দিবাশেষে त्रीय तोकाय फितित्वत । २२८म ज्लाहे व्यथतात् जाहाता हमनामातात्त পৌছিলেন। বিজবেহারে নামিয়াই তাঁহারা দেখিয়াছিলেন যে অমরনাথ-যাত্রীদের ভিড় লাগিয়া গিয়াছে। সেইদিন বিকালে গোধুলির সময় গাছগুলির নীচে ঘাদের উপর বসিয়া স্বামীজী যথন ধীরামাতা ও জ্বয়ার সহিত ক্থা কহিতেছিলেন, তথন তুই টুকরা পাথর হাতে তুলিয়া বলিয়াছিলেন, "স্কুত্ব অবস্থায় আমার মন এটা ওটা সেটা লইয়া থাকিতে পারে; কিন্তু এতটুকু যন্ত্রণা বা পীড়া আস্থক দেখি, ক্ষণিকের জন্মও আমি মৃত্যুর সামনা-সামনি হই দেখি, অমনি আমি এইরকম শক্ত হইয়া ধাই"—বলিয়া পাথর টুকরা তুইটিকে পরস্পর ঠকিলেন, বলিলেন, "কারণ আমি ঈশবের পাদস্পর্শ করিয়াছি।" তুই-একঘণ্টা ধরিয়া আরও সব আধা-হাল্কা আধা-গল্পীর কথা চলিতে লাগিল। তারপর স্থানীয় লোকেরা একটি শিশুকে দেখানে লইয়া আদিল—তাহার হাঁত কাটিয়া রক্ত পড়িতেছিল। স্বামীজীও বুদ্ধাদের মধ্যে প্রচলিত রীতি অফুদারে ক্ষত স্থানটি ধুইয়া একটুকরা কাপড়ের ছাই উক্তস্থানে চাপাইয়া দিলেন। গ্রামবাসীরা আশ্বন্ত হইয়া ফিরিল এবং সেদিনকার মতো স্বামীজীদেরও কথাবার্তা শেষ হইল।

২০শে জুলাই প্রাতঃকালে হরেক রকমের একদল কুলি তাঁহাদিগকে মার্তওের মন্দির দেখাইতে লইয়া ঘাইবার জন্ম সমবেত হইয়াছিল। "মার্তও-মন্দির এক অভুত প্রাচীন সৌধ। উহাতে স্পষ্টই মন্দির অপেক্ষা মঠের লক্ষণ অধিক। উহা এক অপূর্ব স্থানে অবস্থিত এবং যেসকল বিভিন্ন যুগের মধ্য দিয়া উহা শ্রীবৃদ্ধি লাভ করিয়াছিল, তাহাদের বিভিন্ন নির্মাণপদ্ধতি" স্পষ্টতঃ একত্র সমান্তত হওয়ায় উহা আকর্ষণীয় হইয়াছিল। যথাস্থানে পৌছিয়া ক্ষণমাত্র বিলম্ব না করিয়াই স্বামীজী স্থাপত্যের অবেক্ষণ ও উদ্দেশ্য নিরপণে যারপরনাই ব্যস্ত হইলেন। মন্দির দর্শনান্তে স্থাস্থের আলোতে অশ্বপৃঠে প্রত্যাবর্তন অতীব উপভোগ্য হইয়াছিল। ('স্বামীজীর সহিত হিমাল্যে', ১০৩-০৫ পৃঃ)।

২৪শে জুলাই বেরীনাগের পথে ঘাইতে ঘাইতে তাঁহারা দেখিলেন, অনেক তীর্থবাত্রী অমরনাথ দর্শনে চলিয়াছে। আর তাঁহারা দেখিলেন 'সরল' বুকু

রাজিতে আরত পাহাড়ের নীচে রহিয়াছে অষ্টভূজ-সরোবর-বিশিষ্ট জাহাঙ্গীরের প্রাচীন রাজগ্রাসাদ। নিবিড় অরণ্যমধ্যে স্থাপিত তাঁহাদের তাঁবুগুলির পার্খ দিয়া যথন যাত্রীরা চলিয়া গেল, তথন সেথানে রহিলেন ওধু স্বামীজী ও তাঁহার সহযাত্রিণীরা। সেদিন মধ্যাতে স্বামীজী নিবেদিতার সহিত তাঁহার ভাবী কর্ম-मयद्य (यভाবে আলোচনা করিয়াছিলেন, তাহা অনুধাবনযোগ্য। আচার্যদেব শহসা তাঁহার মানসক্তার দিকে ফিরিয়া বলিলেন, "কই, তুমি তো আ**জকাল** তোমার স্থলের কোনও কথা বল না, তুমি কি মাঝে মাঝে উহার কথা ভূলিয়া যাও ? ... দেখ, আমার ভাবিবার ঢের জিনিস রহিয়াছে। একদিন আমি মাল্রাজের দিকে মন দিই, আর দেখানকার কাজের কথা ভাবি। আর একদিন আমি সব মনটা আমেরিকা বা ইংলও, বা সিংহল, অথবা কলিকাতায় দিই। এক্ষণে আমি তোমার স্থলের কথা ভাবিতেছি।" নিবেদিতা তাঁহার পরিকল্পনা ্বলিয়া গেলেন—পরীক্ষামূলকভাবে একটি কার্যধারা প্রথমে দামাক্যাকারে আরম্ভ হইবে এবং দেই শিক্ষাদান-প্রচেষ্টা ধর্মজীবনের ও শ্রীরামক্বফ-পুজার উপর প্রতিষ্ঠিত হইবে। সব ভনিয়া স্বামীজী বলিলেন, "তুমি উর্জিত উৎসাহ বজায় রাথিবার জন্মই সাম্প্রদায়িক ভাব আশ্রয় করিবে, নয় কি ? সমন্ত সম্প্রদায়ের পারে চ**লি**য়া ষাইবার জন্ম তুমি একটি সম্প্রদায় সৃষ্টি করিবে। হা, আমি বুঝিতে পারিয়াছি।" নিবেদিতা বলিলেন, প্রথমেই গোটা যোজনাটি এককালে কার্যে পরিণত করা অসম্ভব হইলেও সমল সাধু হওয়া আবশ্যক এবং কার্যপ্রণালীও নির্দোষ হওয়া আবশ্রক। পরিশেষে স্বামীজী আবার বলিলেন, "তুমি আমাকে ইহার সমালোচনা করিতে বলিতেছ; কিন্তু তাহা আমি পারিব ন।। কারণ আমি তোমাকে ঐশী শক্তিতে অমুপ্রাণিত—আমি ষতটা অমুপ্রাণিত ঠিক ততটা অমুপ্রাণিত— বলিয়া মনে করি। অক্যান্ত ধর্মে এবং আমার ধর্মে এইটুকুই প্রভেদ। স্ভেরাং তুমি যাহা সর্বাপেক্ষা ভাল বলিয়া বিবেচনা করিতেছ, আমি তাহাই করিতে তোমাকে সাহাষ্য করিব।" তাহার পর তিনি জ্বয়া ও ধীরামাতার দিকে ফিরিয়া বলিলেন যে, নিবেদিতার উপর অর্পিত দায়িত্ব পুরুষদের জন্ম আরন্ধ কার্যাপেকাও অধিকতর গুরুত্বপূর্ণ হইবে। আর নিবেদিতার দিকে ফিরিয়া এই বলিয়া কথা শেষ করিলেন, "হাঁ, তোমার বিশ্বাস আছে। কিন্তু তোমার ষে জলস্ত উৎসাহ দরকার, তাহা তোমার নাই। তোমাকে 'দল্পেন্ধনমিবানলম্' হইতে হইবে। শীৰ ় শিব।" বলিয়ামহাদেবের আশীর্বাদ ভিক্ষাকরিলেন।

২৫শে জুলাই একটি তাঁবুতে প্রাতরাশ সমাপনপূর্বক সকলে জ্বাহাবের দিকে চলিলেন। এখানে জাহাঙ্গীরের আরও অনেক বাগান তাঁহাদের দৃষ্টি-গোচর হইল। বেরীনাগ ও জ্বাহাবল দর্শনাস্তে মনে স্বতই সন্দেহ জাগে জাহাঙ্গীরের প্রিয় বিশ্রামন্থান বস্ততঃ কোনটি ? স্বামীজীরা বাগানগুলির চারিদিকে বেড়াইলেন, পাঠান খাঁর জেনানার সম্মুখবর্তী একটি স্থির জলাশয়ে আন করিলেন ও প্রথম বাগানটিতে প্রাক্মধ্যাহ্নের জলযোগ সমাপনাস্তে আখারোহণে ইসলামাবাদে ফিরিলেন। উক্ত জলযোগকালে স্বামীজী তাঁহার ক্রা নিবেদিতাকে তাঁহার সঙ্গে অমরনাথ গুহায় যাত্রা করিবার ও তথায় মহাদেবের চরণে উৎস্ট হইবার জন্ত নিমন্ত্রণ. করিলেন। ধীরামাতাও ইহা অম্পুমোদন করিলেন। পূর্বেই স্থির হইয়াছিল যে, বাকি সকলেই একযোগে নৌকা করিয়া পহলগাম পর্যন্ত যাইবেন, এবং স্বামীজীদের অমরনাথ-দর্শন করিয়া ফিরিয়া না আদা পর্যন্ত সেখানে তাঁহার জন্ত অপেক্ষা করিবেন। তদম্পারে সন্ধ্যায় নৌকা-গুলিতে উপস্থিত হইয়াই যাত্রার জন্ত প্রস্তুতি আরস্ত হইল। (এ, ১০৬-০৯ পূঃ)।

আমরা পূর্বে কয়েকবার নিবেদিতাকে স্বামীজীর কল্যা বা মানসকল্যা বলিয়া উল্লেখ করিয়াছি। ইহা আমাদের স্বকপোল-কল্পিত নহে; প্রত্যুত নিবেদিতার নিজেরই ভাষা। তাঁহার লেখার বহু স্থলে এই শব্দ প্রযুক্ত হইয়াছে। 'স্বামীজীকে যেরূপ দেখিয়াছি' গ্রন্থের এক জায়গায় আছে: "ভারতবর্ষে ... লোকে অসঙ্কোচে বুঝে ও মানিয়া লয় যে, কোন একটি ভাবসম্বন্ধ স্থাপন ব্যতীত সাধারণ লোকে কোন বিরাট ধর্মান্দোলনের দারা প্রভাবিত হইতে পারে না। আমার নিজের কথায় বলিতে গেলে ক্রমশ: আমি তাঁহার মানসক্তাস্থানীয়া হইলাম। ইহা অতি মধুর সম্পর্ক এবং ভারতবর্ধে যেসকল ব্যক্তি ও সম্প্রদায়ের সহিত शुक्रामार्व की विक्रमाय वामात পति हम इहेग्राहिन, छाँशता नकानहे वामारक के চক্ষে দেখিতেন।" স্বামীন্সী যে তাঁহাকে এই গ্রীম ঋতুতে ভাবী কার্যের জন্ম প্রস্তুত করিতেছিলেন, তৎসম্বন্ধে বলিতে গিয়া নিবেদিতা লিখিয়াছেন, "তিনি নিজেই তাঁহাদের (ধীরামাতা, জয়া ও স্বামীজীর) সহিত একদকে আমার ষাওয়ার কথা উত্থাপন করিয়াছিলেন। উদ্দেশ্য, তিনি আমার দারা ভারতে যে कार्य कत्राहेवात मक्क कतिशाहित्नन, তिचियत् आभारक निरक छेशाम मिरवन। কিছ এই শিকা অতি সাধারণভাবেই প্রদত্ত হইত। আমরা সকলে বারাণ্ডায় বা বাগানে বসিতাম এবং সেই সময়ে স্বামীন্দী যে কথাবার্তা বলিতেন তাহাই মনোবোগ সহকারে শুনিয়া যাইতাম—প্রত্যেকেই যিনি যতটা পারেন, উহার ততটুকু গ্রহণ করিতেন এবং পরে ইচ্ছামত তাহার আলোচনা করিতেন। আমার যতদ্র মনে পড়ে, ১৮৯৮ খুটাব্বের সারা বংসরটির মধ্যে মাত্র একটি দিন তিনি আমাকে অর্ধঘন্টার জন্ম তাঁহার সহিত একাকী ভ্রমণ করিতে লইয়া গিয়াছিলেন এবং তৎপরে আমাদের কথাবার্তা অন্তভৃতিমূলক কোন কিছু সম্বদ্ধে না হইয়া বরং ভাবী কার্যের উদ্দেশ্য ও প্রণালী সম্বদ্ধেই হইয়াছিল। তথন গ্রীম্ম খতু প্রায় শেষ হইয়া আসিয়াছে এবং আমিও আমাকে কি করিতে হইবে, তাহা একটু একটু ব্রিয়াছি।" (ঐ, ৯৩-৯৫ পঃ:)।

স্বামীজী ও নিবেদিতা ২৬শে জুলাই অপরাহে তীর্থযাত্রা করিলেন; পথে একস্থানে তাঁহারা অপর যাত্রীদের দলে মিশিলেন ও ২৭শে জুলাই রাত্রিবাদের জন্ম পাওয়ানে (বা বওয়ানে) তাঁবু থাটাইলেন। এখানে কয়েকটি পবিত্র উৎস্থাছে; স্থানটি ক্ষুদ্র হইলেও বহু অমরনাথ-যাত্রীর আগমনে তখন একটি মেলার আকার ধারণ করিয়াছিল। সন্ধ্যায় দীর্ঘিকার পরিক্ষার কয়ল জলে দীপসম্হের প্রতিচ্ছায়া পড়িয়াছে, যাত্রিগণ এক মন্দির হইতে মন্দিরাস্তরে দলবদ্ধ হইয়া যাইতেছে আর তাহাদের মুখে স্থোত্রাদি উচ্চারিত হইতেছে—সব মিলিয়া সেখানে তখন একটা জ্মাট ধর্মভাব। জয়া ও নিবেদিতা তথায় পৌছিয়া চতুর্দিকে ঘ্রিয়া ঘ্রয়া দর্শনীয় সব দেখিতে লাগিলেন; তারপর ধীরামাতার তাঁব্র ঘারে গিয়া দেখিলেন, বহুদংখ্যক হিন্দীভাষী সাধু স্বামীজীর সহিত্ত আলাপ-আলোচনা করিতেছেন।

এই সময় হইতেই সকলে লক্ষ্য করিলেন যে, স্বামীজীর নির্জনপ্রিয়তা বিশেষ বৃদ্ধি পাইয়াছে। সহযাত্তিণীরা তাঁহার দর্শন খুব কমই পাইতেন। তিনি তীর্থযাত্তীদেরই ক্যায় সমস্ত আচার-ব্যবহার মানিয়া লইয়া ঠিক পরিব্রাঙ্গকরূপেই চলিতেছিলেন—বেশীর ভাগ দিন একাহারে কাটাইতেন, এবং সাধুসক ভিন্ন অক্সসক বড় একটা চাহিতেন না।

২৮শে জুলাই বৃহস্পতিবার তীর্থবাত্রীরা পহলগামে পৌছিলেন। ক্ষ্ম গ্রামটি মেষপালকদের আবাসস্থল; কিন্তু প্রাকৃতিক সৌন্দর্যে অঞ্পম। একটি মনোহর পার্বত্যনদী প্রবাহিত হইতেছে এবং তাহারই মধ্যে মধ্যে উর্ধ্বতর দেশ হইতে বাহিত বালুরাশি মিলিয়া ক্ষ্ম ক্ষ্ম বীপ নির্মাণ করিয়াছে। তুই পার্মে সিরীল বৃক্ষের সারিতে শোভা বর্ধিত হইয়াছে। সন্ধ্যায় মন্তর্কোপরি চন্দ্রমার উদয়

দৈখিয়া সকলে মৃগ্ধ হইলেন। নিবেদিতার মনে হইয়াছিল, এই সৌন্দর্যের সহিত উর্থু স্থইজরল্যাও বা নরওয়ের সর্বাপেকা মনোরম দশুগুলির তুলনা করা চলে। পহলগামে পৌছাইয়া কোথায় স্বামীজীদের তাঁবু ফেলা হইবে, এই লইয়া সাধুদের মধ্যে বেশ একটা আন্দোলনের সৃষ্টি হইল। ফ্রেচ্ছদের তাঁবু সন্মাসীদের পার্ছে খাটানো চলে না—ইহাই ছিল আপত্তিকারকদের প্রধান বক্তব্য। কিন্তু স্বামীজী প্রথমে ঐ সব কথা মানিতে প্রস্তুত ছিলেন না। অবশেষে একজন নাগা সাধু অগ্রসর হইয়া স্বামীজীকে বলিলেন, "স্বামীজী, ইহা সত্য যে, আপনার শক্তি আছে: কিন্তু তাহা প্রকাশ করা উচিত নহে।" বলিতেই স্বামী জী চুপ করিয়া গেলেন এবং পরদিন যথাসময়ে তাঁবু অন্তত্ত সরাইতে স্বীকৃত হইলেন। স্বামীষ্কী বুঝিয়াছিলেন, এবং অপরেরাও জানিতেন, এই তাঁবু সরানোর ব্যাপারটা একটা অযৌক্তিক ভাবপ্রবণতামঞ্জাত অন্তায় দাবী; কারণ রাজ্যসরকারের ব্যবস্থামুসারে যে প্রধান কর্মচারী ও তাঁহার সহকারীরা শৃঙ্খলাদি রক্ষার জন্ম ও সর্বপ্রকার. তত্বাবধানের জন্ম যাত্রীদের সহিত চলিয়াছিলেন, তাঁহাদের প্রায় সকলেই ছিলেন **অহিনু**; অথচ ইহাদের গতিবিধি, উপস্থিতি এবং পরে অমরনাথের গুহায় প্রবেশের সম্ভাবনা সম্বন্ধে কাহারও মনে কোন আপত্তি উঠে নাই। আচারের কেত্রে অক্যান্ত ধর্মের ক্যান্ন হিন্দুধর্মেও বহু অযৌক্তিকতা আছে জানিয়াও স্বামীজী माधुरमत मारी मानिमा नहरनन। चलः भत्र लिनि निर्वातिकारक चारम् দিলেন, তিনি যেন ছাউনিটের চারিদিকে ঘুরিয়া আসেন ও সাধুদিগকে ভিক্ষাপ্রদান করেন। এই ব্যবস্থায় স্থন্দর ফল ফলিল—নিবেদিতা সাধুদেবার স্থবোগ পাইলেন এবং সাধুরাও তাঁহার সহিত একটা আত্মীয়তা স্থাপনের ব্দবকাশ পাইলেন। তাঁবু সম্বন্ধে নৃতন ব্যবস্থা গ্রহণের পরে দেখা গিয়াছিল ষে, পরদিন প্রাতে স্বামীজীদের তাঁবুগুলি উঠাইয়া ছাউনির পুরোভাগে একটি মনোহর পাহাড়ের উপর স্থাপিত হইয়াছে। উহার সমুখেই ছিল থরস্রোতা লিভার (বা লীদর) নদী, আর নদীর অপর তীরে বৃক্ষরাঞ্জি-সমাচ্ছন্ন ফুন্দর পর্বতমালা। থুব উচ্চে একটি রক্ষের মধ্য দিয়া তুষারবত্ম ও নয়নগোচর হইতেছিল।



काम्गीरत्रत भएथ यामी विरवकानम, ১৮৯৮

কণশীৰে ক্ষীৰ ভ্ৰানীৰ মুশির

অমরনাথ ও ক্ষীরভবানী

স্মরনাথ ও ক্ষীরভবানী গভীর স্বধ্যাত্মান্মভূতির সংস্পর্শ লইয়া স্বামীজীর জীবনে একটি বিশিষ্ট স্থান স্বধিকার করিয়া বিজ্ঞমান—এই মহাপুরুষের কথা শ্বরণ করিলে এই স্থানদ্বয়ের ঘটনাবলীও স্বতই মানসচক্ষে ভাসিয়া উঠে। এই ত্বই দেবস্থানে লব্ধ স্বাধ্যাত্মিক স্বন্থভূতি ও দৈব নির্দেশ তাঁহার পরবর্তী জীবনের গতির উপর স্ননেক প্রভাব বিস্তার করিয়াছিল।

অমরনাথ-দর্শনে স্বামীজী চলিয়াছেন ঠিক অপর দশ জন সাধুরই ভায়— তাঁহাদেরই দকে মিলিয়া মিশিয়া, তীর্থযাত্রীর সমস্ত বা ততোধিক নিয়ম ও আচার-বিচার নিষ্ঠাসহকারে পালন করিয়া। অপর সাধুরাও তাঁহাকে শ্রদ্ধাসহকারে গ্রহণ করিয়াছেন এবং পথে ও ছাউনিতে তাঁহাকে ঘিরিয়া বহু আলাপ-আলোচনা করিয়া থাকেন। স্বামীজী দিনে একবার আহার করেন; মন্ত্রজপে দীর্ঘকাল অতিবাহিত করেন, ষ্থারীতি স্নানাদি করেন, ক্থনও স্দালাপ করেন, ক্থনও বা মৌন থাকেন। পহলগামে যথন তাঁবু ফেলা লইয়া মতভেদ হইয়াছিল, তথনও আমরা দেখিয়াছি, স্বামীজী অপর সাধুদের মতই শেষ পর্যন্ত মানিয়া লইয়াছিলেন। তিনি নিজে তো কিছুই ভালিয়া ফেলিতে আসেন নাই, বরং পূর্ণ করিতেই আসিয়াছিলেন। এই সব আচার-বিচারের মাধ্যমেই যথন অনেকের ধর্মভাব প্রকাশ পায়, ধর্মকে যথন তাহারা এইদব রীতিনীতির দাহায্যেই বুঝিয়া থাকে এবং এইগুলি অবলম্বনেই যথন উচ্চতম অমুভৃতিতে উপস্থিত হয়, তথন নিজের কিছু বলিবার বা শিখাইবার থাকিলে এই সকলের সম্পূর্ণ বিরুদ্ধাচরণের অর্থ হইতেচে ইহাদের গণ্ডির বাহিরে চলিয়া যাওয়া এবং ঠিক সেই পরিমাণে অসাফল্য বরণ করা। স্থতরাং স্বামীজী নিজ ভাবের বাহনরূপে প্রতীচ্য জগতে যেমন প্রতীচ্য জীবনকেই স্বীকার করিয়াছিলেন, প্রাচ্য জগতেও তেমনি প্রাচ্য জীবনকে তাহার দোষগুণসহ মানিয়া লইয়া উহাতে নবভাব অমুসঞ্চারিত করিয়া-ছিলেন। তীর্থযাত্রাকালেও এই সাধারণ কর্মপ্রণালীর ব্যতিক্রম হয় নাই।

স্থাবার ইহাকে স্বামীন্ধীর জীবনবিকাশের একটা স্বতঃপ্রণোদিত নিদর্শনরূপে না দেখিয়া উদ্দেশুসাধনের উপায়রূপে গ্রহণ করিলে সম্পূর্ণ ভূল হইবে। কারণ উতিনি মতলব করিয়া কথনও কিছু করিতেন না—ভগবন্নির্দেশেই তাঁহার চলনভকী নিয়মিত হইত। এই বিষয়ে তিনি একদিন নিবেদিতার সাংসারিক বৃদ্ধিপ্রস্ত পরামর্শদানের উত্তরে সক্রোধে বলিয়াছিলেন: "মতলব! মতলব আঁটা! এই জন্ম পাশ্চান্ত্যবাসী তোমরা কোনকালে একটা ধর্ম সৃষ্টি করতে পার না। যদি তোমাদের মধ্যে কেউ কথনও করে থাকেন তো, সে জনকয়েক ক্যাথলিক সাধু—যারা মতলব এঁটে কাজ করতে জানতেন না। যারা মতলব এঁটে কাজ করে, তাদের ঘারা কোন কালে ধর্মপ্রচার হয়নি, হতে পারে না।" ('স্বামীজীকে যেরপ দেখিয়াছি', ১০৪ পু:)।

প্রায় হই-তিন সহস্র যাত্রীর মধ্যে তাহাদেরই একজন হইয়া স্বামীক্ষী সাধুদের সঙ্গে চলিয়াছেন ভগবন্দর্শনে। সকলেরই মনে গভীর ভক্তিভাব। আর তাঁচাদের গতিবিধি, সাজ-সজ্জা নয়ন-মনোহর এবং বাক্যালাপাদিও শ্রুতিমধুর। যাত্রীদের মধ্যে ছিলেন বিভিন্ন সম্প্রদায়ের শত শত সাধু; তাঁহাদের তাঁবুগুলিও গেরুয়া রঙ্-এর—কেহ কেহ বা গেরুয়া রঙ্-এর বৃহৎ ছত্তকেই মন্তকোপরি স্থাপন করিয়াছেন। দিনের মত ভ্রমণশেষে যখন কোন খালি জায়গায় ছাউনি পডে. তথন সেথানে যেন অকস্মাৎ আলাদিনের প্রদীপস্পর্শে নগর সৃষ্টি হইয়া যায়। মধ্যে প্রশন্ত রাস্তা; উভয় দিকে তাঁবু ও বিপণি। তীর্থবাত্রীর আবশ্যকীয় দ্রব্য —খান্ত, শুখনা ফল, হুধ ও চালডাল প্রভৃতি ঐসব দোকানে কিনিতে পাওয়া ষায়। একটা স্থানর পরিষ্কার, অথচ অপরদের হইতে একট পথক জায়গায় তহশিলদারের শিবির স্থাপিত হয়—উহার একদিকে স্বামীজীর শিবির ও অপর দিকে নিবেদিতার। সাধুদের মধ্যে থাহারা একট বিদান তাঁহারা স্বামীজীর তাঁব घित्रिया वरमन ७ वह विषया व्यात्नाचना करत्न। मकारन यथन व्यावात याजा আরম্ভ হয়, তথন দে নগরের কোন চিহ্নই থাকে না—পড়িয়া থাকে ৬ধ উনানের ছাই। বিশ্রামস্থানে সাধুদের কেহ কেহ ধ্যানজ্ঞপে সময় অতিবাহিত করেন, কেহ মৌন অবলম্বন করেন, কেহ বা শাস্ত্রালাপ করেন। আবার কেছ হয়তো ভস্মাবৃত কলেবরে প্রজ্ঞলিত ধুনিপার্শ্বে ভগবচ্চিস্তায় মগ্ন থাকেন। কোপাও অন্ধকার ভেদ করিয়া মশাল জলে—তাহার আলোতে কোন ভক্ত-পরিবার সম্ভানাদিসহ আহার প্রস্তুত করিতে বা ভোজনে ব্যাপত হন। আবার পথচলার কালটিও বেশ উপভোগ্য হয়। কত প্রাম্ভের বিচিত্র বেশভ্ষায় সজ্জিত নরনারী, বালকবালিকা একই উদ্দেশ্যে একই দিকে চলিয়াছে—কোথাও বাজিতেছে শব্ধ, কোথাও শিকা, আর মুখে উঠিতেছে মুত্রমূহ: ধ্বনি—"হর হর বম্ বম্"! সকলের হৃদত্তে অমরনাথ বিরাজ্ঞমান থাকিয়া সকলকে সমস্তে বাঁধিয়া দিয়াছেন। "সজ্ঞবন্ধভাবে কার্য করা যেন তাঁহাদের স্বভাবসিদ্ধ। · · আর প্রত্যেক বিশ্রামন্তানে তাঁব্-খাটানো ও দোকান-সাজ্ঞানোর কার্য অসম্ভব ক্ষিপ্রতার সহিত সম্পাদিত হুইতেছে।" (ঐ, ১১১ পুঃ)।

৩০শে জুলাই সকালে প্রাতরাশ করিয়া স্বামীজী ও নিবেদিতা যথন পুনর্বার আমরনাথের পথ ধরিলেন, তাহার পূর্বেই তাঁহাদের পার্যবর্তী ঘাত্রীরা তাঁবৃ শুটাইয়া পথ চলিতে আরম্ভ করিয়াছিল। এইথানেই তাঁহারা শেষ-মন্ত্রগ্রসতি-চিহ্ন—একটি পুল, একথানি ধামারবাডী ও তংসংলগ্ন কর্ষিত ক্ষেত্র, আর দেওদার-কান্তনির্মিত খান কয়েক কুটার দেখিতে পাইলেন। আর দেখিলেন "অবশিষ্ট ঘাত্রিগণের তাঁবৃগুলি তথনও এখানেই একটি শম্পাচ্ছাদিত বতুলাকার পাহাড়ের উপর রহিয়াছে।" (ঐ, ১১৩ পঃ)।

অনির্বচনীয় চারু দৃশ্রাবলীর মধ্য দিয়া তিন সহস্র যাত্রী পুবোবর্তী উপত্যকাটিতে সানন্দে আরোহণ করিতে লাগিলেন এবং ক্রমে সেই দিনের (৩০শে জ্লাই-এর) বিশ্রামন্তল চন্দনবাতীতে উপন্থিত হইলেন। এথানে একটি গভীর গিরিবত্মের কিনারায় ছাউনি পডিল। সেদিন সমস্ত বৈকালবেলা বৃষ্টি হইয়াছিল এবং স্বামীজী মাত্র পাঁচ মিনিটের জন্ম নিবেদিতার সহিত কথা বলিতে আসিয়াছিলেন; কিন্তু নিবেদিতার কোন অস্থবিধা হয় নাই—তিনি ভ্তাদের ও অন্যান্ম যাত্রিগণের নিকট সর্বদাই অতি প্রীতিপূর্ণ বাবহার পাইতেছিলেন।

পরবর্তী স্থানের রান্ডাটি পূর্বের রান্ডা অপেক্ষা তর্গম মনে হইতেছিল, বৃঝি উহা অফুরস্ত। চন্দনবাডীর সল্লিকটে স্বামীজী বলিলেন যে, সন্মুথের তৃষারবত্ম টি নিবেদিতাকে নগ্নপদে পার হইতে হইবে, কেননা উহাই তাঁহার প্রথম তৃষার-রেথাতিক্রম। সঙ্গে ক্লাতব্য প্রত্যেকটি খুঁটিনাটির উল্লেখ করিতেও তিনি ভূলিলেন না। ইহার পরেই বহু সহশু-ফিট-বাাপী এক বিকট চড়াই। তারপর সক্ষপথ পাহাড়ের পর পাহাড় ঘ্রিয়া আঁকিয়া বাঁকিয়া চলিয়াছে। সেই পথের অক্যপ্রাস্থে আর এক খাড়া চড়াই। প্রথম পর্বতটির শীর্ষে উঠিয়া রান্ডাটি শেষনাগকে (হুদকে) পাঁচশত ফুট নীচে ফেলিয়া উর্ধের চলিয়া পিয়াছে—নিম্নে শেষনাগের জল গতিহীন। হুদের উপরে তুষারশিথরগুলির দ্বারা পরিবেষ্টিত ১২০০০ ফুট উচ্চে উক্ ঠাণ্ডা স্যাৎসৈতে জায়গায় (ওয়াবজ্ঞান নামক স্থানে) ছাউনি পড়িল।

ছাউনি পড়িবার পর নিবেদিতা আর স্বামীজীকে দেখিতে পাইলেন না। সেরাত্রে (৩১শে জুলাই) ছাউনিতে, জুনিপার কার্চ্ছারা বৃহৎ অগ্নি প্রজ্ঞানিত হইল। এই কার্চ্চ অনেক নিম্নে ছিল বলিয়া বৈকালে ও সন্ধ্যাবেলায় কুলিদিগকে বহুক্ষণ ধরিয়া দূরে দূরে উহার সন্ধানে ফিরিতে হইয়াছিল।

ভারণর পাঁচটি তটিনীর সন্ধান্তলে—পঞ্চরণীতে ঘাইবার রান্ডাটি ছিল আরও সহীর্ণ। কটে স্টে পগডণ্ডী ধরিয়া থাড়া থাড়া পাহাড় চড়াই-উতরাই করিয়া তাঁহারা যেথানে (১লা আগস্ট) ছাউনি করিলেন, উহা শেষনাগ অপেক্ষা নীচু ছিল এবং সেথানকার ঠাণ্ডাও বেশ শুদ্ধ ও প্রীতিপদ ছিল। ছাউনির সন্মুখে ছিল এক শুদ্ধ কহরময় নদাগর্ভ; উহার মধ্য দিয়া পাঁচটি তটিনী প্রবাহিত। ইহাদের প্রত্যেকটিতে ভিদ্ধা কাপড়ে হাঁটিয়া স্নান করার বিধি। স্বামীজী অপরদের নজর এড়াইয়া ঐ রীতি অবলম্বনে একের পর এক প্রত্যেকটি স্রোতম্বতীতে স্নান করিলেন।

২রা আগস্ট অমরনাথের মহোৎসবের দিন প্রথম দল যাত্রী রাত্রি হুইটার সময়ই ছাউনি হুইতে যাত্রা করিলেন; কিছু পরেই জ্যোৎসালোকে স্বামীজীরাও দেবদর্শনে নির্গত হুইলেন। যে সঙ্কীর্ণ গিরিসঙ্কটে অমরনাথ গুহা অবস্থিত, সেধানে পৌছাইতে সুর্যোদয় হুইয়া গেল। রাস্তার এই অংশটি খুব নিরাপদ ছিল না। একটি পগড়গুী প্রায় খাড়া পাহাড়ের গা দিয়া উঠিয়া অপর পার্ষে—উপরের অংশে—শম্পাচ্ছাদিত জমির উপর একটি ক্ষুন্ত সোপানপরম্পরায় পরিণত হুইয়াছিল। কোন মতে উতরাইটির তলদেশে পৌছিয়া যাত্রিগণকে অমরনাথের গুহা পর্যন্ত কোশের পর কোশ তুষারবত্মের উপর দিয়া চলিতে হুইয়াছিল। লক্ষ্যম্বানের মাইলখানেক পুর্বে বরফ শেষ হুইল এবং সেধানে যে জলধারা প্রবাহিত হুইতেছে, তাহাতে যাত্রিগণকে স্বান করিতে দেখা গেল। তথনও প্রস্তরবিকীর্ণ একটি বন্ধুর কঠিন চড়াই সমুথে আন্তীর্ণ ছিল। উহার উপরে উঠিয়া দেখা গেল, পুরোভাগে স্থিত পর্বতমালা সন্তঃপতিত তুষারাবরণে শ্বেতশোভা ধারণ করিয়াছে, আর পথশেষে যে গুহা রহিয়াছে, উহার যে অংশে স্থিকিরণ কথনও প্রবেশ করে না, দেই গভীর প্রান্তে বিরাট তুষার-লিঙ্গটি বিরাজমান—দর্শনমাত্র মনপ্রণা ভক্তিরণে ও আননন্দ পরিপূর্ণ হুইয়া যায়।

১। স্বামীন্সীরা পুরাতন রাস্তায় গিয়াছিলেন। বর্তমান রাস্তা অপেক্ষাকৃত নিমে ও সুগম।

স্থামীজী ইতিমধ্যে ক্লাস্ক হইয়া পিছনে পড়িয়াছিলেন। এইরূপ ঘটিবার স্থাবনা আছে জানিয়া নিবেদিতা কয়র-ন্তুপগুলির নীচে তাঁহার জ্ম্ম আপেক্ষা করিতেছিলেন। দলে দলে যাত্রীরা গুহাভিম্থে চলিয়া যাইতেছে, তিনি বসিয়া বসিয়া দেখিতে লাগিলেন। অনেক বিলম্বে স্থামীজী আসিয়া পৌছিলেন ও "আমি স্লান করিতে যাইতেছি, তৃমি এগোও"—এই কয়টিমাত্র কথা বলিয়া নিবেদিতাকে অগ্রসর হইতে আদেশ করিলেন। অর্ধঘন্টা পরে তিনি শীতে কাঁপিতে কাঁপিতে গুহামধ্যে প্রবেশ করিলেন। বিরাট গুহার স্থেকিরণরহিত এক অংশে বিশাল তৃষার-লিক্লের সম্মুথে দাঁডাইয়া তাঁহার মনে হইল, তিনি সাক্ষাৎ মহাদেবের প্রতাক্ষ দর্শনে ধন্ম হইয়াছেন। তাঁহার অক্ষ তথন ভস্মাবৃত, পরিধানে কোপীন বাতীত অন্ম বন্ধ নাই। গুহা তথন মহাদেবের স্থাতিবাদে ও "হর হর বম্ বম্" রবে ম্থরিত। স্থামীজী ভক্তিবিহ্বলচিত্তে অপরের অলক্ষিতে কয়েকবার সাষ্টাক্ষ প্রণাম করিয়া লইলেন এবং অতঃপর একটা ভাবাবেগ সামলাইবার জন্ম অক্সাং ক্রতপদে বাহিরে নির্গত হইলেন।

তাঁহার বদনমণ্ডল তখন আরক্তিম—চক্ষের সন্মুখে শিবলোকের সমন্ত ছার যেন উদ্ঘাটিত হইয়া গিয়াছে—তিনি দেবাদিদেবের শ্রীচরণ স্পর্শ করিয়াছেন! "তিনি পরে বলিয়াছিলেন যে, পাছে তিনি 'মূর্ছিত হইয়া পডেন', এইজ্জ্ঞা নিজেকে শক্ত করিয়া ধরিয়া রাখিতে হইয়াছিল। কিন্তু তাঁহার দৈহিক ক্লান্তি এত অধিক হইয়াছিল যে, জনৈক ডাক্তার পরে বলিয়াছিলেন তাঁহার হংপিণ্ডের গতিরোধ হইবার সম্ভাবনা ছিল, কিন্তু তৎপরিবর্তে উহা চিরদিনের মতো বর্ধিতায়তন হইয়া গিয়াছিল।" ('স্বামীজীর সহিত হিমালয়ে', ১১৫ পৃঃ)।

অর্ধঘন্টা পরে নিবেদিতা ও এক সহাদয় নাগা বন্ধুর সহিত বদিয়া জলযোগ করিতে করিতে স্বামীজী নিবেদিতাকে বলিয়াছিলেন, "আমি কি আনন্দই উপভোগ করিয়াছি! আমার মনে হইতেছিল যে তুষারলিঙ্গটি সাক্ষাং শিব! আর তথায় কোন বিত্তাপহারী ব্রাহ্মণ (পাণ্ডা)ছিল না, কোন ব্যবসায় ছিল না, কোন কিছু থারাপছিল না; সেখানে কেবল নিরবছিয় পুজার ভাবই ছিল। আর কোন তীর্থক্ষেত্রেই আমি এত আনন্দ উপভোগ করি নাই।" ইহারও পরে তিনি কথাপ্রসঙ্গে অমরনাথ সম্বন্ধে আরও অনেক কিছু প্রকাশ করিয়াছিলেন। তিনি বলিতেন—সেই চিত্তবিহ্বলকারী দর্শন যেন তাঁহাকে স্বীয়

শ্রীরামকৃষ্ণদেব একদিন বলিয়াছিলেন, "ও যথন নিজেকে জানতে পারবে, তথন এ শরীর আর রাথবে না।"

তিনি খেত তুষারলিকটির মনোহর কবিজের দিকটাও দেখাইতে ভূলিতেন না, আর তিনি কল্পনা করিতেন ষে, এক স্থান্থ অভীতকালে একদল মেষপালক কোন এক নিদাঘ দিবদে নিজ নিজ মেষযুথের অন্তসন্ধানে বহু দ্র ঘূরিতে ঘূরিতে দৈবক্রমে এখানে আদিয়া পড়ে ও গুহামধ্যে প্রবেশপূর্বক তুষারলিক্নের অন্তিম্ব জানিতে পারে। সরলমনা তাহাদের তথনই বিশাস জন্মিয়াছিল ষে, ইনি স্বয়ং মহাদেব। স্বামীজী আরও বলিতেন ষে, তিনি অমরনাথের নিকট ইচ্ছামৃত্যু-বঙ্গু পাইয়াছিলেন। নিবেদিতাকেও তিনি আশাস দিয়াছিলেন ষে, এই তীর্থযাক্রার্থ ফল তিনি তথনই উপলব্ধি না করিলেও একদিন ইহা সফল হইবেই, কেননা কারণ থাকিলে কার্য অবশুস্তাবী। এইরূপে অন্তপ্রসঙ্গে তুই চারিটি অন্তন্তির কথা প্রকটিত হইলেও, তৎকালীন উপলব্ধি বিষয়ে তিনি সাধারণতঃ চাপিয়া ্যাইতেন। তথাপি ঐ দশনের প্রভাব ষে আত গভীর ছিল, তাহা তাঁহার আচরণ হইতেই ব্রিতে পারা যাইত। তিনি তথন সর্বদা শিবভাবে বিভারে থাকিতেন, আর মৃথে অন্তক্ষণ শিবমহিমা কীর্তিত হইত। মহাদেব চিরকালই তাহার উপাস্ত ছিলেন — অমরনাথ সে ভাবপ্রবাহে বন্তা আনিয়াছিলেন।

রাখি-পুণিমার দিনে এই পুণা মহোৎদব অন্প্রিত হইয়াছিল। আনেকে স্বামীজীদের হত্তেও রক্ত ও পীত বর্ণের রাখি বাধিয়া দিয়াছিলেন। তারপর নদীতীরে কিঞ্চিৎ বিশ্রাম ও ভোজন সমাপনাস্তে তাঁহারা তাঁবুতে ফিরিয়া গিয়াছিলেন।

ইহার পর তাঁহাদের প্রত্যাবর্তন শুরু হইল। ফিরিবার সময় তাঁহারা পথ সংক্ষেপ করিবার জন্ত 'হতিয়ার তলাও' (বা মরণ-হ্রদ) নামক হ্রদের উপরি-ভাগের রান্তা ধরিয়া চলিলেন। এই স্থানেই কয়েক বৎসর পূর্বে চল্লিশ জন যাত্রী স্থোত্রপাঠ করিতে করিতে চলিবার সময় তাহাদের কণ্ঠধনির কম্পনে একটি তুষারস্তুপ স্থানচ্যুত হইয়া প্রবাহাকারে নামিয়া আসে ও যাত্রীদিগকে নিহত করে। এখানে একটি পগড়গুী খাড়া পাহাড়ের গা দিয়া নামিয়া গিয়াছে। পায়ে হাঁটিয়া প্রায় হামাগুড়ি দেওয়ারই মতো কটে স্টে উহা অতিক্রম করিয়া

২। গুরুপূর্ণিমার দর্শনটিও প্রশক্ত।

শামীজীরা নীচে নামিলেন ও ক্রমে পহলগামে পৌছিলেন। রান্তায় একস্থান হইতে তাহারা একটি কুলির হন্তে চিঠি দিয়া পহলগামে প্রভ্যাবতনের সংবাদ পূর্বেই পাঠাইয়াছিলেন। কিন্তু মধ্যাহ্নে পহলগামে পৌছিয়া দেখিলেন, ইহার কোনই প্রয়োজন ছিল না; সহযাত্রীদের সহিত তাহাদের যে নিবিড় প্রেম সম্বন্ধ জান্ময়াছিল, তাহার ফলে ক্রতগামী পুরোবতী যাত্রীরা স্বতঃপ্রণোদিত হইয়া নৌকাগুলিতে তাহাদের সংবাদ দিয়া গিয়াছিল। পহলগাম হইতে তাহারা ইসলামাবাদ, বওয়ান ও (৭ই আগস্ট) পাণ্ডেন্সান হইয়া ৮ই আগস্ট রাত্রে শ্রীনগরে উপনীত হইলেন।

শ্রীনগরে স্বামীজীর বৈরাগ্যভাব যেন আরও বধিত হইতে লাগিল। তিনি ক্রমাগত নিবোদতা প্রভৃতিকে বলিতেন, তিনি বিদায় লইয়া নির্জনবাসে বাইবেন। আর বলিতেন, "রমতা সাধু বহতা পানি, ইসমে ন কোই মৈল লখানি"; আবার বলিতেন, "বখনই কষ্টের মধ্যে পড়ি ও ভিক্ষোপজীবী হইতে হয়, তখনই আমি কত বেশী ভাল থাকি!" এইসব কাতরোক্তি, স্বাধীনতার আকাজ্ফা, সাধারণ লোকের সহিত মেলামেশার আগ্রহ, পদত্রজে নিঃসম্বল ভ্রমণস্থৃতির পুনক্ষেধিন, ইত্যাদি মিলিয়া অপর সকলকে সহজেই বুঝাইয়া দিত, তাঁহার মন তখন কোন্ অসাধারণ ভূমিতে বিচরণ করিতেছে। মহাপুক্ষের চিত্তের ভাব তাঁহার অমুগামীদের হৃদয়েও সংক্রামিত হয়। শ্রশানবাসী মহাদেবের চিন্তায় বিভোর স্বামীজীর বৈরাগ্যোজ্জল মনের সংস্পর্শে আসিয়া বিদেশিনীরাও অমুভৃতিমূলক হিন্দ্ধর্মের গাস্তার্য ও বৈশিষ্ট্য উপলব্ধি করিলেন।

অমরনাথ হইতে আগস্ট মাসের প্রথমভাগে স্বামীজী শ্রীনগরে ফিরিয়া আদেন; সেপ্টেম্বরের প্রথম ভাগে শিন্তারা তাঁহার অমুমতিক্রমে আছাবলে টাবু ফেলিয়া তপস্থা করেন। ৩০শে সেপ্টেম্বর তিনি একাকী ক্ষীরভবানী দর্শনে যান এবং ১২ই অক্টোবর অপর সকলের সহিত কাশ্মীরত্যাগের পথে বারামুল্লা পর্যন্ত আসিয়া তাঁহাদের নিকট বিদায় গ্রহণ করেন। ইহাই সংক্ষেপে টাহার কাশ্মীরবাসের শেষাংশের বিবরণ হইলেও ('স্বামীজীকে থেরূপ দেখিয়াছি', ১০৫-০৬ পৃঃ) আমাদিগকে ঐ সময়ের কয়েকটি ঘটনা নিবিড়তরক্রপে নিরীক্ষণ করিতে হইবে।

স্বামীজীর নৌকার বেশব মাঝি এতদিন তাঁহার স্বঞ্চনেরই ত্যান্ব পরিগণিত হুইতেছিল এবং তাঁহার নিকট সর্বপ্রকার সাহায্যাদি পাইতেছিল তাহার৷ ১ই আগস্ট বিদায় লইল। পরে ইহাদের কথা উল্লেখ করিয়া স্বামীজী বলিতেন, ভালবাসা এবং ধৈর্বের ক্ষেত্রেও অনেক সময় বাড়াবাড়ি হইয়া পড়ে।

একদিন অপরাহে নিবেদিতার সহিত ক্ষেতগুলির উপর দিয়া বেড়াইতে বেড়াইতে তিনি খ্রী-শিক্ষা প্রভৃতি বিষয়ে অর্ধঘণ্টা যাবং আলাপ করিয়াছিলেন—ইহা আমরা পূর্বে বলিয়া আদিয়াছি। ১০ই আগস্টের যে শ্বৃতি নিবেদিতা লিপিবন্ধ করিয়াছেন, উহা উল্লিখিত ঘটনারই বিবরণ বলিয়া মনে হয়। সেদিন তাঁহার কথাবার্তা সমন্তই খ্রী-শিক্ষা-কার্য ও এতংসম্বন্ধে তাঁহার অভিপ্রায় কি, এই বিষয়ক ছিল। স্বদেশ ও উহার ধর্মসমূহ সম্বন্ধে তাঁহার ধারণা যে সমন্বয়া মূলক, তাঁহার নিজের বিশেষত্ব শুধু এইটুকু যে, তিনি চাহেন, হিন্দুধর্ম নিজ্মিয়া না থাকিয়া সক্রিয় হউক এবং উহা পরের উপর প্রভাব বিস্তার করিয়া তাহা-দিগকে শ্বীয় উদারভাবে আনয়নের সামর্থ্য রাথুক, আর কেবল ছুংমার্গ ই তিনি উঠাইয়া দিতে চান—এই সব সম্বন্ধে তিনি বলিতে লাগিলেন। তারপর খাহারা থ্ব প্রাচীনপন্ধী, তাঁহাদের অনেকের অসাধারণ ধর্মভাব কার্যক্ষালারণ রের তজ্জন্ত সে যেন কদাপি তাহার পুরাতন চিন্তাশীল জীবনকে উপেক্ষা না করে।"

১২ই আগস্ট দেখা গেল, স্বামীজীর দৈনন্দিন জীবনধারায় একটু পরিবর্তন সাধিত হইয়াছে—তিনি একজন ব্রাহ্মণ পাচক রাখিয়াছেন। অমরনাথ-যাত্রীরা ঘোরতর আপত্তি জানাইয়াছিলেন যে, তাঁহার পক্ষে মুসলমান পাচকের হত্তে খাওয়া অস্তায়, "অস্ততঃ শিখদের দেশে এটি করবেন না, স্বামীজী।" স্বামীজী খখন যে দেশে থাকিতেন, সে দেশের আচার-বিচার সাময়িকভাবে মানিয়া চলিতেন ইহা আমরা পূর্বেও দেখিয়াছি। কেন মানিতেন তাহার কিঞ্চিৎ আলোচনাও করিয়া আসিয়াছি। এসব তিনি সর্বক্ষেত্রে যে পছন্দ করিতেন কিংবা চিরজীবনের জন্ম স্বীকার করিয়া লইতেন, এরপ মনে করিলে নিতান্তই অম হইবে। এই ভ্রমণকালেই তিনি একদিন বলিয়াছিলেন যে, শ্বেতাক্ষ শিশুদের যদি ভারতে রাখিতে হয়, তবে তিনি অপেক্ষাক্রত উদার বঙ্গদেশেই তাহার স্ব্রেপাত করিবেন—পাঞ্জাবে নহে। তাঁহার প্রকৃত মনোভাবের আর একটি অকাট্য প্রমাণ পাওয়া যায় ঐ সময়েরই অপর একটি আচরণে। তিনি ব্রাহ্মণ পাচক রাখার সমকালেই "তাঁহার মুসলমান মাঝির শিশু কন্মাটিকে

উমারূপে পূজা করিতেছিলেন।" সেই চারি বংসর বয়স্কা বালিকাটিকে তিনি ভালবাসিয়াছিলেন, এবং কাশ্মীরের কথা শারণ করিতে গিয়া পরে বলিতেন, সে কেমন করিয়া নদীতীরে একটি নীলবর্ণের ফুল দেখিতে পায় এবং উহাকে লইয়া প্রায় কুড়ি মিনিট কাল থেলা করিতে থাকে। ('স্বামীজীর সহিত হিমালয়ে', ১২১-২২ পৃ:)।

পূর্ববারে স্বামীজী যথন কাশ্মীরে আসিয়াছিলেন, তথন তিনি আশা পাইয়া-ছিলেন যে, কাশ্মীরে মঠ ও সংস্কৃত-বিত্যালয় স্থাপনের জন্ম তাঁহাকে রাজ্য সরকার হইতে একথণ্ড উপযুক্ত ভূমি দেওয়া হইবে। এইবারে নদীতীরে মহারাজের অমুমোদনক্রমে একথণ্ড জমি মনোনীত হইল। খেতাঙ্গ শিখারা স্থির করিলেন আইনামুসারে জ্বমি হস্তাম্বরিত হইবার পূর্বেই তাঁহারা উহাতে তাঁব ফেলিয়া উহাকে স্বামীজীর প্রথম স্ত্রী-মঠের অম্বুকল্পরূপে ব্যবহার করিতে আরম্ভ করিবেন। ইওরোপীয়দিগের ছাউনির জন্ম যে কয়টি ছোটখাটো স্থান সংরক্ষিত ছিল. উহা তাহাদের অন্ততম এবং ঐ জমিখণ্ডের উপর তিনটি চেনার গাছ জুরিয়া-ছিল। ইওরোপীয়ানদের জন্ম অমিটি নির্দিষ্ট থাকায় এরপ ছাউনি ফেলিতে কোন বাধা না থাকিলেও, শেষ পর্যন্ত জমিটি স্বামীজীর হন্তগত হইল না : যেহেত মহারাজের উৎসাহ ও সমতি থাকিলেও ব্রিটশ সরকারের রেসিডেন্ট স্থার আাডালবার্ট ট্যালবট সাহেব বাধ সাধিলেন।° ইহাতে স্বামীজী বিশেষ মর্মাহত হইলেও কিছু করা সম্ভব ছিল না – স্বামীজীকে কাশ্মীরে আশ্রমস্থাপনের সহল ত্যাগ করিতেই হইয়াছিল। তিনি বুঝিয়াছিলেন, ইচ্ছাময়ীর ইচ্ছাব্যতীত কিছুই হইবার নহে; আর এই সিদ্ধান্তও তিনি মানিয়া লইয়াছিলেন যে, কাশীর বা কোনও দেশীয় রাজ্যে তাঁহার পক্ষে প্রতিষ্ঠান গড়িয়া তোলা সাধ্যায়ত নহে।

১৪ই আগস্ট রবিবারে ধীরামাতাদের অন্থরোধে স্বামীজী তাঁহাদের সহিত চা-পানের জন্ম ঐ ছাউনিতে উপস্থিত হইয়াছিলেন। সেদিন এক ইওরোপীয় ভদ্রলোকও নিমন্ত্রিত হইয়াছিলেন; ধীরামাতাদের বিশ্বাস ছিল, ইনিবেদাস্তান্থরাগ্রী ও স্বামীজীর সহিত আলাপ করিলে উপক্বত হইবেন। স্বামীজীর ইহাতে উৎসাহ না থাকিলেও ধীরামাতার অন্থরোধক্রমে অনিচ্ছাসহকারেই সেধানে আসিয়া-

৩। ট্যালবট সাহেব ছুইবার এই প্রস্তাবটি কাউন্সিলের কার্যতালিকা হইতে কাটিয়া দেন; স্তুতীয়ং আলোচনা পর্যন্ত হর নাই। ('সামীজীকে যেরূপ দেখিয়াছি', ১১৮; বাকলা জীবনী, ৭৮৬)।

ছিলেন। ফলেও দেখা গিয়াছিল, স্বামীজীর অহুমান ঠিকই ছিল; তিনি ঐ ব্যক্তিকে বুঝাইতে ষ্থাসাধ্য চেষ্টা করিয়াও নিক্ষল হইয়াছিলেন।

১৬ই আগস্ট মঙ্গলবারেই স্বামীজী আবার নদীতীরে স্বেতাঙ্গ শিয়াদের উক্ত ছাউনিতে মধ্যাহ্নভোজনে ধােগ দিয়াছিলেন। আহারের পর অপরাহে এমন জাের বৃষ্টি হইল যে, তিনি ফিরিতে পারিলেন না। স্বতরাং নানা বিষয়ে আলােচনা চলিল। টেবিলে টড্-এর লিখিত একথানি 'রাজস্থান' পড়িয়া ছিল। উহা তুলিয়া লইয়া তিনি মীরাবাঈ-এর কথা পাড়িলেন। মীরাবাঈকে স্বামীজী অত্যন্ত শ্রন্ধার চক্ষে দেখিতেন। তিনি মীরাবাঈ-এর গান অহ্বাদ করিয়া শিয়াদিগকে শুনাইতেন, আর গাহিতেন শ্রীরামক্কফের গাওয়া গান:

হরিসে লাগি রহোরে ভাই।
তেরা বনত বনত বনি যাই॥
অঙ্কা তারে বঙ্কা তারে তারে স্ক্রেন কদাই।
স্থগা পড়ায়কে গণিকা তারে তারে মীরাবাঈ॥
দৌলত হনিয়া মাল খাজানা বলিয়া বৈল চরাই।
এক বাতকা টাণ্টা পড়ে তো থোঁজ-খবর না পাই॥
ঐসী ভক্তি কর ঘট ভিতর ছোড় কপট চত্রাঈ।
সেবা বন্দি শুর স্বধীনতা সহজে মিলি রঘুরাঈ॥

স্বামীজীর মতে, বান্ধনার তদানীস্তন জাতীয় ভাবসমূহের ছই-তৃতীয়াংশ 'রাজস্থান' গ্রন্থ হইতে গৃহীত, আর ঐ গ্রন্থের মধ্যে সর্বোৎকৃষ্ট অংশ মীরাবাঈএর জীবনী। মীরার প্রচারিত দৈশু, প্রার্থনা ও সর্বজীবদেবা শ্রীচৈতন্ত প্রচারিত
'নামে ক্লচি জীবে দয়া বৈষ্ণব-পূজনে'র সহিত তুলনীয়। বৃন্দাবনে এক বৈষ্ণব
সাধু (রূপ গোস্বামী) মীরাবাঈ-এর সহিত এই বলিয়া সাক্ষাৎ করিতে অসম্মত
হন বে, তিনি স্ত্রীমূধ দর্শন করেন না। তবু মীরা তাঁহার সম্মুধে উপস্থিত হইয়া
বলিলেন, "বৃন্দাবনে আর কেহ পুক্ষ আছে আমি জানিতাম না; আমার ধারণা

৪। 'বাণী ও রচনা', ৯।৩২৪ পৃষ্ঠার ১৬ই সেপ্টেম্বর মৃত্রিত থাকিলেও সেদিন মঙ্গলবার ছিল না, ছিল গুক্রবার; ১৬ই আগাই ছিল মঙ্গলবার। অধিকন্ধ আলোচ্যকালে নিবেদিতারা ছিলেন নদীতীরের ছাউনিতে বা 'গ্রীমঠে'; তাঁহারা অচ্ছাবলে নির্জনবাসে বান সেপ্টেম্বরের প্রারম্ভে। (ঐ, ৯।৩২৩ এবং 'স্বামীজীকে বেরূপ দেখিরাছি', ১০৭ পৃঃ)।

ছিল, শ্রীক্লফাই এখানে একমাত্র পুরুষরূপে বিরাজমান।" সঙ্গে সঙ্গে তিনি অবগুঠন খুলিয়া দিলেন ও বৈষ্ণব সাধু তাঁহাকে সাষ্টাঙ্গে প্রণাম করিলেন। মীরাও তাঁহাকে মাতার স্থায় আশীর্বাদ করিলেন।

তারপর স্বামীজী আকবর, প্রতাপসিংহ প্রভৃতির কথা তুলিলেন, আকবরের সভাকবি তানসেনের কথা শুনাইলেন, বীরবালা ক্লফকুমারীর কাহিনীও আলোপাস্ত বিরত করিলেন।

২০শে আগস্ট শনিবারে স্থামীজী ও সং নামক এক ব্যক্তি আমেরিকার কনসাল জেনারেল ও তাঁহার পত্নীর আমন্ত্রণে তুই দিনের জন্ম ভাল-হুদের তটে গোলেন। তাঁহারা সোমবারে ফিরিয়া আসিলেন ও মঙ্গলবারে 'স্ত্রী-মঠে' পদার্পণ করিলেন। তথন তিনি গাণ্ডেরবল যাইবার জন্ম প্রস্তুত হইতেছিলেন। তাহার পূর্বে যাহাতে কয়েক দিন শিক্সাদের কল্যাণসাধন করিতে পারেন, এইজন্ম স্থীয় নৌকা তাঁহাদের কাছেই রাখিলেন।

এই শিবিরবাদেও কিন্তু শিশ্বাদের মন তৃপ্ত হইল না। তাঁহারা আরও দ্রে নির্জনবাস ও ধ্যানধারণার জন্ম লালায়িত ছিলেন। অতএব ওরা সেপ্টেম্বর আচ্ছাবলাভিম্থে যাত্রা করিলেন এবং ইসলামাবাদ হইয়া সেথানে ৫ই সেপ্টেম্বর পৌছিলেন (নিবেদিতার দিনলিপি)। এই বিষয়ে ও পূর্ববর্তী ঘটনাপরস্পরা সম্বন্ধে স্বামীজী ২৮শে আগস্ট মেরীকে লিথিয়াছিলেন: "কয়েকদিনের জন্ম আমি দ্রেশ চলে গিয়েছিলাম। এখন আমি মহিলাদের সঙ্গে যোগ দিতে যাচছি। তারপর যাত্রি-দলটি যাচছে কোন পাহাড়ের পিছনে এক বনের মধ্যে একটি অন্দর শাস্ত পরিবেশে, যেথানে কুল কুল ক'রে ছোট নদী বয়ে চলেছে। সেথানে তারা দেবদারু গাছের নীচে বুদ্ধের মতো আসন ক'রে গভীর ও দীর্ঘন্থায়ী ধ্যানে নিময় হয়ে থাকবে। এ-রকম প্রায় মাসধানেক চলবে"; ('বাণী ও রচনা', ৮।৪৫)। আচ্ছাবল হইতে ১০ই সেপ্টেম্বর স্বামীজী মার্তণ্ড-মন্দির দেখিতে গিয়াছিলেন। ১১ই সেপ্টেম্বর তাঁহার শরীর অত্যন্ত থারাপ হওয়ায় (নিবেদিতার

 ^{(1} বাণী ও রচনা'তে ২০শে সেপ্টেম্বরের উল্লেখ থাকিলেও উহা আগস্ট হইবে মনে হয়।
 ২০শে সেপ্টেম্বর ছিল মন্তলবার, ২০শে আগস্ট শনিবার। বস্তুতঃ 'স্ত্রীমঠে' বাস ও অচ্ছাবলে নির্কন-বাসের বিবরণ মিশ্রিত হইয়া এই প্রান্তি ঘটিয়া থাকিবে।

ও। সম্ভবতঃ গাণ্ডেরবলে।

দিনলিপি) তিনি শ্রীনগরে ফিরিয়া আসিলেন এবং ১৭ই সেপ্টেম্বর খেতড়ীর রাজাকে লিখিলেন, "এখানে আমি ছ্-সপ্তাহ খুবই অস্থস্থ হয়ে পড়েছিলাম। এখন স্বস্থ হয়ে উঠেছি।"

উক্ত নির্জনবাসকালে স্বামীজীর সহিত একজন আফগান রাজকুমারের পরিচয় হয়। আর জানা যায়, একদিন নদীতীরে প্রকাণ্ড বৃক্ষগুলির নিম্নে বিদায়া কথাপ্রসঙ্গে স্বামীজী বলিয়াছিলেন, "আমার বিশাস, এক জীবনে নেতা গড়ে ওঠে না। নেতা জন্মায়। কারণ, শৃঙ্খলাস্থাপন ও আদর্শ নির্বাচনই শক্ত কাজ নয়; নেতার প্রকৃত লক্ষণ এই যে, তিনি অত্যন্ত ভিন্ন মতাবলম্বী লোকদের সাধারণ সহাত্মভৃতিস্ত্রে বাধতে পারেন। আর এটি শুধু স্বভাবদন্ত ক্ষমতা থেকে আপনিই হয়ে যায়, চেষ্টা করে এটা করা যায় না।" ('স্বামীজীকে যেরূপ দেখিয়াছি', ১০৭-০৮ পৃঃ)। এই স্ত্রে তিনি ইহাও দেখাইয়া দিয়াছিলেন যে, সমসামিরিক তুইটি প্রতিষ্ঠানের মধ্যে একটি নেতার জীবনকাল হইতেই ক্রমে বাড়িয়া চলিতেছিল, অপরটি ক্রমেই ভালিয়া পড়িতেছিল।

অমরনাথ-দর্শনের অব্যবহিত পুর্বে ও পরে স্বামীজীর মন শিব-ভাবে বিভোর ছিল; কিন্তু অতঃপর কোন অজ্ঞাত কারণে, "স্বামীজীর চিত্ত শিব হইতে শক্তির প্রতি আরুষ্ট হইয়াছিল বলিয়া বোধ হইয়াছিল। তিনি দর্বদাই রামপ্রদাদের গানগুলি গাহিতেছিলেন—যেন তিনি আপনাকে শিশু বলিয়া কল্পনা করিতে করিতে সেই ভাবে মগ্ন হইয়া যাইবেন। তিনি একবার আমাদের কয়েকজনকে বলিয়াছিলেন যে, যেদিকেই তিনি দৃষ্টিপাত করিতেন, তিনি জগন্মাতার উপস্থিতি অমুভব করিতেন—যেন তিনি সাকাররূপে কক্ষমধ্যে বিরাজ করিতেছেন। তিনি সর্বদা জগন্মাতা সম্বন্ধে অত্যন্ত সরল ও স্বাভাবিকভাবে কথা কহিতে অভ্যন্ত হইয়াছিলেন।" ('স্বামীজীকে ষেরূপ দেখিয়াছি', ১১৭ পু:)। এই ভাব যখন গভীরতর হইল, তখন তিনি বলিতেন, তিনি চিরব্যাধিগ্রস্ত হইয়াছেন—যে চিন্তায় মাত্রুয়কে দগ্ধ করিতে থাকে। তাহাকে নিদ্রা বা বিশ্রামের পর্যস্ত অবসর দেয় না, এবং অনেক সময় মহুয়কঠেরই ন্যায় আদেশ প্রদানপূর্বক সর্ববিষয়ে পরিচালিত ও অফুপ্রাণিত করিতে থাকে, আদৌ ছাড়িতে চাহে না —ঐ সময় তাঁহার সমস্ত ব্যক্তিত্বকে পরিব্যাপ্ত করিয়া তেমনি ভাবরাশি প্রবন্ধ প্রবাহাকারে ধাবমান হইতেছিল। সে ভাবধারার মধ্যে পাপবাদের কোন স্থান ছিল না—হংধ-ছ:ধ, পাপ-পুণ্য, উত্তম-অধম ইত্যাদি সমস্ত বন্দ্ৰ এককালে

তিরোহিত হইয়া গিয়াছিল। "এখন যেন তিনি জগতের মধ্যে যাহা কিছু ঘোররূপ, যন্ত্রণাদায়ক ও তুর্বোধ্য, তাহারই উপর সমগ্র মন:সংযোগ করিতে লাগিলেন। এই পথ দিয়াই তিনি এখন প্রপঞ্চের পশ্চাতে যে অন্বয় বন্ধ রহিয়াছেন, তাঁহাকে লাভ করিতে ক্লুতসঙ্কল্প হইলেন।…রোগ ও যন্ত্রণা দেখিলেই তাঁহার মনে পড়িত, তিনিই যথায় বেদনা অমুভূত হইতেছে, সেই স্থান, তিনিই ষম্ভণা এবং তিনিই যম্ভণাদাতা। কালী। কালী। কালী।" (ঐ, ১১৮ পঃ)। তিনি এক প্রবল প্রেরণাবশে এই চিম্ভাগুলি কবিতাকারে লিপিবদ্ধ না করিয়া থাকিতে পারিলেন না: আবেগভরে কবিতাটি লিথিবার পরেই ভাবের আতিশযা সহ করিতে অপারগ তাঁহার অবসন্ন দেহ মেঝের উপর লুটাইয়া পড়িল। বল-লাভান্তে উঠিয়া তিনি শিষ্যাদের বজরায় গিয়া ঐ লিপিটি রাখিয়া আসিলেন। শিষ্যারা একটি স্থান দর্শনাস্তে বজরায় ফিরিয়া স্থামীজীর শ্রীহন্ত-লিখিত কবিতা 'কালী দি মাদার' দেখিতে পাইলেন। কবি শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ দত্ত উহা পরে 'মৃত্যুরূপা মাতা' নামে পত্তে অমুবাদ করিয়াছিলেন ও ঐ অমুবাদ 'বাণী ও রচনা'য় মুদ্রিত হইয়াছে (৭।৪১২)। সেখানে উহার রচনাকাল ক্ষীরভবানী-দর্শনের পরে বলিয়া উল্লেখ থাকিলেও নিবেদিতার বর্ণনা ঐ মতের পরিপোষক নছে ('স্বামীজীকে যেরূপ দেখিয়াছি', ১১৯ পুঃ)। ভাব-গাম্ভীর্য, শব্দ-বিক্যাস, ছন্দের গুরুগন্তীর বিস্তার, জাগতিক ধ্বংসলীলার নিপুণ শব্দচিত্র ইত্যাদি মিলিয়া মূল কবিতাটিকে অতি উচ্চস্থরে বাঁধিয়া দিয়াছে।

এই কবিতা-রচনার দিন কয়েক পূর্ব হইতেই স্বামীজী স্বীয় নৌকাখানিকে অপর নৌকাগুলি হইতে দূরে সরাইয়া রাখিয়াছিলেন; কাহারও সেখানে যাওয়ার অহ্মতি ছিল না। শুধু একজন ব্রাহ্ম ডাক্তার নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সম্বন্ধে খবর লইবার জন্ম দেখানে যাইতেন। ইনি ঐ সময়ে কাশ্মীরে ছিলেন এবং স্বামীজীর প্রতি অশেষ শ্রদ্ধা পোষণ করিতেন। কবিতা-রচনার পরদিন ভাক্তারবাব্ যথারীতি স্বামীজীর বজরায় উপস্থিত হইলেন; কিন্তু তাঁহাকে ধ্যানস্থ দেখিয়া কথা না বলিয়াই ফিরিয়া আসিলেন। পরদিন ৩০শে সেপ্টেম্বর দেখা গেল, স্বামীজী ক্ষীরভবানী নামক দেবীস্থান দর্শনে চলিয়া গিয়াছেন এবং বলিয়া গিয়াছেন, কেহ যেন তাঁহার পশ্চাদক্ষসরণ না করে। সেদিন হইতে ৬ই অক্টোবর পর্শস্ক তিনি অমুপস্থিত ছিলেন।

ভঁই অক্টোবর অপরাহে শিয়ারা দেখিলেন, স্বামীজীর নৌকা উজান বাহিয়া

তাঁহাদেরই দিকে আসিতেছে। স্বামীন্ধী নৌকার সম্বুখে দাঁড়াইয়া আছেন—একহন্তে নৌকার একটি বাঁশের খুঁটি ধরিয়া আছেন, আর অপর হত্তে রহিয়াছে কতকগুলি হরিদ্রাবর্ণের ফুল। নৌকা নিকটে আসিলে তিনি শিক্সাদের বজরায় প্রবেশ করিলেন এবং নীরবে হত্তপ্পত গাঁদাফুলের মালাটি একে একে সকলের মন্তকে ছোঁয়াইয়া সকলকে আশীর্বাদ করিলেন। অবশেষে মালাটি একজনের হাতে দিয়া বলিলেন, "এটি আমি মাকে নিবেদন করেছিলাম।" তারপর বসিয়া সহাস্তে বলিলেন, "আর 'হরি ওঁ' নয়; এবার 'মা মা'।" তাঁহার ভাবস্রোতে বাধা না দিবার জন্ম সকলে নির্বাক বসিয়া রহিলেন, আর তাঁহাদের মনে হইল, এমন কিছুতে স্থানটি ভরপুর হইয়া গিয়াছে যে, ইছ্ছা করিলেও বাক্যক্তরণ অসম্ভব। স্বামীন্ধী আবার বলিলেন, "আমার স্বদেশপ্রেম ভাসিয়া গিয়াছে; আমার যাহা কিছু ছিল, সব গিয়াছে। এখন কেবল 'মা মা'।" আর একটু মৌন থাকিয়া তিনি বলিলেন, "আমার খুব অন্যায় হয়েছে; মা আমাকে বলিলেন, 'যদিই বা মেছরা আমার মন্দিরে ঢুকে আমার প্রতিমা অপবিত্র করে, তোর তাতে কি ? তুই আমাকে রক্ষা করিস ? না আমি তোকে রক্ষা করি ? স্বতরাং আমার আর স্বদেশপ্রেম বলে কিছু নেই এখন আমি হোট শিশু।"

তারপর নানা বিষয়ে কথাপ্রসঙ্গে তিনি জানাইলেন, তিনি অবিলম্বে কলিকাতায় ফিরিবেন। আবার ছই-এক কথায় ইহাও প্রকাশ করিলেন যে, গত সপ্তাহের মানসিক গুরুশ্রমের ফলে তাঁহার শারীরিক অস্থতা উপস্থিত হইয়াছিল। আর সঙ্গেহে বলিলেন, "এখন আমি এর চেয়ে বেশী বলতে পারব না; বলতে নিষেধ আছে।" বিদায় লইবার সময় সকলকে কিন্তু পরিজার জানাইয়া গেলেন, "কিন্তু আধ্যাত্মিক অংশে আমি কোনরকম প্রতিজ্ঞাবদ্ধ হইনি!" ('স্বামীজীকে ষেরূপ দেখিয়াছি', ১২০-২১ পঃ)।

পরে জানা গিয়াছিল, ক্ষীরভবানীতে তিনি কঠোর তপস্থায় নিময় হইয়াছিলেন—বেন প্রতিজ্ঞা করিয়াছিলেন, কাজকর্মে ব্যস্ত থাকায় অধ্যাত্মাঞ্ভূতির উপর যে প্রলেপ পড়িয়াছিল বলিয়া বোধ হইতেছিল, উহা তিনি নিঃশেষে ছিয় করিয়া ফেলিতে কৃতসহয়—তিনি তথন আর কর্মী, উপদেষ্টা বা জননেতা নহেন—ত্যু সয়্যাসী, মার নিকট কৃত্র অসহায় শিশু! ঐ কয়দিন তিনি দেবীর নিকট প্রতাহ হোম করিতেন, এক মণ হুয়ের য়ারা ক্ষীর প্রস্তুত করিয়া তত্ত্ব বাদাম প্রভৃতির সহিত ভোগ দিতেন, সাধারণ ভক্তের গ্রায় বসিয়া বছক্ষণ মালাজপ

করিতেন, এবং একটি ব্রাহ্মণের শিশুক্সা নিত্য উমারূপে তাঁহার পূজা পাইত। ক্ষীরজ্বানীর মন্দিরে অবস্থানকালে একদিন বিধর্মীদের অত্যাচারজনিত ধ্বংসাবশেষ দেখিয়া ও প্রতিমার হর্দশার কথা ভাবিয়া তাঁহার মনে এই খেদ উপস্থিত হইল: "কেমন করে লোক এসব অত্যাচার নীরবে সহ্থ করেছে? প্রতীকারের জন্ম বিন্দুমাত্র চেষ্টা করেনি! আমি যদি সে সময়ে থাকতুম, কথনও এরকম হতে দিতুম না। প্রাণ দিয়েও মাকে রক্ষা করতুম।" ঠিক সেই সময়ে তিনি পূর্বোক্ত দৈববাণী শুনিলেন, "যদিই বা শ্লেছরা আমার মন্দিরে চুকে" ইত্যাদি। আবার তাঁহার মনে হইল, তিনি নিজে যদি একটি নৃতন মন্দির স্থাপন করিতে পারিতেন, তবে বড ভাল হইত। তথনই পুনর্বার মায়ের কণ্ঠধনি শুনিলেন, "বংস! আমি মনে করলে অসংখ্য মন্দির ও মঠ স্থাপন করতে পারি! এই মৃহুর্তেই এখানে প্রকাণ্ড সপ্ততল স্থবর্ণ-মন্দির নিমিত হতে পারে।" মন্দির যে হয় নাই, তাহা মায়েরই ইচ্ছান্থসারে।

অন্তান্ত অন্তভ্তির কথা প্রকাশ্যে বলা নিষেধ ছিল বলিয়া আমাদের আর জানিবার উপায় নাই। বাঙ্গলা জীবনীর পাদটীকায় শুধু এইটুকু উল্লিখিত আছে: "ক্ষীরভবানীতে গভীর অন্ধকার রাত্রে উগ্র তপস্তা করিতে করিতে স্বামীঙ্কীর আরও বেদকল অভুত দর্শন ও অন্থভ্তি হইয়াছিল, তাহার কিঞ্চিং আভাদ তিনি ত্ই-একজন গুরুভাতাকে দিয়াছিলেন; কিন্তু ধর্মজীবনের দেদকল নিগৃঢ় রহস্ত সর্বসাধারণের গোচর করা অন্তচিত বিবেচনায় তাহা গোপন করা হইয়াছে। তবে এইটুকু বলিলেই যথেষ্ট হইবে যে, স্বামীজীর সম্দেয় প্রকৃতি এই সময়ে মায়িক সংস্কারসমূহের উর্ধে উঠিবার জন্ত শেষ চেষ্টা করিতেছিল।" (বাঙ্গলা জীবনী, ৭৯১ পঃ)

পরবর্তী কয়দিন শিয়ারা তাঁহার সাক্ষাৎ পাইতেন না বলিলেই চলে—তিনি নিজ নৌকায় ধ্যানে কাটাইতেন কিংবা তীরে আপনমনে পদচারণ করিতেন— শিয়ারা নৌকার ছাদে বিসয়া থাকিলেও সেদিকে তাঁহার দৃষ্টি আরুট হইত না। তবে পুর্বোক্ত দিনের পরদিন নিবেদিতা ও অপর একজন শিয়া স্বামীজীর নিকট নদীতীরে উপস্থিত আছেন এমন সময় একজন নাপিতকে দেখিয়া তিনি তাহাকে কাছে ডাকিলেন ও মুথে বলিলেন "এসব আর থাকবে না।" নাপিতকে লইয়া চলিয়া যাইবার আধঘন্টা পরে ষধন তিনি ফিরিলেন তথন তাঁহার মন্তক মুঞ্তিত, আর শ্রীবদন হইতে দিবাজ্যোতি উৎসারিত হইতেছে। 'মৃত্যুরপা

মাতা' কবিতাটি আবৃত্তি করিতে করিতে কহিলেন, "এর প্রত্যেক কণাটি সভ্য। আর আমি তা কাজেও প্রমাণ করেছি—দেখ, আমি মৃত্যুকে বরণ করেছি।"

একদিন এক জিজ্ঞাস্থ একটি প্রশ্ন লইয়া আসিয়াছিলেন; স্বামীজীও মৃণ্ডিত-মন্তকে ও সন্থাসীর বেশে সেথানে উপস্থিত ছিলেন। জিজ্ঞাস্থর সমস্যা ছিল, "গ্যায়ের সমর্থন করিতে গিয়া মৃত্যুও শ্রেয়, না, গীতার উপদেশমত, যাহাতে কোন কিছুরই প্রতিক্রিয়া না করিতে হয়, তাহাই শিক্ষা করা উচিত ?" শ্বামীজী অনেকক্ষণ নিস্তর থাকিয়া ধীরে ধীরে কহিলেন, "আমি কোন প্রতিক্রিয়ার পক্ষপাতী নহি।" তাহার পরই আবার বলিলেন, "এটি সন্থাসীর জন্ম। গৃহস্থদের জন্ম আত্মরক্ষাই বিহিত।" লক্ষ্য করিবার বিষয় এই য়ে, য়ে মৃহুর্তে তিনি আপনাকে কর্তব্যবিহীন, প্রতিক্রিয়ারহিত মাতৃগতপ্রাণ ক্র্ম্ব শিশু বলিয়া মনে করিতেছিলেন, সে মৃহুর্তেও তিনি ঐ ভাবটি সর্বসাধারণের গ্রহণীয় বলিয়া মনে করেন নাই। এথানেই স্বামীজীর বিশেষত্ব। অন্তক্রও তিনি বছবার বলিয়াছিলেন য়ে, সকলকে নির্বিচারে সন্থাসের প্ররোচনা দিয়া বৌদ্ধর্ম একটা মস্ত ভূল করিয়াছিল।

এখন কাশ্মীর ত্যাগের সমন্ব আদিল। সমস্ত বন্দোবন্ত হইয়া গেলে তাঁহারা নৌকাযোগে বারাম্লায় চলিলেন ও ১১ই অক্টোবর মঙ্গলবার সন্ধায় সেখানে পৌছাইলেন। বারাম্লা পর্যন্ত আগমনকালে স্বামীজীর মনোভাব ব্যাইবার জন্ত নিবেদিতা লিখিয়াছেন, "স্থির হইয়াছিল যে, পরদিন (১২ই অক্টোবর) অপরাত্নে তিনি লাহোর যাত্রা করিবেন, এবং আমরা আরও কিছুদিন বারাম্লাতেই অবস্থান করিব। নদীবক্ষে আসিতে আসিতে আমরা তাঁহাকে অতি অল্পই দেখিতে পাইয়াছিলাম। তিনি প্রায়্ম সর্বদা মৌনীই থাকিতেন এবং একাকী নদীতীরে অনেক দ্ব ভ্রমণ করিতেন—আমাদের বজ্বয়ায় ক্ষণেকের জন্মও কচিৎ পদার্পণ করিতেন। ভারত-প্রত্যাবর্তনের পর তিনি যে দীর্ঘকালব্যাপী পরিশ্রম করিয়াছিলেন, তাহাতে তাঁহার স্বাস্থ্য একেবারে

৭। নিবেদিতা লিখিয়াছেন, "আমার নিজের কথা বলিতে গেলে, আমি কোনক্রমে বুঝিতে পারি নাই, কিরূপে এই ব্যক্তি এই বিশেষ উপদেশটি গীতা হইতে সংগ্রহ করিলেন।" ('আমীজীকে বেরূপ দেখিয়াছি', ১২২)।

ভগ্ন হইয়া গিয়াছিল। আবার, সম্প্রতি তাঁহার যে মহান উপলব্ধি ঘটিয়াছিল, তাহার ফলে তাঁহার শরীর নিশ্চয়ই এত তুর্বল হইয়া পড়িয়াছিল যে, তিনি নিজে তাহা ব্ঝিতে পারেন নাই। কারণ যন্ত্রণা একটি নির্দিষ্ট মাত্রা অতিক্রম করিলে যেমন তাহার আর উপলব্ধি হয় না, তেমনি শরীরও দীর্ঘকাল ধরিয়া মাত্রাতিরিক্ত আধ্যাত্মিক ভাব সহ্য করিতে পারে না।" ('স্বামীজ্ঞীকে যেরূপ দেখিয়াছি', ১২৩ পঃ)।

১২ই অক্টোবর সকালে প্রাতরাশের পর স্বামীজী শিক্সাদের নিকট

আসিলেন এবং অনেককণ বসিয়া আলাপ করিলেন। কথা ভনিতে ভনিতে

শ্রোত্রীদের মনে হইতেছিল, তাঁহারা যেন কোন উচ্চ ধর্মভূমিতে সমার্ক্রা

হইয়াছেন। মাঝে মাঝে তিনি ধর্মভাবোদ্দীপক গান গাহিতেছিলেন, এবং
গাহিবার সঙ্গে সঙ্কে অহ্বাদ করিয়া দিতেছিলেন—স্বই মাত্বিষয়ক। এই
পঙ্কিদ্বয় তিনি বার বার গাহিয়াছিলেন:

শ্রামা মা উড়াচ্ছে ঘুড়ি (ভবসংসার-বাজার মাঝে)—
ঘুড়ি লক্ষের হুটো-একটা কাটে, হেসে দাও মা হাতচাপড়ি।
আবার স্বরচিত 'মৃত্যুরপা মাতা' হইতে আবৃত্তি করিয়াছিলেন:

হঃখরাশি জগতে ছড়ায়,

নাচে তারা উন্মাদ তাগুবে; মৃত্যুরপা মা আমার আয়!
করালি, করাল তোর নাম, মৃত্যু তোর নিঃখাদে প্রখাদে;
তোর ভীম চরণনিক্ষেপে প্রতিপদে ব্রহ্মাণ্ড বিনাশে!
মাঝখানে থামিয়া বলিয়াছিলেন, "দেখেছিলাম, তা সব সত্য—বর্ণে বর্ণে সত্য।"
ভারপর আরম্ভি করিয়া চলিয়াছিলেন:

সাহসে যে তৃঃথ দৈক্ত চায়, মৃত্যুরে যে বাঁধে বাছপাশে, কালনৃত্যু করে উপভোগ, মাতৃরূপা তারই কাছে আদে।

"মা সত্যু সত্যই তার কাছে আদেন। আমি নিজ জীবনে এটি প্রত্যক্ষ করেছি। কারণ আমি মৃত্যুকে সাক্ষাৎভাবে আলিক্ষন করেছি।" তারপর নিজের তদানীস্তন মনোভাব বলিয়া ঘাইতে লাগিলেন: "আমার আর কোন কামনা নেই। আমি শুধু গঙ্গাতীরে মৌনী, কৌপীনমাত্রধারী পরিব্রাজকের জীবন যাপন করতে চাই। আমার কিছুরই প্রয়োজন নেই। 'স্বামীজী' চিরদিনের মতো মরেছে। আমি কে যে জগতকে শিক্ষা দিবার ভার যেন আমারই বলে মনে করছি? এ তো কেবল আক্ষালন ও বুথা অহন্ধার। জগন্মাতার আমাকে প্রয়োজন নেই—আমারই জগন্মাতাকে প্রয়োজন আছে। যিনি এই অবস্থা উপলব্ধি করছেন, তাঁর কাছে নিদ্ধাম কর্মও মায়া বই আর কিছুনয়। প্রেমই একমাত্র পথ।"

তারপর তিনি বশিষ্ঠ বিশ্বামিত্রের আখ্যায়িকা শুনাইলেন। বশিষ্ঠ তাঁহার শতপুত্র-হস্তা শত্রু বিশ্বামিত্রের রচিত একথানি গ্রন্থ নিবিষ্টচিত্তে পড়িতেছিলেন, এমন সময় অকলতী আসিয়া তিনি কি করিতেছেন দেখিলেন ও বলিলেন, "দেখ, আজ চল্রের কি উজ্জ্বল শোভা।" বশিষ্ঠ মস্তক না উঠাইয়াই বলিলেন, "প্রিয়ে, বিশ্বামিত্রের প্রতিভা এর চেমেও দশহাজার গুণ উজ্জ্বল।" ঘটনাটি সমাপ্ত করিয়া স্বামীজী বলিলেন, "আমাদের প্রেমও ঐরপ হওয়া চাই, বিশ্বামিত্রের প্রতি বশিষ্ঠের যেমন ছিল—তাহাতে ব্যক্তিগত ইষ্টানিষ্টের শ্বৃতির লেশমাত্র থাকিবে না।"

স্বামীজী অতঃপর পৃথক্ ভ্রমণের সকল্প করিয়াছিলেন; অতএব সকলকে বারামূলায় রাখিয়া গন্তব্যপথে যাত্রা করিলেন। পূর্বে তিনি মৃদলমান সরদার মাঝির অল্পবয়স্ক যে কন্যাটিকে উমারপে পূজা করিয়াছিলেন, তাঁহার গাড়ী চলিয়া যাইবার পূর্বে সে মাথায় এক বারকোশ আপেল লইয়া সানন্দে ছোট ছোট পা ফেলিয়া তাঁহার পার্ঘে পার্ঘে চলিল ও রান্তায় ব্যবহারের জন্ম ঐগুলি টাঙ্গায় তুলিয়া দিল। তারপর দাঁড়াইয়া চাহিয়া রহিল সেইদিকে যেদিকে গাড়ীথানি চলিতে চলিতে দ্রে মিলাইয়া গেল।

স্বামীজীর বিভিন্ন পত্র হইতে জানা যায় যে, কাশ্মীরে তাঁহার স্বাস্থ্য ভাল ছিল না। প্রধানতঃ এই কারণেই তিনি শিষ্যাদের লইয়া দেশভ্রমণের অভিপ্রায় ছাড়িয়া দিয়াছিলেন এবং বেল্ড় মঠে পত্র লিথিয়াছিলেন, যাহাতে স্বামী সারদানন্দ আসিয়া এই কার্যের ভার গ্রহণ করেন। তিনি না আসা পর্যন্ত উক্ত মহিলারা বারামূল্লাতে অপেক্ষা করিয়াছিলেন। স্বামী সারদানন্দ ঐ কার্যের জন্ত ২৭শে সেপ্টেম্বর কলিকাতা হইতে যাত্রা করিয়াছিলেন। স্বামীজীর সেবার জন্ত স্বামী সদানন্দও লাহোরে আসিয়া স্বামীজীর সহিত মিলিত হইয়াছিলেন। স্বামীজীর ইচ্ছা ছিল, তিনি করাচিতে স্বীয় ভক্ত শ্রীযুক্ত হরিপদ মিত্রের বাড়ীতে যাইবেন এবং এইজন্ত হরিপদবাবুর নিকট হইতে পাথেয় বাবদ পঞ্চাশ টাকা আনাইয়াছিলেন। কিন্তু যাওয়া হইল না। ১৬ই অক্টোর্বর

হরিপদবাবুকে লাহোর হইতে এক পত্তে জানাইলেন: "কাশ্মীরে স্বাস্থ্য একেবারে জান্দিয়া গিয়াছে এবং নয় বৎসর যাবৎ ৺তুর্গাপুজা দেখি নাই—এবং এ বিধায় কলিকাতা চলিলাম।···পঞ্চাশ টাকা আমার গুরুত্রাতা সারদানন্দ লাহোর হুইতে করাচি পাঠাইবেন।"

হরিপদবাবৃকে ও থেতড়ী-রাজকে লিখিত ঐ সময়ের পত্ত হইতে আরও জানা যায় যে, স্বামীজী তথন কপর্দকশৃত্ত ছিলেন—আমেরিকান মহিলাদের অর্থে তাঁহার ব্যয় নির্বাহ হইত, ভারত হইতে তিনি কিছুই পাইতেন না। ইহা তাঁহার মন:পুত ছিল না বলিয়াই ঐ ভদ্রমহোদয়ন্বয়ের নিকট অর্থভিক্ষা করিয়াছিলেন।

কাশীরে স্বামীজীর স্বাস্থাহীনতার কথা বলিতে গিয়া একটি ঘটনা মনে পড়ে। একজন মুদলমান ফ্কিরের এক চেলা মাঝে মাঝে তাঁহার নিক্ট সাসিত। একদিন ঐ চেলাকে ভয়ানক জব ও শিব:পীডায় কট পাইতে দেখিয়া স্বামীজী দয়াভিভূত হইলেন ও তাহার মাথা কয়েক মিনিট নিজ অঙ্গুলির দারা টিপিয়া ধরিলেন। তাহাতেই সে ব্যক্তি নিরাময় হইল। ইহার ফলে সে স্বামীজীর প্রতি সবিশেষ শ্রদ্ধাযুক্ত হইয়া ঘনঘন যাতায়াত আরম্ভ করিল। কিন্তু ফকিরের মনে ভয় উপস্থিত হইল—চেলা বুঝি হাতছাড়া হইয়া যায়। সে প্রথমে চেলাকে নিষেধ করিল ও স্বামীজীর নাম করিয়া বহু কটুক্তিও করিল। চেলা তবু নিরন্ত হইল না দেখিয়া দে অভিচার প্রয়োগ করিয়া বলিল, কাশ্মীর পরিত্যাগের পুর্বেই স্বামীজী বিষম বমন ও শিরোঘূর্ণন পীড়ায় আক্রান্ত হইবেন। প্রকৃতই ঐরপ ঘটিল। স্বামীজীর ইহাতে বিরক্তি উপস্থিত হইল-ফ্কিরের উপর নহে, প্রত্যুত নিজেরই উপর। অভিমানভরে বলিলেন, "শ্রীরামকৃষ্ণ আর আমার কি করলেন? বেদাস্ত-প্রচার আর অবৈতামূভৃতি করেও যদি একটা বাজীওয়ালার কবল থেকে নিজেকে রক্ষা করতে না পারলুম, তবে আর কি হল ?" ইহা নিতান্ত অভিমানেরই কথা, এবং অপরেরাও উহা ঐ অর্থেই গ্রহণ করিয়াছিলেন। দৃষ্টান্তস্থরূপে বলা চলে, তিনি যথন কলিকাতায় ফিরিয়া শ্রীশ্রীমাতাঠাকুরানীকে অমুরূপ কথা বলেন, তথন শ্রীমা বলিয়াছিলেন, "বিছা! বিজা মানতে হয় বই কি, বাবা! তাঁরা তো আর ভাঙ্গতে আদেন না! আমাদের ঠাকুর হাঁচি টিকটিকি পর্যন্ত মেনেছেন।" অর্থাৎ বিভা দৎই হউক ভার অসংই হউক, উহা জাগতিক নিয়মাহুসারেই আপন ফল প্রসব করে; ইহার ভাল-মন্দের জন্ম ভগবানকে টানিয়া আনা র্থা। জাগতিক নিয়মকে জাগতিক নিয়ম বলিয়াই মানা উচিত। তারপর শ্রীমা বলিলেন, "শঙ্করাচার্যন্ত তো শুনতে পাই নিজের শরীরে ব্যাধিকে আদতে দিয়েছিলেন। তুমি তো জান, খুড়তুত দাদার (হলধারীর) অভিসম্পাতে ঠাকুরের মৃথ দিয়ে রক্ত উঠেছিল। তোমার শরীরে অহুথ আসা আর ঠাকুরের শরীরে আসা একই কথা।" স্বামীজী তব্ বলিয়াছিলেন, শ্রীমা যতই ব্যান না কেন, ঠাকুর বস্তুতঃ কিছুই নহেন, আর তিনি তাঁহাকে মানিতে রাজী নহেন। শ্রীমা তথন সকৌতুকে উত্তর দিয়াছিলেন, "না মেনে থাকবার জো আছে কি, বাবা? তোমার টিকি যে তাঁর কাছে বাঁধা!" ('শ্রীমাসারদাদেবী', ২০৬ পৃঃ)। স্বামীজী কাশ্মীর হইতে ফিরিয়া প্রীশ্রীহর্গাপুজার মহাইমী দিবদে পুজ্যপাদ স্বামী ব্রন্ধানন্দ, প্রকাশানন্দ ও বিমলানন্দের সহিত বাগবাজারে মায়ের বাটীতে গিয়া সাইাঙ্গ প্রণামান্তে এইসব কথা নিবেদন করিয়াছিলেন। মা অবশ্র স্বামীজীর সহিত সরাসরি কথা বলিতেন না—তাঁহার অহুচেন্বরে কথিত কথাগুলি ব্রন্ধচারী ক্ষ্ণলাল স্পষ্টররে স্বামীজীকে ব্যাইয়া দিয়াছিলেন।

আদর্শের বাস্তব রূপ

১৬ই অক্টোবর (১৮৯৮) স্বামীজী লাহোর হইতে দোজা কলিকাডায় ১৮ই অক্টোবর ষ্থন বেলুড়ে নীলাম্বরবাবুর বাটীতে অবস্থিত মঠে উপনীত হইলেন, তথন দীর্ঘকাল পরে তাঁহার আগমনে আনন্দের একটা সাড়া পড়িয়া গেল বটে, কিন্তু তাঁহার শরীরের অবস্থা দেখিয়া ত্রন্টিস্তাও বৃদ্ধি পাইল। আরও দেখা গেল যে, তিনি যেন আপনভাবেই মগ্ন থাকেন, বাহিরের জীবন-ধারার সহিত যেন কোন সম্পর্ক নাই। তাঁহার প্রত্যাবর্তনের তুই-তিন দিন পরে ষধন শিশ্ব শরচন্দ্র চক্রবর্তী তাঁহার শ্রীচরণদর্শনে আসিলেন, তথনও ঐভাব চলিতেছে। চক্রবর্তী মহাশয়কে দেখিয়া স্বামী ব্রহ্মানন্দজী বলিলেন, "কাশীর থেকে ফিরে আদা অবধি স্বামীজী কারো দকে কোন কথাবার্তা কন না, গুরু হয়ে বসে থাকেন। তুই স্বামীজীর কাছে গল্পনল্ল করে স্বামীজীর মনটা নীচে নামাতে চেষ্টা করিস।" শিশ্ব উপরে গিয়া দেখিলেন, স্বামীক্সী মৃক্ত भणामत्न भूर्वाच्य रहेशा उभिविष्टे— एवन धानमधा। मृत्थ रामि नारे, अमीक्ष নয়ন অন্তমুর্থ। তিনি শিশুকে দেখিয়া বসিতে বলিলেন; কিন্তু চুপ করিয়াই विश्तिन। পরে শিশু চেষ্টা করিয়া অমরনাথ দর্শনের কথা পাড়িলে স্বামীজী বলিলেন. "অমরনাথ দর্শনের পর থেকে আমার মাথায় চব্বিশ ঘন্টা যেন শিব বদে আছেন, কিছতেই নাবছেন না। ... অমরনাথ ও ক্ষীরভবানীর মন্দিরে খুব তপস্থা করেছিলুম। ... অমরনাথ যাবার কালে একটা খাড়া চড়াই ভেকে উঠেছিলম। সে রান্তায় যাত্রীরা কেউ যায় না, পাহাড়ী লোকেরাই যাওয়া-আসা করে। আমার কেমন রোক হল, ঐ পথেই যাব। যাব তো যাবই। সেই পরিশ্রমে শরীর একটু দমে গেছে। ওধানে এমন কনকনে শীত যে, গায়ে যেন ছুঁচ ফোটে। ... স্থামিও কৌপীন মাত্র পরে ভশ্ম মেথে গুহায় প্রবেশ করেছিলুম; তথন শীত-গ্রীম কিছুই জানতে পারিনি। কিন্তু মন্দির থেকে বেরিয়ে ঠাণ্ডায় যেন জড় হয়ে গিয়েছিলুম। ... তিন-চারটা সাদা পায়রা দেখেছিলুম; তারা গুহায় থাকে কি নিকটবর্তী পাহাড়ে থাকে তা বুঝতে পারলুম না।" ('বাণী ও রচনা', 3163-30)1

🔭 তারপর ক্ষীরভবানীর কথা উঠিল। স্বামীন্দ্রী সেথানে দৈববাণী ভনিয়া-

ছিলেন। শিশু স্বামীজীর পূর্বকার কথার প্রতিধ্বনি করিয়া বলিলেন, "মহাশয়, আপনি তো বলিতেন—এই সকল দৈববাণী আমাদের ভিতরের ভাবের বাহ্য প্রতিধ্বনি মাত্র। স্বামীজী ইহার উত্তরে গঞ্জীর হইয়া বলিলেন, "তা ভেতরেরই হোক, আর বাইরেরই হোক, তুই যদি নিজের কানে আমার মতো এরপ অশরীরী কথা শুনিস, তা হ'লে কি মিথাা বলতে পারিস? দৈববাণী সত্য সত্যই শোনা যায়—ঠিক যেমন আমাদের এই কথাবার্তা হচ্ছে, তেমনি।" (এ, ১০১)।

স্বামীজী বেলুড়ে ফিরিয়া কিছুদিনেরই মধ্যে পূর্বের ন্যায় স্বাভাবিকভাবে বন্ধচারীদিগকে শিক্ষাদান, সমাগত ভক্তদের সহিত আলাপ ইত্যাদি আরম্ভ করিয়া দিলেন। এদিকে নবসংগৃহীত ভূমিতে শ্রীরামক্লফের পুজাগৃহ, শয়নাগার, রন্ধনশালা ও সাধুদের বাসস্থানাদি নিমিত হইতেছিল; বন্ধুর ভূমিও সমতল হইতেছিল। স্বামীন্দ্রীর কাশ্মীর-বাসকালে কাজ অনেকদুর অগ্রসর হইয়া – তথন বৎসরের শেষের দিকে—মঠ-বাটী-নির্মাণ হইয়া গিয়াছিল, সামাল্র একট-আধট যাহা বাকি ছিল, স্বামীজীর অভিমতাত্ম্যায়ী তাহা স্বামী বিজ্ঞানানল শেষ করিতেছিলেন। ' ('বাণী ও রচনা', ১।১৬৬)। স্বামীজী প্রায়ই নৃতন জমিতে বেড়াইতে ঘাইতেন। স্থির হইয়াছিল, শ্রীশ্রীমাতাঠাকুরানী ১২ই নভেম্বর মঠের নৃত্ন জমিতে ভুভ পদার্পণ করিবেন। নৌকা হইতে প্রথমে তিনি নীলাম্বরবাবুর বাগানে নামিলেন, তাঁহার দক্ষে ছিল তাঁহার নিত্য-পুঞ্জিত ঠাকুরের প্রতিকৃতিখানি। ঠাকুরঘর দর্শনান্তে মঠের সাধুরা তাঁহাকে নৃতন জমিতে লইয়া গেলে তিনি নিজ শ্রীহন্তে পুজাস্থান পরিষ্কার করিয়া শ্রীশ্রীঠাকুরের পুজা করিলেন। তাঁহার কলিকাতায় প্রত্যাবর্তনকালে পুজাপাদ স্বামীজী, স্বামী ব্রন্ধানন্দ এবং স্বামী সারদানন্দও কলিকাতায় চলিলেন—তাঁহাদের উদ্দেশ্য, পরদিবস নিবেদিতার বিভালয়ের প্রারম্ভিক অহুষ্ঠানে উপস্থিত থাকিবেন।

১। "এই সালে এপ্রিল মাস হইতে মঠের গৃহাদি নির্মাণ আরম্ভ হইরাছিল। হরিপ্রসন্ন চটোপাধ্যার নামক ঠাকুরের একজন ভক্ত ও ডিব্রিক্ট ইঞ্লিনিয়ার (ইনি পরে স্বামী বিজ্ঞানানন্দ নামে পরিচিত হন) এই সকল কার্বের তত্বাবধান করিতেছিলেন।" (বাজলা জীবনী, ৭৯৫ পু:)।

পুরাতন মঠবাড়ীর বর্ণনা আমরা পূর্বে এক পাদটীকার দিয়াছি। বামী ব্রহ্মানক্ষরীর ১৪।৭।৯৮ তারিধের দিনলিপিতে আছে: "রায়বাহাছ্র আসিয়া বাড়ীটি পরীক্ষা করিলেন। তিনি বলিলেন, বাড়ীর উভর পার্ধেই দোডলা হইতে পারে।"

স্বীয় পরিকল্পনা কার্যে পরিণত করার উদ্দেশ্রে নিবেদিতা উত্তর ভারত ভ্রমণাস্তে ১লা নভেম্বর কলিকাতার উপস্থিত হইয়াছিলেন। স্বামীন্ধী ভাবিয়া রাথিয়াছিলেন, তাঁহাকে রাথার সর্বোত্তম সম্ভাব্য স্থান হইতেছে, শ্রীশ্রীমায়ের ভাড়া বাড়ী। নিবেদিতাকে রাথার সমস্থার সন্মুখীন হইয়া স্বামীজী ঘখন শ্রীমার নিকট প্রস্তাব উত্থাপন করিয়াছিলেন, তথন তিনি উহা দ্বিধাহীন চিত্তে স্বীকার করিয়াছিলেন। অতএব নিবেদিত। যথন বলরামবাবুর গুহে স্থামীজীর নিকট উপস্থিত হইলেন, তথন পূর্বসিদ্ধান্তাত্মধায়ী তিনি তাঁহাকে শ্রীমার ১০৷২নং বোসপাড়া লেনের ভাড়া বাডীতে পৌছাইয়া দিলেন: নিবেদিতা অতঃপর দেখানেই থাকিয়া গেলেন। ঐ বাড়ীর প্রবেশপথের হুই পার্ষে হুইখানি গৃহ ছিল-একটিতে অফুস্থ অবস্থায় স্বামী যোগানন্দ বাস করিতেন, অপরটিতে থাকিতেন নিবেদিতা। নিবেদিতা সেথানে আট-দশ দিন থাকিয়া স্বীয় ভাবী কর্মকেন্দ্রের জন্ম উহারই নিকটবর্তী ১৬ নম্বর বাড়ীটি ভাড়া লইলেন। নুতন কার্যারভ্রের পূর্বে আফুষ্ঠানিকভাবে একটি সভা হইল; উহাতে সভানেত্রী ছিলেন নিবেদিতা। সভাটি বলরামবাবুর বাড়ীতে, উহার সমুথবর্তী দ্বিতলের বড় হলঘরে হইয়াছিল। 'উদ্বোধনে' (৪২ বর্ষ, ৫ম সংখ্যা, ২৫৯ পু:) প্রকাশিত একটি বিবরণ হইতে জানা যায়:

" নেবেদিতার সেই প্রথম উত্তম। বাগবাজার পলীতে বালিকা-বিত্যালয় খুলবেন সঙ্কর। এক দিন বলরামবাবুর বাড়ীতে সব গৃহস্থ ভক্তদের একটি সভা গোছের ঘরোয়া জলসা হলঘরে হলো। যাতে গৃহস্থেরা মেয়ে দেন ঐ স্কুলে—এই আবেদন। সকলে বসে আছেন, এমন সময় অতর্কিতভাবে স্বামীজী সবার পেছনে আসন গ্রহণ করলেন। নিবেদিতা ইংরেজীতে বক্তৃতা দিলেন। মাস্টার মহাশর, স্থরেশ দন্ত, হরমোহনবাবু প্রভৃতি ছিলেন। স্বামীজী কয়েকজনকে হাসতে হাসতে খেলাচ্ছলে গুঁতো দিছেন আর বলছেন, 'ওঠ, ওঠ! ওঠ না! শুধু মেয়ের বাপ হলেই তো হবে না। জাতীয়ভাবে তাদের শিক্ষানীক্ষার ব্যবস্থাতে সহযোগিতা তোদের স্বাইকে করতে হবে। উঠে বল্, আবেদনের প্রত্যুত্তর দে। বল, হাঁ আমরা রাজী আছি; আমরা ভোমাকে আমাদের মেয়ে দেব।' কেউ ওরূপ বলতে সাহস করছিলেন না। শেষে স্বামীজী হরমোহনবাবুকে জিদ করে চাপা গলায় বললেন, তোকে দিতেই হবৈ। তাঁর হয়ে স্বামীজী নিজে তথন বললেন, 'Well Miss Noble, this

gentleman offers his girl to you.' নিবেদিতা প্রথমে দেখতে পাননি ষে, ভিড়ের মধ্যে স্বয়ং স্বামীন্ধী আছেন। তাঁকে দর্শন করে ও তাঁর উৎসাহবাণী শুনে নিবেদিতা খুব বেশী রকমের খুশী হলেন, হাততালি দিতে লাগলেন, এবং শেষে আনন্দে বিভোর হয়ে নাচতে লাগলেন —ঠিক ষেন একটি ছোট বালিকা!"

পরদিন ৺কালীপুজার শুভতিথি ১৩ই নভেম্বর, রবিবারে শ্রীমা নিবেদিতার বাটীতে পুজা করিলেন ও প্রাণ খুলিয়া ভাবী বিভালয়ের জ্বন্ত শুভাকাজ্কা জ্ঞাপন করিলেন। ঐ দিনও স্বামী ব্রহ্মানন্দ ও স্বামী সারদানন্দের সহিত স্বামীজী ঐ শুষ্ঠানে যোগ দিয়াছিলেন। তিনি তথনও বলরামবাবুর বাড়ীতেই ছিলেন। তার পরদিন সোমবারে যথন পাড়ার কয়েকটি ছোট ছোট বালিকাকে লইয়া নিবেদিতার বিভালয়ের কার্য আরম্ভ হইল, তথনও স্বামীজী উক্ত গুরুলাতাদের সহিত আগমনপূর্বক নিবেদিতার উৎসাহবর্ধন করিয়াছিলেন।

বেলুড়ে ফিরিয়া স্বামীজীর শ্রীর তথন অনেকটা স্থন্থ হইয়াছে। তাঁহার চিরাকাজ্জিত বালিকা-বিজ্ঞালয় আরম্ভ হইয়াছে; প্রীরামক্ষণেবের স্থায়ী মঠস্থাপনের কার্য সম্ভোষজনকভাবে অগ্রসর হইতেছে; গৃহ নির্মাণাদির জন্ম উপযুক্ত টাকা শ্রীযুক্তা ওলি বুল দিয়াছেন; শুধু তাহাই নহে, ঐ সকল কার্য সম্পাদনের পরও মঠের ব্যয়ভার পরিচালনার জন্ম কিছু অর্থ উদ্বৃত্ত থাকিবে—ইত্যাদি দেখিয়া স্বামীজীর মনও তথন বেশ প্রফুল্ল আছে। তিনি নৃতন জমিতে বেড়াইতে গিয়া আনন্দে ভরপুর হইতেন ও ভবিন্ততে ঐ স্থান কত সংকার্যের কেন্দ্ররূপে গড়িয়া উঠিবে ইত্যাদি কথা ভাবিতেন ও অপরকে বলিতেন। একদিন এইভাবেই স্বীয় শিন্ত শর্মজন্তকে সঙ্গে লইয়া বেড়াইতে আসিলেন। বাড়ীগুলি তথনও যদিও সম্পূর্ণ বাসোপয়ায়ী হয় নাই; তরু সমগ্র জমিটি মাটি ফেলিয়া সমতল করা হইয়াছে। স্বামীজীর হস্তে একটি দীর্ঘ যষ্টি, গায়ে গেক্লয়া রঙের ফ্লানেলের আলথালা, মন্তক অনাবৃত। শিস্তোর সহিত গল্প করিতে করিতে তিনি উত্তরের মঠবাড়ী হইতে দক্ষিণের ফটক পর্যন্ত বার কয়েক পদচারণা করিয়া অবশেষে দক্ষিণের বিশ্বর্কের অদ্বে আসিয়া দাঁড়াইলেন। ঐ তক্ষমূল তথন বাধানো হইতেছে। দাঁড়াইয়া তিনি গান ধরিলেনঃ

২। "দেখুন, মিদ নোৰল, এই ভজলোক তার মেয়েকে আপনার হাতে দেবেন।"

গিরি গণেশ আমার গুভকারী। বিৰবৃক্ষমূলে পাতিয়ে বোধন, গণেশের কল্যাণে গৌরীর আগমন, ঘরে আনব চণ্ডী, গুনব কত চণ্ডী, আসবে কত দণ্ডী যোগী জটাধারী।

গাহিতে গাহিতে শিশ্বকে বলিলেন, "হেথা আসবে কত দণ্ডী যোগী জ্ঞটাধারী! বুঝলি? কালে এখানে কত সাধু সন্মাসীর সমাগম হবে।" বলিতে বলিতে বিৰতক্ষমূলে উপবেশনপূর্বক বলিলেন, "বিৰতক্ষমূল বড়ই পবিত্র স্থান। এখানে বসে ধ্যান-ধারণা করলে শীঘ্র উদীপনা হয়—ঠাকুর একথা বলতেন।"

ইহারও বহু পূর্বে—মঠের নৃতন জমি বখন মাত্র ক্রয় করা হইয়াছে এবং উহা জঙ্গলে পরিপূর্ণ, তখন শিশ্বসহ স্বামীজী সেখানে একদিন বেড়াইতে গিয়া, জমির উত্তরাংশে যে বাড়ী ছিল উহার পূর্বদিকের বারাগুয় পৌছিয়া পায়চারি করিতে করিতে বলিয়াছিলেন, "এইখানে সাধুদের থাকবার স্থান হবে। সাধন-ভজন ও জ্ঞানচর্চায় এই মঠ প্রধান হবে—এই স্বামার স্বভিপ্রায়। এখান থেকে যে শক্তির অভ্যায় হবে, তা জগৎ ছেয়ে ফেলবে, মায়্রয়ের জীবনগতি ফিরিয়ের দেবে, জ্ঞান, ভক্তি, যোগ ও কর্মের একত্র সমন্বয়ে এখান থেকে উচ্চাদর্শ সকল বেরোবে। এই মঠভুক্ত সাধুদের ইঙ্গিতে কালে দিগদিগস্তরে প্রাণের সঞ্চার হবে। যথার্থ ধর্মায়্রয়াগিগণ সব এখানে কালে এসে জুটবে—মনে এরূপ কত কল্পনার উদয় হচ্ছে।" ('বাণী ও রচনা', ৯০২৪-২৫)

তারপর তিনি ভাবী মঠ হইতে তিন প্রকার দানব্যবস্থার কথা বলিলেন—

সম্মান, বিভাদান, জ্ঞানদান। তিনি আরও বলিলেন, শিক্ষাবিষয়ে প্রাচীন

শুরুকুল-প্রথার পুনকজ্জীবন আবশুক। একটি অন্নসত্রে নারায়ণজ্ঞানে দীনতু:খীদের

সেবা করিয়া ব্রন্ধচারীরা আত্মজ্ঞানলাভের যোগ্যতা অর্জন করিবে ও সন্ন্যাসদীক্ষা
প্রাপ্ত হইবে। "ঈশর করেন তো এ মঠকে মহাসমন্বয়ক্তের করে তুলতে হবে।

ঠাকুর আমাদের সর্বভাবের সাক্ষাৎ সমন্বয়মূতি। ঐ সমন্বয়ের ভাবটি এখানে

স্কাগিয়ে রাখলে ঠাকুর জগতে প্রতিষ্ঠিত থাকবেন। সর্বমতের সর্বপথের আচগুল
বান্ধণ—সকলে যাতে এখানে এসে আপন আপন আদর্শ দেখতে পায়, তা করতে

হবে।" মঠের ঐ জমি সংগৃহীত হওয়ার পরে স্বামীজী শ্রীশ্রীঠাকুরের প্রতিকৃতি

সেশানে স্থাপন করিয়া স্বহন্তে পূজা করিয়াছিলেন। তাহারই উল্লেখ করিয়া

বলিলেন, "সেদিন যথন মঠের জমিতে ঠাকুরকে স্থাপন করলুম, তথন মনে হ'ল বেন এখান হতে তাঁর ভাবের বিকাশ হয়ে চরাচর বিশ ছেয়ে ফেলেছে! শঙ্কর এ অবৈতবাদকে জন্মলে পাহাড়ে রেখে গেছেন, আমি এবার সেটাকে সেখান থেকে সংসারে ও সমাজের সর্বত্ত রেখে যাব ব'লে এসেছি। ঘরে ঘরে, মাঠে ঘাটে, পর্বতে প্রাস্তরে এই অবৈতবাদের তুন্ভিনাদ তুলতে হবে।" (ঐ, ১২৮-২৯)।

স্বামীজী যখন স্বীয় সম্ব্রাহ্মযায়ী বনের বেদাস্তকে শহরের কর্মকোলাহল-মধ্যেও প্রতিষ্ঠিত করিতে সচেষ্ট এবং ঐ বিষয়ে সাফল্যলাভের পথও ধীরে ধীরে উন্মূক্ত ইইতেছে, এমন সময়ে সমজাতীয় একটি প্রস্তাব আসিল শিল্পপতি জামশেদজি এন. টাটার নিকট ইইতে। প্রস্তাববাহী পত্রখানি এই:

এন্প্ল্যানেড, হাউন বোম্বে ২৩শে নভেম্বর, ১৮৯৮

প্রিয় স্বামী বিবেকানন্দ,

আমার বিশ্বাস জ্বাপান হইতে চিকাগো যাইবার পথে সহযাত্রীরূপে আমাকে আপনার মনে আছে। ভারতে সন্ন্যাসধর্মের প্রসার ও উহাকে নষ্ট না করিয়া কার্যকর পথে পরিচালিত করিবার কর্তব্য সম্বন্ধে আপনার অভিমত এখনও আমার বেশ অরণ আছে।

ভারতীয় বৈজ্ঞানিক গবেষণাগার সম্বন্ধীয় আমার পরিকল্পনা সম্পর্কে আপনার এই ভাবগুলি মনে স্বতই উদিত হইতেছে। আপনি নিশ্চয়ই এই সম্বন্ধে শুনিয়াছেন বা পড়িয়া থাকিবেন। আমার মনে হয়, এই সয়্ল্যাসধর্মকে অধিকতর স্কুষ্ঠরূপে কাজে লাগানো যাইতে পারে, যদি ত্যাগব্রতীদের জন্ম এরূপ মঠ অথবা

৩। 'বাণী ও রচনার' ৯।১১০ পৃষ্ঠায় ৯ই ডিসেম্বরের (১৮৯৮) বিবরণের পরে ১২৪ পৃষ্ঠার উদ্ধৃত দিনের বিবরণ থাকায় ব্যভাবতঃ মনে হইবে ইহা পরবর্তী ঘটনা। কিন্তু হয়তো তাহা নহে। ৯ই ডিসেম্বর (১৮৯৮) মঠের নির্মাণকার্য প্রায় শেষ হইমা গিয়াছিল, কিন্তু আলোচ্য দিনের বিবরণের গোড়াতেই আছে, "বর্তমান মঠের জমিও অলাদিন হইল থরিদ করা ইইয়াছে।…মঠের জমিতি যিনি থরিদ করাইয়া দেন, তিনিও স্বামীজীর সঙ্গে কিছুদ্র পর্বন্ত আসিয়া বিদায় লইলেন।" অভএব উদ্ধৃতিমধ্যে বে "ঠাকুর স্থাপন"-এর উল্লেখ আছে, উহা সম্ভবতঃ জমি দথল লওয়ার সময়ের কথা, ১৮৯৮ গুটান্সের ৯ই ডিসেম্বরের ব্যাপার নহে।

আবাসগৃহ নির্মিত হয়, বেখানে তাঁহারা সাধারণ চরিত্রনীতি মানিয়া চলিবেন এবং জড়বিজ্ঞানের চর্চায় ও লোককল্যাণের কার্যে আত্মনিয়োগ করিবেন। আমার মত এই য়ে, এরপ সন্ন্যাসধর্মের অফুক্লে য়িল কোন স্থানেগ্য নেতা আন্দোলন আরম্ভ করেন, তাহা হইলে উহা ছারা আমাদের মাতৃভ্যির ত্যাগধর্ম, বিজ্ঞান ও স্থায়তির প্রভৃত সহায়তা হয়। আমার বিবেচনায় বিবেকানন্দই এই আন্দোলন-পরিচালনের একমাত্র যোগ্যতম অধিনায়ক। আমাদের প্রাচীন ঐতিহ্গুলিকে জাতীয় জীবনে ফলপ্রস্থ করিবার মহান ব্রতে আপনি নিযুক্ত হইবেন কি ? এ বিষয়ে দেশবাসিগণকে উর্দ্ধ করিবার জন্ম একখানা উদ্দীপনা-পূর্ণ পূত্তিকা-প্রচারের ছারা কার্য আরম্ভ করাই শ্রেয়:। পৃত্তিকাপ্রকাশের সমন্ত ব্যয়ভার আমি সানন্দে বহন করিব। আমার শ্রম্বা জানিবেন। ইতি —

ভবদীয় একাস্ত বিশ্বস্ত জামশেদজি এন. টাটা

জামশেদজি স্বামীজীর একটা দিক দেখিয়াছিলেন—ত্যাগভিত্তিক কার্যোগ্যম; ধর্মের দিকটা তিনি দেখেন নাই। স্বামীজী এই পত্তের ঠিক কি উত্তর দিয়াছিলেন জানা নাই। তবে অস্বীকার করিয়াছিলেন নিশ্চয়; কারণ ইহাতে তাঁহার আদর্শ পূর্ণ প্রতিফলিত হয় নাই। এই জাতীয় আরও প্রস্তাব অক্সযুত্তে তিনি পাইয়া থাকিবেন; কারণ তাঁহার ক্যায় শক্তিমান বিশ্ববিশ্রুত ব্যক্তির সাহায্যে নিজ্ঞ নিজ্ঞ পরিকল্পনা সফল করিতে অনেকেই উত্তত ছিলেন। এই সব এখন অজ্ঞাত থাকিলেও আমরা ব্রিতে পারি যে, গুরুগতপ্রাণ স্বামীজী স্বাধীনভাবেই শ্রীরামকৃষ্ণ-কেন্দ্রিক নবকার্যধারা-রচনায় ব্যাপৃত ছিলেন।

শ্রীরামক্ষের ভাবকে রূপপ্রদানের জন্ম কেন্দ্ররূপে পরিকল্পিত বেলুড় মঠের বাড়ীঘর যথন প্রায় সম্পূর্ণ হইয়া আদিয়াছে, তথন সকলের সম্মতিক্রমে দ্বির হইল, ৯ই ডিসেম্বর (১৮৯৮) আফুষ্ঠানিকভাবে মঠারস্ত হইবে। প্রাতঃকালে স্থামীজী গঙ্গালান সারিয়া ভাড়া-বাড়ীতে অবস্থিত ঠাকুরঘরে প্রবেশ করিলেন। "অনস্তর পুক্তকের আদনে বিসিয়া পুম্পপাত্রে যতগুলি ফুল বিলপ্ত ছিল, সব তুই হাতে এককালে তুলিয়া লুইলেন এবং শ্রীরামক্ষ্ণদেবের শ্রীপাত্রকায় অঞ্চলি দিয়া ধ্যানস্থ হইলেন—অপূর্ব দর্শন ! শ্রামী প্রেমানন্দ ও অক্সান্ত সন্থ্যাসিগণ ঠাকুরঘরের দ্বারে দাঁড়াইয়া রহিলেন।" ('বাণী ও রচনা', ১০১১০-১১)।

ুষতঃপর নৃতন মঠাভিমৃথে উত্তর দিকে একটি কৃত্র শোভাষাত্রা স্বারম্ভ

হইল। পুরোভাগে চলিলেন স্বয়ং স্বামীজী—দক্ষিণ-স্কজ্ঞোপরি শ্রীরামক্ষের পুতদেহাবশেষপূর্ণ ভাশ্রপাত্র বহন করিয়া। অক্সান্ত সন্মানির্নের সহিত শিশ্ত শরচেন্দ্রও পশ্চাতে চলিলেন। ঘন ঘন শন্ধবিন ও জয়ধবিন রবে পার্শবর্তী জাহ্নবী যেন আনন্দে নৃত্য করিতে লাগিলেন। যাইতে যাইতে স্বামীজী শিশুকে বলিলেন, 'ঠাকুর আমায় বলেছিলেন, 'তুই কাঁধে করে আমায় যেখানে নিমে যাবি, আমি দেখানেই যাব ও থাকব, তা গাছতলাই কি, আর কুটারই কি!' দেজন্তই আমি স্বয়ং তাঁকে কাঁধে করে নৃতন মঠভূমিতে নিয়ে বাচ্ছি। নিশ্চয় জানবি, বছ কাল পর্যন্ত 'বছজনহিতায়' ঠাকুর ঐ স্থানে স্থির হয়ে থাকবেন।" (ঐ)। শিশ্ব স্বামীজীকে প্রশ্ন করিয়া জানিয়াছিলেন যে, কাশীপুরে ঠাকুরের অস্থপের সমন্ধ ব্যয়াধিক্যের কথা তুলিয়া অনেক ভক্ত যথন যুবক-দেবকদের প্রতি বিরূপ ভাব প্রকাশ করিতেন, তথন ঐ ভক্তদের উপর নির্ভর না করিতে উপদেশ দিয়া শ্রীশ্রীসকুর স্বামীজীকে প্রক্রপ কথা বলিয়াছিলেন।

এইরপ প্রসঙ্গ চলিতে চলিতে সকলে নির্দিষ্ট স্থানে উপস্থিত হইলেন এবং স্থামীজীর স্কন্ধ হইতে 'আত্মারামে'র কোটাটিকে নামাইয়া ভ্যোসাপরি আত্তীর্ণ আসনে স্থাপনপূর্বক ভূমিষ্ঠ প্রণাম করিলেন; অপর সকলেও প্রণাম করিলেন। অনস্তর স্থামীজী পূজায় বসিলেন। পূজান্তে প্রজ্ঞলিত ম্বজ্ঞায়িতে হোম করিলেন। সর্বশেষে সন্থাসী ভ্রাতৃগণের সাহায়ে স্বহন্তে প্রস্তুত পায়সায় শ্রীরামক্রফদেবকে নিবেদন করিলেন। শরৎবাবু লিখিয়াছেন, "বোধ হয়, ঐদিন ঐস্থানে তিনি কয়েকটি গৃহস্থকে দীক্ষাও দিয়াছিলেন।" পূজান্তে স্থামীজী সমাগত সকলকে আহ্বান ও সম্বোধন করিয়া বলিলেন: "আপনারা আজ কায়মনোবাকের ঠাকুরের পাদপদ্মে প্রার্থনা করুন যেন মহাযুগাবতার ঠাকুর আজ থেকে বছকাল 'বছজন-হিতায় বছজন-স্থায়' এই পুণ্যক্ষেত্রে অবস্থান করে একে সর্বধর্মের অপূর্ব সমন্বয়কেন্দ্র করে রাথেন।" সকলেই করজোড়ে ঐরপ প্রার্থনা করিলেন।

অনুষ্ঠানশেষে স্বামীজী শরচক্রকে তাকিয়া বলিলেন, "ঠাকুরের এই কোটা ফিরিয়ে নিয়ে যাবার আমাদের (সন্ন্যাসীদের) কারও আর অধিকার নেই; কারণ আজ আমরা ঠাকুরকে এখানে বসিয়েছি। অতএব তুইই মাথায় করে ঠাকুরের এই কোটা তুলে মঠে নিয়ে চল।" কোটা স্পর্শ করিতে শিশ্বের সঙ্কোচ হইতেছে দেখিয়া তিনি বলিলেন, "ভয় নেই, মাথায় কর; আমার আজ্ঞা।" অগত্যা শরৎবাবু সন্তর্পণে ও ভক্তিভরে উহা মাথায় তুলিয়া লইলেন, আর মনে করিলেন,

'আআরামের কোটা'র স্পর্শে আজ তাঁহার জীবন ধন্ম হইল। ফিরিবার পথে খালের উপর একটা ছোট সাঁকো পার হইতে হয়—তালগাছের গুঁড়ি ফেলিয়া প্রাপ্তত। স্বামীজী ঐথানে আসিয়া শিশুকে হুঁ শিয়ার করিয়া দিলেন, "দেখিস, এবার খুব সাবধান; খুব সতর্কে যাবি।" নৃতন মঠের ঠাকুরঘর তথনও সম্পূর্ণ না হওয়ায় সাধুরা সেই আহুষ্ঠানিক প্রতিষ্ঠা-দিবস হইতেই সেথানে বাস করিতে পারেন নাই; তাঁহাদের অধিকাংশই বংসরের শেষ দিন পর্যন্ত নীলাম্বরবাব্র বাগানে কাটাইয়া ১৮৯৯ খুষ্টাব্দের ২রা জাহুয়ারি তারিথে ঐ ভাড়াবাড়ী ছাড়িয়া নৃতন মঠে চলিয়া আসেন। মধ্যবর্তী এই কয়দিন কয়েকজন মাত্র সাধু নৃতন বাড়ীতে বাস করিতে থাকেন।

অগ্রহায়ণের শেষে বা ডিদেম্বরের প্রারম্ভে⁸ দেখা গেল, স্বামীজী সংস্কৃত-চর্চায় খুব মন দিয়াছেন। "আচণ্ডালাপ্রতিহতরয়:" ইত্যাদি শ্লোক্ছয় তিনি এই কালেই রচনা করেন। অতঃপর আর একদিন স্বামীজী "ওঁ হ্রী ঋতং" ইত্যাদি শ্রীরামক্রফ-শুবটি রচনা করিয়া স্থাশিয় শরচ্চন্দ্রের হত্তে দিয়া বলিলেন, "দেখিস, এতে কিছু ছন্দ:পতনাদি দোষ আছে কিনা।" শিশু উহার নকল করিয়া লইলেন। সেদিন স্বামীজীর মূথে যেন সরস্বতী অধিষ্ঠিতা হইয়াছিলেন; তিনি শিষ্যের সহিত এমন স্থললিত বাক্যবিক্যান্ত্রসহ সংস্কৃত ভাষায় তুই ঘণ্টা যাবৎ আলাপ করিয়াছিলেন যে, স্থপণ্ডিতের পক্ষেও এরপ করা কলাচিৎ সম্ভব হয়। ন্তবটি নকল করা হইয়া গেলে তিনি শিশুকে বলিলেন, "দেখ, ভাবে তন্ময় হয়ে লিখতে লিখতে সময়ে সময়ে আমার ব্যাকরণগত অলন হয়, তাই তোদের বলি দেখে-শুনে দিতে।" শিশু অমনি বলিলেন, "মশায়, ও-সব স্থালন নয়—উহা আর্মপ্রয়োগ।" স্বামীজী তথাপি কহিলেন, "তুই তো বললি, কিন্তু লোকে তা বুঝবে কেন ?" স্থন্দর ঘটনাটি আর স্থন্দরতর এই উত্তর-প্রত্যুত্তর। একদিকে জ্ঞানিশ্রেষ্ঠ স্বামী বিবেকানন্দ-শিষ্মের দারা ভাষা সংশোধন করাইতে উত্তত, অক্তদিকে ভক্তিপরায়ণ শিষ্য—গুরুর সর্বপ্রকার কথা নিবিচারে মানিয়া লইতে প্ৰস্তুত ৷

স্বামীজী ঐ প্রসঙ্কে আরও কথা তুলিয়া দেখাইয়াছিলেন যে, তিনি যদিও

৪। 'বাণী ও রচনা'য় (৯।৯৩) উল্লিখিত ছলের উপরে লিখিত আছে, "কাল—নভেবর,
 ১৮৯৮"। কিন্তু প্রবন্ধ মধ্যে আছে—"অগ্রহায়ণ মাদের শেষ ভাগ" (অর্থাৎ ডিসেবরের প্রথম ভাগ)।

ম্বজাতির উন্নতিকরে বিভিন্ন ক্লেত্রে নৃতন প্রচেষ্টার আয়োজন করিতেছেন, তথাপি জনসাধারণ ঐসব নির্বিবাদে গ্রহণ করিতেছে না। ভাষার কথা তুলিয়া তিনি বলিয়াছিলেন যে, তিনি অধিক ক্রিয়াপদ ব্যবহারের প্রথা তুলিয়া দিয়া वित्मश्गामित माशाया উशामित कार्य मण्णामत्नत शक्क्यां है। कार्य अधिक किया भरत वावशास्त्रत करन वाकामस्या विज्ञाम घर्ट अवः वाका स्मात्र हम না। "ঠাকুরের আগমনে ভাব ও ভাষায় আবার নৃতন স্রোত এসেছে। এখন সব নৃতন ছাঁচে গড়তে হবে। নৃতন প্রতিভার ছাপ দিয়ে সকল বিষয় প্রচার করতে হবে। এই দেখ না—আগেকার কালের সন্মাসীদের চালচলন ভেঞ্চ দিয়ে এখন কেমন এক নৃতন ছাঁচ দাঁড়িয়ে যাচ্ছে। সমাজ এর বিরুদ্ধে বিস্তর প্রতিবাদও করছে। কিন্তু তাতে কিছু হচ্ছে কি ?—না আমরাই তাতে ভয় পাচ্ছি ?…দেশ, সভ্যতা ও সময়ের উপযোগী করে সকল বিষয়ই কিছু কিছু পরিবর্তন করে নিতে হয়। ... আহার, চালচলন, ভাব-ভাষাতে তেজস্বিতা আনতে হবে, সব দিকে প্রাণের বিস্তার করতে হবে – সব ধমনীতে রক্তপ্রবাহ প্রেরণ করতে হবে—যাতে সকল বিষয়েই একটা প্রাণম্পন্দন অহুভূত হয়। তবেই এই ঘোর জীবনসংগ্রামে দেশের লোক বাঁচতে পারবে, নতুবা অদূরে মৃত্যুর ছায়াতে অচিরে এ দেশ ও জাতিটা মিশে যাবে।" ('বাণী ও রচনা', ১।১৩-১৪)।

কাশ্মীর হইতে ফিরিয়া স্বামীজী যদিও এইরূপ নানা কাজে ব্যাপৃত ছিলেন—
যদিও তিনি মঠের কার্যাদির তত্ত্বাবধান করিতেন, আগন্তক ভক্ত ও ভদ্রলোকদের
সহিত আলাপ করিতেন এবং কলিকাতায় যাতায়াত করিতেন, তথাপি তাঁহার
স্বাস্থ্য মোটেই ভাল ছিল না। তাঁহার প্রত্যাগমনের দিনক্ষেক পরেই ২৭শে
অক্টোবর তদানীস্তন স্থপ্রসিদ্ধ ডাজ্ঞার আর. এল দত্তের নিকট তাঁহার বৃক
পরীক্ষা করানো হয়, কবিরাজদেরও সাহায্য লওয়া হয়। উক্ত ডাক্ডারবাব্ ও
কবিরাজগণ সকলেই বলিয়া দেন, সাবধানে থাকা উচিত, নতুবা রোগ প্রবলাকার
ধারণ করিতে পারে। সম্ভবত: এই কালে বা ইহার কিছুকাল পরে ডাক্ডারের

e। স্বামী ব্ৰহ্মানস্পতীয় দিনলিপিতে আছে: "October 18, 1898: Swamiji came from Cashmir this morning. Saw the Math land. October 28, 1898: (I) Gone to Calcutta to settle Dr. R. L. Dutt to see Swamiji. October 29, 1898: Paid to Dr. R. L. Dutt Rs. 40/-. Paid for medicines and other expenses Rs. 10/-. October 31, 1898: Swamiji gone to Calcutta for a change."

উপদেশামুসারে তাঁহার নৌকাভ্রমণের ব্যবস্থা হয়। 'স্বামি-শিশু-সংবাদে' ঐরপ ভ্ৰমণের একটি চিত্ৰ অন্ধিত হইয়াছে। তথনও মঠ-বাটী সম্পূৰ্ণ নিৰ্মিত হয় নাই — কিছু বাকি আছে। মঠে এই সময়ে স্বামীজী কিছু নিয়ম প্রবর্তন করেন— যথা, বালত্রন্ধচারীরা গৃহস্থ হইতে দূরে থাকিবে, পৃথক্ আহার ও বিশ্রাম করিবে, আগন্তকগণ তাহাদের বিচানায় বসিতে পারিবেন না—ইত্যাদি। শিশু ঐ সকলের কারণ জানিতে চাহিলে স্বামীজী সব বুঝাইয়া দিলেন। বিকালে তিনি বেড়াইবার জ্ব্য প্রস্তুত হইয়া নীচে নামিলেন এবং শিশুসহ মঠের নৃতন জ্বমিতে আসিয়া প্রধান বাড়ীটির সম্মূথে পদচারণ করিতে লাগিলেন। অচিরে বন্ধরা আসিয়া পড়িল। নড়ালের রায় বাবুদের বজরাখানি কিছদিনের জন্ম মঠের সামনেই বাঁধা থাকিত: স্বামীজী ইচ্ছামত উহাতে উঠিয়া গলাবকে ভ্ৰমণ করিতেন। আলোচা দিনে তিনি স্বামী নিতাানন, স্বামী নির্ভয়ানন ও শিষ্য শরৎবাবুর সহিত নৌকায় উঠিয়া ছাতে বসিলেন। নৌকা উত্তরাভিমুখে চলিল। গন্ধার ক্ষুদ্র ক্ষুদ্র তরক্তুলি নৌকার তলদেশে প্রতিহত হইয়া কলকল শব্দ করিতে লাগিল। তথন মৃত্যুদ্দ প্রন প্রবাহিত হইতেছিল, সুর্যান্তের তথনও অর্ধঘণ্টা বাকি। নৌকা দক্ষিণেশ্বর ছাড়াইয়া ক্রমে পেনেটিতে ৺গোবিন্দকুমার চৌধুরীর বাগানবাটীর ঘাটে আসিয়া থামিল। এই বাগান এক সময়ে মঠের জন্ম করিবার কথা হইয়াছিল। স্বামীজী নামিয়া একট বেড়াইলেন এবং বলিলেন যে, এখানে মঠ না হওয়ায় ভালই হইয়াছে; কারণ ভক্তদের যাতায়াতে কট্ট হইত। দেখান হইতে নৌকা মঠে ফিরিয়া আসিল।

এই সময়ে স্বামীজীর চক্ষে নিদ্রা ছিল না। রাত্রির অধিকাংশ সময়ই জাগিয়া কাটাইতে হইত। শরীরের অবসাদ কোন কালেই কাটিত না। অথচ আগন্তক কাহাকেও ফিরাইয়া দেওয়া তাঁহার পক্ষে সম্ভব হইত না। বিশ্রামের অভাবসত্বেও জিজ্ঞাহ্বর আকাজ্জা মিটাইবার জন্ম তিনি অতিমাত্র ব্যস্ত হইয়া পড়িতেন। ইহাতে স্নানাহারাদির কোন নিয়ম প্রতিপালিত হইত না, এবং তাহার ফলে রোগবৃদ্ধির সম্ভাবনা ঘটিত। তাই শুক্রলাতারা, সেবকগণ ও বন্ধুবর্গ আপত্তি জানাইতেন; কিন্তু যিনি পরার্থে জীবনধারণ করেন, তাঁহার পক্ষে প্রায়্রক্ষার ধাতিরে কল্যাণার্থীকে ফিরাইয়া দেওয়া চলে না; তিনি ঐ সকল আপত্তি গ্রাহ্ম না করিয়া উত্তর দিতেন, "এরা আমায় দেথবার জন্ম, ক্ষি তৃটো কথা শোনবার জন্ম কত দ্ব থেকে কষ্ট করে এসেছে; আর

আমি শরীর থারাপ হবে ভেবে এথানে বসে তাদের সঙ্গে হুটো কথা বলতে পারব না ?"

তখন স্বামীজীর খ্বই ইচ্ছা হইত যে, একটু নিল্রা হউক, শরীরের ক্লান্তি একটু বিদ্রিত হউক, মন্তিম্ব একটু বিশ্রাম লাভ করুক। বলরামবাব্র বাড়ীতে তিনি একদিন দ্বিপ্রহরে আহারের পর বিশ্রাম করিতেছিলেন এবং শিশ্ব শরৎবাব্ পদদেবা করিতেছিলেন, এমন সময় অকন্মাৎ শঙ্খঘন্টা বাজিয়া উঠিলে স্বামীজীর মনে পড়িল, দেদিন স্থ্রহণ। বিশ্রামের প্রয়োজনবোধকালে, এমন কি অস্থ্রতার মধ্যেও তাঁহার কথাবার্তায় সর্বদাই একটা কৌতুকপ্রিয়তা লক্ষিত ইইত। আজও স্বাভাবিক কৌতুকভরে সহাস্থ্রে বলিলেন, "গেরণ লেগেছে, এইবার একটু ঘুমুই।" কিন্তু ঘুম কি সহজে আদে ? থানিক পরে যথন চারিদিক বেশ অন্ধকার হইয়া আদিল, তথন বলিলেন, "এই ঠিক গেরণ"—বলিয়া পাশ ফিরিয়া ভইলেন, ঘুমাইবার চেটা করিলেন। কিন্তু কিছুতেই ভাল ঘুম হইল না। কিছুক্ষণ পরে উঠিয়া বালকের লায় শিশ্বকে বলিলেন, "লোকে বলে, গেরণের সময় যা করা যায়, তার শতগুণ ফল হয়। ভাবলুম, যদি এই সময় একটু ঘুমিয়ে নেওয়া যায়, তবে এর পর হয়তো ভাল ঘুম হবে; কিন্তু তাহবার নয়। মিনিট পনেরো ঘুমিয়েছি বটে; কিন্তু মা আমার কপালে স্থনিলা লেখেননি।"

চিকিৎসাব্যপদেশে বা অক্য নানা কারণে স্বামীজীকে তথন প্রায়ই কলিকাতায় যাইতে হইত। সেথানে প্রয়োজনমত তিনি অক্যাক্ত গুরুজ্ঞাতাদের ক্যায় বলরামবাব্র গৃহে রাত্রিবাদ করিতেন। ঐ বাটীতে থাকারই কোন এক সময়ে স্বামী যোগানন্দ, শরৎবাব্ ও ভগিনী নিবেদিতার সহিত স্বামীজী আলিপুরের পশুশালা দেখিয়াছিলেন। স্বামী যোগানন্দ ও শরৎবাব্কে ভিন্নভাবে সেথানে চলিয়া যাইতে বলিয়া তিনি ভগিনী নিবেদিতার সহিত যথাস্থানে উপস্থিত হইলে উক্ত বাগানের স্থপারিক্টেণ্ডেন্ট রায়বাহাত্বর রামত্রক্ষ সান্ন্যাল মহাশয় স্বামীজী প্রভৃতিকে যথোচিত সাদর অভ্যর্থনা জানাইলেন ও প্রায় দেড় ঘণ্টা ধরিয়া বাগানের ক্রষ্টব্য জানোয়ারদের দেখাইলেন। স্বামীজী আনন্দসহকারে সব কিছু দেখিলেন, মাঝে মাঝে হাসিঠাট্রাও করিতে লাগিলেন। অক্সার সর্প একই স্থানে কুগুলী পাকাইয়া থাকার অভ্যাদ হইতে কি করিয়া ক্রমবিকাশের নিয়মান্থ্যাের কচ্ছপে পরিণত হয়, তাহা বর্ণনা করিয়া তিনি শরৎবাবুকে ঠাট্টা করিয়া বলিলেন, "তোরা না কচ্ছপ

খাস ? ভারুইনের মতে এই সাপই কাল-পরিণামে কচ্ছপ হয়েছে; তাহ'লে তোরা সাপও খাস!" বৈজ্ঞানিক তত্ত্ব যাহাই হউক, কচ্ছপ খাইলে সাপ খাওয়া হয়, এমন অভ্ত সিদ্ধান্ত মানিয়া লইতে শরংবার প্রস্তুত ছিলেন না; কাজেই এই বিষয় লইয়া বেশ হাসাহাসি চলিতে লাগিল। য়খন সিংহদের সম্মুখে উপস্থিত হইলেন তথন রামত্রন্ধবার্র আদেশে ঐ পশুদিগকে তাহাদের আহার্য মাংসদেওয়া হইলে উহাদের গর্জন শুনিয়া ও আহার দেখিয়া স্থামীজী বেশ আমোদিত হইলেন। অতঃপর সকলে বানরশালায় প্রবেশ করিলেন। বানর দেখিলেই স্থামীজী হাসিয়া বলিতেন, "ওহে, তোমরা এ শরীরে কেন প্রবেশ করলে? আর জন্মে কি কর্ম করেছিলে, য়ার ফলে এ দেহ ধারণ করতে হয়েছে ?"

রামত্রহ্মবাবু কিঞ্চিৎ জলযোগের আয়োজন করিয়াছিলেন। পশু-দর্শনাস্তে সকলে একই টেবিলে চা-পান ও জলযোগের জন্ম বদিলেন। ফ্রেচ্ছস্পৃষ্ট দ্রব্যগ্রহণে শরংবাব্র আপত্তি আছে জানিয়াও স্বামীজী বার বার বলিয়া নিবেদিতার স্পৃষ্ট চা ও মিষ্টান্ন তাঁহাকে খাওয়াইলেন এবং নিজে গ্লাস হইতে জল পান করিয়া উহার অবশিষ্টাংশ শিশ্যকে পান করাইলেন। স্বামীজী অল্ল মাত্র চা পান করিলেন। নিবেদিতাও চা-পান করিলেন।

ইহার পর ডারুইনের ক্রমবিকাশ-বাদ সম্বন্ধে রামত্রন্ধবাব্ স্থামীজীর অভিমত জানিতে চাহিলে স্থামীজী বলিলেন যে, ডারুইনের মত সঙ্গত হইলেও, উহাকে তিনি ক্রমবিকাশের কারণবিষয়ক চূড়াস্ত মীমাংসা বলিয়া মানিতে প্রস্তুত নহেন। বরং সাংখ্যদর্শনে উহার যে আলোচনা হইয়াছে, উহা সমীচীনতর মনে হয়। পাশ্চান্ত্য বিজ্ঞানে নিম্নজাতির উর্বজাতিতে উত্বর্তনের কারণরূপে জীবন-সংগ্রাম (স্ট্রাগল ফর এক্সিন্টেন্স) ও প্রাকৃতিক নির্বাচন (ক্যাচারেল সিলেক্সন) স্থীকৃত হয়। পতঞ্জলির মতে একজাতি হইতে অপর জাতিতে পরিণতি ঘটে "প্রকৃতির আপুরণের হারা" (জাত্যস্তরপরিণামঃ প্রকৃত্যাপুরাৎ—পাতঞ্জল যোগস্ত্র, ৪।২)। প্রতিবন্ধক বা বাধার সঙ্গে দিবারাত্র লড়াই করিয়া যে উহা সাধিত হয়, তাহা নহে; বরং লড়াই ও প্রতিহন্দিতা জীবের পূর্ণতালাভের পক্ষে আনেক সময় প্রতিবন্ধক হইয়া পড়ে। হাজার জীবকে ধ্বংস করিয়া যদি একটি জীবের উন্নতি হয়, তবে সে ক্রমবিকাশের হারা জগতের কোন উন্নতিই হয় না। আর যদি বা স্থীকার করা হয় যে, জাগতিক ক্ষেত্রে এই উপায়েও উন্নতি হয়, ভ্ঞাপি আধ্যাত্মিক ক্ষেত্রে ইহা উন্নতির পরিপন্থী। "আমাদের দেশীয়

দার্শনিকগণের অভিপ্রায়—জীবমাত্রই পূর্ণ আত্মা। আত্মার বিকাশের তারতম্যেই বিচিত্রভাবে প্রকৃতির অভিব্যক্তি ও বিকাশ। প্রকৃতির অভিব্যক্তির ও বিকাশের প্রতিবন্ধকগুলি সর্বতোভাবে সরে দাঁড়ালে পূর্ণভাবে আত্মপ্রকাশ। প্রকৃতির অভিব্যক্তির নিয়ন্তরে যাই হোক, উচ্চন্তরে কিন্তু প্রতিবন্ধকগুলির সঙ্গে দিনরাত যুদ্ধ করেই যে ওদের অতিক্রম করা যায়, তা নয়; দেখা যায়, সেখানে শিক্ষা-দীক্ষা, ধ্যান-ধারণা ও প্রধানতঃ ত্যাগের হারাই প্রতিবন্ধকগুলি সরে যায় বা অধিকতর আত্মপ্রকাশ উপস্থিত হয়। স্বতরাং প্রতিবন্ধকগুলিকে আত্মপ্রকাশের কার্য না বলে কারণরূপে নির্দেশ করা এবং প্রকৃতির এই বিচিত্র অভিব্যক্তির সহায়ক বলা যুক্তিযুক্ত নয়। হাজার পাপীর প্রাণ-সংহার করে জগুৎ থেকে পাপ দূর করবার চেষ্টা হারা জগতে পাপের বৃদ্ধিই হয়। কিন্তু উপদেশ দিয়ে জীবকে পাপ থেকে নিযুত্র করতে পারলে জগতে আর পাপ থাকে না। এখন দেখুন, পাশ্চান্ত্যদের—পরস্পর সংগ্রাম ও প্রতিহ্বন্থিতা হারা উন্নতি লাভ হয়—এই মতটা কতদ্র ভীষণ হয়ে দাঁড়াচ্ছে!" রামত্রন্ধবারু স্বামীজীর ব্যাখ্যা শুনিয়া ও উহার অভিন্বত্ব লক্ষ্য করিয়া বিশেষ আনন্দিত হইলেন এবং কথায়ও উহা প্রকাশ করিলেন।

বলরামবাব্র বাটীতে ফিরিয়া স্বামীক্ষী প্রায় অর্ধঘন্টা বিশ্রাম করিলেন।
স্বীয় কক্ষ হইতে তাঁহার নির্গমনের পর শরংবাব্ পুনর্বার ডাক্সইনের ক্রমবিকাশবাদের কথা তুলিলে, তিনি ব্ঝাইয়া দিলেন যে, ইতর-প্রাণিজগতে ডাক্সইনের
মত সত্যসত্যই অনেকটা খাটে; কিন্তু মহুগ্রজগতে জ্ঞানবৃদ্ধির বিকাশ হওয়ায়
ঐ নিয়ম উলটাইয়া যায়। "হাদের আমরা বান্তবিক মহাপুরুষ বা আদর্শ বলে
জানি, তাঁদের বাহ্ন সংগ্রাম একেবারেই দেখতে পাওয়া যায় না। েযে পরের
ক্রন্ত যত ত্যাগ করতে পারে, মাহুষের মধ্যে সে তত বড়; আর নিয়ন্তরের
প্রাণিজগতে যে যত ধ্বংস করতে পারে, সে তত বলবান জানোয়ার হয়।
মাহুষের সংগ্রাম হচ্ছে মনে মনের ওপর আধিপত্য লাভের জন্ম বা সন্ত্-(গুণ)
-র্জিসম্পন্ন হবার জন্ম সেই সংগ্রাম চলেছে।" শিন্ত যেমনি আপত্তি তুলিলেন,
"তাহা হইলে আপনি আমাদের শারীরিক উন্ধতিসাধনের জন্ম এত করিয়া বলেন
কেন ?"—স্বামীজী অমনি গর্জিয়া উঠিয়া উত্তর দিলেন, "তোরা কি আবার
মানুষ ? নিজেদের দৈনন্দিন কার্য ও ব্যবহার স্থিরভাবে আলোচনা ক'রে দেখ
দেখি, তোরা মানব এবং মানবেতর স্তরের মধ্যবর্তী জীববিশেষ কিনা! দেহটাকে

আগে গড়ে তোল। তবে তো মনের উপর ক্রমে আধিপত্যলাভ হবে।"
"কিন্তু সবল শরীরে অনেক জড়বুদ্ধিও তো দেখা যায়?" "তাদের যদি তুই যত্ন
ক'রে ভাল ভাব একবার দিতে পারিস, তা হ'লে তারা যত শীগগীর তা কাজে
পরিণত করতে পারবে, হীনবীর্য লোক তত শীগগীর পারবে না। দেখছিস না,
কীণ শরীরে কাম-ক্রোধের বেগ ধারণ হয় না। ভুটকো লোকগুলো শীগগীর
রেগে যায়—শীগগীর কামমোহিত হয়।" "কিন্তু এ নিয়মের ব্যত্তিক্রমও দেখিতে
পাওয়া যায় ?" "তা নেই কে বলছে ? মনের উপর একবার সংযম হয়ে গেলে,
দেহ সবল থাক বা শুকিয়েই যাক, তাতে আর কিছু এসে যায় না।"

স্বামীজীর স্বাস্থ্যের আশামুরূপ উন্নতি হইতেছে না. বরং কলিকাতার কার্য বাস্ততায় উহাতে প্রতিবন্ধক ঘটিতেছে ইত্যাদি ভাবিয়া চিকিৎসকগণ ও বন্ধরা স্থির করিলেন যে, তাঁহার অন্তত্ত বায়ুপরিবর্তনের জন্ম যাওয়া আবশ্রক। তদমুসারে তিনি ১৯শে ডিসেম্বর ব্রহ্মচারী হরেন্দ্রনাথের সহিত বৈগুনাথ-ধাম (দেওঘর) যাত্রা করিলেন এবং দেখানে ঐ মাদের শেষ কয়টি দিন ও জামুয়ারি মাসটা কাটাইয়া ফেব্রুয়ারির প্রারম্ভে আবার কলিকাতায় ফিরিলেন। দেওঘরে তিনি এীযুক্ত প্রিয়নাথ মুখোপাধ্যায়ের গৃহে আতিথা গ্রহণ করিয়াছিলেন। তথন তাঁহার হাঁপানি এত প্রবল ভাব ধারণ করিয়াছিল যে, মনে হইত যেন দম বছ হইয়া আসিতেছে। তিনি তথন অধিকাংশ সময় নির্জনে কাটাইতেন, অথবা একটু ভাল মনে করিলে সামাত্ত পড়াগুনা করিতেন, চিঠিপত্র লিখিতেন কিংবা একটু বেড়াইতে বাহির হইতেন। সময়ে সময়ে এত খাসকট হইত যে, মুখ-চোখ লাল হইয়া উঠিত, স্বাঙ্গে আক্ষেপ হইত এবং উপস্থিত সকলে মনে করিতেন, বুঝি বা প্রাণবায়ু নির্গত হইয়া যাইবে। স্বামীজী বলিতেন, এই সময় তিনি একটি উচু তাকিয়ার উপর ভর দিয়া বসিয়া মৃত্যুর প্রতীকা করিতেন; ভিতর হইতে যেন ক্রমাগত নাদ উত্থিত হইত—"দোহহং সোহহং", স্থার কর্ণে যেন বাজিতে থাকিত অহৈততত্ত্বের সিদ্ধান্ত—"একমেবাদ্বয়ং ব্রহ্ম, নেহ নানান্তি কিঞ্চন।"

দেওঘরে একদিন স্বামী নিরঞ্জনানন্দের সহিত ভ্রমণে বহির্গত হইয়া তিনি দেখিলেন, রান্তার ধারে একটি তৃঃস্থ লোক পড়িয়া আছে— সে আমাশয় রোগে আক্রান্ত হইয়া যন্ত্রণায় ছটফট করিতেছে এবং শীতে কাঁপিতেছে, তাহার পরিধানে একখানি ধূলিধূসরিত ছিন্নবস্থা। এইরূপ আর্তনারায়ণের সেবার জক্ত স্বামীজীর চিত্ত খভাবতই অন্থির হইয়া উঠিল; কিন্তু তিনি খয়ং আছেন পরের বাড়ীতে; এরপ কয় দরিল্র ব্যক্তিকে গৃহস্বামীর অন্থমতি ব্যতীত কিরপে সেখানে লইয়া বাওয়া চলে! অতএব তিনি মৃহুর্তমাত্র বিধাগ্রন্ত ও কিংকর্ত্ব্যবিমৃত হইয়া সে য়য়ণার দৃষ্ট দেখিলেন। কিন্তু মৃহুর্তমাত্রই চিন্তার অবকাশ ঘটিল; তিনি তথনই গুরুল্রাতার সাহায়ে সে ব্যক্তিকে ধরিয়া দাঁড় করাইলেন এবং তৃইজনে ধরাধরি করিয়া তাঁহাকে খয় বাসস্থানে উপস্থিত করিলেন। সেখানে একথানি ঘরে তাহাকে শোয়াইয়া অকমার্জনা করিলেন, পরিকার বল্প আনাইয়া পরাইয়া দিলেন ও আগুনের সেঁক দিতে লাগিলেন। এইরপ ভশ্লমার ফলে লোকটি আরোগ্য লাভ করিল। প্রিয়নাথবার্ ইহাতে বিরক্ত হওয়া তো দ্রের কথা, বরং স্থামী বিবেকানন্দ শুধু বক্তৃতা দেন না, মৃথে যাহা বলেন, কার্ষেও তাহা করেন, তাঁহার বৃদ্ধি ও হাদয় সমভাবে উৎকর্ষ লাভ করিয়াছে এবং অতি মৃর্থ, দরিল্র ইত্যাদির মধ্যে তিনি সত্যই নারায়ণের দর্শন পাইয়া থাকেন—এই চাক্ষ্য প্রমাণ পাইয়া আহ্লাদিত হইয়াছিলেন।

দেওঘরে বসিয়াও স্বামীজী মঠের সব সংবাদ রাখিতেন। তিনি জানিতে পারিয়াছিলেন যে, তাঁহার অন্পস্থিতিকালে শ্রীমা ২০শে ডিসেম্বর মঠদর্শনে আসিয়াছিলেন এবং তাঁহার শ্রীপদরেণুস্পর্শে মঠভূমি পবিত্রীকৃত হইয়াছিল। স্বামীজী চাহিতেন যে, মঠের সাধ্রা অধ্যাত্মবিভার সহিত আধুনিক বিজ্ঞানাদিতেও পণ্ডিত হউন। তদম্সারে ঐ সময়ে ভগিনী নিবেদিতা সাধুদের আমস্ত্রণে মঠে আসিয়া ব্রহ্মচারীদের নিকট শারীরবিজ্ঞান, উভিদ্বিজ্ঞান, চিত্রবিভা ও কিণ্ডার-গার্ডেন-শিক্ষাপ্রণালী বিষয়ে কয়েকটি বক্তা দেন। এই সব সংবাদে স্বামীজী খ্বই সস্তোষলাভ করিয়াছিলেন। অবশেষে তিনি জাম্মারির শেষে (১৮৯৯) প্রবার বেলুড় মঠে গুরুল্রাত্বন্দ ও শিশ্বগণের সহিত মিলিত হইলেন।

৬। ইংরেজী জীবনীতে ৩রা ফেব্রুয়ারির উল্লেখ থাকিলেও আমরাদেখিতে পাই, স্থামীজী বেলুড়ে বিসিয়া মাাকলাউডকে ২রা ফেব্রুয়ারি তারিথে পত্র লিখিতেছেন। স্থামী সারদানন্দের দিনলিপিতে উল্লেখ আছে, স্থামীজী ১লা ফেব্রুয়ারি তাঁহাদিগকে প্রচারের জন্ম বরোদা প্রভৃতি অঞ্চলে ঘাইতে বলেন এবং ৩১শে জামুয়ারি তাঁহাকে বলেন, সাম্রাজ্যবাদী সরকার যেভাবে অর্থ ঢালিতেছেন, তাহাতে ভারতের জনতা গুটান হইয়া যাইবে; হিন্দুদের জাতিভেদও এইজন্ম দায়ী। রামকৃষ্ণ মিশনকে ইহাদের উদ্ধারের উপায় বাহির করিতে হইবে।

মঠে ফিরিয়া তিনি নিজ স্বাস্থ্যসম্বন্ধে শ্রীমতী ম্যাকলাউডকে ২রা ফেব্রুয়ারি (১৮৯৯) এক পত্রে লিখিয়াছিলেন: "বৈজ্ঞনাথে বায়্পরিবর্জনে কোন ফল হয়নি। সেখানে আট দিন আট রাত্রি স্থাসকটে প্রাণ ষায় যায়। মৃতকল্প অবস্থায় আমাকে কলকাতায় ফিরিয়ে আনা হয়। এখানে এসে বেঁচে উঠবার লড়াই শুরু করেছি। ডাঃ সরকার এখন আমার চিকিৎসা করছেন। আগের মতো হতাশ ভাব আর নেই। অদৃষ্টের সঙ্গে নিজেকে খাপ খাইয়ে নিয়েছি।"

দেওঘরের অন্তথের সংবাদ আমরা মহিষাদলের রাজার ম্যানেজার শ্রীযুক্ত শচীন্দ্রনাথ বস্থু মহাশয়ের পত্রাংশ হইতেও পাই। তিনি স্বীয় বন্ধু কাশীবাসী স্বামী গুভানন্দকে স্বামীজী সম্বন্ধে বেসব পত্র লিখিতেন, তাহার একথানিতে আছে: "১৮ই জামুয়ারি, ১৮৯৯: শ্বামীজীর শরীর বড় ভাঙ্গিয়া পড়িয়াছে। বৈখনাথ হইতে তিনি অভ ত্দিন হইল এক টেলিগ্রাম করিয়াছেন, 'আমার শরীর অত্যন্ত uneasy হইয়া উঠিতেছে—শীত্র গুপুকে পাঠাও' (গুপু—অর্থাৎ স্বামী সদানন্দ)। গতকল্য বোদ্ধে মেলে শরৎ মহারাজ ও গুপু মহারাজ চলিয়া গিয়াছেন। রাথাল মহারাজ প্রভৃতি তাঁহাকে এখানে আনিবার জন্ম বিশেষ চেষ্টা করিতে বলিয়াছেন। যদি একান্ত না আদেন পশ্চিমের কোন গিটি— (বেনারস প্রভৃতি)—যেথানে সিভিল সার্জন আছে, সেইখানে লইয়া যাইতে বলিয়াছেন। সকলেই অত্যন্ত চিন্তিত।

। শচীনবাবুর চিঠিতে একটা মজার থবরও পাওরা বায়। উহার সহিত স্বামীজীর জীবনের সাক্ষাৎ সহক্ষ না থাকিলেও আমরা এইজক্ত উল্লেখ করিতেছি বে, উক্ত ঘটনা স্বামীজীর কার্যক্ষেত্রের স্বরূপটি আমাদের সম্পুথে তুলিয়া ধরে। ঐ পত্রাংশে আছে: "গরীব রামকৃষ্ণসভা is an association recently started by the গৃহী শুক্ত's (disciples) as a sister one of the Ramakrishna Mission at Baghbazar. But the Swamijis don't approve of it, they look upon it as a rival association likely to hamper the smooth working of the Ramakrishna Mission. There is a danger of a split in the camp. The সন্নাদী's and গৃহী শুক্ত's were never so opposed to each other." তাহার ১৯ই মার্চের পত্রাংশে আছে যে, গিরীক্রবাবু, হরমোহনবাবু প্রভৃতি সেবারে ঠাকুরের উৎসবে মঠে যান নাই—আলাদা উৎসব করিয়াছিলেন: "এদিকে গৃহীদের সহিত breach থ্ব wide হইতে চলিল।" অবশু শচীনবাবু এই বিচ্ছেলকে বড় করিয়া দেখিতেছিলেন—গরবর্তী ইতিহাস তাহার শুরের সত্যতা প্রমাণ করে নাই!

স্বাস্থ্য বেমনই হউক, চুপ করিয়া থাকা তাঁহার ধাতে ছিল না। ২রা ফেব্রুয়ারি পূর্বোক্ত পত্রেই আছে: "আবার কাজে লেগেছি, ঠিক নিজে করছি না, ছেলেদের পাঠিয়ে দিচ্ছি সারা ভারতে আবার একটা আলোডন জাগাবার জন্ম।" কথাটার ব্যাখ্যা পাওয়া যায় ইংরেজী জীবনীতে। ঐ গ্রন্থামুসারে বৈজনাথ হইতে ফিরিবার ঠিক পরদিনই তিনি একটি সভা ডাকিয়া সন্ন্যাসীদের বুঝাইলেন যে, অতীত যুগে ভগবান বুদ্ধের অহুগামীরা যেভাবে দুর্দুরাস্তরে গমনপুর্বক বৃদ্ধের বাণী প্রচার করিয়াছিলেন, শ্রীরামক্কফারগামীদিগকে এযুগে ঠিক তেমনি ভারতের দর্বত্র দে বাণীর বার্তাবহরূপে দিগদিগম্ভরে ছড়াইয়া পড়িবার জ্বন্ত প্রস্তুত থাকিতে হইবে। এই সিদ্ধান্তামুদারে তিনি সেই দিনই স্বীয় শিশু স্বামী বিরজানন্দ ও স্বামী প্রকাশানন্দকে তৎক্ষণাৎ পূর্ববঙ্গের ঢাকা শহরে যাইতে আদেশ করিলেন। প্রথম শিশু বিনীতভাবে নিবেদন করিলেন. "স্বামীন্ত্ৰী আমি কি প্ৰচার করব ? আমি তো কিছুই জানি না।" স্বামীন্ত্ৰী তারশ্বরে বলিয়া উঠিলেন, "তবে যা, তাই বলগে। ওটাও তো একটা মন্ত বড় কথা।" শিশু তবু মিনতি করিতে লাগিলেন যাহাতে তিনি তপস্থার অহমতি পাইতে পারেন, কার্ষে নামিবার পূর্বে প্রথমে জ্ঞানলাভপুর্বক আত্মমুক্তির ব্যবস্থা করিতে পারেন। ইহাতে স্বামীজী গজিয়া উঠিয়া বলিলেন, "তুই যদি আত্মমুক্তির জন্ম সাধনা করতে চাস তো তুই জাহাল্লমে যাবি। পরমার্থ লাভ করতে হলে পরের মৃক্তির জন্ম চেষ্টা কর, আত্মমৃক্তির লালসায় জলাঞ্জলি দে। ঐ হলো দর্বশ্রেষ্ঠ সাধনা।" তারপর তিনি আরও নরম হইয়া বলিলেন, "বাবারা, কাজে লেগে যা, মনপ্রাণ দিয়ে কাজে লেগে যা! ঐ হচ্ছে কাজের কথা; ফলের দিকে দৃষ্টি দিবি না। যদি অপরের কল্যাণসাধন করতে গিয়ে নরকগামী হতে হয়, তাতেই বা ক্ষতি কি ? স্বার্থপরতা নিয়ে নিজের স্বর্গলাভ করার চেয়ে এ ঢের ভাল।" পরে তিনি ঐ শিশুদ্বমকে ঠাকুরঘরে ভাকিয়া পাঠাইলেন এবং দেখানে তিনজনে কিয়ৎকাল ধ্যানে কাটাইবার পর তিনি গন্ধীরকণ্ঠে বলিলেন. "এখন আমি তোদের ভেতর আমার শক্তিসঞ্চার করব; ঠাকুর তোদের পেছনে থাকবেন।" সেদিন সারাক্ষণই তাঁহাকে বেশ স্নেহময় বলিয়া বোধ হইয়াছিল এবং তিনি তাঁহাদের বুঝাইয়া দিয়াছিলেন, কিভাবে প্রচার করিতে হইবে ও কিরূপ ব্যক্তিকে কিরূপ মন্ত্র দিতে হইবে। এই প্রকারে শ্রীগুরুর আশীর্বাণী মন্তকে ধারণপূর্বক তাঁহারা ৪ঠা ফেব্রুয়ারি ঢাকা রওনা হইষা

গেলেন। স্বামীজী স্বীয় গুরুত্রাতা সারদানন্দ ও তুরীয়ানন্দকেও গুরুরাটে প্রচারের জন্ম আদেশ করিলেন এবং ইহারাও ৭ই ফেব্রুয়ারি ঐ জন্ম যাত্রা করিলেন। (ইংরেজী জীবনী, ৬৩০ পৃ:)।

স্বামী ত্রিগুণাতীত অনেককাল ধরিয়া চেষ্টা করিতেছিলেন, রামক্লফ-ভাবধারা প্রচারের জন্ম বঙ্গভাষায় একখানি সাময়িক পত্র প্রকাশ করিবেন। স্বামীজী এই প্রস্তাবটি দর্বান্তঃকরণে দমর্থন করিয়াছিলেন এবং আমেরিকা হইতে লিখিত একাধিক পত্রে এই বিষয়ে উৎসাহ দিয়াছিলেন। পরেও নানাভাবে সাহায্য করিয়াছিলেন। শ্রীমতী ম্যাকলাউড লিথিয়াছেন: "মঠ স্থাপনের জন্ম শ্রীযুক্তা ওলি বুল বছ সহস্র ডলার দিয়াছিলেন। আমার তো বেশী কিছু ছিল না: তাই আটশত ডলার জ্মাইতে কয়েক বংসর কাটিয়া গেল। একদিন আমি স্বামীজীকে বলিলাম, 'এই একটু সামান্ত অর্থ আছে; আপনার কাজে লাগতে পারে।' তিনি বলিলেন, 'তাই নাকি ? তাই নাকি ?' 'হাঁ।' 'কত হবে ?' —তিনি ভ্রধাইলেন। এবং আমি উত্তর দিলাম, 'আটশ ডলার।' তৎক্ষণাৎ তিনি স্বামী ত্রিগুণাতীতের দিকে ফিরিয়া বলিলেন, 'এই নে, তোর প্রেস কিনে ফেল।' তিনি প্রেদ কিনিলেন এবং উহা হইতে 'উলোধন'-নামক রামক্লফ-সভ্যের (মুখপত্র) বাঙ্গলা সাময়িক (পাক্ষিক—পরে মাসিক) পত্রিকা প্রকাশিত হইল" ('রেমিনিদেন্সেন', ২৪৩ পুঃ)। প্রেস ক্রম্ব করা হইয়াছিল ১৮৯৮ খুষ্টাব্দের একেবারে শেষে। প্রেসের জন্ম টাকার সংস্থান করা ছাড়াও স্বামীজী 'উদ্বোধন'-এর জন্ম প্রবন্ধ লিখিয়া এবং ভক্তদিগকে প্রবন্ধ লিখিতে ও গ্রাহক হইতে বলিয়া এই কার্যে সহায়তা করিয়াছিলেন। পত্রিকার নাম তিনিই নির্বাচিত करत्रन। चान्नुविक वावस्था नव क्रिक इटेशा श्रात्म भाग (১৩০৫, हेर ১৮৯৯, জামুয়ারির মধ্যভাগ) 'উদ্বোধন'-এর প্রথম সংখ্যা বাহির হইল; স্বামীজী তথন বৈশ্বনাথে। মঠে ফিরিয়া এই বিষয়ে শিশু শরৎবাবুর সহিত যে আলাপ হয় তাছার বিবরণ দিতে গিয়া শরৎবাবু লিখিয়াছেন ('বাণী ও রচনা,' ১।১৭৩-৭৭):

"পত্তের প্রস্তাবনা স্বামীজী লিখিয়া দেন এবং কথা হয় যে, ঠাকুরের সন্ন্যাসী ও গৃহী ভক্তগণ এই পত্তে প্রবন্ধাদি লিখিবেন। সক্তর্মপে পরিণত 'রামক্বঞ্চ মিশনের' সভ্যগণকে স্বামীজী এই পত্তে প্রবন্ধাদি লিখিতে এবং ঠাকুরের ধর্ম-সম্বন্ধীয় মত পত্ত সহায়ে জনসাধারণের মধ্যে প্রচার করিতে অন্থরোধ করিয়া-ছিল্লেন।" শরংবাবুর সহিত আলোচনাকালে স্বামীজী বলিয়াছিলেন: "এই পত্তের

ভাব ভাষা—সব নৃতন ছাঁদে গড়তে হবে। ঠাকুরের ভাব তো সবাইকে দিতে হবেই; অধিকন্ত বাঙ্গলা ভাষায় নৃতন ওজন্বিতা আনতে হবে। এই ষেমন---কেবল ঘন ঘন ক্রিয়াপদের ব্যবহার করলে, ভাষার দম কমে যায়। বিশেষণ मिराय कियाभागत वावशात शिल कियाय मिरा हरत ।... कुर वृक्षि मान करत हिंग. ঠাকুরের এইসব সন্ন্যাসী সম্ভানেরা কেবল গাছতলায় ধুনি জ্বালিয়ে বদে থাকতে জন্মেছে ? এই দেখ, আমার আদেশ পালন করতে ত্রিগুণাতীত সাধনভক্তন. ধ্যানধারণা পর্যন্ত ছেড়ে দিয়ে কাজে নেবেছে। এ কি কম স্বার্থত্যাগের কর্থা। আমার প্রতি কতটা ভালবাসা থেকে এ কর্মপ্রবৃত্তি এসেছে বল দেখি ! ... দেলে নবভাব প্রচারের দারা জনসাধারণের কল্যাণ সাধিত হবে। এই ফলাকাজ্জারহিত কর্ম বুঝি তুই সাধন-ভজনের চেয়ে কম মনে করেছিস ? অথামরা তো গৃহীদের মতো নিজেদের রোজগারের মতলব এঁটে এ কাজ করছি না। 📆 পরহিতেই আমাদের সকল কাজ কর্ম-এটা জেনে রাখবি। ... কোন বিষয়কে প্রথমে পায়ে দাঁড় করাবার শক্তি এখনও তোদের হয় নি। সেটা করতে এইসব সর্বত্যাগী সাধুরাই সক্ষম। এরা কাজ ক'রে ক'রে মরে যাবে, তবু হটবার ছেলে নয়।" এইরপ কথা বলিতে বলিতে স্বামীন্ধী স্বামী ব্রন্ধানন্দকে ডাকিলেন এবং "আবশ্রক হইলে ভবিশ্বতে ত্রিগুণাতীত স্বামীকে আরও টাকা দিতে আদেশ করিলেন।" তারপর তিনি শিয়াকে বলিতে লাগিলেন, "উদ্বোধনে সাধারণকে কেবল গঠন-মূলক ভাব দিতে হবে, নেতিবাচক ভাব মাহুষকে তুর্বল করে দেয়। দেখছিস না, যেসকল মা-বাপ ছেলেদের দিনরাত লেখাপড়ার জ্ঞ্ম তাড়া দেয়, বলে, 'এটার किছ হবে না, বোকা, গাধা'—তাদের ছেলেগুলো অনেক স্থলে তাই হয়ে দাঁড়ায়। ... ঠাকুরকে দেখেছি— যাদের আমরা হেয় মনে করতুম, তাদেরও তিনি উৎসাহ দিয়ে জীবনের মতিগতি ফিরিয়ে দিতেন।"

স্বামীন্ত্রী এই কালে বক্তৃতা করিতেন না; কিন্তু ভগিনী নিবেদিতা, স্বামী সারদানন্দ ও অপর কেহ কেহ তথন প্রীরামক্বফের ভাবপ্রচারে নিরত ছিলেন। স্বামীন্ত্রী মাঝে মাঝে এইসব বক্তৃতায় উপস্থিত থাকিতেন। ২৬শে ফেব্রুয়ারি ভগিনী নিবেদিতা মিনার্ভা থিয়েটারে যখন 'নব্য-ভারত-আন্দোলন' বিষয়ে বক্তৃতা দেন, তখন মঠের অপরাপর সাধুদের সহিত স্বামীন্ত্রীও সেখানে গিয়াছিলেন। ঐ বৎসরই ১৯শে মার্চ (১৮৯৯) বর্তমান বেল্ড় মঠে সর্বপ্রথম শ্রীরামক্বফদেবের জ্বাথেসব মহাসমারোহে উদ্ধাপিত হয়। ঐ উপলক্ষ্যে নিবেদিতা বক্তৃতা

দেন ও স্বামীকী প্রভৃতি সকলেই উহা প্রবণ করেন। নিবেদিতা তাঁহার বজ্নতার সারবন্ধর জন্ম স্বামীকীরই উপর নির্ভর করিতেন, ইহার প্রমাণস্বরূপ ক্ষানিতে পারা যায় যে, ১২ই ক্ষেত্রন্থারি তিনি আলবার্ট হলে কালী ও কালীপুক্ষা সম্বন্ধে বজ্নতার পূর্বে বক্তব্য বিষয় লিখিয়া স্বামীকীকে দেখিতে দেন এবং তিনিও পড়িয়া স্বামাদন করেন। ২৮শে মে নিবেদিতা কালীঘাটে যে বজ্নতা দেন, তাহারও তথ্যাংশ তিনি স্বামীকী ও স্বামীকীর জনক শিশ্বের সাহাধ্যে সংগ্রহ করেন। ঐ সভায় স্বামীকীর উপস্থিত থাকিবার কথা ছিল; কিন্তু স্বস্থ্যতাবশতঃ তাহা সম্বব হয় নাই।

রামকৃষ্ণ মিশনের ইতিহাসে এই বংসরের অক্ততম প্রধান ঘটনা প্লেগ-রোগাক্রাস্টদের সেবা ও রোগনিবারণার্থ বিবিধ প্রচেষ্টা। এই কার্যপরিচালনার জন্ম মিশন একটি কমিটি গঠন করিয়াছিলেন। 'উদ্বোধন'-এ (১৫ই জৈ) है, ১৩০৬) এই বিষয়ে লিখিত হইয়াছিল: "কলিকাতায় প্লেগ-কার্য-সম্পাদিকা ভগিনী নিবেদিতা. প্রধান কার্যাধ্যক স্বামী সদানন। অন্তান্ত কার্যকারিগণ— ১। স্বামী শিবানন্দ; ২। স্বামী নিত্যানন্দ; ৩। স্বামী আত্মানন্দ।" কলিকাতায় প্লেগ আসার তুর্ভাবনা স্বামীক্ষীর মনে পূর্ব হইতেই ছিল: সভাই ষ্থন উহা শুকু হইল, তথন তিনি ৩১শে মার্চ হইতে উক্ত বিধানে সেবাকার্য আরম্ভ করাইলেন। তাঁহার অন্তপ্রেরণায় গুরুভক্ত সদানন্দ ও গুরুগতপ্রাণা নিবেদিতা কিরুপ অমাত্র্যিক পরিশ্রম করিয়াছিলেন, তাহার বর্ণনা দেওয়ার স্থান ইহা নহে। আমাদের বক্তবা ভগু এইটকু যে, স্বামীজীর মহাপ্রাণের স্পন্দন অন্ত বছপ্রাণেও দাড়া জাগাইয়াছিল এবং তাঁহারাও মিশনের কার্বে অর্থ ও দামর্থ্যামুদারে সাহায্য করিতে আগাইয়া আদিয়াছিলেন। অর্থনংগ্রহের জন্ম ও প্লেগ হইতে মুক্ত থাকা বিষয়ে উপদেশ দেওয়ার উদ্দেশ্তে মিশনের উত্তোগে ক্লাসিক থিয়েটারে একটি জনসভা আহুত হয়; উহাতে স্বামীজীর সভাপতিত্বে নিবেদিতা 'প্লেগ ও ছাত্রগণের কর্তবা' বিষয়ে বক্ততা দেন। স্বামীজীর ও নিবেদিতার উদ্দীপনাময় যুক্ত-আহ্বানে সেদিন পনর জন ছাত্র স্বেচ্ছাসেবক হিসাবে মিশনের কার্ষে যোগ দেন। ('ভগিনী নিবেদিতা,' ১৪০)।

শীশীরামক্কফের জন্মতিথিতে ১৮৯৯ খৃষ্টাব্দের ১৯শে মার্চ আলমোড়া জেলার পুর্বাংশে মারাবতী নামক স্থানে হিমালয়ের শাস্ত শীতল, স্থলর ও শ্রামল পুরিবেশের মধ্যে প্রায় ৬৫০০ ফুট উচ্চ এক পাহাড়ের উপর অবৈত আশ্রম

স্থাপনের ফলে স্বামীক্ষীর স্থার একটি মহতী ইচ্ছা পরিপূর্ণ হইল। স্থামরা দেখিয়া আসিয়াছি এবং বিবেকানন্দ-সাহিত্যের পাঠকমাত্র অবগত আছেন ষে, স্বামীন্ধী বরাবরই এই সঙ্কল পোষণ করিতেন এবং ক্যাপ্টেন সেভিয়ার ইহা কার্যে পরিণত করার দায়িত্ব গ্রহণ করিয়াছিলেন। স্বামীজীর ইচ্ছা ছিল, হিমালয়ের কোন নিভূত স্থানে এমন একটি অবৈতভাবমূলক আশ্রম প্রতিষ্ঠিত হইবে বেথানে অফুষ্ঠান ও ক্রিয়াকলাপাদি-বিরহিত শুদ্ধ অবৈত-সাধনা চলিতে থাকিবে ও ষেথানে প্রাচ্য ও প্রতীচ্যের শিষ্মবৃদ্ধ পরস্পরের সহিত ভাতভাবে মিলিবেন ও উভয় ভৃথণ্ডের ভাবরাশির আদান-প্রদানের অবকাশ পাইবেন। এই উদ্দেশ্যসাধনের অহুকুল ভূমি সংগ্রহের জন্ম তিনি ও সেভিয়ার ধরমশালা, মারী, শ্রীনগর, দেরাত্ন, আলমোড়া প্রভৃতি বহু অঞ্চলে যুক্তভাবে किংবা পৃথক্ পৃথক্ চেষ্টা করিয়া ব্যর্থমনোরও হওয়ায় অবশেষে আলমোড়ার একটি ভাড়া-বাড়ীতে সেভিয়ার ও স্বরূপানন্দের দারা 'প্রবুদ্ধ-ভারত' পরিচালন-কার্ষের গোড়াপত্তন করিয়া স্বামীজী অন্তত্ত ভ্রমণে চলিয়া গিয়াছিলেন। অতঃপর দেভিয়ার-দম্পতিই এই পরিকল্পনার রূপায়ণে তৎপর হইয়া **যথাকালে মা**য়া-বতীর এই জমির সন্ধান পাইলেন এবং স্বামী স্বরূপানন্দের সহিত উহা দেখিতে গিয়া পছন্দ করিলেন। স্থানটির নিজম্ব মনোহারিত্ব তো আছেই, আবার সেখান হইতে নন্দাদেবী, ত্রিশুল, আপি প্রভৃতি উচ্চ শুক্ষসম্বলিত স্থদীর্ঘ চির-প্রদেশ খুবই নির্জন। সেভিয়ার এই স্থবিস্থত জমিটি ক্রয় করিলেন এবং উহাতে অবৈত আশ্রম প্রতিষ্ঠা করিয়া সাধুদের সহিত সেথানে বসবাস আরম্ভ করিলেন। 'প্রবৃদ্ধ-ভারত'—পত্রিকাও সেখানে চলিয়া স্থাসিল।

স্বামীন্দ্রীর ভাবধারা ব্ঝিবার পক্ষে এই. স্ববৈতাশ্রমের পরিকল্পনাটি স্ববশ্য স্থায়ে। ইহার স্মুষ্ঠানপত্তের (প্রস্পেক্টাস-এর) স্পন্ত করার জন্ম তিনি বে লিপিটি পাঠাইয়াছিলেন, তাহার স্মুখ্যাদ এই (-'বাণী ও রচনা', ১০।২৬৩):

"বাহার মধ্যে এই ব্রহ্মাণ্ড, যিনি এই ব্রহ্মাণ্ডে অবন্ধিত, আবার বিনিই এই ব্রহ্মাণ্ড, বাহার মধ্যে আত্মা, বিনি এই আত্মার মধ্যে অবন্ধিত, এবং বিনিই এই মানবাত্মা, তাঁহাকে, অতএব এই ব্রহ্মাণ্ডকে আত্মন্থপ, জানিলে আমাদের সমন্ত ভন্ন দূর হইন্না ত্বংধের অবদান হন্ন এবং পরম মৃক্তিলাভ হন্ন। বেধানেই প্রেমের প্রসারণ কিংবা ব্যক্তিগত বা সমষ্টিগত স্থান্যছন্দ্যের উন্নতি দেখা যান্ত্র,

সেধানেই উহা শাশত সত্যের—বহুত্বে একত্বের উপলব্ধির, উহার ধারণা ও কার্য-কারিন্দের মধ্য দিয়াই প্রকাশিত হইয়াছে। পরাধীনতাই ছঃধ; স্বাধীনতাই স্থুধ।

"অবৈত্তই একমাত্র মতবাদ, যাহা মহয়তকে তাহার স্বাধিকার প্রদান করে, এবং তাহার সমন্ত পরাধীনতা, তৎসংশ্লিষ্ট সকল কুসংস্কার দূর করিয়া আমাদিগকে সর্বপ্রকার ত্বংথ সন্থ করিবার ক্ষমতা ও কার্য করিবার সাহস প্রদান করে; পরিশেষে উহাই আমাদিগকে পূর্ণ স্বাধীনতা লাভ করিতে সক্ষম করে।

"দৈতভাবের ত্র্বতা হইতে সম্পূর্ণ মুক্ত করিয়া এতদিন এই মহান সত্য প্রচার করা সম্ভবপর হয় নাই। এই কারণে আমাদের ধারণা—এই ভাব মানবসমাজ্যের কল্যাণে সম্যক্ প্রচারিত হয় নাই।

"এই মহান সত্যকে ব্যক্তিগত জীবনে স্বাধীন ও পূর্ণতর প্রকাশের স্থযোগ দিয়া মানব-সমাজকে উন্নত করিতে আমরা হিমালয়ের এই উর্বপ্রদেশে—বেধানে ইহা প্রথম উদ্গীত হইয়াছিল—এই অবৈত আশ্রম স্থাপন করিতেছি।

"এখানে সমন্ত কুসংস্কার এবং বলহানিকারক মলিনতা হইতে অবৈতভাব মুক্ত থাকিবে, আশা করা যায়। এখানে শুধু 'একত্বের শিক্ষা' ছাড়া অন্ত কিছুই শিক্ষা দেওয়া বা সাধন করা হইবে না। যদিও আশ্রমটি সমন্ত ধর্মমতের প্রতি সম্পূর্ণ সহামূভ্তিসম্পন্ন, তব্ও ইহা অবৈত—কেবলমাত্র অবৈতভাবের জন্তই উৎসগীকৃত হইল।"

সামীজীর জীবনের কার্যাবলীর মূল স্ত্রগুলি এই লেখার মধ্যে বিশ্বন্ত থাকিলেও, স্বামী বিবেকানন্দকে ব্রিবার পক্ষে ইহাই ষথেই নহে। ইহারই সাক্ষ্যস্বরূপে আমরা শ্রীশচীন্দ্রনাথ বহুর আর একটি পত্রাংশ উদ্ধৃত করিলাম। পত্রমধ্যস্থ ইংরেজী শব্দগুলির বলাহ্যাদ আমাদের: "মিদ নোবল স্বামীজিগণের নিকট জনেকটা স্থ্যাতি লাভ করিয়া গিয়াছেন। তাঁহার লাস্ট লেকচার (শেষ বক্তৃতা) কালীঘাটের মায়ের নাটমন্দিরে হইয়াছিল। স্বামীজীও এই লেকচারে [সাবজেক্ট (বিষয়)—কালী] প্রিসাইড (সভাপতিত্ব) করিবেন, এইরূপ দ্বির হইয়াছিল—হালদারেরা এই বিষয়ে বিশেষ উদ্বোগী ছিলেন। তাঁহাদের ইদানীং স্বামীজীর উপর বিশেষ ভক্তি হইয়াছিল। তাহার কারণ ইহার এক সপ্তাহ পূর্বেণ্ড স্বামীজী সহসা কালীঘাটে মায়ের শ্রীমন্দিরে বাইবার ইছে৷ করিয়া ত্ই-

৮। কালী সম্বন্ধে কালীঘাটে নিবেদিতার বক্তৃতা হয় ২৮শে মে রবিবার বিকাল পাঁচটার। অজুএব শচীনবাবুর বর্ণিত ঘটনাটি ২১শে মে তারিখের হইতে পারে।

ভিনম্বন মহারাম্ব (অর্থাৎ সন্থাসী) ও মিস নোবল সহ তথার যাইলেন—
হালারেরা সমন্ত্রমে তাঁহাদিগকে গ্রহণ করিলেন। মারের মন্দিরের বার
উদ্ঘাটিত ছিল। মারের প্রসন্ধ শ্রীমৃথমণ্ডল দর্শন করিয়া বিবেকানন্দের হারে
ভাবসাগর উথলিয়া পড়িল। বেদান্তের কঠোর আবরণ ভেদ করিয়া ভাবরাশি
ছুটিয়া বাহির হইতে লাগিল। কিছুক্ষণ পরে তাঁহার ধৈর্যচাতি হইল—বিশাল
লোচনহয় আরক্তিম হইল, দরদর বেগে প্রেমাশ্রুধারা প্রবাহিত হইল, বামীজীর
কমনীয় কঠ হইতে অনর্গল স্থানর ত্তরয়াজি বাহির হইতে লাগিল, তাঁহার হার্দ্ধ
আনন্দে পরিপূর্ণ হইল, অঞ্চলি ভরিয়া ভরিয়া চন্দনচর্চিত জবাক্ষন শ্রীপাদপদ্ধে
অর্পণ করিলেন, সকলকে দিতে বলিলেন। কালীঘাটবাসী সকলে ভাব দেখিয়া
বিশ্রিত হইল। মিস নোবল তৎপরে লেকচার দিবেন এইরূপ স্থির হইয়াছিল।
লোক ভাঙ্গিয়া পড়িয়াছিল—অবশ্র স্থামীজীকে দেখিতে ও শুনিতে। আমিও
গিয়াছিলাম, মানিকদাদাও গিয়াছিলেন। কিন্তু লোকেরা যথন শুনিল যে,
স্থামীজী কতকটা অস্তুম্ব এবং আসিতে পারিবেন না, তথন তাহারা অতীব
নিরাশ হইয়াছিল।"

যুগাচার্থের জীবনে স্থান কাল ও পাত্র অন্থায়ী বিবিধ ভাব বিকশিত হইয়া বিভিন্ন ধারায় সকলের কল্যাণ সাধন করিবে, ইহাই স্বাভাবিক নিয়ম। এই মৌলিক কথা মনে রাথিলেই মাত্র স্বামীজীকে ব্ঝিতে পারা যায়। দৃষ্টাস্তস্বরূপে স্বামী শুদ্ধানন্দ বলিয়াছিলেন: "তথন মঠে স্বামীজীর সেবা করি, দিনরাতই কাছে কাছে থাকতে হয়। একদিন সকালে এক ছোকরা এসে বললে, 'স্বামীজী আপনি ভো দেশ-বিদেশে নতুন এক ধর্ম প্রচার করে এলেন?' স্বামীজী বললেন, 'নতুন ধর্ম বলতে তুমি কি বোঝ?' দে বললে, 'আপনি তো গঙ্গান্ধানে মৃক্তি হয় —এ-সব মানেন না?' স্বামীজী বললেন, 'সে কি! আমি রোজ গঙ্গান্ধান করি, তা সম্ভব না হলে একটু গঙ্গান্ধল মাথায় দিই, মুথে দিই।' সে তো স্বর্ঝে চলে গেল। একটু পরে এক প্রোচ্ন ত্রান্ধণ এসে বলছেন, 'স্বামীজী আপনি তো আমাদের সনাতন হিন্দুধর্মই সারা পৃথিবীতে প্রচার করে এলেন? ধন্ত আপনি!' স্বামীজী বললেন, 'সনাতন হিন্দুধর্ম বলতে আপনি কি বোঝেন?' 'এই কালীতে মরলে মৃক্তি হয় এটা তো আপনি মানেন?' 'না, জ্ঞান বিনা

৯। শেব ৰাকাট ইংরেজীর অনুবাদ। পত্রথানির তারিথ ১০ই জুলাই, ১৮৯৯। এই একই পত্রে বামীজীর দ্বিতীয় বার মার্কিন দেশে বাইবার আয়োজনের সংবাদও আছে।

ষ্তি হয় না। জ্ঞান হলে বেখানেই মকক মৃত্তি হবে ! জ্ঞানের চর্চা করুন, আমি সর্বদা জ্ঞানের চর্চা করি।' আমি ভো ছজনের সঙ্গে ছ-রকম কথা শুনে অবাক্। নতজারু হয়ে বলল্ম, 'আমীজী, ওরা তো যে যার চলে গেল, আমি যে পড়লাম মহাফাপরে ?' আমীজী বললেন, 'তুই জ্বিগ্যেস কর, তোকে ভোর মত উত্তর দেব।' আমি বলল্ম, 'বল্ন, তাহলে কিসে মৃত্তি ?" আমীজী গছীরভাবে আমার দিকে চেয়ে বললেন, 'গুলুনেবায়'।" › °

আমরা দেখিয়া আসিয়াছি, স্বামীজীর পরিকল্পনা বিবিধাকারে রূপায়িত হইতেছিল। তাঁহার উত্যোগ, উৎসাহ ও অহুপ্রেরণায় কলিকাতায় রামক্লফ মিশন প্রতিষ্ঠিত হইয়াছিল। কয়েকটি স্বায়ী কার্যক্ষেত্র এবং প্রচারকেন্দ্রও প্রবর্তিত ছ্ইয়াছিল—বেলুড়ে, মান্ত্ৰাজে, মায়াবতীতে, কলিকাতায় (নিবেদিতার বিভালয়), মুর্শিদাবাদের মহলা গ্রামে (অনাথ আশ্রম) ও নিউ ইয়র্কে। লণ্ডন, সিংহল ইত্যাদি স্থানেও প্রচারকার্য চলিতেছিল। তাঁহার আদেশে সারদানন্দ ও তুরীয়ানন্দ কাথিয়াওয়ারে এবং বিরজানন ও প্রকাশানন পূর্ববন্ধে প্রচারার্থ গিয়া করেক মাস ঐ কার্যে নিরত ছিলেন। পূর্ববঙ্গের এই প্রচারকার্যের ফলম্বরূপে পরে যথাকালে স্থায়ী কর্মকেন্দ্রও গড়িয়া উঠিয়াছিল। অধিকন্ত বিভিন্ন অঞ্চলে অস্থায়ী সাহায্য-কার্যও চলিতেছিল; মূর্শিদাবাদ জেলায় স্বামী অথণ্ডানন্দের তুর্ভিক্ষ-সেবাকার্যের কথা আমরা বলিয়া আসিয়াছি; কলিকাতায় তুইবার প্লেগকার্যের কথাও লিপিবদ্ধ হইয়াছে। ১৮৯৭ খুষ্টাব্দের আগন্ট মানে স্বামী ত্রিগুণাতীতের নেতৃত্বে দিনাজপুরে তুর্ভিক-সেবাকার্য পরিচালিত হয়; তিনি সেধানে চুরাশীটি গ্রামের বছ সহস্র ব্যক্তিকে জ্বাতিধর্ম-নির্বিশেষে সেবা করিয়াছিলেন। প্রায় একই সময়ে স্বামী বিরজানন্দ দেওঘরে তৃতীয় আর একটি সেবাকেন্দ্রের পরিচালনা করেন। দক্ষিণেশ্বর ও কলিকাতায়ও অফুরুপ কার্য পরিচালিত হইয়াছিল। এই সকল কার্বের সমকালে শ্রীরামক্তফের ভাবধারা প্রচারের জন্ম হুইধানি সামন্বিক-পত্র— 'প্রবৃদ্ধ-ভারত' ও 'উদ্বোধন'—রামকৃষ্ণ মঠের সাধুদের বারা সম্পাদিত ও প্রকাশিত হইতেছিল, আর একখানি সাময়িকপত্র—'বেদাস্ককেশরী'—স্বামীজীর স্বাহুকুল্যে তাঁহারই ভক্তগণ মাদ্রাব্দ হইতে বাহির করিতেছিলেন। প্রচারকার্য তথন স্পারও একটি ধারাবলম্বনে প্রবাহিত হইতেছিল-প্রতিবংসর বিভিন্ন ম্বলে শ্রীরামক্রফ

[্]ট্ৰ-। 'উৰোধন', বিৰেকানন্দ-শতবাৰ্ষিক সংখ্যা, ২৬৩-৬৪।

জম্মোৎসবাহ্নষ্ঠান প্রবর্তিত হওয়ায় বহু সহস্র ব্যক্তি তাঁহার প্রতি আক্টুই হইবার স্থযোগ পাইতেছিল। এতঘ্যতীত স্বামীজীর পুস্তক ও বক্তৃতাদি মুদ্রিত হইয়া দুরদুরাস্তরে শ্রীরামকৃষ্ণবাণী বহন করিতেছিল।

. এই বিরাট কার্যাবলীর প্রতি দৃষ্টিনিক্ষেপ করিলে সহজেই বোধগম্য হইবে, স্বামীজীর প্রকল্পগুলি কত ক্রত ফলপ্রস্থ হইতেছিল। কিন্তু স্বামীজী শুধু কার্য-প্রসারের ক্রততায় সম্ভুষ্ট ছিলেন না, তিনি জানিতেন ভাবসংশুদ্ধির প্রতি সমুচিক দৃষ্টি না রাখিলে অতিপ্রসারের ফলে মুলভিত্তিই বিপর্যন্ত হইতে পারে। এই**জন্ম** তিনি স্বয়ং বক্তৃতা, পুস্তক প্রণয়ন ও কথাবার্তার মাধ্যমে স্বীয় ভাবসমষ্টি মুপরিক্টাকারে প্রকাশের জন্ম অতিমাত্র আগ্রহান্বিত ছিলেন। এই প্রচেষ্টা তুইটি ধারা অবলম্বনে চলিয়াছিল—জনসাধারণের জন্য এবং শ্রীরামক্লফ-ভক্তগোষ্ঠার জন্ত। এই দিতীয় ক্ষেত্রে আবার তিনি বুঝিয়াছিলেন যে, একটা স্থদংবদ্ধ সন্ন্যাসি-প্রতিষ্ঠান গড়িয়া না তুলিলে সংহত-শক্তি, উদ্দেশ্যের একতানতা ও আদর্শামুসরণে আত্মত্যাগের পরম্পরা সংরক্ষিত হইবে না এবং তাহার ফলে ভাবসংশুদ্ধিও ব্যাহত হইবে। এই অভিপ্রায়ামুসারে তিনি মার্কিন দেশেও সবিশেষ চেষ্টা করিয়াছিলেন ও ভারতে আসিয়া ঐ দিকে অধিকতর মনোযোগ দিয়াছিলেন ৷ এই কার্যে স্বামীন্ত্রীকে কিরপ বাধা অতিক্রম করিতে হইয়াছিল, তাহার আভাস পুর্বেই দিয়া আসিয়াছি। আমরা আরও দেখিয়াছি, জনসাধারণও তাঁহার মতাবলীকে বা সনাতন ধর্মের নবীন ব্যাখ্যাকে দ্বিধাহীনচিত্তে অভিনন্দিত করে নাই। এখানে নৃতন হুই-চারিটি ঘটনার পরিপ্রেক্ষিতে ঐ বিষয়েরই আর একটু দিগ্দর্শনে প্রবৃত্ত হইব। আমরা জানি, স্বামীজী চাহিতেন বনের বেদাস্তকে সমাজজীবনে প্রতিষ্ঠিত দেখিতে, স্বার্থপ্রণোদিত আত্মমুক্তির আকাজ্ঞাকে ১১ সর্বমৃক্তির আকৃতিতে পরিণত করিতে এবং আচারাদির পঙ্কিল গর্ত হইতে উদ্ধার করিয়া আধ্যাত্মিকতাকে স্ফটিকস্বচ্ছ বেগবতী বিশাল শ্রোতিষ্বনীর আকার প্রদান করিতে। সভ্যর্থ যথনই ঘটিত, তথন ঠিক এই-থানেই ঘটিত।

'হিতবাদী'র স্বনামধন্ম স্বদেশপ্রেমিক সম্পাদক স্বর্গত স্থারাম গণেশ দেউস্কর

১১। মৃক্তির আকাজ্জা দুই প্রকারে প্রকটিত হইতে পারে—সংসারের পীড়াদারক পরিবেশ হইতে মৃক্ত হওয়ার চেট্টারপে, অথবা ভগবংপ্রেরণার আধ্যাদ্ধিক পরিপূর্ণতালাভের সাধনাকারে।
আমরা প্রথম দিকটারই কথা বলিতেটি।

একদিন ছইজন বন্ধুসহ স্বামীজীর সহিত আলাপ করিতে আসিয়াছিলেন। বন্ধদের মধ্যে একজন পাঞ্চাব হইতে আসিয়াছেন জানিয়া স্বামীজী তাঁহার সহিত ঐ প্রদেশের অভাবাদির সম্বন্ধে কথাবার্তা আরম্ভ করিলেন। তথন পাঞ্চাবে অন্নাভাব চলিতেছিল; অতএব অন্নাভাব দুরীকরণের বিবিধ উপায়ের আলোচনা প্রসঙ্গে স্বামীন্ধী ক্রমে জনসাধারণের উন্নতিবিধানের কথায় আসিয়া পড়িলেন এবং বুঝাইয়া দিলেন যে, তাহাদের বৈষয়িক ও সামাজিক প্রগতির জন্ম শিক্ষাপ্রদানের দায়িত্ব উচ্চবর্ণের শিক্ষিত ধনাত্য ব্যক্তিদিগকেই গ্রহণ করিতে হইবে। এই জাতীয় আরও কথাবার্তার পর বিদায়গ্রহণকালে পাঞ্চাবী ভদ্রলোক অতি বিনয়সহকারে স্বীয় নৈরাশ্রের কথা ব্যক্ত করিলেন: "মহাশয়, ধর্মবিষয়ক বিভিন্ন উপদেশলাভের উচ্চ আশা নিয়ে আমরা আপনার নিকট এসেছিলাম: কিছ তুর্ভাগ্যবশত: আমাদের কথাবার্তা তুচ্ছ বিষয়াবলীর মধ্যে আবদ্ধ থেকে গেল। দিনটাই রুথা গেল !" স্বামীজী তৎক্ষণাৎ গান্ধীর্যধারণপূর্বক বলিলেন, "মহাশয়, যে পর্যন্ত আমার দেশের একটি কুকুরও অভুক্ত থাকবে,—দে পর্যন্ত আমার ধর্ম হবে তাকে থাওয়ানো ও তার ষত্ব লওয়া—আর যা কিছু তা হয় ধর্মধ্বজিতা বা অধর্ম।" স্বামীজীর কথা শুনিয়া ও ভাব দেখিয়া তিনজন আগন্ধকই অতিমাত্র বিস্মিত হইয়াছিলেন। এই নবীন দৃষ্টিভঙ্গী গ্রহণ করা তো দূরের কথা, ইহার তাৎপর্য অবধারণ করাও তথনকার দিনে ছিল স্থানুরপরাহত। এমনকি এত বড় পণ্ডিত যে স্থারাম, তিনিও সেদিন স্বামীঙ্গীর আধ্যাত্মিকতার প্রমাণ না পাইয়া, পাইয়াছিলেন ভুগু তাঁহার অদেশপ্রেমের পরিচয়—যদিও দে পরিচয় ছিল বড়ই নিবিড়, প্রাণম্পর্শী ও প্রেরণাপ্রদ। স্বামীজীর দেহত্যাগের দীর্ঘকাল পরে স্বামীঙ্গীর জনৈক শিশ্যের নিকট ঐ ঘটনা বিবৃত করিতে গিয়া তিনি বলিয়াছিলেন যে, ঐ কথাগুলি তাঁহার অন্তঃকরণে চিরতরে জ্বনন্ত অক্ষরে মুদ্রিত হইয়া গিয়াছিল এবং তাঁহার সন্মুথে স্বদেশপ্রেমের এমন এক অচিন্তনীয় জীবন্ত চিত্র তুলিয়া ধরিয়াছিল, যাহার কল্পনাও তিনি পূর্বে করিতে পারেন নাই।

এই সময়েই উত্তর ভারত হইতে এক দিগ্গঙ্গ পণ্ডিত আসিয়াছিলেন স্বামীনীর সহিত বেদাস্তবিচার করিতে। স্বামীনীর মন তথন দেশবাপী চুর্ভিক্ষের প্রতিকার বিষয়ে নিজ অসামর্থ্যের কথা ভাবিয়া অতীব বিষাদগ্রন্ত; অতএব পণ্ডিতকে বেদাস্তবিচারের অবকাশমাত্র না দিয়া তিনি বলিলেন, পিণ্ডিতন্ত্রী, সর্বত্র যে ভয়হর হাহাকার উঠছে, প্রথমে তার নিরসনের জ্ঞা—

একমৃষ্টি অরের জন্ত, বদেশবাদীর আর্তনাদ বন্ধ করবার নিমিন্ত সচেট হন, ভারণর আমার দহিত বেদান্তবিচারের জন্ত আসবেন। বেদান্ত-ধর্মের সারমর্ম এই বে, অরাভাবে মৃম্বু জনসপের প্রাণরক্ষার জন্ত নিজের সর্বন্ধ উৎসর্গ করতে হবে।" পণ্ডিভলী কি বলিয়াছিলেন কিংবা স্বামীলীর বাকাকে কি অর্থে গ্রহণ করিয়াছিলেন তাহা জানা না থাকিলেও আমরা সহজ্বেই ব্রিভে পারি যে, তিনি ইহাকে পাণ্ডিতা বা ধর্মপ্রাণতা বলিতে মোটেই প্রস্তুত ছিলেন না।

আর এক প্রকার আপত্তির পরিচয় পাই 'ভারতী'-সম্পাদিকা শ্রীযুক্তা সরলা হিছে। এই আপত্তি লিখিত স্বামীন্ধীর ১৬ই এপ্রিল, ১৮৯৯ তারিধের পত্র হইতে। এই আপত্তি উঠিয়াছিল শ্রীরামক্ষের পূজা সহছে। পত্রে আছে: "যদি আমার বা আমার গুরুপ্রাতাদিগের কোনও একটি বিশেষ আদরের বস্তু ত্যাগ করিলে অনেক শুরুত্ব এবং যথার্থ স্বদেশহিতৈবী মহাত্মা আমাদের কার্যে সহায় হন, তাহা হইলে সে ত্যাগে আমাদের মুহূর্তমাত্র বিলম্ব হইবে না বা এক ফোঁটাও চক্ষের জল পড়িবে না, জানিবেন এবং কার্যকালে দেখিবেন। তবে এতদিন কাহাকেও তো দেখি নাই সে প্রকার সহায়তায় অগ্রসর! ছ-এক জন আমাদের 'হবি'র (ধেয়ালের) জায়গায় তাঁহাদের 'হবি' বসাইতে চাহিয়াছেন—এই পর্যন্ত। যদি যথার্থ স্বদেশের বা মহায়কুলের কল্যাণ হয়, শ্রীঞ্চরুর পূজা ছাড়া কি কথা, কোনও উৎকট পাপ করিয়া খুটানদিগের অনম্ভ নরক্ডোগ করিতেও প্রস্তুত্ত আছি, জানিবেন। তবে মাহ্য দেখিতে দেখিতে বৃদ্ধ হইতে চলিলাম। এ সংসার বড়ই কঠিন স্থান। গ্রীক দার্শনিকের লণ্ঠন হাতে করিয়া অনেক দিন হইতেই বেড়াইতেছি। আমার গুরুঠাকুর সর্বদা একটা বাউলের গান গাহিতেন—সেটা মনে পড়িল:

মনের মাহ্ব হয় যে জনা, নয়নে ভার যায় গো জানা, সে ত্-এক জনা;

সে রসের মাত্র্য উক্তান পথে করে আনাগোনা।

তারপর যে সকল দেশহিতৈথী মহাদ্মা গুরুপুজাটি ছাড়লেই স্থানাদের সঙ্গে বোল দিতে পারেন, তাঁদের সন্ধ্রেও স্থানার একটু খুঁত স্থাছে। বলি, এত দেশের জন্ম বুক ধড়কড়, কলিলা ছেঁড়-ছেঁড়, প্রাণ যায় যায়, কঠে ঘড়-ঘড় ইত্যাদি
—স্থার একটি ঠাকুরেই সূব বন্ধ করে দিলে!"

স্বামীজী কোন্ পথে চলিবেন—শ্রীরামক্লক্ষ ডক্তদের আগ্রহে দাপ্সদায়িকডার

লোতে গা ভাদাইবেন অথবা তথাকথিত বদেশপ্রেমিক গুরুপুঞ্জা-বিরোধীদের সন্তুষ্টির জন্ম নবযুগাবভারকে অধীকার করিবেন ?

প্রসক্তমে এখানে একটি ঘটনা উল্লেখযোগ্য। সরলাদেবী নিবেদিতার নিকট স্বামীন্দীর রন্ধনের প্রশংসা করিয়াছেন শুনিয়া স্বামীন্দী একদিন তাঁহাকে স্বামন্ত্রপূর্বক স্বহন্তে রন্ধন করিয়া থাওয়াইয়াছিলেন। রন্ধনকালে সরলাদেবীরই সক্ষুথে তিনি নিবেদিতাকে এক কলিকা তামাক সাজিতে বলেন ও নিবেদিতা তৎক্ষণাৎ আজ্ঞা পালন করেন। নিমন্ত্রিতা মহিলারা চলিয়া গেলে স্বামীন্দী স্পরদের বুঝাইয়া দিয়াছিলেন যে, তিনি শুনিয়াছিলেন—এ দেশের কোন কোন শিক্ষিত মহলের ধারণা, তিনি খেতালদিগের প্রশংসা ও ছন্দামূবর্তনের দারা স্কার্যস্বাধন করেন ও তাহাদিগকে শিশু করেন। সরলাদেবীর সক্ষুথে পাশ্চান্ত্রা নারীর স্বতঃক্ষৃত্ত সেবার প্রমাণ দিয়া তিনি ঐ ভ্রান্তথারণার নির্দন করিয়াছিলেন। প্রসক্রাণ্যত ঘটনা ছাড়িয়া স্বামরা স্বাবার স্বামীন্দ্রীর কল্যাণ্মার্গান্থসন্ধান ও উহার স্বামুবণর পথে ঘাতপ্রতিঘাতেই ফিরিয়া যাই।

স্বামীজী দেখিয়াছিলেন ও ব্রিয়াছিলেন, নানা ঐতিহাসিক বিভূমনার মধ্যে ভারতের উচ্চবর্ণের চিস্তাজগতে উৎকর্গ মোটামৃটি অব্যাহত থাকিলেও, জাগতিক ক্ষেত্রে জনসাধারণ চরম হর্দশাগ্রন্ত হইয়াছে, জীবনের মান ক্রমশঃ অবনত হওয়ায় শরীরধারণের পর্যন্ত সমূচিত ব্যবহা লোপ পাইয়াছে; আর দৈহিক তুর্বলতা বৌদ্ধিক ও আধাাত্মিক ক্ষেত্রেও আপন প্রভাব সম্প্রসারণের আশবা জাগাইয়া জাতীয় ইতিহাসে একটা সকট মুহুর্ত সঞ্জন করিয়াছে। বৌদ্ধদের নিরকুশ সন্ন্যাসবাদও জাতীর জীবনে পঙ্গুছ ও বৃদ্ধিবিভ্রম উৎপাদন করিয়াছে। আবালবৃদ্ধবনিতা ও আচণ্ডালব্রাহ্মণ সকলের মূথে "নলিনীদলগতজ্ঞলমতিভরলং তবজ্জীবনমতিশয়-চপলম" ইত্যাদি বৈরাগ্যের কথা শ্রুতিমধুর হইলেও সহস্রবাধাসকল জীবনসংগ্রামে উহা বড়ই প্রতিকৃল। আবার মায়াবাদের কদর্থ ও সাধনাবন্থাকে সিদ্ধাবস্থার সমপ্র্যায়ভুক্ত করার ফলে অধ্যাত্মকেত্রেও এক বিকট অবস্থার উত্তব হইয়াছে। ভগবানের প্রেমের আকর্বণে কর্ম আপনা হইতে খদিয়া পড়ে; কিছ বে তমোগুণী ব্যক্তি ভীতিবিহ্বলচিত্তে স্বার্থপরিচালিত হইয়া পলায়নপর মনোবৃত্তি অবলম্বন করে, অথচ নিজ ব্যবহারের সমর্থনজন্ম প্রকৃত ভগবন্তজ্ঞের আচরণের নঞ্জির টানে আর জাগতিক উৎকর্বাদির প্রচেষ্টাকে মায়াজনিত বিভ্রম বলিয়া নক্তাৎ করে, তাহার নিকট কি আশা করা যাইতে পারে ? এই চিম্বা ও কার্য, মন ও মুখের মধ্যে অসামঞ্জন্তদর্শনে স্বামীকী সথেদে বলিয়াছিলেন, "উদ্দেশ্ত অনেক আছে, উপায় এদেশে নাই। আমাদের মন্তক আছে, হন্ত নাই; আমাদের বেদান্তমত আছে, কার্যে পরিণত করিবার ক্ষমতা নাই। আমাদের পুন্তকে মহাসাম্যবাদ আছে, কিন্তু আমাদের কার্যে মহাভেদবৃদ্ধি। মহানিঃ স্বার্থ নিছায় কর্ম ভারতেই প্রচারিত হইয়াছে, কিন্তু কার্যে আমরা অতি নির্দয়, অতি হৃদয়হীন, নিজের মাংসপিও-শরীর ছাড়া আর কিছুই ভাবিতে পারি না।" ('বাণী ও রচনা', ৭।৩২৩)।

আর একটি দোষ তিনি লক্ষা করিলেন—ভারতবাদী আদর্শন্রষ্ট হইয়া প্রতীচ্য কুষ্টির প্রতি ধাবিত হইতেছে : তাই তিনি সাবধান করিয়া দিলেন : "হে ভারত, এই পরাত্মবাদ, পরাত্মকরণ, পরমুখাপেক্ষা, এই দাসফুলভ তুর্বলতা, এই ঘুণিত জঘন্ত নিষ্ঠরতা—এই মাত্র সম্বলে তুমি উচ্চাধিকার লাভ করিবে ? এই লজ্জাকর কাপুদ্রতাসহায়ে তুমি বীরভোগ্যা স্বাধীনতা লাভ করিবে ? হে ভারত, ভূলিও না—তোমার নারীজাতির আদর্শ সীতা, সাবিত্রী, দময়স্তী; ভূলিও না—তোমার উপাস্ত উমানাথ সর্বত্যাগী শঙ্কর; ভূলিও না—তোমার বিবাহ, তোমার ধন, তোমার জীবন ইন্দ্রিয়স্থথের—নিজের ব্যক্তিগত স্থথের জন্ম নহে: ভূলিও না— তুমি জন্ম হইতেই 'মান্তের' জন্ম বলিপ্রদত্ত; ভুলিও না—তোমার সমাজ দে বিরাট মহামায়ার ছায়ামাত্র; ভূলিও না—নীচজাতি, মুর্থ, দরিত্র, অজ্ঞ, মৃচি. মেথর তোমার রক্ত, তোমার ভাই। হে বীর, সাহস অবলম্বন কর; সদর্পে বল—আমি ভারতবাসী, ভারতবাসী আমার ভাই। বল—মূর্ব ভারতবাসী. দরিক্র ভারতবাদী, ব্রাহ্মণ ভারতবাদী, চণ্ডাল ভারতবাদী আমার ভাই ; তুমিও কটিমাত্র-বস্তাবত হইয়া সদর্পে ডাকিয়া বল—ভারতবাসী আমার ভাই, ভারতবাসী আমার প্রাণ, ভারতের দেবদেবী আমার ঈশ্বর, ভারতের সমাজ আমার শিশু-भगा. **चामात खोवरा**नत छेथवन. चामात वार्धरकात वात्रांगती: वन छाडे— ভারতের মৃত্তিকা আমার স্বর্গ, ভারতের কল্যাণ আমার কল্যাণ : আর বল দিন-রাত, হে গৌরীনাথ, হে জগদত্বে, আমায় মহন্তুত্ব দাও: মা, আমার চর্বলতা কাপুরুষতা দূর কর, আমায় মাহ্রষ কর।" (এ, ৬।২৪৯)।

স্বজন সঙ্গে

স্বামীজীর বাণীর প্রতি নবীন ও প্রাচীন সমাজের কিঞ্চিৎ প্রতিক্রিয়া আমরা দেখিলাম। রামক্রফ-গোষ্ঠার সহিত উহার প্রাথমিক সম্বন্ধের কথাও পূর্বে আলোচনা করিয়াছি। শ্রীরামক্রফ-ভক্তমগুলীর মনোভাব এই বিষয়ে পরে কিরূপ দাঁড়াইয়াছিল ? তাঁহাদের মধ্যে দীর্ঘকাল যাবৎ ছিল গ্রহণ এবং অগ্রহণের একটা মিশ্রিত প্রতিক্রিয়া। স্বামীজীও ইহা জানিতেন। তাই সময়বিশেষে সন্দেহবাদীর যুক্তি নিরসনে অগ্রসর হইতেন, অন্ত সময়ে শুধু মত শুনিয়া লইয়া নীরব থাকিতেন। কিন্তু সম্বন্ধান্ত তিনি কথনও হইতেন না; বরং বাধা-বিদ্ন আছে জানিয়া অধিকতর দৃচ্পদক্ষেপে লক্ষ্যাভিমুখে অগ্রসর হইতেন।

একসময়ে তিনি নিয়ম করিয়াছিলেন—অতি প্রত্যায়ে সূর্যোদয়ের পূর্বে ঘণ্টা বাজার দক্ষে সকলকে শ্যাত্যাগ করিতে হইবে এবং মুখাদিপ্রকালনাক্তে ঠাকুরঘরে ধ্যানে বসিতে হইবে : যিনি যেদিন এই নিয়ম উল্লন্ডন করিবেন, তিনি দেদিন মঠে আহার পাইবেন না, ভিক্ষান্ধে উদরপুতি করিতে হইবে। এই নিয়ম প্রবর্তনের পর একদিন স্বামী শিবানন্দ (তারক) নির্দিষ্ট সময়ের দশ মিনিট পরে স্থোনে উপস্থিত হইলেন। স্বামীজী ইহা লক্ষ্য করিয়া যথাসময়ে তাঁহাকে বলিলেন, "তারকদা, আজ আপনার তো ঠাকুরঘরে ঘেতে দেরী হয়েছে।" তিনি উত্তর দিলেন, "হাঁ স্বামীজী, দশ মিনিট দেরী হয়ে গিয়েছিল।" "তারকদা, আমরা তো নিয়ম করেছি, ওরপ দেরী হলে সেদিন ভিক্ষা করে খেতে হবে।" স্বামী শিবানন্দ অম্লানবদনে উত্তর দিলেন, "নিশ্চয়ই, আমি একণি ভিক্ষায় বেরিয়ে যাক্ষি, যা পাব তাই খাব।" স্বামী শিবানন ভিক্ষাটনে নিৰ্গত হইলেন, যথাসময়ে মঠে প্রসাদগ্রহণের ঘণ্টা বাজিল, কিন্তু স্বামীজীকে ভোজনম্বলে দেখা গেল না ৷ তিনি মঠের পশ্চিম বারাণ্ডায় বসিয়া রহিলেন। কিছু পরে স্বামী শিবানন্দ ভিকা क्रिया क्रिजिल जांशांक प्रियार चामीकी मालाम विवा छेठिलन. "দেখি তারকলা, কি কি এনেছেন ? অনেক দিন ভিক্ষার গ্রহণ করিনি, আফুন আৰু আমরা তু-ভাইয়ে বদে ভাগ করে থাই।" এই বলিয়া উভয়ে পর্ম পরিতোষ সহকারে ভিক্ষার গ্রহণ করিলেন। ('উদ্বোধন', বিবেকানন্দ-শতবাষিক मर्शा, २७२)।

আর একদিন স্থানী প্রেমানন্দের শব্যাত্যাগে বিলম্ব হইলে স্থামীন্দ্রী আদেশ করিলেন, "বা তার কানের কাছে ঘণ্টা বান্দিরে আয়।" ইহাতে প্রেমানন্দ নিদ্রাত্যাগান্তে স্থামীন্দ্রীর নিকট আসিলেন ও কতাপরাধের জক্ত বলিলেন, "আন্দ উঠতে পারিনি; আমার জন্তে সকলের অস্থবিধা হয়েছে বৃশ্বতে পারছি। তা ভাই, তুমি তো নিয়ম করেছ, বে উঠতে পারবে না তার শান্তি হবে—আমার শান্তি দাও।" শ্রবণমাত্র স্থামীন্দ্রী গন্তীর হইয়া বলিলেন, "তোকে আমি শান্তি দেব একথা তুই ভাবতে পারলি বাবুরাম ?" সকে সকে স্থামীন্দ্রীর নয়নয়্পল অশ্রমিক্ত হইল, তিনি আর কিছু বলিতে পারিলেন না। স্থামী প্রেমানন্দের অবস্থাও তথন অম্বরপ। অবশেষে স্থামী ব্রন্ধানন্দ মধ্যস্থ হইয়া যেন স্থামীন্দ্রীই প্রাণের কথা খুলিয়া বলিলেন, "শান্তির প্রশ্ন হচ্ছে না; তবে নিয়ম আছে বে, ভিক্ষা করতে হবে।" স্থামী প্রেমানন্দ সেদিন মাধুকরী-ভিক্ষান্থারা উদরপূর্তি করিলেন।

আর একদিন স্বামী অভ্তানন্দকে (লাটু) লইয়া আর এক অবাস্থিত পরিস্থিতির উদ্ভব হইল। সকালে ঘণ্টা বাজিলে উঠিতে হইবে এই নিয়মপালনে পরাস্থ্য অভ্তানন্দ একদিন কাপড়-গামছা লইয়া মঠ ছাড়িয়া চলিলেন। স্বামীজী জিজ্ঞানা করিলেন, "কোথা যাছিলে ?" "কলকাতায় ?". "কেন ?" "তুমি ওলেশ থেকে এসেছ, কত নিয়ম করছ—আমি ওসব মানতে পারব না। আমার মন এখনও এমন ঘড়ি-ধরা হয়নি বে, তুমি ঘণ্টা বাজাবে, আর আমার মন অমনি ধানে বলে বাবে।" নবীন ও প্রাচীন ধারার মধ্যে সামঞ্জের পথ বেন অক্স্থাৎ খুঁজিয়া না পাইয়া স্বামীজী প্রথমে বলিলেন, "তবে তুই যা!" কিছ ফটক পার হইতে না হইতে লাটু মহারাজকে ধরিয়া আনিয়া বলিলেন, "তোকে এ নিয়ম মানতে হবে না; যারা নৃতন এসেছে, তালের জন্ত এ নিয়ম করা হয়েছে।" নৃতন ধারার চলিতে গিয়া প্রাচীনদের মধ্যে এইরপ অগ্রীতির উদ্ভব করা অপেকা নৃতনদের লইয়া নৃতন ধারা প্রবর্তন করাই প্রেয়:—এইভাবেই এই পর্বের শেষ হইল।

ইহার পর শ্রীরামরুক্ত ক্রদের সহিত ঐ প্রসন্দে প্রভাক্ষ বা প্রপ্রভাক্তাবে আলাপের ছই-একটি দৃষ্টান্ত। ভক্তপ্রবর রাষ্ট্রমে বন্ধ মহাশর দেহভাগে করেন ১৮৯৯ খৃষ্টান্দের ১৭ই জাত্ম্বারি। ইহার পূর্বে কোনও এক সময়ে স্বামীলী তাঁহাকে দেখিতে যান। রামবাব্র শরীর তথন খুবই ক্ষম্প্র। সেই দিনের ঘটনাটি

শ্লিভ চট্টোপাধ্যায় এইরূপ বর্ণনা করিয়াছিলেন: "আমি গেলুম স্বামীজীর সকে রামবাবুর ওধানে। স্বামীজী গিয়ে তাঁর কাছে বসলেন। আমি দুরে দাঁড়িয়ে রইলাম। এমনি সময় রামবাবু বাথরুমে যাবার জ্বন্ত উঠছেন দেখেই স্বামীজী নিজে তাঁর পায়ে একটা চটি পরিয়ে দিয়ে আমাকে বললেন, 'দাঁড়িয়ে কী দেখছিন ? জুতোটা এগিয়ে দে।' আমি তাঁর আদেশে তাড়াতাড়ি আরেক পাটি চটি তাঁকে পরিয়ে দিলাম। তিনি বাথকম থেকে ফিরে এদেই স্বামীন্সীর গলা জড়িয়ে ধরে একেবারে ভেউ ভেউ করে কালা। বলছেন, 'ওরে বিলে, স্মামি এদিন তোকে ভূল বুঝেছিলাম। আজ বুঝলাম ঠাকুর কেন তোকে মাথার মণি বলতেন। তুই আমায় মাপ কর, তা না হলে ঠাকুরের কাছে আমি স্থান পাব না।' স্বামীজী যত বলছেন, 'রামদা তুমি এসব কি বলছো? ওসব কী ভাবছ ?'--রামবাবু তা কি শোনেন ? তিনি কেবল বলছেন, 'তুই আমায় ক্ষমা না করলে আমি ঠাকুরের কাছে স্থান পাব না।' শেষ পর্যন্ত স্বামীকী যখন বললেন, 'রামদা, তুমি এসব কিছু ভেবো না, তোমার কোন ভয় নেই। ঠাকুরের কাছে আমি স্থান পেলে তুমিও ঠিক স্থান পাবে। তথন তিনি শাস্ত হন।" ললিতবাবুর স্বমৃথে শুনিয়া স্বামী সম্ভোষানন্দ এই ঘটনাটি লিপিবদ্ধ করেন। অবশ্র ইহা বেলুড় মঠের প্রাচীন সাধুদেরও নিকট স্থবিদিত ছিল। স্বামী সম্ভোষানন্দ আরও লিখিয়াছেন যে, তিনি পুজাপাদ স্বামী শিবানন্দের শ্রীমুথে এই কথাও ভনিয়াছিলেন, "শেষকালে রামবাবুস্বামীজীর কাছে ক্ষমা চেয়েছিলেন।"

ইহার পর ভক্তপ্রবর নাগমহাশয়ের সহিত মিলনের কথা। ১৮৯৯ খুটাব্দের প্রারম্ভে একদিন শ্রীযুক্ত তুর্গাচরণ নাগ মহাশয় স্বামীজীকে দেখিতে বেলুড় মঠে আসিয়াছিলেন। তখন স্বামীজীর স্বতই জানিতে ইচ্ছা হইয়াছিল, উচ্চতম অফুভৃতিসম্পন্ন এই ভক্তপ্রেষ্ঠ তাঁহার কার্যকলাপ সম্বন্ধে কিরপ ধারণা পোষণ করেন। আমরা 'বাণী ও রচনা' (৯০১৯-৭২) হইতে ইহাদের বার্তালাপটি উদ্ধৃত করিলাম।

নাগমহাশম্— "আপনাকে দর্শন করতে এলাম। জয় শহর! জয় শহর! সাক্ষাৎ শিব-দর্শন হ'ল।"

কথাগুলি বলিয়া নাগমহাশয় করজোড়ে দণ্ডায়মান রহিলেন। ুখামীজী—"শরীর কেমন আছে ?" নাগমহাশয়—"ছাই হাড়মাসের কথা কি জিজ্ঞাসা করছেন? আপনার দর্শনে আজ ধতা হলাম, ধতা হলাম!" ঐরপ বলিয়া নাগমহাশয় স্বামীজীকে সাষ্টাক প্রণিপাত করিলেন।

খামীজী—(নাগমহাশয়কে তুলিয়া) "ও কি করছেন ?"

নাগমহাশয়—"আমি দিব্যচকে দেখছি, আজ সাক্ষাৎ শিবের দর্শন পেলাম। জয় ঠাকুর রামকৃষ্ণ।"

স্বামীজী—(শিশুকে লক্ষ্য করিয়া) "দেখছিল, ঠিক ভক্তিতে মামুব কেমন হয়! নাগমহাশয় তন্ময় হয়ে গেছেন, দেহবৃদ্ধি একেবারে গেছে! এমনটি আর দেখা যায় না।" (প্রেমানন্দ স্বামীকে লক্ষ্য করিয়া)—"নাগমহাশয়ের জন্ত প্রসাদ নিয়ে আয়!"

নাগমহাশয়—"প্রসাদ! প্রসাদ!" (স্বামীজীর প্রতি করজোড়ে) "আপনার দর্শনে আজ আমার ভবকুধা দূর হয়ে গেছে।"

মঠের ব্রহ্মচারী ও সন্ন্যাসিগণ উপনিষদ্ পাঠ করিতেছিলেন। স্থামীজী তাঁহাদিগকে লক্ষ্য করিয়া বলিলেন, "আজ ঠাকুরের একজন মহাভক্ত এসেছেন। নাগমহাশয়ের শুভাগমনে আজ তোদের পাঠ বন্ধ থাকল।" সকলেই বই বন্ধ করিয়া নাগমহাশয়ের চারিদিকে ঘিরিয়া বসিল। স্থামীজীও নাগমহাশয়ের সন্মুখে বসিলেন।

স্বামীজী—(সকলকে লক্ষ্য করিয়া) "দেখছিস ! নাগমহাশয়কে দেখ ; ইনি গেরন্ত, কিন্তু জগৎ আছে কি নেই, এঁর সে জ্ঞান নেই ; সর্বদা তন্ময় হয়ে আছেন।" (নাগমহাশয়কে লক্ষ্য করিয়া) "এইসব ব্রহ্মচারীদের ও স্থামাদের ঠাকুরের কিছু কথা শোনান।"

নাগমহাশয়—"ও কি বলেন! ও কি বলেন! আমি কি ব'লব? আমি আপনাকে দেখতে এসেছি; ঠাকুরের লীলার সহায় মহাবীরকে দর্শন করতে এসেছি; ঠাকুরের কথা এখন লোক বুঝবে। জয় রামকৃষ্ণ! জয় রামকৃষ্ণ!"

श्रामौकी—"व्याशनिह यथार्थ तामक्रकः प्रतर्क िटन हिन्द । व्यामता पूरत पूरतहे मत्रम्य।"

নাগমহাশয়—"ছি! ও কথা কি বলছেন! আপনি ঠাকুরের ছায়া— এপিঠ আর ওপিঠ; যার চোথ আছে, দে দেখুক।"

याभीकी--"এ-नव रव मर्ठ-कर्ठ इटाइ, এकि ठिक इटाइ ?"

নাগমহাশয়—"আমি কুন্ত, আমি কি বৃঝি ? আপনি যা করেন, নিশ্চয় জানি, তাতে জগতের মঞ্চল হবে—মঞ্চল হবে।"

স্বামীজী—"আপনি এসে মঠে থাকুন না কেন ? আপনাকে দেখে মঠের ছেলেরা সব শিথবে।"

নাগমহাশয়—"ঠাকুরকে ঐ কথা একবার জিজ্ঞাসা করেছিলাম। তিনি বললেন, 'গৃহেই থেকো।' তাই গৃহেই আছি; মধ্যে মধ্যে আপনাদের দেখে ধন্ত হয়ে যাই।"

স্বামীজী-"পামি একবার আপনার দেশে যাব।"

নাগমহাশয়—(আনন্দে উন্মন্ত হইয়া) "এমন দিন কি হবে ? দেশ কাশী হয়ে বাবে, কাশী হয়ে যাবে। সে অদুষ্ট আমার হবে কি ?"

স্বামীজী — "আমার তো ইচ্ছা আছে। এখন মা নিয়ে গেলে হয়।"

নাগমহাশয়—"আপনাকে কে ব্ঝবে—কে ব্ঝবে? দিব্যদৃষ্টি না খুললে চিনবার জ্বো নেই। একমাত্র ঠাকুরই চিনেছিলেন; আর সকলে তাঁর কথায় বিশাস করে মাত্র, কেউ বুঝতে পারে নি।"

স্বামীজী—"আমার এখন একমাত্র ইচ্ছা, দেশটাকে জ্বাগিয়ে তুলি—মহাবীর বেন নিজের শক্তিমন্তায় অনাস্থাপর হয়ে খুম্চ্ছে—সাড়া নেই, শব্দ নেই। সনাতন ধর্মভাবে একে কোনরূপে জাগাতে পারলে ব্রাব ঠাকুরের ও আমাদের আসা সার্থক হ'ল। কেবল ঐ ইচ্ছাটা আছে—মৃক্তি-ফুক্তি তুচ্ছ বোধ হয়েছে। আপনি আশীর্বাদ করুন বেন ক্বতকার্য হওয়া যায়।"

নাগমহাশয়—"ঠাকুরের আশীর্বাদ। আপনার ইচ্ছার গতি ফেরায় এমন কাকেও দেখি না; যা ইচ্ছা করবেন, তাই হবে।"

यामीकी-- "करे, किছू रम ना-- जांत रेक्टा जिन्न किहूरे रम ना !"

নাগমহাশয়—"তাঁর ইচ্ছা আর আপনার ইচ্ছা এক হয়ে গেছে; আপনার ষ। ইচ্ছা, তা ঠাকুরেরই ইচ্ছা। জয় রামকৃষ্ণ।"

न्यामीकी-- "मर्टित এরা আমায় ষত্ত্বে রাখে।"

নাগমহাশন্ধ—"থারা করছেন তাঁদেরই কল্যাণ, বুঝুক, আর নাই বুঝুক। সেবার কমতি হ'লে দেহ রাখা ভার হবে।"

খামীজী—"নাগমহাশন্ন, কি বে করছি, কি না করছি—কিছু বুঝতে পাচ্ছিনে। এক এক সমত্রে এক এক দিকে মহা ঝোঁক খালে, সেই মতো কাজ ক'রে বাচ্ছি। এতে ভাল হচ্ছে কি মন্দ হচ্ছে, কিছু ব্ঝতে পার্চিনা।"

নাগমহাশয়—"ঠাকুর যে বলেছিলেন—'চাবি দেওয়া রইল।' তাই এখন বুঝতে দিচ্ছেন না। বুঝামাত্রই লীলা ফুরিয়ে যাবে।"

খামীজী একদৃষ্টে কি ভাবিতেছিলেন। এমন সময়ে খামী প্রেমানন্দ ঠাকুরের প্রসাদ লইয়া আসিলেন এবং নাগমহাশয় ও অক্যান্ত সকলকে দিলেন। প্রসাদ পাইয়া সকলে বাগানে পায়চারি করিতে লাগিলেন। ইত্যবসরে খামীজী একথানি কোদাল লইয়া আন্তে আন্তে মঠের পুকুরের পূর্বপারে মাটি কাটিতে-ছিলেন—নাগমহাশয় দর্শনমাত্র তাঁহার হন্ত ধরিয়া বলিলেন, "আমরা থাকতে আপনি ও কি করেন?" খামীজী কোদাল ছাড়িয়া মাঠে বেড়াইতে বেড়াইতে গল্প বলিতে লাগিলেন: কিরুপে শ্রীপ্রীস্কুরের দেহত্যাগের পরে নাগমহাশয় অনশন আরম্ভ করিয়াছিলেন এবং খামীজী, খামী তুরীয়ানন্দ ও আর একজন সাধু তাঁহার কলিকাতার খোলার ঘরে গিয়া সাধ্য-সাধনা করিয়া সামান্ত কিছু খাওয়াইয়াছিলেন—ইত্যাদি বলিলেন।

স্বামীজী-"নাগমহাশয় আজ মঠে থাকবেন কি ?"

শিয়--"না। ওঁর কি কাজ আছে, আজই যেতে হবে।"

স্বামীজী — "তবে নৌকা দেখ। সন্ধ্যা হয়ে এল।"

নৌকা আসিলে শিক্ত শরৎচন্দ্র চক্রবর্তী ও নাগমহাশয় স্বামীজীকে প্রণাম করিয়া কলিকাতা অভিমুধে রওনা হইলেন।

উদ্ধৃত দৃষ্টাস্কগুলি হইতে আমরা এইরপ সিদ্ধান্তে উপনীত হইতে পারি বে, প্রাচীনদের নিকট স্বামীজী যে পরবর্তী কালে স্বতঃ কৃতি ও সর্বসংশরমূক্ত সাহায্য একেবারে পাইতেন না, তাহা নহে; অল্পবিন্তর পাইতেন ঠিকই। তবু আমরা পরেই দেখিতে পাইব যে, নবীন ধারা প্রবর্তনের জন্ম তাঁহাকে নবীনদের উপরই অধিক নির্ভর করিতে হইত; তাই ইহাদের জীবনসঠনে তাঁহার অনেকথানি শক্তিসামর্থ্য ব্যবিত হইত। আর একটি কথা এই প্রসঙ্গে মনে রাথা আবশ্রক—স্বামীজী ষে সর্বদা কাজের কথা মাথায় রাখিয়াই সকলের সহিত ভাবের আদান-প্রদান করিতেন এরূপ নহে। তাঁহার অধিকাংশ সমন্ত্রই বন্ধুবাদ্ধবদের সহিত গল্পগ্রহর ও হাসিঠাট্টায় কাটিয়া ঘাইত। তবে ইহাও সত্য যে, মহামানবের প্রতিচেটাই ইতরসাধারণের পক্ষে শিক্ষাপ্রদ

হইয়া থাকে। এই হিসাবেই আমরা পরবর্তী বিচ্ছিন্ন ঘটনাবলী লিপিবন্ধ করিতেছি।

১৮৯৯ খুটাব্দের ১২ই মার্চ ভগিনী নিবেদিতা 'প্রবৃদ্ধ-ভারতের' পক্ষ হইতে স্থামীজীর সহিত দাক্ষাংকারের জন্ম একজন সন্ধিসহ বন্ধরা করিয়া বেলুড়ে উপস্থিত হইলেন এবং পোন্ডার গায়ে নৌকা বাঁধিলেন। সন্ধ্যা উত্তীর্ণ হইয়া গিয়াছে; স্থামীজী তখন এক গাছতলায় ধূনির পার্থে বিসিয়া ছিলেন। একণে সংবাদ পাইয়া নিবেদিতার বজরায় চলিলেন, কারণ সন্ধ্যার পরে মঠে প্রবেশ করা অন্তিত জানিয়া নিবেদিতা নামেন নাই। স্থামীজী নৌকায় উঠিয়া ছাদের উপর বসিলেন। কথাপ্রসঙ্গে স্থামীজী বলিলেন, "প্রকৃত মন্থ্যুত্বের স্থামপ আমরা এখনও জানি না। যখন সেই প্রকৃত মন্থ্যুত্বের উদয় হবে, তখন আর দেখবার প্রয়োজন থাকবে না, কোন পথে স্বচেয়ে কম বাধা আসবে। তখন প্রত্যেকেরই স্থাধীনতা থাকবে মহৎ কাজ করবার। আমার উদ্দেশ্য রামক্ষণ্থ নয়, বেদাস্কও নয় —আমার উদ্দেশ্য সাধারণের মধ্যে মন্থ্যুত্ব আনা।" অথবা বলিতে পারা যায়, স্থামীজী তখন আধ্যাত্মিকতার ভিত্তিতে স্থদেশ, স্বজাতি ও স্থর্থের পুনক্ষজীবনে ব্যাপ্ত ছিলেন।

নারী-সমাজের উন্নতিকে অবহেলা করিয়া দেশকে জাগ্রত করা স্বদ্রপরাহত
—স্বামীজী ইহা জানিতেন, এবং এই জন্মই নিবেদিতার আত্মদানকে তিনি
অতীব শ্রদ্ধার চক্ষে দেখিতেন। তখন কলিকাতায় প্রেগ-এর সেবাকার্য
চলিতেছে। ঐ কার্যে নিরত স্বামী সদানন্দ আসিয়া স্বামীজীকে জানাইলেন,
নিবেদিতা কত একান্তভাবে এই সেবাকার্যে নিযুক্ত আছেন। শুনিয়া স্বামীজী
বলিলেন, "ঐ প্রকার কার্যোগ্রম—ঐ মহয়ত্ব ও সহযোগিতা ছাড়া ধর্ম
হতেই পারে না। ঐ দেখ নিবেদিতা কেমন এক কোণে পড়ে আছে,
আর ইংরেজরা তাকে সাহায্য করছে। ভগবান তাদের সকলের কল্যাণ
কল্পন।" সমন্ত শুনিয়া সেদিন স্বামীজীর এতই আনন্দ হইল যে, সদানন্দের
সহিত উপনিষদ হইতে আরম্ভ করিয়া বছ বিষয়ে ত্বই ঘণ্টা যাবৎ আলাপ
করিলেন। নিবেদিতাও সদানন্দের মুখে সব শুনিয়া খুব আনন্দিত হইলেন।

১। এই অংশ 'ভগিনী নিবেদিতা', ১৫২ পৃঃ, 'রেমিনিসেন্সেস অব স্বামী বিবেকানন্দ', ২৭৭ পৃঃ, 'বাণী ও রচনা', ৯।৪৮৩ পৃঃ, ম্যাকলাউডকে লিখিত নিবেদিতার ১২ই মার্চের (১৮৯৯) পত্র— এইগুলির মধ্যে সামঞ্জন্ত স্থাপনপূর্বক লিখিত হইল।

অথচ মঞ্জা এই ষে, নিবেদিতা ধখন আসিয়া (৯ই এপ্রিল, ১৮৯৯) প্লেগের কথা তুলিলেন, তখন তিনি সেসব কথায় চাপা দিয়া বলিয়া উঠিলেন, "প্লেগ, নিবেদিতা, প্লেগ!" তিনি আরও বলিলেন, "আমাদের লোকগুলি হয়তো তেমন ভদ্র বা মার্জিত নয়; কিন্ধ বাঙ্গলাদেশে ওরাই হল মহয়ত্বশালী মাহায়। ইওরোপের মেয়েরা অপুরুষোচিত ব্যবহারের প্রতি ঘণা দেখিয়ে পুরুষত্বকে বাঁচিয়ে রাপে। বাঙ্গালী মেয়েরা কবে তা করতে শিখবে এবং পুরুষচরিত্রে মর্বপ্রকারে ক্রিতাকে নিঠুর টিটকারী দিয়ে উড়িয়ে দিতে পারবে ?" স্থামীজী সেদিন নিবেদিতার কাজের কোন উল্লেখই করিলেন না। ইহাই ছিল তাঁহার ধারা—অসাক্ষাতে উচ্ছুসিত প্রশংসা, সাক্ষাতে নীরবতা।

সামীজীর কার্যধারার আর একটা দিক ঐ সময়েই প্রকাশ পাইয়াছিল।
নিবেদিতা তথন হংস্থ প্রেগ রোগীদের ব্যক্তিগত শুশ্রধায় অনেকটা সময় কাটাইতেন। স্বামীজী তাঁহাকে বলিলেন, ঐরূপ না করিয়া জনসাধারণের স্বাস্থ্য-ব্যবস্থার উন্নতির প্রতি দৃষ্টি দিলে অধিকতর স্থফললাভ হইবে। নিবেদিতা সে আদেশ পালন করিয়াছিলেন, যদিও তাঁহার বন্ধুদের কেহ কেহ ইহাতে সম্ভই হন নাই। অমুরূপ ক্ষেত্রে ইহারও পূর্বে স্বামীজী মুর্শিদাবাদ জেলায় হুর্ভিক্ষ সেবাকার্ধে নিযুক্ত স্বামী অথণ্ডানন্দকে জানাইয়াছিলেন যে, কেবল তণ্ডুলবিতরণের দারা একটিমাত্র গ্রামের অভাব দ্র করাও অসম্ভব; বরং শিক্ষা, উপদেশ ও উপার্জনের ব্যবস্থা অবলম্বনে আর্তদিগের মহুয়াত্বকে জাগ্রত করা আবস্থাক। ('বাণী ও রচনা', ৭০৭০)।

শামীক্ষী ধৈর্য ধরিয়া শিথাইতে জানিতেন। তাই শিশ্যের বা শিশ্যার শক্তিও খতঃ ধীরে ধীরে ক্রিত হইত। আমরা দেখিতে পাই, এই শিক্ষাগুণে নিবেদিতার বৈরাগ্য বর্ধিত হইয়াছিল; তাই বৈরাগ্যোক্ষল হাদয় লইয়া একদিন তিনি স্বামীক্ষীর নিকট নৈষ্টক ব্রন্ধর্য ব্রত গ্রহণের জক্ত উপস্থিত হইয়াছিলেন এবং স্বামীক্ষীও ২৫শে মার্চ (১৮৯৯) তাঁহার সে অভিলাষ পূর্ণ করিয়াছিলেন—'নিবেদিতা' নাম প্রদানের ঠিক এক বৎসর পরে। এই ২৫শে মার্চটিকে নিবেদিতা স্বীয় নবজন্মের তারিথ বলিতেন। ১৭৩১৯০৪ তারিথে তিনি ম্যাকলাউডকে লিখিয়াছিলেন, 'ছের বৎসর পূর্বে আজিকার দিনটিতে আমি শ্রীশ্রীমার প্রথম দর্শন লাভ করি এবং তোমার সঙ্গে বেলুড়ে গমন করি। পরের ভক্তবার,

২। স্বামীজী প্লেগকার্বে নিযুক্ত স্বেচ্ছাদেবকদের কথা বলিভেছিলেন।

২৫শে মার্চ, ষেদিন আমি নিবেদিতা নামে অভিহিত হই, তাহার বার্ষিক দিবস। স্থতরাং আমরা (ম্যাকলাউড ও আমি) সপ্তম বর্ষে পদার্পন করিতেছি।" ('ভগিনী নিবেদিতা', ৭৬)। নিবেদিতা অপর একখানি পত্তে ম্যাকলাউডকে স্বীয় নৈষ্টিক ব্রহ্মচর্য-গ্রহণের সংবাদও দিয়াছিলেন। সেদিন তিনি স্বামীজীর নির্দেশে ঠাকুরঘরে পূজা করিয়াছিলেন, এবং বুদ্ধের চরণেও অর্যাদান করিয়াছিলেন। হোম সম্পাদিত হইয়াছিল নীচে অহা কোন স্থানে। ('সন্দীপন', ১৯৬৬, ৬২-৬৩ পৃ:)।

শ্রীয়ক্ত প্রিয়নাথ সিংহ মহাশয় স্বামীজীর বাল্যবন্ধু ছিলেন। তাঁহার 'স্বামীজীর স্থৃতি' ('বাণী ও রচনা', ১০০১০-১১) হইতে স্বামীজীর কল্যাণ সাধনের পদ্ম সম্বন্ধে আরও কিছু তথ্য পাওয়। যায়। প্রিয়নাথবারু জানিতে চাহিয়াছিলেন, "স্বামীঞী, তুমি সাধু। তোমার অভার্থনার জল্মে যে টাকা আমরা চাঁদা করে তুলনুম, আমি ভেবেছিনুম, তুমি দেশের তুর্ভিক্ষের কথা শুনে কলকাতায় পৌছবার আগেই আমাদের 'তার' করবে—আমার অভার্থনায় এক পয়সা থরচ না করে ত্রভিক্ষ নিবারণ ফণ্ডে ঐ সমন্ত টাক। টাদা দাও। কিন্তু দেখলুম, তুমি তা করলে না। এর কারণ কি ?" স্বামীজী উত্তর দিলেন, "হাঁ, আমি ইচ্ছেই করেছিলুম বে, আমায় নিয়ে একটা থুব হইচই হয়। কি জানিস ৈ একটা হইচই না হলে তাঁর (ভগবান শ্রীরামক্কফের) নামে লোক চেতবে কি করে? এত সংবর্ধনা কি আমার জন্মে করা হল, না তাঁর নামেরই জন্ম জন্মকার হল ? · · বিনি দেশের মঙ্গলের জন্ম এলেছেন, তাঁকে না জানলে লোকের মধল কি করে হবে ? তাঁকে ঠিক ঠিক জানলে তবে মাহুষ তৈরী হবে। আর মাহুষ তৈরী হলে <u>ছ</u>ভিক প্রভৃতি তাড়ানো কতক্ষণের কথা ? সন্ত্বা আমার নিজের জন্তে এত হাঙ্গামের কি দরকার ছিল ৽ ত্তিক তো আছেই; এখন খেন ওটা দেশের ভূষণ হয়ে পড়েছে। অন্ত কোন দেশে ছভিকের এত উংপাত আছে কি ? নেই; কারণ **त्मित्र (मर्ग मास्य चार्छ। चामारम्य (मर्गद मास्यक्ता) এरक्तार्य क्रष्ट्र हरा** গেছে। তাঁকে দেখে, তাঁকে জেনে লোকে স্বার্থত্যাগ করতে শিথুক; তথন पृक्षिक-निवात्रात्वत विक-विक तिहा चामरव । क्रांस रम तिहा कत्रव—राव ना !"

আর একদিন কলিকাতায় বলরামবাব্র বাড়ীতে বসিয়া কথা হইতেছিল ('বাণী ও রচনা', ১।৪১৯)। স্বামীজী বলিতেছিলেন, "নিজেদের উপর বিশাসটা আবার জালিয়ে তুলতে হবে; তাহলেই দেশের যত কিছু সমস্তা ক্রমশঃ আপনাআপনি মীমাংনিত হয়ে যাবে। ••• অভাবটা কার ৪ রাজা পুরণ করবে, না

তোমরা পুরণ করবে ? ভিধারীর অভাব কথনও পুর্ণ হয় না। রাজা (ইংরেজরা) অভাব পুরণ করলে সব রাথতে পারবে, সে লোক কই ? আগে মান্নুষ তৈরী কর। মানুষ চাই; আর শ্রদ্ধা না আসলে মানুষ কি করে হবে ?"

অতঃপর 'স্বামী ব্রন্ধানন্দ'-গ্রন্থ অবলম্বনে (১৯৪-২০৪ পুঃ) আমরা কয়েকটি ঘটনার উল্লেখ করিতেছি, যাহার সময় সঠিক জানা না থাকিলেও দ্বিতীয়বাক বিদেশযাত্রার পূর্ববর্তী বলিয়া অনুমান করা চলে। বিশেষতঃ ষেম্বলে স্বামী विकानानत्मत উল্লেখ আছে, উহা ১৮৯৮-৯৯ খুষ্টান্দেরই ঘটনা হইবে : কেননা স্বামীজীর দ্বিতীয়বার আমেরিকায় গমনের পর ১৯০০ খুষ্টান্দে তিনি এলাহাবানে চলিয়া যান এবং তারপর প্রধানতঃ দেখানেই বাদ করিতে থাকেন। প্রথম ঘটনাটি স্বামীন্সীর মাতৃভক্তির পরিচায়ক। দেদিন তিনি বলরামবাবুদের বাড়ীতে ছিলেন, স্বামী ব্রন্ধানন্দও ছিলেন। স্বামীজী তথন বহুমূত্র রোগে কাতর, রাত্রে প্রায়ই নিদ্রা হইত না। তাই দিবাভাগেও অনেক সময় বিছানায় শুইয়া থাকিতেন বা ঘুমাইতেন। দেদিন তাঁহাদের বাড়ীর ঝি আসিয়া জিজ্ঞাসা করিল, "নরেন কোথায়?" ব্রহ্মানন্দজী উঁকি মারিয়া দেখিলেন, স্বামীজী নিদ্রিত। এই অবস্থায় তাঁহাকে জাগানো অহুচিত বিবেচনা করিয়া তিনি আর ডাকিলেন না: বিও চলিয়া গেল। নিপ্ৰাভঙ্গ হইলে স্বামীজী যথন সব ভনিলেন, তথন তিনি না ডাকার জন্ম স্বামী ব্রহ্মানন্দকে তিরস্কার করিলেন: কারণ তিনি ভাবিলেন হয়তো তাঁহার মাতা কোন বিশেষ প্রয়োজনে ঝিকে পাঠাইয়াছিলেন, স্থতরাং কালবিলম্ব না করিয়া তথনই একথানি গাড়ী ডাকিয়া মাতার নিকট উপস্থিত হইলেন এবং জিজ্ঞাসা করিলেন, "মা, তুমি ঝিকে কেন পাঠিয়েছিলে ?" মা কিছ সবিশ্বয়ে কহিলেন, "না, ঝিকে তো আমি তোর কাছে পাঠাইনি।" স্বামীজী অমনি বাড়ীর পুরাতন ঝিকে জিজ্ঞাসা করিলেন, "হ্যাগো, তুমি আমার কাছে গিয়েছিলে কেন?" সে উত্তর দিল, "আমি বাগবাজার চিৎপুর অঞ্চলে বেড়াতে গিয়েছিলুম; ভাবলুম, একবার নরেনকে দেখি আসি। রাখাল (ব্রহ্মানন্দ) আমাকে বললে তুমি ঘুমুচ্ছ, তাই ফিরে চলে এলুম।" ভনিয়াই স্বামীন্ত্রী ব্রন্ধানন্দকে তিরস্কার করার জন্ম অমুতপ্ত হইলেন এবং গাড়ী পাঠাইয়া তাঁহাকে ঐ গতে আনাইয়া বলিলেন, "রাজা (ব্রহ্মানন্দ), বড় অক্সায় করেছি; তোকে ७५ ७५ गानागानि मिरम्हि।"

বস্তুত: সময়বিশেষে স্বামীজী গুরুত্রাতাদিগকে ভংসনা করিলেও, তাঁহাদের

প্রতি তাঁহার প্রীতি ছিল অসীম। শরীর তথন তাঁহার অহস্থ ; তিনি জানিতেন, তাঁহার দিন ফুরাইয়া আসিতেছে, বাকি স্বল্পকালের মধ্যে আরন্ধ কার্যকে দৃঢ়-ভিত্তিতে স্থাপন করিতে হইবে। তিনি বলিতেন, "আমার কাজ হবে ইস্পাতের মতো দৃঢ় আর বিহাতের মতো ক্রত।" মরঞ্জগতে এই উভয়ের সম্মিলন হুঃসাধ্য विनाति है है । कि प्रात्मिक कांक हरेलाई ना प्रिश्ति है किन अभीत हरेशा পড়িতেন ও কঠোর ভাষা প্রয়োগ করিতেন। আবার পরমূহুর্তেই সব ভূলিয়া একেবারে জল হইয়া যাইতেন। গুরুদ্রাতারা তাঁহার স্বভাব জানিতেন: তাই-এইসব রুঢ় কথা গায়ে মাথিতেন না। পুরাতন মঠবাড়ীর সন্মুথের অংশটায় গন্ধার ধারে পোন্তা ও ঘাট নির্মাণের কথা উঠিলে স্বামীন্ধীর গুরুভাতা হরিপ্রসন্ন মহারাজ (বা স্বামী বিজ্ঞানানন, যাহাকে স্বামীজী পেসন বলিয়া ডাকিতেন) বলিলেন—হাজার তিনেক টাকায় কাজ হইয়া যাইতে পারে। স্বামীজী ভাবিলেন. এত অল্প টাকায় যথন এই আবশুকীয় কাজটি হইয়া ঘাইবে, তথন উহা সারিয়া ফেলাই ভাল। অতএব কাজ শুক্ন হইল; কিন্তু থরচ তিন হাজার টাকা অতিক্রম করিয়া ক্রমেই বাড়িয়া চলিল। একদিন স্বামীজী হিসাব চাহিয়া দেখিলেন, খরচের পরিমাণ মাত্রা ছাড়াইয়া চলিয়াছে। অমনি তিনি স্বামী ব্রহ্মানন্দকে তিরস্কার করিতে থাকিলেন, এবং ব্রহ্মানন্দ হুঃখিত হইয়া স্বীয় কক্ষে প্রবেশপূর্বক দার রুদ্ধ করিলেন। বিরক্তির ভাব কাটিয়া গেলে স্বামীন্সী ব্রহ্মানন্দের জন্ম ছ:খিত হইয়া হরিপ্রসন্ন মহারাঙ্গকে বলিলেন, "দেখ তো পেসন, রাজা কি করছে।" হরিপ্রসন্ন দরজ্ঞার কাছে গিয়া ডাকাডাকি করিলেন, তবু সাড়া না পাইয়া স্বামীজীকে জানাইলেন, তিনি ডাকিয়া সাড়া পান নাই। স্বামীজী कहिलन, "जुरे তো ভाরি বোকা! তোকে বললুম দেখতে রাজা কি করছে, আর তুই কিনা এসে বলছিদ, তার ঘরের জানালা দরজা সব বন্ধ! দেখ শীগগির वाका कि कदरह।" विकानानम् भूनर्वात रमशात्न शिवा चारछ चारछ पदका थुनिहा त्मरथन, बन्नानन काँमिटिक हिन। এই সংবাদ পাইবামাত सामीकी के चरत গিয়া ব্রহ্মানন্দকে বুকে জড়াইয়া দাশ্রনয়নে বলিতে লাগিলেন, "রাজা, রাজা, আমায় ক্ষমা কর। আমি কি অক্তায় করেছি—তোমাকে গালাগালি করেছি; আমায় ক্ষমা কর।" স্বামীজীর ভাব দেখিয়া ব্রন্ধানন্দের সমস্ত খেদ দুরীভূত হইল এবং তিনি সাম্বনাবাক্যে বলিলেন, "তুমি অমন করছ কেন? আমায় গালাগালি দিৰেছ—তাতে হয়েছে কি ? তুমি ভালবাস, তাইতো এসব বলেছ।"

আর একদিনের কথা। মঠের কোন একটি কার্য বামীজীর মনঃপুত না হওয়ায় তিনি বামী ব্রহ্মানন্দকে যথেষ্ট তিরস্কার করিলেন। স্থামীজীর স্থভাব জানিতেন বলিয়া ব্রহ্মানন্দ নীরবে সব শুনিয়া গোলেন। তিনি জানিতেন, স্থামীজী বিরক্তিভরে কড়া কথা শুনাইলেও উহা তাঁহার অস্তরের ভাব নহে; অধিকস্ক স্থামীজীর শরীর তথন অক্তঃ; কথায় কথায় জ্বাব দিতে গেলে উত্তেজনা বৃদ্ধি পাইয়া শরীর আরও থারাপ হইবে। সেইদিনের বকাবকির পর্র ব্রহ্মানন্দজীকে কার্যবাপদেশে কলিকাভায় বাইতে হইল এবং বলরামবাবৃত্ন বাড়ীতে থাকিতে হইল। এদিকে স্থামীজী তাঁহাকে দিনকয়েক দেখিতে না পাইয়া অক্সান করিলেন, তিনি রাগ করিয়াছেন। তাই তিনি স্বয়ং কলিকাভায় গোলেন এবং পথে মিষ্ট দ্রব্য কিনিয়া ঐ বাটীতে উপস্থিত হইলেন। সেখানে ব্রহ্মানন্দজীকে দেখিয়াই স্থামীজী সোল্লাসে উচ্চকণ্ঠে বলিতে লাগিলেন, "রাজা, ডোর জন্ত এই থাবার নিয়ে এসেছি—তুই থা।"

বস্তুত: ইহাদের সৌহত ছিল অতি গভীর ও অপূর্ব। স্বামীজী স্বামী বন্ধানদকে এক পত্রে লিখিয়াছিলেন, "আমি মৃথে ধাই বলি না কেন, তুমি আমার অন্তর জান," আর লিখিয়াছিলেন, "তুমি আমার সব সহু করবে আমি জানি, ও মঠে আর কেউ নেই যে সইবে।" কৈশোর হইতেই ইহারা পরস্পরকে জানিতেন; শ্রীরামকৃষ্ণকে অবলম্বনপূর্বক সেই ব্রুত্ব অন্থপম নিবিড়তর প্রেমে পরিণত হইয়াছিল।

আবার ইহারা পরস্পর পরস্পরকে শ্রদ্ধাও করিতেন যথেষ্ট। স্বামীজী একদিন মঠে পদচারণ করিতে করিতে অকস্মাৎ স্বামী ব্রহ্মানন্দের সন্মুখে আসিয়া তাঁহাকে প্রণামপুর:সর বলিলেন, "গুরুবৎ গুরুপুত্রেষ্।" ব্রস্মানন্দজীও তৎক্ষণাৎ প্রতিপ্রণাম করিয়া বলিলেন, "জ্যেষ্ঠ ভাতা সম পিতা।"

স্বামী বিজ্ঞানানন্দের জীবনীপাঠে আরও কয়েকটি ঘটনা অবগত হওয়া যায়। মঠের মূলবাটী ও পুজাগৃহ নির্মিত হইয়া গেলে স্বামী বিজ্ঞানানন্দ যথন স্বামীকীরই

- ৩। স্বামী সারদানক্ষের দিনলিপিতে উল্লিখিত আছে, বিতীয়বার বিদেশযাত্রার দিন বিপ্রহরে আহারের পর বিশ্রামকালে স্বামীজী স্বর্গ দেখিয়াছিলেন, তিনি অযথা স্বামী ব্রহ্মানক্ষকে বকিতেছেন।
- ৪। এই ঘটনা সর্ববাদিসক্ষত হইলেও ঘটনাত্মল সক্ষম মতভেদ আছে। 'ঝামী এক্ষানন্দ'-এর
 মত অন্তর্মণ (১৭২) পু:।

অহমোদনাহসারে সমূথের পোন্তা ও ঘাটের নির্মাণকার্যে ব্যন্ত ছিলেন তথন ভাটার সময় ভাড়াতাড়ি কাজ করিয়া নীচের ভিত প্রভৃতি গাঁপিতে হইত। এক দ্বিপ্রহরে রোস্রে দাঁড়াইয়া তিনি গলদ্বর্ম হইয়া নিবিষ্টমনে কার্যপরিচালনা করিতেছিলেন, যাহাতে জোয়ারের পূর্বেই আরক্ধ অংশ শেষ হইয়া যায়:; জলপিপাসায় কণ্ঠ ভক্ষ হইতে থাকিলেও তাহার অন্তত্র যাওয়ার অবকাশ ছিল না। উপরের বারাণ্ডায় স্বামীজী চিকিৎসকের বিধানাহ্যায়ী বরফ দিয়া ত্র্যপান করিতে করিতে অকমাৎ বিজ্ঞানানন্দকে তদবস্থ দেখিতে পাইলেন। পাত্র তথন নিঃশেষিত হইয়া গিয়াছে; তবু উহা সেবকের হাতে দিয়া বলিলেন, "যা, পেসনকে গিয়ে দে।" মাসটি পাইয়া বিজ্ঞানানন্দ ভাবিলেন, এই অবস্থায়ও স্বামীজী ব্যক্ষ করিতেছেন! তথাপি আদেশপালন ও প্রসাদধারণ করা উচিত, এই বুদ্ধিতে অবশিষ্ট যাহা ছিল ডাহাই পান করিলেন; কিন্তু আশ্চর্যের বিষয়, মুথে যেন কে স্থা ঢালিয়া দিল, পিপাসা তথনই নিবৃত্ত হইল, শরীরও প্রিশ্ব হইল।

স্বামীন্ত্রীকে তিনি যেমন ভালবাসিতেন, তেমনি ভয়ও করিতেন। স্বামীন্ত্রীকে বিরক্ত দেখিলে তিনি দ্রে দ্রে ঘ্রিতেন, এবং স্বামীন্ত্রী ডাকিলেও বলিতেন, "এখন মশায় কাজে খুব ব্যস্ত আছি, পরে আসব।" বেলুড়ে নবনির্মিত মঠনাড়ীর দ্বিতলের দক্ষিণ-পূর্ব কোণের ঘরখানি স্বামীন্ত্রীর জন্ম নির্দিষ্ট ছিল; উহারই পার্ষে একখানি ঘরে বিজ্ঞানানন্দ শয়ন করিতেন। তিনি রাত্রে উঠিলে পদশব্দে পাছে স্বামীন্ত্রীর নিস্রার ব্যাঘাত হয়, এই ভয়ে পা-টিপিয়া চলিতেন। তাঁহারই ঘরের পূর্বে ছিল দোতলার বারাণ্ডা। সেখানে স্বামীন্ত্রী বেড়াইতেন। একরাত্রে বিজ্ঞানানন্দ শুনিয়াছিলেন, ঐ বারাণ্ডায় পদচারণ করিতে করিতে স্বামীন্ত্রী দীর্ঘকাল ধরিয়া "(আমার) মা স্বং হি তারা; তুমি ত্রিগুণধরা পরাৎপরা" ইত্যাদি গানটি অনেকক্ষণ যাবৎ গুনঞ্জন করিয়া গাহিতেচেন।

স্থামী বিজ্ঞানানন্দ শ্রীশ্রীমায়ের মহিমা প্রথমে ততটা অহতেব করিতে পারিতেন না, স্থামীজীর নিকটই তিনি উহা প্রথমে জানিতে পারেন। তিনি বলিয়াছিলেন, "আমি শ্রীশ্রীমায়ের কাছে বেশী যেতাম না; তা স্থামীজী কি করে জানতে পারেন। একদিন তিনি আমাকে জিজ্ঞাসা করলেন, 'মাকে প্রণাম করতে গিয়েছিলে?' আমি বললাম, 'না, মশায়।' স্থামীজী বললেন, 'এক্পি যাও, প্রণাম করে এক।' আমি তো মাকে প্রণাম করতে চললাম। মনে মনে ভাবছি, কোন প্রকারে একটা ঢিপ করে প্রণাম করে চলে আসব। মাকে প্রণাম

করে উঠতেই স্বামীজী পেছন থেকে বললেন, 'সে কি পেসন! সাষ্টাক হয়ে প্রশাম কর—মা যে সাকাৎ জগদসা!' আমি আবার সাষ্টাক হয়ে প্রণাম করে চলে আসি। আমি কিন্তু ভাবতেই পারিনি যে, স্বামীজী আবার পেছনে পেছনে আসবেন।"

সামীজীকে অতথানি সমীহ করিয়া চলিলেও উভয়ের মধ্যে সহজ্ব সরল ভাববিনিময়ের অভাব ছিল না। একদিন স্বামীজী বলিলেন, "পেসন, দেশকালের উপযোগী করে নৃতন শ্বতি লিথতে হবে, ব্বলে ? প্রনো শ্বতি আর চলবে না।" বিজ্ঞানানন্দ অমনি উত্তর দিলেন, "মশাই, আপনার শ্বতি চলবে কেন, দেশ নেবে কেন ?" স্বামীজী ইহা শুনিয়া যেন ছোট ছেলেটির মতো অভিমানভরে স্বামী ব্রহ্মানন্দকে ভাকিয়া বলিলেন, "রাথাল, শোন, শোন! পেসন বলে আমার কথা নাকি দেশ নেবে না।" ব্রহ্মানন্দ ব্যাপারটা সহজ্বেই ব্বিতে পারিয়া তৎক্ষণাৎ উপযুক্ত মধ্যস্থের স্থায় উত্তর দিলেন, "পেসন কি জানে? ও ছেলেমাম্থ! ভোমার কথা দেশ একদিন নিশ্চয় নেবে।" স্বামীজীর তথন কত আনন্দ! বলিলেন, "শুনলে পেসন ? দেশ আমার কথা নেবেই।"

শামী বিজ্ঞানানন্দ ছিলেন পাশ-করা ইঞ্জিনিয়ার; কিছুকাল সরকারী উচ্চপদেও নিযুক্ত ছিলেন। তাই ইহার কার্যকরী বৃদ্ধি ও কর্মক্ষমতার উপর স্বামীজীর খুব বিশ্বাস ছিল। কাশ্মীর-ভ্রমণ সমাপনাস্থে স্বামীজী তাঁহাকে সঙ্গে লাইয়া ভারতের প্রাচীন স্থাপত্য দেখাইয়াছিলেন এবং বেলুড়ের ভাবী শ্রীরামক্ষ্যু-মন্দিরের প্রথম নক্মা তাঁহারই দ্বারা আঁকাইয়াছিলেন। পরে (১৯৬৬-৬৮ খুটাকো) মন্দির নির্মাণকালে ঐ নক্সাই মূলতঃ গৃহীত হয়, যদিও উপযোগিতা ও সৌন্দর্য ইত্যাদির কথা ভাবিয়া কিছু কিছু পরিবর্তনও সংসাধিত হয়। ভাবী মন্দির সম্বন্ধে স্বামীজী এইরূপ বলিয়াছিলেন:

"এই ভাবী মঠ-মন্দিরটির নির্মাণে প্রাচ্য ও পাশ্চান্ত্য যাবতীয় শিল্পকলার একত্র সমাবেশ করবার ইচ্ছা আছে আমার। পৃথিবী ঘূরে গৃহশিল্প সমক্ষে যত সব ভাব নিয়ে এসেছি, তার সবগুলিই এই মন্দিরনির্মাণে বিকাশ করবার চেষ্টা করব। বহুসংখ্যক জড়িত-স্তম্ভের উপর একটি প্রকাণ্ড নাট-মন্দির তৈরী হবে। তার দেওয়ালে শত-সহস্র প্রফুল্প কমল ফুটে থাকবে। হাজার লোক যাতে একত্র ব'সে ধ্যানজ্ঞপ করতে পারে, নাট-মন্দিরটি এমন বড় ক'রে নির্মাণ করতে হবে। আর শ্রীরামক্কক্ষ-মন্দির ও নাট-মন্দিরটি এমন ভাবে একত্র গড়ে তুলতে হবে যে, দূর

থেকে দেখলে ঠিক 'ওয়ার' বলে ধারণা হবে। মন্দিরমধ্যে একটি রাজহংসের উপর ঠাকুরের মূর্তি থাকবে। দোরে হৃদিকে ছটি ছবি এইভাবে থাকবে—একটি সিংহ ও একটি মেষ বন্ধুভাবে উভয়ে উভয়ের গা চাটছে—অর্থাৎ মহাশক্তি ও মহানম্রতা যেন প্রেমে একত্র সম্মিলিত হয়েছে। মনে এইসব ভাব রয়েছে. এখন জীবনে কুলায় তো কাজে পরিণত ক'রে যাব। নতুবা ভাবী বংশীয়েরা ঐগুলি ক্রমে কাজে পরিণত করতে পারে তো করবে। আমার মনে হয়, ঠাকুর এসেছিলেন দেশের সকল প্রকার বিছা ও ভাবের ভেতরেই প্রাণসঞ্চার করতে। সেজন্ত ধর্ম, কর্ম, বিছা, জ্ঞান, ভক্তি—সমস্তই যাতে এই মঠকেন্দ্র থেকে জগতে ছড়িয়ে পড়ে, এমন ভাবে ঠাকুরের এই মঠটি পড়ে তুলতে হবে।" ('বাণী ও রচনা', ১৷১৯১)।

স্বামী ব্রহ্মানন্দ-প্রদঙ্গে আমরা বেমন স্বামীজীর চরিত্রে কোমল-কঠোরের এক অপূর্ব সমাবেশ দেখিয়া আসিয়াছি, স্বামী প্রেমানল-সম্পর্কিত একটি ঘটনায়ও তাহাই দেখিতে পাই। একদিন অপরাহে স্বামীজী মঠ-বাড়ীর বারাণ্ডায় অনেককে লইয়া বেদান্ত পড়াইতে বসিয়াছিলেন; ক্রমে সন্ধ্যা হয় হয়, তথনও পাঠ চলিতেছে। স্বামী রামকৃষ্ণানন্দ পূর্বেই মাদ্রান্তে চলিয়া যাওয়ায় স্বামী প্রেমানন্দ (বাবুরাম) পুজা ও আরাত্রিকাদির ভার লইয়াছিলন। আরাত্রিকাদি-কার্যে তাঁহাকে যাহারা সাহায্য করিতেন, তাঁহারাও সেই পাঠচক্রে উপবিষ্ট ছিলেন। र्या९ ८ श्रमानमञ्जी चानिया नुष्य मधानि-बन्नात्रीनिगत्क छाकित्नम, "ठन ८३ চল, আরতি করতে হবে, চল।" তথন একদিকে সকলে স্বামীজীর সমুখে বেদান্তপাঠে নিরত, অপরদিকে তাঁহারই গুরুভাতার আদেশ, আরতিতে যোগ দিতে হইবে: নবাগতেরা বেশ একট ফাঁপরে পড়িলেন। এদিকে বেদান্তপাঠে ও চিস্তাধারায় বাধাপ্রাপ্ত স্বামীন্দ্রী উত্তেজিতকঠে বলিতে আরম্ভ করিলেন, "এই যে বেদাস্ত পড়া হচ্ছিল, এটা কি ঠাকুরের পুজা নয়? কেবল একথানি ছবির সামনে সলতে-পোড়া নাড়লে আর ঝাঁজ পিটলেই মনে করেছিস বুঝি ভগবানের যথার্থ আরাধনা হয়? তোরা অতি কুদ্রবৃদ্ধি—।" এইরূপ বলিতে বলিতে অধিকতর উত্তেজিত হইয়া, বেদাস্বচর্চায় বাধা দেওয়ার জ্বন্থ আরও কর্কশবাক্য শুনাইতে লাগিলেন। ফলে বেদাস্কপাঠ বন্ধ হইয়া গেল—কিছুক্ষণ পরে আরতিও শেষ হইল। আরতির পরে কিন্তু স্বামী প্রেমানন্দকে কোথাও দেখা গেল না। তথন স্বামীজ্বীও অতিশয় ব্যাকুল হইয়া "সে কোথায় গেল, সে কি আমার

গালাগাল থেয়ে গলায় ঝাঁপ দিজে গেল ?"—ইত্যাদি বলিতে বলিতে সকলকে চতুর্দিকে অরেষণ করিতে পাঠাইলেন। বহুক্ষণ পরে তাঁহাকে ছাদে বিষয়মনে বিদিয়া থাকিতে দেখিয়া স্বামীজীর নিকট লইয়া আদা হইল। তথন স্বামীজী সম্পূর্ণ বদলাইয়া গিয়াছেন : তিনি তাঁহাকে বছ ষত্ম করিলেন ও বছ মিষ্ট কথা বলিলেন। স্বামী শুদ্ধানন্দ এই ঘটনাটি লিপিবদ্ধ করিয়া মস্কব্য করিয়াছেন, "গুরুভাই-এর প্রতি স্বামীজীর অপূর্ব ভালবাদা দেখিয়া আমরা মৃশ্ধ হইয়া গেলাম। ব্রিলাম, গুরুভাইগণের উপর স্বামীজীর অগাধ বিশ্বাদ ও ভালবাদা। কেবল যাহাতে তাঁহারা তাঁহাদের নিষ্ঠা বজায় রাখিয়া উদারতর হইতে পারেন, ইহাই তাঁহার বিশেষ চেষ্টা। পরে স্বামীজীর মৃথে অনেকবার শুনিয়াছি, যাহাকে স্বামীজী বেশী গালাগালি দিতেন, তিনিই তাঁহার বিশেষ প্রিয়পাত্র।" (ঐ, ৯০৩৫৬)।

এইদক্ষে শুরুত্রাতাদের সহিত রসিকতাও ছিল। সরলমনা স্বামী অবৈতানন্দকে (বুড়ো গোপালদাকে) স্বামীজী একদিন বলিয়াছিলেন, "গোপালদা এবারে শুডফুনাইডে সোমবারে পড়েছে।" স্বামীজীর ঠাট্টাকে গোপালদা বিশাসভরে শুনিয়া বলিলেন, "বা:, আকর্ষ তো!" অমনি উপস্থিত সকলে হাসিয়া উঠিলেন।

শ্রীযুক্ত ময়থনাথ গাঙ্গুলী মহাশয় তাঁহার শ্বতিলিপিতে ভগিনী নিবেদিতা ও বিজয়ক্ষ গোসামী সম্বন্ধে ছুইটি ঘটনার উল্লেখ করিয়াছেন। ('রেমিনিসেল্সা', ০৫১-৭১ পৃঃ)। স্বামীজী তখন বাগবাজারে বলরামবাব্র বাটীতে আছেন। হলঘরে জনকয়েক বিসয়া আছেন ও স্বামীজী পার্শ্বের গৃহে বিশ্রাম উপভোগ করিতেছেন। এমন সময় ভগিনী নিবেদিতা সেখানে আসিলেন—শুভি সৌম্য মৃতি, পরিধানে প্রায়্ম পদতল পর্যস্ত বিস্তৃত হালকা গেকয়া রঙ-এর আলখালা, গলায় কলাক্ষের মালা। তিনি স্বামীজীর গৃহের ঘারদেশে গিয়ানতজায় হইয়া করজাড়ে ও পরে ভ্মিম্পর্শপূর্বক ভারতীয় রীতিতে প্রধাম করিলেন। প্রণামান্তে কর্যোড়ে নতজায় থাকিয়া স্বামীজীর সহিত ছই-চারিটি কথা বলিলেন, গৃহে প্রবেশ করিলেন না।

তিনি চলিয়া যাওয়ার একটু পরেই বিজয়ক্তফ গোস্বামী মহাশয় সেধানে আসিলেন। তাঁহার সজে জনকয়েক শিশু মৃদক ও করতাল লইয়া আসিয়াছিলেন। এই দলটি অপর সকল হইতে একটু পৃথকভাবে এক কোণে গিয়া বসিলেন। গোনাইজীকে দেখিবামাত্র স্বামীজী স্বগৃহ হইতে হলে প্রবেশ করিলেন ও হলের

মধ্যন্থলে দণ্ডায়মান হইলেন। অমনি গোসাঁইজী তাঁহার পদধ্লি লইতে অগ্রসর হইলেন। কিন্তু স্থামীজী ব্ঝিতে পারিয়া স্বয়ং গোসাঁইজীর পদধ্লি লইতে হাত বাড়াইলেন। ফলত: কেহই কাহারও ধ্লি লইতে পারিলেন না। আর একবারও ঐরপ র্থা চেটার পর স্থামীজী হাত ধরিয়া গোসাঁইজীকে নিজের পার্থে বসাইলেন। বিজয়রুক্ষ তথন ভাবে আত্মহারা ছিলেন। তাঁহার ভাবের কিঞ্চিৎ উপশম হইলে স্থামীজী তাঁহাকে শ্রীয়ামরুক্ষ সম্বন্ধে বলিতে অমুরোধ করিলেন, কিন্তু পুনর্বার গোস্থামীজীর ভাবাবেগ রৃদ্ধি পাওয়ায় বাকাশ্রুরণ হইল না; তিনি শুধু বলিতে লাগিলেন, "ঠাকুর রুপা করে আমায় আশীর্বাদ করেছেন।" তারপর তিনি নীরবে বসিয়া রহিলেন ও তাঁহার কপোল বাহিয়া অশ্রধারা পড়িতে লাগিল। অমনি তাঁহার শিষ্যবৃন্দ দণ্ডায়মান হইয়া কীর্তন আরম্ভ করিলেন। কিয়ৎক্ষণ পরে গোসাঁইজীর ভাব কিঞ্চিৎ প্রশমিত হইলে, তিনি উঠিয়া দাড়াইলেন। তথনও তাঁহার পদখলন হইতেছিল; তাই শিষ্যবৃন্দ তাঁহাকে সন্তর্পণে ধরিয়া লইয়া চলিয়া গেলেন।

কিছু পরে মন্মথবাব্ও দ্র হইতে স্বামীজীকে প্রণাম করিলেন—চরণম্পর্শ করিলেন না—এবং স্বামীজীর সহিত চুই-একটি কথা বলিয়াই গৃহে ফিরিয়াপেলেন। মন্মথবাব্র এই আচরণে ঐ কালের বাঙ্গালী সমাজের মনোভাবই কিঞ্চিং প্রতিবিষিত হইয়াছিল। মন্মথবাবৃ নিজেই লিথিয়াছেন যে, তিনি তাঁহার এক রাক্ষ বন্ধু—নরেক্রনাথ বন্ধ মহাশয়ের নিকট স্বামীজীর সংবাদ পাইয়া তাঁহাকে দেখিতে আসিয়াছিলেন। নরেক্রবাবৃ রাক্ষ হইলেও পূর্বেই শ্রীশ্রীমাতাঠাকুরানী সারদা দেবীর শ্রীচরণদর্শনে ভক্তিবিহ্বল হইয়া সন্ত্রীক তাঁহার নিকট দীক্ষাগ্রহণ করিয়াছিলেন। এই সব ঘটনা জানা থাকিলেও এবং শ্রীরামক্বফের প্রতি অশেষ ভক্তিমান ও স্বামীজীর প্রতি শ্রেজাবান হইলেও মন্মথবাব্র রাক্ষণজাভিমান তাঁহাকে স্বামীজীর পাদম্পর্শ করিতে দিল না। স্বামীজী তথাপি তাঁহার সহিত ছই-চারিটি বাক্যালাপ করিলেন এবং তথন মন্মথবাব্র মনে হইল, তাঁহার জাত্যভিমান যেন ভাজিয়া যাইতেছে। তিনি ঐ অবস্থায়ই সেই দিনকার মতো বিদায় লইলেন।

বিতীয় বার বধন মন্মথবার স্থামীজীর দর্শনে বেলুড়ে ধান, তথন ডিসেম্বর মাস (১৮৯৮ ?)। স্থামীজী রাল্লাঘরের সম্মুখের প্রাঙ্গণে দাঁড়াইয়া ছিলেন। উচ্চার হত্তে ছিল একটি পশমের টুপি ও গারে পশমের ডুসিং গাউন—সাদা জমির উপর কালো রঙ-এর ছক কাটা। স্বামীজীর রঙ ছিল ফরসা: আবার তাঁহার অন্তরের আত্মজ্যোতিতে উহা বেশ উচ্ছল হইয়া উঠিয়াছিল। মূখে हिन चशूर्व मोगाजाव ও विनान लाठनद्वा हिन এक निवा चाकर्वी निक्छ। মন্মথবার আজ নি:সঙ্কোচে সে লোকোত্তর পুরুষের সম্মুখে ভূমিষ্ঠ প্রণাম করিয়া তাঁহার পদ্ধলি লইলেন ও শিশ্ববং সম্মুখে দণ্ডায়মান হইলেন। পার্ষেই একটি ছোট তারতে চা-পানের বাবস্থা হইয়াছিল। স্বামীজী মরথবারুকে ভাকিয়া দেখানে লইয়া গেলেন, এবং চা খাইতে খাইতে অনেক কথা বলিলেন। ছারপর মঠপ্রাঙ্গণের পূর্বদিকে মঠ-বাড়ীর (পশ্চিমের?) বারাগুায় বদিয়া কথাবার্তা হইল। স্বামীজী দেখানে একখানি চেয়ারে বিদয়াছিলেন, এবং স্বামী ব্রহ্মানন্দ, श्वामी निवानन, ७ श्वामी मात्रनानन रेविकटण উপবিষ্ট ছিলেন। श्वामी श्री रमिन কথাপ্রসঙ্গে বলিয়াছিলেন, চিকাগো ধর্মহাসভায় হিন্দুধর্মের বিজয় হইয়াছিল এবং এইরূপ পরিস্থিতি হইতে রক্ষা পাওয়ার জন্ম ফরাসী দেশে পরবর্তী প্রকল্পিত মহাসভাকে ধর্মীয় মহাসভা না বলিয়া ধর্মেতিহাসের মহাসভায় পরিণত করার জন্পনা চলিতেছিল। প্রামেরিকায় স্বামীজীর পত্তের বাক্সে এমন সব পত্ত चामिত राहार् ठाँहारक हिन्तुधर्य-श्रहात रक्क ना कतिरल मध्यमारनेत छन्न দেখানো হইত; অবশ্ব বন্ধুত্বপূর্ণ পত্রও আদিত ততোধিক! ফলত: দেদিন মন্মথবাব্র মনে তখনও প্রাচীন সংস্কারোভূত যেটুকু দিধা ছিল, তাহা সম্পূর্ণ তিরোহিত হইয়াছিল।

৫। প্যারিসের সভা হয় ১৯০০ খৃষ্টাব্দের আগন্ত মাসে। স্বামীজী মন্মধ্বাবৃকে উহার উচ্চোগপর্বের কথা বলিতেছিলেন। ডিসেম্বর মাসে এই সাক্ষাৎকার হয় বলিয়া পূর্বে উল্লেখ থাকিলেও উহা ঠিক নাও হইতে পারে, কারণ ১৮৯৮ খৃষ্টাব্দের ডিসেম্বরে স্বামীজী নুতন বাড়ীতে বাস করিতেন না।

বেলুড় মঠে ওকভাই ও শিশুরুল সহিত সামীদী, ১৮৯৯

নবীন সন্ন্যাসি-সঙ্ঘ

স্বামীজী চাহিয়াছিলেন, ধর্মভিত্তিক ত্যাগ ও সেবা অবলম্বনে ভারতে নৃতন জাগরণের স্ত্রপাত করিতে, আর সেই নব আন্দোলনের পুরোভাগে তিনি স্থাপন করিতে চাহিয়াছিলেন একদল সন্ন্যাসীকে থাহার৷ নবীন যুগের বার্তাবহ ও আদর্শ প্রতিষ্ঠাপক হইবেন, যাহারা মন-মুখ এক করিয়া স্বার্থচিস্তাশৃন্ত হইয়া এবং "অবৈত-জ্ঞান আঁচলে বাঁধিয়া" মূর্থ-নারায়ণ, দরিন্ত্র-নারায়ণ, আর্ড-নারায়ণ ও সর্বাবস্থার নবনাবীর সর্বার্থক উন্নতির জন্ম আপ্রাণ চেষ্টা করিবেন এবং এইভাবে তাহাদের ভগবান লাভের পথ বাধাহীন বা হুগম করিবার দক্ষে দক্ষে নিজের মুক্তিখারও অর্গনমুক্ত করিবেন, থাহারা "আত্মনো মোকার্থং জগদ্ধিতায় চ" জীবন উৎসর্গ করিবেন। এই বিরাট কর্মপ্রচেষ্টা নেতিমূলক বেদাস্ভবাদ হইতে উৎসারিত হইতে পারে না—ইহাই ছিল তদানীস্তন পণ্ডিতবর্গের ধারণা। কিন্ত স্বামীজী কার্য ও কথায় দেখাইলেন অন্তর্মণ। রামকৃষ্ণ মঠ ও মিশন অবলম্বনে অহৈত-বেদান্তবাদী সাধুরা আরম্ভ করিলেন বনের বেদান্তকে সর্বত্র ও জীবনের সর্বক্ষেত্রে প্রতিষ্ঠিত করার অদমা প্রচেষ্টা। আর তাঁহাদের কর্ণে বাজিতে লাগিল স্বামীজীর বাণী—"যে জ্ঞানে ভববন্ধন হতে মৃক্তি পর্যন্ত পাওয়া যায়, তাতে আর সামান্ত বৈষয়িক উন্নতি হয় না? অবশুই হয়।" শ্রীরামচক্র এবং এক্রফের জীবনে ছিল অধৈতের সঙ্গে কর্মের মিলন ; স্বামীজীর জীবনেও ভাহাই ঘটিয়াছিল।

ভারতে বসিয়া ভারতকে তিনি প্রাধান্ত দিলেন; কিন্তু স্থামাদের মনে রাখিতে হইবে—স্থামীন্ত্রী শুধু ভারতের নহেন, তিনি বিশ্বের। স্থাত্তএব তিনি সন্থাসীদের কর্তব্য নির্দেশস্থলে বলিলেন "জগদ্বিভায়", তিনি বলিলেন না—শুধু ভারতহিতায়।

আবার ধর্মের যে রূপ তাঁহার চিত্তে উদ্ভাসিত হইল তাহা গতারুগতিকের পুনরাবৃত্তি নহে। তিনি উহার যে নিছর্ষ সকলের সন্মুখে স্থাপন করিলেন, তাহা অনেকাংশেই অভিনব, অথচ কোন অংশেই উহা হিন্দু মতের বা বেদাস্ত-বাদের বহিভূতি নহে। এ পর্যন্ত ভাষ্য ও টীকাদিতে একই ব্যক্তির জীবনে জ্ঞান ভক্তি কর্ম ও যোগের সমন্বয় সাধন বিষয়ে বিশেষ চেটা হয় নাই, বরং হিন্দুসাধারণের ধারণা জন্মিয়াছিল যে, এইগুলি পরম্পরনিরপেক্ষ, এমনকি পরস্পরবিরোধী সাধন মার্গ। কিন্তু শ্রীরামক্তফের শিক্ষাবলম্বনে স্বামীক্ষী দেখিলেন, মান্ন্তযের জীবনকে এমনভাবে একটা ক্রজিম ভাগে বিভক্ত করা চলে না। ব্যক্তি বিশেষের জীবনে এই চারিটি যোগমার্গের মধ্যে কোনও একটির প্রাণান্ত থাকিলেও প্রকৃত মান্ন্র এইগুলির সমন্বয়েই গঠিত—সকলেরই জীবনে থাকে অল্লাধিক বিচার, ভক্তি, সংকর্মস্পৃহা ও নীরব-ধ্যানপরায়ণতা। স্বতরাং স্বামীজী স্পষ্টই নির্দেশ দিলেন যে, তাঁহার পরিকল্লিত মঠজীবনে এই চারি মার্গেরই সমন্বয় ঘটিবে—শুধু সামৃহিক ভাবে সামাজিক বা সাম্প্রদায়িক শুরে নহে, প্রাতিশ্বিকভাবেও বটে। তিনি বলিলেন যে, প্রত্যেককেই কর্ম বিভাগের কার্য কিছু না কিছু করিতে হইবে; আর যিনি চতুর্মার্গের সমন্বয় করিতে পারেন নাই, তাঁহার জীবন শ্রীরামক্তফের আদর্শে প্রকৃষ্ট রূপে গঠিত হয় নাই।

স্বামীজীর পরিকল্পিত কর্মমার্গকে কিন্তু কর্মযোগের সমার্থক বলিয়া গ্রহণ করা চলে না। কর্মযোগে ঈশ্বরার্থে ফলার্পণের নির্দেশ আছে: স্থামীজীর 'কার্যে পরিণত বেদান্তে' নিজের জন্ম ফল অর্জনান্তে ভগবানকে অর্পণের কথাই উঠে না; কারণ এখানে আগন্ত সমস্ত প্রচেষ্টাই ভগবানের জন্ত-ফলোৎপত্তির পুর্বেও উহা ভগবানের, মধ্যাবস্থায়ও ভগবানের এবং সমাপ্তিতেও ভগবানের। শিবজ্ঞানে জীবের সেবার মূল কথাই তাই; এখানে স্বার্থচিস্তার অবকাশ নাই। তারপর কর্ম বলিতে টীকাকার ও ভাষ্যকারগণ যাগয়ঞ্জ ও ইটপুর্তাদি শাস্ত্রীয় ক্রিয়া-কাওকেই বুঝিয়াছেন। স্বামীজীর মতে যে কোন সং কর্মকেই ঈশবারাধনার অবলম্বন রূপে গ্রহণ করা চলে; কর্মমাত্রকেই পুজায় পরিণত করা চলে। অধিক্ত ঈশ্বর যদি মন্দিরে বা মঠে সাধককে দর্শন দিয়া তপ্ত করেন. তবে তিনি চাষার গোলাবাডীর আন্দিনায় কিংবা শ্রমিকের কারধানার দরজায় দেখা দিবেন না, ইহার অপক্ষে কোন যুক্তি নাই। প্রাচীন সাধকমণ্ডলীতেও ইহা স্বীকৃত যে. ভগবানকে সরল মনে ঐকান্তিক ভক্তিভরে ডাকিলে তিনি সর্বত্ত সর্বপথে আবিভূতি হইয়া থাকেন। আর ইহাই এরামক্লফোপলর সমন্বয়ের মর্মকথা। আবার পুর্বস্থরীদের মতে কর্মের ঘারা চিত্ত**ভ**দ্ধি হইলে ভক্তিলাভ ও ভক্তি পরিপক হইলে জ্ঞানলাভ হয়। কিন্তু মতবাদ হিসাবে এই তত্ত্বের প্রতি অগ্রসর না হইয়া খামীজী বান্তব সাধকজীবন ও সিদ্ধির আলোকসম্পাতে দেখিলেন কার্ষে পরিণত বেলাস্টেরই মধ্যে এমনভাবে চতুর্মার্গের সমন্বয় ঘটিয়াছে, এবং পরার্থে কর্মব্যাপৃত থাকার সমকালেই ভক্তি জ্ঞান ও ধ্যানের এমন উৎকর্ষ সাধিত হইতে পারে বে, কার্যে পরিণত বেদান্ত হইতে শুধু পরম্পরাক্রমে নহে, প্রত্যুত সাক্ষাৎভাবেও মুক্তিফল আসিতে পারে। জনকাদির জীবন ইহাই প্রমাণ করে — যদিও উহা হুর্লভ; তবে অক্সপ্রকারে মুক্তিপ্রাপ্তিও তদপেকা সহজ্ব নহে। বস্তুত: লক্ষ্যে পৌছিবার পক্ষে মার্গ অপেক্ষা ঐকান্তিক আকাক্র্যাও সরল অকপট সাধনাই অধিক ফলপ্রদ। মনে রাখিতে হইবে আমরা কর্মের হারা মুক্তিলাভের অপসিদ্ধান্ত গ্রহণ করিতেছি না, কর্মাকারে অভিব্যক্ত ও উপলভ্যমান অবৈতজ্ঞান হুইতে মুক্তির কথাই বলিতেছি।

কর্ম হইতে চিত্তশুদ্ধ ও চিত্তশুদ্ধ হইতে পর পর ভক্তি ও জ্ঞানের অধিকারী হইয়া মুক্তিলাভ ঘটয়া থাকে—এইরপ ক্রম তর্কস্থলে অলীকার না করিলেও স্থামীজী দার্শনিক ও মনন্তাত্মিক দৃষ্টি অবলম্বনে এই কথাই প্রায়শঃ বলিতেন যে, সাধনা হিসাবে যোগসমূহের এই প্রকার পরস্পারার কথা ভূলিয়া গিয়া বরং হৈছ হইতে বিশিষ্টাহৈত এবং বিশিষ্টাহৈত হইতে অহৈতাহুভূতির পারস্পর্য লীকার করা উচিত। ইহাই যুক্তিসম্মত মানসিক বিকাশ; প্রত্যুত বাস্তব জীবনে সাধনার দৃষ্টিতে কর্ম-বিরহিত ভক্তি বা জ্ঞান, ভক্তি-বিচ্যুত জ্ঞান বা ধ্যান, অথবা জ্ঞান সম্পর্কশৃত্য কর্ম বা ধ্যান ইত্যাদি নিছক কল্পনামাত্র। এই বাস্তব দৃষ্টিভঙ্গীরই সহিত ছিল তাহার কার্যে পরিণত বেদাস্তের অধিকতর সামঞ্জন্ত।

আর বেসব ভাব বা আচরণ ধর্মের নামে নির্বিচারে অফুসত বা অফুটিত হইয়া ব্যক্তির ও সমাজের জীবনে অবনতি ঘটায়, তিনি ছিলেন তাহার উপর থড়াহন্তঃ। উহাদের অন্তর্নিহিত মৌলিক ভাব অত্যুত্তম হইলেও অফুকরণপ্রিয় অনধিকারীর হন্তে পড়িয়া অকল্যাণের আকর হয়। তাই তিনি বলিয়াছিলেন, "প্রথমতঃ মহাপুরুষদের পূজা চালাতে হবে।…বেমন ভারতবর্ষে শ্রীরামচন্দ্র, শ্রীকৃষ্ণ, মহাবীর ও শ্রীরামকৃষ্ণ। দেশে শ্রীরামচন্দ্র ও মহাবীরের পূজা চালায়ে দে দিকি। র্ন্দাবনলীলা-ফীলা এখন রেখে দে। গীতাসিংহনাদকারী শ্রীকৃষ্ণের পূজা চালায়, শক্তিপুজা চালা।…বালী বাজিয়ে এখন আর দেশের কল্যাণ হবে না। এখন চাই মহাত্যাগ, মহানিষ্ঠা, মহাধৈর্ষ এবং আর্থগঙ্কশৃত্ত শুদ্ধবৃদ্ধিসহায়ে মহা উত্যম প্রকাশ ক'রে সকল বিষয় ঠিক ঠিক জানবার জল্প উঠে পড়ে লাগা।…এই ঘোর কামকাঞ্চনাসক্তির সময় ঐ (বৃন্ধাবন-) লীলার উচ্চ ভাব কেউ ধারণা করতে পারবে না।", ('বাণী ও রচনা', ১০১৪৫)। আমৌজীর মতে সহীর্তনের মাতামাতিতে

ক্ষণিক উদ্দীপনা হইলেও উহার প্রতিক্রিয়াকালে মন তমঃতে ডুবিয়া যায়; তান্ত্রিক বহু আচারও এই হিসাবে সর্বসাধারণের পক্ষে অবশ্র বর্জনীয়।

শহরাচার্য মায়াকে মিথ্যা বা অনির্বচনীয় বলিলেও সাধারণ অবৈতবাদী বলেন, "জগৎ অলীক"; 'মিথ্যা'ও 'অলীক'-এর পারিভাষিক বিবাদ ছাড়িয়া স্থামীজ্ঞী বলেন, মায়া স্বাভাবিক অবস্থার হুবহু পটচিত্রমাত্র। পরস্পর-বিরুদ্ধ পরিস্থিতিরাশির সমষ্টিস্থরূপ এই জগৎ পরম সত্য বা চরম আদর্শরূপে গৃহীত হইতে পারে না—এই বিরোধরাশির, এই অস্থিরতার মধ্যে একমাত্র বৈতাতীত চরম সত্য বস্তু আমাদের স্বীয় আত্মা—আর সে আত্মা পরমাত্মার্ম সহিত অভিন্ন। জগৎ তথনই মায়াময় বা মিথ্যা বলিয়া প্রতীত হয়, যথন আমরা উহাকে ঈশ্বর হইতে বিচ্ছিন্নরূপে গ্রহণ করি। বস্ততঃ একই সত্যস্বরূপ পরমাত্মা সর্বত্র অফ্সাত ; ভক্তি, মৃক্তি, জ্ঞান, ধ্যান, ধর্ম, কর্ম—যাহা কিছু সবই এই আত্মাকে লইয়া। যে যত স্বীয় ক্ষুদ্র আমিত্রকে বর্জনপূর্বক পরমাত্মার সহিত একত্মান্থভব করিবে সে তত ধার্মিক, ততই মায়াবর্জিত ও মৃক্তির নিকটবর্তী। অতএব ত্যাগের অর্থ হইল—একমাত্র ভগবানকে প্রকৃতরূপে গ্রহণ করা—স্বার্থ বিসর্জন দিয়া পরমার্থে নিমজ্জিত হওয়া। ইহাই হইল সমন্ত ধর্মের, সর্বপ্রকার নীতিবাদের বনিয়াদ—অধ্যাত্মজীবনের মূল ভিত্তি। স্বামীজী মায়াবাদী ছিলেন না, তিনি ছিলেন বন্ধবাদী।

স্বামীন্দ্রীর প্রতিষ্ঠাপিত সন্মাসাদর্শের মধ্যে লক্ষণীয় তত্ত্ব এই যে, তিনি ব্যক্তিগত মৃক্তি কামনাকেও স্বার্থপরতার অন্তর্ভুক্ত করিয়াছিলেন এবং সমষ্টির মৃক্তির জন্ম আত্মবলিদানকেই উচ্চতর আসন দিয়াছিলেন। তিনি বলিয়াছিলেন, "যে পর্যন্ত দেশের একটা কুকুর পর্যন্ত অভুক্ত থাকবে, আমার ধর্ম হবে তাকে খাওয়াবার চেষ্টা করা।" "আপনি আচরি ধর্ম জীবেরে শিখায়"—তিনি নিজে আচরণ করিয়াছিলেন, আর অপরকেও আত্মোৎসর্গের জন্ম আহ্বান জানাইয়া বলিয়াছিলেন, "তোর আমার মতো কীট হচ্ছে মরছে; তাতে জগতের কি আসছে যাছেছ? একটা মহান উদ্দেশ্য নিয়ে মরে যা। মরে তো যাবিই, তা ভাল উদ্দেশ্য নিয়েই মরা ভাল। তোরাই তো দেশের আশা ভরসা। তোদের কর্মহীন দেখলে বড় কন্ট হয়। লেগে যা! লেগে যা! দেরী করিস না—মৃত্যু তো দিন দিন নিকটে আসছে। আর পরে করবি বলে বলে থাকিসনি—তাহলে কিছু হবে না।…মানুষের ত্ঃথে বাহারা সহামুভুতি দেখাতে না পারে,তারা

আবার কিলের মাস্থ ।" "তোমরা কি মাস্থকে ভালবাস । তাহলে এলো, ভাল হবার জন্ত প্রাণণণ চেষ্টা করি। পেছনে খেও না, সামনে এগিয়ে যাও। ভারতমাতা অস্ততঃ এরূপ এক সহস্র যুবক বলি চান। মনে রেখো, মাস্থ চাই, জন্ত নয়।"

श्रामीकीत माथ ছिल-এই আত্মবলিদানে অগ্রসর যুবকদের লইয়া मन्नामि-সঙ্ঘ গঠন করিবেন। এই উদ্দেশ্যেই তিনি অবসর সময়ে নবাগত সাধু-বন্ধচারীদের ও গুরুভাতাদের লইয়া শাস্তালোচনা ও বিচারাদি করিতেন, ঠাকুরঘরে নিয়মিত খ্যানে বসিতেন, পুজা-জর্চাদিতে যোগ দিতেন এবং বিভিন্ন ক্ষেত্রে বিবিধ কর্মায়ন্তানের আয়োজন করিতেন। তিনি জানিতেন, উপযুক্ত কৰ্মী প্ৰস্তুত হইলে কাজ আপনা হইতেই চলিতে থাকিবে। এইজন্ম ডিনি মামুষগঠনের কার্ঘেই অধিক মনোযোগী ছিলেন। এই শিক্ষাকার্য আবার যত্নসাধ্য না হইয়া অনেক কেত্রে আপনা হইতেই সংসাধিত হইত। তিনি ৩ধু সম্মধে উপস্থিত থাকিলেই অর্ধেক কার্য নিষ্পন্ন হইয়া যাইত। কাজের মধ্যে ছোট বড় ছিল না-তাঁহার ইচ্ছাত্ম্পারে কেহ রন্ধন, কেহ বক্তাপ্রদান, কেহ আর্তের সেবা ইত্যাদিতে নিযুক্ত থাকিতেন এবং বিশ্বাস রাখিতেন যে, উহাতেই শ্রেয়োলাভ হইবে। তিনি বলিতেন, "যে কাঞ্চই হউক, খুব মনোযোগের সহিত ৰুৱা চাই। যে ঠিকভাবে এক ছিলিম তামাক সাঞ্চতে পারে, সে ঠিক ধ্যান-ধারণাও করতে পারে। যে রান্নাটাও ভাল করে করতে পারে না. সে কথনও পাকা সাধু হতে পারে না। গুদ্ধ মনে একচিত্তে না রাধলে থাগুদ্রব্য সাত্ত্বিক হয় না।" বকুতাপ্রদান শিথাইবার কালে কোন সাধুকে অত্যধিক লাজুক মনে হইলে বলিতেন—"দেখ, শ্রীরামকৃষ্ণদেব আমাকে नच्छा मृत कत्रवात वर्ष এको। सम्बद छेशाय वटन मिर्यिष्टितन। वटनिष्टितन, যথন লোক দেখে লজ্জা হবে তথন মনে করবি, 'লোক না পোক'!" এইরপ প্রক্রিয়াদারা শিশুদের লজ্জা ভাঙ্গিয়া গেলে তাঁহারা ধর্মের বিভিন্ন দিক অবলম্বনে বক্ততা দিতে থাকিতেন এবং স্বামীজীও মধ্যে মধ্যে "বেশ হচ্ছে, বাহবা" ইত্যাদি বলিয়া উৎসাহ দিতেন। স্বামী শুদ্ধানন্দ সম্বন্ধে তিনি বলিয়া-ছिলেন, "टिहा क्रवल काल এ খুব ভাল বক্তা হবে।" काष्ट्रिव विচার ভিনি শাফল্যের দিক হইতে না করিয়া উৎসাহ, উত্তম, ঐকাম্ভিকতা ইত্যাদির মাপ-কাঠিতে করিতেন—যে যতটা পারে হাত-পা ছু ড়িয়া গাঁতার শিখুক, ইহাই ছিল

ভাঁহার ভাব। তথন স্বাদী সারদানন্দ, তুরীয়ানন্দ প্রভৃতি প্রাচীনেরা দর্শনাদি শিক্ষা দিতেন এবং সকলেই ধ্যানাদির জন্ম ঠাকুরঘরে যাইতেন; কিন্তু মঠের কার্যের ভার ছিল যুবকদের উপর। স্বামীন্দী বলিতেন, "ওদেরও একটু স্বাধীনতা থাকা চাই, ওদেরও দায়িত্বোধ হওয়া চাই; না হলে এর পরে বড় বড় কাজ করবে কি করে?"

আত্মশক্তিতে শ্রদ্ধা জাগাইবার জন্ম তিনি বলিতেন, "জগতের ইতিহাস হচ্ছে কতকগুলি আত্মশক্তিতে বিশাসবান লোকের ইতিহাস। বিশাসই ভিতরের দৈবীশক্তিকে জাগ্রত করে। বিশাসবলে মামুষ যা খুলী করতে পারে। কেবল তখনই মামুষ অকৃতকার্য হয় যখন সে অনস্ত শক্তি বিকাশের চেটা বর্জন করে। যে মুহূর্তে একটা মামুষ বা একটা জাত নিজের উপর বিশাস হারায় সেই মুহূর্তে দে মরে। প্রথমে আত্মশক্তিতে বিশাস কর, তারপর তপবানে বিশাস। একমুঠো শক্তিমান লোক জগংটাকে টলমল করে কেলতে পারে। আমাদের চাই অক্তব করবার হান্য, চিন্তা করবার মন্তিক, আর কাজ করবার হাত।"

স্বামীন্দীর কথা ছিল, "ব্রুতো-সেলাই থেকে চণ্ডীপাঠ" পর্যন্ত সর্বকার্যের জন্ম মঠের সাধুদিগকে মনের দিক ও শিক্ষার দিক হইতে প্রস্তুত থাকিতে হইবে। রন্ধন, সন্বীত, উত্থানরচনা, পশুপালন ইত্যাদির সহিত শরীর-চর্চার উপরও তিনি দৃষ্টি রাখিতেন। স্বাস্থ্য-রক্ষার সর্বপ্রকার বাবস্থা যাহাতে স্থচারুরূপে পরিচালিত হন্ধ তজ্জন্ত তাঁহার উপদেশ ও আগ্রহপূর্ণ বহু পত্রাদি দেখিতে পাওয়া যায়। তিনি ৰলিতেন, "আমি চাই ধর্মপথের একদল কর্মচ সৈনিক; অতএব বাবারা, তোমরা তোমাদের পেশীগুলোকে দৃঢ় করার কাব্দে লেগে যাও। সন্ন্যাসীদের পক্ষে কুচ্ছলাধন ভাল বটে, কিন্তু কর্মীদের পক্ষে প্রয়োজন স্থগঠিত দেহ—লৌহবৎ দচ পেশীও ইস্পাতের মতো শক্ত সায়।" সাধুদের পক্ষে অধ্যয়নের প্রয়োজনও তিনি স্বতোভাবে স্কল্কে বুঝাইয়া দিতেন এবং স্বয়ং স্কল্কে লইয়া শাল্পাধ্যয়নাদি করিতেন। অক্সান্ত বিষয়ও তাঁহাদের জানা আবশুক; কারণ সমাজ-কল্যাণ-সাধনে বাঁহারা বতী হইবেন, তাঁহাদের যথেষ্ট জ্ঞান না থাকিলে একদিকে যেমন জটিল ব্যক্তিগত আধ্যাত্মিক ধর্মীয় সমস্তাদি সমাধান করা সম্ভব নহে, অপরদিকে তেমনি দেশ-কাল-পাত্তাহ্রষায়ী বিধিব্যবস্থা ও নিয়মাদির প্রচলনবিষয়ে সক্রিয় হওয়াও क्ष्माधा नटर । देवताना ७ अवहर्ष त्व नद्यानकीवरनत मृनिভिত्তि हेरा छारात প্রতিকথায় প্রকাশ পাইত। তিনি বলিতেন, "ব্রহ্মচর্য প্রতি শিরায় শিরায় আগুনের মতো জনবে"; "দর্যাদীর জীবন অস্তঃপ্রক্কতির সঙ্গে একটা তুম্ল সংগ্রাম; স্বতরাং যদি জয়ের আশা করতে চাও তবে কঠোর তপস্তা, আস্বনিগ্রহ ও ধ্যানধারণায় লাগিয়া যাও।"

মনে রাখিতে হইবে—স্বামীন্দীর প্রকল্পিত সন্ন্যাসি-সক্তের প্রত্যেকের জীবন উৎসর্গিত হইবে "স্বাত্মনো মোক্ষার্থং জগদ্ধিতায়চ"। কিন্তু প্রস্তুতি ও কার্যক্ষেত্রে কর্মব্যাপতির মধ্যে তিনি একটা পার্থক্য করিতেন। মঠজীবনের প্রথমাবস্থায় ষথেষ্ট সাবধানে চলা আবশ্রক। দেওঘরে ষাইবার পূর্বে তিনি নবাগত ব্রহ্মচারীদের উপদেশ দিতে গিয়া বলিয়াছিলেন, "আহারসংযম ব্যতীত চিত্তসংযম অসম্ভব। অতিভোজন থেকে অনেক অনর্থ হয়। ওতে শরীর ও মন তুইই জাহায়মে যায়। তা ছাড়া প্রথম অবস্থায় হিন্দু ব্যতীত অন্ত জাতির স্পৃষ্ট অন্ন থাওয়া বিম্নকর। গোঁডামি ও দ্বীৰ্ণতা ভাল নয় বটে, তবে প্ৰথম প্ৰথম নিষ্ঠাবান হওয়া খুব ভাল এবং দঢভাবে ব্রহ্মচর্য পালন করা দরকার। তারপর যা খুশী করো—ইচ্ছা করলে পুরো সন্নাস গ্রহণ করতে পার, আবার মঠ ছেড়ে চলেও যেতে পার। তবে একটা কথা ভূলো না যে, যথন দেখবে সন্ন্যাস-আদর্শ থেকে পেছিয়ে পড়ছ, এ কঠোর জীবনের পক্ষে তুমি অমুপযুক্ত, তথন গার্হস্ত আশ্রমে প্রবেশ করা বরং ভাল, কিন্তু সন্মাসাশ্রম কলুষিত করা অমূচিত। সকালে উঠবে, ধ্যানজ্ঞপ করবে, আর থুব তপস্থা লাগাবে, স্বাস্থ্য আর সময়মত থাওয়া-দাওয়ার উপর থুব নজর রাখবে। আর কথাবার্তা কইবে 💖 ধর্মসম্বন্ধ । শিক্ষাবস্থায় এমনকি থবরের কাগজ পড়া বা গৃহস্থদের সঙ্গে মেশাও ভাল নয়।"

সাধ্জীবন যাহাতে সাংসারিক জীবনের প্রভাবে কলুষিত না হয়, তব্জ্ঞ তাঁহার অসীম আগ্রহ ছিল। তিনি বলিয়ছিলেন, "সয়াসীদের কার্যে—য়থা মঠ ও মণ্ডলী পরিচালনা, জনসমাজে ধর্মপ্রচার ও অফুষ্ঠানপ্রণালীর প্রবর্তন, ত্যাগ ও ধর্মমতামত সম্বদ্ধীয় স্বাধীন চিস্তার সীমানিরপণ ইত্যাদিতে—কামকাঞ্চনাসক্ত ব্যক্তির মতামত দেবার কিছুমাত্র অবসর থাকা উচিত নয়। সয়্যাসী ধনীলোকের সঙ্গে কোন সম্বদ্ধ রাখবে না—তার কাল গরিবকে নিয়ে। সয়্মাসীর কর্তব্য ধ্ব রত্বের সঙ্গে প্রোণপণে গরিবদের সেবা করা এবং এরপ সেবা করতে পারলে পরমানন্দ অফুভব করা। আমাদের দেশের সকল সয়্মাসি-সম্প্রদায়ের ভিতর ধনীলোকের তোষামোদ করা এবং তাদের উপর বিশেষভাবে নির্ভর করার ভাষ প্রবেশ করাতে সেগুলি উৎসন্ন বেতে বসেছে।" ('বালী ও রচনা', ১০৷১৯২)।

বৈখনাথ হইতে ফিরিয়া তিনি নিয়ম করিয়াছিলেন যে, কোন গৃহস্থ সাধুদের বিছানায় বসিতে পাঁরিবেন না এবং উভয় শ্রেণীর ভোজনাদি পুথকভাবে হইবে।

একটি ঘটনা এই বিষয়ে খুবই শিক্ষাপ্রদ। একসময়ে স্বামী যোগানন্দের আদেশে নিজ্লকচরিত্র ব্রন্ধচারী রুঞ্চলাল (পরবর্তী কালের স্বামী ধীরানন্দ) কলিকাতায় শ্রীশ্রীমায়ের বাটীতে থাকিয়া তাঁহার সেবা করিতেন এবং তজ্জ্ঞ্ঞ শ্রীমায়ের আত্মীয়াদের ও ভক্তমহিলাদের সহিত মিশিতে হইত। স্বামীক্ষীকাশ্রীর হইতে প্রত্যাবর্তনান্তে এই ব্যবস্থা দর্শনে সাতিশয় বিরক্ত হইয়া স্বামী যোগানন্দকে দৃঢ়ভাবে স্বীয় বিরুক্তমত জানাইয়া দিলেন—শ্রীমায়ের সেবায় কাহারও অবনতি ঘটতে পারে কিংবা উক্ত ব্রন্ধচারী তুর্বলচিত্ত ইত্যাদি কারণে নহে, প্রত্যুত একটা সাধারণ নিয়ম প্রবর্তনের উদ্দেশ্রে, বাহাতে অদৃঢ়চিত্ত ব্যক্তি প্ররূপ পরিবেশমধ্যে পড়িয়া আদর্শচ্যুত না হয়। ইহাও লক্ষ্য করিবার বিষয় য়ে, স্বামীক্ষী ষদিও সাধারণ নিয়মের প্রয়োগ হিসাবে প্রক্রপ সেবাকার্যে আপত্তি জানাইয়াছিলেন, তথাপি স্বামী যোগানন্দ যথন বলিলেন, ব্রন্ধচারীর দায়িত্ব তিনি গ্রহণ করিবেন, তথন আর কিছু না বলিয়া নীরব হইলেন, ব্রন্ধচারীও তথনকার মতো ঐ কার্যে নিযুক্ত রহিলেন।

আর তিনি জাের দিতেন আঞ্জাবহতার উপর। এক সময়ে তিনি কাজের আব্যবদ্ধা দেখিয়া বলিয়া উঠিয়ছিলেন, "তােদের দেশে কি করে কাজ করব বল ? এখানে সকলেই কর্তা হতে চায়, কেউ কাক্সকে মানতে চায় না। বড় কাজ করতে গেলে সরদারের ছকুম চােধ বুজে মানতে হয়। আমার গুকভাইরা দি আজ আমায় বলে, আজ থেকে শেষদিন পর্যন্ত আমায় মঠের নর্দমা সাফ করতে হবে, ঠিক জানিস আমি ছিক্জি না করে এখন তাই করতে থাকব। বে হকুম তামিল করতে পারে, সেই সরদার হয়।"

পরার্থে আত্মোৎসর্গের প্রদক্ষে তিনি বলিয়াছিলেন, "শোন্, শ্রীরামকৃষ্ণ জগতের জন্ম এনেছিলেন, আর জগতের জন্ম প্রাণটা দিয়ে গেলেন। আমিও প্রাণটা দেবো, তোদেরও সকলকে দিতে হবে। এখন বা হচ্ছে দেখছিস, এ শুধু আরম্ভ। তবে ঠিক জানিস, এই যে আমার হৃদয়ের রক্তপাত করে যাছি এর ফলে এমন সব বীর উৎপন্ন হবে, ভগবানের কাজের জন্ম এমন সব মহারথী বেক্লবে যারা সমস্ভ পৃথিবীটা ওলট-পালট করে ফেলবে।" আর বলিতেন, "কিছুতেই যেন ভূলিদনি যে, জগতের সেবা ও ঈশ্বপ্রপ্রাপ্তিই হচ্ছে দন্ন্যাসীর

শ্রেষ্ঠ আদর্শ, তাতেই লেগে থাকবি। সন্ন্যাসমার্গের মতো কোন পথে এত সাক্ষাৎ ফল হয় না। সন্ন্যাসী ও পরমাত্মার মাঝখানে অহ্য কোন দেবতা নেই। সন্ন্যাসী বেদের মাধায় দাঁড়িয়ে আছেন।" (বাদলা জীবনী, ৮১০ পৃঃ)।

নিয়ম সম্বন্ধে, স্বামীজীর কিছু কিছু নিজম্ব ও নৈর্ব্যক্তিক ধারণা ছিল। তিনি যথন মঠের জন্ত কয়েকটি নিয়ম লিপিবদ্ধ করাইয়াছিলেন, তথনও আমরা তাঁহার একটা মৌলিক দৃষ্টিভন্দীর পরিচয় পাই। স্বামী শুদ্ধানন্দের (বা তদানীস্কন স্থার-এর) শ্বতিলিপি ('বাণী ও রচনা', ১০৪২-৪৪) হইতে জানা যায়, মঠ ষধন আলমবান্ধারে অবস্থিত ছিল, তখন ১৮৯৭ খুষ্টাব্দের এপ্রিলের শেষভাগে স্বামী নিত্যানন্দ একদিন স্বামীজীকে বলিলেন, "এখন স্বনেক নৃতন নৃতন ছেলে সংসার ত্যাগ করে মঠবাসী হয়েছেন, তাদের জন্ম একটা নির্দিষ্ট নিয়মে শিক্ষা-পানের ব্যবস্থা করলে বড ভাল হয়।" স্বামী নিত্যানন্দ তথন মাত্র কয়েক দিন পূর্বে স্বামীজীর নিকট সন্ন্যাসদীকা পাইয়াছিলেন। স্বামীজী স্বশিল্পের অভিপ্রায় অফুমোদনপূর্বক বলিলেন, "হাঁ, হাঁ, একটা নিয়ম করা ভাল বই কি। ডাক সকলকে।" সকলে আসিয়া বড় ঘরটিতে বসিলে স্বামীজী বলিলেন, "একজন কেউ লিখতে থাক, আমি বলি।" তখন এ উহাকে সামনে ঠেলিতে লাগিলেন (क्टरे त्यक्टांग्र च्यानत स्टेशन ना। स्थीत च्यानकी त्रभावा हिलन ; তিনিই অগত্যা সমূথে আসিয়া লিখিতে বসিলেন। ইনি তখন সবে নৃতন মাসিয়াছেন। স্বামীজী ইহাকে লক্ষ্য করিয়া একবার শুক্তের দিকে তাকাইয়া জ্ঞিজাসা করিলেন, "এ কি থাকবে ?" সন্মাসিরন্দের মধ্যে একজন উত্তর দিলেন, "হাঁ"। তারপর নিয়মগুলি বলিবার পূর্বে স্বামীজী কহিলেন, "দেখ, এইসব নিয়ম করা হচ্ছে বটে; কিন্তু প্রথমে আমাদের বুঝতে হবে, এগুলি করবার মূল লক্ষ্য কি। আমাদের মূল উদ্দেশ্ত হচ্ছে, সব নিয়মের বাইরে য়াওয়া। তবে নিয়ম করার মানে এই যে, আমাদের স্বভাবতই কতকগুলি কুনিয়ম রয়েছে—স্থনিয়মের স্বারা সেই কুনিয়মগুলিকে দূর করে দিয়ে শেষে সব নিয়মের বাইরে যাবার চেষ্টা করতে হবে—বেমন কাঁটা দিয়ে কাঁটা তুলে শেষে ছটো কাঁটাই ফেলে দিতে হয় ৷"

"তারপর নিয়মগুলি লেখানো হইতে লাগিল। প্রাতে ও সায়াহে জ্বপ-ধ্যান, মধ্যাহে বিশ্রামান্তে নিজ নিজ শাস্ত্রগ্রাদি অধ্যয়ন হইবে ও অপরাহে সকলে মিলিরা একজন পাঠকের নিকট কোন নির্দিষ্ট শাস্ত্রগ্রাদি শুনিতে হইবে—এই

ব্যবস্থা হইল। প্রত্যাহ প্রাতে ও অপরাহ্নে একটু একটু করিয়া ভেলসার্ট ব্যায়াম করিতে হইবে, তাহাও নির্দিষ্ট হইল। মাদকন্সব্যের মধ্যে তামাক ছাড়া আর কিছু চলিবে না—এই ভাবের একটি নিয়ম লেখা হইল। সমুদায় লেখানো শেষ করিয়া স্থামীজী বলিলেন, 'দেখ, একটু দেখে-ভনে নিয়মগুলি ভাল করে কপি করে রাখ—দেখিস যদি কোন নিয়মটা নেতিবাচকভাবে লেখা হয়ে থাকে, সেটাকে ইতিবাচক করে.দিবি'!" স্থামীজীর নীতিবাদ ছিল ইতিমূলক; কারণ ভর্মু নেতির ছারা চরিত্র গঠিত হয় না, উহাতে মাহুষকে তুর্বল করে মাত্র।

এই নিয়মগুলি এখনও 'আলমবাজার মঠের নিয়মাবলী' নামে পরিচিত ও প্রচলিত। পরে মঠ নীলান্বরাব্র বাটীতে উঠিয়া আদিলে আর এক প্রস্থ বিন্ধারিত নিয়মাবলী রচিত হয়; উহা বেলুড় মঠের নিয়মাবলী নামে পুত্তিকাকারে সন্ধিবন্ধ হইয়াছে। ইহাকে নিয়মাবলী বলিলেও বস্তুত: ইহা ওধু বিধিনিষেধাত্মক পুত্তিকা নহে; প্রত্যুত উহাতে মঠ-জীবন-পরিচালন, ভাবের উৎকর্ষসাধন, ঈশরলাভের উপায় নির্দেশ, শ্রীরামক্লফ-প্রচার ইত্যাদির সহিত ভারতের তথা সমগ্র বিশের আধ্যাত্মিক কল্যাণসাধনের একটি স্থপরিকল্লিত নির্দেশ দেওয়া হইয়াছে। মধ্যে মধ্যে সমাজতত্ম ও ঐতিহাসিক পরিপ্রেক্ষিতের কথাও আসিয়া পড়িয়াছে। উহার উল্লেখযোগ্য বিষয়গুলি এই:

মঠস্থাপনের উদ্দেশ্য—নিজের মৃক্তিসাধন করা ও জগতের সর্বপ্রকার কল্যাণ-সাধনে শিক্ষিত হওয়া। পুরুষদের মঠের ন্থায় স্ত্রীলোকদিগের জন্মও পৃথক্ মঠস্থাপন আবশ্যক। স্ত্রী-মঠের সহিত সন্ন্যাসীদের কোন প্রকার সংস্ত্রব থাকিবে না, পুরুষের মঠেও সন্ন্যাসিনীদের সংস্ত্রব থাকিবে না।

মঠে দর্বদা বিভাচর্চা চলিবে এবং ত্যাগ ও তপস্থার ভাব দর্বদা উজ্জ্বল রাখিতে হইবে। প্রচারকার্যপ্র অবিরাম চালাইয়া যাইতে হইবে।

অফুরূপ মঠ পৃথিবীর সর্বত্র প্রতিষ্ঠিত হইবে। কোন দেশে ইহলৌকিক অভাব ও কোন দেশে আধ্যাত্মিক অভাব অভীব প্রবল। যেখানে যেরূপ অভাব বর্তমান আছে, তাহার দ্রীকরণপূর্বক তদ্দেশবাদীর ধর্মলাভের পথ স্থগম করিতে হইবে। ভারতে অন্নাগমের উপায় প্রদর্শন করা প্রথম কর্তব্য।

সমাজ-সংস্থারের উপর মঠের দৃষ্টি থাকিবে না। সামাজিক কুরীতির উল্লোষণে বৃথা শক্তি ক্ষয় না করিয়া সমাজশরীরকে পৃষ্ট ও শক্তিশালী করাই মঠের কর্তব্য। শিব্যের আত্মনির্ভরতা ও আত্মপ্রতায়ের সহিত গুরুশিস্থের মধ্যে প্রীতির সম্বন্ধ থাকা আবশ্রক। জ্ঞান, ভক্তি, যোগ ও নিদ্ধাম কর্মের মধ্যে এক বা ঘুই বা সমন্ত অবলম্বনে যে জীবন অতিবাহিত করিতে প্রস্তুত এবং সচ্চরিত্র, ঈর্বাশৃষ্ঠ ও গুরু ও অধ্যক্ষের আদেশ পালনে তৎপর সে মঠের অক্ষীভৃত হুইতে পারিবে।

সন্ন্যাদের জন্ম আকাজ্জাশৃন্ম সচ্চরিত্র বালক বা যুবকও মঠে থাকিয়া বিচ্ছাভ্যাস ও চরিত্রগঠন করিতে পারিবে।

ধর্মের মধ্যদিয়া না হইলে ভারতবর্ষে কোন ভাব চলে না; অতএব অর্থোপার্ক্তন, জ্ঞানচর্চা, সমাজ-সংস্কার ইত্যাদি সমস্তই ধর্মভিত্তিক হওয়া আবক্তক। ভারতবর্ষের সমস্ত তৃঃথের মূল নিয়শ্রেণী ও উচ্চশ্রেণীর মধ্যে অত্যস্ত ভেদ হওয়া। এই ভেদ নাশ না হইলে কল্যাণের আশা নাই।

মঠটি বিশ্বন্ধনীন কল্যাণার্থ প্রকল্পিত; স্থতরাং উহাকে কথনও বাবান্ধীদের ঠাকুরবাড়ীতে পরিণত করা চলিবে না। ঠাকুরবাটীর দারা ছই-চারি জ্বনের কিঞ্চিৎ উপকার হয়; কিন্তু এই মঠের দারা সমগ্র পৃথিবীর কল্যাণ সাধিত হইবে।

এই মঠের প্রত্যেকের ভাবা উচিত ষে, তাঁহার প্রত্যেক কার্বে তিনি ষেন শীভগবানের মহিমা প্রকাশ করেন। মঠিট শ্রীরামক্ষণ্ণের উদার ভাব অবলম্বনে পরিচালিত হইবে—তাঁহার নামে কোন নৃতন সম্প্রদায় গঠন করা চলিবে না। আমাদের সনাতন শাস্ত্র বেদই একমাত্র শাস্ত্ররূপে পরিগৃহীত ও প্রচারিত হইবে ও গীতা যে প্রকার প্রাকালে ছিল সেই প্রকার ঠাকুরের উক্তিগুলি বেদমন্তের আধুনিক সর্বাক্ষণ্ণর ব্যাখ্যারূপে গৃহীত হইবে। সমন্বয়াবতার শ্রীরামকৃষ্ণ সমন্ত ধর্মীয় বিরাদ বিসংবাদের মধ্যে সামস্কস্থ স্থাপন করিয়াছেন এবং প্রত্যেক ধর্মতকেই উপযুক্ত মর্যাদা দিয়াছেন। ঐ প্রকার সর্বাক্ষ্ণ্ণর চরিত্রগঠনই এই যুগের উদ্বেশ্থ এবং তাহার জন্মই সকলের প্রাণপণ চেষ্টা করা উচিত।

সাধনপ্রণালীর কোন সর্বন্ধনীন নিয়ম নাই; তবে লোকসাধারণের জ্বন্ত কিঞ্চিৎ ভক্তি ভজন ও কর্মপরিণত জ্ঞান—"অবৈত জ্ঞান আঁচলে বেঁধে যা ইচ্ছা তাই কর" (শ্রীরামক্কুঞ্চ)—শিক্ষা দিলেই যথেষ্ট হইবে।

জ্ঞান, ভক্তি, যোগ ও কর্মের সমবারে চরিত্র গঠিত করা এই মঠের উদ্দেশ্য। ইহার একটিতেও যিনি ন্যনতা প্রদর্শন করেন, তাঁহার চরিত্র পূর্ণব্ধপে শ্রীরাম-ক্লক্ষের অহুগামী নহে। নিজের মৃক্তিসাধন অপেকা যিনি অপরের কল্যাণসাধনে যত্ত্বপির তিনি মহত্তর কার্যে ব্যাপৃত। মঠে জ্ঞান, ভক্তি, যোগ ও কর্মের পৃথক্ পৃথক্ শিক্ষা ব্যবস্থা থাকিলেও দকল বিভাগের অক্সদিগকে কিছু না কিছু কর্ম-বিভাগের কার্য করিতে হইবে।

নবীন সমাজের আদর্শ হইবে সমকালে ও একাধারে অতি উদারতা ও মহা প্রবলতার সমাবেশ—সমূদ্রের ফ্রায় গভীর, আকাশের ফ্রায় বিশাল, অথচ মহালোভস্থতীর ক্রায় বেগবান।

বৈচিত্র্য জগতের প্রাণ, এবং এই বৈচিত্র্যরূপ জাতি—গুণগত ও ক্রিয়াসভ্ত জাতি—কথনও লুপ্ত হইবে না; কিন্তু ভোগাধিকার-তারতম্যই মহা অনিষ্টের কারণ। আচণ্ডাল যাহাতে ধর্ম অর্থ কাম ও মোক্ষের অধিকারে সমতালাভ করিতে পারে তজ্জ্যু সচেষ্ট হওয়া আবশ্যক।

ভারতের পুনরভ্যাথান অবশ্রম্ভাবী। সত্যযুগে একমাত্র ব্রাহ্মণজাতি ছিল; পুনর্বার সকলকে ব্রাহ্মণতে উন্নীত করিতে হইবে। উচ্চজাতিকে নিম্নজাতির স্তরে অবনত না করিয়া নিম্নজাতিকে শিক্ষা-দীক্ষার হারা উন্নত করিয়া এই সাম্য প্রতিষ্ঠিত হওয়া আবশ্রক। আবার যাহারা সংস্কারচ্যুতির ফলে আর্মধর্ম হইতে বিচ্ছিন্ন হইয়া পড়িয়াছে, তাহাদিগকে আর্যসংস্কৃতির গণ্ডিমধ্যে লইয়া আসিতে হইবে। এই জগতের আদর্শ সেই অবস্থা—যথন "সর্বং ব্রহ্মময়ং জগং" পুনর্বার ইইয়া যাইবে, যথন মানবসন্তান হোগবিভৃতিতে ভৃষিত হইয়াই জন্মগ্রহণ করিবে এবং চৈতল্যমন্মী-শক্তি জড়-শক্তির উপর আধিপত্য স্থাপন করিবে, যথন রোগশোক আর মহান্থকে আক্রমণ করিতে পারিবে না এবং একমাত্র প্রেমই সর্বকার্বের প্রের্মিতা হইবে।

বেলুড় মঠই সকল মঠের প্রধান কেন্দ্র বলিয়া স্বীকৃত হইবে এবং শাখা-মঠগুলিকেও ইহার নিয়মাবলী মানিয়া চলিতে হইবে।

মঠ বিশক্তনীন কল্যাণের জন্ম প্রতিষ্ঠিত হইলেও ভারতের চিস্তাধারা ততদিন পর্বস্ত বহির্জগতে সম্পূর্ণ কার্যকরী হইবে না, যতদিন না ভারত স্বীয় সামাজিক জীবনকে স্থসংবদ্ধ, স্থনিয়ন্ত্রিত, স্থপ্রতিষ্ঠিত ও সরল করিতে সক্ষম হয়। অতএব জগতেরই কল্যাণের জন্ম প্রথমে ভারতের প্রতি অধিক দৃষ্টিদান আবশ্রক।

এই নবীন সন্ন্যাসের সহিত ভাবাদর্শের দিক হইতে স্বামীজী যেমন অনেক অভিনবত্ব যোগ করিয়া দিলেন, আচারের দিক হইতেও তেমনি অনেক নৃতনত্বের সমাবেশ করিলেন। মঠে গুরুপুজার সহিত হিন্দু দেবদেবীর পুজাও প্রবৃতিত হইল। শুধু তাহাই নহে, প্রধান ধর্মগুলির প্রতিষ্ঠাতাদের পুজাও মঠের

ষদীভূত হইল। অথচ তিনি প্রাচীনের মর্যাদা অস্বীকার করিলেন না, তাঁহার সক্তা ভগবান শহরাচার্য-প্রবৃতিত দশনামী সন্ন্যাসি-সম্প্রদায়েরই অন্তর্ভুক্ত রহিল

—মূল সন্ন্যাসবিধি ও দার্শনিক মতবাদের দিক হইতে তিনি শহরাচার্য-প্রদর্শিত
পদ্মই স্বীকার করিয়া লইলেন।

ভারতের তথা বিশ্বের কল্যাণার্থ স্বামীজীর দ্বারা যেসকল যোজনা প্রকল্পিত হইয়াছিল, তন্মধ্যে বেলুড় মঠ ও রামকৃষ্ণ-সঙ্ঘ ছিল কেন্দ্রস্থানীয়। এখান হইতে এবং ইহাদেরই দ্বারা নবীন আদর্শ ও নৃতন কার্যধারা প্রসারিত ও রূপান্থিত হইবে। এই জ্বন্তই বিষয়টি একটু বিস্তৃতরূপে আলোচিত হইল।

পুনর্বার মার্কিন মুলুকে

করেক মাস যাবংই স্বামীন্ধী ভাবিতেছিলেন, আবার বেদান্তপ্রচারের উদ্দেশ্রে এবং বন্ধুদের সহিত মিলিবার আশায় ইংলগু ও আমেরিকায় যাইবেন। বন্ধুগণও এইজয় পীড়াপীড়ি করিতেছিলেন। তাছাড়া ভারতে প্রত্যাগমনের কাল হইতেই। তিনি বিবিধ রোগে ভূগিতেছিলেন; তাই বন্ধুরা ও চিকিৎসকগণ মনে করিতে-ছিলেন, সম্ভ্রযাত্রা ও শীতপ্রধান স্থানে দীর্ঘকাল বাস করিলে স্বাস্থ্যের উন্নতির সম্ভাবনা আছে। ২৯শে নভেম্বর (১৮৯৮) স্বামীন্ধী লিথিয়াছিলেন, "শীত্রই ইউরোপ কিংবা আমেরিকায় আপনার সহিত মিলিত হইতে পারি;" কিন্তু সে আশা তথনই পূর্ব হয় নাই। হরা ফেব্রুয়ারি (১৮৯৯) আবার লিথিয়াছিলেন, "মার্চ নাগাদ আবার (কাজে) বাঁপিয়ে পডছি—এপ্রিল নাগাদ ইউরোপ যাত্রা;" কিন্তু তথনও যাত্রা হয় নাই। অবশেষে ১৪ই জুন (১৮৯৯) জানাইলেন, "এ মান্সের ২০শে আবার ইংলগু যাছিছ; এবারকার সম্প্রযাত্রায় কিছু উপকার হবে, আশা করছি।"

বিদেশ যাত্রার সময় সঙ্গী হইলেন স্বামী তুরীয়ানন্দ ও ভগিনী নিবেদিতা। গুরুজ্ঞাতারা স্বামীজীকে পুনর্বার বিদেশে গমনের জন্ম যথন পীড়াপীড়ি করিতেছিলেন, তথন তিনি এই সর্তে তাঁহাদের প্রস্তাবে সম্মত হইয়াছিলেন যে, স্বামী তুরীয়ানন্দকে (বা হরি মহারাজকে) তাঁহার সঙ্গে দিতে হইবে—বিদেশের কার্যভার স্কন্ধে লইবার জন্ম। স্বামী তুরীয়ানন্দ তথন স্বামীজীরই আদেশে স্বামী সারদানন্দের সহিত কাথিয়াওয়ারে প্রচারকার্যে নিযুক্ত ছিলেন; ফিরিয়া আসিয়া এই পরিস্থিতির সম্মুখীন হইলেন। নিজে তিনি কঠোরী সাধু, পাশ্চান্ত্য জীবনধারার সহিত অপরিচিত এবং পরিচিত হইতেও পরান্মুখ। স্বামীজী পূর্বেও এইরূপ প্রস্তাব করিলে তিনি অসম্মতি জানাইয়াছিলেন—মানসিক প্রবৃত্তিহীনতার জন্ম ও পাশ্চান্ত্যবিস্থার স্বল্পতাবশতঃ। কিন্তু স্বামীজীর দৃষ্টিতে ঐ অনিছা ও অপারগতাই গুণরূপে দেখা দিয়াছিল। তিনি জানিতেন স্বামী তুরীয়ানন্দ প্রাচ্যপান্তে স্ক্রপণ্ডিত এবং ব্রাহ্মণোচিত তাপসজীবন্যাপনে অভ্যন্ত ও প্রস্তুত। স্বামীজী এইরূপ জীবনই পাশ্চান্ত্যের সম্মুখে তুলিয়া ধরিতে চাহিয়াছিলেন। অতএব উভন্ন গুকুজ্ঞাতার দৃষ্টিভঙ্গীর মধ্যে অনেকথানি পার্থক্য ছিল। ফলে এই

দাঁড়াইল যে, স্বামীজী বধন এইবারেও এই প্রস্তাব স্বামী তুরীয়ানন্দের সন্মুখে উপস্থিত করিলেন, তুরীয়ানন্দ উহা তৎক্ষণাৎ প্রত্যাধ্যান করিলেন; স্বামীজীর কোন যুক্তিই তিনি ভনিলেন না। অগত্যা স্বামীজী শেষ অন্ত্র ত্যাগ করিলেন। তিনি শিশুর স্থায় প্রিয়তম গুরুলাতার গলা জড়াইয়া ও বক্ষে মন্তক রাখিয়া সাম্রান্দের বলিলেন, "হরিভাই, ঠাকুরের কাজের জন্ম আমি বুকের রক্ষ বিন্দু বিন্দু পাত করে মৃতপ্রায় হয়েছি। তোমরা কি আমার এ কার্যে সাহায়্য করবে না প্রকেব দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখবে পূ"? আদেশ যখন আতির আকারে আদে, তখন কাহার না মন টলে প্রস্বামী তুরীয়ানন্দ সন্মত হইলেন। তবু তিনি স্বীয় অক্ষমতার কথা শারণ করাইয়া দিতে ভুলিলেন না। স্বামীজী শুধু বলিলেন, "কিছুই করতে হবে না, শুধু জীবন দেখালেই চলবে (লিড দি লাইফ)।"

নিবেদিতার সমস্তা ছিল আরেক প্রকারের। নিবেদিতা স্বামীক্ষীর উৎসাহ, উপদেশ ও আদেশে আরক বিত্তালয়ের কার্য চালাইয়া য়াইতেছিলেন; কিছ উপযুক্ত পরিবেশ তথনও প্রস্তুত হইতেছিল না। তিনি স্বয়ং ভারতীয় রীতিতে ভারতীয় ব্রহ্মচারিণীর স্তায় জীবন য়াপন করিয়া ও ভারতের কার্যে জীবন উৎসর্গ করিয়া ভারতীয়দের প্রীতি-শ্রদ্ধার অধিকারিণী হইলেও বালিকাদের অল্পরয়েশ বিবাহের ফলে তাঁহার প্রচেষ্টা ব্যর্থ হইতেছিল; আর ব্যয়সাপেক শিক্ষা-পরিচালনার উপযুক্ত অর্থও তাঁহার ছিল না। বালালীয়া প্রশংসা করিলেও অর্থদানে রূপণ ছিলেন। লাগিয়া-পড়িয়া থাকিলে ভবিশ্বতে সাফল্য অবশ্রম্ভাবী —ইহা নিবেদিতা ও স্বামীক্ষী উভয়েই প্রাণে প্রাণে ব্রিতেন। কিছু তাহাতে তো উপন্থিত সমস্তার সমাধান হইবে না। অতএব ভাবিয়া চিন্তিয়া স্বামীক্ষী দ্বির করিলেন, বিভালয় আপাততঃ বদ্ধ রাথিয়া নিবেদিতা তাঁহার সহিত মার্কিন দেশে গেলে টাকার সন্ধান মিলিবে। ঐ অর্থের সাহায্যে কুমারীদের ও বিধবাদের ক্রম্য আশ্রম স্থাপন করিতে হইবে। বিত্তালয়ের সহিত এই জাতীয় আশ্রম পরিচালিত হইলেই মাত্র ভদানীস্তন অবস্থায় স্থীশিক্ষার প্রসারের সম্ভাবনা ছিল।

স্থির হইল, তিন জনই একসঙ্গে একই জাহাজে ইংলগু হইয়া আমেরিকায় বাইবেন। যাত্রার দিন ২০শে জুন নির্ধারিত হইল, কলিকাভায় ঐদিন তাঁহারা গোলকুণ্ডা জাহাজে উঠিবেন। এই ব্যবস্থায় সকলেই সম্ভট্ট হইলেন; কারণ

১। ইংরেজী জীবনীর মতে ইছা দার্জিলিং এর ঘটনা (৬৪৬)।

শামীকীর স্বাস্থ্যের অবস্থা তথন যেরূপ ভ্যাবহ, তাহাতে তাঁহাকে একা ছাড়িয়া দিতে কেহই সাহস পাইতেছিলেন না।

যাত্রার আয়োজন চলিতে লাগিল। স্বামীজী পুনর্বার বিদেশে চলিয়া ষাইবেন শুনিয়া অনেকেই তাঁহার সহিত দেখা করিতে আসিতেন; যাতার এক মাদ পুর্ব হইতে মঠে নিত্য বহু দর্শনার্থীর সমাগম হইত। স্বামীজীও মধ্যে মধ্যে কলিকাতায় গিয়া বন্ধুবান্ধবদের সহিত দাক্ষাৎ বা যাত্রার আয়োজন সম্পন্ন: করিতেন। একদিন কলিকাতা হইতে নৌকাবোগে মঠে ফিরিবার পথে \ माधनमार्ग मश्रद्ध कथा छेठित सामीकीत वानावसू श्रियनाथ मिश्र विनयाहितन, "গীতার কর্ম মানে তো লোকে বলে—বৈদিক যজ্ঞানুষ্ঠান, সাধনভন্তন ; আর তা ছাড়া দব অকর্ম।" স্বামীজী তাহার উত্তরে বলিয়াছিলেন, "থুব ভাল কথা, ঠিক কথা। কিন্তু দেটাকে স্বারও বাড়িয়ে নে না। তোর প্রতি নিঃশাস-প্রশাস. প্রতি চিস্তার জন্ম তোর প্রতি কাজের জন্ম দায়ী কে ? তুই তো ?" আর তিনি বলিয়াছিলেন, ভগবানই হৃদয়ে থাকিয়া মাত্রুষকে পরিচালিত করিতেছেন, ইহা সত্য হইলেও, এই বোধ চিত্তশুদ্ধি ব্যতীত আদে না। "কর্ম করে চিত্ত শুদ্ধ हरन भन्न यथन रमर्थित जिनिहे मेर कन्नार्ट्यन, ज्थन भ्रो रना क्रिक : नहेरन मेर মুখন্থ, মিছে !" আর বলিয়াছিলেন, "দাধন-ভজন না করলে কর্মযোগও হবে না। চতুর্বিধ যোগের সামঞ্জন্ম চাই; নইলে প্রাণমন কি করে তাঁতে দিয়ে রাথবি ? ...জ্ঞান--বিচার বৈরাগ্য, ভক্তি, কর্ম আর সঙ্গে সঙ্গে সাধনা, এবং স্ত্রীলোকের প্রতি পূজাভাব চাই।" ('বাণী ও রচনা', না৪১৫-১৮)।

ঐ সময় সন্ত্রান্ত ধনিগৃহ হইতেও তাঁহার নিমন্ত্রণ আসিত। এইরূপ শেষ নিমন্ত্রণরক্ষা করিতে গিয়াছিলেন তিনি ১৭ই জুন মহারাজ স্থার যতীদ্রমোহন ঠাকুরের প্রাসাদে। মহারাজ স্বামীজীর 'রাজযোগ'-গ্রন্থ পাঠ করিয়া তাঁহার প্রতি আরুষ্ট হইয়াছিলেন এবং এই স্থযোগে তাঁহাকে ঐ বিষয়ে অনেক প্রশ্ন করিয়াছিলেন।

যাত্রার পূর্বদিন ফটো তোলা হইল এবং রাত্তে মঠে সাধুবন্ধচারীরা একটি বিদায়সভার আরোজন করিলেন। স্বামীজী ও স্বামী তুরীয়ানন্দ সাধুদের মধ্যে আসিয়া বসিলেন। ভগিনী নিবেদিতাও আসিলেন; মঠের পক্ষ হইতে তাঁহাকে একটি অভিনন্দনপত্র ও গোলাপ-ফুলের তোড়া সমাদরের সহিত অর্পিত হইল। স্বামীজীকে ও স্বামী তুরীয়ানন্দকেও অভিনন্দন দেওয়া হইল। স্বামী সারদানন্দ সভার উদ্বোধন ক্রিলেন; স্বামী অথগুনন্দও কিছু বলিলেন। তারপর অভার্থিত সকলে সংক্ষিপ্ত উত্তর দিলেন। স্বামীন্দী উত্তরদানপ্রসঙ্গে ইংরেন্দ্রীয়ে প্রধানত: সন্ন্যাস সম্বন্ধে স্বীয় মত ব্যক্ত ক্রিলেন:

"প্রথমতঃ আমাদের আদর্শ কি, তাহা বৃঝিতে হইবে; বিতীয়তঃ উহা কার্ষে পরিণত করার উপায়গুলি কি, তাহাও বৃঝিতে হইবে। তোমাদের মধ্যে যাহারা সন্ন্যাসী, তাহাদিগকে পরের কল্যাণের জন্ম চেষ্টা করিতেই হইবে, কারণ সন্ন্যাসী বলিতে তাহাই বৃঝাইয়া থাকে। ত্যাগ সম্বন্ধে স্থদীর্ঘ বক্তৃতা করার এখন সমন্ন নাই, আমি সংক্ষেপে উহার লক্ষণ নির্দেশ করিতে চাই—মৃত্যুকে ভালবাসা। সাংসারিক ব্যক্তিগণ বাঁচিতে ভালবাসে, সন্ন্যাসীকে মৃত্যু ভালবাসিতে হইবে। অমৃত্যুকে ভালবাসার অর্থ কি ? তাৎপর্য এই—আমাদিগকে মরিতেই হইবে—ইহা অপেক্ষা প্রব সত্য কিছুই নাই। তবে আমরা কোন মহৎ সৎ উদ্দেশ্মের জন্ম দেহপাত করি না কেন ? আমাদের সকল কার্য—আহার বিহার অধ্যয়ন প্রভৃতি যাহা কিছু আমরা করি—সবগুলিই যেন আমাদিগকে আত্মতাগের অভিমুখ করিয়া দেয়। সমগ্র জগৎ এক অখণ্ড-সন্তাম্বরূপ—তৃমি তো ইহার নগণ্য অংশমাত্র; স্বতরাং এই কুন্দ্র আমিত্বটাকে না বাড়াইয়া তোমার কোটি কোটি ভাইয়ের সেবা করাই তোমার পক্ষে স্বাভাবিক কার্য—না করাই অস্বাভাবিক। উপনিষ্বদের সেই মহতী বাণী কি ম্বরণ নাই ?—

সর্বতঃ পাণিপাদং তৎ সর্বতোহক্ষিশিরোমুখম্।

সর্বতঃ শ্রুতিমল্লোকে সর্বমার্ত্য তিষ্ঠতি ॥ (খে. উ. ৩।১৬)।
এইরূপে তোমাদিগকে আন্তে আন্তে মরিতে হইবে। মৃত্যুতেই স্বর্গ — মৃত্যুতেই
সকল কল্যাণ প্রতিষ্ঠিত, আর ইহার বিপরীত বস্তুতে সমৃদ্য অকল্যাণ ও আন্তরিক
ভাব নিহিত।

"ভারপর এই আদর্শটিকে কার্যে পরিণত করিবার উপায়গুলি কি, ভাহা বুঝিতে হইবে। প্রথমতঃ এইটি বুঝিতে হইবে যে, অসম্ভব আদর্শ রাখিলে চলিবে না। অতি মাত্রায় উচ্চ আদর্শ জাতিকে তুর্বল ও হীন করিয়া ফেলে। বৌদ্ধ ও জৈন ধর্মসংস্কারের পর এইটি ঘটিয়াছে। অপরদিকে আবার অতি মাত্রায় 'কাজের লোক' হওয়াও ভুল। আমাদিগকে আদর্শও খাট করিলে চলিবে না, আবার যেন আমরা কর্মকেও অবহেলা না করি। আমাদের দেশের প্রাচীন ভাব এই—কোন গুহায় বসিয়া ধ্যান করিতে করিতে মরিয়া যাওয়া। কিন্তু এখন অধামি অমুকের চেয়ে শীব্র শীব্র মুক্তিলাভ করিব—এ ভাবটিও ভূল।

অতোমাদিগকে গভীর ধ্যান-ধারণার জন্ম প্রস্তুত হইতে হইবে, আবার পরমুহুর্তেই যাইয়া এই মঠের জমিতে চাষ করিবার জন্ম প্রস্তুত থাকিতে হইবে।

তোমাদিগকে খুব দামান্য কাজ—বেমন পায়খানা দাক—পর্যন্ত করিতে প্রস্তুত থাকিতে হইবে—শুধু এখানে নহে, অন্যত্তও।

"তারপর তোমাদিগকে শারণ রাখিতে হইবে যে, এই মঠের উদ্দেশ্ত মাহ্বদ্ব প্রস্তুত করা। তেনাদিগকে নিজের পায়ের উপর দাঁড়াইতে হইবে। কেবল শাস্ত্রপাঠে কি হয়? এমন কি ধ্যান-ধারণাতেই বা কতদ্র হইবে? তোমাদিগকে এই নৃতন প্রণালী—মাহ্ব-প্রস্তুতকরণ-রূপ নৃতন প্রণালী অবলম্বন করিতে হইবে। মাহ্ব তাহাকেই বলা যায় যে এত বলবান যে, তাহাকে বলের অবতার বলা যাইতে পারে, আবার যাহার হৃদয়ে রমণীস্থলভ কোমলতা আছে—তাহাদের তুর্বলতা নহে। তিমাদিগকৈ তোমাদের সম্প্রদায়ের উপর গভীর শ্রমা রাথিতে হইবে। এখানে অবাধ্যগণের স্থান নাই। তবায়ুর লায় মৃক্ত ও অবাধ্যতি হও, অথ্য লতা ও কুকুরের লায় নম্ম ও আজ্ঞাবহ হও।"

এই বক্তা সম্বন্ধ শ্রীযুক্ত শচীক্রনাথ বস্থ লিখিয়াছিলেন: "ধাইবার আগের দিনে মঠে স্বামীজীর লেকচার হইয়াছিল। লেকচার শুনিয়া সকলের ধমনীতে উফ্লোণিত প্রবাহিত হইল; সকলেরই অস্ততঃ ক্ষণেকের জ্বন্ত মনে হইল ষে, আমরা মাহ্র্য। স্বামীজী খুব এনথুসিয়েষ্ট্রিক (উৎসাহপূর্ণ) ভাবে বলিলেন, 'বাবা সব, ভোরা মাহ্র্য হ—এই আমি চাই; ইহার কিছু সফল হইলেও আমার জ্বন্ন সার্থক হইবে।' সকলকে বলিলেন, 'ভোমাদিগকে অধিক আর কি বলিব? ভোমরা সকলে সেই মহাপুক্ষের পদাহ অহ্নসরণ করিবার জ্বন্ত যত্নবান হও—জীবনে কর্মের ও বৈরাগ্যের সমাবেশ কর।' ভাহার পরদিবস কলিকাভায় আসিলেন।"

শচীনবাবুর বিবরণ হইতে আরও অবগত হওরা বার বে, বাত্রার দিন বিপ্রহরে প্রীমা সারদাদেবী স্বামীজী, স্বামী তুরীয়ানন্দ ও মঠের অক্সান্ত সাধুবৃন্দকে নিজ বাসস্থানে পরিতোষপূর্বক ভোজন করাইয়াছিলেন ও প্রাণ ভরিয়া আশীর্বাদ করিয়াছিলেন। "বেলা তিনটার সময় প্রিন্দেপ ঘাটে বাইবেন স্থির হইল। তাহার জন্ত কোন গাড়ী বাইলে ভাল হয়, এরপ কথাবার্ডা হইতেছিল—কোন

স্থিরতা হয় নাই। সৌভাগ্যক্রমে গর্গের^২ ক্রহাম ও স্বারব গেয়ার্গ (স্বাযুগল) শ্রামবাজার দেটবল হইতে আনাইয়াছিলাম। স্বামীজী দল্লা করিয়া তাহাতে গেলেন ৷ স্বামীজী এবারে ভয়েজের (সমুদ্রবাতার) পোষাক বদলাইয়াছেন— আসাম সিল্ক-এর কোট এবং দশ বার টাকা দামের কেবিন স্থ (জুতা), আর নাইট ক্যাপ। হরি মহারাজেরও এই ব্যবস্থা। কিছ তোমাকে সভ্য কথা বলিতে কি. তাঁহাকে ভাল দেখাইতেছিল না। ঘাটে প্লেগ-এর এগজামিনেশন (পরীকা) হইয়াছিল – খুব ব্লিক্ট এগজামিনেশন (পুঋারুপুঝ পরীকা)। প্রায় চল্লিশ পঞ্চাশ জন লোক সমবেত ছিলেন। বেলা পাচটার সময় नक जानिन: जामारान्त्र नग्नना जित्राम सामीकी जाहारक छिटिनन, नकरनत নিকট বিদায় গ্রহণ করিলেন। হরি মহারাজের মুথের অ্যাস্পেক্ট (চেহারা) খুব সিরিয়াস (চিস্তাকুল) হইয়াছিল। মঠের সকলেই উপস্থিত হইয়াছিলেন। গঙ্গাধর (অথগুনন্দ) মহারাজ মহলা হইতে আসিয়াছিলেন। লক্ষ ছাড়িবার শময় সকলেরই চোখ ছল ছল করিতে লাগিল—কাহারও কাহারও বা চোখ জলে ভরিয়া গেল। তৎপর সেই পঞ্চাশ জন লোক দিমালটেনিয়াদলি (একদকে) স্বামীন্দ্রীর উদ্দেশ্যে ভূমির্চ হইয়া প্রণাম করিল। সেই গ্র্মাতীরে সেই দৃষ্য বড়ই স্থন্দর দেখাইয়াছিল। অপরাপর সাহেবেরা অবাক হইয়া চাহিয়া দেখিল। তাঁহাদের তিন জনেরই ফার্ফ ক্লান প্যানেজ। সঙ্গে আর একজন যাইলেন—শরৎ মহারাজের ভাই। ... তাঁহার দেকেও ক্লাস টিকেট। ক্রমে লঞ্চ ছাডিয়া দিল। যতক্ষণ দেখা গেল সকলে কমাল প্রভৃতি ঘুরাইতে লাগিলেন। ক্রমে যখন অদুশ্র হইয়া গেল, দকলে গাড়ীতে উঠিলেন—দকলেরই মুখ বিষয়—বিদক্তি প্রতিমা वथा प्रभूभी प्रिवटम ।"

উপরের উদ্ধৃতিতে স্বামী তৃরীয়ানন্দের চিস্তাকুলতা বা অপ্রফুরতার কথা আছে। ইহার কারণ আমরা পূর্বেই উরেগ করিয়াছি—তিনি স্বামীজীর পীড়া-পীড়িতেই বাইতে রাজী হইয়াছিলেন। স্বামীজী চাহিয়াছিলেন আমেরিকাবাদী-দিগকে ধার্মিক হিন্দুজীবন দেখাইতে, আর স্বামী তুরীয়ানন্দ ছিলেন স্বামীজীরই ভাবায়—জ্বলন্নিব ব্রহ্মভেজ্ঞপা—প্রথম জীবনে একনিষ্ঠ ব্রহ্মচারী ও পরে তপস্তা-পরায়ণ সন্ন্যাসী। তিনি স্বামীজীর কাতর অস্থ্রোধ ও স্লেহের আবদারে

২। মহিবাদল-এর রাজা। ইঁহাদের উপাধি পর্গ। স্বামী সারদানস্পের দিনলিপিতেও শ্রীমারের বাড়ীতে ভোজনের কথা উলিখিত আছে।

যাইতে সম্মত হইলেও পাশ্চান্ত্য জীবন বিনাদিধায় মানিয়া লইতে প্রস্তুত ছিলেন না—তিনি সঙ্গে লইয়াছিলেন গলাজল; প্রচারের স্থবিধার জন্ম বেদান্তদর্শন ও অক্সান্ত শান্তগ্রন্থও লইতে চাহিয়াছিলেন। কিন্ত স্থামীজী নিষেধ করিয়া কহিয়াছিলেন, "বিজ্ঞের চচ্চড়ি আর পাঁজিপুঁথি তারা যথেষ্ট দেখেছে, ক্ষাত্রশক্তির পরিচয় খুব করে পেয়েছে; এখন দেখাতে চাই 'ব্রাহ্মণ'।"

স্বামীজীর এই সম্ব্রধাত্রার বিবরণ তাঁহার স্বরচিত 'পরিব্রাজ্ক' গ্রন্থে সবিস্তার লিপিবদ্ধ আছে। আমরা পাঠককে উহা হইতেই ভ্রমণ বিষশ্বে সবিশেষ জানিতে বলিয়া এখানে শুধু মোটামৃটি একটা বিবরণ দিব।

২৪শে জুন রাজে জাহাজ মাজাজ বলরে পৌছিল। পরদিবস প্রাতে দেখা গেল, বহু ভক্ত স্বামীজীর সন্দর্শনার্থ তীরে উপস্থিত হইয়াছেন—স্বামীরামরুক্ষানল, আলাসিকা পেরুমল প্রভৃতি স্থপরিচিত অনেকেই আছেন। ইহারা পূর্বেই তারযোগে স্বামীজীর আগমনবার্তা অবগত হইয়াছিলেন এবং ভাবিয়াছিলেন ধে, স্বামীজীর সহিত ব্যক্তিগতভাবে পুন্মিলনের এই স্থ্যোগে বিশেষ আনন্দিত ও উপক্রত হইবেন। কিন্তু কর্তৃপক্ষের নিকট জানা গিয়াছিল, কলিকাতার প্রেগ বাহাতে মাল্রাজে সংক্রামিত না হয়, তজ্জন্ত গোলকুণ্ডার কোন ভারতীয় বাজীকে মাল্রাজে নামিতে দেওয়া হইবে না—শ্বেতাক্ষদের পক্ষে অকথা! মাল্রাজ্ববাসীরা মাননীয় পি- আনন্দ চাল্র সভাপতিত্বে একটি সভা আহ্বান করিয়া স্বামীজীর তীরে অবতরণের অমুমতির জন্ম কর্তৃপক্ষকে অমুরোধ জানাইয়াছিলেন; কিন্তু উহা নিক্ষল হইয়াছিল। এই সমন্তের বিবরণ স্বামীজী স্বীয় গ্রন্থে এইরূপ লিধিয়াছেন:

"চিব্বিশে জুন রাত্রে আমাদের জাহাজ মাস্রাজে পৌছল। প্রাতঃকালে উঠে দেখি, সমৃত্রের মধ্যে পাঁচিল দিয়ে ঘিরে-নেওয়া মাস্রাজের বন্দরে রয়েছি। ভেতরে দ্বির জল…। ছজন ইংরেজ পুলিশ ইন্স্পেক্টর, একজন মাস্রাজী জমাদার, এক ডজন পাহারাওয়ালা জাহাজে উঠল। অতি ভস্তভাসহকারে আমায় জানালে যে, কালা আদমীর কিনারায় যাওয়ার ছকুম নাই, গোরার জাছে। কালা ধেই হোক না কেন, সে যে রকম নোংরা থাকে, তাতে তার

৩। ইহা মনে করিলে ভূল হইবে যে, খামী ভূরীয়ানন্দের গমনের পূর্বেও খামীজীর মধ্যে আমেরিকানরা সনাতন ধর্মের পরাকাঠা দেখে নাই। একটা বিশেব দিকে দৃষ্টি আকর্ষণেরই জন্ত খামীজী গুরুআতাকে উল্লেশ বলিয়াছিলেন। খামীজীর কধার রীতিই ছিল এইরূপ।

८ अन्त्रीक निष्य त्वजातात वज्हे नक्कावना, जत्व चामात कक माक्काकीता विस्थय ছকুম পাবার দরধান্ত করেছে, বোধ হয় পাবে। ক্রমে তুচারটি ক'রে মাস্ত্রাজী वक्कता तोकात्र हुए खाशास्त्रत कार्ए जामरा नागरना। होत्राह्र वि श्वात स्त्रा नारे. खाराज (थटक कथा कछ। **खानामित्रा, विनिभित्र, नत्रमिः** शाठार्व, छाउनात्र নঞ্জনরাও, কিভি প্রভৃতি সকল বন্ধদেরই দেখতে পেলুম। আঁব, কলা, নারিকেল, রাঁধা দধ্যোদন, রাশীকৃত গঙ্গা, নিমকি ইত্যাদির বোঝা আসতে লাগলো। ক্রমে ভিড় হ'তৈ লাগলো—ছেলে, মেয়ে, বড়ো—নৌকায় নৌকা। আমার বিলাতী वक्क भिः शामि अत, त्रातिकात इत्य भारतात्व अत्मरह्म, जाँदक प्रत्य प्रत्य । রামকুষ্ণানন্দ আর নির্ভয় (নির্ভয়ানন্দ) বার কতক আনাগোনা করলে। তারা সারাদিন সেই রৌত্তে নৌকায় থাকবে—শেবে ধমকাতে তবে বায়। ক্রমে বত থবর হ'ল যে আমাকে নাবতে হুকুম দেবে না, তত নৌকার ভিড় আরও বাড়তে লাগলো। শরীরও ক্রমাগত জাহাজের বারাগুার ঠেদ দিয়ে দাঁড়িয়ে দাঁড়িয়ে ष्परमन्न राम्न षामाज नाभाना। ज्यन मान्ताको रक्नामत कारू विनाम हारेनाम, ক্যাবিনের মধ্যে প্রবেশ করলাম। আলাসিকা 'ব্রহ্মবাদিন' ও মান্রাজী কাজকর্ম সম্বন্ধে পরামর্শ করবার অবসর পায় না: কাজেই সে কলম্বো পর্যন্ত জাহাজে চ'লল। সন্ধ্যার সময় জাহাজ ছাড়লে। তথন একটা রোল উঠল। জানলা দিয়ে উকি त्मरत (मिथ, हाकात थारनक मान्ताको छी-शुक्रम, वानक-वानिका वन्नरतत वारधत উপর বদেছিল—জাহাজ ছাড়তেই, তাদের এই বিদায়স্চক রব ় মাল্রাজীরা আনন্দ হ'লে বঙ্গদেশের মতো হলু দেয়।" ('বাণী ও রচনা', ৬৮৫-৮৬)।

চারিদিন মৌস্মী তরঙ্গভঙ্গে দোল খাইতে খাইতে জাহাজ কলছো বন্ধরে পৌছাইল। স্বামীজী দিখিয়াছেন: "কলম্বার বন্ধুরা নাববার হুকুম জানিয়ে রেখেছিল, অতএব ডাঙ্গায় নেবে বন্ধু-বান্ধবদের সঙ্গে দেখাগুনা হ'ল। শুর কুমারস্বামী হিন্দুদের মধ্যে শুেষ্ঠ ব্যক্তি, তাঁর স্ত্রী ইংরেজ, ছেলেটি শুধু-পায়ে, কপালে বিভৃতি। শ্রীযুক্ত অরুণাচলম্ প্রমুখ বন্ধু-বান্ধবেরা এলেন। অনেক দিনের পর মুড়গ্তিরি খাওয়া হ'ল, আর কিং-কোকোনাট। ডাব কতকগুলো জাহাজে তুলে দিলে। মিসেল্ হিগিলের সঙ্গে দেখা হ'ল, তাঁর বৌদ্ধ মেয়েদের বোডিং স্থল দেখলাম। কাউন্টেদের (কাউন্টেল্ ক্যানোভারার) বাড়ীটি (স্থী-মঠ বিজ্ঞালয়) মিসেল্ হিগিল-এর অপেকা প্রশন্ত ও সাজানো। কাউন্টেল্ যর থেকে টাকা এনেছেন, আর মিসেল্ হিগিলা ভিক্তে ক'রে করেছেন।

কাউণ্টেস্ নিজে গেঞ্ছা কাপড় বাঙলার শাড়ীর মতো পরেন। আলাসিদা কলছো থেকে মাজাজ ফিরে গেল। আমরাও কুমারস্বামীর বাগানের নের্, কতকগুলো ডাবের রাজা (কিং-কোকোনাট), তুবোতল সরবং ইত্যাদি উপহার সহিত আবার জাহাজে উঠলাম। ২৫শে জুন (?) প্রাতঃকাল জাহাজ কলছো ছাড়লো।" (ঐ, ১১-১২)।

শিংহলের পর মৌস্থমী বায়্র প্রাবল্য এতই বৃদ্ধি পাইল বে, শুধু যে জাহাজের কম্পন বাড়িল ইহাই নহে, ছয় দিনের পথ অতিক্রম করিতে এগার দিন লাগিয়া গেল। সকোত্রা দ্বীপ পর্যন্ত বড়ের বাড়াবাড়ি খুবই ছিল, তারপর উহা কমিবত থাকে। ৮ই জুলাই সন্ধ্যায় জাহাজ এডেনে উপস্থিত হইল এবং ১৪ই জুলাই স্থেক্কে বন্দরে পৌছাইল। অতঃপর পথে নেপলসে একবার থামিয়া মার্সেলে উপস্থিত হইল এবং ৩১শে জুলাই লগুনে পৌছাইল।

জাহাজে স্বামীজীর একটি কাজ ছিল, 'উদ্বোধনে' প্রকাশের জন্ম স্বীয় ভ্রমণবৃত্তান্ত লিপিবদ্ধ করা। জাহাজের টাল-মাটালের মধ্যে উহা সর্বদা সন্তবপর হইত
না। তথাপি স্থবিধা হইলেই তিনি লিখিতে বদিতেন। এইভাবে যে বৃত্তান্ত
লিপিবদ্ধ হয়, তাহাতে একদিকে যেমন ভ্রমণের দাক্ষাৎ অভিজ্ঞতা দেখিতে পাই,
অপর দিকে তেমনি পাই গভীর ঐতিহাসিক জ্ঞান ও দেশ-বিদেশের তৃত্তানামূলক
সমাজ-চিত্র। এতদ্বাতীত কবিত্বপূর্ণ ও হাস্তরসাত্মক লিপিকৌশলে গ্রন্থখানি
অতীব মনোজ্ঞ। ইহাই 'উদ্বোধন'-এ ধারাবাহিক প্রকাশিত হইয়া অধুনা
'পরিব্রাক্রক' নামে গ্রন্থাকারে প্রচারিত হইতেছে।

শামীজীর ইচ্ছা ছিল, স্বাস্থ্যোদ্ধারের জন্ম জাহাজে নিয়মিত ব্যায়াম করিবেন; তাই স্বামী তুরীয়ানন্দকে বলিয়া রাখিয়াছিলেন, কোন দিন ব্যায়াম করিতে তুল ছইলে তিনি বেন স্মরণ করাইয়া দেন। প্রথম তুই-চারিদিন তিনি নিয়মিত ব্যায়াম করিলেন, কিন্তু পরে দেখা গেল, নিবেদিতার সহিত নানাপ্রকার আলোচনায় তক্ময় হইয়া ব্যায়াম করা রোজই বন্ধ থাকে, অথচ নিবেদিতা কিছু বলিতে পারেন না। অবশেষে হরি মহারাজ (তুরীয়ানন্দজী) ব্যায়ামের কথা

গ। বাঙ্গলা ও ইংরেজা জীবনীর মতে ২৮শে জুন। ইহাই ঠিক মনে হয়। 'রেমিনিসেলেল
আব বামী বিবেকানক্ষ'-এর (২৮১ পৃঃ) মতেও Coasting Ceylon, June 28, 1899.
(কলবোতে কাউণ্টেন ক্যানোভারা একটি কনভেন্ট ও বিভালর পরিচালনা করিতেন।)

শারণ করাইয়া দিলে স্থামীজী বলিলেন, "হরিভাই; আজ থাক, জাহাজে বেশ ভালই আছি। আর দেখ, নিবেদিতার সঙ্গে একটু কথা বলছি। ও বিদেশী মেয়ে, সব ছেড়েছুড়ে আমার কাছে এসেছে এইসব কথা ভানবার জন্ম। বেশ ভাল মেয়ে, খুব সমঝাদার, এর সঙ্গে কথা বলে আনন্দ পাই।"

चामौ जीत महिल निर्वातिलात वह विवयह चारनाहना हहेल-पर्म, नमाज, ইতিহাস, পুরাণ, সাহিত্য, স্ত্রী-শিক্ষা, স্ত্রীবিদ্যালয় স্থাপন, ভারতের আধুনিক ব্যবনতি ও ভবিশ্বং উন্নতি ইত্যাদি। 'ক্যাডল টেলস ব্যব হিন্দুইজ্ম' (শিশুদের জ্ঞা হিন্দুদের উপকথা) নামক গ্রন্থের উপাদান নিবেদিতা স্বামীজীর নিকট হইতে প্রধানতঃ এই সময়েই সংগ্রহ করেন। গল ছাড়িয়া স্বামী জী যথন তাঁহার জীবনের আদর্শ ও দেইজ্ঞ কঠোর সাধনার কথা বলিতে থাকিতেন, নিবেদিতা তখন রুদ্ধখাস হইয়া একমনে সব ভনিতেন, ধারণা করিবার চেষ্টা করিতেন, নবীন প্রেরণা পাইতেন এবং হদয়ে উহা গাঁথিয়া রাথিতেন। ভবিয়তে সেই স্বই হিন্দু ধর্ম ও ক্লষ্টিবিষয়ক নিবেদিতার স্থচিন্তিত অমূল্য গ্রন্থরাজিরূপে প্রকাশ পাইয়াছিল। এই কালের কথা শ্বরণ করিয়া নিবেদিতা লিথিয়াছেন: "এই দেড মাস ব্যাপী সমুদ্রবাত্তাটিকেই আমি আমার জীবনের সর্বশ্রেষ্ঠ ঘটনা বলিয়া মনে করি। এইকালে স্বামীজীর সহিত মিশিবার যে-কোন স্থযোগ উপস্থিত হইয়াছে, তাহার সকলগুলিই আমি গ্রহণ করিয়াছি, এবং অন্ত কাহারও সহিত একপ্রকার মিশিতাম না বলিলেই হয়। একাকী লেখা ও স্চীকর্ম লইয়াই অবশিষ্ট সময় শতিবাহিত করিতাম। এইরূপে আমি দীর্ঘকাল ধরিয়া অবিচ্ছিন্নভাবে তাঁহার চরিত্র-মনের সংস্পর্শলাভে ধন্ত হইতে পারিয়াছিলাম। এ সম্পদের কি আর তুলনা হয় ? এই সমূহ্যাত্রার প্রথম হইতে শেষ পর্যন্ত নানাবিধ ভাব ও পল্লের একটা অবিরাম স্রোত চলিয়াছিল। কেহই জানিত না, কখন স্বামীন্দীর উপলব্ধির ৰার উদ্ঘাটিত হইয়া যাইবে এবং তাহার ফলে আমরা নৃতন নৃতন সত্যের জলস্ত ভাষায় বৰ্ণনা শুনিতে পাইব।" ('স্বামীন্সীকে বেরূপ দেখিয়াছি', ১৬০-৬১ পৃঃ)।

একদিন এক ইওরোপীয়ের মূবে স্বামীক্সী শুনিলেন বে, কোন কোন অসভ্য কাতি নিত্য নরমাংস ভোজন করে। অমনি তিনি আপত্তি করিয়া বলিলেন, "এটা সত্য নয়। ধর্মভাবের প্রেরণায় —পুজাদেওয়া বলিস্বরূপে অথবা য়ুদ্ধে— প্রতিহিংসাবশে, এই তুই স্থল ছাড়া কোথাও কোন জাতি নরমাংস ভোজন করে না। বুঝতে পাছত্ না, ওটা বে দলবদ্ধ বা সমাজবদ্ধ জীবদের রীতিই নয়।

এরকম করলে যে সামাজিক জীবনেরই মৃলোচ্ছেদ করা হবে।" "এই কথাগুলি বখন বলা হয়, তখন ক্রপটকিনের 'পরস্পারের সাহাঘ্য'-সম্বন্ধীয় মৃল্যবান পুত্তকখানি বাহির হয় নাই। স্বামীজীর বিশ্বমানবের প্রতি প্রেম এবং প্রত্যেক ব্যক্তিকে দেশ-কাল-অবস্থা অন্মসারে বিচার করিবার স্বাভাবিক প্রবৃত্তিই তাঁহাকে এরপ গভীর অন্তর্দু ষ্টি প্রদান করিয়াছিল'।" (ঐ, ১৬২ পৃঃ)।

গন্ধার মোহনা অতিক্রম করিয়া জাহাজ সমুদ্রের নীল জলে প্রবেশ করিলে আমীজী বলিয়া উঠিলেন, "নমঃ শিবায়! নমঃ শিবায়! ত্যাগবৈরাগ্যভূমি পরিত্যাগ করে ভোগৈশ্বভূমিতে পদার্পণ করতে চললাম।" (ঐ, ১৬৩ পৃঃ)

"আমরা একদিন তাঁহার জনৈক প্রতিপক্ষের বিষয়ে আলোচনা করিতেছিলাম। আমি (নিবেদিতা) বলিলাম, 'তিনি তাঁর সম্প্রদায়কে তাঁর দেশের উর্ধ্বে স্থাপন করছেন না কি ?' স্বামীজী সানন্দে উত্তর দিলেন, 'সেটা এশিয়ারই লক্ষণ এবং বড় উচু জিনিস। ভুধু এ ব্যাপারটাকে ঠিক ঠিক দেখবার মতো মাথা তাঁর নেই, আর তাঁর অপেকা করবার ধৈর্যনেই।' ইহা বলিয়াই তিনি আপন-মনে মা-কালীর বিষয় চিন্তা করিতে লাগিলেন। তিনি আবৃত্তি করিলেন:

'ম্গুমালা পরায়ে তোমায়, ভয়ে ফিরে চায়,

नाम त्मय मयामयी।…

চুর্ণ হোক স্বার্থ সাধ মান, হানর শাশান, নাচুক তাহাতে শ্রামা'।
"তিনি বলিলেন, 'যারা এরকম করে, আমি তাদের দলে নই। আমি ভয়ঙ্করকে
ভয়ঙ্কর বলেই ভালবাসি, নৈরাশ্রকে তার নিজের জ্ঞাই ভালবাসি, হু:খদারিদ্রাকে
সে হু:খম্বরূপ বলেই ভালবাসি। ক্রমাগত লড়াই কর। লড়াই করতে থাকো;
প্রতিপদেই পরাজ্য হয়, ক্ষতি নেই। ঐটেই আদর্শ—ঐটেই আদর্শ'।"
(ঐ, ১৬৯ পৃ:)।

এখানে বলিয়া রাখা আবশ্রক যে, স্বামীজী যদিও কার্যে পরিণত বেদান্তের অবশ্রজ্ঞাবী সহকারী হিসাবে গ্রহণীয় শৌর্ষ, বীর্ষ, সাহস ইত্যাদির কথা পুন: পুন: বলিতেন এবং যদিও কবিতায় এবং অপর কোন কোন স্থলে শক্তির অধিষ্ঠাত্রী দেবী কালীর কথা তেজ:পূর্ণ ভাষায় ব্যক্ত করিতেন, তথাপি ভগিনী নিবেদিতার গ্রন্থসমূহে এই কালী-উপাসনা সম্বন্ধে ধেরপ গুরুত্ব আরোপিত হইয়াছে এবং বেপ্রকারে উহা প্রায় সর্বজনাস্থ্রত্নীয়রূপে উপস্থাপিত হইয়াছে, তাহা ভগিনী নিবেদিতার নিক্ষম্ব আধ্যাত্মিক অধিকারের অন্থর্মপ হইলেও স্বামীজী উহাকে

ঐরপে সর্বজনগ্রহণীয় বলিয়া মনে করিতেন এইরপ ভাবিবার কোন কারণ নাই; বস্তুত; শৌর্য-বীর্যাদির সার্বজনীন অত্যাবশুকতা স্বীকার করিলেও সকলেরই পক্ষেকালী-উপাসনা স্বীকরণীয় হইতে পারে না। মেরীকে লিখিত স্বামীজীর ১৯০০ খুরাব্দের ১৭ই জুনের পত্তে আছে: "কালী-উপাসনা ধর্মের কোন অপরিহার্য সোপান নয়। ধর্মের যাবতীয় তত্ত্বই উপনিষদ থেকে পাওয়া যায়। কালী-উপাসনা আমার বিশেষ খেয়াল; আমাকে এর প্রচার করতে তুমি কোন দিন শোননি, বা ভারতেও তা প্রচার করেছি বলে পড়োনি। সকল মানবের পক্ষেষা কল্যাণকর, আমি তাই প্রচার করি। যদি কোন অভুত প্রণালী থাকে, যা শুরু আমার পক্ষেই থাটে, তা আমি গোপন রেখে দিই বা সেথানেই তার ইতি। কালী-উপাসনা কি বস্তু, সে তোমার কাছে কোন মতেই ব্যাখ্যা করব না, কারণ কথন কারও কাছে তা করিনি।"

প্রদেশ কালী-উপাসনার কথা ছাড়িয়া আমরা পুনর্বার স্বামীজীর সমুদ্রবারের কালে ফিরিয়া যাই। স্বামীজীর ভারতীয় কার্যধারার অগুতম মূলস্ত্রে হিসাবে নিবেদিতা একটি ঘটনার উল্লেখ করিয়াছেন। এডেনের কাছাকাছি আসিয়া এক প্রাতঃকালে নিবেদিতা জিজ্ঞাসা করিয়াছিলেন: "ভারতের কল্যাণের জগু আপনি যেসকল উপায় নির্ধারণ করেছেন এবং অপরে তৎসম্বদ্ধে যেসকল উপায় নির্দেশ করে, এ তৃ-এর মধ্যে মোটাম্টি কি কি বিষয়ে পার্থক্য আছে বলে আপনি মনে করেন ?" নিবেদিতা দেখিলেন, এই বিষয়ে স্বামীজীর মনের কথা টানিয়া বাংহির করা কঠিন। "বরং তিনি অগুমতাবলম্বী, নেতাদের কাহারও কাহারও চরিত্রের এবং কার্যপ্রণালীর প্রশংসাই করিলেন।" নিবেদিতাও ভাবিলেন, ঐ প্রশ্নটি চুকিয়া গেল; কিন্তু সন্ধ্যার সময় তিনি হঠাৎ আপনা হইতেই বলিতে লাগিলেন:

"যেসব লোক তাদের নিজেদের কুসংস্কারগুলোকে আমাদের দেশবাসীদের
মধ্যে চুকিয়ে দিচছে, আমি তাদের কারও সঙ্গে একমত নই। যারা মিসর দেশের
পুরাতত্ত্ব আলোচনায় ব্যস্ত থাকে, তাদের যেমন ঐ দেশের প্রতি একটা স্বার্থজড়িত অহারাগ থাকে, তেমনি কারও কারও ভারতের প্রতিও এমন একটা
অহারাগ থাকতে পারে, যার সবটাই স্বার্থজড়িত। এরকম অহারাগলাভ শক্ত
কথা নয়! লোকের স্বতই ইচ্ছা হতে পারে যে, পঠিত বইগুলি থেকে, চর্চায় এবং
কর্মনারাজ্যে যে ভারতের চিত্র তার মনের মধ্যে অহিত হয়েছে, সেই স্বতীত-

যুগের ভারতকেই দে আবার প্রত্যক্ষ দেখতে পায়। আমার ইচ্ছা, দেই প্রাচীন ভারতের বেদকল সদ্ওণ ছিল, দেওলো ফের বেঁচে উঠুক, এবং দেই সঙ্গে বর্তমান যুগের ষেদকল ভাল জিনিদ, তাও থাকুক; কেবল এই মিশ্রণ-ব্যাপারটি বেশ স্বাভাবিকভাবে সম্পন্ন হওয়া চাই। নৃতন ভারতকে আপনা-আপনি ধীর-ভাবে গড়ে উঠতে হবে—বাইরের কোন শক্তির সাহায্যে নয়। সেজ্ঞ আমি ওধু উপনিষদ প্রচার করি। ভাল করে দেখলে দেখতে পাবে, আমি উপনিষদ ছাড়া অন্ত কিছু থেকে প্রমাণ প্রয়োগ করিনি। আবার উপনিষদ থেকেও একমাত্র বলের—শক্তির—ভাবটুকুই গ্রহণ করেছি। ঐ একটিমাত্র শব্দে বেদ-বেদাস্ত প্রভৃতি সকল শাল্পের সার নিহিত। বৃদ্ধ অহিংসা প্রচার করেছিলেন। কিন্তু আমার মনে হয়, 'বল' কথাটা দ্বারা ঐ ভাবটিই আরও উত্তমরূপে প্রকাশ পায়। কারণ, ঐ ষ্দহিংসার পেছনে একটা মারাত্মক তুর্বলতা রয়েছে। তুর্বলতা হতেই হিংসার ভাব-বাধা দেওয়ার ভাব আসে। একবিন্দু সাগরজন ছিটকে গায়ে লাগলে **ভামি তাতে ভয় পেয়ে পালিয়েও যাই না, বা তাকে শান্তি দেবার কথাও মনে** খাদে না। খামি ওকে গ্রাহাই করি না, কিন্তু মশার কাছে ঐটকুই বিপজ্জনক হয়ে দাঁড়ায়। আমি চাই, যে যতই শক্রতা দেখাক না কেন, আমরা সব তুচ্ছ জ্ঞান করব। বল ও নির্ভীকতা ! আমার নিজের আদর্শ দেই অভুতকর্মা সাধু, থাঁকে দিপাহী-বিজ্ঞোহের সময় দৈলেরা মেরে ফেলে, কিন্ধ যিনি মর্মান্তিক ছুরিকাঘাত পেয়েও চিরাভান্ত মৌন ভঙ্গ করে শুধু এই বলেছিলেন, 'তবু তুমিও সেই —তত্ত্মসি'।

"জিজেদ করতে পার, এই প্রাচীন-আধুনিকের দশ্মিলন-ব্যাপারে শ্রীরামক্কফের স্থান কোথায়? তিনিই ওর পদ্ধাস্থরপ—দেই অভুত, অহংজ্ঞানরহিত পদ্ধা! তিনি নিজেকেই নিজে জানতেন না। তিনি ইংলও বা ইংরেজদের দদ্ধে ওধু এইটুকু জানতেন যে, তারা এক অভুত রকমের লোক—দ্রে, মহাসম্দ্রের ওপারে বাদ করে। কিন্তু তিনি দেই অসাধারণ জীবন ধাপন করে গেছেন—আমি তার ব্যাখ্যাকার মাত্র। তিনি কখনও কারও নিন্দা করতেন না। একবার আমি আমাদের দেশের বীভংদ-আচার-বিশিষ্ট কোন সম্প্রদায়ের তীত্র সমালোচনা করছিলাম। শোমার কথা দব শেষ হলে তিনি ওধু বললেন, 'হাঁ, দব বাড়ীরই একটা করে মেথর চুকবার হুয়ার থাকে। এও দেই রকম আর কি!'

"এতদিন আমাদের দেশের ধর্মের মহাদোষ কি ছিল জান ? সে ধর্ম মাত্র ছটি

কথা জানত—ত্যাগ ও মৃক্তি। এ জগতে শুধু কি মৃক্তিই দরকার ? গৃহস্বদের জন্ম কিছুই চাই না?···শিকার ভেতর দিয়ে এ জাতির মধ্যে বল সঞ্চারিত হবে—এইটিই উপায়।" (ঐ, ১৮৫-৮৮ পৃ:)।

"আমি দেখতে পাচ্ছি, ভারত তরুণ ও সঞ্জীব চেতন বস্তু। ইউরোপও তরুণ ও সঞ্জীব। এদের কেউই এমন অবস্থায় পৌছায়নি যে, এদের অফুর্চানগুলোকে নিরাপদে সমালোচনা করা চলে। এরা ষেন ঘটি বিরাট পরীক্ষা-ব্যাপার—তার কোনটিই এখনও সম্পূর্ণ হয়নি।…এখন আমাদের ভারতীয় পরীক্ষা-ব্যাপারটিকে তার নিজের ভাবেই সাহায়্য করতে হবে। যে সকল আন্দোলনে কোন ব্যক্তিবা কাজকে সাহায়্য করতে গিয়ে তাদের নিজম্ব ভাবটি বজায় রাথার চেষ্টা না করা হয়, সে সকল আন্দোলন ঐ হিসাবে নির্থক।" (ঐ, ১৯৩-১৪ পঃ)।

এই সব কথার আলোচনা প্রসঙ্গে ভগিনী নিবেদিতা একটি তাৎপর্থপূর্ণ ঘটনার উল্লেখ করিয়াছেন। একবার জনকয়েক লোক হোটেণ্টটদিগের জড়োপাসনার নিন্দায় মাতিয়া গিয়া ঐ বিষয়ে স্বামীজীর মত জানিতে চাহিলে স্বামীজী বলিলেন, "আমি জড়োপাসনা কাকে বলে জানি না।" সমালোচকেরা তথন বুঝাইয়া দিলেন—হোটেণ্টটরা প্রথমে পূজার্হ বস্তুটির অর্চা করে, তারপর তাহাকে প্রহার এবং পুনর্বার ধন্তবাদজ্ঞাপন—ক্রমান্বয়ে এইরপ করিতে থাকে। স্বামীজী তবু সবিশ্বয়ে বলিলেন, "আমি এর নিন্দা করব।" পরক্ষণেই তিনি উত্তেজিত কণ্ঠে বলিলেন, "দেখছ না, এটা জড়োপাসনা নয়? তোমাদের হৃদয় কি পাষাণ! তোমরা দেখতে পাও না যে ছোট ছেলেরা ঠিকই করে! তারা সবই চৈতক্তময় দেখে। এহিক জ্ঞানর্দ্ধির সঙ্গে আমাদের ঐ বালকস্থলভ দৃষ্টি চলে যায়। কিন্তু শেষে এক উচ্চতর জ্ঞানের বারা আমরা আবার ঐ অবস্থায় পৌছাই। ছোট ছেলেরা গাছপালা, ইট, কাঠ, পাথর, সব জ্ঞিনিসে একটা জীবস্ত শক্তি দেখতে পায়। আর সত্যই কি এদের পেছনে এক জীবস্ত শক্তি বর্তমান নেই প্ এ প্রতীকোপাসনা, জড়োপাসনা নয়। দেখতে পাছ্ছ না প্" (ঐ, ১৯৫-৯৬ প্রং)।

যাহাদের বা যে দেশের জন্ম ধর্মপ্রচারাদি করা হইবে, তাহাদের নিজস্ব দৃষ্টি অবলম্বন না করিতে পারিলে এবং সহাত্বভূতিসহ ও প্রীতির সাহায্যে তাহাদের চিরাবলম্বিত পথে তাহাদের উন্ধতির প্রচেষ্টাকে পরিচালিত না করিলে মঙ্গল না হইয়া বরং অমঙ্গলেরই স্ত্রপাত হইতে পারে। এই হিসাবেই স্বামীজী একবার এক বিদেশী ধর্মপ্রচারককেও সাবধান করিয়া দিয়াছিলেন—মদিও উক্ত প্রচারক

নিজের বৃদ্ধি ও বোধের অস্থায়ী ভারতীয় ধর্মই শিক্ষা দিতে অগ্রসর হইয়াছিলেন। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত এই বিষয়ে একটি ঘটনার উল্লেখ করিয়াছেন:

একবার আলমোড়ায় এক স্থনামধন্তা ইংরেজ মহিলা স্থামীজীর সহিত দাক্ষাৎ করিতে আদেন। তিনি ভারতে হিন্দুধর্মের প্রচারিকা হিদাবে আত্মপরিচয় দেন বলিয়া স্থামীজী পূর্বে তাঁহার সমালোচনা করিয়াছিলেন। অতএব তিনি জানিতে চাহিলেন, কোণায় তিনি ভ্রম করিয়াছেন। স্থামীজী বুঝাইয়া দিলেন, "তোমরা ইংরেজরা আমাদের দেশ দথল করেছ; তোমরা আমাদের স্থাধীনতা হরণ করেছ এবং আমাদের নিজেদেরই ঘরে আমাদিগকে দাসত্বভূল পরিয়েছ; তোমরা দেশের ধনসম্পত্তি লুঠন করে নিয়ে যাচছ। এতেও সম্ভষ্ট না হয়ে তোমরা আমাদের শেষ যে সম্থাটুকু আছে—আমাদের ধর্ম—তাও তোমরা লুটে নিয়ে আত্মাৎ করতে চাও আর আমাদের ধর্মগুরু সাজতে চাও!" উক্ত মহিলা তখন সাগ্রহে বুঝাইয়া দিলেন যে, তিনি শিখিতেই আসিয়াছেন, শিখাইতে নহে। এইভাবে স্থামীজীকে শাস্ত করিয়া তিনি তাঁহাকে তাঁহার একটি সভায় সভাপতিত্বের জন্ত সম্মত করাইয়াছিলেন। ('রেমিনিসেন্সেস অব স্থামী বিবেকানন্দা, ১৯ পৃঃ)।

৩১শে জুলাই অর্ণবেপাত লগুনে পৌছিলে দেড় মাসের সম্দ্রভ্রমণ সমাপ্ত হইল। জাহাজ লগুনের টিলবেরি ডকে প্রবেশ করিলে কয়েকজন বন্ধুবাদ্ধব তাঁহাদিগকে অভিনন্দিত করিলেন। স্বামীজী দেখিয়া আশ্চর্যান্তিত হইলেন যে, ইহাদের মধ্যে মাকিন দেশ হইতে আগতা তুইটি ভক্তিমতী মহিলাও আছেন—শ্রীযুকা ফান্ধি ও শ্রীমতী কৃষ্টিন। ইহারা সংবাদপত্রে পড়িয়াছিলেন, স্বামী বিবেকানন্দ ২০শে জুন কলিকাতা হইতে পাশ্চান্তাধাত্রা করিয়াছেন এবং তাঁহার স্বাস্থ্য ভাল নহে। অতএব তাঁহার দর্শনের জন্ম অভিমাত্র আগ্রহান্থিতা হইয়া তাঁহারা স্বীয় বাসস্থান স্বদ্র ডেট্রেট হইতে লগুনে উপস্থিত হইয়াছিলেন। ঐ সময়ে স্বামীজীর শারীরিক অবস্থা সম্বন্ধে ফান্ধি লিথিয়াছিলেন, "ভিনি থুব রোগা হইয়া গিয়াছিলেন; তাঁহাকে দেখিলে মনে হইত যেন ঠিক একটি বালক এবং আচরণেও তিনি ছিলেন তাই। সমুদ্র্যাত্রার ফলে তিনি তাঁহার পূর্বের শক্তি-সামর্থ্য অনেকটা ফিরিয়া পাইয়াছেন দেখিয়া তিনি বেশ খুশী ছিলেন।"

তথন গ্রীম্মকাল; তাই লণ্ডন মহানগরীর পরিচিত বন্ধুবাদ্ধবদের অনেকেই শহর ছাড়িয়া বাহিরে চলিয়া গিয়াছিলেন। কান্ধ তথন কিছুই হইবার ছিল গা।

ভাই বাকি বন্ধুরা নগরের উপকণ্ঠে উইম্বল্ডনে অনেকটা শাস্ত ও নির্জন পরিবেশ মধ্যে একখানি প্রাচীন ধরনের বড় বাড়ী তাঁহার জন্ম ঠিক করিয়া রাখিয়াছিলেন। স্বামীকী বিশ্রামলাভের জন্ম সদলবলে সেধানে উঠিয়া ওরা স্বাগন্ট শ্রীমতী **गाक्ना**ष्ठेण्टक निश्चित्न (पि नार्रेग्न, উष्ट्रनार्डण न, ष्ट्रेश्नण्डन रूटेंट्छ): "তুরীয়ানন্দ ও আমার হুন্দর বাসন্থান মিলেছে। সারদানন্দের ভ্রাতা মিস নোবল-এর বাসস্থানে আছে...। সমুদ্রধাত্রায় বেশ কিছু স্বাস্থ্যোয়তি হয়েছে। তা ঘটেছে ভাষেল নিয়ে ব্যায়াম ও মৌস্থমী ঝড়ে ঢেউ-এর উপর স্বীমারের ওলটপালট থেকে। অভূত, নয় কি ? আশা করি এটা বজায় থাকবে।" প্রায় ঐ সময়েই মেরীকেও লিখিয়াছিলেন, "এবারে কোন ব্যস্ততা নেই, টানাহেঁচড়া নেই, চুপটি ক'রে এক কোণে পড়ে যুক্তরাষ্ট্রে যাবার প্রথম স্থাবাদের অপেকায় আছি। বন্ধরা প্রায় সকলেই লণ্ডনের পল্লী অঞ্চলে কিংবা অন্তত্ত চলে গিয়েছেন, আর আমার শরীরও বিশেষ সবল নয়।" ইহার পর ১০ই আগস্ট তিনি স্বামী ব্রহ্মানন্দকে লিখিয়াছিলেন: "আমার শরীর জাহাত্তে অনেক ভাল ছিল, কিন্তু ডাঙায় আসিয়া পেটে বায়ু হওয়ায় একট খারাপ। ... এখানে বড় গোলযোগ— বন্ধবান্ধব সব গরমির দিনে বাইরে গেছে। তার উপর শরীর তত ভাল নয়— পাওয়া দাওয়ায়ও গোলমাল। অতএব ত্-চার দিনের মধ্যেই আমেরিকায় চললুম।" এই সব পত্রাংশ ও প্রাচীন জীবনীগুলি পাঠ করিলে এরপ ভ্রম হওয়। অসম্ভব নহে যে, স্বামীন্দী লণ্ডনে কাজ করিতে চাহিয়াছিলেন; কিন্তু দাহায়্যকারীর অভাব ও স্বাস্থ্যভঙ্গের জন্ম ক্রত আমেরিকায় চলিয়া যাইতে বাধ্য হন। বস্তুত: ভাহা নহে। কারণ পূর্ব হইতেই আমেরিকার বন্ধুরা তাঁহাকে সে দেশে ফিরিয়া পাইবার জন্ম সাতিশয় আগ্রহান্বিত ছিলেন এবং তিনিও পুর্ব হইতেই লওনের তৎকালীন অবস্থা পরিজ্ঞাত ছিলেন বলিয়া মার্কিন দেশেই কাজ করিবার জন্ম প্রস্তুত হইয়া আসিয়াছিলেন। এই জন্মই পোর্ট সৈয়দ হইতে স্টার্ডিকে লিখিত তাঁহার ১৪ই জুলাই-এর পত্তে আছে: "তুমি নিশ্চয়ই জানো যে, উপন্থিত লণ্ডনে আমার বন্ধদের অনেকেই নেই; তা ছাড়া মিদ ম্যাকলাউড ঘাবার জন্ম আমায় খুবই পীড়াপীড়ি করছেন। বর্তমান পরিস্থিতিতে ইংলণ্ডে থাকা যুক্তিসঙ্গত মনে হচ্ছে না। অধিকন্ত আমার আয়ু ফুরিয়ে এল—অস্ততঃ আমাকে এটা সত্য ব'লে धरत्र निराइ हनार्क हरत । जामात्र वक्तत्र এह रा, जामत्र यनि जारमित्रकात्र সত্যাই কিছু করতে চাই, তবে এখনি আমাদের সমস্ত বিক্ষিপ্ত প্রভাবকে ৰথাবিধি

নিয়ন্ত্রিত না করতে পারলেও অন্ততঃ একমুখী করতেই হবে। তারপর মাস-কয়েক পরেই আমি ইংলণ্ডে ফিরে আসার অবকাশ পাব এবং ভারতবর্ষে ফিরে না বাওয়া পর্যন্ত একমনে কাজ করতে পারবো। আমার মনে হয়, আমেরিকার কাজকে গুছিয়ে আনার জন্ম তোমার আসা একান্ত প্রয়োজন।…তুমি যদি আমেরিকায় নাও আসতে পারো, তবু আমার যাওয়া উচিত—কি বলো ১°

উইম্বভনে স্বামীন্ত্রী হুই সপ্তাহ কাটাইলেন বিশ্রামের জন্ম ও আমেরিকাগামী জাহাজে জায়গা পাইবার জন্ম। নিবেদিতার পিতৃগৃহ কাছেই ছিল—উইম্বভনের ২১নং হাই খ্রীটে। স্বতরাং স্বামীন্ত্রীর সহিত নোবল পরিবারের বেশ ঘনিষ্ঠতা জিমিয়াছিল। এই পত্রে নিবেদিতার কনিষ্ঠ লাতা রিচমগু স্বামীন্ত্রীর খুব অম্বরক ইইয়াছিলেন। পরে তিনি লিথিয়াছিলেন, "যে-কোন ব্যক্তির পক্ষেই স্বামীন্ত্রীকে ও দু দেখার এবং তাঁর কথা শোনার অপেক্ষামাত্র ছিল। এবং তারপরেই সেবলিতে পারিত, 'বিহোল্ড দি ম্যান—এই দেখ সেই পুরুষপ্রবর'।" ১৬ই আগস্ট স্বামীন্ত্রী, স্বামী তুরীয়ানন্দ ও ডেটুয়েট-নিবাদিনী মহিলাদ্ম মাসগো হইতে মার্কিনগামী জাহান্তে উঠিলেন। নিবেদিতা ক্ষেক্টি কারণে দিন ক্য়েকের জন্ম স্বগৃহে থাকিয়া গেলেন। এবারে উইম্বল্ডনে স্মাগত ব্যক্তিদের সহিত বার্তালাপ ছাড়া স্বামীন্ত্রী অন্ত কোন প্রকার কার্যে লিপ্ত হন নাই।

অতলান্তিক মহাসাগর অতিক্রম করিতে দশ দিন লাগিয়াছিল। এই কয়দিনের কথা বলিতে গিয়া প্রীযুক্তা ফান্ধি লিথিয়াছিলেন: "সমৃদ্রে এই যে দশটি দিন অতিবাহিত হইয়াছিল, তাহার শ্বৃতি চিরকালের জন্ম অবিশ্বরণীয়। প্রতিদিন সকালে গীতাপাঠ ও ব্যাখ্যা হইত, সংস্কৃত কবিতার আবৃত্তি ও অমুবাদ হইত, পুবাণের গল্প বলা হইত এবং বৈদিক স্তোত্রের আবৃত্তি হইত। সমৃদ্র শাস্ত ছিল এবং রাত্রে চন্দ্রের শোভা ছিল স্থমনোহর। সন্ধ্যাপ্তলি ছিল অতি চমৎকার—আচার্যদেব যথন ডেকের উপর পদচারণ করিতেন, তথন চন্দ্রালাকে তাঁহার মৃতি বড়ই মহিমময় মনে হইত; তিনি মধ্যে মধ্যে থামিয়া আমাদের নিকট প্রকৃতির সৌন্দর্য বর্ণনা করিতেন, আর সোৎসাহে বলিতেন, 'এইসব মায়ার খেলাই যদি এত স্কুলর হয়, তো তাব দেখি, এর পশ্চাতে যে সন্তা রয়েছে, তা কতই মনোহর!' একটি সন্ধ্যা বড়ই উপভোগ্য ছিল। তথন পূর্ণচন্দ্র উঠিয়াছে; উহাকে তথন বড়ই কোমল ও সোনালি বোধ হইতেছিল—রাত্রিটি যেন রহস্তাবৃত ও মায়াবিজড়িত! তিনি অনেকক্ষণ নীরবে দাড়াইয়া সে সৌন্দর্য উপজ্যেগ

করিলেন, তারপর অকন্মাৎ আমাদের দিকে ফিরিয়া উর্ধে আকাশ ও নিম্নে সমৃত্রের দিকে অঙ্গুলি নির্দেশপূর্বক বলিলেন, 'ওই ওখানে ধখন কবিত্বের সার ছড়িয়ে রয়েছে, তখন কবিতা আবৃত্তির আবার কোন প্রয়োজন ?' নিউ ইয়র্কে পৌছিয়া মনে হইল, বড় শীঘ্র ধাত্রা শেষ হইয়া গেল; আর বোধ হইতে লাগিল, এই ধে দশটি দিন আচার্যদেবের ঘনিষ্ঠ সান্নিধ্যে কাটাইয়াছি, তাহার জন্ত ক্রতজ্ঞতার কোন সীমা থাকিতে পারে না।"

নিউ ইয়র্কে পৌছিয়াই স্বামীক্ষী ও স্বামী তুরীয়ানন্দ প্রথমে শ্রীযুক্ত লেগেট ও তাঁহার পত্নীর আবাসস্থলে গেলেন এবং অবিলম্বে তাঁহাদের সহিত হাডদন নদীর তীরে কাটদ-কিল পর্বতে তাঁহাদের রমণীয় বাটা 'রিজলী ম্যানর'-এ উপনীত হইলেন। ঐ নির্জন পল্পীনিকেতনটি নিউ ইয়র্ক হইতে দেড় শত মাইল দ্রে। এখানে থাকিয়া তিনি "অতঃপর কোথায় কার্য করিতে হইবে এই বিষয়ে ভগবানের ইন্ধিতের প্রতীক্ষা" করিতে লাগিলেন, আর "এই ইন্ধিত যে আদিবেই, ইহা তাঁহার দৃঢ় বিশ্বাস ছিল।" ('স্বামীক্ষীকে ষেরুপ দেখিয়াছি', ২০৩ পৃঃ)।

कामीकी विक्रमी मानित्व वह नर्ज्यव शर्य श्रीय आपूर्ण मान हिल्मन। লেগেট-দম্পতি তাঁহার জন্ম একটি ছোট আলাদা বাডী ছাড়িয়া দিয়াছিলেন। দেখানে স্বামী তুরীয়ানন্দও থাকিতেন। স্বামীজী যথন নিউ ইয়র্কে উপনীত হন, তথন স্বামী অভেদানন্দ দেখানে ছিলেন না, প্রচারকার্যে অন্তত্ত ব্যাপ্ত ছিলেন। পরে স্বামীজীর তার পাইয়া রিজলী ম্যানরে আ্বাসেন ও দশ দিন সেথানে कां छोड़ेशा यान। जिन्नी निर्वाविजा अवसाम भारत रमशान चामिशा हिलन. স্পার স্পাসিয়াছিলেন শ্রীযুক্তা ওলি বুল। এতব্যতীত লেগেটদের বন্ধুরাও কেহ কেছ ঐ সময়ে রিজ্ঞলী ম্যানরে স্থাসিয়া থাকিতেন এবং স্বামীজীর সহিত স্থালাপ করিয়া ধন্ত হইতেন। লেগেট-দম্পতি তাঁহার সর্বপ্রকার স্থব্যবস্থায় সর্বদা ষত্বপর ধাকিতেন এবং দ্বামীন্সীও তাঁহাদিগকে খুবই ভালবাসিতেন। খ্রীযুক্তা লেগেট ছিলেন তাঁহার 'মা'। তিনি স্বামী অভেদানন্দের নিকট শুনিয়া স্থী হইয়াছিলেন বে, নিউ ইয়র্কের বেদাস্ত-সমিতির নিজন্ব স্বায়ী বাড়ী হইয়াছে। স্বামী অভেদানন্দ ১৫ই অক্টোবর আহুষ্ঠানিকভাবে ঐ 'বেদাস্ক সোসাইটি ক্রমস'-এর (বেদাস্ক-সমিতির ককগুলির) ছারোদ্যাটন করেন। এদিকে স্বামীজী স্বামী তুরীয়ানন্দের কার্বারজ্ঞের স্থােগ খুঁজিতেছিলেন। যতদিন তাহা না পাওয়া যায়, ততদিন স্বামী তুরীয়ানন্দ স্বামীজীর নিকট থাকিয়া ঐ দেশে কিরুপে কার্যপরিচালনা করিতে হইবে ও किक्रभ कीवनशाभन कतिएक हरेरव रेकामि विषय मिक्रानाक कतिरक्षितन। के काल्यत कथा উল্লেখ कतिया करेनक। मार्किन-दिनोय उक्कातियो निशिवाहित्नन. "স্বামী বিবেকানন্দ ও স্বামী তুরীয়ানন্দ ষেদিন ইংলও হইতে আমেরিকায় পদার্পণ करतन, त्म मिन इरेटि जिनि मिश्वार काणिया नियाह । श्वामी विरवकानन मर्व-প্রকার ব্যাধি হইতে জ্রুত মুক্তিলাভ করিতেছেন এবং ভারত হইতে ইংলণ্ড পর্যন্ত সমুদ্রভ্রমণের ফলে যে স্বাস্থ্যোমতি হইয়াছিল তাহার পরিণামম্বরূপ নিত্য অধিকতর দৈহিক শক্তি লাভ করিতেছেন। তাঁহার আগমনের পর হইতে ধে क्यक्रन वाहा वाहा लाक छारात वानी अनिवात मोजाना প्राथ रहेगाहिन, তাঁহাদের সকলেরই চিত্তে তাঁহার আনীত সত্যের মহতী বাণী গভীরভাবে অঙ্কিত হইয়া গিয়াছিল। আর তাহাতে ছিল ভগবদাণীর এমন এক বিশালতর প্রকাশ ও নিকটতর অহভৃতি যাহা প্রাচ্য বা পাশ্চাত্ত্য থণ্ডে পুর্বে তাঁহার শ্রীবদনে 🛎ত হয় নাই। স্বামী তুরীয়ানন্দের সহিত যাঁহারই আলাপ হয়, তিনিই তাঁহাকে ভালবাদেন, এবং একজন বাঞ্নীয় প্রচারকর্মপেই সকলের দারা গৃহীত হন। ইহাদের উপস্থিতিতে আমরা কুতার্থ ও আনন্দিত। · · অতিথিবৎসল বন্ধুদের গুহে খামী বিবেকানন্দ বিশ্রাম উপভোগ করিতেছেন; স্বামী তুরীয়ানন্দ এরং স্বামী অভেদানন্দও দেখানে আছেন। স্বামী তুরীয়ানন্দের সহিত যাঁহাদের সাক্ষাৎ হইয়াছে, তিনি তাঁহাদের সকলেরই হানয় জয় করিয়াছেন এবং বেদাস্ত-জিজ্ঞাস্থদের আন্তরিক স্বাগত-সম্ভাষণের মধ্য দিয়া তাঁহার জন্ম তাঁহার ভাবী কার্যক্ষেত্র রূপ-পরিগ্রহ করিতেছে।" (ইংরেজী জীবনী, ৬৬২ পৃ:)।

স্বামী তুরীয়ানন্দের কার্ফ কয়েক সপ্তাহের মধ্যেই আরম্ভ হইয়া গেল। তিনি
প্রথম প্রথম নিউ ইয়র্কের স্বল্প দ্রে মণ্ট ক্রেয়ারে বালক-বালিকাদিগকে হিতোপদেশ
ও অক্সান্ত ভারতীয় গ্রন্থ অবলম্বনে গল্প শুনাইতেন এবং এইভাবে ধর্মশিক্ষা
দিতেন। অধিকন্ত নিউ ইয়র্কের 'বেদাস্ত-সমিতির কক্ষগুলিতে'ও তিনি নিয়মিতভাবে বক্তৃতা দিয়া স্বামী অভেদানন্দকে সাহাষ্য করিতেন। পরে ডিসেম্বর মাসে
তিনি ক্যাম্মিত্রে (ম্যাসাচ্সেট্স) গিয়া অধিকতর গুরুত্বপূর্ণ বেদান্তকার্যে নিয়্ক্
হন। ১৫ই ডিসেম্বর তারিখে তিনি ক্যাম্মিক্ত কনফারেক্সে শহরাচার্য সম্বন্ধে একটি
প্রবন্ধ পাঠ করেন। কনফারেক্সে হার্ভার্ড বিশ্ববিক্সালয়ের ও অন্তান্ত স্থানের যে
ব্ধ্যগুলী উপন্থিত ছিলেন, তাঁহারা এই বক্তৃতার প্রশংসা করিয়াছিলেন। বলা
বাহুলা, গুরুত্রাতাকে সাফলামণ্ডিত দেখিয়া স্বামীক্ষীর আনক্রের সীমা ছিল না।

এদিকে রিজ্ঞলী ম্যানরে বসিয়া তিনি নিজেও ঘরোয়াভাবে বেদান্তপ্রচারে নিযুক্ত ছিলেন। এই কালের কয়েকটি ঘটনা শ্রীমতী ম্যাকলাউড লিপিবদ্ধ করিয়াছেন। ('রেমিনিসেন্সেস অব স্বামী বিবেকানন্দ', ২৪৪-৪৫ পৃঃ)। তিনি ছিলেন শ্রীযুক্তা লেগেটের ভগিনী এবং আলোচ্যকালে সেখানেই বাস করিভেছিলেনঃ

"তিনি (সামীন্দী) বিশেষ করিয়া চকোলেট আইসক্রিম পছন্দ করিতেন আর বলিতেন, 'আমি তো নিজেই চকোলেট, তাই চকোলেট ভালবাসি।' একদিন আমরা স্টুবেরী থাইতেছিলাম, তথন একজন বলিয়া উঠিলেন, 'স্বামীন্ধী, আপনি কি স্টুবেরী পছন্দ করেন?' তিনি উত্তর দিলেন, 'কথন তো চেথে দেখিনি!' 'কথন খান নি! সে কি ? রোজই তো খাচ্ছেন!' তিনি বলিলেন, 'তোমরা তো সেগুলিকে ক্রীম দিয়ে ঢেকে দাও: ক্রীম মাখানো পাথরের হুডিও বেশ লাগবে'।"

সন্ধ্যায় রিজলী ম্যানরের হলে আগুনের চারিদিকে বসিয়া সকলে তাঁহার কথা শুনিতেন। একবার তিনি তাঁহার চিস্তাধারা একটু খুলিয়া বলিলে উপস্থিত একজন মহিলা বলিয়া উঠিলেন, "স্বামীজী, আমি আপনার এ কথায় সায় দিতে পারি না।" তিনি উত্তর দিলেন, "বটে ? তাহলে একথাটা আপনার জ্ঞানে নয়।" অমনি একজন বলিয়া উঠিলেন, "ও! কিন্তু আমার তো মনে হয়, আপনি ও কথাটা ঠিকই বলেছেন।" "আঃ! তাহলে কথাটা আপনারই জ্ঞা বলা হয়েছে।" ইহাতে স্পষ্ট বুঝা যায় তিনি অপরের নিজস্ব ভাবকে কতটা মান্ত দিয়া চলিতেন, আর অধিকারিভেদেই তাঁহার উপদেশের পার্থকা ঘটিত।

এক সন্ধ্যায় তিনি বেশ একটা প্রেরণার ভাব লইয়া বাগ্নিভাপূর্ণ বার্তালাপে নিরত ছিলেন—তাঁহার স্বর ছিল বড়ই কোমল এবং উহা আসিতেছিল যেন কোন এক স্বদ্র দেশ হইতে; তাঁহার আশে-পাশে বিসিয়া প্রায় বাদশন্তন শ্রোতা সে বাক্যস্থপা পান করিতেছিলেন। রাত্রিসমাগমে যখন সকলে স্ব স্থানে প্রভ্যাবর্তন করিলেন, তখন পরস্পরের প্রতি শুভেচ্ছা জানাইতে পর্যস্ত ভূলিয়া গেলেন—এমনি এক উচ্চ ভিন্ন শুরে তখন তাঁহাদের মনগুলি বিরাজিত ছিল! পরে শ্রীযুক্তা লেগেট তাঁহার একজন মহিলা অতিথির কক্ষে যাইয়া দেখিলেন, তিনি অশ্রু বিসর্জন করিতেছেন; ইনি ছিলেন অজ্ঞেয়বাদিনী। শ্রীযুক্তা লেগেট প্রের্ম করিলেন, "এর মানে কি ?" সেই মহিলা তাহাতে উত্তর দিলেন, "এ ব্যক্তিটি আমায় শাশ্বত জীবনের অধিকারিণী করেছেন; আমার সব শোনা হয়ে গেছে; আর আমি তাঁর কথা মোটেই শুনতে চাই না।"

निर्विष्ठा निश्चिमाह्न : ४५ हे पर्छोत्र पाशास्त्र ममम श्रीमुका अनि तुन এই বলিয়া স্বামীজীকে ঠাট্টা করিতেছিলেন বে, কবিতা-রচনাই তাঁহার জীবনে সর্বাধিক বিফল প্রচেষ্টা, আর এই কাজটার দিকে ঝুঁ কিয়া তিনি নিজের স্থনামের ক্ষতি করিয়াছেন। ওলি বুল আরও বলিলেন বে, তাঁহার নিজের স্বামী বিখ্যাত বেহালা-বাদক হইলেও তিনি ঐ বিষয়ে সমালোচনা ভনিতে প্রস্তুত ছিলেন। তিনি ধরিয়াই লইয়াছিলেন যে, সমালোচনা হইবেই; কেননা তিনি নির্দোষ সঙ্গীত রচনায় সমর্থ ছিলেন না। কিন্তু রান্তা তৈরী করার বিভার বিরুদ্ধে সমালোচনা তাঁহার নিকট অসহু ছিল, আর ঐ বিষয়ে তাঁহার চাট্বাদেও তিনি উৎফুল হইতেন। তারপর উপন্থিত দকলেই স্বামীজীকে লইয়া ঠাট্রা আরম্ভ করিলেন. এবং বলিতে থাকিলেন যে, তিনি ধর্মগুরুর কাব্দে বড়ুই অপট অথচ ছবি-আঁকা বিশ্বা লইয়া তাঁহার একটা বুথা অহন্ধার আছে। এমন সময় স্বামীজী হঠাৎ মন্তব্য क्तिरामन, "(मथून, এकটा क्रिनिम चाहि, यात्क वरन त्थ्रम, चात्र এकটा चाहि, যাকে বলে একত্বামুভতি। একত্ব জিনিসটা প্রেমের চেয়েও বড়। আমি ধর্মকে ভালবাদি না—আমি ওর দকে এক হয়ে গেছি; ঐ হল আমার জীবন (বা সন্তা), আর যেটার মধ্যে কারো জীবন কেটে গেছে, যাতে দে সন্ত্যিকারের কিছু সাফল্য পেয়েছে, তাকে দে ভালবাদে না; মামুষ তেমন জিনিসকেই ভালবাদে যা তথনও পর্যস্ত তার সঙ্গে এক হয়ে যায়নি। আপনার স্বামী সর্বদা সাধন করে করে যে সঙ্গীতবিদ্যা অর্জন করেছিলেন, তাকে তিনি ভালবাসতেন না, কিন্তু যে ইঞ্জিনিয়ারিং বিছায় তথনও তেমন কোন পারদর্শিতা অর্জন করেননি, তাকে তিনি ভাল-বাসতেন। এই হল ভক্তি ও জ্ঞানের মধ্যে ভেদ এবং এরই জ্বন্থ ভক্তির চেয়ে कान वर्ष ।" ('त्रिमिनिटमस्म चव चामी विदवकानमः', २৮৪ थः)।

ধই নভেম্বর স্বামীজী ও অক্যান্ত অতিথিরা লেগেটদের নিকট বিদায় লইলেন। রিজ্ঞলী ম্যানর হইতে নিউ ইয়র্কে আসার পর স্বামীজীর প্রথম কার্যারম্ভ হয় ৮ই নভেম্বর, মকলবার, সেধানকার বেদান্ত সোসাইটির একটি প্রশ্নোভর বৈঠকে সভাপতিরূপে। ১০ই নভেম্বর সোসাইটির পুন্তকাগারে তাঁহার একটি সংবর্ধনার আয়েজন হইয়াছিল, এবং সেই উপলক্ষ্যে তাঁহার পুরাতন বন্ধুরা তাঁহার সহিত মিলনের স্থযোগ পাইয়াছিলেন। এতয়াতীত তাঁহার পুন্তকাদিয়ারা ও তাঁহার নামে আরুই অনেক নৃতন জিজ্ঞান্থও আসিয়াছিলেন। সভায় তাঁহার পুরাতন বন্ধুগণ তাঁহাকে একখানি অভিনন্ধনগত্র প্রদান করিয়াছিলেন এবং উহার সমৃচিত

উত্তর দিতে গিয়া তিনি বলিয়াছিলেন যে, তাঁহার হৃদয় এইসকল বন্ধ্বর্গের প্রতি সর্বদাই স্বতীব প্রেমপূর্ণ।

এই সকল কর্মবান্তভার মধ্যেও তিনি সর্বদাই ষেন একটি বিষয়ে সচেতন ছিলেন—তাঁহার মর্ভ্যলীলা অবসানপ্রায়। কে যেন অন্তর হইতে তাঁহাকে উহা জানাইয়া দিতেছিল এবং তাঁহার কথাবার্তায়ও প্রায়ই আশু চিরবিদায়ের হ্বর বাজিয়া উঠিত। একদিন তিনি স্বামী অভেদানন্দকে বলিয়াছিলেন, "দেখ ভাই, আমার দিন ফুরিয়ে এসেছে—বড় জাের আর তিন-চার বছর বাঁচব।" অভেদানন্দ আপত্তি জানাইলেন, "অমন কথা বলতে নাই, স্বামীজী। তােমার তাে ক্রত স্বাস্থ্যোন্ধতি হচ্ছে। এথানে কিছুদিন থাকলে তােমার পূর্বের স্বাস্থ্য ও বল প্রোপুরি ফিরে পাবে। তাহাড়া আমাদের যে এখনও অনেক কান্ধ বাকি—এতাে সবে শুরু।" স্বামীজী তব্ অতি তাৎপর্বপূর্ণ ভাষায় বলিলেন, "আমার কথা ব্রুতে পারছ না, ভাই! আমার অন্তত্ব হচ্ছে, আমি যেন বেজায় বেড়ে য়াছিছ। আমার অন্তর এত বেড়ে যাচছে যে, সময়ে সময়ে মনে হয়, এ শরীরে তাকে এঁটে রাথা সম্ভব হবে না! আমি প্রায় ফেটে যাবার মতাে হয়েছি। এই হাডনালের খাঁচা আমাকে নিশ্চয়ই আর বেলী দিন ধরে রাথতে পারবে না।"

১৫ই নভেম্বর (১৮৯৯) শ্রীযুক্তা বুলকে লিখিত পত্রেও অফুরূপ স্থর শুনিতে পাই: "কিছু সময়ের জন্ম অথবা চিরদিনের মতো আমি গা-ঢাকা দিতে চাই। অভিশপ্ত হোক আমার প্রসিদ্ধির দিনটি!"

নিউ ইয়র্কে স্বামীন্ধী কি কি করিয়াছিলেন বা অন্ত কোথাও গিয়াছিলেন কিনা—ইত্যাদি বিষয়ে সঠিক কিছু জানা নাই। তাঁহার পত্রগুলি পড়িয়া অহুমান হয়, তিনি একবার শ্রীযুক্তা হুইলারের আমন্ত্রণে মন্টক্রেয়ারে ও শ্রীযুক্তা ওলি বুলের আমন্ত্রণে ক্যান্থিজে গিয়াছিলেন। হয়তো কাছাকাছি আরও তুই-একটি স্থানে গিয়াছিলেন। তারপর ক্যালিফর্নিয়া ষাইবার উদ্দেশ্যে তিনি ২১শে নভেম্বর নিউ ইয়র্ক হইতে যাত্রা করিয়া ২৬শে নভেম্বর চিকাগো পৌছেন ও লেখানে দিন ক্যেক হেল-পরিবার-মধ্যে কাটান। নিবেদিতাও তখন সেখানে থাকিয়া স্বীয় শিক্ষা-পরিকল্পনার অন্ত অর্থ কংগ্রহে ব্যস্ত ছিলেন। স্বামীন্ত্রীর ৩০শে নভেম্বরের (১৮৯৯) পত্রে প্রকাশ, মাদাম কালভে তখন চিকাগোয় আসিয়াছিলেন, আর্ এ ৩০শে রাত্রেই স্বামীন্ত্রী ক্যালিফর্নিয়া অভিমুখে যাত্রা করেন।

দক্ষিণ ক্যালিফর্নিয়ায়

আমেরিকায় এই শেষ দফায় ঠিক ঠিক কাজ আরম্ভ করার আগে স্বামীজী ঈশবের নির্দেশের অপেকায় ছিলেন। সে দৈবনির্দেশ অত্যাশ্চর্বরূপে আসিয়াছিল। স্বামীজী-য়থন মাত্র হুই শত অধিবাসীর ক্ষুপ্র গ্রাম 'স্টোন রিজ'-এ (আলস্টার কাউন্টি, নিউ ইয়র্ক স্টেট) শ্রীযুক্ত লেগেটের প্রাসাদ রিজ্ঞলী ম্যানরে অবস্থান করিতেছিলেন, তথন একদিন এক অপরিচিতা মহিলার নিকট হুইতে পজ্ম আসিল য়ে, শ্রীমতী জোসেফিন ম্যাকলাউড ও শ্রীযুক্তা বেটি লেগেটের একমাত্র সহোদর লাতা লগ এঞ্জেলিসে মৃত্যুশ্যায় শায়িত। এই সংবাদ ভগিনীদের জানানো আবশুক বিবেচনায় ঐ মহিলা পত্র লিথিয়াছিলেন। পত্র পডিয়াই বেটি লেগেট জোসেফিন বা 'জো'-কে বলিলেন, "আমার মনে হচ্ছে, তোমার য়াওয়া উচিত।" জো-ও বলিলেন, "নিশ্চয়।" তুই ঘণ্টার মধ্যেই য়াত্রার ব্যবস্থা হইয়া গেল। চার মাইল দ্রবর্তী স্টেশনে য়াইবার জন্ম জো য়থন ঘর হইতে বাহিরে আসিলেন, তথন স্বামীজী হাত তুলিয়া সংস্কৃতে শুভকামনা জানাইলেন ও বলিলেন, "গোটা কয়েক ক্লাসের ব্যবস্থা করে ফেলো, তাহলেই আমি হাজির হব।"

জো সোজা লস এঞ্জেলিদে পৌছিয়া নগরের উপকণ্ঠে একুশ নম্বর রাস্তার উপরে গোলাপপুলাচ্ছাদিত একথানি কুল বাটীর একটি কক্ষে দেখিলেন, তাঁহার ভাতা টেলর রোগশয়ায় শায়িত এবং তাঁহার শয়ার উপর দিকে ঝুলিতেছে স্থামী বিবেকানন্দের একথানি পুর্ণাবয়ব প্রতিক্রতি। জো তাঁহার ভাতাকে দশ বৎসর যাবং দেখেন নাই; অতএব এক ঘণ্টা ধরিয়া তাঁহার সহিত গল্পগুল্ব করিলেন এবং তাঁহার অবস্থা সম্পূর্ণ নিরীক্ষণাস্থে গৃহকর্ত্তী শ্রীয়ুক্তা এস. কে. রজেটের সঙ্গে দেখা করিয়া বলিলেন, "আমার ভাই খুবই অফ্স্থ।" রজেট সায় দিলেন, "তাই বটে।" "আমার মনে হচ্ছে, ও বাঁচবে না।" রজেট সায় দিলেন, "তাই তো বোধ হয়।" জো জানিতে চাহিলেন, "সে এখানেই শেষ নি:মাস ছাড়তে পারবে তো?" রজেট বলিলেন, "নিশ্চয়।" তারপর জো জিজ্ঞাসা করিলেন, "আমার ভারের বিছানার উপর দিকে ঐ বে ছবি, এটা কার ?" সেই সপ্ততিবর্ষীয়া বৃদ্ধা প্রশ্ন শুনা গাছীর্যভরে সোলা হইয়া দাড়াইলেন এবং বলিলেন,

"পৃথিবীতে ঈশ্বর বলে যদি কেউ থাকেন তবে এই ব্যক্তিই তিনি।" জো প্রশ্ন করিলেন, "এঁর সহক্ষে আপনি কী জানেন ?" তথন রজেট তাঁহাকে বলিলেন যে, স্বামীজী বথন চিকাগো ধর্মহাসভায় মার্কিনবাসীদিগকে 'ভগিনীগণ ও আত্তর্ক্ন' বলিয়া সন্বোধন করিয়াছিলেন, তথন তিনি সেথানে উপন্থিত ছিলেন, এবং সভাশেষে বথন দলে দলে মহিলারা সাগ্রহে বেঞ্চি ভিলাইয়া তাঁহার নিকটে বাইবার জন্ম ঠেলাঠেলি করিতেছিল, তথন রজেট মনে মনে বলিয়াছিলেন, "দেথ বাহা, এই হর্দম ভাবোজ্কাস যদি তৃমি সামলাতে পার, তবে তৃমি সত্যই ঈশ্বর।" জো তথন বলিলেন, "আমি এঁকে জানি।" "তৃমি তাঁকে জান ?" "হাঁ, আমি তাঁকে নিউ ইয়র্কের ক্যাট্ স কিল পাহাড়ে তুইশ লোকের গ্রাম স্টোন রিজে দেখে এসেছি।" "তাহলে তো তৃমি তাঁকে জান !" জো উত্তর দিলেন, "আপনি তাঁকে এখানে নিমন্ত্রণ করুন না কেন ?" "আমার এই কুটীরে ?"—রজেট জিজ্ঞাসা করিলেন অতি বিশ্বিতভাবে। জো তাঁহাকে বলিলেন, "তিনি আসবেন।" তিন সপ্তাহের মধ্যেই টেলরের দেহান্ত হইল এবং ছয় সপ্তাহের মধ্যে স্বামীজী এবং জো উভরেই রজেটের অতিথিরণে ঐ গৃহে উপন্থিত হইলেন। স্বামীজী এবং জো উভরেই রজেটের অতিথিরণে ঐ গৃহে বাস করিতে লাগিলেন।

এই ঠিকানা (৯২১ ওয়েন্ট ২১ নং স্ত্রাট, লস্ত এয়েলিস) হইতে ২৭শে ভিসেম্বর স্থানীল্লী শ্রীমতী মেরীকে পত্ত লিখিয়া জ্ঞানাইয়াছিলেন: "এখানে এখন ঠিক উত্তর ভারতের মতো শীত, কেবল মাঝে মাঝে কয়েকটা দিন একটু গরম; গোলাপ ফুলও আছে আর আছে চমৎকার পামগুলি। ক্ষেতে বার্লি ফলেছে, গোলাপ ও অক্যান্ত নানা ভাতের ফুল ফুটেছে জ্ঞামার কুটিরের চার পাশে। গৃহস্থামিনী মিসেদ য়জেট চিকাগোর মহিলা—স্থুলালী, বৃদ্ধা এবং খুবই রিসিকা ও বাক্চতুরা। চিকাগোতে তিনি আমার বৃক্ততা শুনেছেন এবং খুব মাতৃত্বভাবা।" স্থার শ্রীমতী ম্যাকলাউভের স্থৃতিলিপিতে স্থাছে ('রেমিনিসেন্সেন্স অব স্থামী বিবেকানন্দ', ২৪৪-৪৭ পৃ:): "এই ছোট কুটিরটিতে তিনখানি শল্পন-ঘর, একখানি রাল্লাঘর, একখানি খাবারঘর ও একটি বৈঠকখানা ছিল। প্রতিদিন সকালে স্থামরা শুনিভাম, স্থামীলী রাল্লাঘরের স্থারের স্থারের ঘরে

১। "বানীলী ডিসেবরের প্রথম করেক দিনের মধ্যেই ক্যালিফর্নিরার উপস্থিত হন এবং পর বংসর এই জুনের পূর্বে নিউ ইয়র্কে ফিরেন নাই।" (ইংরেজী জীবনী, ৬৬৩ পৃঃ)।

সংস্কৃত আবৃত্তি করিতেছেন। তিনি অবিশ্বস্তকেশে বাহিরে আসিয়া প্রাতরাশের ক্ষম্ম প্রস্তুত হইতেন। শ্রীষ্ক্রার্কেট স্থাত্ব প্যান কেক (মালপো কাতীয় পিঠা) প্রস্তুত করিতেন এবং আমরা রান্নাঘরের টেবিলে বসিয়া উহা থাইতাম; স্থামীজীও আমাদের সহিত বসিতেন, আর তিনি শ্রীষ্ক্রারকেটের সহিত কত মধ্রালাপই না করিতেন; কত রসিকতা ও পালটা জবাবই না চলিত! রজেট বলিতেন পুরুষদের শয়তানীর কথা, আর তিনি শুনাইতেন মেয়েদের ততোধিক বিশাস্ঘাতকতার কাহিনী। শ্রীষ্ক্রা রজেট কদাচিৎ স্থামীজীর বক্তৃতা শুনিতে যাইতেন; তিনি বলিতেন, 'আমার কাজ হচ্ছে আপনারা ফিরলেই আপনাদের ক্ষচিকর থাবার দেওঘা'।"

এই অঞ্চলে স্থামীন্ধীর বক্তৃতাদির আলোচনা আরন্তের পূর্বে আমরা আহ্বিদিক তৃই-চারিটি বিষয় জানিয়া লইব। ক্যালিফর্নিয়ায় আদার পূর্বে ১৫ই নভেম্বর (১৮৯৯) তিনি শ্রীযুক্তা বুলকে জানাইয়াছিলেন, "যেদব গল্প শুরু করেছিলাম, তা শেষ করতেই হবে। প্রথমটি মার্গো (মার্গারেট বা নিবেদিতা) আমাকে ফেরত দিয়েছে বলে মনে হয় না।" এগুলি কিলের গল্প এবং তাহাদের গতি কি হইয়াছিল জানা নাই। স্থামীজীর তৃই-চারিটি গল্প তাঁহার গ্রন্থাবলীতে পাওয়া যায়। হয়তো নিবেদিতার লিখিত গল্পের সহিত বাকিগুলির কোন সম্পর্ক ছিল। স্থামীজীর পরবর্তী ২৭শে ডিলেম্বরের পত্রে জানা যায়, তিনি আর গল্প লিখিতে পারেন নাই; তবে "অহ্ব কিছু কিছু" লিখিতেছেন। আবার নিবেদিতাকে লিখিত ১৫ই ক্ষেক্রয়ারির (১৯০০) পত্রে আছে: "তৃমি গল্পগুলি পোরেছ জ্বনে স্থী হলাম। ভাল বিবেচনা কর তো তৃমি নিজে ওগুলি আবার নৃত্ন করে লেখো…আর যদি বিক্রি করে কিছু লাভ হয়, তোমার কাজের জন্ত নাও।"

এই সময়ে আরও জানা যায়, একটা নৃতন ধরনের চিকিৎসার ফলে তাঁহার স্বাস্থ্যোরতি হইয়াছিল। ২৩শে ডিসেম্বরের পত্তে আছে: "সভিত্য আমি চৌম্বক চিকিৎসা-প্রণালীতে (ম্যাগনেটিক হিলিং) ক্রমশ: স্কৃষ্ক হয়ে উঠছি। মোট কথা এখন আমি বেশ ভালই আছি। এখন আমি রোজ থাবারের আগে বা পরে বে-কোন সময়েই হোক মাইলের পর মাইল বেড়িয়ে আসি।" এই চিকিৎসা কতকটা আমাদের দেশের দলাই-মলাই-এর মডো। আমীজীর পত্তে আছে: "হাত ঘবে সে চিকিৎসা করে—ভিতরকার চিকিৎসা পর্যন্ত ভার

রোগীরা আমাকে বলেছে।" (২৭শে ভিসেম্বর)। "চিকিৎসক রগড়ে রগড়ে আমার ইঞ্চি কয়েক চামড়া তুলে কেলেছে।" (২২শে ভিসেম্বর)।

পত্রগুলিতে ভার একটি সংবাদ ভাছে তাঁহার বক্তৃতাদির সাফল্য সহছে। প্রথমে তিনি ভানেকটা নিরাশ ছিলেন; কিন্তু পরে সে ভাব কাটিয়া গিয়াছিল এবং তিনি তাঁহার আদরের বেল্ড় মঠের জন্ম কিছু অর্থসংগ্রহও করিতে পারিয়াছিলেন। ধীরামাতাকে (ওলি ব্লকে) লিখিত ২২শে ডিসেম্বরের পত্তে আছে: "আমি প্যাসাডেনায় থেটে চলেছি, এবং আশা করছি যে, এখানে আমার কাজের কিছু ফল হবে। এখানে কেউ কেউ খুব উৎসাহী। 'রাজ্যোগ' বইখানি সত্যই এই উপকূলে চমৎকার কাজ করেছে। অক্তার ফলে আমার মুমের ব্যাঘাত হয় না। এটা একটা নিশ্চয় লাভ! কিছু লেখার কাজও করিছি। এখানকার বক্তৃতাগুলি একজন সাঙ্কেতিক লেখক টুকে নিয়েছিল; ছানীয় লোকেরা তা ছাপতে চায়।"

১২ই ডিদেম্বরের পত্র হইতে জানা যায় যে, বালী-বেলুড়ের মিউনিসিপ্যালিটির সহিত ঐ সময়ে ট্যাক্স প্রদান সম্বন্ধে মতভেদ উপস্থিত হয়। ইহার প্রতীকার-কল্পে স্থামীজী এই সময় হইতেই একটি দেবোত্তর ট্রাস্ট স্কৃষ্টির জ্বন্ত সচেষ্ট হন। আমরা এইসব কথা পরে বলিব। সম্প্রতি এখন আমর। তাঁহার বক্তৃতাদির আলোচনা করিয়া পুনর্বার তাঁহার ব্যক্তিত্বের পরিচ্ছলাভে ফিরিয়া আদিব। সম্প্রতি 'উলোধন'-পত্রিকায় (১৩৭২ বলাব্দের ভাদ্র এবং অগ্রহায়ণ হইতে মাঘ —এই চারি মাসে) 'দক্ষিণ ক্যালিফর্নিয়য় স্থামীজী' এই শিরোনাম অবলম্বনে বন্ধচারিণী উবার লিখিত ঐ বিষয়ক ইংরেজী প্রবন্ধের যে বলায়্বাদ বাহির হইয়াছে, উহাতে প্রবন্ধনেধিকা বহু মূল গ্রন্ধ, স্থতিলিপি ইত্যাদির একত্র সমাবেশ করায় এই সময়ের ঘটনাবলীর পারস্পরাদি সহজবোধ্য হইয়াছে। আমরাও অনেকস্থলে আমাদের কার্বের স্থবিধার জন্ম বক্তৃতার ও ঘটনাবলীর পরস্পরাদি সম্বন্ধে এই অম্বাদের সাহাষ্য লইভেছি।

স্বামী জীর ইংরেজী জীবনীর মতে (৬৬০-৬৪) লন এঞ্জেলিনে স্বাসার পরই তাঁহার নামে স্বাকৃত ধর্মপ্রাণ প্রোত্মগুলী তাঁহার বাণী ভনিবার জন্ত স্বত্যধিক স্বাগ্রহ প্রকাশ করিতে থাকেন। "বস্তুতঃ দেখানে থাকা-কালে লন এঞ্জেলিদ

२। '(वनाड च्यां ७ नि अदब्रेड', ১०४ मःशा (नट्डबब्र-फिरम्बब्र, ১৯৬२)।

ও তথা হইতে দশ মাইল দ্ববর্তী প্যাসাডেনা—এই ছই স্থানের একটিতে বা অপরটিতে জনসাধারণের আগ্রহপূর্ণ অস্থরোধে প্রত্যন্থ একটি করিয়া বক্তৃতা দিতে হইত। মনে হইত যেন স্থামীজী তাঁহার পূর্বকার কার্যোৎসাহ প্রায় সম্পূর্ণ ফিরিয়া পাইয়াছেন। স্থাথের বিষয় এই যে, আবহাওয়াও তাঁহার পক্ষে সবিশেষ আস্থাত্বকল ছিল এবং তাঁহার কার্যও হইয়াছিল উচ্চতম রকমের।" আইডা আ্যানসেল—যিনি স্থামীজীর বহু বক্তৃতায় স্বয়ং উপস্থিত ছিলেন ও সেওলি সাক্ষেতিক লিপিতে লিখিয়া লইয়াছিলেন, এবং যিনি পরে স্থামী তুরীয়ানম্পর্ক শিক্ষত্ব গ্রহণপূর্বক উজ্জ্বলা নামে পরিচিতা হইয়াছিলেন, তিনি স্থামীজীকে বলিতে ভিনিয়াছিলেন যে, তিনি ক্যালিফর্নিয়ায় তাঁহার সর্বোচ্চ শিক্ষাদানকার্যে ব্যাপৃত্ত ছিলেন।

স্বামীজীর সর্বপ্রথম বক্ততা হয় ৮ই ডিসেম্বর তারিখে লস এঞ্চেলিসের ২০০নং দক্ষিণ ব্রডওয়েতে অবস্থিত ব্লানচার্ড হলে—'বেদান্ত-দর্শন' সম্বন্ধে। পরবর্তী বক্ততা হয় দক্ষিণ ক্যালিফর্নিয়ার অ্যাকাডেমী অব সায়েন্স-এর পৃষ্ঠপোষকতায় भगमिটি চার্চে—বিষয় ছিল 'ব্রহ্মাণ্ড'। ইহার পরের যে বক্তৃতার সংবাদ পাওয়া যায় তাহার তারিধ ২রা জামুয়ারি, ১৯০০ ; অর্থাৎ মধ্যবর্তী অনেকগুলি বক্ততার সংবাদই এখন অপরিজ্ঞাত। এই ২রা জামুয়ারির বক্তৃতা হয় ব্ল্যানচার্ড হলে এবং উহার বিষয় ছিল 'ভারতের ইতিহান'। পর দিবদের লস এঞ্জেলিস 'ইভিনিং এক্সপ্রেস' পত্রিকায় এই বক্ততার যে বিবরণ প্রকাশিত হয় তাহা বড়ই **অসম্ভোবজনক ছিল, সাংবাদিক তাঁহার মূল বক্তব্য ধরিতে না পারিয়া একটা অসম্পূর্ণ ও অসমঞ্চ**স বিবৃতি দিয়াছেন এবং এইরূপে স্বামীন্সীর প্রতিভাকে ধর্ব করিয়াছেন। পত্রিকায় মৃদ্রিত বিবরণমধ্যে এই কথাগুলিও আছে: "ভারতবর্ধ একটা দেশ নহে, বরং ধর্মঘারা ঐক্যবদ্ধ জাতিপুঞ্জের এক বিশাল মহাদেশ ৷ ভারতে পৌছিবার সহজ পথের অহুসন্ধানে নিরত কলম্বাস বধন আমেরিকা আবিষ্কার করেন, তথনও ভারতে লোকের বাস ছিল। ভারতের লোকসংখ্যা বিশ কোটি এবং সমস্ত দেশ কৃত্র কৃত্র গ্রামে বিভক্ত। বৃষ্টিপাত প্রচর, তাই ন্ধমি উর্বর।" দেশ সমুদ্ধ হইলেও অধিকাংশ লোক নিরামিধাশী ও তাহার। রক্ষণশীল-প্রাচীন রীতিনীতি সব বন্ধায় রাধিয়াছে। উহারা জাতিভেদ মানে; কিন্তু একই জাতের অস্তভুক্ত রাজা-প্রজা সকলের মধ্যে একটা সামাভাবও বিশ্বমান।

৪ঠা জাহুয়ারি 'কর্ম ও তার রহস্ত' সম্বন্ধে বক্তৃতা হয় লস এঞ্চেলেরে পাইন হলে। এই বক্তৃতায় স্বামীজী বলেন, কর্মের উপায় ও উদ্দেশ্ত উভয়ই সমভাবে শুরুত্বপূর্ণ ; আর মাহুবই সে কর্মোপায়—মাহুব সং ও পবিত্র হইলে পৃথিবীও সম্বন্ধণ ও পবিত্রতায় ভরিয়া উঠিবে। উক্ত বক্তৃতার টাইপরাইটারে মৃদ্রিত প্রতিলিপি দক্ষিণ ক্যালিফর্নিয়ার বেদাস্ক-সমিতিতে সংরক্ষিত আছে।

ই জাহয়ারি তারিখে ৩৩০।১।২ দক্ষিণ ব্রত্তরেতে 'জামরা নিজেরাই'—
বিবরে যে বক্তৃতা হয় তাহার বিবরণ প্রকাশিত হয় পরদিবদ 'লদ এঞ্জেলিদ টাইমদ' পত্রিকায়। সংবাদপত্রের বিবরণের দহিত 'বাণী ও রচনা'য় 'য়বিদিত রহল্প' জাখ্যায় যে প্রবন্ধ মৃদ্রিত হইয়াছে উহা মিলাইয়া দেখিলে মনে হয়, উভয় বক্তৃতা মূলতঃ অভিয়। ৽ই জাহয়ারি, রবিবারে ঐ একই স্থানে যীশুখুই বিষয়ে স্বামীজী যে বক্তৃতা দেন, উহাই তাঁহার গ্রন্থাবলীতে 'ঈশদৃত যীশুখুই' নামে মৃদ্রিত হইয়াছে বলিয়া বিশ্বাস করার যথেই কারণ আছে। ৮ই জায়য়ারির 'লস এঞ্চেলিস টাইমদ' পত্রিকার মতে উক্ত বক্তৃতাকালে ঘরটি একেবারে ভরিয়া গিয়াছিল, শ্রোতাদের ঠাসা-ঠালি করিয়া বিসতে হইয়াছিল। ৮ই জায়য়ারির বক্তৃতার বিষয় ছিল, 'মনের শক্তি'। বক্তৃতার একস্থলে তিনি বলেন, "মায়্রয়ের অক্তৃতার বিষয় ছিল, 'মনের শক্তি'। বক্তৃতার একস্থলে তিনি বলেন, "মায়্রয়ের অক্তৃতার বিষয় ছিল, 'মনের শক্তি'। বক্তৃতার একস্থলে তিনি বলেন, "মায়্রয়ের অক্তৃতার বিকাশসাধন সম্ভব, এবং এই প্রকারে মায়্রয় পূর্ণতার দিকে স্বীয় অগ্রগতিকে বরাম্বিত করিতে পারে।" বক্তৃতাশেষে তিনি ঘোষণা করেন যে, বাহারা আস্তরিকভাবে এই বিল্লা আয়ন্ত করিতে উৎস্কক, তিনি তাঁহাদিগকে শিক্ষা দিতে প্রস্কত।

'নব-চিন্তাধারা'র (নিউ পট) অগতম শাখা 'সত্য-নিলয়' (হোম অব উৢ্থ)এর একটি প্রশাখা লস এঞ্চেলিসে অবস্থিত ছিল। স্বামীজী সেথানে পর্যায়ক্রমে
আটিটি বক্তৃতা করেন। ১৯০০ খৃষ্টাব্দের ক্ষেত্রয়ারি মাসে 'ইউনিটি' নামক
সাময়িক পত্রিকায় বলা হইয়াছিল, ঐ পর্বায়ে বেসব বক্তৃতা দেওয়া হয় তাহার
প্রত্যেকটিই ছিল 'অতীব চিন্তাকর্ষক'। এই পত্রিকার মতে স্বামীজীর চরিত্রে
মৃক্তবভাব শিশুর সৌন্দর্য ও মনোহারিত্বের সহিত মিলিত হইয়াছিল বিশ্ববিদ্যালয়ের সভাপতির পাণ্ডিত্য ও আচবিশপের মর্বায়া। লস এঞ্জেলিসের
সংবায়পত্রশুলিতে স্বামীজী ও তাঁহার ভাষণসমূহ সম্বন্ধে বেমন একটা ভাসাভাসা ভাব দেখা বাইত 'ইউনিটি'তে তদপেকা অধিকতর অন্তর্দু ষ্টির পরিচয়

भाज्या शिवाहिन। উহাতে বলা হইয়াছিল বে, মার্কিনবাসীকে যীভথুটের প্রচারিত ধর্মাপেকা উন্নততর কোন ধর্মে দীক্ষিত করিবার জন্ম যে স্বামীজী তদ্দেশে উপস্থিত হইয়াছিলেন, তাহা নহে, পরস্ক তিনি দেখাইতে চাহিয়াছিলেন যে, ধর্ম বলিতে প্রকৃতপক্ষে একটি মাত্র বস্তুকেই বুঝায়, এবং "আমরা যাহা বিশাস করি বলিয়া মূথে প্রকাশ করি, তাহাকে ব্যাবহারিক জীবনে কার্বে পরিণত করাই আমাদের পক্ষে সর্বাধিক কল্যাণকর।" ১৮৯৯ খুষ্টাব্দের খুষ্টমাসের দিন স্বামীজী হোম অব ট্রথ-এ 'পৃথিবীতে খুষ্ট প্রচার' সম্বন্ধে বক্তৃতা করেন। হোম-এ প্রদত্ত আর একটি বক্ততার নাম ছিল 'ব্যাবহারিক আধ্যাত্মিকতার ইলিত'। স্বামীন্দীর বক্ততার রীতি ছিল এই যে, তিনি শ্রোতাদের চিন্তাধারায় হঠাৎ একটি ধাকা দিয়া তাহাদিগকে চিরাভ্যন্ত আরামপ্রদ আত্মপ্রদাদ ও কুসংস্কারের স্মাবর্ত হইতে বাহিরে ছুঁড়িয়া ফেলিতেন; ইহার নাম ছিল তাঁহার ভাষায় 'একটি ক্ষুদ্র বোমা ফেলা'। পুর্বোক্ত বক্ততায়ও তিনি ঐ উপায় অবলম্বন করিয়া-ছিলেন। সেদিন স্বামীজী বলিয়াছিলেন—সমাজ-ব্যবস্থামূদারে "রান্ডার রমণী রূপধারী খুষ্টকে, কারাগারের তম্বররূপধারী খুষ্টকে ক্রুশবিদ্ধ করা হইতেছে— ষাহাতে তোমরা ভাল থাকিতে পার।" সমাজের ভারদাম্য রক্ষার উপারই এই ; তবু সমাজের দৃষ্টিতে এইসব অপরাধীরা ঘুণ্য হইলেও "সকল চোর ও হত্যাকারী, সকল অসাধু, হুর্বলতম ও সর্বাধ্য হুরাত্মা, শয়তান—ইহারা সকলেই আমার দৃষ্টিতে খুষ্ট। ঈশ্বর-খুষ্ট, পিশাচ-খুষ্ট – উভয় খুষ্টই আমার নিকট পুজা। সং ও সাধুর চরণে প্রণাম, ত্রাত্মা ও শয়তানের চরণেও প্রণাম। তাহার। সকলেই আমার শিক্ষক, সকলেই আমার আধ্যাত্মিক গুরু, সকলেই আমার ত্রাণকর্তা। --- ভ্রষ্টাচারিণী জ্রীলোককে আমি ঘুণা করিতে বাধ্য হই, কারণ উহাই সমাজের নির্দেশ। যে নারীর পেশার ফলে অপর নারীদের সতীত্ব রক্ষিত হয়. त्महे त्रभी श्रामात निकृष्ठ 'खानकर्खी'। काहारक मारारताथ कतित ? काहारक थ्रमःमा कतिव ? **ঢा**लের ছই দিকই যে দেখা দরকার।"

ইংরেজী জীবনীর মতে স্বামীজী 'হোম অব টুথ'-এর আফুক্ল্যে একমাস যাবং অনেকগুলি বক্তৃতা করেন ও ক্লাস পরিচালনা করেন; অধিকন্ত ঐ একমাস তিনি 'হোম'-এই বাস করেন। বক্তৃতায় সহস্রাধিক লোক উপস্থিত থাকিত। কিন্তু পরবর্তী গবেষণায় বক্তৃতাদির কথা সম্পূর্ণ সমর্থিত হইলেও লস্ক এঞ্জেলিসের 'হোম অব টুথে' বাসের কথা প্রমাণিত হয় না। তবে ইহা সঙ্যা বে, তিনি স্থান ফ্রান্সিফোর 'হোম অব টু থে' বাদ করিয়াছিলেন। দে কথা আমরা পরে বলিব। পূর্বোক্ত 'হোম'-এ তিনি বাদ না করিলেও দেখানকার একটি ঘটনা ইংরেজী জীবনী হইতে প্রদান করিতেছি। হোমে গেলে আমীজী প্রীমতী স্পেন্সার-এর মাতার নিকট মেজেতে বিদ্যা গল্পগুলব করিতেন; বৃদ্ধা অদ্ধ ছিলেন। স্পেন্সার আমীজীর শিল্পান্থানীয়া ছিলেন; স্তরাং বিভিন্ন বিষয়ে খোলাখুলি প্রশ্ন করিতে কোন বাধা ছিল না। বৃদ্ধা আদ্ধ মাতার সহিত আমীজী কেন এরূপ আগ্রহ সহকারে কথা বলেন ইহা জানিবার জন্ম কোতুহলী হইয়া তিনি একদিন আমীজীকে প্রশ্ন করিলে আমীজী উত্তর দিয়াছিলেন, জন্মের লায় মৃত্যুও এক রহস্তময় ব্যাপার; তাই মরণোল্মুখী বৃদ্ধা মাতা তাঁহার মনকে সহজেই আকর্ষণ করেন। দেহ যখন ধ্বংসাভিমূথ হয় তখন ইন্দ্রিয়ের কার্যকলাপ বদ্ধ ইতে থাকে ও জীবাল্মা ক্রমে পরলোকে প্রয়াণ করে। যেসব মন বাহ্ম প্রপঞ্চ ভূবিয়া থাকে তাহাদের নিকট এই অবস্থা বড়ই তুঃখপ্রদ ও জ্বন্ত ; কিন্তু আমীজীর অধ্যাত্ম দৃষ্টির সন্মুখে উহা ছিল বিশেষ অন্থধাবনযোগ্য ও অর্থপূর্ণ।

ফলত: 'হোম অব টুপ্'-এ বক্তৃতাদিব্যপদেশে উপস্থিত থাকিলেও স্বামীন্দ্রীর বাসস্থান ছিল রজেটেরই গৃহ। ম্যাকলাউডও লিখিয়াছেন, "আমরা কয়েক মাস শ্রীযুক্তা রজেটের অতিথি ছিলাম।" অবশ্র পরে আমরা দেখিব এই "কয়েক মাস" কথাটিও নির্বিচারে গ্রহণ করা চলে না। বস্তুত: স্বামীন্দ্রী ঐ বাটীতে তুই মাসের অধিক ছিলেন না।

অদ্রবর্তী প্যাসাডেনা শহরে কবে তাঁহার বক্তৃতা আরম্ভ হয় জানা নাই; তবে উহা নিশ্চয়ই ২২শে ডিসেম্বরের পূর্বে, কারণ ঐ দিনের পত্রে তিনি ওলি বুলকে প্যাসাডেনার কার্বের কথা জানাইয়াছিলেন। আবার সংবাদপত্রের বিভিন্ন বিবরণ হইতে জানা যায়, এই কার্য বেশ কিছুকাল চলিয়াছিল। ১৫ই জাম্য়ারির (১৯০০) প্যাসাডেনার 'ইভিনিং স্টার' নামক দৈনিক পত্রিকা 'স্বামী বিবেকানন্দ প্যাসাডেনার একজন প্রসিদ্ধ অতিথি' এই শিরোনামায় লিখিয়াছিল, "চিকাগো বিশ্বমেলার অন্তর্গত ধর্মমহাসম্মেলনে স্বাধিক বিশিষ্ট ব্যক্তি ছিলেন বোধ হয় স্বামী বিব কানন্দ, যিনি হিন্দো ধর্মের প্রতিনিধিত্ব করেন, যাহার মনোমুশ্বকর ও অন্থপম ব্যক্তিত্ব ও অদেশের ধর্মপরিবেশনের বারা চিকাগোর জনসাধারণের মধ্যে খুব উৎসাহ স্টে ইইয়াছিল। স্বামী বিব কানন্দ আজ প্যাসাডেনায়

শতিধিরণে উপস্থিত শাছেন এবং শ্বন্থ প্রতি 'গ্রীন'-এর শভ্যাগতদের সন্মুধে বক্তৃতা করিবেন।"

তুই দিন পরে ঐ পত্রিকাই ঘোষণা ক্রিয়াছিল যে, পূর্বরাত্তে স্বামীকী শেক্সপীয়র ক্লাবে অল্লসংখ্যক প্রোভার সন্মুখে 'ব্রাহ্মণ্য ধর্ম' সম্বন্ধে বক্তৃতা করিয়াছিলেন। এইসব বক্তৃতায় কোন প্রবেশমূল্য ছিল না, এবং ঐ পত্তিকার মতে, স্থানীয় লোকেরা ব্যবস্থা করিতে পারিলে ও স্বামীজীর পরিকল্পিত 'শিল্প বিদ্যালয়ের প্রতিষ্ঠার্থ টাদা সংগ্রহের সম্ভাবনা থাকিলে স্বামীন্দ্রী পরবর্তী সপ্তাহে সানন্দে বক্ততা দিবেন। এই সকল বিবরণ ও বিজ্ঞপ্তি হইতে জানা যায়, তিনি ১৫ই, ১৭ই, এবং ১৯শে জামুয়ারি 'গ্রীন' নামক এক হোটেলে (৯৯ দক্ষিণ রেমণ্ড স্মাভিনিউ) ভাষণ দেন। প্রথম দিনের বিষয় ছিল 'ভক্তিযোগ' বা 'প্রেমের ধর্ম'। ১৬ই ও ১৭ই জাতুয়ারি তারিখে তিনি শেক্সপীয়র ক্লাবে বক্তৃতা দেন। উহা তখন বিছন স্মাভিনিউ ও ফেয়ার ওক্স স্মাভিনিউতে ট্রক্সী মেমোরিয়াল বিশ্ভিং নামক ছোট একটি বাড়ীতে অবস্থিত ছিল। সে বাড়ী আর নাই, যদিও ক্লাবটি ১৯৬২ খুষ্টাব্দেও অন্তত্ত্ব বিভ্যমান ছিল। ১৭ই জামুয়ারি তারিখে শেক্সপীয়র ক্লাবে প্রদত্ত বক্ততার সারাংশ লস এঞ্জেলিস টাইমস-এ প্রকাশিত হয়। পত্তিকার মতে স্বামীলী "শিবের উৎপত্তি ও উমার পবিত্র ভাবের নিকট তাঁহার আত্র-সমর্পণের উপাধ্যান বলেন। উমা এখনও সমগ্র ভারতের জননী; তাঁহার পুঞা, তাঁহার প্রতি শ্রদ্ধা নিবেদন এতদুর প্রদারিত হইয়াছে যে, যে-কোন স্ত্রী-পশুকে হত্যা করা চলে না, (কারণ স্ত্রীমৃতি-মাত্রই উমার এক একটি রূপ)।" স্বামীষ্ট্রী মুত্তম্বরে সহজ্ববোধ্য ভাষায় শ্রোভাদিগকে স্থক্ঠিন ভারতীয় অধ্যাত্মবাদ শুনাইয়া-এবং শ্রোতারাও অথও মনোধোগ সহকারে উহার অহুধাবন করিয়াছিলেন। ১৮ই জাত্মারি তিনি 'ভারতীয় নারী' সমজে বক্তৃতা করেন।

২৭শে জাহ্মারি শেক্সপীয়র ক্লাবে বেদান্তদর্শন বিষয়ে বক্তা দিবার কথা ছিল; কিন্তু ক্লাবের প্রেসিডেন্ট ও জ্ঞান্ত ব্যক্তিদের অহরোধে স্থামীজী 'আমার জীবন ও ব্রত' সম্বন্ধে ভাষণ দেন। এই বিষয়ে ইহাই ছিল মার্কিন দেশে তাঁহার প্রথম বক্তৃতা। এই প্রসঙ্গে তিনি ভারত সম্বন্ধে ও ভারতের আদর্শ ত্যাগ, জীরামক্কা, জীমা সারদাদেবী, রামকৃষ্ণ-সঙ্গ্য স্থাপন, আমেরিকার স্থামীজীর আগমন এবং ভারতীয় জনসাধারণের আর্থিক মানের উন্নতিসাধন ও শিক্ষার প্রসারের পরিক্রনাদি বিষয়ে অনেক কথা বলেন।

২৮শে জাতুষারি তিনি প্যাসাডেনার রেমণ্ড স্যাতিনিউ ও চেন্টনাট স্তীটে অবস্থিত ইউনিভার্গালিক গীর্জায় 'বিশ্বজনীন ধর্ম উপলব্বির পদ্বা' বিবরে বে বক্ততা দেন উহার জনপ্রিয়তা তাঁহার দক্ষিণ ক্যালিফর্নিয়ায় প্রদেভ সর্বোত্তম বক্ততা 'ঈশদৃত বীশুখুট'-এর সহিত তুলিত হইতে পারে। গীর্জাটি শেক্সপীয়র ক্লাবের তদানীম্বন গৃহ হইতে অতি সামান্ত দুরে অবস্থিত ছিল। বক্তুতায় তিনি বলেন যে, সকল মাহুষকে একটিমাত্র ধর্মের আওতায় আনিবার চেষ্টা পুর্বে বার্থ হইয়াছে এবং ভবিশ্বতেও বার্থ হইতে বাধা। বরং বৈচিত্রা স্বীকারের সঙ্গে मत्न हेहा । मानिया न ७ या चार छक त्य, जे धर्म छनि भवन्भात्वव वित्वाधी नत्ह, প্রত্যুত একে অন্তের পরিপুরক। "বৈচিত্র্যই জীবনের লক্ষণ এবং প্রত্যেকটি ধর্মের মধ্যেই মহান সভ্যের অংশ বিভ্যমান।" "আমাদের নীতি হবে বর্জন নয়, গ্রহণ"; "অতীতে যে সকল ধর্ম ছিল, আমি সেগুলি সমর্থন করি এবং সেই সব ধর্মের উপাসনা-পদ্ধতি ঘাই হোক না কেন, আমি তার প্রত্যেকটি নিয়েই केचतात्रांधन। कति । आমि মুসলমানদের মসজিদে যাব, शृष्टोनদের গীর্জায় প্রবেশ করে ক্রেশের সম্মুখে নভজাত হব, বৌদ্ধদের মন্দিরে প্রবেশ করে বৃদ্ধ ও তাঁর ধর্মের শরণ নেব। প্রত্যেকের অস্তর যে আলোকে আলোকিত হয়, সেই **আলোক প্রত্যক্ষ করার জন্ম যে হিন্দু ধ্যানমগ্ন, আমি বনে গিয়ে তার পাশে** বসে ধ্যানে ভূবে বাব। 🖦 এই সব করেই কান্ত হব না, ভবিশ্বতে যা-কিছু স্মাসতে পারে তার জন্তও হানয় উন্মক্ত রাখব।" মনে হয় এখানেই স্বামীকী বিশ্বজনীন ধর্মের স্বরূপের ও সার্মর্মের সর্বোৎকৃষ্ট বাছায় রূপ দিয়া গেলেন।

শেক্ষপীয়র ক্লাবে 'প্রাচীন ভারতীয় মহাকাব্যগুলি' সম্বন্ধে ধারাবাহিক বক্তৃতা দিতে আরম্ভ করিয়া তিনি ৩১শে জামুয়ারি (১৯০০) রামায়ণ ও ১লা ফেব্রুয়ারি মহাভারতের বিষয়ে বলেন। ইংরেজী জীবনীর মতে এই বক্তৃতা পর্বায়মধ্যে 'জড় ভরতের উপাধ্যান' ও 'প্রহ্লাদের কাহিনী'ও অস্বর্ভুক্ত ছিল। এতছাতীত প্যাসাভেনার 'ইভিনিং স্টার'-এর বিবরণামুসারে ৩০শে জামুয়ারি 'আর্বজাতি' ও ২রা ক্বেরুয়ারি 'বৌদ্ধ ভারত' সম্বন্ধে বক্তৃতা হয়। ৩রা ফেব্রুয়ারি শেক্ষপীয়র ক্লাবে স্বামীজী তাঁহার অন্ততম বিধ্যাত ভাষণ 'জগতের মহন্তম আচার্যগণ' প্রদান করেন। এই বক্তৃতায় হিন্দু-দর্শনের ছুইটি কথা বিশেষভাবে উল্লিখিত হয়—
অবভার-তত্ত্ব ও ব্রজ্ঞাণ্ডের কল্লান্তিক প্নরাবর্তন-তত্ত্ব। বিশেব স্কটি-স্থিতি-প্রালম্ব ক্ষেন তরকাকারে বা চক্রাকারে চলিতে থাকে, জাতিবিশেষের আধ্যান্থিক

জীবনেও তেমনি তরকাকার গতি—উত্থানাস্তে পতন ও পতনাস্তে উত্থান—
দেখিতে পাওয়া যায়। উর্ধে উন্নীয়মান তরকের শীর্ষদেশে থাকেন এক জ্যোতির্মন্ন
ঈশ্বরদূত—তিনিই শক্তিরূপে ঢেউটিকে তোলেন, জাতিকে উন্নীত করেন।

অতংপর আমরা ঐ সময়ে স্বামীজীর বাজিতের পরিচয় লইতে অগ্রসর হইয়া প্রথমত: শ্রীমতী ম্যাকলাউড (জো) ও শ্রীযুক্তা ব্লক্তের স্বতিলিপিষয়ে ফিরিয়া যাই ('রেমিনিদেন্দেদ অব স্বামী বিবেকানন্দ', ২৪৬, ৩৭২-৭৫ পঃ): স্বামীজী বেদিন 'ঈশদৃত বীশুখুষ্ট' (ম্যাকলাউডের মতে 'জেদাদ অব লাজারেও') সম্বন্ধে বক্ততা দেন, সেদিন ম্যাকলাউডের মনে হইয়াছিল, স্বামীজী ষেন আপাদমন্তক এক ভ্রু দিব্যজ্যোতিতে আবৃত—তিনি খুষ্টের মাধুর্য ও প্রভাবের মধ্যে এমনি ভাবে স্বাপনাকে ডুবাইয়া ফেলিয়াছিলেন। বাসগৃহে ফিরিবার কালে জ্বো একটিও কথা বলিলেন না: কারণ তাঁহার ভয় হইয়াছিল, স্বামীন্সীর মনোমধ্যে তথনও যে ভাবতরঙ্গ চলিতেছিল, উহা বাধাপ্রাপ্ত হইতে পারে। এই নীরবতা ভঙ্গ করিয়া স্বামীন্দী বলিলেন, "আমি বুঝেছি, কি করে এটা করতে হয়।" স্থো জিজ্ঞাসা করিলেন, "কোনটা কি করে করা হয় ?" "কেমন করে তারা 'মালিগা-টনি-স্থপ'ও তৈরী করে: ভারা ওর ভেতর বে-গাছের একটা (লাল রঙের) পাতা ছেড়ে দেয়।" এই মাত্র যিনি অত্যুক্ত তত্ত্বকথা শুনাইয়া সকলকে মুগ্ধ করিলেন এবং অশেষ প্রশংসা অর্জন করিলেন, তিনি কেমন করিয়া মুহুর্তমধ্যে বন্ধসকাশে আপনার বিরাট ব্যক্তিত্ব ভূলিয়া সাধারণ স্তরে নামিয়া আসিতে পারেন, ইহা দেখিয়া জো সেদিন মৃগ্ধ হইয়াছিলেন। এ যেন ছিল স্বামীজীর একটা নিজম্ব বিশেষত্ব—মুহূর্তমধ্যে স্বকীয় মহন্তকে আবৃত করিয়া তিনি সাধারণ মান্থবের সহিত সাধারণভাবে মিশিতেন। আর একটি জ্বিনিস ম্যাকলাউড লক্ষ্য করিয়াছিলেন-স্থামীজীর নিকট যে কেহ আসিত সে একটা শাস্তি ও শক্তি লইয়া ঘরে ফিরিড--ডিনি যেন আপন আধাাত্মিক ডেজোবীর্ঘ অপরের মধ্যে সঞ্চারিত করিয়া দিতেন। ম্যাকলাউডকে কেছ যদি প্রশ্ন করিত, "ভোমার মতে আধ্যাত্মিকতা বাচাই করার উপায় কি ?"—তবে তিনি বিধাহীন উত্তর

৩। ইহার টনি (tawny—পাঁগুটে) রং করার জস্তু ঐ পাঙা ব্যবহৃত হয়। এই সুণ দক্ষিণ ভারতীয় তরল থাড় 'মলগুডন্লি'র (বা লছা-জলের) পাশ্চান্ত্য অনুকল্প। 'ল'-কার্মী ল ও র অক্ষরের মাঝামাঝি রূপে উচ্চারণীয়।

দিতেন, "সাধুর উপস্থিতিতে মনে বে সাহস—ভরসার উদয় হয়।" "স্বামীন্দী বলিতেন, 'আণকর্তাদের উচিত শিশুদের পাপতাপ গ্রহণ করা এবং শিশুদিগকে মুক্ত হৃদয়ে সানন্দে ফিরিয়া যাইতে দেওয়া। এখানেই পার্থক্য—আণকর্তাদিগকে অপরের ভার লইতে হয়'।"

প্যাদাডেনায় যাওয়ার ঠিক পূর্ববর্তী ঘটনাটি ম্যাকলাউডের বর্ণনায় এইরূপ আছে: "একদিন তিন জন মহিলা প্রীযুক্তা রজেটের নিকট আদিয়া স্বামীজীর দহিত দেখা করিতে চাহিলেন। স্বামীজী ধাহাতে ইহাদের দহিত নির্জনে কথা বলিতে পারেন এই অভিপ্রায়ে আমি তৎক্ষণাৎ বাহির হইয়া গেলাম। অর্ধঘন্টা পরে স্বামীজী আমার নিকট আদিয়া বলিলেন, 'এই মহিলারা হচ্ছেন তিন বোন; আর এ দের ইচ্ছা যে আমি প্যাদাডেনায় তাঁদের বাড়ীতে দেখা করতে ঘাই।' আমি বলিলাম, 'যান না।' তিনি বলিলেন, 'ঠিক হবে তো?' আমি বলিলাম, 'ঠিক হবে, আপনি ধান।' এই মহিলারা ছিলেন—শ্রীযুক্তা হ্যান্সবরো, শ্রীমতী মীড, ও শ্রীযুক্তা ওয়াইকফ। ওয়াইকফের বাড়ীতে এখন হলিউডের বিবেকানন্দভবন অবস্থিত।" এই তিন সহোদরা পরে মীড-ভগিনীত্রয় নামে পরিচিতা হইয়াছিলেন। আমাদিগকে পরেও ইহাদের উল্লেখ করিতে হইবে।

শ্রীযুক্তা রক্ষেট লিখিয়াছেন যে, স্বামীজী যে কয়দিন তাঁহার বাড়ীতে ছিলেন, সেই দিনগুলির স্বৃতি তাঁহার নিকট ছিল বড়ই মধুর। স্বামীজীর মধ্যে এমন একটা সরল শিশুস্বাভ আনন্দোৎফুল্ল স্বাচ্ছন্দ্য ছিল যাহা মাতৃহ্বদয়কে সহজ্বে স্পর্শ করিত এবং যে কেহ তাঁহার সান্নিধ্যে আসিতেন তাঁহারই চিত্ত স্থপ ও পবিত্রতায় পূর্ণ না হইয়া থাকিতে পারিত না। তিনি ছিলেন ঋবি ও দার্শনিক—জ্ঞানের অফুরন্ত ভাগুার; অথচ পাশ্চান্ত্যবাদীদের হায় তাঁহার বিন্দুমাত্র ব্যবসায়বৃদ্ধি ছিল না। একই পরিবারের সকলে যেমন স্বাভাবিকভাবে একে অল্পের খুটিনাটি কাজে সাহায়্য করে এবং প্রয়োজনস্থলে ভ্লক্রট সংশোধন করিয়া দেয়, স্বামীজীর প্রতি রজেটের ব্যবহারেও সেইরূপ ভাবই ফুটিয়া উঠিত।

বক্তা শেষ হইয়া গেলে যধন শ্রোতারা স্বামীজীকে চারিদিক হইতে বিরিয়া ধরিত, তথন তিনি কোন প্রকারে তাঁহাদের নিকট স্বব্যাহতি পাইয়া, বিদ্যালয়শেষে ছেলেরা ষেমন খুলী মনে ক্রত স্বগৃহে ফিরিয়া যায়, স্বামীজীও তেমনি ব্রজ্ঞেটের রান্নাঘরে প্রবেশ করিয়া বলিতেন, "এখন রান্নাবান্না করা যাক!" ঋষি ও দার্শনিক তথন স্বাদ্ধা হইয়া ব্রজ্ঞেটের স্মৃথে একটি সরল মধুর স্বভাব শিশু

খেলিয়া বেড়াইত। এদিকে জাে সেখানে স্থাসিয়া দেখিতেন, স্থামীজী বক্তৃতার ভাল পােশাক না বদলাইয়াই হাতা-কড়া-বেড়ি লইয়া ব্যস্ত হইয়া পড়িয়াছেন; ভাই শাসনের স্বরে বলিতেন, পােশাক বদলাইয়া স্থাসিতে হইবে।

রজেট জোকে লিখিয়াছিলেন: "তুমি বে দিনগুলিকে চা-পার্টির দিন বলতে, সেগুলি কি আনন্দময়ই না ছিল! আমরা কতই না হাসতাম! সেদিনের কথা মনে আছে কি যেদিন স্বামীজী কেমন করে জড়িয়ে জড়িয়ে পাগড়ি বাঁথেন তাই আমাকে দেখাছিলেন, আর তুমি তাড়াতাড়ি করতে বলছিলে, কারণ বক্ততা-গৃহে যাবার সময় হয়ে গিয়েছিল। আমি তখন বললাম, 'স্বামীজী, আপনার কোন তাড়া নেই; আপনি হচ্ছেন—ফাঁসিকাঠে ঝুলতে যাছিল যে আসামী, তারই মতো। লোকের ঠেলাঠেলি আরম্ভ হয়ে গেছে, ফাঁসির জায়গার কাছে যাবার জন্ত, এমন সময় আসামী হেঁকে বললে—"কিচ্ছু তাড়াতাড়ি নেই; আমি ওখানে না যাওয়া পর্যন্ত দেখবার মতো কিচ্ছু নেই।" আমি আপনাকে ঠিক বলছি স্বামীজী, আপনি ওখানে না যাওয়া পর্যন্ত দেখবার মতো কিচ্ছু নেই।' এতে তিনি এত খুলী হয়েছিলেন যে, পরে প্রায়ই বলতেন, 'আমি ওখানে না যাওয়া পর্যন্ত দেখবার মতো কিচ্ছু নেই,' আর বালকের জায় হাসিতেন।"

মনে হয় বেটি লেগেটও ঐ সময় ব্লক্ষেটের বাড়ীতে আসিয়াছিলেন। অন্ততঃ ব্লক্ষেট আর ছইটি ঘটনার উল্লেখ করিতে গিয়া তাঁহার কথা তুলিয়াছেন। শ্রোতারা সমবেত হইয়াছেন, কিন্তু স্বামীজী অবনত মন্তকে ধ্যানে মগ্ন—মুথের ভাবে মনে হয়, মন যেন কোথায় চলিয়া গিয়াছে। ধ্যান ভঙ্গ হইলে তিনি শ্রীযুক্তা লেগেটকে জিজ্ঞাসা করিলেন, "কি বিষয়ে বলব ?" ইহাতে একদিকে যেমন লেগেটের বুজিমন্তার উপর তাঁহার আছা প্রকাশ পায়, অপরদিকে তেমনি দেখা যায়, অসংখ্য শ্রোতাকে বক্তৃতা হারা মৃষ্ট করিবার ক্ষমতা তাঁহার থাকিলেও, তিনি অনেক সময় আপনভোলা বালকের স্তায় অপরের উপদেশাদির উপর নির্ভর করিতেন।

প্রত্যুবে যখন ম্যাকলাউড ও তাঁহার ভগিনী বেটি লেগেট তখনও শ্যাত্যাগ করেন নাই, এমন সময় স্বামীজী স্নান সারিতে বাইতেন এবং স্থানকালে স্থললিড-ম্বরে সংস্কৃত শ্লোক পাঠ করিতেন। ব্লেডের নিকট লে ভাষা স্ববোধ্য হইলেও

৪। প্যাসাডেনার পিকনিক পার্টির ছুইথানি ফটোতে বেট লেগেটের ছবিও আছে।

ভাবটা ভাঁহার প্রাণ স্পর্শ করিত এবং পরে তিনি বলিয়াছিলেন, ঐ মহাপুরুবের যত স্থতি তাঁহার মনে ছিল, তন্মধ্য ঐ প্রাতঃকালীন স্তোত্তপাঠই ছিল সর্বাধিক পবিত্র ও উদ্দীপনাপূর্ণ। আর তাঁহার মনে পড়িত রান্নামরের স্থতিশুলি— স্থামীন্দীর সাবলীল, সরল ব্যবহার ও বিধাহীন অবাধ চিম্ভার লোত—কত স্থাভাবিক, কত স্থপ্রদ, কত অধ্যাত্মরেদে ভরপুর!

শার এক সকালে ব্লক্ষেট খবরের কাগজে পড়িয়াছিলেন যে, কে একজন তাহার স্ত্রী বা সন্তানের প্রতি অতি নিষ্ঠুর ব্যবহার করিয়াছে। অমনি তিনি ক্ষেপিয়া গিয়া সামাজিক বিধিগুলির অজল্র নিন্দা করিতে লাগিলেন—সামাজিক ব্যবহাই এমন কুৎসিত যে, ইহার ফলে পাগল, মাতাল, আহাম্মক, বদমায়েদ নরনারীরও সন্তান হইয়া সমাজকে বিপর্যন্ত করিতে পারে; আইন-এর সাহায়্মে এই বিকট অবস্থার প্রতিরোধ করা আবশুক। স্বামীজী সব শুনিয়া ধীরে ধীরে ব্রাইয়া দিলেন, রাতারাতি জাের করিয়া সমাজসংস্থার হয় না; উহা ধীরে ধীরে হইতেছে এবং হইতে থাকিবে; এককালে অসভ্যেরা ঘট্টাঘাতে স্ত্রী-সংগ্রহ করিত; ক্রমে সে প্রথা পরিবর্তিত হইয়া স্ত্রী-স্বাধীনতা পর্যন্ত আসিয়াছে। ইহাই উন্নতির স্বাভাবিক পথ।

বয়ে।ধিক্যের ভয়ে ও গৃহকার্বের ঝামেলায় রজেট স্বামীন্দীর বক্তৃতা শুনিতে সাধারণতঃ হাইতে পারিতেন না। তবে একটি বক্তৃতাকক্ষের ঘটনা তিনি লিথিয়াছিলেন। সে সভাকক্ষে অতিসাহসী অথচ বিবেচনাহীন এক মহিলা অক্সাং প্রশ্ন করিয়া বসিলেন, "বামীন্দী, আপনার দেশে কারা সাধুদের থাওয়ায় পূ আর আপনি তো জানেনই, তাদের সংখ্যাও নেহাত কম নয়।" চকিতে স্বামীন্দীর উত্তর আসিল, "মহাশয়া, ঠিক তারাই হারা আপনাদের দেশে ধর্মনাজকদের থাওয়ায়— অর্থাৎ মেয়েরা।" শ্রোতারা হাসিতে ফাটিয়া পড়িল, সে ভন্তমহিলা কোথায় ভাসিয়া গেলেন, স্বামীন্দীর বক্তৃতাও নির্বিবাদে চলিতে লাগিল। আর একবার চিকাগো নগরে স্বামীন্দী ম্যাসোনিক মন্দিরে বক্তৃতা দিতেছিলেন, এমন সময় এক স্থবিখ্যাত ধর্মবান্ধক প্রশ্ন করিলেন, "সয়্যাসী মহাশয়, আপনি তো সাম্প্রদায়িক মতবাদে বিশ্বাস করেন—করেন না কি ?" স্বামীন্দী ঝাটিতি উত্তর দিলেন, "ঠিক কথা, আমি বিশ্বাস করি, আর আপনাদের পক্ষে তা আবক্সক। গাছের বীন্ধ পুঁতে ভাকে ক্ষা করার জন্ম আপনারা ভার চারদিকে একটু ছোট্ট বেড়া ভূলে দেন, বাতে শুযোর, ছাগল প্রভৃতি চারা-গাছটিকে নই

না করে। কিন্তু বীজ যখন শাখাপ্রশাখাসমন্বিত বৃহৎ বৃক্ষে পরিণত হয়, তখন আব সে বেড়ার দরকার হয় না।"

অন্ত স্থাত্তে জানা যায়, ১৮ই জাতুয়ারি শেক্সপীয়র ক্লাবে বক্ততা দিতে উঠিয়া শ্বামীজী শ্রোভাদের বলেন, কি বিষয়ে বক্ততা দিতে হইবে, তাহা তিনি জানেন না: অতএব শ্রোতারাই যেন বিষয় নির্বাচন করিয়া দেন। স্থযোগ পাইয়া একটা চ্যালেঞ্চের ভাব লইয়া একজন শ্রোতা বলিলেন, "আপনাদের দর্শনশাস্ত্র কি ফল প্রসব করেছে, আমরা তা জানতে চাই; আপনাদের ধর্ম ও দর্শন আপনাদের নারীসমাজকে কি আমাদের মহিলাদের চেয়ে উন্নতভর করেছে ?" একটি ক্ষিপ্র উত্তর দিয়া স্বামীজী এইরূপ অপ্রিয় তুলনামূলক বক্তৃতা এড়াইয়া ষাইতে চাহিলেন; তিনি বলিলেন, "দেখুন, এ প্রশ্নটা একেবারে ব্যক্তিগত: আমি তো এদেশের ও আমাদের দেশের স্ত্রীলোকমাত্রকেই শ্রদ্ধাপ্রীতির চক্ষে দেখি।" প্রশ্নকর্তা তবু বলিলেন, "বেশ, আপনি আমাদিগকে আপনাদের নারীসমাজ — তাদের আচার ও শিক্ষা সহদ্ধে এবং তারা পরিবারে কিরূপ স্থান পায় সে বিষয়ে বলবেন কি ?" স্থামীজী সে প্রস্তাব দানন্দে স্থীকার করিয়া ভারতের সামাজিক ব্যবস্থা, আধ্যাত্মিক আদর্শ ও সাংস্কৃতিক মান ইত্যাদির পরিপ্রেক্ষিতে সমাজে ভারতীয় নারীর স্থান কোথায় এবং পাশ্চাত্তা আদর্শের সহিত ভারতীয় নারীর আদর্শের পার্থক্য কোথায় ইত্যাদি বিষয়ে এক মনোজ্ঞ নাতিদীর্ঘ ভাষণ দিয়া সকলকে মুগ্ধ করিলেন। এই বক্ততাটি মার্কিন মহিলাদিগকে বিশেষ আনন্দ দিয়াছিল এবং পরে উহা 'ভারতীয় নারী' নামে मुक्तिक इडेग्राहिन।

বে মীড-ভগ্নীত্রয়ের কথা আমরা পূর্বে উল্লেখ করিয়াছি, তাঁহাদের পূর্ণ নাম ছিল, শ্রীযুক্তা ক্যারী মীড ওয়াইকফ, শ্রীযুক্তা এলিস মীড হ্যান্সবরো, এবং শ্রীমতী হেলেন মীড। ইহাদের ভ্রাতা উইলিয়ম এক ব্যাক্ষে কান্ধ করিতেন এবং সমাজে বেশ গণ্যমান্ত ছিলেন। হলিউডের বেদান্ত-সমিতির সভ্যদের নিকট এলিস পরবর্তী কালে শাস্তি নামে এবং ক্যারী সিস্টার (ভগিনী) ললিতা বা ভর্মু সিস্টার নামে পরিচিতা হন। শাস্তি স্বামীজীর 'রাজ্বেলাগ' পূর্বেই পড়িয়া-ছিলেন। স্বামীজী পশ্চিম উপকূলে আসার পর কাগজে একদিন তাঁহার বক্তৃতারে বিজ্ঞাপন দেখিয়া তিনি অপর তুই ভগ্নীর সহিত উহা শুনিতে বান, এবং বক্তৃতারে স্থির করেন বে, তিনি স্বামীজীর কার্ষে গাহাব্য করিবেন। সিস্টারণ্ড ঐ বক্তৃতার

মুগ্ধ হন; তিনি বলিতেন, স্বামীজীর বক্তৃতাকালে এমন নীরবতা বিরাজ করিত বে, একটি পিন পড়িলেও শোনা যাইত। ভগ্নীত্রয় স্বামীজীর সহিত রজেটের বাড়ীতে দেখা করিয়া তাঁহাকে প্যাসাডেনায় বক্তৃতা দিতে রাজী করাইবার পর শাস্তি তৎসম্পর্কিত অবশিষ্ট কার্যভার স্বহস্তে তুলিয়া লইলেন। শাস্তি এখন হইতে স্বামীজীর সেক্রেটারী হইলেন এবং হেলেন সাঙ্কেতিক অক্ষরে তাঁহার অনেকগুলি বক্তৃতা লিখিয়া লইলেন। স্বামীজীর 'আমার জীবন ও ব্রড' ভাষণটিরও সাঙ্কেতিক লিপি তিনিই গ্রহণ করিয়াছিলেন। শাস্তি ও হেলেন উভয়কেই স্বামীজী ভারতে ঘাইবার কথা বলিয়াছিলেন, কিন্তু তাঁহাদের সাহস হয় নাই; অধিকন্ত শাস্তি তাঁহার কলা ডরোথিকে ছাড়িয়া যাইতে পারেন নাই। স্বামীজী ভন্নীত্রয়কে বলিতেন 'থ্রি গ্রেসেস্'র্ণ। তাঁহারা তথন দক্ষিণ প্যাসাডেনার ৩০০ নং মন্টেরে রোডে একটি ভাডাটিয়া বাডীতে একত্রে থাকিতেন।

স্বামীজীকে স্বগৃহে পাইবার জন্ম তাঁহাদের প্রচুর আগ্রহ থাকিলেও প্রথম দিকে তিনি কোন উৎসাহ দেখান নাই। পরে একদিন প্রাতঃকালে একখানি ঘোডার গাড়ী আসিয়া ঐ বাটীর সম্মুখে দাড়াইলে ভগ্নীত্রয় সবিম্ময়ে দেখিলেন, স্বামীজী সেখানে তল্পিতল্পা নামাইতেছেন আর বলিতেছেন, "আমি তোমাদের কাছে থাকতে এলাম। এ বেশ ভদ্রমহিলার মতোই কাজ করা হল।" কে যে ভদ্রমহিলা—ঠিক বুঝা গেল না। এ বাড়ীতে স্বামীজী ঠিক কবে হইতে কত দিন ছিলেন, সঠিক জানা যায় না; তেমনি অজ্ঞাত তাঁহার দক্ষিণ ক্যালিফর্নিয়ায় বিভিন্ন স্থানে থাকার ও বাতায়াতের বিবরণ। মীড-ভন্নীগণের সহিত স্বামীজীর সাক্ষাৎ হইয়াছিল ২৭শে জাহুয়ারির (১৯০০) পুর্বে। এদিকে স্বামীন্দ্রী ব্রন্ধেটের বাড়ীতে স্বাসিয়াছিলেন ৬ই ভিনেম্বর (১৮৯৯)-এর মধ্যে, আর শ্রীমতী ম্যাকলাউডের মতে তিনি সেধানে ছিলেন কয়েক মাস। ইংরেজী জীবনীর মতে (৬৬৪) তিনি হোম অব টুণে প্রায় একমাস কাটান ও শ্রীমতী স্পেন্সারের গৃহে বাস করেন কিছুকাল। ১৪ই জাহুয়ারি (১৯০০) ভারিখের 'লদ এঞ্জেলিদ টাইমদ' পত্রিকার মতে তিনি ঐ সময়েরই কাচাকাচি দক্ষিণ প্যাসাডেনার শ্রীযুক্ত কে. সি. নিউটনের গৃহে অতিথি ছিলেন। কিন্ত শামীলী, ম্যাকলাউড, শান্তি বা অপর কাহারও পত্র বা শ্বতিলিপিতে এইসব

आक প্রাণোক্ত তিনজন রূপলাবণামরী সৌক্তরের অধিচাত্রীদেবী; ইহারাও সহোদরা।

কথার সমর্থন পাওরা যায় না। ২৭শে ডিসেম্বর ডিনি বে রন্ধেটের বাডীভেই ं ছिलान, रेहा औ তারিখের পত্তেই জানা যায়। আর সিস্টার ললিতা (ওয়াইকফ) স্বামী প্রভবানন্দকে বলিয়াছিলেন, স্বামীকী মীডদের গৃহে ছিলেন ছয়-সপ্তাহ। ব্রহ্মচারিণী উষার (বা বর্তমান প্রবাজিকা আনন্দপ্রাণার) মতে তিনি ২০শে ও ২৫শে ক্ষেত্রয়ারির মধ্যে কোন একদিন প্যাসাভেনা ছাডিয়া উত্তর ক্যালিফর্নিয়ায় চলিয়া যান: কাজেই এই মতে জাতুয়ারির দিতীয় স্থাতের কোন সময়ে ডিনি মীড-গৃহে আদিয়া থাকিবেন। এইরূপ ধরিলে ম্যাকলাউডের মতে ব্লক্ষেট-গৃহে কয়েকমাস থাকার কথা ছাড়িয়া দিতে হয়, নতুবা সিস্টার-এর ছয়-সপ্তাহতক কমাইয়া ধরিতে হয়। ইহার সামঞ্জল কোথায় ? স্বামীজীর পত্রাবলীর ঠিকানাগুলি পর পর অফুধাবন করিলে দেখা যায় ১৫ই ফেব্রুয়ারির (১৯০০) একখানি পত্ত ভিন্ন অপর কর্মথানিতেই লস এঞ্জেলিস লিখিত আছে। ১৫ই ফেব্রুয়ারির পত্তে चाइ (क्यांत्र चर मिन मीछ, ८८१ नः छशनान विन्छः, नन এঞ्किनन, ক্যালিফর্নিয়া, স্থার ২০শে ফেব্রুয়ারির পত্তে আছে প্যাসাডেনা। ১৫ই ফেব্রুয়ারির পত্রে আরও আছে, "তোমার পত্র প্যাসাডেনায় আমার নিকট পৌছল। দেখছি. জো তোমায় চিকাগোতে ধরতে পারেনি: তবে নিউ ইয়র্ক থেকে তাদের এ পর্যন্ত কোন থবর পাই নি।" এই সব মিলাইয়া আমাদের অহুমান হয় এই ষে. লস এঞ্জেলিস ও প্যাসাডেনায় দৌড়াদৌড়ি করিয়া বক্ততা করিতে হইত বলিয়া স্বামীশী স্থবিধামত উভয় স্থানেই সপ্তাহের তুই-চারিদিন কাটাইতেন। পরে ম্যাক-লাউড ও শ্রীযুক্তা লেগেট চলিয়া গেলে তিনি ব্লক্ষেটের বাড়ী হইতে স্থায়িভাবে প্যাসাডেনায় যান। মনে রাখিতে হইবে, স্বামীজীর যত চিঠি প্রকাশিত হইয়াছে. তন্মধ্যে স্থান ফ্রান্সিন্ধো হইতে লিখিত প্রথম চিঠির তারিখ ২রা মার্চ, ১৯০০। ইহার পূর্বে তিনি ওকল্যাণ্ডে কিছু দিন ছিলেন; অতএব ফেব্রুয়ারি মাস শেষ হইবার পূর্বেই তিনি প্যাসাডেনা ছাড়িয়াছিলেন —এইরূপ অনুমান অক্সায় নহে। **খত:পর দেখা যাক, মীড-ভগিনীরা স্বামীজী সম্বন্ধে আমাদিগকে কি নৃতন**

শতংপর দেখা যাক, মাড-ভাগনারা স্থামাজা সম্বন্ধ আমাদিগকোক নৃত্ন কথা বলিতে পারেন। শান্তির অরণ ছিল যে, স্থামীজী তাঁহাকে বলিরাছিলেন, "তৃই তারের ঐশরিক অন্তভূতি আছে। প্রথমটি হল, 'ব্রহ্ম সত্য জগৎ মিখ্যা'; এবং বিতীরটি 'ব্রহ্মই সব হয়েছেন'।" সিস্টার ললিতা সারাদিন স্থামীজীর নানা কার্বে ব্যন্ত থাকিতেন—রাল্লা করা, ঘর গুছানো, এবং বছপ্রকার গৃহস্থালীর কাজ। স্থামীজী তাই বলিয়াছিলেন, "মহাশলা, আপনি এত বেলী কাজ করেন ষে, আমি তাতে ক্লান্তি বোধ করি। তবে কয়েকজনকে (বাইবেলোক কর্মপরায়ণা) মার্থা হতেই হবে, আর আপনিও একজন মার্থা।" স্বামীজী রায়াঘরের কাজে সিস্টারকে সাহায্য করিতেন। তিনি ঝাল পছন্দ করিতেন। সম্বরা প্রস্তুত করার সময় ধোঁয়া উঠিয়া ভগ্নীদের চোথ জ্ঞালা করিত বলিয়া স্বামীজী পূর্ব হইতেই সাবধান করিয়া দিতেন, "ঠাকুরদা আসছেন; ভদ্রমহিলাদের স্থান ত্যাগের আজ্ঞা হয়।"

দিস্টারের এক বন্ধু একদিন ঐ বাড়ীতে আদিয়া অনেকক্ষণ গল্পগুৰুব করিলেন। স্বামীজী বৈঠকধানায়ই বদিয়া নীরবে ধ্মপান করিতেছিলেন— গল্লে যোগ দিলেন না। যাইবার সময় আগন্তক জিজ্ঞাসা করিলেন, "এই ভদ্রলোক কি ইংরেজীতে কথা বলিতে পারেন ?"

সন্ধ্যাকালে মীডদের বাটার পশ্চাতে একটি ছোট বাগানে বিসিয়া স্বামীজী ধ্যান করিতে ভালবাদিতেন। তথনকার দিনে ঐ বাটার দক্ষিণ-পূর্ব দিকের পার্বতা অঞ্চলটি স্বাভাবিক অবস্থায়ই ছিল। দিস্টারের একটি কুকুর সঙ্গে লইয়া স্বামীজী সেথানে বেড়াইতে যাইতেন। ভজেরা তাঁহার জন্ম বনভোজনের ব্যবস্থা করিলে তিনি তাহাতেও যোগ দিতেন। এইরপ এক উপলক্ষে বাহিরে যাইবার সময় যে ফটো ভোলা হয়, উহাতে তিনি রামক্ষণ্ণ মঠের সাধুদের জন্ম পরিকল্পিড টুপি মাথায় পরিয়াছেন; তাঁহার আশে-পাশে কয়েকজন মহিলা আছেন— দিস্টার তাঁহার পশ্চাতে দণ্ডায়মানা, আর শাস্তি দক্ষিণে উপবিষ্টা।

মীড-ভগ্নীদিগকে তিনি বিশেষ শ্বেহ করিতেন; তাঁহার বিভিন্ন পত্রে তাঁহাদের উচ্ছুদিত প্রশংসা দেখা যায়। বেটি লেগেটকে তিনি লিখিয়াছিলেন, "ঈশর তাঁদের মঙ্গল করুন; ভগ্নী তিনটি দেবদ্তী নয় কি ? এখানে-সেখানে এই ধরনের মাহ্বের সঙ্গে সাক্ষাৎকার জীবনের সকল নিবর্থকতাকে সার্থক করে তোলে"; স্বামী তুরীয়ানন্দকে লিখিয়াছিলেন, "অক্লব্রিম, পবিত্র ও সম্পূর্ণ নিঃস্বার্থ বন্ধু" এরা; আর মীডদের গৃহত্যাগকালে তাঁহাদের বলিয়াছিলেন, "তোঁমরা তিন বোন চিরতরে আমার মনের অংশবিশেষ হয়ে গেছ।"

স্বামীজীর প্যাসাডেনা ত্যাগের সঙ্গে সংক্রই মীডদের সহিত তাঁহার সম্বন্ধ ছিল্ল হইয়া যায় নাই। প্যাসাডেনায় থাকাকালেই স্বামীজী ওকল্যাগু-এর ইউনিটেরিয়ান গীর্জায় বক্তৃতা দিতে আমন্ত্রিত হন। শাস্তিকে তিনি জিল্পাসা করেন্ন, সঙ্গে যাইবার ইচ্ছা আছে কিনা? আর বলেন, "আমার সঙ্গে যাবার

ইচ্ছা থাকলে কারো জন্ম যাওয়া বন্ধ করো না।" এই ভাবেই শাস্তি উত্তর क्रानिकर्नियाय शियाहित्नन এवः जान क्रानित्यात् त प्रहेकन महिना गर्वमा স্বামীজীর কার্যে নিযুক্তা ছিলেন, তন্মধ্যে শান্তি ছিলেন প্রধানা। গৃহস্থালীর কাজের সহিত শাস্তি তাঁহার সেক্রেটারীর কাজও করিতেন। স্বামীন্সীর ১৭ই মার্চের (১৯০০) পত্তে আছে: "মিসেস ছান্সবরো, তিন বোনের মাঝেরটি. এখানে আছে, এবং আমাকে দাহায়্য করতে দে ওর্থ কাজই করছে, কাজই করছে।" হুই মাদ পরে শান্তি বুঝিলেন, তাঁহার মন ক্লা ডরোথির জ্বল থব ব্যাকুল হইয়াছে। এদিকে স্বামীন্ধী তথন ক্যাম্প আর্ডিং-এ বাইবেন এবং শান্তিকে দলে যাইবার জন্ম খব আগ্রহ দেখাইয়া বলিলেন, "আমি তোমাকে ধ্যান শেখাব।" স্থতরাং শান্তি গেলেন। ক্যাম্পে সমবেত ব্যক্তিদের মধ্যে অক্তমা ছিলেন উজ্জ্বলা বা আইডা অ্যানদেল। উজ্জ্বলার মতে শাস্তি সর্বদা স্বামীজীর কাজে ব্যন্ত থাকিতেন। একদিন সকালে শাস্তি রন্ধনকার্যে ব্যাপৃতা আছেন; এদিকে ক্লাদের সময় সমাগত। স্বামীজী জিজ্ঞাসা कत्रितनन, "मास्ति, धान कत्रत्ठ शाद ना ?" উखरत मास्ति वनितनन, "है। शाद, তবে আগে এই ঝোলটা ফোটাতে হবে; এটা শেষ করেই যাচিছ।" अनिया त्रामीकी तनितन. "बाक्ना, किंक बाह्न। बामात अकृतन तनरजन. প্রয়োজন হলে ধ্যান ছেড়েও দেবা করা চলে।" ক্যাম্পে স্বামীজী যথন অত্বস্থ ছিলেন, তথনও শাস্তি নিজের স্থথসাচ্ছন্য ছাড়িয়া তাঁহার দেবা করিয়া-हिलान। श्रामीकी जारे श्रीमजी मानिकारिकारक এकममरा निशिन्नाहिलान, "ভগ্নীটি এত দরদ দিয়ে আমার সেবা করেছে যে, তুমি তা অহুমান করতে পারবে না।"

শাস্তি বলিয়াছিলেন—স্থামীজীর স্বভাব এতই সরল ছিল বে, তিনি সকলের সহিত তাহাদেরই মতো হইয়া মিশিতেন, নিজের বিরাট ব্যক্তিত্বকে তথনকার মতো মৃছিয়া ফেলিতেন। শাস্তিকে তিনি একদিন বলিয়াছিলেন, "তোমার শ্রন্ধা বলে কিছু নেই।" পরে এই কথা শাস্তির মৃথে ভনিয়া স্থামী তুরীয়ানন্দ বলিয়াছিলেন, "হা, ঠিকই বলেছিলেন তিনি; কিন্তু তোমার শ্রন্ধা নেই দেখে তিনি খুশীই হয়েছিলেন। সমতা থাকলেই ঠিক ভালবাসা জয়ে; বেখানে উচু নীচু বোধ থাকে না, সেখানেই পূর্ণ মিলন ঘটে।"

সিস্টারের ভক্তিও ছিল অর্থম। তিনি পরে স্বামী তুরীয়ানন্দের কার্বে

প্রচুর সহায়তা করেন ও তাঁহার শিশুত্ব গ্রহণ করেন। আরও ত্রিশ বৎসর পরে তিনি নিজ আবাসস্থল ও বধাসর্বন্ধ বেদান্ত-সমিতিকে দান করেন। এতদ্বাতীত দক্ষিণ প্যাসাডেনায় ৩০০ নং মন্টেরে রোডের বাড়ীখানিও ১০৫৫ খৃষ্টাব্দে বেদান্ত-সমিতির হস্তগত হইয়া এখনও স্বামীজী ও মীড-ভগ্নীত্রয়ের স্থৃতিরক্ষা করিতেছে।

স্বামীজী নিজ জীবনে ও কার্যে পাশ্চান্ত্য সমাজের সম্মুথে ত্যাগ ও ভগবন্তক্মন্বতার আদর্শ কতভাবেই না তুলিয়া ধরিয়াছিলেন। গ্রীণ একার, সহস্রদ্বীপোছান,
ক্যাম্প আর্ভিং এবং আরও পরে শান্তি আশ্রম প্রতিষ্ঠা ইহার নিদর্শন। কর্মব্যন্ত
পাশ্চান্ত্য জগৎ সব ছার্ডিয়া ভগবানকে ভাবিতে ভূলিয়া গিয়াছিল; স্ক্তরাং
সন্ন্যাস ও ব্রহ্মচর্যের প্রবর্তনের দ্বারা এবং ধ্যানের উৎসাহ জাগাইয়াসে দেশের
লোককে পুনর্বার প্রকৃতিস্থ বা আত্মন্থ করার প্রয়োজন ছিল—স্বামীজী
করিয়াছিলেনও তাহাই।

উত্তর ক্যালিফর্নিয়ায়

আমরা দেখিয়া আসিয়াছি. ক্যালিফর্নিয়ার বিভিন্ন অঞ্চলে স্বামীজীর অবস্থানকাল সঠিক নির্ণয় করা প্রায় অসাধ্য। ষেটুকু তথ্য আমরা পাইয়াছি তদবলম্বনে একটা মোটামটি কাল-নির্ণয় করিতে গেলে এইরূপ দাঁড়ায়, যদিও ইহা অনেকাংশেই প্রমাণসহ নাও হইতে পারে। স্বামীজী ৬ই ডিসেম্বরের (১৮৯৯) কাছাকাছি লস এঞ্জেলিসে ব্লক্তের বাড়ীতে উপস্থিত হন। সেখানে থাকিয়াই তিনি ২২শে ডিসেম্বরের কিঞ্চিৎ পূর্বে প্যাসাডেনায় বক্ততাদি আরম্ভ করেন। ১৫ই ফেব্রুয়ারির কিছু পূর্বে, সম্ভবত: ঐ মাসের প্রারম্ভে ম্যাকলাউড চিকাগো হইয়া নিউ ইয়র্কে ফিরিয়া যান, এবং তিনি চলিয়া যাইবার পরই স্বামীন্দ্রী মীডদের আতিথ্য স্বীকার করেন। সেখান হইতে তিনি ফেব্রুয়ারির শেষে ওকলাতে বক্ততা করিতে গিয়াছিলেন ('বাণী ও রচনা', ৮।৯৭-৯৮) এবং ইহার ফলে দ্বানীয় জনসমাজে আরও বক্তৃতা শুনিবার ও উপদেশ লাভ করিবার আগ্রহ স্বিশেষ বর্ধিত হইয়াছিল (ঐ, ৮।১০৫)। অতএব ইহাদের অমুরোধে তিনি মার্চের প্রারম্ভে স্থান ফ্রান্সিস্কোতে (উত্তর ক্যালিফর্নিয়ায়) যান। এই ক্রম ও কালবিভাগ মানিয়া লইলে স্বামীন্ধী ব্লকেটের বাড়ীতে ছিলেন হুই মাস: মীডগুহে প্রথমত: মাঝে মাঝে থাকিয়া পরে একটানা হুই সপ্তাহ; এবং ওকল্যাণ্ডে ছিলেন এক সপ্তাহ।

ইংরেজী জীবনীতে আছে: "স্বামীজী যথন লস এঞ্জেলিস ছাড়িয়া যান, তথন তাঁহাকে ওকল্যাণ্ডের মাননীয় (ধর্মযাজক) ডাঃ বেঞ্জামিন কে মিলস-এর আতিথা গ্রহণ করিতে হয়, এবং ইহারই ফার্ফ ইউনিটেরিয়ান চার্চ অব ওকল্যাণ্ড নামক গীর্জায় তিনি এক পর্যায়ে আটটি বক্তৃতা প্রদান করেন; বক্তৃতাগুলিতে শ্রোতৃসংখ্যা অনেক সময় তুই সহস্রে উঠিত। পরদিন সকালে তিনি দেখিতেন, সব সংবাদপত্রেই তাঁহার নাম বড় বড় অক্ষরে মৃদ্রিত হইয়াছে। বক্তৃতাবলী স্থানীয় একটি ধর্মহাসভার উপলক্ষে প্রদন্ত হয়। উক্ত সভাটি মাননীয় বি. এফ. মিলস-এর গীর্জায় অফ্টিত হইতেছিল বলিয়া ক্যালিফনিয়ার বহুশত ধর্মযাজক স্থামীজীর সহিত মিলিবার, তাঁহার সহিত ভাবের আদান-প্রদান করিবার এবং ক্ষেত্রবিশেষে তাঁহার মত গ্রহণ করিবার স্থ্যোগ পাইয়াছিলেন।"

এই বর্ণনার ধারা দেখিয়া মনে হয়, ওকল্যাণ্ডের ঐ সব বক্তৃতাকালে স্বামীজী প্যাসাভেনা ছাড়িয়া চলিয়া আসিয়াছিলেন। তাহা হইলে বলিতে হইবে বক্ততাগুলি হইয়াছিল মার্চ মানে। এদিকে আইডা অ্যানদেলের (উজ্জ্বলার) শ্বতিকথায় ('রেমিনিদেন্দেস অব স্বামী বিবেকানন্দ') অফুরুপ বিবরণ পাই। স্মানদেল তথন 'ক্যালিফর্নিয়া স্ত্রীট হোম অব ট্রথ'-এ শ্রীমতী বেল-এর নেত্রীস্বাধীনে বাস করিতেন এবং সাঙ্কেতিক লিপিতে তাঁহার বক্ততা লিখিয়া লইতেন। স্বামীক্ষী যথন ঐ অঞ্চলে আসেন, তথন শ্রীমতী বেল-এর প্রাতঃকালীন ক্লানে স্বামীজীর 'রাজ্যোগ' পঠিত হইত। "স্বামীজী যখন লস এঞ্চেলিসে ছিলেন, তথন তিনি মাননীয় বি. এফ. মিলদ-এর আমন্ত্রণ স্বীকারপূর্বক ওকল্যাণ্ডের ফার্স্ট ইউনিটেরিয়ান চার্চে ধারাবাহিক কয়েকটি বক্তৃতা দিতে সম্মত হন। শ্রীমতী বেল ও অপর বন্ধদের সহিত আমি ফেব্রুয়ারির গোড়ার দিকে গেলাম এবং আমরা যাহা শুনিলাম তাহাতে চমকিত ও আশ্চর্যান্বিত এবং স্বামীজীর মূর্তি দর্শনে চমংকৃত ও মুগ্ধ হইলাম।" স্থানসেলের মত মানিতে গেলে বলিতে হয়, স্বামীন্ধী ওকল্যাণ্ডে ফেব্রুয়ারির প্রারম্ভে বক্তৃতাকালে মিলস-এর গৃহে অতিথি হইয়াছিলেন; পরে প্যাদাডেনায় ফিরিয়া গিয়া পুন: ফেব্রুয়ারির শেষে স্থান ক্রান্সিক্ষোতে উপস্থিত হন। অপর দিকে স্বামীজীর পত্রাবলীর অহুসরণক্রমে সমীচীনতর মত এই দাঁড়ায় যে, তিনি ফেব্রুয়ারির চতুর্থ সপ্তাহে ওকল্যাণ্ডে যান ও দেখান হইতে দোন্ধা স্থান ক্রান্সিম্বোতে উপনীত হন।

আ্যানদেল অতঃপর শ্রীমতী বেল বা অপর বন্ধুদের সহিত স্থামীন্দীর প্রায় প্রতি বক্তৃতায় ষাইতেন এবং নিজের ব্যবহারের জন্ম বক্তৃতার সাঙ্কেতিক লিপি গ্রহণ করিতেন। লিপিগুলি অনেকাংশে অসম্পূর্ণ হইলেও প্রামাণিক। কাহাকেও না দিয়া তিনি সেগুলি নিজ সকাশে রাখিয়া দিয়াছিলেন এবং দীর্ঘ পঞ্চাশ বৎসরাধিক পরে পাঠোদ্ধারপূর্বক উহাদের অনেকগুলি প্রবদ্ধাকারে প্রকাশ করিয়াছিলেন। সেগুলি এখন স্থামীন্দীর সম্পূর্ণ গ্রন্থাবলীর অদীভূত হইয়াছে। আ্যানসেলের সহিত বক্তৃত। শুনিতে যাইতেন এমন একজন কুলীন বংশোভূতা মহিলা সোৎসাহে তাঁহাকে স্থামীন্দী সম্বন্ধ বলিয়াছিলেন, "ওঃ! তিনি যেন একটি মনোরম কনকমূর্তিসদৃশ!" আর স্থামীন্দীর বৌদ্ধিক উৎকর্ষের ভূয়্মী প্রশংসা উন্টারিত হইয়াছিল মাননীয় ধর্ময়ালক মিলস-এর মুথে। 'হিন্দুমতে মুক্তিসাধনা'-বিষয়ক বক্তৃতার প্রারম্ভে প্রাগুক্ত ধ্র্মসভায় উপস্থিত প্রোভূর্নের

নিকট স্বামীজীকে পরিচিত করিয়া দিবার সময় শ্রীযুক্ত মিলস বলিয়াছিলেন, "ইহার মনীযা বিরাট, এমন কি ইহার সহিত তুলনায় স্থামাদের বিশ্ববিদ্যালয়-সমূহের শ্রেষ্ঠতম স্থাপকবর্গকেও শিশুসদৃশ বলিয়া বোধ হয়।" স্থান ক্রাজিস্থো হইতে লিখিত স্থামীজীর ৪ঠা মার্চের পত্তে শ্রীযুক্ত মিলস এবং ওকল্যাণ্ডের বক্তৃতা সম্বন্ধে এই মস্তব্য পাওয়া যায়: "রেভারেও বেঞ্জামিন ফে মিলস স্থামায় ওকল্যাণ্ডে স্থাক্ষান করেছিলেন এবং স্থামার বক্তব্য প্রচারের জ্বন্ত একটি শ্রোত্মগুলীর স্থায়োজন করেছিলেন। তিনি সন্ত্রীক স্থামার গ্রন্থাদি পাঠ ক'রে থাকেন এবং বরাবরই স্থামার ধ্বরাধ্বরাদি রেখে স্থাসছেন।"

ইংরেজী জীবনীর মতে ওকল্যাণ্ডে স্বামীজীর বক্তৃতার প্রচণ্ড প্রভাব হইয়াছিল। ইহাতে ঐ রাজ্যের (স্টেটের) নেতৃস্থানীয় বৃধমণ্ডলীর মধ্যে প্রবল্ন আলোড়ন আরম্ভ হয়। ফেব্রুয়ারির শেষভাগে ক্যালিফর্নিয়া রাজ্যের অন্তর্ভূক, নিকটবর্তী স্থান ক্রালিক্ষো মহানগরীতে গণ্যমান্ত অধিবাসীদের বহুল অন্থরোধ-ক্রমে স্বামীজী সেধানে যান এবং মে মাস পর্যন্ত কঠোর শ্রম করেন। স্থান ক্রালিক্ষো হইতে লিখিত স্বামীজীর যে পত্রসমূহ প্রকাশিত হইয়াছে, তাহার প্রথমখানির তারিথ ২রা মার্চ, ১৯০০ এবং ঠিকানা ১২৫১ পাইন স্থাট। দ্বিতীয়-খানির তারিথ ৪ঠা মার্চ ও ঠিকানা ১৫০২ জোনস স্থাট। অতঃপর ১২ই মার্চের পত্রে আছে: "এখন আমার একটা স্থায়ী ঠিকানা হয়েছে—১৭১৯ টার্ক স্থাট, স্থান ক্রান্সিক্ষো।" প্রথম ছইখানি পত্রে স্বামীজী লিখিয়াছিলেন যে, ঐ মহানগরীতে বহু শ্রোতা তাঁহার কথা শুনিতে চায়; ক্রেত্র পূর্ব হইতেই প্রস্তুত ছিল—কেননা অনেকেই পূর্বে তাঁহার গ্রন্থাদি পড়িয়াছিল; তবে অর্থপ্রাপ্তির সম্ভাবনা বিশেষ ছিল না। আর লিখিয়াছিলেন: "আমি ৩০০০ শ্রোতাকে শোনাবার মতো উটু গলায় বক্তৃতা দিতে পারি; ওকল্যাণ্ডে আমায় ত্বার তাই করতে হয়েছিল। আর ত্বাটা বক্তৃতার পরেও আমার স্থনিলা হয়।"

স্থান ফ্রান্সিক্ষোতে স্থামীজীর প্রথম বক্তৃতার বিষয় ছিল 'বিশ্বজ্ঞনীন ধর্মের আদর্শ', উহার স্থান ছিল, গোল্ডেন গেট হল, এবং উহাতে তিনি বিপুলভাবে অভিনন্দিত হইয়াছিলেন। এইরূপে বহু ব্যক্তি তাঁহার প্রতি আরুষ্ট হইতে থাকিলে, তাহাদিগকে ক্লাসের মাধ্যমে নিবিড্তরক্রপে শিক্ষা দিবার উদ্দেশ্যে তিনি টার্ক স্থাটের উক্ত বৃহত্তর স্থানটি স্বীয় আবাসের জন্ম স্থির করিলেন। এখানে নিয়্মিতরূপে রাজ্যোগ শিক্ষা দেওয়া হইত এবং ধ্যানাভ্যাস করানো

হইত: অধিকন্ধ এই সকল ব্যক্তিগত সাধনপদ্ধতি শিক্ষার সঙ্গে সালে গীতা ও বেদান্ত-দর্শন অবলম্বনে কতকটা ঘরোয়া ও কতকটা সাধারণভাবে বক্ততা ইইত। মার মার্চ ও এপ্রিল মানে প্রতি রবিবার রেড মেন্স হল, গোল্ডেন গেট হল বা ইউনিয়ন স্কোয়ার হলে জনসাধারণের জন্ম বক্ততা হইত। অধিকন্ত ওয়াশিংটন হলে তিনি সপ্তাহে তিনটি সাদ্ধ্য-ভাষণ দিতেন। পরে তিনি সোম্খাল হলে ভক্তিযোগ বিষয়ে ধারাবাহিকরূপে গোটাকয়েক বক্ততা দেন। এই সঙ্গে একদিন অন্তর প্রতি সন্ধায় তিনি আলোমেডায় এবং ওকলাতে ভাষণ দিতেন। স্থান ক্রান্সিস্কোতে জনসাধারণের জন্ম প্রদত্ত ভাষণগুলির মধ্যে কয়েকটির বিষয় ছিল: 'জগতের প্রতি বুদ্ধের বাণী', 'আরবদেশের ধর্ম ও ঈশদৃত মহম্মদ', 'বেদাস্তই কি ভবিশ্বতের ধর্ম', 'বিশ্বের প্রতি খুষ্টের বাণী', 'জগতের নিকট ক্লেফর বাণী', 'বিখের কাছে মহম্মদের বার্ডা', 'মন, তাহার শক্তি ও সম্ভাবনা', 'মনের উৎকর্ধ-শাধন', 'একাগ্রতা', 'প্রকৃতি ও মাহুষ', 'আ্আা ও প্রমাত্মা', 'লক্ষ্য', 'প্রাণায়াম-বিজ্ঞান', 'পুজ্য ও পুজ্ক', 'ভারতীয় কলা ও বিজ্ঞান' এবং 'আফুষ্ঠানিক পূজা'। 'ভারতীয় কলা ও বিজ্ঞান'-এর বক্তৃতাটি হয় ওয়েগুটে হলে। স্মালামেডার টুকার হলে তিনি ১৩ই, ১৬ই এবং ১৮ই এপ্রিলে যথাক্রমে 'রাজযোগ', 'একাগ্রতা ও প্রাণায়াম' ও 'ধর্মের সাধনা' সম্বন্ধে বক্তৃতা করেন। এই অসম্পূর্ণ তালিকা হইতেও বুঝিতে পারা যায়, স্বামীন্ধী তথন কিরূপ পরিশ্রম করিতেছিলেন এবং কত বিচিত্র বিষয়ে বক্ততা দিতেছিলেন। ইংরেজী জীবনীতে ত্ৰ:থ করা হইয়াছে যে, বক্ততাগুলি হারাইয়া গিয়াছে; কিছ আমরা পুর্বে বলিয়া আসিয়াছি, আইডা অ্যানসেলের ব্যক্তিগত ঔৎস্থক্য ও আগ্রহের ফলে অনেকগুলিরই সারমর্ম এখন আমাদের হন্তগত হইয়াছে।

এইখানে আমরা আ্যানসেলের শ্বতিকথায় ফিরিয়া ষাই। টার্ক খ্রীষ্টের ঘরগুলিতে শ্রীযুক্তা এলিদ হ্যান্সবরো (শাস্তি) ও শ্রীযুক্তা এমিলি অ্যান্সিনল (কল্যাণী) গৃহস্থালীর কাজ চালাইতেন ও দর্ববিষয়ে স্বামীজীকে দাহায় করিতেন। দকালের ধ্যান-ধারণার ক্লাদগুলি এখানেই হইত। প্রথমে একটু ধ্যানের পর কিছুক্ষণ ধরিয়া উপদেশ চলিত, তারপর প্রশ্লোত্তর ও দর্বশেষে সাধনা, বিশ্লাম ও আহারাদি সম্বন্ধে উপদেশ দেওয়া হইত। স্বামীজী আহারের পরিমাণ ও গুণাগুল বিষয়ে বিবেচনাপূর্বক মধ্যপন্থা অবলম্বন করিতে বলিতেন। ক্লাসে প্রশ্লোত্তরের অবকুশা তো ছিলই; আবার যাহারা একটু আগে আদিতেন তাঁহারা ব্যক্তিগত-

ভাবে মিশিবারও স্থযোগ পাইতেন। থাবার ঘরে বসিয়া যথন গলগুলব চলিত, তখন পাশ্চান্ত্য-জীবনে যে একটা অনাবশ্যক ক্রুততার ভাব দেখা যায় উহা লইয়া তিনি ঠাট্টা করিতেন। দেখিয়া তিনি হাসিতেন যে. গাড়ী ধরিতে লোকে অযথা मोणाय, त्यन चात्र गाणी त्यार्ट चानित्व ना। जिन नित्क धीत्र चित्र ভात्वरे চলিতেন—একটা রাজোচিত হৈর্য তাঁহার অঙ্গের ভ্রণ ছিল। ক্লাস বা লেকচার একটু দেরীতে আরম্ভ হইলেও ক্ষতি ছিল না—আর কতক্ষণে শেষ হইবে তাহারও বাঁধাধরা নিয়ম ছিল না। এইসব গল্প-গুজবের সময় তাঁহার গাায়ে থাকিত ধুসর রঙ-এর ফ্ল্যানেলের জামা, তিনি স্মিতমুখে আসন-পিঁড়ি হইয়া চেয়াট্র বসিতেন ও ধুমপান করিতে করিতে কথা বলিতেন ও হাসিঠাটা করিতেন; বক্ততার প্রাক্ম্ছুর্তে গেরুয়া আলখালা পরিয়া ক্লাসঘরে উপস্থিত হইতেন— গুরুতর কথার ফাঁকে রঙ্গরস তথনও চলিতে থাকিত, শুধু মুখ হইতে পাইপটি সরিয়া যাইত। বাহিরে সাধারণ বক্তৃতাকালেও এই ভাব পরিলক্ষিত হইত— তখনও গম্ভীর পরিবেশমধ্যে হাস্তরসের অবতারণার সাহায্যে তিনি স্বীয় বক্তব্য বিষয় সহজবোধ্য করিয়া তুলিতেন। এক রবিবাসরীয় সন্ধ্যায় হোম অব টু.থ-এ বক্ততা করিবার কথা ছিল। তিনি জন কয়েক বন্ধুকে বলিলেন, "আজ রাত্রে আমার বক্ততায় এসো, আমি গোটা কয়েক বোমা ফাটাতে বাচ্ছি।" ভাষণটি মনোযোগপূর্বক ভনিবার মতো ছিল, কিন্তু উহার যুক্তিগুলি ছিল ভীতিপ্রদ অথচ चकाठा। जिनि महक, मत्रल ও मत्रल ভाষায় जाहा पिश्र का नाहेग्रा पिलन. তাঁহার মতে তাঁহাদের স্বরূপটি ঠিক কি প্রকার। স্থার সে মতটি বড় শ্রুতিমধুর ছিল না: কিন্তু স্বীকার করিয়া লইবার ক্ষমতা থাকিলে—আর স্থানসেলের মতে সে ক্ষমতা তাঁহাদের ছিল-স্বামীজীর ঐ কথাগুলি খুবই শুভপ্রদ ছিল। ষ্যানদেলের মতে ঐ বক্তৃতাকালে কেহই কক্ষত্যাগ করেন নাই। স্বামীকী একথা বেশ জোরের সহিত বলিয়াছিলেন যে, মানসিক শক্তি অর্জনের নিমিত্ত সন্মানী ও গৃহী সকলেরই ত্রন্মচর্ষ অভ্যাস করা আবশ্রক।

ঐ বক্তৃতার পূর্বে শ্রীষ্কা স্থীল একটি নৈশভোজের আয়োজন করিয়াছিলেন।
স্বামীজীকে সেথানে বেশ প্রফুল্ল ও সহজভাবে কথাবার্তা বলিতে দেখা গিয়াছিল।
উপস্থিত সকলে আশা করিয়াছিলেন, তিনি আহারের পূর্বে ভগবানের নিকট
প্রার্থনাদি করিবেন; কিন্তু সকলে দেখিয়া অবাক্ হইলেন যে, তিনি সোজা
খাইতে আয়ম্ভ করিলেন, আর আহারের পূর্বে ধয়্যবাদ না দিয়া পরে দ্পেওয়া

উচিত ইত্যাদি মন্তব্য করিয়া প্রীযুক্তা স্থীলকে বলিলেন, "মহাশরা, আমি আপনাকেই ধন্তবাদ দেব, কেননা আপনিই খেটেখুটে সব করেছেন।" প্রীযুক্তা স্থীল কিছু অত্যুৎকৃষ্ট খেজুরেরও ব্যবস্থা করিয়াছিলেন। স্থামীজী ঐগুলি তৃথিসহকারে থাইলেন। বক্তৃতার পরে উক্ত মহিলা যখন বক্তৃতার প্রশংসা করিলেন তথন স্থামীজী কহিলেন, "মহাশয়া, এ আপনার খেজুরের দৌলতে।"

এক সাদ্ধ্য বক্তায় স্বামীজী নরক সম্বন্ধে হিন্দুদের বিচিত্র ধারণার কথা শুনাইয়াছিলেন। বক্তান্তে ভক্তেরা তাঁহাকে 'ক্স ইটালি' নামক স্থান ক্রান্সিন্ধার একটি পাড়ায় প্রীযুক্ত লুইস জ্ল-এর রেন্তরায় লইয়া যাইতেন কিংবা নগরের উপকঠে একটা কাফেতে উপস্থিত হইতেন। কোনটাতে যাওয়া হইবে তাহা দ্বির হইত আবহাওয়ার অবস্থা ও স্বামীজীর ক্রচি অহুসারে। সে রাত্রিটি খুবই ঠাণ্ডা ছিল; ওভারকোট থাকা সত্তেও স্বামীজী কাঁপিতেছিলেন, আর বলিতেছিলেন, "এ যদি না নরক হয় তো নরক কাকে বলে জানি না।" কিন্তু নারকীয় শৈত্যসত্ত্বেও স্বামীজী সেদিন আইসক্রিম খাইতে চাহিলেন—আইসক্রিম তিনি খুবই ভালবাসিতেন। স্থতরাং সে রাত্রে কাফেতে যাওয়া হইল। কাফে হইতে বিদায় লইবার মৃহুর্তে বিপণি-স্বামিনীর টেলিফোনে ডাক আসিল। তিনি অতিথিদিগকে অপেকা করিতে বলিয়া বাহিরে যাইতেছেন, এমন সময় স্বামীজী ডাকিয়া বলিলেন, "দেখুন, দেরী করবেন না যেন; না হলে এসে পাবেন থালি এক তাল চকোলেট আইসক্রিম"—অর্থাৎ তাঁহারা ঠাণ্ডায় জমিয়া আইসক্রিম হইয়া যাইবেন!

আর একবার কাফের পরিচারিকা ভূলে আইসক্রিম না আনিয়া আইসক্রিম সোডা লইয়া হাজির হইল। স্বামীজী সোডা পছল করিতেন না, তাই তাহাকে জিজ্ঞাসা করিলেন, উহা বদলানো চলে কিনা। পরিচারিকা বদলাইতে যাইতেছে আর ম্যানেজার ক্রোধে তাহার দিকে কটমট করিয়া তাকাইতেছে দেখিয়া—কে ভানিতেছে না ভানিতেছে অত কথা গ্রাহ্ম না করিয়া—স্বামীজী উচ্চৈঃস্বরে বলিয়া উঠিলেন, "ও মেয়েটাকে যদি আপনি গালাগালি করেন তো এখানে আপনার যত আইসক্রিম সোডা আছে সব থেয়ে শেষ করব।"

স্বামীন্দী মাঝে মাঝে ক্যালিফর্নিয়া হইতে চলিয়া বাইবার কথা ভাবিতেন। ৩০শে মার্চ তিনি স্বামী তুরীয়ানন্দকে লিখিয়াছিলেন, তিনি পরবর্তী সপ্তাহে বাষ্ট্রবেন; কিন্তু বাওয়া হয় নাই। স্বাবার ২৩শে এপ্রিল মেরীকে লিখিয়াছিলেনঃ "আজই আমার যাত্রা করা উচিত ছিল, কিন্তু ঘটনাচক্রে যাত্রার পূর্বে ক্যালিফর্নিয়ার বিশাল রেডউড বৃক্ষরাজির নীচে তাঁবৃতে বাস করার লোভ আমি সংবরণ করতে পারলাম না। তাই তিন-চারদিনের জন্ম যাত্রা স্থগিত রাখলাম। আগামী কাল বনের দিকে যাত্রা করছি। উক! চিকাগো যাবার আগে ফুসফুস ওজনে (ozone) ভরে নেবো। কাজ শেষ ক'রে ফেলেছি। রেল-ভ্রমণের ধকলের আগে শুধু কয়েকদিনের—তিন কি চারি দিনের—বিশ্রামের জন্ম বন্ধুরা পীড়াপীড়ি করছেন।" অবশু এই অভিপ্রায়াম্থায়ীও তাঁহার যাওয়া হয় নাই; তিনি ক্যালিফর্নিয়া ছাড়িয়াছিলেন আরও একমাস পরে। আপাততঃ আমরা ঐ "তাঁবৃতে বাস"-এর (ক্যান্পের) কথাই বলি। স্বামীজীর পত্রাবলী হইতে ওঅন্তান্ম স্ত্রে জানা যায়, ১৯শে এপ্রিল পর্যন্ত তিনি টার্ক স্ত্রীটের বাড়ীতেই ছিলেন। অতঃপর উপসাগরের অপর তীরে আ্যালামেডা শহরে থাকিয়া কিছুকাল বক্তাদি করেন। রেডউড বৃক্ষরাজি-মধ্যন্থ ক্যান্পে তিনি হয়া মের পূর্বে যান নাই। নিবেদিতা ও রজেটকে লিখিত ঐ তারিথের পত্রন্ম হইতে জানা যায় এই কালে তিনি অস্থন্ধ, এমন কি শ্যাগেত হইয়া পড়িয়াছিলেন এবং ঐ তারিথেই 'পল্লী-অঞ্চলে' যান।

স্থান ফ্রান্সিরের কয়েক মাইল উত্তরে ম্যারিন কাউণ্টিতে 'ক্যাম্প টেলর' নামক এক পল্লী-অঞ্চলে গ্রীম্বনালে অনেকে বিশ্রামাদির জন্ম গিয়া থাকেন। শ্রীমৃক জ্ল-এর ক্যাম্প আর্ভিং উহারই উপকণ্ঠে অবস্থিত ছিল এবং জ্ল ঐ গ্রীম্বনালে শ্রীমতী বেলকে ঐ ক্যাম্প ব্যবহারের অহমতি দিয়াছিলেন। ক্যাম্পটি যে একফালি জমির উপর অবস্থিত ছিল, উহার একদিকে ছিল রেল লাইন ও অপরদিকে একটি সমৃদ্র-খাড়ি। ক্যাম্পের এক প্রান্থে অনেকগুলি বৃক্ষ চক্রাকারে সন্নিবেশিত থাকায় উহা স্বামীজীদের ধ্যান ও প্রার্থনাদির জন্ম ব্যবহৃত হইত। রামার ব্যবহা ছিল অপর প্রান্থে; দেখানে তক্তা পাতিয়া একটা টেবিল ও উহার উভয় পার্মে বেঞ্চির মতন করা হইয়াছিল; বাসনগুলি গাছে পেরেক প্রিয়া ঝ্লাইয়া রাখা হইত, আর গাছের গায়ে তাক বসাইয়া উহাতে প্রেটগুলি সাজাইয়া রাখা হইত। ২১শে এপ্রিল হইতেই ক্যাম্প আরম্ভ হইয়াছিল। স্বামীজী শান্তির সহিত ঐ ক্যাম্পে আসার কালে বেশ একটু অস্থবিধায় পড়িয়াছিলেন। শান্তির নিজের ইচ্ছা ছিল, তিন মাস বাহিরে থাকার পর লস এঞ্জেলিসে ক্যার নিকট ফিরিয়া যাইবেন; কিন্তু স্বামীজীর নির্বন্ধাতিশয় তাঁহাকে ক্যাম্পে

টানিয়া লইয়া চলিল। স্থালামেডা হইতে ক্যাম্পে যাইতে হইলে ছই জায়গায় খেয়া পার হইতে হইত—প্রথম স্থালামেডা হইতে উপসাগর স্থতিক্রম করিয়া স্থান ক্রান্সিলোতে স্থানা এবং দ্বিতীয় সেখান হইতে উত্তরে ম্যারিন কাউণ্টিতে যাওয়া। স্থালামেডা হইতে ডকে যাইবার জক্ত ছইটি রেল লাইন ছিল—একটি চওড়া, স্পরটি সক: ছইটির মধ্যে সামাক্ত ব্যবধান ছিল। স্থাসিতে বিলম্ব হেন ধরিতে না পারিয়া স্থপর লাইনের ট্রেন ধরিতে না পারিয়া স্থপর লাইনের ট্রেন ধরিলেন। গাড়ীতে বিলয়া তাহারা ভাবিতেছেন, প্রাত:কালীন স্থাহার প্রথম খেয়ার জাহাজে হইবে স্থাবা দ্বিতীয় জাহাজে, এমন সময় দেখা গেল, তাঁহাদের গাড়ীর সঙ্গে ইঞ্জিন নাই। স্থতএব তাঁহারা বাসস্থানে ফিরিয়া গেলেন ও সেখানেই প্রাতরাশ শেষ করিলেন। স্থামীজী গন্ধীরভাবে শাস্তিকে বলিলেন, স্পামরা ট্রেন ধরতে পারলাম না, কারণ ভ্রোমার মন টানছিল লস এঞ্জেলিসের দিকে; স্থার ছনিয়ায় তো এমন কোন শক্তি-সামর্থ্য নেই যে মাছুবের মনকে টেনে রাখতে পারে!" পৌছাইতে দেরী হইলেও তাঁহারা পুনর্বার যাত্রা করিয়া সেই দিনই ক্যাম্পে গেলেন।

স্বামীজীর ২রা মে ক্যাম্প টেলরে পৌছাইবার অব্যবহিত পরবর্তী দৃষ্ঠ বর্ণনা করিতে গিয়া অ্যানসেল লিখিয়াছিলেন: "আমি (এখন) চক্ষু মৃদ্রিত করিয়া দেখি, তিনি সন্ধ্যার মৃত্ অন্ধকারে দণ্ডায়মান, সন্মুথে প্রজ্ঞলিত ধুনির কাঠ হইতে ফুলিক বিচ্ছুবিত হইরেছে, আর মন্তকোপরি রহিয়াছে বিতীয়ার চক্রমা। এক স্থার্দীর্ঘ বক্তভাপর্বের পরে তিনি ক্লান্ত হইয়া পডিয়াছিলেন; কিন্তু দেখানে আসিয়া স্থথ ও স্বাচ্ছম্প্য অন্থভব করিতেছিলেন। তিনি বলিলেন, 'আমাদের জীবনের আদি ও অন্তে অরণ্যবাস: কিন্তু উভয় অবস্থার মধ্যে কত বিপুল অভিজ্ঞতা!' পরে সামান্ত একটু বক্তৃতার পরে যখন আমরা দৈনন্দিন নিয়মান্থযায়ী ধ্যানের জন্ত প্রস্তুত হইতেছি, তখন তিনি বলিলেন, 'তোমরা যে কোন বিষয় অবলম্বনে ধ্যান করতে পার; কিন্তু আমি ধ্যান করব সিংহের হুংপিণ্ডের উপর—ওতে শক্তি আসে।' ইহার পরে ধ্যান হইতে আমরা যে শান্তি, শক্তি, দৈব আনন্দ লাভ করিলাম, তাহা কথায় প্রকাশ করা অসম্ভব।"

পরদিবস সারাদিন বৃষ্টিতেই কাটিল। প্রাতরাশের পরে স্বামীজী যথন শ্রীমতী বেলের তাঁবুতে বসিয়া দীর্ঘকাল যাবৎ কথা বলিতেছিলেন, তথন তাঁহার জরু ছিল। সে রাত্রে তাঁহার অস্থুধ এতই বাড়িয়াছিল যে, তিনি স্বীয় গুরু- জাতাদের নামে একথানি উইল সম্পাদিত করিয়াছিলেন। শাস্তি ও কল্যাণী তাঁহার শুক্রায় নিযুক্ত ছিলেন। সেই মুবলধারে বৃষ্টির মধ্যেও নিজে ভিজিতে ভিজিতে শাস্তি স্বামীজীর তাঁব্র উপর আর একথও ক্যামবিদ চাপাইয়া দিয়াছিলেন, যাহাতে তাঁব্র ভিতরে জল না পড়ে। পরদিন স্বামীজী অনেকটা স্বস্থ হইয়াছিলেন। যদিও বিশ্রামলাভেরই জলু তাঁহাকে ক্যাম্পে আনা হইয়াছিল, তথাপি তিনি প্রত্যহ শ্রীমতী বেলের তাঁবুতে বিদয়া দীর্ঘকাল আলাপ-আলোচনা করিতেন ও জিজ্ঞান্থদের দমস্থা মিটাইতেন। তিনি বলিতেন বে, তিনি প্রাচ্য ও পাশ্চান্ত্যের মধ্যে আন্তরিক মিলনের আশা পোষণ করেন। টমাদ আলা কেম্পিদ-এর 'ঈশান্থদরণ' গ্রন্থের প্রতি তাঁহার খুব শ্রন্ধা ছিল এবং ভারতবর্ষে পরিব্রাজকর্মপে শ্রমণকালে প্রায়শঃ ছইথানি পুন্তক তাঁহার নিভাদহচর ছিল—গ্রীতা ও ঈশান্থদরণ। দ্বিতীয় পুন্তক হইতে একটি বাক্য উদ্ধৃত করিয়া তিনি স্থান ক্রানিস্কোতে এক বক্তৃতাকালে বলিয়াছিলেন: "দব আচার্য নির্বাক হউন, সমন্ত শান্ত নীরব থাকুক; প্রভু শুধু তোমার বাণী আমার হৃদ্ধে ধ্বনিত হউক।"

সকালের কথাবার্তা ও ধ্যানের পর স্বামীজী রাল্লা করিতেন বা ঐ কার্যে সাহায্য করিতেন। তিনি হামানদিন্তা লইয়া মাটিতে বসিয়া দেখাইয়া দিতেন ভারতবর্ষে কিভাবে মশলা গুঁড়ানো হয়। সকলে দেখিতেন, ঐভাবে মশলা আারো মিহি হয়। কিন্তু তিনি ঝাল ব্যবহার করিতেন বেশী, তাহার উপর আবার লাল লকা চিবাইয়া খাইতেন। মজা করিয়া তিনি একদিন উজ্জ্ঞলাকে (আ্যানসেলকে) একটি লক্ষা খাইতে দিয়া বলিলেন, "থেয়ে দেখ; এতে তোমার ভাল হবে।" উজ্জ্বলা বলিয়াছিলেন, "স্বামীজী বিষ দিলেও থাইতাম; তাই খাইলাম, কিন্তু ফল হইল অতীব ষ্মণাদায়ক, যদিও তাহাতে স্বামীজীর মজাই হইল। সেদিন অপরাত্মে তিনি মাঝে মাঝে জিক্তাদা করিতে লাগিলেন, 'তোমার উনানটা জলছে কেমন' ?"

ঐ স্থানে মেক্সিকো দেশীয় বা মার্কিন দেশীয় একটি রেড ইণ্ডিয়ান ছেলে কিছু কাজ করিতেছিল। সে একদিন স্থামীজীদের প্রাতরাশের সময় দাঁড়াইয়া দাঁড়াইয়া একদৃষ্টে দেখিতেছিল। স্থামীজী ইহা লক্ষ্য করিয়াছিলেন। পরে তিনি তাহার সহিত ঐ বিষয়ে কথা বলিতে গেলে সে জানাইল যে, তাহাকে কফি দেওয়া হয় নাই; অথচ "কালা আদমী কফি ভালবাসে, সাদা আদমী কফি ভালবাসে, লাল আদমী কফি ভালবাসে, লাল আদমী কফি ভালবাসে।" কথাওলি স্থামীজীর নিকট বেশ

মন্দাদার মনে হইয়াছিল ; তিনি বালকটিকে কফি দিতে বলিয়াছিলেন এবং সারা বিকালবেলা বারবার সহাস্থ্রে কথাগুলির পুনরাবৃত্তি করিয়াছিলেন।

বিকালে সকলে বেড়াইতে যাইতেন এবং সন্ধায় ধুনি জালিয়া ধান করিতেন। গল্প বলা ও প্রশ্নোত্তর শেষ করিয়া স্বামীজী এক একদিন এক একটি বিষয়ে ধান করিতে বলিতেন। স্থোত্তপাঠের পূর্বে একদিন ধাানের বিষয় ছিল 'স্থির ও নির্ভয়'। একদিন সকালে তিনি 'পরম সত্যা, একতা, মুক্তি' বিষয়ে এক উদ্দীপনাপূর্ণ ভাষণ দিয়াছিলেন, আর ঐদিন সন্ধ্যায় ধ্যানের বিষয় ছিল, 'আমি সচ্চিদানন্দ ব্রহ্ম'!

উচ্ছলাকে মাঝে মাঝে কুমারী বেল-এর আদেশামুযায়ী স্থান ফ্রান্সিস্কো যাইতে হইত। সেধানে তিনি সাঙ্কেতিক লিপিতে বেলের বক্ততা লিখিতেন এবং জন কয়েককে সঙ্গীত শিখাইতেন। এইজন্ম পারিশ্রমিক হিসাবে কিছু অর্থ পাইতেন। এক শনিবারে তিনি যাইতে প্রস্তুত হইলে স্বামীজী বলিলেন. "ষাচ্ছ কেন ?" উজ্জ্বলা বলিলেন, "স্বামীজী, আমাকে যেতেই হবে; আমাকে গান শেখাতে হবে।" স্বামীজী কহিলেন, "তবে যাও, আর পাঁচ লক্ষ ভলার রোজগার করে তা আমার ভারতীয় কাজের জন্ম পাঠিয়ে দিও।" তিনি উচ্ছলার সঙ্গে রেললাইন পর্যন্ত গেলেন, সিঁডি ভালিয়া লাইনের উপরে উঠিলেন ও কুমাল নাডিয়া টেন থামাইলেন। সেখানে কোন স্টেশন ছিল না: যাত্রীরা চাহিলে ট্রেন থামিত। এখন মজার ব্যাপার হইল এই যে, স্বামীজী চলিতেন ও দাঁড়াইতেন রাজার হালে, আর তাঁহার দৃষ্টি বোধ হয় টেলিগ্রাফের খুটির মাথার নীচে নামিত না। টেনের ইঞ্জিন ধর্থন উচ্ছলাদের পাশ দিয়া চলিয়া গেল, তথন তিনি ভনিলেন, টেনের খালাসী ডাইভারকে বলিভেছে, "আরে, এই আকাশ-সঞ্চালকটি (স্কাই পাইলট) আবার কে ?" উজ্জ্বলা ভাবিয়া পাইলেন না 'আকাশ-সঞ্চালক' কথাটার মানে আবার কি ? পরে তিনি বুঝিয়াছিলেন, ধর্মাচার্যদিগকে ইহারা এইরূপ শব্দে অভিহিত করে, কারণ এইসব আচার্বের দৃষ্টি ও চলন-বলন সবই সর্বদা উচ্চাভিমুখ, বিশেষতঃ স্বামীক্ষীর বেলায় ঐসব ছিল অতি স্বস্পষ্ট।

স্বামীজী ঠিক কোন্ দিন ক্যাম্প স্বাভিং ছাড়িয়া গিয়াছিলেন, জানা নাই। ইংরেজী জীবনীর মতে তিনি দেখানে তিন দপ্তাহ (২রা মে হইতে ২২শে মে?) ছিলেন। তাঁহার দেহের স্ববস্থা দেখিয়া স্থির হইল যে, তিনি স্থান ক্রান্দিস্কোতে কিছুদিন স্বীয় শিশ্ব ডাঃ ডি. এম. লোগান-এর বাড়ীতে থাকিয়া তাঁহার ছারা ও ডাক্তার উইলিয়ম ফন্টার-এর ছারা চিকিৎসিত হইবেন। কিন্তু চুপ করিয়া থাকা তাঁহার ধাতে ছিল না; স্বতরাং ২৪শে, ২৬শে, ২৮শে ও ২৯শে মে তারিথে তিনি গীতা-বিষয়ে চারিটি ভাষণ দিলেন—৬নং গ্রীয়ারী স্ত্রীটে এক ভদ্রলোকের বৈঠকথানায় ও ৭৭০ নং ওক স্ত্রীটে ডাক্তার লোগানের ন্তন বাড়ীর হলঘরে। প্রবচনগুলি ঘরোয়াভাবেই হইল। অতঃপর দেখা যায় যে, তিনি ১৭ই জুন (মে?) লস এঞ্জেলিস হইতে লিখিতেছেন, "নীড্রই চিকাগো যাচ্ছি।" ইহার পরবর্তী তৃইথানি পত্র নিউ ইয়র্ক হইতে লিখিত—২০শে ও ২৩শে জুন তারিখে। ১৭ই জুনের পত্রের ঠিকানা ১৯২১ ওয়েন্ট ২১ নং স্ত্রীট, লস এঞ্জেলিস দেখিয়া মনে হয়, পশ্চিমপ্রান্ত পরিত্যাগের পূর্বে স্বামীজী আর একবার নেখানে গিয়া বয়ুদের সহিত সাক্ষাৎ করিয়াছিলেন, হয়তো বা দিন কয়েক সেথানে ছিলেন। এইসব পত্রাবলী ও ঘটনাদির পরিপ্রেক্ষিতে অহমান করা চলে যে, স্বামীজী উত্তর ও দক্ষিণ ক্যালিফনিয়ায় প্রায়্ব সাড়ে ছয়মাস ছিলেন। কিন্তু ১৭ই জুন বলিয়া যে তারিখ দেওয়া হইয়াছে, উহা ভুল, কারণ ইংরেজী জীবনীর মতে (৬৭২ পৃঃ) স্বামীজী ৭ই জুন নিউ ইয়র্কে উপস্থিত ছিলেন।

উজ্জ্বলা তাঁহার শ্বতিকথায় টম অ্যালান ও তাঁহার স্ত্রী এডিথ-এর (যথাক্রমে অজয় ও বিরজার) শ্বতিও উদ্ধৃত করিয়াছেন। ওকল্যাণ্ডে স্থামীজী যথন বক্তৃতা আরম্ভ করেন তথন বিরজা অস্থ থাকায় অজয় একাই বক্তৃতা শুনিতে যান। তিনি ইহাতে এতই মৃশ্ধ হন যে, গৃহে ফিরিয়া সহধমিণীকে বলেন, "আমি এমন একজনকে দেখেছি যিনি মাহ্ম্য নন, দেবতা।" বিরজা ছারা জিজ্ঞাসিত হইয়া অজয় বলিলেন, তিনি হুইটি অত্যাশ্চর্য কথা শুনিয়া আসিয়াছেন: ভাল আর মন্দ হইল একই বস্তুর এপিঠ আর ওপিঠ; যদিও হোম অব টুথ-এর মতে সবই মঙ্গলময়—অমঙ্গল বলিয়া কিছু নাই। আর একটা কথা ছিল এই যে, গ্রুক্ত করি মিথ্যা বলে না, কিছু দে গরুই থাকিয়া যায়; মাহ্ম্য মিথ্যা বলে, আবার সেই দেবতা হইতে পারে। তথন হইতেই অজয় বক্তৃতাকালে স্থামীজীর 'ঘোষণাকারী'র পদ লইলেন এবং কৃত্ব হইয়া বিরজাও বক্তৃতায় যাইতে আরম্ভ করিলেন। বাসস্থানে ফিরিবার কালে স্থামীজী একদিন বিরজাকে ছারে দণ্ডায়মানা দেখিয়া বলিলেন, "মহাশ্যা, আমার সহিত সাক্ষাৎকারের ইচ্ছা থাকলে আমার বাসস্থানে আস্বেন; ওথানে টাকা দিতে হয় না।" "ক্বে

স্মাসব ?" "কাল সকালে নয়টায়।" তদবধি বিরক্ষা সেখানে যাইতেন ও উপদেশ লাভ করিতেন।

একবার স্বামীজী বলিয়াছিলেন, "আমি এমন একজনের শিশ্ব যিনি নিজের নামও লিখতে পারতেন না', অথচ আমি 'তার জুতো খোলারও অধিকারী নই'। কতবারই না মনে হয়েছে, আমি যদি আমার বুদ্ধিমন্তাকে গঙ্গাজলে বিসর্জন দিতে পারত্ম!" অমনি জনৈকা মহিলা বলিলেন, "আপনার বুদ্ধিমন্তাকেই তো আমরা আপনার গুণাবলীর মধ্যে স্বাধিক পছন্দ করি।" স্বামীজী উত্তর দিলেন, "মহাশ্যা, এর কারণ এই যে, আপনি আমারই মতো আহাম্মক!"

সামীন্দ্রী যথন কিছুদিনের জন্ত অ্যালামেডার হোম অব টু.থ-এ ছিলেন, সেনময় বিরজা রায়াঘরে স্বামীজীকে সাহায্য করিতেন ও ঐ উপলক্ষ্যে অনেক কিছু শিক্ষালাভ করিতেন। রায়াঘরে কাজের সময় সাধারণভাবে গল্পগুলুব চলিলেও উহারই মধ্যে কৃত্র কৃত্র ঘটনা বা তৃত্ত কথার মধ্যদিয়া উচ্চ তথ্ব বিরজার বদয়ে দৃঢ়ান্ধিত হইয়া যাইত। একদিন কি একটা ভাজিবার সময় খানিকটা মাখন বিরজার পোশাকের উপর পড়িয়া গেল। ঐ সবুজ পোশাকটি তাহার থ্বই পছন্দমই ও গর্বের বস্তু ছিল; তাই বিরজা আপসোস করিতে লাগিলেন। কিছু স্বামীজী ঐ বিষয়ে বিন্দুমাত্র ভ্রক্ষেপ না করিয়া সংস্কৃত শ্লোক আরুভিসহ আপন কাজে ব্যস্ত রহিলেন। একবার একখানি কাঠের থালায় কিছু স্বাচার লইয়া স্বাসার সময় খানিকটা রস গড়াইয়া স্বামীজীর হাতে পড়িয়া গেল। স্বামনি তিনি স্বান্থ্রপূরিয়া রস চ্ষিতে লাগিলেন। বিরজার মতে ইহা স্বান্থান ব্যবহার; কাজেই তিনি বিশ্বয় সহকারে বলিয়া উঠিলেন, "ও কি স্বামীজী!" স্বামীজী কিছু বলিলেন, "এই তৃত্ত বাহু ব্যবহার! তোমাদের দেশে ঐ এক হালামা! তোমাদের সব সময় দৃষ্টি, কিসে বাইরের দিকটা ভাল দেশায়!"

টম (অজয়) যেদিন প্রথম স্বামীজীর সহিত বক্তা-মঞ্চোপরি দণ্ডায়মান হন, সেদিন টমের মনে হইয়াছিল, স্বামীজী যেন চল্লিশ ফুট উচ্চ, আর তিনি

১। প্রথম দিকে জ্বরামকুক্ষের সুবদ্ধে অনেকেরই ধারণা এইরূপ ছিল; পরে প্রমাণ পাওয়া গিয়াছিল, তিনি নিরক্ষর ছিলেন না; তাহার হত্তলিপি বেলুড় মঠে সংরক্ষিত আছে। তবে ইহাও সভ্য বে, তিনি পাঠশালার পড়াও শেব করেন নাই, এবং পাশ্চান্তোর দৃষ্টিতে তিনি 'অশিক্ষিত' ছিলেন।

নিজে মাত্র ছয় ইঞ্চি! ইহার পর হইতে স্বামীন্ধীকে শ্রোতাদের নিকট পরিচিত করিয়া দিবার কালে তিনি মঞ্চে না উঠিয়া নীচে দাঁড়াইতেন। একবার স্বামীন্ধী ভারতবর্ধ সম্বন্ধে বক্তৃতা আরম্ভ করার আরে অজয়কে বলিয়া রাখিলেন, "আমি যথন ভারত সম্বন্ধে বলতে থাকি, তথন কোথায় থামব জানি না; কাজেই তুমি দশটার সময় আমার মনোযোগ আকর্ষণ করো।" অজয় তাই হলের শেষ প্রাস্তে দাঁড়াইলেন এবং দশটা বাজিবামাত্র পকেট হইতে ঘড়ি বাহির করিয়া উহাকে পেগুলামের মতো চেন ধরিয়া দোলাইতে লাগিলেন। একটু পরেই স্বামীজী ঐ সক্ষেত ব্ঝিতে পারিয়া বলিলেন, "আমি ওদের বলে রেথেছিলাম, দশটার সমন্ধি আমাকে থামাতে; ওরা এখনি ঘড়ি দোলাতে শুরু করেছে, অথচ আমি আমার বক্তব্য এখনও আরম্ভই করিনি!" স্বামীজী তব্ থামিলেন। সেদিন হইতে অজয় সারা জীবন ঐ ঘড়িটি সঙ্গে রাখিতেন।

আ্যালান (অজয়) ছিলেন জাতিতে ইংরেজ। পূর্বে তিনি নৌবহরে ইঞ্জিনিয়ারের কাছে নিযুক্ত ছিলেন এবং এখনও চলাফিরা করিতেন দৈনিকেরই কায়দায়। একদিন অজয় স্বামীজীর সম্মুখে দাঁডাইয়া আছেন, এমন সময় স্বামীজী তাঁহাকে বলিলেন, "মিস্টার আ্যালান, আমরা তুইজনই একজাতের লোক—আমরা যোজার জাত।" অজয় যথন জিজ্ঞাসা করিয়াছিলেন, কোন দেশে তাঁহার স্বাপেকা উত্তম শিয় লাভ হইয়াছিল, স্বামীজী তৎক্ষণাৎ উত্তর দিয়াছিলেন, "ইংলতে। ওদের ধরা শক্ত; কিছু একবার ধরতে পারলে তারা তোমারই হয়ে গেল।"

স্বামীজী যেখানেই যাইতেন, লোকের দৃষ্টি আকর্ষণ করিতেন; তাঁহার আরুতিতে এমন একটা আভিজাত্যের স্কুম্পষ্ট ছাপ ছিল যে, তাহা সকলেরই চোথে পডিত। মার্কেট স্থাট ধরিয়া তিনি যথন চলিতেন তথন সকলে সমন্ত্রমে পথ ছাড়িয়া দিত অথবা ফিরিয়া প্রশ্ন করিত, "এই হিন্দু রাজাটি কে ?" এইভাবেই তিনি একদিন বিশিষ্ট ব্যক্তিদের জন্ম নির্দিষ্ট মঞ্চে দাঁড়াইয়া জাহাজ-ভাসানো দেখিয়াছিলেন। অজয় একটা বড় ইম্পাতের কারখানায় কাজ করিতেন। স্বামীজী জাহাজ-ভাসানো দেখিবার আগ্রহ প্রকাশ করিলে অজয় জন কয়েক বয়ুসহ স্বামীজীকে যথাস্থানে লইয়া গেলেন। জাহাজ নির্মাতাদের নিমন্ত্রিত ব্যক্তি কাহাকেও মঞ্চোপরি চড়িতে দেওয়া নিষ্দ্ধ ছিল; আর ষে সেতু অবলম্বনে ঐ মঞ্চে যাওয়া হইবে, তাহার মূথে তুই ব্যক্তি পাহারায় নিষ্ক্ত ছিল। স্বামীজী

ঠিক করিলেন দ্বে না দাঁড়াইয়া মঞে চড়িয়া ভালভাবে জাহাজ-ভালানো দেখিবেন। এই সিদ্ধান্তায়ুসারে গন্তীরভাবে আগাইয়া গেলেন; রক্ষীরা বিন্দুমাত্র আগান্তি করিল না। ফিরিয়া আসিয়া তিনি বলিয়াছিলেন, "এ যেন একটি শিশুর জন্মলাভ সদৃশ।"

কালিক্র্নিয়ার স্থান ফ্রান্সিরেছেন: "আমি স্বামী বিবেকানন্দের দর্শন পাই ক্যালিক্র্নিয়ার স্থান ফ্রান্সিরেছে—১৯০০ খৃষ্টাব্দে এক বক্তৃতার সময়। স্বামীন্ধী বক্তৃতার প্রায় কৃড়ি মিনিট আগে আসিয়া জনক্রেক বন্ধুর সহিত গল্প গ্রুত্ব করিতে লাগিলেন। আমি সেখান হইতে অল্পুরে বসিয়াছিলাম এবং বিশেষ আগ্রহসহকারে শুনিতেছিলাম; কারণ আমার অমুভব হইতেছিল যে, আমাকে দিবার মতো অনেক কিছু তাঁহার আছে। কথাবার্তা সাধারণ গোছের হইতেও আমার বোধ হইতেছিল যেন এক অবর্ণনীয় শক্তি তাঁহার নিকট হইতে বিচ্ছুরিত হইতেছিল। তাঁহার স্বাস্থ্য তথন থারাপ ছিল, এবং তিনি যথন প্রাটফর্মে যাইবার জন্ম উঠিলেন, মনে হইল যেন তাঁহাকে কট করিয়া চলিতে হইতেছে; তাঁহার গতিছিল মন্ধর ও ভারী। আমি লক্ষ্য করিলাম, তাঁহার চোথের পাতা ফুলিয়া আছে এবং চেহারায় একটা দৈহিক যন্ত্রণার ছাপ রহিয়াছে। ভাষণ আরম্ভের পূর্বে তিনি থানিকক্ষণ চুপ করিয়া রহিলেন; আর আমি একটা পরিবর্তন লক্ষ্য করিলাম। তাঁহার মৃথ উজ্জ্বল হইয়া উঠিল আর আমার মনে হইল তাঁহার গোটা চেহারাই যেন বদলাইয়া গিয়াছে।

"তিনি ভাষণ আরম্ভ করিলেন; আবার একটা পরিবর্তন ঘটিল—এই মহাপুক্ষের আত্মিক শক্তি মৃতিগ্রহণ করিয়া নয়নসমক্ষে আবির্ভূত হইল। আমি তাঁহার বক্তৃতার বিপুল শক্তি অঞ্ভব করিলাম—শক্তুলি কর্ণকুহরে প্রবেশাপেক্ষা ষেন হৃদয়ে উপলব্ধি জাগাইতেছিল অধিকতর। উহা আমাকে এমন একটা সন্তাসাগরে, এমন একটা উচ্চতর অন্তিত্বাস্থৃতির মধ্যে টানিয়া ভ্বাইয়া দিল যে, বক্তৃতাশেষে তথা হইতে ফিরিয়া আসিতেও ষেন কেমন কষ্টবোধ হইল। তারপর তাঁহার ঐ নয়নয়্গল—আহা! কি চমৎকার! তাহারা যেন ক্রুত গতিমান তারকাসদৃশ—অফুক্ষণ তাহা হইতে আলোক বিকিরিত হইতেছে! তারপর জিশ বৎসর কাটিয়া গিয়াছে; কিন্তু সে আলোক বিকিরিত হইতেছে! তারপর জিশ বৎসর কাটিয়া গিয়াছে; কিন্তু সে আতি আমার মনে আজও নবীন, আর চিরকাল নবীনই থাকিবে।" ('রেমিনিসেক্ষেদ অব স্বামী বিবেকানন্দ', ৬৯৩ পৃঃ)।

বিবৃত ঘটনাবলীরই পুনরাবৃত্তি হইয়াছে। বিরক্ষা (শ্রীযুক্তা এডিথ খ্যালান) স্বামীজীর প্রথম দর্শন পান ১৯০০ খৃষ্টাব্দের মার্চের একেবারে গোড়ার দিকে—
যখন স্বামীজী রেডমেন্স হল, ইউনিয়ন স্বোয়ার, স্থান ফ্রান্সিস্কোতে 'ভারতীয় আদর্শবিলী' সম্বন্ধে এক পর্যায়ে তিনটি বক্তৃতা দেন। বিরক্তা কতকটা আনিচ্ছার ভাব লইয়াই গিয়াছিলেন; শরীরও স্বস্থ ছিল না। কিন্ধু ক্রমে তিনি স্বামীজীর প্রতি বিশেষ আরুষ্টা হন। তিনি বলেন, স্বামীজী টার্ক স্ক্রীটে একমাস থাকাকালে তিনি স্বামীজীকে রন্ধনকার্যে সাহায্য করিতেন। ইহার পর স্বামীজী যুখন অ্যালামেডায় হোম অব টুএ-এ যান, তখনও তিনি একার্যে সহায় হইতেন। হোম অব টুএ-এ যান, তখনও তিনি একার্যে সহায় হইতেন। হোম অব টুএ-এ বাড়ীটে বেশ বড় ছিল; উহা চারিদিকে উত্থানে পরিবেন্তিত ছিল বলিয়া স্বামীজী মনের আরামে ধৃমপান করিতে করিতে সেথানে বেড়াইতেন। বাড়ীর প্রশন্ত গাড়ী-বারান্দায় বিসন্ম তিনি বিরজাদেবী প্রভৃতি যে কয়জন উপস্থিত থাকিতেন, তাহাদের সহিত গল্পগুক করিতেন। হোম অব টুএ-এ ধৃমপান নিষিদ্ধ হইলেও স্বামীজীর প্রতি শ্রদ্ধাপরায়ণ কর্তৃপক্ষ তাহার বিষয়ে আপত্তি করিতেন না।

এইভাবে লদ এঞ্জেলিদ, প্যাদাভেনা, ওকল্যাণ্ড, স্থান ফ্রান্দিস্কো, স্থালামেডা, ক্যাম্প মার্ভিং প্রভৃতি স্থানে কয়েক মাদ বেদান্ত-প্রচারে অতিবাহিত করিয়া স্থামীজী জুনের প্রথমেই চিকাগো হইয়া নিউ ইয়র্কে উপস্থিত হন। এই কালমধ্যে মারও এক প্রকার ঘটনার একটু উল্লেখ আবশুক। স্থামীজীর জীবনী ও প্রতাবলী হইতে এবং অগ্যাগ্য স্থরে জানা যায় যে, স্থামীজী যেখানেই বেদান্ত-প্রচারের জন্ম দীর্ঘকাল থাকিতেন, দেখানেই স্থায়িভাবে পঠন-পাঠন ও চর্চা চলিতে থাকুক, ইহা তিনি চাহিতেন। অতএব নিউ ইয়র্কের গ্রায় অন্যত্রও বেদান্ত-সমিতি গড়িয়া উঠিবে ইহা স্বাভাবিক। ইংরেজ্বী জীবনীর মতে লদ এঞ্জেলিদ ও প্যাদাভেনায় স্থামীজীর অবর্তমানেও নিয়মিতভাবে বেদান্ত-দভা বিদত এবং তাঁহার উত্তর ক্যালিফর্নিয়ায় অবস্থানকালে স্থান ক্রান্দিস্কো, ওকল্যাণ্ড ও আালামেডায় "অনেকগুলি বেদান্তকেন্দ্র" গড়িয়া উঠিয়াছিল। স্থামীজীর পত্রাবলীতে তাঁহার স্টক্টন নামক নগরে যাওয়ারও সংবাদ পাওয়া যায় ('বাণী ও রচনা', ৮৷১১৮, ১২৮); কিন্তু দেখানে কিরূপ কার্য হইয়াছিল জানা নাই। পত্রাবলীতে যাহা লিপিবদ্ধ আছে, তাহা হইতে ও মন্তান্থ প্রমাণ পাওয়া যায় যে, ঐ কালে স্থাপিত কেন্দ্রগুলি তুইটি কার্যে

নিরত ছিল—বেদাস্কচর্চা ও ভারতীয় কার্যের জন্ম অর্থসংগ্রহ। স্বামী তুরীয়ানন্দকে লিখিত ২৫শে জুলাই-এর (১৯০০) পত্রে আছে: "সমিতিগুলির কাজ আবার একটু শুক্ত করে দাও এবং মিসেস হ্যান্সবরোকে বলো, তিনি যেন সময়মত সব চাঁদা আদায় করেন, আর টাকা তুলে ভারতে পাঠিয়ে দেন; কারণ সারদা জানিয়েছে, তাদের বড় টানাটানি চলছে।" ১৩ই আগস্টের পত্রে আছে: "তুমি স্থান ক্রান্সিজোতে 'কিমাসীত, প্রভাষেত, ব্রজেত, কিম্' লিখো। আর মঠে টাকা পাঠাবার কথাটায় গাফিলা হয়ো না। লস এঞ্জেলিস স্থান ক্রান্সিস্কোহ'তে যেন অবশ্রু অবশ্রু টাকা মাসে মাসে যায়।"

স্থান ফ্রান্সিম্বোতে তিনি ১৪ই এপ্রিল (১৯০০) যে বেদান্ত-সমিতি স্থাপন করিয়াছিলেন উহা নিউ ইয়র্কের সমিতির লায় স্থায়িত্বলাভ করিয়া এখনও জীবিত আছে ও বহু দিকে বিস্তারিত হইয়াছে। স্বামীজীর উদ্দেশ্য চিল এই সমিতিটি বেদাস্তচর্চায় অম্বপ্রেরণা দিবে এবং ভারতীয় কার্যের জন্ত অর্থসংগ্রহে সাহায্য করিবে। এই উভয় কার্যই সমিডিদ্বারা স্থসম্পাদিত হইয়াছিল ও হইতেছে। এই সমিতি স্থাপনের ঘটনাবলী সম্বন্ধে শ্রীযুক্তা শাস্তি (মিনেস ফান্সবরো) তাঁহার স্বৃতিকথায় লিখিয়াছেন: "স্থান ফ্রান্সিস্কোতে স্বামীন্দীর বক্ততাবলী ও ক্লাস শেষ হইল ১৪ই এপ্রিল। ... যে রাত্রে উহা শেষ হইল, সে রাত্রে ডা: লোগান উপস্থিত ছিলেন। ওলবার্গ-দম্পতিও ছিলেন: অ্যালান-দম্পতি ছিলেন কিনা আমার মনে নাই। আমরা এীযুক্ত চ্যাম্বার্গকে বলিয়া রাখিয়াছিলাম, তিনি যেন বক্ততাশেষে সেরপ সকলকে অপেক্ষা করিতে আহ্বান করেন, যাঁহারা স্বামীজীর উপদেশাদির অন্থ্যান চালাইয়া যাওয়া বিষয়ে আগ্রহশীল। তিনি ঐরপ করিয়াছিলেন এবং অপর সকলে চলিয়া গেলে তিনি লস এঞ্জেলিসে কিভাবে সমিতি প্রতিষ্ঠিত হইয়াছিল তাহা আমাকে বর্ণনা করিতে বলিলেন। তারপর স্থামর। এখানে একটি সমিতি গঠনের বিষয়ে আলোচনা করিলাম; কিন্তু সে রাত্রে কাজ শেষ হইল না। [চারি রাত্রি পরে ১০নং গ্রীয়ারী খ্রীটে, ডাঃ লোগানের আফিদে ঐ কার্য সম্পন্ন হয়।] সমিতি স্থাপনের কার্ব সম্পূর্ণ হইবার পূর্বে এবং ক্যাম্প টেলর হইতে প্রত্যাবর্তনের পরে স্বামীকী সেখানে কয়েকটি ক্লাস চালাইয়াছিলেন।"

শ্রীযুক্ত ওলবার্গের শ্বতিকথাতেও ইহার সমর্থন পাওয়া বায়: "রেডমেনস বিক্তিঃ-এর সোশ্রাল হল-এ ১৪ই এপ্রিল (১৯০০) তারিধে স্বামীনীর রাজ- (ভক্তি?) ষোগবিষয়ক শেষ বক্তৃতার পরে আমি তাঁহার নিকট গিয়া স্থান ক্রান্টিকোতে একটি বেদান্ত-কেন্দ্র স্থাপনের যুক্তিযুক্ততা সম্বন্ধে জানিতে চাহিলাম। তাঁহাকে থ্বই খুশী বলিয়া মনে হইল এবং তিনি কহিলেন, "না হবে কেন?" সম্মত হইয়া তিনি তথনই উহা আরম্ভ করিবার পরামর্শ দিলেন। হলের গায়ে একটি ছোট কামরা ছিল এবং যাহারা এই বিষয়ে আগ্রহশীল ছিলেন, তাঁহারা সেই সন্থ আহ্ত সভায় উপস্থিত থাকিলেন। শ্রীযুক্তা ফ্রান্সবরো এখানে একটি স্থায়ী কেন্দ্র স্থাপনের কথা উত্থাপন করিলে সকলে একবাক্যে সম্মতি জ্ঞানাইলেন। তথন সভার কার্য নিয়মাত্বরূপে আরম্ভ হইল এবং শ্রীযুক্তা ভাক্তার প্রাম্থ প্রথম সভাপতি নির্বাচিত হইলেন। ডাক্তার লোগান সেথানে উপস্থিত ছিলেন; মার্কেট স্থাটি ও (১০নং) গ্রীয়ারী স্থাটের মোড়ে তাঁহার যে আফিস আছে, তিনি উহাতে বেদান্ত-ক্লাসের বৈঠকের অন্থমতি দিলেন। পরে স্থামীজী সেথানে বছ বক্তৃতা করিয়াছিলেন। ক্লাসগুলির আয়তনবৃদ্ধির পরে ডাক্তার লোগান তাঁহার ওক্ব স্থাটি ও স্টেইনার স্থাটে সভ্যোনির্মিত বাটার সর্বনিয় তলটি বৈঠকের জন্ম ছাড়িয়া দিয়াছিলেন। স্থামীজী সেথানে গ্রীতা সম্বন্ধে কয়েকটি বক্তৃতা দিয়াছিলেন। পরে তিনি প্যারিসে চলিয়া যান।"

স্মিতিট প্রথমে 'বেদাস্ত-ক্লাস' নামে অভিহিত হইলেও পরে বেদাস্ত-স্মিতি নামেই পরিচিত হয়। স্মিতির গঠন-কার্য স্মাপ্ত হইলে নিয়্মিতভাবে পাঠ ও বক্তৃতাদি চলিতে থাকে ও তৎসহ বৈষয়িক ব্যবস্থাদিও হইতে থাকে। প্রথম দিনের অধিবেশনে (১৪ই এপ্রিল) পঁচিশ জন উপস্থিত ছিলেন। স্মিতির উদ্দেশ্য ছিল "স্বামীজীকে তাঁহার ভারতীয় কার্যের জন্ম সাহায্য করা এবং বেদাস্ত-দর্শন চর্চা করা।"

শ্রীযুক্তা হ্যান্সবরো লিথিয়াছেন যে, লস এঞ্জেলিস-এর (প্যাদাডেনার)
বেদান্তকেন্দ্র-স্থাপনকালে স্বামীজী স্বয়ং উপস্থিত ছিলেন: "শেক্সপীয়র ক্লাব-এর
কক্ষগুলিতেই প্যাদাডেনার সমিতি সংস্থাপিত হয়। অবামরা উহার গঠনকার্য
পূর্ণোগ্যমে চালাইয়া যাইতে লাগিলাম। প্রতিষ্ঠার জন্ম আহুত সভায় তিনি
(স্বামীজী) উপস্থিত ছিলেন।" কিন্ধ স্থান ক্রান্সিস্কোর সমিতির (বাক্লানগুলির)
উলোধনার্থ আহুত সভার কার্য যুথারীতি আরম্ভ হওরার কালে স্বামীজী স্বীয়
বাসস্থানে চলিয়া যান। ইহার কারণ দেখাইতে গিয়া হ্যান্সবরো লিখিয়াছেন:
"এখানে উল্লেখ করা চলে যে, আমিই স্থান ক্রান্সিস্কোতেও একটি কেন্দ্র স্থাপনের

প্রতাব করি। এই জন্ম আমরা তুইটি সভার আয়োজন করি, কারণ প্রথম সভায় খুঁটিনাটি সব বিষয় শেষ হয় নাই। এই প্রথম সভায় আমি স্বামীজীকে প্রীমর্শ দিই যে, সভার কার্য আরম্ভ হওয়ার পূর্বে তাঁহার চলিয়া যাওয়া ভাল। তিনি জিজ্ঞাসা করিলেন, 'কেন ?' আমি উত্তর দিলাম যে, আমি তাঁহার সম্বন্ধে এমন কিছু বলিতে চাই যাহা আমার মতে তাঁহার না শোনাই বরং উচিত। তিনি রাজী হইলেন ও বাসন্থানে চলিয়া গেলেন। থাকিলে যে স্বামীজীর কোন অস্থবিধা হইত তাহা নহে; বরং আমি তাঁহার সম্বন্ধে ঠিক যেভাবে বলিতে চাহিয়াছিলাম, তাঁহার সম্মুখে ঠিক সেভাবে বলিতে আমারই বাধিত। উপস্থিত দলটিকে আমি তথন জানাইলাম, কিভাবে লস এঞ্জেলিসের বিধিব্যবন্থা হইয়াছিল ে এবং আমরা স্থান ফ্রান্সিকোর প্রতিষ্ঠান-গঠন-কার্যে অগ্রসর হইলাম।"

পূর্বে উল্লিখিত গীতা-বিষয়ক বক্তৃতাগুলি ভাক্তার লোগানের १৭০নং ওক ব্রীটের বাড়ীতে হয় এবং দেখানেই নবপ্রভিষ্টিত সমিতির উত্যোগে টিকেট বিক্রয়াদি যাবতীয় ব্যবস্থা হয়। সমিতির লিপিবন্ধ কার্যবিবরণে ২৯শে মে (১৯০০) তারিখে এইরূপ লিখিত আছে: "ভাক্তার প্রান্থ (স্বামীন্ধীর সর্বশেষ বক্তৃতাস্তে) স্বামীন্ধীর বক্তৃতাগুলি হইতে সংগৃহীত সমস্ত অর্থ স্বামীন্ধীকে অর্পণ করিলে স্বামীন্ধী ঐ জন্ম তাঁহাকে ধন্মবাদ দিলেন। তারপর স্বামীন্ধী উপস্থিত সকলকে বলিলেন যে, তিনি স্বামী তুরীয়ানন্দ নামক এক অতীব আধ্যাত্মিক গুণসম্পন্ন সন্ন্যাসীকে তাঁহাদের জন্ম পাঠাইবেন। অতঃপর তিনি সকলের নিকট বিদায় লইলেন।"

এ পর্যন্ত এই কথাটি আমাদের নিকট পরিকার হইয়া গিয়াছে যে, স্থামীন্দ্রীর কার্বের অস্ততঃ তুইটি উদ্দেশ্য ছিল—সর্বত্ত আধ্যাত্মিক উন্নতিসাধন ও ভারতের অভাব মোচনার্থ স্থাদেশ বিবিধ কার্যারম্ভ ও তজ্জ্য অর্থসংগ্রহ। আমেরিকার পশ্চিম উপক্লেও এই উভয় ধারা সমভাবে চলিয়াছিল। তবে এই টাকাকড়ির দিকটা তিনি বন্ধুবান্ধবদের হাতে ছাড়িয়া নিজে প্রচারের দিকেই মন দিতেন। অবশ্য ক্যালিফনিয়ায় প্রথমাগমনকালে স্থামীন্দ্রী লক্ষ্য করিয়াছিলেন যে, আগ্রহশীল প্রোভার অভাব না থাকিলেও সেধানে অর্থপ্রাপ্তির আশা অল্প। তাঁহার ঐ কালের পত্রগুলিতে এই কথাই দেখিতে পাওয়া যায়। পরে তিনি অর্থ সম্বন্ধে অনেকটা সাফল্য লাভ করিয়াছিলেন; আধ্যাত্মিক ভাবপ্রচারেও ফললাভ হইয়াছিল ততোধিক—ভাঁহার পত্রে ইহারও আভাস আছে। অধিক্ষ

ক্যালিফর্নিয়ায় স্বামীজীর কার্থের ফলাফল সম্বন্ধে জিজ্ঞাসিত হইয়া স্বামী অভেদানন্দ একবার বলিয়াছিলেন, "সেবারে ডিনি (স্বামীজী) মার্কিন দেশের সর্বত্র গিয়াছিলেন; এবং ফিরিয়া আসিয়া ডিনি আমাকে কহিয়াছিলেন, 'ক্যালিফর্নিয়াই হচ্ছে ঠিক জায়গা য়েখানে বেদান্ত প্রসারলাভ করবে, ওদেশের লোকদের সহার্মভৃতি আছে আর ভাদের দিল খোলা'।"

প্রথমাবস্থায়ও তিনি ব্রিয়াছিলেন যে, অর্থের যাহাই হউক না কেন, বেদান্ত প্রচারের এই উপযুক্ত ভূমিতে উত্তমসহকারে দীর্ঘকাল যাবৎ কার্যপরিচালমা আবশ্যক। তাই তিনি ২৭শে ডিসেম্বর (১৮৯৯) শ্রীযুক্তা ওলি বুলকে লিখিয় ছিলেন, "আমি শীঘ্রই ক্যালিফর্নিয়ায় কাজ শুরু করে দিচ্ছি। ক্যালিফর্নিয়া ছেড়ে যাবার সময় আমি তুরীয়ানন্দকে ডেকে পাঠাব এবং তাকে প্রশাস্ত মহাসাগরের উপকৃলে কাজে লাগাব। আমার এটা নিশ্চিত ধারণা, এখানে একটা বড় কর্মক্ষেত্র আছে।" তিনি হয়তো এই পত্তের অল্প পরেই এই পণ্ডিত. কার্যক্রম. অমুরক্ত ও গুরুগতপ্রাণ গুরুভ্রাতাটিকে ডাকিয়া পাঠাইতেন ; কিন্ধু এই কালে পা ভালিয়া পড়িয়া থাকায় তুরীয়ানন্দের যাওয়া সম্ভব ছিল না। আমরা দেখিয়া আসিয়াছি, স্থায়িভাবে বেদাস্তপ্রচারের ব্যবস্থার জন্ম বিভিন্ন স্থানের ভক্তদের মধ্যে আগ্রহ বাড়িয়াই চলিয়াছিল। কুমারী মিনি দি বুক নামিক। এক মহিলা স্বামীজীর উপদেশাদি শ্রবণে আরুটা হইয়াছিলেন। স্বামীজীর ক্যালিফনিয়া ত্যাগের কিঞ্চিৎ পূর্বে তিনি ক্যালিফনিয়ার স্থাণ্টো ক্ল্যারা কাউন্টির অন্তর্গত স্থান অ্যাণ্টোন উপত্যকায় আশ্রম স্থাপনের জন্ম ১৬০ একর ভূমি দান করিতে উন্নতা হইলেন এবং স্বামীন্ত্রীও ঐ দান গ্রহণে সন্মত হইয়া স্বামী তুরীয়ানন্দকে ডাকিয়া পাঠাইলেন। উহা হ্যামিন্টন পর্বতের সামুদেশে সমূত্রপৃষ্ঠ হইতে ২৫০০ ফুট উচ্চে এক পর্বত ও অরণ্যানীবেষ্টিত নির্জন স্থানে অবস্থিত ছিল। রেল স্টেশন তথা হইতে পঞ্চাশ মাইল দূরে এবং লোকালয় দ্বাদশ **भारेल मृत्त्र हिल। चाभीकी चग्नः चानिए एमिएड भारतन नारे। उत्त्र लाक-**মুখে বর্ণনা ভনিয়া সম্ভষ্ট হইয়াছিলেন। তিনি বুঝিয়াছিলেন, উহা বেদাস্কসাধনের পক্ষে অমুকুল হইবে।

ক্যালিফর্নিয়ার কথা শেষ করিবার পূর্বে স্বামীজীর প্রচলিত জীবনীগুলিতে প্রদত্ত একটি ঘটনার উল্লেখ করা প্রয়োজন। স্থান-কালাদি আজ্ঞাত থাকিলেও উহা পশ্চিমোপকৃলে ঘটিয়াছিল বলিয়া মনে হয়। একদিন নদীতীরে ভ্রমণকালে তিনি দেখেন জনকয়েক যুবক একটি সাঁকোর উপর দাঁড়াইয়া নদীলোতে ভাসমান কয়েকটি ভিমের খোলার দিকে গুলি ছুঁ ড়িতেছে; কিন্তু লক্ষ্যভেদে কেহই সমর্থ হইতেছে না। দাঁড়াইয়া দেখিতে দেখিতে স্বামীজীর মুখে মুহ্হাশ্র ফুটিয়া উঠিল। ইহা যুবকদের চক্ষ্ এড়াইল না। অভিমানে আঘাত পড়ায় তাহাদের একজন চ্যালেঞ্জ করিয়া বলিল, "ওহে বাপু, কাজটা যত সহজ্ব মনে করছ অত সহজ্ব নয়! এলো দেখি একবার এদিকে! দেখি তোমার কেমন তাগ!" স্বামীজী বিক্ষক্তি না করিয়া তাহাদের কাছে গেলেন ও একজনের হাত হইতে বন্দুক লইয়া নিশানা ঠিক করিয়া পর পর বারোটি খোলা গুলিবিদ্ধ করিলেন। যুবকরা চমৎক্রত হইয়া ভাবিল, এ ব্যক্তি নিশ্চয়ই দীর্ঘকাল অভ্যাস করিয়াছে। কিন্তু স্বামীজী বুঝাইয়া দিলেন যে, বন্দুকের সহিত তাঁহার সম্পর্ক কোনকালেই নাই—ভিনি ধর্মপ্রচারক; তবে আদতে ব্যাপারটা কিছুই নয়—উহার ভিতরকার তম্ব হইতেছে মনঃসংযম।

আমেরিকা হইতে বিদায়

প্রান্ত ক্লান্ত ও কল্ল স্বামীন্দ্রী যথন ক্যালিফর্নিয়ার কান্ধ বন্ধ করিতে উছত. প্রায় সেই সময়েই তাঁহার বন্ধু শ্রীযুক্ত লেগেট ও বন্ধুর সহধর্মিণী লণ্ডন হইতে সামুন্য অমুরোধ জানাইলেন, যাহাতে তিনি প্যারিদে তাঁহাদের আতিথ্য গ্রহণ-পুর্বক নিজের স্বাস্থ্যোদ্ধারে ষত্বপর হন। অধিকম্ভ ১৯০০ খৃষ্টাবেদ প্যারিস-প্রদর্শনীর সহযোগে সেধানেযে ধর্মেতিহাস-মহাসম্মেলনের আয়োজন চলিতেছিল, উহার বৈদেশিক-প্রতিনিধি-সমিতির পক্ষ হইতেও তাঁহাকে ঐ সম্মেলনে ভাষণ দিবার জন্ম আহ্বান জানানো হইয়াছিল। এই উভয় অমুরোধ রক্ষার উদ্দেশ্যে তিনি ২৯শে মে স্থান ফ্রানিস্কোর শেষ বক্ততা হইয়া যাওয়ার পর কোন একদিন নিউ ইয়র্ক যাত্রা করিলেন। ইংরেজী জীবনীর মতে তিনি পথে চিকাগো ও ডেট্রেটে নামিয়াছিলেন, কিন্তু কোথায় কতদিন ছিলেন, তাহা বলা হয় নাই। এদিকে নিউ ইয়র্ক বেদান্ত-সমিতির সহকারী সেক্রেটারী ঐ সমিতির জ্বন মাদের যে কার্যবিবরণ লিপিবদ্ধ করেন, তাহাতে আছে: "গই জুন স্বামী বিবেকানন্দ ক্যালিফর্নিয়া হইতে নিউ ইয়র্কে আদেন এবং ১২০ পূর্ব ৫৮নং খ্রীটে অবস্থিত বেদান্ত-সমিতির গৃহে স্বামী তুরীয়ানন্দ ও স্বামী অভেদানন্দের সহিত অবস্থান করেন। ঐ সময় ভগিনী নিবেদিতাও ঐ মহানগরে ছিলেন।" নিবেদিতার মতে স্বামীজী বেদান্ত-সমিতিতে ৪ঠা জুন বকুতা দিতে দণ্ডায়মান হইয়া প্ৰশ্ন করেন, "কি বিষয়ে বলব ?" জনৈক শ্রোতা উত্তর দেন, "বেদাস্ত-দর্শন"। ঐ বিষয়েই বক্ততা হয়। নিবেদিতার মত ঠিক হইলে স্বামীজীর হাতে রান্তায় নামিবার মতো সময় মোটেই ছিল না; কারণ আমেরিকার পশ্চিমকূল হইতে টেনে পূর্বকূলে আসিতে বেশ কিছু সময় লাগে। আমাদের বিখাস, নিবেদিতার ভারিখ ভূল ('রেমিনিদেন্দেদ অব স্বামী বিবেকানন্দ', ২৯৩ পু:); কারণ স্বামীজীর পত্তে চিকাগো যাওয়ার উল্লেখ আছে, আর বেদাস্ত-সমিতির বিবরণামুসারে বেদাস্ত-দর্শনের বক্তৃতা হয় ১০ই জুন। ২৩শে এপ্রিল (১৯০০) তিনি মেরীকে कानाइयाहित्नन, जिनि व्यवश्रदे हिकारणा याहेरवन । वामारानत मिकास এই रय. তিনি চিকাগোতে নামিয়া তিন-চারিদিন ছিলেন, কিন্তু সেবারে ভেটুয়েটে নামেন নাই—ভেটয়েটে গিয়াছিলেন আরও পরে। চিকাগো-গমনের আর একটি প্রমাণ আমরা পাই স্বামী নিথিলানন্দের গ্রন্থে ('বিবেকানন্দ এ বায়োগ্রাফি', আমেরিকান সংস্করণ, ১০৫ পৃঃ): আমেরিকা মহাদেশের একপ্রান্ত স্থান্ত প্রথন্ত পর্যন্ত পর্যন্ত পর্যন্ত পর্যন্ত পর্যন্ত পর্যন্ত পর্যন্ত পর্যন্ত পর্যন্ত পরি নিউ ইয়র্কে ফিরিয়া আসিতে স্বামীন্তী ক্লান্ত হইয়া পড়েন। তিনি পথে চিকাগোতে নামেন। সেখানে তিনি হেল পরিবারের অতিথি হইয়া প্রোতন বন্ধুবাদ্ধবদের সহিত মেলামেশা ও গল্পগুরুব করেন। চিকাগো হইতে যাত্রার দিন প্রাতে মেরী স্বামীন্ত্রীর ঘরে আসিয়া দেখিলেন, তিনি বিমর্ষ। মনে হইল, তিনি রাত্রে শ্রমান্ত্রীর ঘরে আসিয়া দেখিলেন, তিনি বিমর্ষ। মনে হইল, তিনি রাত্রে শ্রমান্ত্রীকে প্রশ্ন করিলে তিনি বলিলেন, তিনি সত্যই সারা রাত্রি জাসিয়া কাটাইয়াছেন। তারপর অতি মৃত্তরে বলিলেন, "ওঃ, মাহুযের ভালবাসার বাঁধন কাটানো কতই না কঠিন!" তিনি জানিতেন যে, তাঁহার স্নেহের ভগিনীদের সহিত তাঁহার এই শেষ সাক্ষাৎকার। তারপর গই জুন তিনি নিউ ইয়র্কে উপস্থিত হইলেন।

এই শেষবারে নিউ ইয়র্কের ঘটনাবলী বলার পুর্বে নিউ ইয়র্কেরই একট পুরাতন ইতিহাস বিবৃত করা অত্যাবশুক। উহা স্বামীন্ধীর স্থান ফ্রানিস্কো থাকা-কালেই ঘটিয়াছিল এবং উহা তাঁহার বিশেষ মর্মপীড়ার কারণ হইয়াছিল। আমরা জ্বানি স্বামীজী স্বয়ং নিউ ইয়র্কের বেদাস্ত-সমিতি স্থাপন করেন এবং ইংলও হইতে ১৮৯৫ খুষ্টান্দের ডিসেম্বর মাদে আমেরিকায় ফিরিয়া উহার ভিত্তি দ্টতর করেন। পরে সেখানে যথাক্রমে স্বামী সারদানন্দ ও স্বামী অভেদানন্দ কার্য পরিচালনা করেন। আরও পরে স্বামী তুরীয়ানন্দ ঐ কার্যে স্বামী অভেদানন্দকে সাহায্য করিতে থাকেন। ইহার পুর্বেই ১৮৯৮ খুষ্টান্দের ২৮শে ষ্পক্টোবর এই সমিতি স্বাইনামুদারে রেজেক্ট্রীকৃত হয়। সমিতি নবরূপ ধারণ করার পরে এীযুক্ত লেগেট উহার পরিচালন-কমিটির সভাপতি হন। তিনি धनी, सामीकीत वक्ष, क्षमग्रवान ও বেদাস্তামরাগী। কাজেই বেদাস্তপ্রচারে উৎসাহত্তে তিনি ও স্বামীজীর অপর বন্ধুগণ বেমন বেমন নিউ ইয়র্কের কাজে হন্তকেপ করিতে উন্নত হইলেন, অমনি স্বামী অভেদাননের সহিত মতানৈকা এমন कि মনক্ষাক্ষি আরম্ভ হইল। তপন স্বামীজীর বন্ধরা বিবাদ মিটাইবার জন্ত স্বামীজীর সাহায্য চাহিলেন। তিনি ঐ সময়ে বছ দূরে পশ্চিমাঞ্চলে বক্ততাদিতে ব্যন্ত, সব ব্যাপার জানেন না, শরীরও বিশেষ অক্সন্থ। অতএব হঠাৎ কিছু করিতে পারিলেন না বা করিতে সমত হইলেন না। ফলে শ্রীযুক্তা বুল প্রভৃতি অনেকেই বিরক্ত হইলেন। এইসব ঘটনাপরস্পরাই আমরা স্বামীজীর নিম্নোদ্ধত পত্রাংশগুলিতে পাই।

"বেদান্ত সোদাইটির জন্ম মিঃ লেগেট চমৎকার ব্যবস্থা করেছেন জেনে আমি খুবই আনন্দিত। সত্যি, তিনি এত সহালয়।" (১৭ই মার্চ, ১৯০০)। "মিঃ লেগেট দেখছি বেদান্ত-সমিতিটাকে চালু করে দিয়েছেন। চমৎকার !" (১লা এপ্রিল, ১৯০০)। এই পর্যন্ত বেশ। তাহার পরই হান্সামা শুরু হইল। ৮ই এপ্রিল স্বামীজী ধীরামাতাকে (ওলি বুলকে) লিখিলেন: "এই সঙ্গে অভেদানন্দের একথানি হুদীর্ঘ চিঠি পাঠালাম। েনে আমার আদেশের অপেকা করছে। আমি তাকে বলেছি যে, সে যেন সব বিষয়ে আপনাকে সম্পূর্ণ বিশ্বাস করে এবং আমি না আসা পর্যন্ত নিউ ইয়র্কে থাকে। আমার বোধ হয় নিউ ইয়র্কের বর্তমান পরিস্থিতিতে ওরা আমাকে ওখানে চায়; আপনিও কি তাই মনে করেন ? তাহলে শীঘ্র আসব। ... অভেদানন্দ এ যাবং ভাল কাজ করেছে। আর আপনি জানেন, আমি আমার কর্মীদের কাজে মোটেই হস্তক্ষেপ করি না। যে কাজের লোক তার একটা নিজস্ব ধারা থাকে এবং তাতে কেউ হাত দিতে र्गाल रन वांधा राम । ... व्यवश्च व्यापनि कार्यक्रायाहे त्रायाहन अवः मव कारनन। কি করা উচিত, এ বিষয়ে আমায় উপদেশ দিবেন।" আবার ১০ই এপ্রিল তিনি ম্যাকলাউডকে লিখিলেন: "নিউ ইয়র্কে একটা জটলা হচ্ছে দেখছি। অভেদানন্দ আমায় একথানি চিঠিতে জানিয়েছে যে, সে নিউ ইয়ৰ্ক ছেড়ে চলে ষাবে। সে ভেবেছে, মিসেন বুল ও তুমি তার বিরুদ্ধে আমাকে অনেক কিছু লিখেছ। উত্তরে আমি তাকে ধৈর্য ধরে থাকতে লিখেছি, আর জানিয়েছি যে, মিদেস বুল ও মিস ম্যাকলাউক্ত আমাকে তার সম্বন্ধে ওধু ভাল কথাই লিখেন। ... মি: লেগেটকে আমার নাম করে বেদান্ত সোসাইটির ব্যাপারটার ষ্থোচিত সমাধান করতে বলো। এইটুকু ভুধু আমি বুঝেছি বে, প্রতি দেশেই সেই দেশের নিজম্ব ধারা আমাদের মেনে চলতে হবে। স্থতরাং তোমার কাজ যদি আমায় করতে হত, তাহলে আমি সমস্ত সভ্য ও সমর্থকদের এক সভা আহ্বান করে জিজ্ঞাসা করতাম, তাঁরা কি করতে চান, কোন সংহতি চান কিনা, যদি চান তবে তা কিরপ হওয়া আবশুক ইত্যাদি। তুমি কিন্তু কাজটি নিজের চেষ্টায় কর—আমি রেহাই চাই। একান্তই যদি মনে কর যে, আমি উপস্থিত থাকলে সাহায্য হবে, তবে আমি দিন পনরর মধ্যে আসতে পারব।"

শামরা বিষয়টির বিশদ আলোচনা করিতেছি এইটুকু দেখাইবার জন্ম যে, স্থামীজী সর্বদা অধ্যাত্মজগতে বাস করিলেও তাঁহার প্রতিটি লৌকিক ব্যবহার স্থাচিস্তিত ছিল। নিউ ইয়র্কের ঐরপ পরিস্থিতিতে তিনি যেভাবে চলিতেছিলেন, ও অপরকে বেরপ উপদেশ দিতেছিলেন, উহা অপেকা উত্তম পরামর্শ আর কেহ দিতে পারিতেন কি ? কিন্তু জগৎ নিজ ধারায়ই চলে—স্থপরামর্শ কুপরামর্শের বড় একটা ধার ধারে না। এক্লেত্রেও তাহাই হইল। উভয় পক্ষের বিবাদ বাড়িতেই থাকিল। উহার পরিণতির পরিচয় পাই স্থামীজীর ১৮ই এপ্রিলের পত্রে। ম্যাকলাউডকে তিনি লিখিয়াছিলেন, "মি: লেগেট সভাপতির পদ ত্যাগ করেছেন শুনে বড়ই তু:খিত হলাম। আসল কথা, আর বেশী গোল পাকাবার ভয়ে আমি চুপ করে আছি। তুমি তো জানই—স্থামার সব কড়া ব্যবস্থা; একবার ধদি আমার থেয়াল চাপে, তোএমন চোঁচাতে শুরু করব যে, অভেদানন্দের মনের শান্তিভঙ্গ হবে। আমি তাকে শুধু এইটুকু লিখে জানিয়েছি যে, মিসেস বুল সম্বন্ধ তার সব ধারণা একেবারে ভূল।"

স্বামীন্দ্রী শ্রীগুরুর নিকট লব্ধ ভগবদ্বার্তাকে রূপ দিতে চাহিয়াছিলেন কথায় ও কাজে। কিন্তু জগতের কঠিন বহিন্তরকে ভেদ করিয়া সে বার্তা বিশ্বহৃদয়কে স্পর্ল করিতে অযথা বিলম্ব হইতেছে আর তাঁহার স্বল্লায় এই তঃসাধ্য কার্যে হয়তো বা রূথা নিংশেষিত হইয়া যাইতেছে—এইরূপ বিরুদ্ধ পরিস্থিতি সময়ে সময়ে স্বামীন্ধীর চিত্তকে কি গভীরভাবে আলোড়িত করিত এবং উহাকে বৈরাগ্যপূর্ণ করিয়া তুলিত, তাহার একথানি স্ক্রম্পষ্ট আলেখ্য উল্লিখিত পত্রে সংরক্ষিত হইয়াছে। দীর্ঘ পত্রের সবটুকু উদ্ধত না করিয়া আমরা অংশ-বিশেষমাত্র তুলিয়া দিলাম:

"কর্ম করা সব সময়ই কঠিন। আমার জন্ম প্রার্থনা কর, জো, যেন চির দিনের তরে আমার কাজ করা ঘূচে যায়। আমার সমৃদয় মনপ্রাণ যেন মায়ের সন্তায় মিলে একেবারে তয়য় হয়ে য়য়। তাঁর কাজ তিনিই জানেন। তলড়াইয়ে হার-জিত ছইই হল—এখন পুঁটলি-পাটলা বেঁধে সেই মৃক্তিদাতার অপেকায় য়ায়া করে বসে আছি। 'অব শিব পার করো মেরী নেইয়া'—হে শিব, হে শিব, আমার তরী পারে নিয়ে য়াও, প্রভো! য়তই য়া হোক, জো, আমি এখন সেই আবেকার বালক বই আর কেউ নই, যে দক্ষিণেশরের পঞ্চবটীর তলায় রামক্বক্ষের অপূর্ব বাণী অবাক হয়ে শুনত, আর বিভোর হয়ে যেত। এ বালক-

ভাবটাই হচ্ছে আমার আদল প্রকৃতি—আর কাক্ক-কর্ম, পরোপকার ইত্যাদি যা কিছু করা গেছে, তা এ প্রকৃতিরই উপরে কিছুকালের জন্ম আরোপিত একটা উপাধিমাত্র। আহা, আবার তাঁর দেই মধুর বাণী শুনতে পাচ্ছি—দেই চির-পরিচিত কণ্ঠস্বর!—যাতে আমার প্রাণের ভিতরটা পর্যন্ত কটকিত করে তুলছে! বন্ধন দব খদে যাচ্ছে, মাছুষের মায়া উড়ে যাচ্ছে, কাক্কর্ম বিস্বাদবোধ হচ্ছে। জীবনের প্রতি আকর্ষণও কোথায় দরে দাঁড়িয়েছে! রয়েছে কেবল তার স্থলে প্রভুর দেই মধুর-গভীর আহ্বান!—যাই প্রভু, যাই! ঐ তিনি বলছেন 'মুতের্ম সংকার মুতেরা করুক (সংসারের ভালমন্দ সংসারীরা দেখুক), তুই (ওদব ছুঁড়ে ফেলে দিয়ে) আমার পিছু পিছু চলে আয়।'—যাই প্রভু, যাই।…

"শিক্ষাদাতা, গুরু, নেতা, আচার্য বিবেকানন্দ চলে গেছে—পড়ে আছে কেবল সেই বালক, প্রভ্র সেই চিরশিয়, চিরপদাঞ্জিত দাস! তুমি ব্ঝতে পারছ, কেন আমি অভেদানন্দের কাজে হাত দিছি না। আমি কে, জো, যে কারু কাজে হাত দেবো? অনেক দিন হ'ল, নেতৃত্ব আমি ছেড়ে দিয়েছি। কোন বিষয়েই 'এইটে আমার ইচ্ছা' বলবার আর অধিকার নেই। এই বৎসরের গোড়া থেকেই আমি ভারতের কোন কাজে আদেশ দেওয়া ছেড়ে দিয়েছি—তা তো তুমি জানই। তুমি ও মিসেস বুল অতীতে আমার জয়্ম যা করেছ, তার জয়্ম অজ্ঞ ধয়্মবাদ। তোমাদের চিরকল্যাণ, অনস্ত কল্যাণ হোক! তার ইচ্ছালোতে যথন আমি সম্পূর্ণ গা ঢেলে দিয়ে থাকতুম, সেই সময়টাই জীবনের মধ্যে আমার পরম মধ্ময় মৃহুর্ত বলে মনে হয়। এথন আবার সেরপ গা ভাসান দিয়েছি। কেনছি, তার, এ যে কি আনন্দের অবস্থা, তা তোমায় কি বলব! যা-কিছু দেখছি, ভানছি, সবই সমানভাবে ভাল ও স্থন্দর বোধ হচ্ছে, কেননা নিজের শরীর থেকে আরম্ভ করে তাদের সকলের ভিতর বড়-ছোট, ভাল-মন্দ, উপাদেয়-হয় বলে যে একটা সম্বন্ধ এতকাল ধরে অক্তেব করেছি, সেই উচ্চ-নীচ সম্বন্ধটা এখন যেন কোথায় চলে গেছে। তেওঁ তৎ সং।"

জগতের আবিলতা দর্শনে পবিত্র হৃদয়ে যে ত্যাগ ও অনাসক্তির স্বাভাবিক প্রতিক্রিয়া উথিত হয়, ইহা যেন তাহারই প্রতিচ্ছবি। কিন্তু সেই সঙ্গে স্বামীক্রীর নিজেরই বাণী—ত্যাগ ও সেবার সমভাবে ও সমকালে রূপায়ণের বার্তাও কি এখানে প্রতিধ্বনিত হয় নাই ? আধ্যাত্মিক ভাবপ্রণোদিত কার্যের মধ্যে কর্তব্য-পরায়ণতা ও অনাসক্তি, স্বোদ্দেশ্রসাধন ও অপরের ব্যক্তিত্বের প্রতি সন্মান প্রদর্শন সমভাবে থাকা আবশ্রক। কিন্তু একথা কি সত্য নহে যে, জাগতিক কার্যের পশ্চাতে আনেক স্থলেই মানষশপ্রতিপত্তি প্রভৃতি স্বার্থের তাগুবঁলীলা চলিতে থাকে? সাধারণ নেতা উত্তমোত্তম কার্যব্যবস্থাবলম্বনে সে সক্তর্যকে ভদ্রতার সীমামধ্যে আবন্ধ রাথিতে প্রয়াসী হন; আর যুগনায়ক মাহুষের অস্তন্তলে প্রবেশপূর্বক সেথানে প্রতিষেধক ঔষধ প্রয়োগ করেন। স্বামীক্ষী তাই উক্ত বিবাদস্থলে বৈরাগ্যের প্রতি দৃষ্টি আকর্ষণ করিয়াছিলেন। অথচ তাঁহার চরিত্রের বৈশিষ্ট্য এইখানেই যে, তিনি বৈরাগ্যকে স্প্রতিষ্ঠিত করিতে গিয়া অপরের উপর উহা বলপূর্বক চাপাইয়া দেন নাই, অপরের প্রসঙ্গেও উহার কথা তুলেন নাই; তিনি লিখিয়া গিয়াছেন শুধু নিজেরই সম্বন্ধে— যেন নিজেরই সব দোষ, সব নিক্ষলতা! ইহা তো অস্তর্জগতের কথা। বান্তব জগতে ঐ বিবাদ তথন কির্মণ অবস্থায় ছিল, তাহার সংবাদ পাই ম্যাকলাউডকে লিখিত স্বামীক্ষীর ২০শে এপ্রিলের (১০০০) পত্রে:

"অভেদানন্দের সঙ্গে যে ছোটথাট একটা মতাস্তর হয়েছে, তার জন্ম আমি খুবই হৃ:খিত। তুমি তার যে পত্রখানা পাঠিয়েছ, তাও পেয়েছি। এ পর্যন্ত দে ठिक्टे तलाइ, 'बामीकी बामात्क नित्थहन: मिः तनाम द्रमार उपनार उपनार उपनार देशारी নন এবং আর সাহায্য করবেন না। তুমি নিজের পায়ে দাঁড়াও।' টাকা-পয়সার কি করা যাবে, তার এ প্রশ্নের উত্তরে—তোমার ও মিসেন লেগেটের ইচ্ছামুসারে তাকে আমি লস এঞ্জেলিস থেকে নিউ ইয়র্কের সংবাদ লিখেছিলাম। হাা, কাজ তার নিজের রূপ নেবেই, কিন্তু মনে হচ্ছে তোমার ও মিদেদ বুলের মনে ধারণা যে, এ ব্যাপারে আমার কিছু করা উচিত। কিন্তু প্রথমতঃ অম্ববিধা সম্বন্ধে আমি কিছুই জানি না। সেটা যে কি নিয়ে সে কথা তোমরা কেউই আমাকে কিছু লেখনি। অন্তের মনের কথা জেনে নেবার বিভা আমার নেই। তুমি ভুধু সাধারণভাবে লিখেছ যে, অভেদানন্দ নিজের হাতে সব কিছু রাখতে চায়। এ থেকে আমি কি বুঝব? অস্থবিধাগুলি কি কি? প্রলয়ের সঠিক তারিখটি সম্বন্ধে আমি যেমন অন্ধকারে, তোমাদের মতভেদের কারণ সম্বন্ধেও আমি তেমনি অন্ধকারে। অথচ মিদেদ বুলের ও তোমার চিঠিগুলিতে যথেষ্ট विवक्तिकाव । এই সব किनिम भागवा ना ठाইलেও कथन कथन कठिन इरा पर । এগুলি স্বাভাবিক পরিণতি লাভ করুক।"

ু এই ব্যাপারকে কেন্দ্র করিয়া স্বামীজীর সহিত বন্ধুদের মনোমালিঞ

ঘটিতেছিল—যদিও তিনি ঐ জন্ম বিন্দুমাত্র দায়ী ছিলেন না। শ্রীযুক্তা বুলও ঐ ব্যাপারে স্বামীজীর উপর বিরক্ত হইয়াছিলেন, ইহার উল্লেখ পূর্বোদ্ধত পত্রেই আছে: "মভেদানন্দের ব্যাপার থেকে নিশ্চয়ই এ সবের উৎপত্তি।" আবার নিবেদিতার সহিত মনোমালিশ্রের ফলে স্টার্ডি ও শ্রীযুক্তা জনসন স্বামীজীর প্রতি বিরূপ হইয়াছিলেন, এইরপ কথাও উক্ত পত্রে উল্লেখ করিয়া তিনি আরও লিখিয়াছিলেন: "স্টার্ডি ও মিসেস জনসন মার্গটের জন্ম বিচলিত হয়ে আমার কঠোর সমালোচনা করেছে। এখন আবার অভেদানন্দ মিসেস বুলকে বিচলিত করেছে এবং তার ধারাও আমাকে সামলাতে হচ্ছে। এই হ'ল জীবন! তৃষি ও মিসেস লেগেট চেয়েছিলে আমি তাকে স্বাধীন ও আত্মনির্ভর হ'তে লিখি—এ-কথা লিখি যে, মি: লেগেট তাকে আর সাহায্য করবেন না। আমি তাই লিখেছি। এখন আমি আর কি করতে পারি? রাম-শ্রাম কেউ যদি তোমার কথা না শোনে, তাহ'লে তার জন্ম কি আমাকে ফাঁসি যেতে হবে? এই বেদান্ত সোসাইটি সম্বন্ধে আমি কি জানি? আমি কি সেটা আরম্ভ করেছিলাম? তাতে কি আমার কোন হাত ছিল প তহুপরি, ব্যাপারটা যে কি, সে সম্বন্ধে ভ্-কলম লেখবার মনও কারও হয়নি।"

ষামীজীর পত্তে এই ব্যাপারে এই শেষ কথা। তবে পরবর্তী ঘটনাবলী হইতে আমরা জানি যে, আমেরিকান বন্ধুদের প্রীতি তিনি হারান নাই। স্বামী আডেদানন্দকেও তিনি সমরপেই ভালবাসিতেন; অতঃপর নিউ ইয়র্কে গিয়া তিনিবেদান্ত-সমিতিতেই উঠিয়াছিলেন। এখানে দ্রষ্টব্য এই যে, পূর্বের উদ্ধৃতিতে স্বামীজী যদিও ঐ সমিতি-প্রতিষ্ঠা সম্বন্ধে সমস্ত ব্যক্তিগত দায়িত্ব অস্বীকার করিয়াছেন, তথাপি উহার অর্থ ইহা নহে যে, সমিতি-প্রতিষ্ঠার সহিত তাঁহার কোন দিন কোন সম্পর্ক ছিল না। আমরা জানি প্রথম বারে আমেরিকায় অবস্থানকালে ১৮৯৪ খুটান্বের নভেম্বর মাসে তিনি স্বহন্তে যে সমিতি গঠন করেন, ১৮৯৮ খুটান্বের ২৮শে অক্টোবরে উহাই আইনাহ্নসারে বিধিবদ্ধ সমিতিতে পরিণত হয়। স্বামীজীর কথার অর্থ এই যে, এই দ্বিতীয় পরিণতির সহিত্য তাঁহার কোন সম্বন্ধ ছিল না— শ্রীযুক্ত লেগেটকে ঐ রেক্টেব্রিক সমিতির সভাপতি করা, কিংবা বিভিন্ন ব্যক্তির মধ্যে দায়িত্ব বন্টন করা ইত্যাদি বৈষ্ট্রিক ব্যবস্থার সহিত সত্যই তিনি কোন কালে জড়িত ছিলেন না।

এইভাবে ক্লতিত্বের দাবী যিনি অস্বীকার করেন বা দায়িত্ব এড়াইয়া চলেন,

তাঁহাকে 'যুগনায়ক' বলা চলে কোনু অর্থে ? কথাটা বুঝিবার জন্ম আমরা নিবেদিতার সাহায্য লইব: "আমি এও দেখতে পাচ্ছি বেঁ, পরবৈরাগ্য ও মন্দ-বৈরাগ্যের প্রকাশের মধ্যে তফাত অনেক্থানি: আর এ বিষয়ে আমাদের উভয়ের জনৈক বন্ধর অজ্ঞতা দেখে আমি হাসি। ঐ উপায়ে তিনি (স্বামীজী) কেমন করে যে কোন দলের সঙ্গে মিশতে পারেন, কেমন করে উদাসীন ব্যক্তির স্থায় আলোক বিকিরণ করেন বা না করেন, কেমন করে নিজের সম্বন্ধে লোকের মতামতকে সম্পূর্ণ অগ্রাহ্য করেন—এসব সত্যই এক বিরাট ব্যাপার। এই বিষয়ে স্বামীজীর মহত্ব যে কি তা আমি ঠিক তথনই বুঝতে পারলাম যথন কোন এক শহরে লোকেদের সর্বপ্রকার আদর-আপ্যায়নে তপ্ত হয়ে এমন শহরে গিয়ে পড়লাম যেথানকার লোকদের কুত্রিমতা দেখে আমার পিত্তি চটে গেল। স্মাবার এই যে লোকগুলির হাত থেকে স্মামি পারলে তথনি পালিয়ে যেতে চাইলাম, তারাই যথন শেষ পর্যস্ত মায়ের বাছা বাছা সহায়ক হয়ে দাঁড়াল. তথনই স্বামীজীর কাজের ধারা স্থপ্রমাণিত হল। স্বার তাঁর দায়িত্মগুতা কী চমৎকার ৷ সর্বপ্রকার কার্যকরী শক্তির অধিনায়কপদ এমনভাবে গ্রহণ করা এবং এমন সব চমকপ্রদ পরিকল্পনা রচনা করা যাতে ভাগ্যদেবতাকেও নিজ আয়তে আনতে পারা যায় – এর চেয়ে আর কিছুই অধিক লোভন্সনক নহে। স্বামীকী কিন্তু শুধু অপেকা করে বদে থাকেন, শুধু তরকে তরকে ভেদে চলেন; এমনি করেই চলতে থাকে। আমি তাঁর বিরাটত্ব সবে বুঝতে আরম্ভ করেছি।" ('রেমিনিদেন্সেস অব স্বামী বিবেকানন্দ', ২৯৩ পৃঃ)।

পশ্চিম উপক্লের কার্যদাপনাস্তে স্বামীষ্কী যথন নিউ ইয়র্কে আদিলেন, নিউ ইয়র্কের কাজ তথন বেশ চলিডেছিল, যদিও পরিচালক-কমিটির রূপ-পরিবর্তন ঘটিয়াছিল। লেগেটের সভাপতিত্ব ত্যাগের পর কলম্বিয়া কলেজের অধ্যাপক ডা: হার্শেল সি. পার্কার সর্বসম্বতিক্রমে সভাপতি নির্বাচিত হইয়াছিলেন। অত্যাত্ত সভ্যদের মধ্যে রেভারেও ডাক্তার আর. হিবার নিউটন ও হার্ভার্ড বিশ্ববিভালয়ের সংস্কৃতাধ্যাপক চার্লস আর. ল্যানম্যান-এর নাম সমধিক উল্লেখযোগ্য। স্বামী তুরীয়ানন্দ এপ্রিল মাস হইতে বেলান্ত-সমিতিতে বক্তৃতা দিতেছিলেন এবং শিশুদিগকে লইয়া ধর্মবিষয়ক গল্পজ্বব করিতেছিলেন। স্বামীলী তাঁহাকে ক্যালিফনিয়ায় যাইবার জন্ত পীড়াপীড়ি করিতে লাগিলেন। তুরীয়ানন্দকে মিন্তি বুকের প্রদন্ত ভূমিধতে 'শান্তি-আল্রম' স্থাপনপূর্বক উহার দায়িত্ব গ্রহণে

সন্মত করানো সহজ্পাধ্য ছিল না—তিনি পুন: পুন: ঐরপ দায়িত্ব এড়াইয়া চলিতেই চেটা করিতে লাগিলেন। সব চেটা ব্যর্থ হইতেছে এবং তুরীয়ানন্দ সাক্ষাৎ কর্মক্ষেত্রে না নামিয়া ধ্যানধারণাদিরই দিকে ঝুঁকিতেছেন দেখিয়া স্বামীজী অবলেষে বলিলেন, "এটা মায়ের ইচ্ছা যে, তোমাকে ওথানে কার্যভার নিতে হবে।" তুরীয়ানন্দ তথন সহাস্থ্যে বলিলেন, "বরং বল, এটা ভোমার ইচ্ছা! মা ভো আর অমন করে ভোমাকে তাঁর মনের কথা বলতে আসেননি! মায়ের কথা আমরা ভানব কেমন করে?" তথন স্বামীজী আবেগভরে উত্তর দিলেন, "হাঁ ভাই! আমরা পরস্পরের কথা যেমন পরিকার ভানতে পাই, মায়ের কথা ঠিক তেমনি শোনা ঘায়! তাঁর কথা ভানতে হলে চাই ভঙ্ স্ক্রে নাড়ী!" স্বামীজী এই কথাগুলি এমন হদয়াবেগে বলিয়াছিলেন যে, তুরীয়ানন্দের পক্ষে উহা মায়ের আদেশরূপে মানিয়া লওয়া ভিন্ন গত্যন্তর ছিল না। অতএব তিনি 'শান্তি-আশ্রম' প্রতিষ্ঠার দায়িত্ব লইতে সম্মত হইলেন। যাত্রার দিন তথনও দেরীছিল। ইত্যবসরে স্বামীজী স্বয়ং নিউ ইয়র্কে কাজ আরম্ভ করিলেন।

জীবনীকারদের মতে নিউ ইয়র্কে স্বামীজী পর পর চারিটি রবিবারে বক্তৃত। করেন ও চারিটি শনিবার সকালে গীতা-ব্যাখ্যা করেন। তাঁহার প্রচারের ফলে ভারতীয় রুষ্টি, ধর্ম ও দর্শন এবং তাঁহার ব্যক্তিগত মতবাদের প্রতি যে সকল প্রখ্যাতনামা মনীষী প্রদাবান ও সহামুভ্তিসম্পন্ন হইয়াছিলেন, তন্মধ্যে ক্ষেক্জনের নাম এই: কলম্বিয়া বিশ্ববিভালয়ের প্রেসিডেন্ট অধ্যাপক সেথ লো, কলম্বিয়া কলেজের অধ্যাপক এ. ভি. জ্যাকসন, সিটি অব নিউ ইয়র্ক কলেজের অধ্যাপক টমাস আর. প্রাইস ও ই. এনগালসম্যান এবং নিউ ইয়্বর্ক বিশ্ববিভালয়ের অধ্যাপক রিচার্ড বিথিয়েল, এন. এম. বাটলার, এন. এ. ম্যাকল্যাউথ, ই. জি. সিলার, ক্যালভিন টমাস ও এ. কন।

পূর্ব পূর্ব বাবের ক্যায় এবাবেও স্বামীজী তাঁহার পুরাতন শিক্স-শিক্ষা ও বন্ধু-বর্ণের সহিত ঘনিষ্ঠ সম্পর্ক রাখিতেন এবং তাঁহারাও তাঁহার মেহপ্রীতির দাবী রাখিতেন। মাঝে মাঝে তিনি তাঁহাদের গৃহেও পদধূলি দিতেন। শিক্ষাদের মধ্যে শ্রীমতী ওয়াভোর (হরিদাসীর) নাম সর্বাগ্রে উল্লেখনীয়। ইহার গৃহে বিসিয়া তিনি দীর্ঘকাল ভাবী কর্মস্কটী ও দার্শনিক তত্ত্বের আলোচনা করিতেন। বন্ধুদের মধ্যে ছিলেন শ্রীযুক্তা অ্যানি শ্বিথ বা স্বামীজীর মা-শ্বিথ। শ্রীযুক্তা শ্বিথ চিকাগো মহাসভার কালে স্বামীজীর গুণে মৃশ্ধা হইয়া তাঁহাকে চিকাগো-সমানুজ্ব

অনেক বিশিষ্ট ব্যক্তির সহিত পরিচিত করিয়া দেন। পরে নিউ ইয়র্কেও তিনি অন্তর্গ সাহায্য করেন। অ্যানি স্মিথের জন্ম হইয়াছিল ভারতবর্ষ। পরে তিনি প্রাচ্যবিচ্চা বিষয়ে বক্তা দিয়া আমেরিকায় স্থনাম অর্জন করেন। স্থামীজীর দেহত্যাগের পরে তিনি এক সময়ে লস এঞ্জেলিসে ও প্যাসাডেনায় চারি বংসর অতিবাহিত করেন এবং ঐ অঞ্চলে বেদাস্ত-দর্শনের প্রসার দর্শনে বলেন, "স্থামীজীর প্রোথিত বীজ প্রশাস্ত মহাসাগরের উপকৃলে সর্বত্র উদ্দাত হইতেছে; কারণ তিনি হিন্দুধর্মকে পুনক্জনীবিত করার সঙ্গে সঙ্গে মার্কিন দেশের সমস্ত ধর্ম ও সম্প্রদায়ের মধ্যে নব প্রেরণা জাগাইয়াছিলেন।"

স্বামীজীর নিউ ইয়র্কের কার্যের অধিকতর পরিচয়লাভের জন্ম আমরা পুনর্বার নিউ ইয়র্কের বেদান্ত-সমিতির সহকারী সেক্রেটারীর রিপোর্টের সাহায্য লইব। ৭ই জুন তারিথে স্বামীজীর আগমনবার্তা লিপিবন্ধ করার পর তিনি লিথিয়াছেন:

"পরবর্তী শনিবারে, ৯ই জুন, স্বামী বিবেকানন্দ সকালের ভগবদ্গীতার ক্লাসটি স্বয়ং পরিচালনা করিয়া স্বামী তুরীয়ানন্দকে ঐ কার্য হইতে অব্যাহতি দিলেন। স্বামী তুরীয়ানন্দই সাধারণতঃ ঐ ক্লাসে পড়াইতেন। ১০ই জুন রবিবার সকালে স্বামী বিবেকানন্দ বেদাস্ত-সমিতির কক্ষে বেদাস্ত-দর্শন সম্বন্ধে বক্তৃতা দিলেন। স্বামীজীর পুরাতন ছাত্র ও বন্ধুদের স্বারা ঘরগুলি একেবারে ঠাসা ভরতি হইয়া গিয়াছিল। পরবর্তী শুক্রবার সন্ধ্যায় তাঁহার জন্ম একটি সংবর্ধনা সভার আয়োজন হয়, য়াহাতে প্রাচীন বন্ধুবৃন্দ তাঁহার সহিত মিলিত হইবার স্বযোগ পান; তাছাড়া এমন অনেক বিছায়রাগী ছিলেন য়াহারা 'রাজ্বোগের' স্থবিখ্যাত লেখককে দেখিবার জন্ম দীর্ঘকাল লালায়িত ছিলেন এবং আচার্যবরের মুখে তুই-চারিটি স্লেহমাখা কথা শুনিয়া ও তাঁহার সহিত প্রীতিপূর্ণ করমর্দন করিয়া আনন্দিত হইয়াছিলেন। তিনি বেদাস্ত-সমিতির আদর্শ ও আমেরিকার কার্যাবলী সম্বন্ধ বক্তৃতা করিয়াছিলেন।

"পরবর্তী শনিবার সকালে, ১৭ই জুনও তিনি ক্লাসের ভার লইলেন ও 'ধর্ম মানে কি ?'—এই বিষয়ে বক্তৃতা দিলেন। সন্ধ্যায় 'ভারতীয় নারীর আদর্শ' বিষয়ে ভাষণপ্রসঙ্গে ভগিনী নিবেদিতা হিন্দু-নারীদের অনাড়ম্বর জীবন ও পবিত্র ভাবরাশির অতি স্কল্বর ও সহায়ভৃতিপূর্ণ বিবরণ দিলেন। ছাত্রীরা তাঁহাদের হিন্দু ভগিনীদের দৈনন্দিন জীবন ও চিস্তারাশি সম্বন্ধে জ্ঞানিবার জন্ম সর্বদাই আগ্রহাম্বিতা ছিলেন; স্ক্তরাং এই বক্তৃতায় তাঁহারা থুবই আনন্দিতা হইলেন।

এই আগ্রহদর্শনে ভগিনী নিবেদিতা বেশ খুনী হইয়াছিলেন এবং তাঁহাদের অধিকাংশ লোক পূর্বে ষভটা জানিতেন, প্রশ্নোত্তরচ্ছলে তিনি তাঁহাদিগকে তদপেক্ষা স্পষ্টতরত্বপ্রপে ভারতীয় জীবনপ্রণালী বুঝাইয়া দিয়াছিলেন।

"২০শে জুন স্বামী বিবেকানন্দ গীতাপাঠ পরিচালনা করিলেন এবং ২৪শে জুন রবিবারে 'শক্তিপুজা' সম্বন্ধে বক্তৃতা দিলেন। সন্ধ্যায় ভগিনী নিবেদিতা পুনর্বার 'প্রাচীন ভারতীয় শিল্পকলা' বিষয়ে বক্তৃতা করিলেন। তিনি বিষয়টির সহিত স্থপরিচিতা ছিলেন বলিয়া তাঁহার বক্তৃতাটি থুবই আনন্দপ্রদ হইয়াছিল। তাঁহার আগমন ও বার্তালাপও ছিল বিশেষ শিক্ষাপ্রদ।…

"স্বামী বিবেকানন্দ ৩০শে জুন সকালের ক্লাসটি পরিচালনা করেন এবং পরদিন ১লা জুলাই রবিবার সকালে 'ধর্মের উৎস' বিষয়ে ভাষণ দেন। পূর্ব পূর্ব বিরেরই মতো ঘরগুলি ঠাসা ভরতি ছিল এবং সকলেই মনে করিয়াছিলেন যে, তাঁহার বক্তৃতাশ্রেবণ একটা সৌভাগ্যের বিষয়। ৩রা জুলাই স্বামী বিবেকানন্দ ও স্বামী তুরীয়ানন্দ নিউ ইয়র্ক ছাড়িয়া গেলেন। স্বামীন্দ্রী গেলেন ডেটুয়েটে পুরাতন বন্ধুদের সহিত মিলিত হইতে, আর তুরীয়ানন্দ গেলেন ক্যালিফনিয়ায় 'শান্তি-আশ্রম' স্থাপন করিতে এবং স্থান ক্রান্সিক্ষোতে ষে বেদান্ত-সমিতি ছিল, উহার কার্যভার গ্রহণ করিতে।

"১০ই জুলাই স্বামী বিবেকানন্দ ডেট্রয়েট হইতে ফিরিলেন এবং জুলাই-এর প্রথমার্ধ বেদাস্ত-সমিতির ভবনেই কাটাইলেন। ২০শে জুলাই তিনি প্যারিস যাত্রা করিলেন।"

শ্রীমতী মিনি বুক ২৫শে জুন পূর্ব পরিকল্পিত 'শান্তি-আশ্রমে'র জমি রেজেপ্তী করিয়া দিলে স্বামী তুরীল্পানন্দের তথায় গমনের শেষ বাধা তিরোহিত হইল। ঐ প্রদেশে যাইবার পূর্বে তিনি স্বামীজীর উপদেশ চাহিলে স্বামীজী স্বীয় অভিজ্ঞতাসভূত সকল জ্ঞাতব্য কথাই তাঁহাকে বুঝাইয়া দিয়া অবশেষে বলিলেন, "যাও হরি ভাই, ক্যালিফর্নিয়ায় আশ্রম কর, বেদান্তের ধ্বজা উড়াও। এখন হতে ভারতের স্মৃতি পর্যন্ত মন থেকে মৃছে ফেল। কেমন করে জীবন যাপন করতে হয়, এটাই এদের সব চেয়ে বেশী করে দেখাও, তারপর সব মা জ্ঞাদ্বা

১। নিবেদিতার মতে তিনি ১৫ই জুলাই সকালে গীতা-ক্লাসে অহিংসাদি সম্বন্ধে আলোচনা করেন এবং ২৪শে জুলাই সকাল ১১টায় 'মাতৃপুজা' সম্বন্ধে বক্তৃতা দেন (ঐ, ২৯৭-৯৮ পুঃ)।

দেখবেন।" মনে গাঁথিয়া রাখার মতো গভীর অর্থপূর্ণ কথা ! স্বামী তুরীয়ানন্দ উহা গ্রহণ করিয়া পশ্চিম প্রাস্তে চলিলেন।

লদ এঞ্জেলিদে পৌছাইয়া তিনি প্রথমে স্বামীজীর আরন্ধ কার্য পরিচালনে মনোনিবেশ করিলেন। কিন্তু শুধু নগরে বেদান্তপ্রচারের জন্ম তো তিনি আদেন নাই—তাঁহাকে যে 'শান্তি-আশ্রম' স্থাপনপূর্বক ঐকান্তিক বেদান্ত-সাধনার স্ক্রপাত করিতে হইবে। অতএব ঐ উদ্দেশ্যে প্রস্তুতির জন্ম তিনি ২৬শে জুলাই স্থান ক্রান্সিক্ষাতে উপনীত হইলেন ও ২রা আগদ্ট ঘাদশজন শিক্ষার্থীর সহিত স্থান আ্যান্টোন উপত্যকায় পৌছাইয়া পরিকল্পনান্থায়ী তাহাদিগকে দেখানে বেদান্ত শিক্ষা দিতে লাগিলেন। ইতোমধ্যে স্বামীজী শেষবারের মতো মার্কিন দেশ হইতে চলিয়া গিয়াছিলেন; স্বতরাং এই কার্যের সহিত তাঁহার প্রত্যক্ষ দম্পর্ক রহিল না; তাই আমাদিগকে আর এই প্রদক্ষ ফিরিয়া আদিতে হইবে না।

এদিকে স্বামীজী তরা জুলাই নিউ ইয়র্ক পরিত্যাগান্তে ভেট্রেরটে স্বাসমনপূর্বক প্রীমতী কৃষ্টিন গ্রীনস্টাইডেলের (পরবর্তীকালের ভগিনী কৃষ্টিনের) গৃহে উঠিলেন ও পুরাতন বন্ধু-বাদ্ধবদের সহিত তিন দিন আনন্দে কাটাইলেন। তাঁহার ভেট্রয়েটে অবস্থানকাল আমরা তিন দিন বলিয়াই হির করিলাম; কারণ যদিও বেদান্ত-সমিতির রিপোর্টে তরা তারিথ নিউ ইয়র্ক হইতে যাত্রা ও ১০ই তারিথ ভেটুয়েট হইতে ফিরিয়া আদার বিবরণ দেথিয়া ইংরেজী জীবনীতে দিল্লান্ত করা হইয়াছে যে, স্বামীজী ভেটুয়েটে সাতদিন ছিলেন, তথাপি মনে রাখিতে হইবে, ট্রেনে ভেটুয়েট যাতায়াতে বেশকিছু সময় অতিবাহিত হইয়াছিল; আর স্বামীজীর ১৮ই জুলাই-এর পত্রে আছে, "ভেটুয়েটে মাত্র তিনদিন ছিলাম।" ১০ই জুলাই নিউ ইয়র্কে ফিরিয়া আদার কথা অবশ্ব স্বামীজীর ১১ই জুলাই-এর পত্রে সমর্থিত হয়: "ভেটুয়েটে গিয়েছিলাম, গতকাল ফিরে এদেছি।" য়াইবার বা ফিরিবার পথে তিনি অন্ত কোথাও নামিয়াছিলেন কিনা জানা নাই।

স্বামীন্দীর পত্তাবলী হইতে নিউ ইয়র্কের অবশিষ্ট দিনগুলির থবর এইরূপ পাওয়া যায়: "প্রায় এক সপ্তাহ পূর্বে কালী (অভেদানন্দ) পাহাড়ে চলে গেছে। সেপ্টেম্বরের আগে ফিরতে পারবে না। আমি একেবারে একা…, আমি তাই ভালবাসি।" (১৮ই জুলাই)। "এ চিঠি তোমার কাছে পৌছবার আগেই— বে-রক্ম স্থীমার মিলবে সেই-মতো আমি হয়তো ইওরোপে—লগুনে বা প্যারিদে—প্রেছে যাব। এথানে আমার কাক্ষটা সহক্ষ ক'রে নিয়েছি। মি: ছইটমার্শের পরামর্শে মিস ওয়ান্ডোর হাতে কাজগুলি দেওয়া হয়েছে।" (২০শে জুলাই)।
"আমি কাল প্যারিস যাত্রা করছি, যোগাযোগ সব ঠিক হয়ে এসেছে। কালী
এখানে নেই। আমি চলে যাচ্ছি ব'লে সে একটু ভাবিত হয়ে পড়েছে—কিঙ্ক
এছাড়া উপায় কি ?" (২৫শে জুলাই)।

লক্ষ্য করিবার বিষয় এই যে, ইংরেজী জীবনীতে মৃদ্রিত বেদাস্ত-সমিতির রিপোর্টে স্বামীজীর ২০শে জুলাই প্যারিস যাত্রার কথা আছে; বান্ধলা জীবনীতে ২২শে জুলাই-এর উল্লেখ আছে (৮৪২)। অথচ স্বামীজীর ২৪শে জুলাই-এর পত্রে আছে, তিনি "আগামী রহস্পতিবারে (অর্থাৎ ২৬শে জুলাই) ফরাসী জাহাজ 'লা ভ্যাম্পেন'-এ যাত্রা করিবেন। ২৫শে জুলাই-এর পত্রেও এই কথাই সমর্থিত । ('বাণী ও রচনা,' ৮।১৪৭)। অতএব বেদাস্ত-সমিতির বিবরণে ২৬-এর স্থলে ২০ হয়তো মুদ্রাকর-প্রমাদ ভিন্ন অধিক কিছুই নহে। তিনি প্যারিসে উপস্থিত হন ১লা আগস্ট।

আমেরিকার প্রসঙ্গ শেষ করিবার পূর্বে আমরা ইংরেজী জীবনী (৬৭৫-৮২) হইতে জনৈক ভক্তের শ্বতিলিপির অন্থবাদ দিতে চাই। প্রত্যক্ষদর্শী শিশ্ব (শিশ্বা?) প্রধানতঃ ক্যালিফর্নিয়ার ঘটনা ও পরিবেশ অবলম্বনে স্বামীজীর ব্যক্তিত্ব অন্ধিত করিলেও ছবিগুলি স্বামীজীর আমেরিকাজীবনের সহিত পরিচয়লাভের পক্ষে সর্বতোভাবে উপযুক্ত বলিয়া আমরা এথানেই উপস্থিত করিলাম। আরও দ্রষ্টব্য এই যে, শ্বতিলিপির তুই-একটি ঘটনা ক্যালিফর্নিয়ার প্রদক্ষে পূর্বেই বর্ণিত হইয়া থাকিলেও লেথকের (লেথিকার?) চিস্তাধারা অব্যাহত রাধার জন্ম আমরা স্বটাই তুলিয়া ধরিলাম।

"স্বামী বিবেকানন্দ যখন ক্যালিফর্নিয়ার শ্রোতৃর্ন্দের সম্মুখে বক্তৃতা করিয়াছিলেন, তখন হইতে দশ বংসরেরও অধিক কাটিয়া গিয়াছে; অথচ মনে হয়,
এ যেন গতকালের কথা। অন্তান্ত স্থানের ন্যায় এখানেও শ্রোতারা প্রথম
হইতেই তাঁহার আপনার হইয়া যাইত ও শেষ পর্যন্ত তাঁহারই থাকিত। তাহারা
নির্বিবাদে তাঁহার চিন্তাস্রোতে গা ঢালিয়া দিত। শ্রোতাদের মধ্যে এমন অনেকে
থাকিতেন বাঁহারা বাধা দিতে চাহিতেন না, বাঁহারা ইহাতে আনন্দিত হইতেন
ও এরূপ এক অভিনবত্ব বোধ করিতেন যে, একজন জ্যোতির্ময় পুরুষের
সারিধ্যে আগমনের ফলে তাঁহারা তাঁহাদের মনের স্বগ্রুপ্ত স্থানসমূহে আলোকপাত্রের স্থ্যোগ পাইতেছেন। জন ক্ষেক থাকিতেন বাঁহারা পারিলে বাধা

দিতেন, কিন্তু তাঁহাদের প্রতিরোধশক্তি আচার্যপ্রবরের অকাট্য যুক্তি, স্ক্রবৃদ্ধি ও শিশুস্থলভ সরলতার সন্মুখে হতবল হইয়া পড়িত। সত্য কথা বলিতে কি, কেহ কেহ আপত্তি জানাইবার জন্ম উঠিয়া দাঁড়াইতেন, কিন্তু অমনি স্বীকৃতির মৃত্হাশুসহ অথবা বিভ্রান্তিজনিত তুর্বলতাবশতঃ বসিয়া পড়িতেন।

"স্বামীন্দ্রীর ব্যক্তিত্ব একটা তীব্র প্রত্যক্ষাত্মভূতি লইয়া মনের উপর আপনার ছাপ মারিয়া দিত। জ্বলন্ত নয়নদ্বয় ও মৃথভঙ্গীর ও অঙ্গবিস্থাদের লালিত্য, ঝঙ্কারময় শ্রুতিমধুর অপূর্ব সংস্কৃত-শ্লোকার্ত্তি, যাহা জনচিত্তকে অতীদ্রিয় শক্তির প্রভাব বিষয়ে সচেতন করিয়া দিত, এবং তাহার পরে যে সম্মিত আত্মবিশাসপূর্ণ অন্থবাদ প্রদত্ত হইত—এই সমস্ত মিলিয়া হিন্দুসন্ন্যাসীর স্থমনোহর বেশের পরিপ্রেক্ষিতে যে ছবি ফুটিয়া উঠিত, সেই সমস্তের কথা কি কেহ ভূলিতে পারে ?

"বক্তা হিসাবে তিনি ছিলেন অমুপম; অহান্য বক্তারা নোটের সাহায্যগ্রহণ করেন, তিনি তাহা কথনও করিতেন না; এবং যদিও তিনি অমুরোধক্রমে অনেক বক্তৃতাই একাধিকবার করিতেন, তথাপি ঐগুলি কথনও পুনরাবৃদ্ধিমাত্র হইত না। তিনি বক্তৃতাকালে যেন নিজেরই থানিকটা সন্তা বিলাইয়া দিতেন, যেন কোন অতীন্ত্রিয় উপলব্ধিন্তর হইতেই কথা বলিতেছেন। বেদান্ত-দর্শনের অতিগন্তীর তত্বগুলিও যথন শুদ্ধ মতবাদের আওতা হইতে মুক্তিলাভ করিত, তথন তাঁহার ব্যক্তিত্ব হইতে নিঃস্ত কি একটা সন্ধীব পদার্থের শক্তিতেই যেন উহা সংঘটিত হইত। তাঁহার উক্তিগুলি ছিল সক্রিয় অথচ গঠনমূলক, যাহার ফলে চিন্তা উদ্বোধিত হইয়া সমন্বয়্রসাধনের পথে পরিচালিত হইত। ফলতঃ তিনি শুধু বক্তাই ছিলেন না; তিনি ছিলেন একজন উচ্চতম শ্রেণীর আচার্য।

"প্রত্যেক বক্তৃতার শেষে তিনি প্রশ্ন করিতে উৎসাহ দিতেন এবং জিজ্ঞাসাকারীকে ব্ঝাইবার জন্ম তাঁহার চেষ্টার ক্রটি হইত না। একবার জনকরেক
ব্যক্তি তাঁহাকে পুন:পুন: প্রশ্ন করিতে থাকিলে একজনের মনে হইল, ইহারা
নিজের প্রশ্ন লইয়া স্বামীজীর পশ্চাতে নাছোড়বান্দা হইয়া লাগিয়া আছেন, এবং
বাক্যেও তিনি তাহা প্রকাশ করিলেন। অথচ স্বামীজীর অমায়িক উত্তর
আসিল, 'আপনাদের যত ইচ্ছা প্রশ্ন করতে থাকুন—যত বেশী পারেন, ততই
ভাল। আমি তো এরই জন্মে এখানে এসেছি, আর আপনারা যতকল না ব্রছেন,
ততক্রণ আপনাদের অব্যাহতি নেই।' ইহাতে উখিত প্রশংসাধ্বনি এত
দীর্ঘকালব্যাপী হইয়াছিল যে, পুনর্বার কথা বলিতে আরম্ভ করার পূর্বে ঐ ধ্বনি

থামিবার জন্ম তাঁহাকে কিয়ৎক্ষণ নীরব থাকিতে হইয়াছিল। মাঝে মাঝে তাঁহার উত্তরগুলি লোকেদের মনে বিশ্বাস জাগাইয়া দিত। পুনর্জন্মবাদ-বিষয়ক এক বক্তৃতার পরে যখন একজন প্রশ্ন করিলেন, 'স্বামীজী, আপনার নিজের পূর্বজন্মের কথা স্মরণ আছে কি ?"—তখন তিনি ঝটিতি গম্ভীরভাবে উত্তর দিলেন, 'হা, পরিষ্কার, এমন কি ছেলেবেলা থেকে।'

"পালটা জ্বাবে তিনি ছিলেন সদা প্রস্তুত এবং আবশুকক্ষেত্রে ক্রুধার, অথচ তিনি বিরোধস্থলেও মেজাজ খারাপ করিতেন না, বরং আমোদই পাইতেন। তাঁহার কাজই ছিল শ্রোতাদিগকে ব্ঝাইয়া দেওয়া এবং স্কুঠিন বিষয়েও তিনি এরপ সাফল্যলাভ করিতেন যাহা অপর কোন বক্তার পক্ষে সম্ভব ছিল না। তাঁহার বাহাছরি এইখানেই যে, তিনি স্ক্রবিষয়গুলিকেও জনপ্রিয় করিতে ও সাধারণবৃদ্ধি মাহুষেরও ব্ঝাবার উপযুক্ত করিয়া তুলিতে পারিতেন। তাঁহার বক্তব্য ছিল সকলেরই কাছে সহজ-বোধ্য। তিনি কহিয়াছিলেন, 'ভারতের লোকেরা আমাকে বলে যে, জনসাধারণের নিকট অবৈতবাদ প্রচার করা আমার পক্ষে অ্যায়; কিন্তু আমি বলি, আমি একটি শিশুকে পর্যন্ত করা যায় তত্তই মঙ্কল।'

"একবার এক বক্তৃতাশেষে তিনি স্বীয় পরবর্তী বক্তৃতার ঘোষণাচ্ছলে বলিলেন: 'আগামী রাত্রে আমি 'মন—উহার শক্তি ও সম্ভাবনা' বিষয়ে বক্তৃতা দেব। আপনারা শুনতে আসবেন, আপনাদের কাছে বলবার মতো আমার অনেক কিছু আছে; আমি একটু-আধটু বোমা ফাটাবো!'—এই বলিয়া তিনি সম্মিতবদনে একবার শ্রোতাদের দেখিয়া লইলেন এবং তারপর হাত নাড়িয়া বলিলেন, 'ঠিক আসবেন কিন্তু, এতে আপনাদের ভাল হবে!' পরের রাত্রে দাঁড়াইবারও স্থান ছিল না। তিনি প্রতিজ্ঞারক্ষা করিলেন—বোমা তিনি ঠিকই ফাটাইলেন, এবং অপর সকলের তুলনায় তিনিই সর্বাধিক জানিতেন, কি করিয়া অব্যর্থভাবে বোমা ছুঁড়িতে হয়! এই বক্তৃতাকালে তিনি মনের শক্তির্দ্ধির জন্ম বন্ধান কি প্রকার ফলপ্রস্থ হইয়া থাকে এই বিষয়ে দীর্ঘ আলোচনা করিয়াছিলেন। পবিত্রতা অর্জনের সাধন হিসাবে তিনি এই মতবাদটি বুঝাইয়া দিলেন বে, প্রত্যেক নারীতে মাতৃবৃদ্ধি করিতে হইবে। বিষয়টি উপস্থাপিত করিয়া তিনি একটু থামিলেন এবং শ্রোতাদের অক্ট্ প্রশাবলীর উত্তরদানকল্পেই বেন

বলিয়া চলিলেন, 'হাঁ, ঠিক কথা, এটা একটা মতবাদমাতা। আমি এখানে দাঁড়িয়েছি আপনাদিগকে এই মনোরম মতবাদটি জানাতে; কিন্তু আমি যখন আমার নিজের মায়ের কথা ভাবি, তখন ঠিক জানি তিনি অপর সব নারী থেকে ভিন্ন। একটা ভেদ আছে বই কি! এটা অস্বীকার করা চলে না। কিন্তু এই প্রভেদটা আমাদের চোখে ঠেকে ভুধু এই জন্ম যে, আমরা নিজেদের দেহ বলে ভাবি। এই মতবাদের সত্যতা ধ্যানসহায়ে অন্তত্তবযোগ্য। এই সকল সত্য প্রথমে শুনতে হয়, তারপর ঐ বিষয়ে ধ্যান করতে হয়।'

"তাঁহার মতে সন্ন্যাসী ও গৃহস্থ উভয়েরই পক্ষে পবিত্রতা আবশ্রক. এবং এই বিষয়ে তিনি থুব জোর দিতেন। তিনি বলিয়াছিলেন, 'দেদিন এক হিন্দ যুবক আমাকে দেখতে এসেছিল; সে এ দেশে তু বংসর যাবং আছে এবং কিছুদিন ধরে অস্থাে ভূগছে। কথাপ্রসঙ্গে সে আমাকে বলল যে, ব্রহ্মচর্য-বিষয়ক মতটি সম্পূর্ণ ভূল, কেননা এদেশের চিকিৎসকরা তাকে ও-মত অগ্রাহ্ করতে উপদেশ দিয়েছেন। আমি তাকে পরামর্শ দিয়েছিলাম সে যে ভারতের লোক সেই ভারতেই যেন ফিরে যায় এবং তার যে পুর্বপুরুষরা সহস্র সহস্র বৎসর ধরে ব্রহ্মচর্য পালন করে আসছেন, তাঁদেরই কথা যেন শোনে।' তারপর অসীম বিরক্তির রেথান্ধিত বদনমগুলখানি ফিরাইয়া তিনি বজ্বনির্ঘোষে বলিয়া উঠিলেন, 'এদেশের ডাক্তারদের বলছি, কে আপনাদের বলেছে যে ব্রহ্মচর্য-পালন প্রাক্বতিক নিয়মবিকৃত্ধ ? আপনারা কি যে বলছেন, তা নিজেরাই জানেন না। আপনারা পবিত্রতা-শব্দটির অর্থ জানেন না। আপনাদের বলবার মতো দেরা কথা যদি এইটুকুই হয়, তবে আমি বলি, আপনারা তো প**ভ,** পভ, আর আপনাদের নৈতিকতা একটা বেরালের নৈতিকতার চেয়ে বেশী নয়। কথাটি বলিয়া তিনি শ্রোতাদের প্রতি এমন এক বিজয়ী বীরের ন্যায় দষ্টিপাত कतिरामन रयन रम मुष्टिरा जिनि मकमरक है এक है। ह्यारामक जाना है राज्य है। কাহারও বাক্যফুর্তি হইল না, যদিও দেখানে অনেক চিকিৎসকই ছিলেন।

"তাঁহার সকল বক্তায়ই বোমা ফাটিত; শ্রোতৃর্দ্ধকে সবলে তাহাদের চিরাভ্যন্ত থাত হইতে ছুঁড়িয়া ফেলা হইত, তথাকথিত 'নবচিন্তা-ধারার' শিক্ষানবীশদিগের নিদারুণ অথচ শিক্ষাপ্রদ তীত্র সমালোচনা করা হইত। তিনি সহাস্থবদনে খুষ্টানদের সাম্প্রদায়িক মতের স্পষ্টতঃ বিরোধী বৈদান্তিক অত্যাশ্র্য মুক্তগুলি বলিয়া যাইতেন—তারপর এক ক্ষণের জন্ম নীরব থাকিতেন—আর

দক্তবারা নিমাধর চাপিয়া ধরিয়া যেন রুদ্ধবাসে উহার ফল নিরীক্ষণ করিতেন। কত কতবারই না এরপ ঘটিত! আর তাহার ফলও হইত কত মনোরম! ত্মাপনারা পারেন তো একবার কল্পনা করিয়া দেখুন দেখি যে, তিনি যথন নিমোক্তরূপে স্বীয় জালাময়ী বিধিগুলি উচ্চারণ করিয়া যাইতেন, তথন প্রচলিত খুষ্ট্ধর্মের উপদেশাবলীর এতদ্ধিক বিরুদ্ধাচরণ সম্ভবপর ছিল কিনা: 'অমুতাপ করবেন না, অমুতাপ করবেন না। ... কিছু না করে যদি থাকতে না পারেন তো থুথু ফেলুন, কিন্ধু তবু এগিয়ে চলুন। অমুশোচনা করে করে নিজেকে অবনত করে ফেলবেন না। আপনাদের প্রকৃত আত্মাকে পবিত্র নিত্য মুক্ত স্বরূপকে জেনে পাপের বোঝা বলে কিছু থাকলে তাকে ছুঁড়ে ফেলে দিন। যে বলে আপনারা পাপী, সেই তো বস্তুত: ভগবদাণীর বিরোধী।…' তিনি আরও বলিতেন, 'দংসার তো একটা ভ্রাস্ত-সংস্কারমাত্র! আমরা মোহাচ্ছন্ন হয়ে ভাবছি ওটা সত্য! মুক্তির উপায় বলতে সেই মোহাচ্ছন্নতা থেকে অব্যাহতি পাবার উপায়কেই বুঝায়। ... বিশ্ববন্ধাণ্ড ভগবানের একটা লীলা ব্যতীত আর কিছুই নয়। ইহা শুধু লীলাকৈবল্য। তাঁর ক্রিয়াকলাপের পশ্চাতে কোন অভিপ্রায় থাকতে পারে না। ঈশরের লীলা বুঝতে হলে ঈশরকে জানতে হবে। তাঁর থেলার সাথী হলে তিনি সব বুঝিয়ে দেবেন। ... আর আপনারা যাঁরা দার্শনিক, তাঁদের আমি বলি—জগতের কারণ সম্বন্ধে প্রশ্ন করাটাই অংগক্তিক, যেহেতু তাতে করে ভগবচ্ছক্তিতে সীমা টেনে দেওয়া হয়, আর আপনারা তা মানতে প্রস্তুত নন।' ইহার পর তিনি অবৈতবাদের প্রধান কথাগুলির এক অতি চমৎকার ব্যাখ্যা আরম্ভ করিয়া দিলেন।

"এই বিষয়ক ভাষণগুলির পরে সাধারণতঃ যেসব প্রশ্ন উঠিত তন্মধ্যে এই একটি প্রশ্ন প্রায়ই থাকিত ঃ 'কিন্তু স্বামীন্ধী, ভগবানের সঙ্গে নিজের একত্ববোধের পরে তার স্বতন্ত্র ব্যক্তিতার (বা ব্যক্তি-সন্তার—ইণ্ডিভিন্তুয়্যালিটির) কি হবে ?' তিনি এই প্রশ্নে হাসিয়া ফেলিতেন, স্মার কৌতৃকভরে উহা লইয়া একটু ব্যক্ত করিতেন। তিনি শক্ষটিকে হাস্তপূর্ণ বিদ্ধেপের ভঙ্গীতে টানিয়া উচ্চারণ করিতে করিতে বলিতেন, 'আপনারা এদেশের লোকেরা আপনাদের স্ব-ত-স্ব ব্য-ক্তি-তা (ইন্-ডি-ভি-জু-য়্যা-লি-টি) হারাতে এতই ভয়বিহ্নল। কেন বলুন তো? আপনারা তো এ যাবৎ স্বপ্ত ব্যক্তিতার অধিকারীই হননি; যখন ভগবানকে জানবেন তথনই মাত্র তা পাবেন—যখন আপনাদের পূর্বস্কপ্রের

অহত্তি হবে, তথনই মাত্র বান্তবিক ব্যক্তি-সন্তা লাভ হবে, তার আগে নয়। ভগবানের অহত্তি হলে, রাথা উচিত এমন কোন কিছু যে আপনাদিগকে হারাতে হবে, তা তো নয়!…এখানে আর একটা জিনিস আমি সদা সর্বদা তানে আসছি; আর তা হচ্ছে এই যে, আমাদিগকে প্রকৃতির সঙ্গে নির্বিবাদে চলতে হবে।' তিনি বিদ্রুপ করিয়া কহিলেন, 'প্রকৃতির সঙ্গে নির্বিবাদে হার-ম-নি)! সেকি? আপনারা কি জানেন না যে, জগতে যা কিছু উন্নতি হয়েছে, তা হয়েছে প্রকৃতির সঙ্গে লড়াই করে, প্রকৃতিকে পরাস্ত করে? এ নিয়মের কোন ব্যতিক্রম হয়নি। গাছপালা প্রকৃতির সঙ্গে নির্বিবাদে থাকে—সে তারে আছে সম্পূর্ণ মিল—কোন বাধা নেই, আবার কোন উন্নতিও নেই। উন্নতি যদি আমাদের করতে হয় তো প্রতিক্ষেত্রে প্রকৃতির সঙ্গে বিরোধ করতে হবে। একটা অভ্ত রকমের কিছু ঘটে; অমনি প্রকৃতি বলে, "কাদ!" আমরাও তথন কাঁদি—'।

"শ্রোতাদের মধ্য হইতে একজন রুদ্ধা বলিয়া উঠিলেন, 'কিছ আমরা ধাদের ভালবাদি, তাদের জন্ম কাঁদব না, এ যে বড় শক্ত কথা, আমার তো মনে হয় শোক না করাটা আমাদের পক্ষে দারুণ নির্মমতারই পরিচয় দেওয়া হবে!' তিনি উত্তর দিলেন, 'মহাশয়া, আপনি ঠিক বলেছেন, এ যে কঠিন, এটা নিঃসন্দেহ। কিছু তাতে হল কি? সব বড় কাল্লই তো কষ্টসাধ্য। পাবার মতো কোন কিছুই তো সহজে আসে না। কিছু কোন কিছু পাওয়া কঠিন বলে যেন আদর্শটিকে নামিয়ে ফেলবেন না। মুক্তির পতাকা উচ্চে তুলে ধরুন। মহাশয়া, আপনি কাঁদতে চান বলেই যে কাঁদেন তা তো নয়; বরং আপনি কাঁদেন এজন্ম যে, প্রকৃতি আপনাকে কাঁদতে বাধ্য করে। প্রকৃতি যথন বলবে, "কাঁদ," তথন আপনি বলবেন, "না, আমি কাঁদব না।" শক্তি, শক্তি!—দিন-রাত নিজেকে এই কথাই শোনাবেন। আপনি শক্তিময়ী, পবিত্র, মুক্ত! আপনাতে নেই কোন তুর্বলতা, কোন পাপ, কোন তৃঃথ!'

"এই জাতীয় বার্তা তাঁহার প্রচণ্ড ব্যক্তিত্বের সহিত মিলিয়া তাঁহাকে জগতের সর্বশ্রেষ্ঠ ধর্মাচার্যদের সমশ্রেণীভূক্ত করিয়াছিল। এইসকল বক্তৃতার কালে মনে হইত যেন আমরা এমন এক মহাপুক্ষের সান্নিধ্যের ফলে উপ্রতিষ্ঠিতির আপাত্ম-লোকে উপস্থিত হইয়াছি, বাঁহার নিকট বিশ্বপ্রপঞ্চ একটা হাসিঠাটার ব্যাপার মাল্ল-এবং বাঁহার নিকট প্রপঞ্চাতীত অধিতীয় চৈতক্তই একমাত্র সভাবস্তা।

"স্বামীন্দ্রী এমন একটা অদম্য হাস্তরদের অধিকারী ছিলেন, যাহার ফলে তাঁহার ক্লান্ত ও বক্তৃতাগুলি আনন্দময় হইয়া উঠিত এবং অনেক ক্লেত্রে অবাঞ্চনীয় পরিস্থিতি-সজনকারী উত্তেজনাপূর্ণ আবহাওয়া দ্রীভূত হইত। একবার তাঁহার বক্তৃতাশেষে তাঁহাকে যথন অবিশ্বাস্ত হইলেও একজন প্রশ্ন করিয়া বসিলেন, 'স্বামীন্ত্রী, আপনি কি ভগবানকে দেখেছেন ?' তথন তিনি যেমনি উত্তর এড়াইয়া গিয়া প্রসন্মোজ্জ্বল সহাস্তমুথে বলিলেন, 'বলেন কি ? আমাকে—আমার মতো একজন মোটা লোককে দেখে কি তাই মনে হয় নাকি ?' অমনি তাহার ফলে ভগবদস্ভৃতির মহিমা সম্বন্ধে প্রোতাদের মধ্যে যেভাবে স্বতঃ ফুর্ত গভীর আনন্দোজ্ঞাস উথিত হইল, তাহা দেখিলেই আমাদের পূর্বের মন্তব্যটি বুঝিতে পারা যাইত।

"আর একবার তিনি অধৈতবাদ ব্যাখ্যা করিতেছেন, এমন সময় প্রথম লাইন-এর বেঞ্চিতে উপবিষ্ট এক বৃদ্ধ ব্যক্তি স্থির সক্ষম লইয়াই উঠিয়া দাঁড়াইলেন এবং শ্বলিতপদে মধ্যবর্তী পথ ধরিয়া হাতের লাঠিটি প্রতিপদ-বিক্ষেপে সজ্যোরে মেঝেতে ঠুকিতে ঠুকিতে হল-এর বাহিরে চলিয়া গেলেন; তাঁহার চোখের ভাব ঠিক মুখেরই ভাষার মতো স্পষ্ট বলিয়া দিতেছিল, 'এ জায়গা থেকে আমাকে ক্রন্ত বেরিয়ে যেতে হবে।' পরিস্থিতিটিতে স্বামীজীর বেশ আমাকে ইয়াছিল বলিয়াই মনে হয়, কারণ তিনি বক্তৃতামধ্যে থামিয়া গিয়া যথন ঐ ব্যক্তিটিকে দেখিতেছিলেন, তথন তাঁহার আনন হাস্থোৎফুল্ল দেখাইতেছিল। দর্শকদের মনোযোগ একবার সহাস্থ আমোদপ্রিয় স্বামীজীর দিকে ও একবার বিরক্তিতে ভরা যে বৃদ্ধটি তাঁহাকে শেষবারের মতো ছাড়িয়া যাইতেছেন তাঁহার দিকে আরুষ্ট হইতেছিল।

"স্বামীজীর চরিত্রের এই থেয়ালী কোতুকভরা দিকটা যে কোন মৃহুর্তে আত্মপ্রকাশ করিতে পারিত। কভিপয় থিয়োসফিস্ট ও নবভাবুক-শিক্ষার্থী প্রধানতঃ অলোকিকতারই অমুসন্ধানে ফিরিতেন। ইহাদের একজন জিজ্ঞাসা করিলেন, 'স্বামীজী, আপনি কি কথনও কোন এলিমেন্ট্যালকে (স্ক্র্ম ভৌতিক জীববিশেষকে) দেখেছেন ?' ঝটিতি উত্তর আসিল, 'হা, নিশ্চয়; ও তোভারতে আমরা রোজ প্রাতরাশকালে খাই।' তিনি নিজের বিষয়েও ঠাটা করিতে ছাড়িতেন না। এক সময়ে কতকগুলি ছবি দেখিতে দেখিতে স্বামীজী সুলকায় কয়েকজন সন্থানীর চিত্রের নিকটে আসিয়া বলিলেন,

'ধার্মিক লোকেরা মোটাই হয়, এই দেখ না আমি কেমন মোটা।' আবার সাধুদের ভবিশ্বদাণী উচ্চারণের শক্তি বিষয়ে তিনি বলিয়াছিলেন, 'আমি ছেলে-বেলায় যখন রাস্তায় রাস্তায় খেলে বেড়াতাম, তখন এক সাধু ঐ পথে যেতে যেতে আমার মাথায় হাত রেখে বলেছিলেন, "বাবা, তুমি একদিন খুব বড়লোক হবে।" আজ দেখুন তো আমি কি হয়ে গেছি!' এই একটু গর্বের কথা বলিতে গিয়া তাঁহার মুথ কোতৃকে বেশ উচ্ছল হইয়া উঠিয়াছিল। তাঁহার সরল কুতৃহল-প্রিয় স্বভাব এমনি ছিল বে, শ্রোতারা হাসিঠাট্টার কালে তাঁহার সহিত সমপ্রাণ হইয়া যাইতেন। আর একবার তিনি বলিয়াছিলেন, 'খুষ্টানদের নরকের ধারণা আমাকে মোটেই সম্ভন্ত করতে পারে না। আমি দান্তের 'ইনফার্নো' তিনবার পড়েছি, কিন্ধু আমি বলতে বাধ্য যে আমি ওতে সন্ত্রাসজনক কিছু পাইনি। হিন্দুদের রকমারি নরক আছে। যেমন ধরুন, কোন পেটুক ষ্থন মরে তথ্ন তার চার্দিকে অত্যুত্তম থাত্মকল রাশি রাশি সাজানে৷ থাকে। তার ভূঁড়িটা হয় হাজার মাইল লম্বা আর তার মুখ স্বচ্যগ্রপরিমিত। একবার ভেবে দেখুন তো!' এই বক্তৃতাকালে বায়ুচলাচলের ভাল ব্যবস্থা না থাকায় তাঁহার থুব গ্রম বোধ হইতেছিল। বক্ততার পর হলের বাহিরে স্মাসিয়া তিনি স্বতি শীতল উত্তর বায়ুর সম্মুখীন হইলেন। নিজের কোটটি গায়ে আঁটিয়া ধরিয়া তিনি সজোরে বলিলেন, 'বাবা, এ যদি নরক না হয় তো নরক কাকে বলে জানি না।'

"গৃহস্থজীবনের সহিত সন্ন্যাসজীবনের পার্থক্য বিশদভাবে ব্ঝাইতে গিয়া তিনি বলিলেন, 'একজন আমাকে জিজ্ঞাসা করিলেন, আমি বিয়ে করেছি কিনা।' এই বলিয়া তিনি থামিলেন ও স্মিতবদনে শ্রোত্রন্দকে দেখিয়া লইলেন, অমনি বহুলোকের একটা চাপা হাসির শব্দ উঠিল। তাহার পর তাঁহার ম্থের মৃত্হাস্থ একটা ভীতির রূপ ধরিল, আর তিনি বলিয়া যাইতে লাগিলেন, 'বলে কি? 'আমি কোন কিছুরই জ্বান্থে বে করতে রাজী নই; এতো শয়তানের চালবাজি!' নিজের কথাগুলিতে জোর দিবারই জ্বা যেন তিনি এখানে থামিলেন; তারপর যে প্রশংসাগুল্পন উঠিতেছিল উহা থামাইবার জ্বান্থ তুলিয়া তিনি মৃথে একটা গুকু গন্তীরভাব ফুটাইয়া বলিয়া যাইতে লাগিলেন, 'তবু সন্ন্যাসপ্রথার বিক্লক্ষে কিন্তু আমার একটি মাত্র আপত্তি আছে, জ্বার সেটা এই যে—(বলিয়া তিনি আবার খামিলেন)—ওতে সমাক্ষ তার

সর্বোত্তম লোকগুলি থেকে বঞ্চিত হয়।' শ্রোতার। ইহাতে প্রশংসায় ফাটিয়া পড়িলেও তিনি থামাইবার চেষ্টা করিলেন না। তিনি তাঁহার রসিকতা শেষ করিয়াছেন—এখন তাঁহার উপভোগের সময়! আর একবার গান্তীর্বপূর্ণ ভাষণের মধ্যে অক্সাৎ তিনি হাস্তরসের অবতারণা করিলেন: 'মাছ্বেরে যাই একটু বৃদ্ধিভদ্ধি হল, অমনি গেল সে মরে! আরম্ভটা হয় তার একটা মন্ত ভূড়ি নিয়ে, যা তার মাথার লাইন ছাড়িয়েও সামনে এগিয়ে যায়। তার যখন বৃদ্ধিভদ্ধি হয়, তখন তার ভূড়িটা চলে যায়, আর মাথাটা বেড়ে ওঠে। তারপর সে মরে যায়।'

"জগতের সর্বাধিক উন্নত ধর্মচিস্তাকে স্বায়ত্ত করা এবং উহাকে ব্যাখ্যা করার অতুলনীয় শক্তির সহিত তাঁহার যৌবনস্থলভ দেহগঠনের এমন একটা অন্তত অসামঞ্জস্ম ছিল যে, তাঁহার বয়স সম্বন্ধে বহু বাদ-বিচারের অবকাশ ঘটিত। বিষয়টা নিশ্চয়ই তাঁহার জানা ছিল, কারণ তিনি একবার এক স্থযোগে শ্রোতাদের লইয়া বেশ একটু মজা করিয়াছিলেন। বক্তৃতার বিষয়েরই সঙ্গে সঙ্গতিরক্ষাপূর্বক তিনি নিজের বয়সের কথা তুলিলেন ও বলিলেন, 'আমার বয়স এই মাত্র —' (এই বলিয়া তিনি একটু থামিলেন—ততক্ষণ শ্রোতারা তথ্য জানার আশায় ক্ষশাস হইয়া আছেন)—'কয়েক বৎসর—' ছষ্টামির সহিত তিনি ৩৫ এইটুকুই বলিলেন। শ্রোতারা সকলে হতাশার নিংশাস ফেলিলেন। স্বামীজী প্রশংসা-ধ্বনির আশায় তাহাদের দিকে চাহিয়া রহিলেন—তিনি জানিতেন যে প্রশংসার রোল উঠিতে বাধ্য। শ্রোতারা তাঁহার হাসিঠাট্রা যতটা উপভোগ করিতেন. তিনি নিজেও ততটা করিতেন। একবার একটা বিশেষ মজার কথা বলিয়াই তিনি হো হো করিয়া হাসিয়া উঠিয়াছিলেন। আর অমনি গোটা হলটি জুড়িয়া হাসির রোল উঠিয়াছিল। ঠাট্টার বিষয়টা একেবারে হারাইয়া ফেলিয়াছি। বড় আপসোনের কথা ! 'ভারতের আদর্শবিলী' বিষয়ক বক্তৃতাপর্যায়ে পরিস্কার বুঝিতে পারা গিয়াছিল যে, গল্পবলার ক্ষমতা তাঁহার আশ্চর্য ; সম্ভবতঃ এই ক্ষেত্রে তিনি চরমোৎকর্ষের অধিকারী ছিলেন। স্বীয় অনমুকরণীয় ভাষায় পৌরাণিক গল্পগুলি বলার কালে তিনি সেগুলিকে জীবস্ত করিয়া তুলিতেন, বক্তব্য বিষয়টি তাঁহার অহুপম ব্যাখ্যাপ্রণালীর পূর্ণ স্থযোগ আনিয়া দিত এবং চেহারার ষেস্ব বিচিত্র পরিবর্তন তাঁহার ব্যক্তিত্বের একটা সর্বাধিক আকর্ষণের বিষয় ছিল, এই গল্প বলার কালে উহাও পূর্ণ অবকাশ পাইত। তিনি বলিতেন, 'এইসব গল

বলতে আমার ভাল লাগে; ওরই মধ্যে আছে ভারতের প্রাণ। আমি ছেলেবেলা থেকেই এগুলি শুনে আসছি। এগুলি বলতে আমার কথন ক্লাস্তিবোধ হয় না।

"স্মীজী যথন মাঝে মাঝে আত্মগোপনের চেষ্টা না করিয়া আপনাকে শ্রোতাদের সম্মুথে স্বীয় অত্যাশ্চর্য অতীন্ত্রিয় ভাবান্তভ্তির মধ্যে ছাড়িয়া দিতেন, তথন তিনি শ্রন্ধা আকর্ষণ করিতেন; যেমন তিনি একবার বলিয়াছিলেন, 'আমার কাছে সব মুথই ভালবাসার যোগ্য। ইথিয়োপিয়ার একজন লোকের চেহারার মধ্যেও যেমন হেলেনের সৌন্দর্য দেখা সম্ভব, তেমনি সকলের মধ্যে ভগবদর্শনের জন্মও আমাদের সচেষ্ট থাকা আবশ্রক। সকলে —এমন কি অতি হতচ্ছাড়াও মায়েরই সন্তান। ভাল-মন্দয় মেশানো এই জগৎ ভগবানের লীলামাত্র।'

"ব্যক্তিগত সাক্ষাৎকারকালে তিনি ছিলেন আদর্শ অতিথিবৎসল ব্যক্তি; তিনি যে শুধু খোলা-মনে বিশ্রম্ভালাপ ও যুক্তি-বিচার করিতেন ও গল্প বলিতেন, তাহাই নহে, মনে হইত তিনি যেন নিজেও উহাতে আনন্দ পাইতেন। আমার প্রথম সাক্ষাৎকারকালে আমি যে একটা স্থময় মানসিক ধালা খাইয়াছিলাম, তাহা কথনও সম্পূর্ণ কাটাইয়া উঠিতে পারি নাই। তাঁহার গায়ে ছিল একটা ধুসর বং-এর ড্রেসিং গাউন এবং তিনি আসন করিয়া একথানি চেয়ারে বিস্মাছিলেন। তথন তিনি পাইপ হইতে ধুমপান করিতেছিলেন এবং তাঁহার স্কল্বর লখা চুলের রাশি এলোমেলো চারিপাশে ছড়াইয়া পড়িয়াছিল। আমি অগ্রসর হইলে তিনি সাদরে হাত বাড়াইয়া দিলেন ও আমায় বসিতে বলিলেন। সেসব সাক্ষাৎকারের শুধু কয়েকটি বিচ্ছিন্ন অংশই এখন স্মৃতিতে রক্ষিত আছে। যেটুকু স্পষ্ট আরণ আছে তাহা ঐ সন্ন্যাসি-প্রবরের সংস্পর্শ—তিনি মনের উপর যে ছাপ রাখিয়া দিয়াছিলেন ও যে অন্থপ্রেরণা জাগাইয়াছিলেন, সেসব ঘটনা আজও আমার জীবনের সর্বশ্রেষ্ঠ কোন অভিজ্ঞতার নিম্নে স্থান লইতে রাজীনহে।

"মনকে কিরণে অধ্যাত্ম-সাধনার উপযোগী করিতে হয়, তাহার উপদেশ দিতে গিয়া তিনি বলিয়াছিলেন, 'যত কম পড়বেন ততই মঙ্গল। বইগুলি অন্ত লোকদের থানিকটা বমন ছাড়া তো আর কিছু নয়। যা এক সময় আপনাকে ফেলেই দিতে হবে, তা দিয়ে মনকে বোঝাই করবেন কেন ? গীতা ও বেদান্ত-বিষয়ক আর সব ভাল ভাল বই পড়ুন। তাতেই হয়ে যাবে।' আবার বলিলেন, 'আজকালকার শিক্ষাপ্রণালী আগাগোড়া ভূল। কি করে চিন্তা করতে হয়, এটা জানবার আগেই মনটাকে বিভিন্ন বিষয় দিয়ে ভরে দেওয়া হয়। প্রথমে শেখানো দরকার মনঃসংযম। আমাকে ধদি আবার নৃতন করে পড়াশুনা করতে হত, এবং এ বিষয়ে আমার স্বাধীনতা থাকত, তো আমি প্রথমে মনটাকে সংযত করতে শিথতাম, এবং তারপর ইচ্ছা হলে আমি নানা বিষয় আহরণ করতাম। লোকেদের কোন কিছু শিথতে দীর্ঘকাল কেটে যায় এই জন্ম যে, তারা ইচ্ছামত মনকে একাগ্র করতে পারে না। শেকেলের ইংলণ্ডের ইতিহাস মৃথস্থ করতে আমাকে তিনবার পড়তে হয়েছিল। আর আমার মা যে কোন শাস্তগ্রম্ব একবার পড়েই মৃথস্থ করে কেলতেন। মাসুষ সর্বদা ভোগে এইজন্ম যে, তারা মনকে সংযত করতে পারে না। নেহাত আমার্জিত হ'লেও একটা দৃষ্টাস্ত নেওয়া যাক: কোন ব্যক্তির তার স্ত্রীর সঙ্গে বনিবনাও হয় না; সে তাকে ছেড়ে অন্ত পুরুষদের সঙ্গে বেরিয়ে যায়। সেই স্ত্রীটি একটা বিভীষিকাপ্রায়! কিন্তু সে পুরুষ-বেচারীর এমনি অবস্থা যে, সে ঐ মেয়েটির কথা না ভেবে থাকতে পারে না, কাজেই তাকে ভূগতে হয়।'

"ধার্মিক পরিব্রাক্তকদের মধ্যে প্রচলিত ভিক্ষাগ্রহণ প্রথার সহিত বৈরাগ্যের কেন বিরোধ হয় না ইহা ব্ঝাইয়া দিতে অন্থরোধ করিলে তিনি বলিলেন, 'কথাটা মনের ভাব দেথে বিচার করতে হবে। মনে যদি আকাজ্র্যার ভাব থাকে এবং লাভালাভের ফলে উহাতে প্রতিক্রিয়া জয়ে তবে ওটা খারাপ—ইহা নিঃসন্দেহ। ভিক্ষাদান ও ভিক্ষাগ্রহণের মধ্যে স্বাধীনতা থাকা চাই; তা না হলে ওটা বৈরাগ্য নয়। আপনি যদি ঐ টেবিলের উপর আমার জয়্ম একশ ডলার রেথে দেন, এবং আশা করেন যে আমি সেজয়্ম আপনার কাছে রুভজ্ঞ হব, তাহলে আপনি তা আবার তুলেও নিয়ে যেতে পারেন—আমি ওসব ছোঁবই না। এজগতে আসার আগে, জয়াবার আগেই আমার জীবন-যাত্রার ব্যবস্থা ঠিক হয়ে আছে। ও নিয়ে আমি মাথা ঘামাই না। যার ভাগে য়া আছে, তা সে পাবে—তার জয়ের আগে থেকেই তার জয়্ম তা ঠিক হয়ে আছে।

"যথন প্রশ্ন করা হল, 'ষীশুখৃটের দৈব জন্ম সম্বন্ধে আপনার ধারণা কিরূপ ?'
—তথন তিনি উত্তর দিলেন, 'ও একটা হ্পপ্রাচীন বিশাস। ভারতে এমন
অনেকেই এই জাতীয় দাবী করে গেছেন। আমি এ বিষয়ে অজ্ঞ। তবে আমার
নিজের সম্বন্ধে আমি এতে আনন্দই অমুভব করি যে, আমার জনকজননী সাধারণ

মাহ্ব ছিলেন।' আমি সাহসভরে বলিলাম, 'কিন্তু এইরূপ মতবাদ কি প্রাকৃতিক নিয়মের বিরোধী নয় ?' তিনি মেঝেতে বে কার্পেট পাতা রয়েছে সেদিকে জক্ষেপ না করিয়া নিজ ন্নিপারের গোড়ালীতে পাইপের ছাই ঝাড়িয়া ফেলিতে ফেলিতে বলিলেন, 'ভগবানের কাছে প্রকৃতি কতটুকু ? এ তো সব তাঁর লীলা!' তারপর পাইপটাকে পরিকার করার জন্ম উহার ম্থে ফুঁ দিয়া বলিতে লাগিলেন, 'আমরা প্রকৃতির দাস, ঈশ্বর প্রকৃতির প্রভু – তিনি যেমন খুশী করতে পারেন। তিনি ইচ্ছা করলে একই কালে এক বা দ্বাদশ দেহ এবং যেমন খুশী দেহ ধ্বারণ করতে পারেন। আমরা তাঁর সীমা করব কি করে ?'

"রাজ্যোগ-বিষয়ক অনেকগুলি প্রশ্নের উত্তর দিবার পর তিনি বন্ধুত্পূর্ণ সহাস্থা বদনে কহিলেন, 'কিন্তু কেবল রাজ্যোগ নিয়ে মাথা ঘামাচ্ছেন কেন? আরো তো উপায় আছে।'

"বাডীর সামনের একথানি ঘরে সেদিন রাজযোগের ক্লাসটি যে সময়ে আরম্ভ হওয়ার কথা ছিল, আমাদের দাক্ষাৎকার দীর্ঘায়িত হওয়ায় উহা আরম্ভ করিতে পনর মিনিট বিলম্ব হইয়া গেল। যে মহিলা ঐ সব ব্যবস্থা করিতেন তিনি ক্রতপদে আমাদের ঘরে আসিয়া কথাবার্তায় বাধা দিয়া বলিলেন, 'একি স্বামীজী, আপনি যে যোগের ক্লাসের কথা একেবারে ভূলে গিয়েছেন ৷ পনর মিনিট দেরী হয়ে গেছে, আর এদিকে ঘর লোকে ভরে গেছে।' স্বামীজী ঝটিতি উঠিয়া দাঁডাইলেন এবং আমাকে উচ্চৈ:ম্বরে বলিলেন, 'ও:, আমায় মাপ করবেন, এখন আমরা সামনের ঘরে যাব।' আমি হলের মধ্য দিয়া হাঁটিয়া সামনের ঘরে গেলাম. আর তিনি গেলেন সামনের ঘর ও আমরা যে ঘরে বসিয়া কথা কহিতেছিলাম উহার মধ্যবর্তী শয়নকক্ষের ভিতর দিয়া। আমি আসন গ্রহণ করিবার পূর্বেই তিনি স্বীয় কক্ষ হইতে বাহির হইলেন। আমি বলিয়া আসিয়াছি যে, তাঁহার চুল ছিল এলোমেলো; কিন্তু এখন উহা বেশ স্থবিক্তন্ত ছিল এবং তাঁহার গায়ে ছিল সন্ন্যাসীর আলখালা। যে ঘরে এলোমেলো-চুলে ও ডেুসিং গাউন পরিয়া তিনি কথা কহিতেছিলেন সে ঘর হইতে উঠিয়া বক্তৃতার জ্বন্ত প্রস্তুত হইয়া মন্থরগতিতে সম্মুখের কক্ষে আসার মধ্যে এক মিনিটের অধিক সময় লাগে নাই। ক্রততা ও কার্যের পুঝারুপুঝ ব্যবস্থা সত্য সত্যই তাঁহার আমন্তাধীন ছিল। তবু তিনি নিজে যে চালে চলিবেন ঠিক করিয়াছেন, অনেক সময় তাহার হেরফের করানো স্কৃঠিন ছিল। ধক্ষন কোন দিন লেকচারের সমন্ব উত্তীর্ণ হইয়া যাইতেছে,

এমতাবস্থায়ও মাঝে মাঝে তাঁহাকে রান্তার ট্রাম বা বাস ধরিবার জন্ম তাড়াতাড়ি চালানো কঠিন হইত। তাড়াতাড়ি করিবার জন্ম অন্তন্মের উত্তরে তিনি টানিয়া টানিয়া বলিতেন, 'আপনারা আমায় তাড়া দিচ্ছেন কেন? আমরা এ গাড়ীটা ধরতে নাই মদি পারি তো পরেরটা ধরব।'

"এইদব বোণের ক্লাদে মাহ্ব ও আচার্য হিদাবে স্বামীজীর যতটা নিকটসারিধ্যে আসা যাইত, বক্তৃতার হলে তাহা সম্ভব হইত না। এখানে সংস্পর্শ
হইত নিকটতর ব্যক্তিগতভাবে এবং প্রভাবও বিস্তারিত হইত অধিকত্র
প্রত্যক্ষরণে। সাধুতা, সরলতা ও জ্ঞানের মূর্ত বিগ্রহম্বরণ তিনি যেন এমন এক
অন্তর্গতনস্পর্শী শক্তি লইয়া কথা কহিতেন যাহার ফলে শ্রোতার মন রাজ্যোগের
সাধনোৎকর্ষের অভিমুখ না হইয়া ঈশর ও বৈরাগ্যের অভিমুখেই অধিকাধিক
ধাবিত হইত।

"একটি সংক্ষিপ্ত বক্তৃতার পর তিনি আসন করিয়া কোচের উপর বদিতেন এবং শ্রোতাদের মধ্যে যাঁহারা ধ্যানের জন্ত বসিয়া থাকিতেন তাঁহাদিগকে ধ্যানের উপদেশ দিতেন। তিনি রাজ্যোগ সম্বন্ধ প্রবচন দিতেন এবং সাধারণ প্রাণায়ামাদি সম্বন্ধে কার্যকরী শিক্ষা দিতেন। তাঁহার বক্তব্য কতকটা এইরূপ ছিল: 'আপনাদের ঠিকভাবে বসতে শিখতে হবে তারপর ঠিকভাবে খাস-প্রখাস নিতে হবে। এতে একাগ্রতা বৃদ্ধি হয়, পরে ধ্যান হয়। পরাণায়ামের সময় মনে করবেন যেন আপনাদের দেহগুলি জ্যোতির্ময়। প্রক্ষেপতের উপর থেকে নীচের দিকে—সহস্রার থেকে ম্লাধার পর্যন্ত দেথে যান। ভাবুন, আপনারা স্ব্যাবত্যে কুগুলিনীকে দেখছেন আর উহা জাগ্রতা হয়ে সহস্রারাভিম্থে উঠে যাছে। প্রতিধি ধক্ষন। মহা ধৈর্যের আবশ্রক।

"যাহারা সন্দেহ বা ভয় প্রকাশ করিতেন, তাঁহাদিগকে আখাস দিবার জয় তিনি বলিতেন, 'আমি তো এখন আপনাদের কাছেই আছি, আমার উপর একটু বিখাস রাখতে চেটা করুন।' সম্মতিলাভের জয় তিনি যখন এইরপ বলিতেন, তখন সে সাম্বনয় শক্তির প্রভাব কেহ এড়াইতে পারিতেন নাঃ 'আমরা ধ্যানশিক্ষা করছি এই জয় যে, আমরা ঈশ্বরিচন্তা করতে পারব। রাজযোগ ঐ উদ্দেশ্রসাধনের একটা উপায়্মাত্র। রাজযোগের রচয়িতা মহাযোগী পতঞ্জলি সর্বদা এই কথাই শিশ্বদের মনে দৃঢ়ান্ধিত করতে সচেষ্ট ছিলেন। আপনাদের এখন যৌবন—এই হচ্ছে আপনাদের ঠিক সময়। ভগবানের চিস্তা

করবেন ভেবে বুড়ো বয়স পর্যন্ত অপেক্ষা করে থাকবেন না, কেননা তথন আপনাদের ভগবচ্চিন্তার সামর্থ্যই থাকবে না। অল্পবয়সেই ভগবচ্চিন্তায় শক্তি বাডে।

"কোঁচে আসন করিয়া বসিয়া, সন্ন্যাসীর বেশে ভূষিত থাকিয়া, স্বীয় ক্রোড়োপরি হন্তম্বরের একথানিকে আর একথানিতে রাখিয়া নিমীলিতপ্রায় দৃষ্টিতে যখন তিনি বসিতেন, তখন তাঁহাকে ব্রোঞ্চের মূর্তি বলিলেও চলিত— এমনই নিশ্চল তিনি হইয়া ঘাইতেন! কেবল অতীক্রিয় ভাবরাজ্যে সচেতন থাকিয়া তিনি এমন এক আদর্শ তুলিয়া ধরিতেন যাহাতে শ্রন্ধা, প্রেম ও ভক্তির উদ্রেক আপনা হইতেই হইত।"

পাশ্চাত্য-কৃষ্টিকেন্দ্র

স্বামীজী আমেরিকা ছাড়িয়া ফরাসী দেশে চলিলেন। ফ্রান্স বা মহানগরী প্যারিস তাঁহার নিকট নৃতন নহে; সেধানে তাঁহার এই দিতীয়বার যাতা। প্যারিসের গুণাগুণ তুইই তিনি জানিতেন, তবু খভাবতই সর্ববিষয়ে গুণের দিকে ঝুঁকিতেন। অতএব ফরাসী সভ্যতা স্বতই তাঁহার মনকে আকর্ষণ করিত। ফ্রান্স ও প্যারিদ সম্বন্ধে তিনি লিথিয়াছিলেন, "এ ইউরোপ ব্রুতে গেলে পাশ্চান্তা ধর্মের আকর ফ্রান থেকে ব্রুতে হবে। পৃথিবীর আধিপতা ইউরোপে, ইউরোপের মহাকেন্দ্র পারি। পাশ্চান্ত্য সভ্যতা, রীতিনীতি, আলোক-আঁধার, ভাল-মন্দ, সকলের শেষ পরিপুষ্ট ভাব এখানে—এই পারি নগরীতে। এ পারি এক মহাসমূত্র—মণি মুক্তা প্রবাল যথেষ্ট, আবার মকর কুম্ভীরও অনেক। এই ফ্রান ইউরোপের কর্মক্ষেত্র। *স্থ*ন্দর দেশ—চীনের কতক অংশ ছাড়া এমন দেশ আর কোথাও নেই। নাতিশীতোঞ্চ, অতি উর্বরা; অতিবৃষ্টি নাই, অনাবৃষ্টিও নাই. সে নির্মল আকাশ, মিঠে রৌজ, ঘাদের শোভা, ছোট ছোট পাহাড়, চিনার বাঁশ প্রভৃতি গাছ, ছোট ছোট নদী, ছোট ছোট প্রস্রবণ—দে জলে রূপ, স্থলে মোহ, বায়ুতে উন্নত্ততা, আকাশে আনন্দ। প্রকৃতি হুলর, মাহুষও সৌন্দর্য-প্রিয়। আবালবুদ্ধবনিতা, ধনী, দরিদ্র তাদের ঘর-দোর, ক্ষেত-ময়দান ঘ'ষে মেজে, সাজিয়ে গুজিয়ে ছবিখানি ক'রে রাখছে। এক জাপান ছাড়া এ ভাব আর কোথাও নাই। সেই ইক্রভুবন অট্টালিকাপুঞ্জ, নন্দনকানন উচ্চান, উপবন —মায় চাধার ক্ষেত্ত, সকলের মধ্যে একটু রূপ—একটু স্থাছবি দেখবার চেষ্টা এবং সফলও হয়েছে। এই ফ্রাঁস প্রাচীনকাল হ'তে গোলওয়া, রোমক, ফ্রাঁ প্রভৃতি জাতির সংঘর্ষভূমি; এই ফ্রাঁ জাতি রোমসাম্রাজ্যের বিনাশের পর ইউরোপে একাধিপত্য লাভ করলে, এদের বাদশা শার্লামাঞন ইউরোপে ক্রিশ্চান ধর্ম তলোয়ারের দাপটে চালিয়ে দিলেন, এই ফ্রাঁ জাতি হতেই আশিয়াথতে हेछेताए अठात, जारे चाक्छ रेखेताणी चामात्तत काट्ट क्याँकि, स्मित्रिकि, প্লাঁকি, ফিলিক ইত্যাদি।" ('বাণী ও রচনা', ৬।১৯১-৯২)। আর তিনি লিখিয়াছিলেন, "কুফকেশ, অপেক্ষাকৃত থর্বকায়, শিল্পপ্রাণ, বিলাসপ্রিয়, অতি স্থসভ্য ফরাসীর শিল্পবিক্রাস ; …প্যারিসের পর পাশ্চান্ত্য জগতে আর নগরী নাই ;

নব সেই প্যারিসের নকল—অন্ততঃ চেষ্টা। কিন্তু ফরাসীতে যে শিল্পস্থমার স্ক্র্র সৌন্ধ জার্মানে, ইংরেজে, আমেরিকে সে অন্তকরণ স্থূল। ফরাসীর বলবিস্থাসও বেন রূপপূর্ণ; ক্রেরাসী প্রতিভার মুথমণ্ডল ক্রোধাক্ত হলেও স্থূলর; ক্রেরাসীর সভ্যতা স্নায়ুময় কর্প্রের মতো—কল্পরীর মতো এক মুহূর্তে উড়ে ঘর দোর ভরিয়ে দেয়; ক্রেরাসীর নরম শরীর—মেয়েমান্থবের মতো; কিন্তু যথন কেন্দ্রীভূত হয়ে আঘাত করে, সে কামারের এক ঘা; তার বেগ সহ্থ করা বড়ই কঠিন।" (ঐ, ১২৬)।

স্বামীজী ২৬শে জুলাই বৃহস্পতিবার ফরাদী জাহাজ 'লা শ্রাম্পেন'-এ চড়িয়া তরা আগস্ট প্যারিদ-এ উপনীত হইলেন । এবং দেদিন হইতে অক্টোবরের ২৩ ভারিথ পর্যন্ত ফরাসী দেশেই কাটাইলেন। পারিসে উপন্থিত হইয়া তিনি প্রথমে লেখেটদের বন্ধু জেরাল্ড নোবেল নামক এক ভদ্রলোকের বাড়ীতে উঠিলেন। লেগেটরা তথন ৬ প্লাস দে-জ্বেতাৎ এই ঠিকানায় একটি ভাতা-বাড়ীতে থাকিতেন। স্বামীন্দ্রী নোবেলের বাড়ী হইতে দেখানে যাতায়াত করিতেন, মাঝে মাঝে রাত্রিবাদও করিতেন। ৪ঠা আগস্ট রাত্রে তিনি নোবেল, নিবেদিতা ও শ্রীমতী ম্যাকলাউড-এর সহিত আইফেল টাওয়ার-এর উপরে বসিয়া নৈশভোজন করেন। টাওয়ারের চারিদিকে তথন প্রদর্শনী বসিয়াছে এবং সেধানে বসিয়া আহার করা ও সব দেখা তথন এক অতিবাঞ্চিত ব্যাপার। স্বামীন্ত্রীর ১৪ই আগস্ট-এর পত্তে যে ঠিকানা আছে (বুলেভার হান্স স্থয়ান, বা সম্ভবত: Boulevard Haussmann), নোবেল হয়তো দেখানে থাকিতেন। ২৪শে আগস্ট বিকালে স্বামীন্ধী লেগেটদের বাড়ীতে একটি বক্ততা দেন। ৩১শে খাগন্ট তিনি জুল বোয়ার বাড়ী দেখিয়া খাদেন ও দেখানে বাদ করার দিখান্ত গ্রহণ করেন। তরা দেপ্টেম্বর হইতে ৮ই দেপ্টেম্বর পর্যন্ত পাারিদ কংগ্রেদের অধিবেশন হয়। ১০ই সেপ্টেম্বর লেগেটদের বাড়ীতে মধ্যাহ্ন-ভোজকালে তিনি রাজকুমারী ভরিষা, ভরিষার ভ্রাতা ডিউক অব নিউ ক্যাদল এবং লেভি

>। এই অধ্যারের ভারিখণ্ডলি 'প্রবৃদ্ধ ভারত'-এর (১৯৬৭) মার্চ সংখ্যার প্রকাশিত বামী বিদ্যান্ধানন্দের প্রবৃদ্ধ হইতে গৃহীত হইল।

২। ১০ই আগতের পত্তে আছে, "শীন্নই ইংলও বাত্রা"। কিন্তু অন্ত কোধাও ইংলও বাত্রার উল্লেখ নাই। বস্তুত্য, তিনি ইংলওে বান নাই বলিরা মনে হয়।

স্থাদলসির সহিত পরিচিত হন। স্বস্তুত্ত বিখ্যাত ভাস্কর স্থগাস্ট রভিন-এর সহিতপ্ত তাঁহার স্থালাপ হয়।

১লা সেপ্টেম্বরের একথানি পত্তে যে পণ্ডিতের বাড়ীর বর্ণনা আছে, তিনি হয়তো জুল বোয়া। পত্তে আছে: "কাল যার কাছে থাকব তার বাডী দেখে এনেছি। সে গরীব মাত্রয-পণ্ডিত; তার ঘরে একঘর বই, একটা ছ-তলার ফ্লাটে থাকে। তায় এদেশে আমেরিকার মতো লিফ্ট নেই—চড়াই-ওতরাই। ওতে কিছ আমার কট হয় না। সে বাড়ীটির চারিধারে একটি স্থলার পার্ক। সে লোকটি ইংরেজী কইতে পারে না, সেইজন্ম আরও যাচ্ছি। কাজে কার্জেই ফরাসী কইতে হবে আমায়।" অক্টোবর মাসে লিখিত তুইখানি চিঠির ('বাণী ও রচনা', ৮।১৬১-৬৪) প্রথমখানিতে আছে, "এখানে আমি খুব স্থবী ও পরিতৃপ্ত আছি। অনেক বছর পরে ভাল সময় কাটাচ্ছি। মঁ বোয়ার সঙ্গে আমার এখানকার জীবন্যাত্রা বেশ তৃপ্ত –রাশি রাশি বই, চারিদিকে শান্তি—স্থামাকে পীড়িত করে, এমন জিনিস এখানে নেই।" পরবর্তী ১৪ই অক্টোবরের পজে আছে: "মঁ জুল বোয়া নামে একজন বিখ্যাত ফরাসী লেখকের সঙ্গে আছি। স্মামি তাঁর অতিথি। লেখা থেকে জীবিকা অর্জন করতে হয় তাঁকে; তাই তিনি ধনী নন। কিন্তু আমাদের মধ্যে অনেক উচ্চ উচ্চ চিন্তার ঐকা আছে এবং আমরা পরস্পরের সাহচর্যে বেশ আনন্দে আছি। বছর কয়েক আগে তিনি আমাকে আবিদ্বার করেন এবং আমার কয়েকটি পুন্তিকা ইতোমধ্যেই ফরাসীতে অন্থবাদ করে ফেলেছেন।"

শ্রীমতী ম্যাকলাউডের শ্বতিকথা হইতে ('রেমিনিসেন্সেদ অব স্বামী বিবেকানন্দ', ২৪৭ পৃঃ) নোবেল-এর সম্বন্ধ জানা যায়: "আমাদের বাড়ীতে স্বামীজী কয়েক সপ্তাহ থাকিয়া শ্রীযুক্ত জেরাল্ড নোবেল-এর বাড়ীতে গেলেন। ইনি অবিবাহিত ছিলেন। পরে তিনি শ্রীযুক্ত নোবেল সম্বন্ধে বলিয়াছিলেন, 'শ্রীযুক্ত নোবেল-এর মতো একজন বন্ধু পাওয়ায় জীবন সার্থক হয়ে গেল।' সত্যই তিনি আমাদের এই বন্ধুটিকে অত্যম্ভ সন্মান করিতেন। এই ছয় মাস আমাদের গৃহে বছ শুতিথিকে নিমন্ত্রণ করা হইত; স্বামীজী প্রায়্ম প্রতিদিন দ্বিপ্রহরে থাইতে আসিতেন।" শেষের বাক্যটির এইরূপ অর্থও হইতে পারে য়ে, শুধু নোবেল-এর বাড়ীতে থাকাকালে নহে, বোয়ার বাড়ীতে অবস্থানকালেও স্বামীজী লেগেটদের বাড়ীতে যাতায়াত করিতেন।

স্বামীজীর প্যারিদে স্বাসার স্বস্তুতম প্রধান উদ্দেশ্ত ছিল ধর্মেতিহাস-সম্মেলনে বোগ দেওয়া। স্বামীজীর এক পত্রে আছে ('বাণী ও রচনা', ৮/১৫০): "ধর্মেতিহাস-সম্মেলন হয়ে গেছে। সে কিছুই নম্ব, জন কুড়ি পণ্ডিতে পড়ে শালগ্রামের উৎপত্তি, জিহোবার উৎপত্তি ইত্যাদি বকবাদ করেছে। আমিও ধানিকটা বকবাদ ভায় করেছি।" পত্রথানি স্বামী তুরীয়ানন্দকে লিখিত— কতকটা ঘরোয়াভাবে। তাই ঐ সম্মেলনের বিবরণ তাচ্ছিল্যপূর্ণ ছই কথায় শেষ করিয়াছেন। স্বামীজীর আমেরিকার কার্যের সহিত প্রতাক্ষ পরিচয়বান স্বামী তুরীয়ানন্দ তাঁহাকে ঐ ক্ষুদ্র পরিবেশমধ্যে না দেখিয়া বুহত্তর সভাস্থলাদিতে দেখিবার আশা রাখিবেন, ইহাই ছিল স্বাভাবিক। সে দৃষ্টিতে ঐ কথাগুলির একটা তাৎপর্য থাকিলেও ঐ ধর্মেতিহাস-সম্মেলনকে ঐরূপ তুই কথায় উড়াইয়া त्मख्या ठटन ना—इंखरताशीय श्राद्यक्या ७ প্রাচ্য-পা*চাত্ত্যের মিলনভূমির নব-রূপায়ণের ক্ষেত্রে ঐ সভার ফলাফল গুরুত্বপূর্ণ ছিল। স্বামীজীও তাহা জানিতেন, তাই ঐ বিষয়ে একাধিক স্থলে উল্লেখ করিয়াছিলেন ও একটি প্রবন্ধও ('পারি-প্রদর্শনী', এ, ৪৭-৫২) লিখিয়াছিলেন। তদানীস্তনকালে পাশ্চান্ত্য বুধমগুলীর মধ্যে ভারতেতিহাস-গবেষণা এমন এক স্তরে উপস্থিত হইয়াছিল, বেখানে ভারতীয় ক্লষ্টিকে হয় অপর সভ্যতার নিকট সর্বতোভাবে ঋণী অথবা তদপেকা নিক্টতর মনোভাবসম্ভূত বলিয়া প্রতিপন্ন করা হইত এবং স্বকপোলকল্পিত সর্ব-প্রকার উদ্ভট মতবাদই বিজ্ঞানসম্মত ও প্রমাণসহ সিদ্ধান্ত বলিয়া সম্মানিত হইত। এই বিদ্বেপরায়ণতার প্রতিকারকল্পেই স্বামীজী একবার নিবেদিতাকে বলিয়াছিলেন, প্রাচীন ভারতেতিহাদের লুপ্ত তথ্য আবিষ্কার করিতে হইলে প্রতীচ্য পণ্ডিতগণ যেসব মতবাদ প্রচার করিয়াছেন, ঠিক উহার বিপরীত প্রাস্ত হইতে গবেষণা আরম্ভ করা আবশ্রক। ফলত: অতি কৃত্র গণ্ডীর মধ্যে ধর্মেতিহাস-সম্মেলনটি দীমাবদ্ধ থাকিলেও স্বামীন্ধী সেদিন প্রচলিত মনোভাবের মন্তকে যে মুষলাঘাত করিয়াছিলেন, তাহা দিগু দিগন্তে প্রতিধ্বনিত হইয়া প্রতীচ্য মনীষাকে ভবিশ্বতের জন্ম সাবধান করিয়া দিয়াছিল এবং ক্রমে এইসব অসংবদ্ধ বাতুলপ্রায় মতবাদ অপসারিত করিয়া সত্যের স্বরূপ খুলিয়া मिश्राष्ट्रिन ।

প্রাক্তক প্রবন্ধে উলিখিত হইয়াছে যে, প্যারিস "মহাদর্শনীতে 'কংগ্রে দ' লিক্সেয়ার দে রিলিজিঅঁ' অর্থাৎ ধর্মেতিহাস-নামক সভার অধিবেশন হয়। উক্ত সভার অধ্যাত্মবিষয়ক ও মতামত সন্ধনী কোনও চর্চার হান ছিল না, কেবলমাত্র বিভিন্ন ধর্মের ইতিহাস অর্থাৎ তদক্ষসকলের তথ্যাত্মসন্ধানই উদ্দেশ্য ছিল। শর্মসভা না হইবার কারণ এই ষে, চিকাগো মহামণ্ডলীতে ক্যাথলিক সম্প্রদায় বিশেষ উৎসাহে যোগদান করিয়াছিলেন; ভরসা—প্রোটেস্টান্ট সম্প্রদায়ের উপর অধিকারবিস্তার; তবং সমগ্র খৃষ্টান জ্বগং—হিন্দু, বৌদ্ধ, ম্সলমান প্রভৃতি সম্প্রদায়ের প্রতিনিধিবর্গকে উপস্থিত করাইয়া স্বমহিমা-কীর্তনের বিশেষ স্বযোগ নিশ্চিত করিয়াছিলেন। কিন্তু ফল অক্তরূপ হওয়ায় খৃষ্টান সম্প্রদায় সর্বধর্মসমন্বয়ে একেবারে নিক্রৎসাহ হইয়াছেন; ক্যাথলিকরা এখন ইহার বিশেষ বিরোধী। ফ্রান্স ক্যাথলিক-প্রধান; অতএব যদিও কর্তৃপক্ষদের যথেষ্ট বাসমাছিল, তথাপি সমগ্র ক্যাথলিক জগতের বিপক্ষতায় ধর্মসভা করা হইল না।" কিন্তু ধর্মসভাবলম্বনে স্বপ্রাধান্ত স্থাপন অসম্ভব হইলেও অন্ত উপায়ে তো তাহা হইতে পারিত। সে চেষ্টাই ধর্মেতিহাস-সম্মেলনে আত্মপ্রকাশ করিয়াছিল; কারণ পণ্ডিত হউন আর যাই হউন, পরজাতিবিদ্বেষ হইতে মৃক্ত থাকা বড় সহজ্ঞসাধ্য নহে। সভায় এশিয়া হইতে আগত তিনজনের কথা স্বামীন্ধী লিধিয়াছেন—একজন স্বয়ং তিনি, অপর তুইজন জাপানী।

পাশ্চান্তাদিগের তদানীস্তন মত ছিল—বৈদিক ধর্ম প্রাক্কতিক বিস্ময়াবহ
স্থান্থিদি জড়বন্ধর আরাধনা হইতে সন্তৃত হইয়াছিল। স্থামীন্ধী এই মতের
বিক্লম্বে প্রবন্ধ পাঠের প্রতিশ্রুতি দিয়াছিলেন; কিন্তু শারীরিক অস্ত্রন্থতাবশতঃ
প্রবন্ধ লিখিতে পারেন নাই, কোন প্রকারে সভায় উপস্থিত হইয়াছিলেন এবং
ইওরোপীয় ব্ধমণ্ডলী পূর্ব হইতেই তাঁহার পুন্তকাদি পড়িয়াছিলেন বলিয়া তাঁহাকে
সাদরে অভার্থনা করিয়াছিলেন।

সভায় ওপট-নামীয় এক জার্মান পণ্ডিত স্বীয় প্রবন্ধে বলেন যে, শালগ্রাম স্রী-চিহ্ন ও শিবলিঙ্গ পুং-চিহ্ন ব্যতীত আর কিছুই নহে—ফলতঃ এই উভয় উপাসনা লিজ-যোনি-পূজারই পরিচায়ক। স্বামীজী এই মতের বণ্ডন করিতে উঠিয়া বলেন, শিবলিজ সম্বন্ধে এরপ কথা পূর্বেও শ্রুত হইয়া থাকিলেও শালগ্রাম মম্বন্ধে এই কথা অতীব অভিনব। প্রকৃতপক্ষে উভয় ধারণাই মিথ্যা। শিবলিজের পূজার মূল উৎস হইতেছে অথববেদের মূপ-স্বস্ভের প্রসিদ্ধ স্থোত্র। "উক্ত স্থোত্রে অনাদি অনম্ভ স্বস্ভের অথবা স্বস্ভের বর্ণনা আছে এবং উক্ত স্কুম্ভই যে ব্রহ্ম, তাহাই প্রতিপাদিত হইয়াছে। যজ্ঞের অগ্নি, শিখা, ধূম, ভত্ম,

সোমলতা ও বজ্ঞকাঠের বাহক বৃব যে প্রকার মহাদেবের অককান্তি, পিল্ল জটা, নীলকণ্ঠ ও বাহনাদিতে পরিণত হইয়াছে, দেই প্রকার যুপস্কন্তও প্রীশন্ধরে লীন হইয়া মহিমান্বিত হইয়াছে। ালিকাদি পুরাণে উক্ত ন্তবকেই কথাছেলে বর্ণনা করিয়া মহান্তন্তের মহিমা ও শ্রীশন্ধরের প্রাধান্ত বাাখ্যান্ত হইয়াছে। পরে হইতে পারে যে, বৌদ্ধাদির প্রাহ্রভাবেলালে বৌদ্ধন্ত প্রসমান্ধতি দরিপ্রাণিত কুলাবয়ব আরক-ন্তপুও সেই ন্তন্তে আর্থিত হইয়াছে। "শালগ্রামের উৎপত্তি সম্বন্ধে তিনি লিখিয়াছেন, "বৌদ্ধন্তপুপের অপর নাম ধাতৃ-গর্ভ। ন্তুপমধ্যন্ত শিলাকরও মধ্যে প্রসিদ্ধ বৌদ্ধ ভিক্লাদিগের ভন্মাদি রক্ষিত হইত; তৎসক্ষে ম্বর্ণাদি-ধাতৃও প্রোথিত হইত। শালগ্রাম-শিলা উক্ত অন্থি-ভন্মাদি-রক্ষণশিলার প্রাকৃতিক প্রতিরূপ। অতএব প্রথমে বৌদ্ধপুজিত হইয়া বৌদ্ধমতের অন্যান্ত অক্রের ন্যায় বৈষ্ণব সম্প্রদায়ে প্রবেশলাভ করিয়াছে। অপিচ নর্মদাকৃলে ও নেপালপ্রস্কত শালগ্রামই যে বিশেষ সমাদৃত, ইহাও বিবেচ্য। " স্কতরাং স্বামীজীর স্ক্রিন্তিত মত এই যে, শালগ্রামের যৌনব্যাখ্যা অভ্তপুর্ব। শিবলিকের ঐরপ ব্যাখ্যা অতি অর্বাচীন ও বৌদ্ধর্যের অবনতিকালে ঐ সম্প্রদায়েই উহার উদ্ভব হয়।

শহা এক বক্তায় স্বামীক্ষী বলেন যে, ভারতথণ্ডে বেদ হইতেই বৌদ্ধাদি
সর্বপ্রকার ধর্মতের উৎপত্তি হইয়াছিল। তাঁহার মতে শ্রীকৃষ্ণ বৃদ্ধের পূর্ববর্তী
এবং "যে প্রকার বিষ্ণুপুরাণোক্ত রাজকুলাদির ইতিহাস ক্রমশঃ প্রত্নতত্ত্ব-উদ্ঘাটনের
সহিত প্রমাণীকৃত হইতেছে, দেই প্রকার ভারতের কিংবদন্তী সব সত্য।
র্থা প্রবন্ধ-কল্পনা না করিয়া পাশ্চান্তা পণ্ডিতেরা যেন উক্ত কিংবদন্তীর রহশ্যউদ্ঘাটনের চেটা করেন।" স্বামীক্ষী আরও বলেন যে, ভারতীয় কৃষ্টির উপর
গ্রীক-প্রভাব তৎকালে স্বতঃসিদ্ধ বলিয়া গৃহীত হইলেও উহা প্রমাণসহ নহে।
শুধু গোটাকয়েক শন্দের বৃংপত্তি অবলম্বনে কোন সিদ্ধান্ত গ্রহণ করা অন্যায়।
বৃংপত্তি অবলম্বনে জ্যোতিয়-শাস্ত্র গ্রীকদেশ হইতে আগত—এইরপ কল্পনা
না করিয়া বরং দেখানো সহক্ষ য়ে, বেদ হইতেই ঐ শাস্ত্রের উৎপত্তি হইয়াছিল,
আর বৃংপত্তি অবলম্বনেও দেখানো চলে যে, জ্যোতিয়-সম্বন্ধীয় গ্রীক-শন্ধগুলি
বৈদিক শন্দেরই অপভ্রংশ। সংস্কৃত নাটকও গ্রীস হইতে আসে নাই, উহার
বিষয়বন্ধ অভিনয়-ভন্দী ইত্যাদি বহু বিকৃদ্ধ তথ্য ইহাই প্রমাণ করে। আর্থভার্মগুভ
ভারতসম্ভৃত। উহার উপর গ্রীক-প্রভান রহিয়াছে, এইরপ সিদ্ধান্তে উপনীত

হওয়া ভ্রান্তিমাত্র। স্থার তিনি প্রমাণ করেন যে, গীতা বুদ্ধের পূর্ববর্তী, উহা মূল মহাভারতেরই সংশ্বিশেষ।

বকৃতার পর অনেকেই মতামত প্রকাশ করিলেন। অনেকেই বলিলেন, "স্বামীন্দী যাহা বলিতেছেন, তাহার অধিকাংশই আমাদের সমত এবং স্বামীন্দীকে আমরা বলি বে, সংস্কৃত প্রত্নতত্ত্বের আর সেদিন নাই। এখন নবীন সংস্কৃতক্ত সম্প্রদায়ের মত অধিকাংশই স্বামীন্দ্রীর সদৃশ এবং ভারতের কিংবদন্তী পুরাণাদিতে যে বান্তব ইতিহাস রহিয়াছে, তাহাও আমরা বিশাস করি।" তথাপি সভার বৃদ্ধ সভাপতি অন্তে সেই পুরাতন মতই সমর্থন করিলেন যে, গীতা মহাভারতের সমসাময়িক নহে। তাঁহার যুক্তি সেই পুরাতন কথা—"অধিকাংশ ইওরোপীয় পণ্ডিত এই বিষয়ে একমত"।

এই সম্মেলন উপলক্ষে অনেক পণ্ডিতের সহিত স্বামীজীর আলাপ-পরিচয় হইয়াছিল। এতন্তির লেগেটদের গৃহে বহু পণ্ডিত নিমন্ত্রিত হইয়া আসিতেন ও সেখানে আরও খোলা-মনে ভাবের বিনিময় হইত। স্বামীজী লিখিয়াছিলেন ('বাণী ও রচনা', ৬)২০): "মি: লেগেট প্রভূত অর্থব্যয়ে তাঁর প্যারিসম্থ প্রাসাদে ভোজনাদি-ব্যপদেশে নিত্য নানা যশস্বী ও যশস্বিনী নর-নারীর সমাগম সিদ্ধ করেছেন,…। কবি, দার্শনিক, বৈজ্ঞানিক, নৈতিক, সামাজিক,গায়ক, গায়িকা, শিক্ষক, শিক্ষিত্রী, চিত্রকর, শিল্পী, ভাস্কর, বাদক—প্রভৃতি নানা জাতির গুণিগণসমাবেশ মিস্টার লেগেটের আতিথ্য-সমাদর-আকর্ষণে তাঁর গৃহে। সে পর্বতনির্বরৎ কথাছেটা, অয়িফুলিঙ্গবৎ চতুর্দিক-সম্থিত ভাববিকাশ, মোহিনী সঙ্গীত, মনীধিনমন:সংঘর্ষ সম্থিত চিস্তামন্ত্রপ্রহাহ সকলকে দেশকাল ভূলিয়ে মৃয় ক'রে রাখত।"

এই সব বৈঠক বা ভোজ-সভায় শুধু উচ্চ ধর্ম, দর্শন, শিল্প প্রভৃতির আলোচনাই হইত না; মাঝে মাঝে রঙ্গরসও চলিত। এইরপ একটি 'থেয়ালীদের কংগ্রেস'-এর বিবরণ স্বামীজীর ওরা সেপ্টেম্বরের (১৯০০) পত্তে আছে। বাছল্যভয়ে আমরা উহা উদ্ধৃত করিলাম না। শুধু লক্ষ্য করিবার বিষয় এই যে, এই 'কংগ্রেস'-এ সভাপতির পদের জন্ম প্রথমে আমেরিকার খ্যাতনামা পণ্ডিত অধ্যাপক উইলিয়াম জেমসকে অমুরোধ করা হয়। তিনি অবশ্ব সম্মত হন নাই; বস্তুত: সভাপতির আসন শৃশু রাথিয়াই সভার কার্য বা রঙ্গরস চলিয়াছিল। সেধানে আরও উপস্থিত ছিলেন স্বামীজী, শ্রীযুক্তা ওলি বুল, শ্রীমতী ম্যাকলাউড, ভগিনী নিবেদিতা ও প্যাটিক গেডিজ।

ধর্মেতিহাস-সভার অধিবেশন শেষ হইলে স্বামীজী মিসেস ওলি বুলের নিমন্ত্রণ গ্রহণ করিয়া ১৭ই সেপ্টেম্বর ব্রিটানি প্রদেশের অন্তর্গত লানিয় ইইতে ছয় মাইল দুরে পেরো গাইরেক নামক গ্রামে গমন করিলেন এবং শ্রীমতী বলের কুটিরে অতিথি হইলেন। এখানে ২৮শে পর্যস্ত বেশ বিশ্রামে কাটিল। সিস্টার নিবেদিতাও ঐ সময়ে এম্বানে আসিয়া অবস্থান করিতেছিলেন। "ব্রিটানি হইতেই নিবেদিতা স্বামীজীর নিকট বিদায় লইয়া ইংলত্তে গমন করেন। যাত্রার পূর্বদিন সন্ধ্যার পর নিবেদিতা তাঁহার লতাপাদপমণ্ডিত কুদ্র পাঠাগারের হারপ্রাস্থে সহসা স্বামীজীর কণ্ঠন্বর ভনিতে পাইলেন। রাত্তির আহার সমাপনাত্তে এক বন্ধুর সহিত তাঁহাদের নিদিষ্ট কুটিরে ঘাইবার পথে তিনি নিবেদিতাকে আশীর্বাদ জানাইতে সেথানে দাঁডাইয়াছিলেন। নিবেদিতা আহ্বান শুনিয়া বাহিরে উভানে আসিয়া দাঁড়াইলে স্বামীজী বলিলেন, এক অভুত রক্ষের মৃসলমান সম্প্রদায় আছে। লোকে বলে, তারা এত গোঁড়া যে, কোন শিশু জন্মিবামাত্ত তারা এই কথা বলে তাকে রাস্তায় ফেলে দেয়. 'ষদি আলা তোমাকে সৃষ্টি করে থাকেন, তবে মর, আর যদি আলি তোমাকে সৃষ্টি করে থাকেন, তবে বেঁচে থাক।' তারা শিশুর প্রতি যা বলে থাকে, আজু রাতে আমি তোমাকে তাই বলছি, কিন্তু ঠিক উলটোভাবে: 'সংসারক্ষেত্রে প্রবেশ কর, এবং যদি আমি তোমায় সৃষ্টি করে থাকি, তবে দেখানে বিনাশপ্রাপ্ত হও; এবং যদি মা ব্ৰহ্মময়ী তোমাকে সৃষ্টি করে থাকেন, তবে বেঁচে থাক'।" নিবেদিতা অবনত-মন্তকে তাঁহার আশীর্বাদ গ্রহণ করিলেন—এ যে সর্বপ্রকারে সম্পূর্ণ স্বাধীনতারই মন্ত্র। পরদিন সকালে তিনি যাত্রা করিবেন। সবেমাত্র সুর্যোদয় হইয়াছে. অমনি স্বামীজী উপস্থিত হইলেন—পূর্বরাত্তে বিদায় লইয়া থাকিলেও আবার যেন শেষ দেখার প্রয়োজন ছিল। গ্রামে যানবাহনের অভাব: নিবেদিতা এক ক্ষকের পণ্যবাহী গাডীতে উঠিলেন। গাডী চলিতে লাগিল—এদিকে স্বামীন্ত্রী কুটিরের বাহিরে দাঁড়াইয়া হাত তুলিয়া বিদায়-অভিনন্দন জানাইতে লাগিলেন। গাড়ী দূরে চলিয়া যাইতেছে; নিবেদিতা তবু মুখ ফিরাইয়া বার বার দেখিলেন श्रामीकी এकरेভार्व रमशास्त्र मां फ़ारेगा। প্রতীচীর দৃষ্টিতে ইহা অভিনন্দন, প্রাচীর দৃষ্টিতে আন্তরিক আশীর্বাদ। ('স্বামীজীকে বেরূপ দেখিয়াছি', २०६-०७ %:)।

১৯০০ খুষ্টাব্দের মাইকেলমাস দিবসে (২৯শে সেপ্টেম্বর) স্বামীজী কয়েকজ্ঞনের

সহিত সঁ্যা মিশেল-পাহাডে সাধুদের একটি মঠ দেখিতে বান। উহা এক সময়ে জেলরপে ব্যবহৃত ইইয়াছিল। সেখানে কয়েদীদের জন্ত বে-সকল অন্ধকার থাঁচার মতো ঘর ছিল, স্বামীজী সেইগুলি দেখিতেছিলেন। এমন সময় পার্মবর্তী ভদ্রলোকটি শুনিয়া চমকাইয়া উঠিলেন—স্বামীজী অম্বচ্চস্বরে বলিতেছেন, 'আহা কি চমৎকার ধ্যানের জায়গা!' "কেন তিনি পারিপার্শ্বিক অবস্থাসমূহকে গ্রাহ্ম করিতেন না, তাহার গৃঢ় কারণ অম্পদ্ধান করিতে হইলে স্মরণ রাখিতে হইবে যে, তিনি সর্বদাই আবিদ্ধার করিতে চেটা করিতেন, কোথায় স্বাপেক্ষা উত্তম চিস্তার সহায়তা হয়।" (ঐ, ২১০ পঃ)। ঐ স্থান হইতে স্বামীজী ৩০শে তারিখে প্যারিশ্বে ফিরিয়া আসেন। তিনি পুনর্বার জুল বোয়ার সহিত ১৫ই হইতে ১৯শে অক্টোবর পর্যন্ত গুলি বুলের কুটিরে বাস করেন।

প্রতীচ্য সমাজের প্রত্যক্ষ অভিজ্ঞতার ফলে এবং ফরাসী সংস্কৃতি ও তাহার রাজধানী প্যারিসের সৌন্দর্য, ভাবগান্তীর্ঘ ইত্যাদির সহিত ইওরোপীয় অক্যান্ত দেশের ও তত্তং রাজধানীর বিশ্লেষণাত্মক তুলনার ফলে স্বামীজ্ঞী যেসব মূল্যবান সিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন, তাহা তাঁহার লেখনীমূথে বিবৃত হইয়াছে। অতএব এই জীবনীগ্রন্থে আমরা উহার আলোচনায় বিরত রহিলাম। অফুসন্ধিংস্থ পাঠক উহা তাঁহার গ্রন্থাবলী 'বাণী ও রচনা'য় (৬।১২৪-৬৬, ৬।১৯১-৯৯) পাইবেন। প্রাচ্য ও পাশ্চান্তোর তুলনামূলক বিচারও তাঁহার 'পরিব্রাক্তক' এবং 'প্রাচ্য ও পাশ্চান্তা' গ্রন্থরের (ঐ, ৬৯ থণ্ড) রহিয়াছে। উহার আলোচনাও আমরা করিব না। তবে ফরাসী দেশের সহিত সম্পর্ক না থাকিলেও ঐ কালের তৃইটি ঘটনা আমরা উল্লেখ করিতে চাই, কেননা উহাদের সহিত স্বামীজীর ঘনিষ্ঠ সম্পর্ক ছিল এবং স্বামীজীকে বুঝিতে হইলে ঐতৃইটির প্রতি দৃষ্টি রাখা অত্যাবশ্রুক। প্রথম ঘটনা বেলুড় মঠের জন্ত দেবোত্তর ট্রাস্ট ভীড সম্পাদন; দ্বিতীয় ঘটনা রামকৃষ্ণ মিশন ও মঠের জন্ত প্রতীক বচনা।

আমরা পূর্বে বলিয়া আসিয়াছি, বেল্ড় মঠ স্থাপনের পর তত্ত্রতা মিউনিসিপ্যালিটি স্থির করিলেন যে, উহা মন্দির, সাধুদের আশ্রম বা ধর্মস্থান নহে—প্রত্যুত
উহা স্বামী বিবেকানন্দের নিজস্ব সম্পত্তি, বাগানবাড়ী! অতএব ট্যাক্স ধার্ম
হইল। স্বামীজী কটে-স্টে অর্থসংগ্রহান্তে মঠ নির্মাণ করাইয়াছিলেন; কিন্তু
দৈনন্দিন ব্যয় পরিচালনার মতোই অর্থ অবশিষ্ট ছিল না, অতএব ট্যাক্সের-ভাকা

আসিবে কোথা হইতে ?° একবার উহা বাগানবাডী আখ্যা পাইলে ট্যাক্স क्मागं वाजिएक बाकिरव। अठताः चारेन जीवी वहता भवामर्ग मिलन, খামীজী বেন শ্রীরামক্ষের নামে দেবোত্তর টাস্ট করিয়া স্বত্ব ত্যাগ করেন। স্বামীন্দী সহজেই স্বীকৃত হইলেন। সম্পত্তির উপর স্বত্ব ত্যাগের প্রস্তাব অনেক পুরাতন। এজন্ম বিভিন্ন উপায়ও স্বামীজী ভাবিয়াছিলেন এবং অবলম্বন করিয়াছিলেন। ইহার নিদর্শন তাঁহার পত্রাবলীর বছস্থানে আছে। কিন্তু শেষ কার্যকর ব্যবস্থা হয় প্যারিদে অবস্থানকালে। আগস্ট মাদে তিনি স্বামী তুরীয়া-নন্দকে লিথিয়াছিলেন. "ট্রাস্ট ভীড করিয়ে নিলেই আমি বাঁচি;" আবার ১লা দেপ্টেম্বর তাঁহাকেই লিখিয়াছিলেন, "একরকম নিশ্চিম্ভ হওয়া গেছে, অর্থাৎ ট্রাস্ট ডীড-ফিড সই করে কলকাতায় পাঠিয়েছি: আমার আর কোন স্বন্ধ বা অধিকার রাথি নাই। তোমরা এখন সকল বিষয়ে মালিক, প্রভুর রুপায় সকল কাজ করে নেবে।" সহি করা অবশ্র আগস্ট মাসেই হইয়া গিয়াছিল, কারণ ২৫শে আগস্টের পত্তে স্বামীজী নিবেদিতাকে লিখিয়াছিলেন, "এদিকে টাস্টের দলিলগুলি দন্তথতের জন্ম পড়ে ছিল: স্থতরাং আমি ব্রিটিশ কনসালের আফিসে গিয়ে সই করে দিয়েছি। কাগজপত্র এখন ভারতের পথে। এখন আমি স্বাধীন. আর কোন বাঁধাবাঁধির ভিতর নেই, কারণ কার্যব্যাপারে আমার আর কোন ক্ষমতা, কর্তৃত্ব বা পদ রাখিনি। রামক্লফ মিশনের সভাপতির পদও আমি ত্যাগ করেছি। এখন মঠাদি দব আমি ছাড়া রামক্রফের অন্তান্ত দাকাৎ শিশুদের হাতে গেল। ব্রহ্মানন্দ এখন সভাপতি হলেন, তারপর উহা প্রেমানন্দ ইত্যাদির উপর ক্রমে ক্রমে পড়বে। এখন এই ভেবে আমার আনন্দ হচ্ছে যে, আমার মাথা থেকে এক মন্ত বোঝা নেবে গেল। আমি এখন নিজেকে বেশ স্থখী বোধ করছি।"

স্বামীজীর পত্তের ভাষা হইতে যদিও মনে হয় যে, তিনি এই ট্রান্ট-সংলগ্ন শেষ কাগজ প্যারিসে বসিয়াই সহি করিয়াছিলেন, তথাপি চরম রূপ লইয়া দলিলখানি স্বাক্ষরিত হইয়াছিল স্বামীজীর ভারত-প্রত্যাবর্তনের পরে ১৯০১ খৃষ্টাব্দের ৩০শে জামুয়ারি ও উহা রেজেখ্রীকৃত হইয়াছিল ৬ই ফেব্রুয়ারি। এই দলিল অমুসারে মঠের স্থাবর অস্থাবর সমস্ত সম্পত্তির জন্য ট্রাষ্টি নিযুক্ত হইয়া-

৩। শ্রীবৃক্তা বুলকে লিখিত ১১ই ডিনেশ্বর, ১৮৯৯-এর পত্র দ্রষ্টবা ।

ছিলেন: স্বামী ব্রন্ধানন্দ, স্বামী প্রেমানন্দ, স্বামী শিবানন্দ, স্বামী আপণ্ডানন্দ, স্বামী ব্রিগুণাতীত, স্বামী রামক্ষধানন্দ, স্বামী অবৈতানন্দ, স্বামী হবোধানন্দ, স্বামী অভেদানন্দ, স্বামী তৃরীয়ানন্দ। স্বামীজীর কোন শিশ্বকে ইহাদের অন্তর্ভুক্ত করা হয় নাই। ট্রাস্টের দলিলটি আইনমত সম্পাদিত হওয়ার পর ১০ই ক্রেক্র্যারি তারিখে স্বামী বিবেকানন্দের উপস্থিতিতে ট্রাস্টিদের প্রথম সভা আহ্ত হয় এবং অধিকাংশের সম্বতিক্রমে স্বামী ব্রন্ধানন্দ সভাপতি নির্বাচিত হন (স্বামী ব্রন্ধানন্দের দিনলিপি)। এদিকে মিউনিসিপ্যালিটির সহিত যে মোকদ্দমা চলিতেছিল, কলিকাতা হাইকোটের আদেশাস্থসারে ২০শে ক্রেক্র্যারি মঠকর্তৃপক্ষ উহাতে জয়লাভ করেন। এই ঘটনাগুলি পরবর্তী হইলেও বর্ণনার স্ববিধার জন্ম আমরা এখানেই বলিয়া রাখিলাম।

প্রাসন্ধিক আর একটি বিষয়ও এখানে বলিয়া রাখি। অনেকের ধারণা এই যে. ট্রাস্ট ডীড করিয়া মঠপরিচালনার দায়িত্ব বর্জন করার পুর্বেও স্বামীজী ঐ কার্যে নিরত ছিলেন না, এসব কার্য অপরেরা করিতেন, স্বামীজীর কার্য ছিল ভগু বক্ততা দেওয়া; স্বতরাং ট্রাস্ট স্বষ্টির পরে যে তিনি কোন কিছুতেই ছিলেন না, একথা উল্লেখ করাই নিম্পয়োজন। বস্তুতঃ এইরূপ ধারণা সম্পূর্ণ ভ্রাস্ত । এ পর্যন্ত আমরা স্বামীজীর জীবনের যতটুকু আলোচনা করিয়াছি, তাহা হইতে ম্পাষ্টই প্রতীত হয় যে, তিনি যথন যেখানেই থাকুন না কেন, সর্বদা মঠের ও মিশনের কার্যাবলীর খবর রাখিতেন এবং প্রয়োজনম্বলে নির্দেশ ও উপদেশ দিতেন। কি করিয়া হিসাব লিখিতে হইবে, পত্তের নকল রাখিতে হইবে, কার্যব্যবস্থা ও কার্যবিভাগাদি হইবে, স্বাস্থ্যের নিয়ম পরিপালিত হইবে, অধ্যয়ন-অধ্যাপনাদি চলিবে, ইত্যাদি বছ বিষয়ে তিনি বিধান দিতেন ও দেগুলি পরিপালিত হইত। আর ভাবরাজির তিনিই ছিলেন একমাত্র উৎস-এরপ বলিলেও অত্যুক্তি হইবে না। অর্থসংগ্রহও তিনিই করিতেন। বেলুড় মঠ স্থাপন ও রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠা তাঁহারই কীতি। মিশনের তিনিই ছিলেন প্রথম প্রেসিডেন্ট। মঠেরও তিনিই ছিলেন প্রথম অধ্যক্ষ, যদিও প্রেসিডেন্ট কথাটির প্রয়োগ আরম্ভ হয় রামক্রফ মিশন প্রতিষ্ঠার পরে। ট্রান্টের পরেও সর্ববিষয়ে তাঁহারই ইচ্ছা পরিপালিত হইত—তিনিই ছিলেন কর্তা বা স্বামী ব্ৰহ্মানন্দের ভাষায় জেনাবেল প্রেসিডেণ্ট।

ভারপর মঠ-মিশনের প্রতীকের কথা। এখানেও একদিকে আমরা বেমন

পাই একাধারে ভাবরাশির একত্র সমাবেশের ও ভাবের ছোতক প্রতীক-কল্পনার ক্ষমতা, অপরদিকে তেমনি পাই শিল্পিস্থলভ গভীর অমুভৃতি ও রূপায়ণচাতুর্য। প্রতীকটির অর্থ ব্যাখ্যা করিতে গিয়া স্বামীজী ২৪শে জুলাই, নিউ ইয়র্ক ত্যাগের প্রাক্কালে শ্রীমতী ম্যাকলাউডকে লিখিয়াছিলেন: "সূর্য = জ্ঞান; তরকায়িত জন = কর্ম ; পদ্ম = প্রেম ; দর্প = যোগ ; হংন = আত্মা ; উক্তিটি = হংন (অর্থাৎ পরমাত্মা) আমাদিগকে উহা প্রেরণ করুন (তল্লো হংসঃ প্রচোদয়াৎ)। এটি হৎ-সরোবর। কল্পনাটি ভোমার কেমন লাগে? যা হোক, হংস যেন ভোমায় এ সমন্ত দিয়ে পরিপূর্ণ করেন।" কল্পনাটি তথন স্বেমাত্র রূপপরিগ্রহ করিয়াছে. ইহার প্রমাণ পাই স্বামী তুরীয়ানন্দকে লিখিত ২৫শে জুলাই-এর পত্তে: "বলি হাঁস কেমন ?" অর্থাৎ তুরীয়ানন্দ পূর্বে এই প্রতীক দেখেন নাই। প্রতীকটি ঐকালে রচিত হইলেও জনসাধারণে প্রচারিত হইতে নিশ্চয়ই যথেষ্ট সময় লাগিয়াছিল। স্বামীজীকেই প্রথমাকস্বায় উহা ব্যাপ্যা করিতে হইত। এইভাবে ১৯০১ খুষ্টাব্দের ৫ই জুলাই তিনি মেরীকে লিখিয়াছিলেন, "মিশনের শীলমোহরে সাপটি হ'ল রহস্তবিভার (যোগের) প্রতীক: সুর্য জ্ঞানের: তরকায়িত জল কর্মের; পদ্ম প্রেমের; সকলের মাঝখানে হংসটি হল আত্মার প্ৰতীক।"

প্রতীকটির শিল্পের দিক আলোচিত ইইয়াছিল আরও পরে স্বামীন্সী যথন ভারতে প্রত্যাবর্তনাস্তর বেল্ড মঠে বাস করিতেছিলেন। সেইকালে একদিন কলিকাতা জুবিলি আর্ট একাডেমির প্রতিষ্ঠাতা ও অধ্যাপক শ্রীযুক্ত রণদাপ্রসাদ দাশগুপ্ত মহাশয় মঠে আদিলে স্বামীন্সী তাঁহার সহিত শিল্পকলার আলোচনা আরম্ভ করিলেন ও স্বীয় মতপ্রকাশব্যপদেশে বলিলেন, "মান্থ্র যে জিনিসটি তৈরি করে, তাতে কোন একটা আইডীয়া (মনোভাব) প্রকাশ করার নামই আর্ট (শিল্প)। যাতে আইডীয়ার প্রকাশ নেই, রঙ-বেরঙের চাকচিক্য পরিপাটি থাকলেও তাকে প্রকৃত আর্ট বলা যায় না। ঘটি, বাটি, পেয়ালা প্রভৃতি নিত্যব্যহার্ঘ জিনিসপত্রগুলিও ঐরপে বিশেষ কোন ভাব প্রকাশ করে তৈরি করা উচিত।" ক্রমে মা কালীর ছবির কথা উঠিল ও স্বামীন্দ্রী স্বর্হিত 'কালী দি মাদার'-এর কথা তুলিয়া বলিলেন, "আপনি ঐ ভাবটা একখানা ছবিতে প্রকাশ করতে পারেন কি ?" অতঃপর কবিতাটি আনাইয়া স্বয়ং পাঠ করিলেন। "রণদাবারু স্ববিতাটি শুনিয়া কিছুক্ষণ শুদ্ধ হইয়া বসিয়া রহিলেন। কিছুক্ষণ বালে রণদাবারু

যেন কল্পনানয়নে ঐ চিত্রটি দেখিতে পাইয়া 'বাপু' বলিয়া ভীত-চকিতনয়নে স্বামীন্সীর মুখপানে তাকাইলেন।" ছবি আঁকিতে পুনরায় অহরুদ্ধ হইয়া তিনি বলিলেন, "আজে, চেষ্টা করব। কিন্তু ঐভাবের কল্পনা করতেই যেন মাথা খুরে বাচ্ছে।" রণদাবার পরে কথা রাখিতে চেষ্টা করিয়াছিলেন; কিন্তু চিত্রখানি সম্পূর্ণ করিতে পারেন নাই, কাজেই স্বামীজীকেও দেখান নাই। অতঃপর স্বামীজী त्रामकृष्य मिनात्मत्र नीनात्माहरत्रत हित्ति ज्यानाहेशा त्रापनावात्रक रमथाहरानन छ অফুরোধক্রমে উহার তাৎপর্য বুঝাইয়া দিলেন। "রণদাবাবু চিত্রটির ঐরূপ অর্থ ভ্রমিয়া নির্বাক হইয়া রহিলেন। কিছুক্ষণ পরে বলিলেন, 'আপনার নিকটে কিছুকাল শিল্পকলাবিতা শিখতে পারলে আমার বান্তবিক উন্নতি হতে পারত'।" ঐ দিন স্বামীজী ভাবী বামকঞ-মন্দিবের পরিকল্পনা লইয়াও আলোচনা করিয়া-ছিলেন। সে কথা আমরা পরে বলিব। আলোচনাশেষে স্বামীজী রণদাবাবুকে অফুরোধ করিলেন, তিনি যেন শিল্পকলা সম্বন্ধে তাঁহার অভিজ্ঞতাজনিত কিছু কিছু বলেন। রণদাবাবু ইহার উত্তরে কহিলেন, "মহাশয়, আমি আপনাকে नुष्ठन कथा कि त्नानाव, व्यापनिष्ट के विवरम वाक वामात्र तहाथ कृष्टिस मिलन। শিল্প সম্বন্ধে এমন জ্ঞানগর্ভ কথা এ জীবনে আর কথনও শুনিনি। আশীর্বাদ করুন, আপনার নিকট বেদকল ভাব পেলাম, তা বেন কাব্দে পরিণত করতে পারি।" ('বাণী ও রচনা', ১।১৮৬-১২)। ইহার পর আমরা পুনর্বার প্যারিসে ফিরিয়া যাই।

প্যারিসে থাকাকালে স্বামীজীর সহিত বেসব জ্ঞানী ও গুণীর প্রথম পরিচয় বা পুনর্মিলন ঘটিয়াছিল, তাঁহাদের কয়েকজনের কথা আমরা পুর্বেই বলিয়া আসিয়াছি। প্রদর্শনীর কালে আচার্য জগদীশ বস্থ মহাশয়ও সহধর্মিণীর সহিত উপস্থিত হইয়াছিলেন। এই স্থদেশবাসীদের পাইয়া স্বামীজী বেমন আনন্দ অহুভব করিয়াছিলেন, বিজ্ঞানজগতে আচার্যের ক্বতিত্বের জক্তও তেমনি গৌরবান্বিত হইয়াছিলেন।

'ম্যাক্সিম গান'-এর আবিদ্ধারক শ্রীযুক্ত হিরাম ম্যাক্সিম-এর সহিতও তাঁহার বন্ধুত্ব হইয়াছিল। প্যারিস হইতে পূর্ব ইওরোপে ঘাইবার কালে ইনি নানা স্থানে চিঠিপত্র যোগাড় করিয়া দিয়াছিলেন, যাহাতে দেশগুলি ভাল করিয়া দেখা যায়। ইহার সম্বন্ধে স্বামীন্দী লিখিয়াছিলেন ('বাণী ও রচনা', ৬০২২৩): "ম্যাক্সিম আদতে আমেরিকান; এখন ইংলতে বাস, ভোপের কারখানা ইত্যাদি।

ম্যাক্সিম তোপের কথা বেশী কইলে বিরক্ত হয়, বলে, 'আরে বাপু, আমি কি আর কিছুই করিনি, ঐ মান্থব-মারা কলটা ছাড়া ?' ম্যাক্সিম চীনভক্ত, ভারতভক্ত, ধর্ম ও দর্শনাদি সম্বন্ধে স্থলেখক। আমার বইপত্র পড়ে অনেক দিন হ'তে আমার উপর বিশেষ অম্বরাগ—বেজায় অম্বরাগ।…ম্যাক্সিম পাদ্রীদের চীনে ধর্মপ্রচার আদতে সহ্য করতে পারে না। ম্যাক্সিমের গিন্নীটিও ঠিক অম্বর্গ—চীনভক্তি, ক্রিশ্চানি-ছণা। ছেলেপুলে নাই, বুড়ো মান্থব—অগাধ ধন।"

পাশ্চান্ত্য দেশের সর্বশ্রেষ্ঠা অভিনেত্রী মাদাম সারা বার্নহার্ড আর সর্বশ্রেষ্ঠা গায়িকা মাদামেয়াজেল কালভের সহিত তাঁহার পুর্বেই মার্কিন দেশে আলাপ হইয়াছিল। প্যারিসে আবার আলাপের স্থযোগ হইল। ইহারা ত্ইজনেই ইংরেজী জানিতেন না; তবে ভারতের প্রতি উভয়েরই শ্রদ্ধা ও ভালবাসাছিল।

রিশেলুর ডিউক-এর সঙ্গেও তাঁহার পরিচয় ঘটিয়াছিল। ফরাসীর প্রাচীন অভিজাত-বংশসস্থৃত ডিউক রিশেলু ছিলেন ক্যাথলিক সম্প্রদায়-ভৃক্ত স্থশিক্ষিত যুবক। স্বামীজীর সহিত আলাপ হইবার পর তিনি স্বামীজীর প্রতি থুবই আরুষ্ট হন এবং ঘন ঘন যাতায়াত আরম্ভ করেন। প্যারিস ত্যাগের পূর্বে স্বামীজী ডিউককে জিজ্ঞাসা করেন, তিনি সংসার ত্যাগ করিতে প্রস্তুত আছেন কিনা। রিশেলু তাহাতে প্রতিপ্রশ্ন করেন, সন্ন্যাসী হইলে তিনি কি পাইবেন ? স্বামীজী উত্তর দেন, "আমি তোমাকে মৃত্যুকে ভালবাসতে শেখাব।" ঐ কথা ব্যাখ্যা করিতে গিয়া স্বামীজী বলেন যে, তিনি রিশেলুর মনের অবন্ধা এমন করিয়া দিবেন যাহাতে তিনি মরণে ভীত না হইয়া হাসিম্থে উহা বরণ করিবেন। অবশ্ব রিশেলু শেষ পর্যন্ত রাজী হন নাই; তবে তিনি সারাজীবন স্বামীজীর কথা ভক্তিপূর্বক স্বরণ করিতেন।

সামীজী তথন পূর্ব ইওরোপ হইয়া ভারতে ফিরিবার কথা ভাবিতেছিলেন।
মাদাম কালভেও সে শীতে না গাহিয়া বিশ্রামের পরিকল্পনা করিয়াছিলেন;
স্থতরাং তিনি স্বামীজীকে তাঁহার অতিথি হইয়া ভ্রমণ করিতে অস্থরোধ
করিলেন এবং স্বামীজীও সমত হইলেন। শ্রীমতী ম্যাকলাউডের স্থতিকথায়
আছে ('রেমিনিসেন্দেস অব স্বামী বিবেকানন্দ', ২৪৭ পৃঃ)ঃ "প্যারিসে একদিন
মধ্যাহ্ন-ভোজের সমন্থ গান্ধিকা মাদাম এমা কালভে বলিলেন, তিনি শীতকালে
মিশানুর ষাইতেছেন। অতএব আমি ষধন প্রস্তাব করিলাম বে, আমি তাঁহার

সহিত বাইব, অমনি তিনি স্বামীন্ত্রীর দিকে ফিরিয়া বলিলেন, 'আপনি আমাদের সক্ষে আমার অতিথিরপে মিশরে যাবেন কি ?' তিনি সমত হইলেন।" কালডে যে শুধু সন্ধীতের চর্চা করিতেন তাহাই নহে, তাঁহার বিভাও যথেষ্ট ছিল এবং তিনি দর্শনশাস্ত্র ও ধর্মশাস্ত্রের বিশেষ সমাদর করিতেন। শৈশবে তিনি অতি দরিদ্র ছিলেন; উত্থম ও অধ্যবসায় অবলমনে তিনি ক্রমে সৌভাগ্যের শীর্ষয়ানে আরোহণ করিলেও শৈশবের তৃঃখ-কষ্ট ও দারিদ্রোর স্মৃতি তাঁহার জীবনে এক অপুর্ব সহাত্রভৃতি ও ভগবভাব আনিয়া দিয়াছিল।

আর ছিলেন মঁ সিয়ে জুল বোয়া, বাঁহার কথা আমরা পুর্বেই বিশিয়া আসিয়াছি। তিনি ছিলেন ধর্মীয় কুসংস্কারসকলের ঐতিহাসিক তত্মাবিদ্ধারে নিপুণ—মধায়ুগের ইওরোপে শয়তান-পূজা, জাত্ব, মারণ, উচাটন, ছিটে-ফোঁচা, মস্ত্রতন্ত্র ইত্যাদি বিষয়ে তিনি একথানি গ্রন্থ রচনা করিয়াছিলেন। তিনি অতি নিরভিমান ও শাস্তপ্রকৃতির সাধারণ অবস্থার লোক হইলেও স্বামীজীকে প্যারিসের নিজ বাডীতে যম্ভ করিয়া রাখিয়াছিলেন।

অপর আর এক ব্যক্তি ছিলেন পেয়র হিয়াদায়। ইনি ছিলেন প্রথমে ক্যাথলিক সম্প্রদায়ভূক কঠোর তপস্থাবান সন্ধ্যাদী এবং পাণ্ডিতা, বাগ্মিতা ও তপস্থাপ্রভাবে ফরাদী-দেশবাদীদের সম্মানভান্ধন। কিন্তু চল্লিশ বংসর বয়দে ইনি এক আমেরিকান মহিলার সহিত প্রণয়াবদ্ধ হইয়া তাহাকে বিবাহ করিয়া ফেলিলেন এবং তপস্থি-বেশ পরিত্যাগপূর্বক গৃহস্থ সাজিয়া নাম লইলেন মঁ সিয়ে চার্লস লয়জন। ইনি ছিলেন মিইভাষী ও ভক্তপ্রকৃতির লোক। স্বামীজীর সহিত ইহার প্যারিদেই সৌহার্দ্য স্থাপিত হইয়াছিল।

এতদ্যতীত শ্রীযুক্তা ওলি বুল আগস্ট মাসে প্যারিস-প্রদর্শনীর কালে কশ-দেশীয় আানার্কিস্ট প্রিন্স ক্রপটকিন-এর সহিত স্বামীন্ত্রীর পরিচয় করাইয়া দেন। ('স্বামী বিবেকানন্দ', ভূপেন্দ্রনাথ দন্ত, ৩৩৯ পৃঃ)। আরও অনেক থ্যাতনামা ব্যক্তির সহিত তাঁহার সাক্ষাৎ ওপরিচয়াদি হইয়াছিল নিশ্চয়⁸; কিছু আমরা সেসব অবগত নহি।

৪। বাজলা জীবনীতে রাজকুষারী ডেমিডক-এর উলেখ আছে। স্বামীজীর ১০ই কেস্টেবরের (১৯০০) পত্রপ্ত ক্রষ্টব্য ।

ক্রমে প্যারিস-ভ্যাগের দিন স্মাগত হইল। তাঁহাদের ভ্রমণধারা এইরূপ রচিত হইয়াছিল: "প্যারিস থেকে রেলযোগে ভিয়েনা, তারপর কনস্টান্টিনোপল, তারপর জাহাজে এথেন্স, গ্রীস, তারপর ভূমধ্য-সাগরপার ইঞ্জিপ্ত, তারপর আশিয়া মাইনর, জেকুসালেম ইভ্যাদি।" স্বামীজী লিখিয়াছিলেন: "'ওরি-আঁতাল এক্সপ্রেস ট্রেন' প্যারিস হ'তে স্তাম্থ্ল পর্যন্ত হোটে প্রতিদিন। তায় আমেরিকার নকলে শোবার বসবার থাবার স্থান। ঠিক আমেরিকার গাড়ীর মতো স্বসম্পন্ন না হলেও কতক বটে। সে গাড়ীতে চড়ে ২৪শে অক্টোবর প্যারিস ছাড়তে হচ্ছে।" ২৪শে সন্ধ্যায় টেন ছাড়িল। সঙ্গের সন্ধী হইলেন, শ্রীমতী ম্যাকলাউড, মাদাম কালভে, মঁসিয়ে জুল বোয়া। কনস্টান্টিনোপল পর্যন্ত আর তুইজন সাথী হইলেন পেয়র হিয়াসাছ ও তাঁহার পত্নী।

আধুনিক সভ্যতার কেন্দ্র প্যারিস দেখিয়া স্বামীন্দ্রী আনন্দিত হইয়াছিলেন; প্রাচীন সভ্যতার নিদর্শনগুলি দেখিতে যাইতেছেন ভাবিষা হৃদয় উৎসাহে পূর্ণ হইগাছিল। কিন্তু স্বদেশপ্রেমিক স্বামীজী শত আনন্দ-উৎসাহ, এমন কি উৎসবের মধ্যেও মাতৃভূমির কথা ভূলিতে পারিতেন না। চিকাগো ধর্মমহাসভায় বিজয়-মণ্ডিত হইলেও রাত্রে বিদেশের অগাধ ঐশ্বর্য ও স্বদেশের ত্বঃথ-দারিদ্র্য-বৃভুক্ষার কথা স্মরণ করিয়া গৌরব-মুহূর্তেও তাঁহার হৃদয় ভারাক্রান্ত ও নয়ন অঞ্চসিক্ত হইয়াছিল। এখনও ফরাসী দেশ হইতে বিদায়ের প্রাকৃক্ণণে বিষাদগ্রন্ত হৃদয়ে তিনি লিখিলেন: "আজ ২৩শে অক্টোবর; কাল সন্ধ্যার সময় প্যারিস হ'তে বিদায়। এ বংসর এ প্যারিস সভ্যজগতে এক কেন্দ্র, এ বংসর মহাপ্রদর্শনী। নানা দিগ দেশ-সমাগত সর্জ্জনসঙ্গম। দেশ-দেশাস্তরের মনীষিগণ নিজ নিজ প্রতিভা-প্রকাশে স্বদেশের মহিমা বিস্তার করছেন, আজ এ প্যারিদে। এ মহাকেন্দ্রের ভেরীধ্বনি আজ যাঁর নাম উচ্চারণ করবে, সে নাদ-তরঙ্গ সঙ্গে তাঁর স্বদেশকে সর্বজনসমকে গৌরবান্বিত করবে। আর আমার জন্মভূমি-এ জার্মান ফরাসী ইংরেজ ইতালী প্রভৃতি বুধমগুলী-মণ্ডিত মহা রাজধানীতে তুমি কোথায়, বঙ্গভূমি ? কে তোমার নাম নেয় ? কে তোমার অন্তিত্ব ঘোষণা করে ?" এই নিদাকণ খেদের মধ্যেও মক্তৃমে মক্তানের স্থায় একটু আনন্দস্থল তিনি খুঁজিয়া পাইয়াছিলেন: "দে বছ গৌরবর্ণ প্রাতিভমগুলীর মধ্য হ'তে এক যুবা ধশস্বী বীর বঞ্চুমির-সামাদের মাতৃভূমির নাম ঘোষণা করলেন, সে বীর জগং-প্রসিদ্ধ বৈজ্ঞানিক ডাক্তার ক্লে. দি৷ বোদ! একা ধুবা বাঙালী বৈছাতিক আজ. বিহাৰেগে পাশ্চান্তা-মণ্ডলীকে নিজের প্রতিজ্ঞা-মহিমায় মৃগ্ধ করলেন—দে বিহাৎসঞ্চার, মাতৃভূমির মৃতপ্রায় শরীরে নবজীবন-তরক সঞ্চার করলে! সমগ্র
বৈহাতিকমণ্ডলীর শীর্ষস্থানীয় আজ জগদীশ বস্থ—ভারতবাসী, বক্ষবাসী, ধন্ত বীর! বস্তুজ্ঞ ও তাঁহার সতী সাধ্বী সর্বগুণসম্পন্না গেহিনী যে দেশে যান,
সেথায়ই ভারতের মৃথ উজ্জ্ল করেন—বাঙালীর গৌরব বর্ধন করেন। ধন্ত দম্পতি!" ('বাণী ও রচনা,' ৬।১২৪)।

স্বামীন্দ্রীর নিজের কৃতিত্বও কম ছিল না। স্বদেশের নাম তিনিও পাশ্চাজ্ঞা-বিদশ্ধসমাজ-সমকে উচ্চরবে বিঘোষিত করিয়াছিলেন; কিন্তু বিনয়বশতঃ তাহা লেখনীমুখে প্রকাশ করেন নাই। করিবার প্রয়োজনও ছিল না—আজ উহ বিশ্ববিশ্রত ঐতিহাসিক সত্য। আর তিনি স্বদেশের গৌরবখ্যাপনের তুলনায় নিজের গৌরবকে অতি তৃচ্ছ মনে করিতেন। তাই তিনি আচার্য জগদীশচন্দ্রের প্রশংসায় মুখর। শুধু মুখর নহেন, আচার্যের পক্ষ লইয়া তিনি অপরের সঙ্গে বাদ-প্রতিবাদে মাতিতেও প্রস্তুত ছিলেন। ইওরোপীয় পণ্ডিতগণ যথন অপর পণ্ডিতের প্রশংসায় শতমুথ হইয়া উঠিতেন, তথন স্বামীন্ধী দেখাইয়া দিতেন, তাঁহার স্বদেশ-বাসী তাঁহাদের অপেক্ষাও কত বড়। আচার্য বহুর সহিত অপর বৈজ্ঞানিকের মত-ভেদন্থলে তিনি তাঁহারই সমর্থনে বলিতেন যে, তথনই তাঁহারা বহু মহাশয়ের কথা সত্য বলিয়া গ্রহণে অসমর্থ হইলেও কালে স্কল্পতর যন্ত্রপাতি আবিষ্ণৃত হইলে ঐ কথাগুলির পূর্ণ সমর্থন পাইবেন। একদিন এক সভায় এক বিশিষ্ট ইংরেজ বৈজ্ঞানিকের শিশ্ব কুদ্রকায় লিলি বুক্ষের উপর তাঁহার অধ্যাপক যেসব গবেষণা করিয়াছিলেন, তাহাই গর্বভরে বুঝাইয়া দিতেছিলেন। স্বামীজী সব ভনিয়া সহাস্তে বলিলেন, "ও আর এমন কি! তুমি তো ভগু লিলি গাছ বলছ! ডাক্তার বোদ দেখাবেন, লিলি গাছের টব পর্যন্ত প্রাণশক্তিতে স্পন্দিত।" প্যারিসে আচার্য বম্বর সহিত তাঁহার প্রায়ই সাক্ষাৎ হইত এবং "বঙ্গদেশের গৌরবন্তম্ভ" বলিয়া তিনি তাঁহাকে অপরের নিকট পরিচিত করিতেন।

পাশ্চান্তা দেশের মূল কেন্দ্রগুলির সহিত সাক্ষাৎ পরিচয় লাভ করিয়া এবং পাশ্চান্তা জগতে তাঁহার প্রচারত্রত উদ্যাপিত করিয়া স্বামীজী এশিয়া থণ্ডের দিকে অগ্রসর হইলেন; পথে ইওরোপ ও এশিয়ার মিলনভূমিও তিনি দেখিয়া লইলেন। ইওরোপের পূর্বপ্রান্তে অথবা তুর্কী ও মিশরে নৃতন কিছু পাইবার আশা ছিল না; কারণ উহা প্রাচ্য-পাশ্চান্তার মিলনভূমি—ঐ উভয় প্রান্তের

সহিত ষিনি পরিচিত এই ভূথতে তিনি তাহাদের মিলনের রীতি দেখিয়া যাইতে পারেন—এই মাত্র।

পাশ্চান্ত্য জগৎ তিনি দেখিলেন; কিন্তু দেখিয়া উহার উন্নতিকল্পে কোন্ মন্ত্র শুনাইয়া গেলেন? বিন্তারিত আলোচনা আমরা করিব না; শুধু প্রধান প্রধান কয়েকটি বিষয়ে পাঠকের দৃষ্টি আকর্ষণ করিব। অবশ্য অনেক ক্ষেত্রে পুনক্ষজি হইবে; তথাপি স্বামীজীর কার্ষের মূল্যায়নের জন্ম এইটুকু পশ্চাদৃষ্টি আবশ্যক।

প্রথমতঃ স্বামীন্দ্রী দেখিয়াছিলেন, সমন্ত পাশ্চান্তা জগতে ভারত সহদ্ধেরহিয়াছে এক ঘূনিবার অজ্ঞতা এবং সেই অজ্ঞতাপ্রস্ত ঘূণা ও বিবেষ। অতএব তাঁহার অগ্রতম প্রধান কাজ হইল এই অজ্ঞতার অপসারণ। তাহা করিতে গিয়া তাঁহাকে বাধ্য হইয়া এই সমন্ত অপবাদের প্রধান প্রচারক মিশনারীকুলের স্বরূপ খূলিয়া বলিতে হইল—কোন বিঘেষবশতঃ নহে, প্রত্যুত পাশ্চান্তারই কল্যাণের জ্ঞা। তিনি একসময়ে বলিয়াছিলেন, আমেরিকার বালক-বালিকাদিগকে বিদেশ সহদ্ধে বেসব অনৈতিক মিথ্যাকথা শিখানো হয়, তাহাদের নৈতিক মকলেরই জ্ঞা উহা বদ্ধ করা উচিত। এইরূপে সত্যের আবরণ দ্রীভূত হইলে পাশ্চান্তা জগৎ ব্রিতে পারিবে, প্রাচ্যের নিকটও তাহাদের শিধিবার অনেক কিছু আছে। প্রাগ্রিবেকানন্দ যুগে প্রাচ্যের দর্শন, কৃষ্টি, ধর্ম ইত্যাদি সহদ্ধে যেসব কথা শুধু প্রত্নতান্তিকের মুথে মুথে ফিরিত বা জনকয়েক থেয়ালী লোকের আত্মপ্রতিষ্ঠার খোরাক জোগাইত বিবেকানন্দের পরবর্তী যুগে তাহা জনসাধারণ সমন্ত্রমে শিথিতে অগ্রসর হইল। প্রেম-প্রীতিই হইল শিক্ষার প্রকৃত মাধ্যম; স্বামীন্দ্রী তাই শ্রদ্ধাপূর্ণ আদানপ্রদানের পথ উন্মুক্ত করিলেন। অতএব প্রাচ্য-পাশ্যান্তার মিলনের মূলস্ত্রেও এখানে আবিদ্ধৃত হইল।

আবরণাপসারণের পর স্বামীজী পাশ্চান্তা জ্লগৎকে কি দিলেন? দিলেন তিনি প্রাচ্যের আধ্যাত্মিকতা। খৃষ্টধর্মকে তিনি অবজ্ঞা করিলেন না; কিছ তিনি দেখাইয়া দিলেন বাইবেলাক্ত ধর্ম, বা বাইবেলের ব্যাখ্যা হইতে লক্ষ ধার্মিক দৃষ্টিই ধর্মের শেষ কথা নহে। খৃষ্টানগণ বাইবেল হইতে ভক্তি ও সমাজ্ঞ-শেবার যে অম্প্রেরণা লাভ করেন, ভারতীয় ধর্মে দেসব তো আছেই, ঐ সঙ্গে আরও এমন কিছু আছে যাহা খৃষ্টানদের ধার্মিক জীবনকেও পূর্ণতর করিতে পারে। খৃষ্টানদের ভক্তি সাধারণতঃ ভগবানের সহিত পিতাপুত্রের সম্বন্ধ লইয়া; কিছু ভারতীয় ধর্মে ভগবানকে জননী বলা হয়, আবার তাঁহার সহিত দাল,

অপত্যক্ষেই, সধ্য, মাধুৰ্য প্ৰভৃতি ভাবও অবলম্বন করা চলে। খৃইজগতে যে প্ৰেমের কথা আছে তাহা বড়ই ফিকা, ভগবান দেখানে সাধারণতঃ দণ্ডদাতা, বিচারকর্তা—ছট্টের শাসক, শিষ্টের পুরস্কারক; কিন্তু হিন্দুর ভগবান সচিদানন্দ, রসময়, প্রেমময়, লীলাময়—ভক্তের সঙ্গলাডের জন্ম সদা উন্মুধ। তিনি বুঝাইয়া দিলেন, ধর্মপথে অগ্রগতির উপায় হইতেছে ভগবানকে ভালবাসা এবং তাঁহারই দিকে আগাইয়া যাওয়া—ইহা শয়তানকে ফাঁকি দেওয়া নহে। ইহা ইতিমূলক, নেতিমূলক নহে—"সত্যেন পদ্ধা বিভতো দেবযান:।"

আবার দর্শনের ক্ষেত্রেও, বিচারভূমিতেও হিন্দুদের যথেষ্ট শিখাইবার মড্যো জিনিস আছে। বিজ্ঞানের যুগে কেবল বিশাসাবলম্বনে বাইবেলকে বা কোন শাস্ত্রকেই ধরিয়া থাকা চলে না। যুক্তিদারা পরমত থণ্ডন ও স্বমত প্রতিষ্ঠারও আবশ্রক আছে; আর এই কার্যে অদ্বৈত-বেদান্ত যতথানি সমর্থ অপর কোন মতই সেরপ নহে। অহৈত মত কোন গতামগতিকতামাত্রকে মাল্ল দেয় না, কোন পুরুষবিশেষকে অন্ধবিশ্বাসসহ অমুসরণ করে না, কোন পুত্তকমধ্যে আপনাকে বাঁধিয়া রাখিতে চাহে না, কোন সম্প্রদায়কে ভগবানের আসনে বসায় না। তাহার চরম উদ্দেশ্র হইল সত্যাত্মভৃতি। দে সত্যাত্মভৃতি ভোগের পথে আদে না—আদে ত্যাগের পথে। যীওখুট স্বয়ং ছিলেন ত্যাগী, আর তাঁহার শিক্ষার মর্মকথা ছিল ভগবদমুভূতি; কিন্তু পরবর্তীযুগে তাঁহার উপদেশে জনাঞ্জলি দিয়া মাত্র্য ছুটিয়াছে বাইবেল-পুত্তক, খুষ্টান-সম্প্রদায় ইত্যাদির প্রতি। অহৈত-বেদান্ত শিক্ষা দেয়, মামুষ সকলেই ব্ৰহ্ম, সাধনার দারা সকলেই সেই ব্ৰহ্মতে পুন:প্রতিষ্ঠিত হইতে পারে। পাপ কিছু মামুষের মজ্জাগত নহে, উহা আগস্তুক মায়িক বস্তু। খুষ্টানদের পাপবাদ বা অহতাপবাদ মাহুষকে তুর্বল করে, অছৈতের ব্রহ্মবাদ তাহাকে সবল সক্রিয় করে। অধৈতবাদ আকাশের ন্তায় বিশাল ও উদার আবার সমুদ্রের ক্রায় গভীর ও অহুভৃতি-রসপূর্ণ। এই অহৈতবাদ অবলম্বনেই নৈতিকতা, বিশ্বভাত্ত্ব ইত্যাদি যতকিছু উত্তম ভাব আছে সমস্ত স্থপ্রতিষ্ঠিত হইতে পারে। বেদান্ত মাত্রবের মর্যাদাবৃদ্ধি করে, একত্ব ও সাম্য-প্রতিষ্ঠিত করে, জগতে শান্তি স্থাপন করে।

অথচ এই অবৈতবাদ বিজ্ঞানের বা খৃষ্টধর্মের বিরোধী নহে; বরং তাহাদের সমর্থক ও পরিপুরক। বিজ্ঞান শুধু বহির্জগৎ লইয়া ব্যস্ত; কিন্তু অতীব্রিয় সত্যের আন্তাস পাই আমরা মানবের অন্তররাক্যে। আত্মাকে, আত্মাহাভূতিকে বাদ দিয়া যে মাহুষ, সে হয় একটা জড়পিও কিংবা পশু। বিজ্ঞান কি মাহুষকে এই জড়জে বা পশুজে অবনত করিতে চায় ? পাশ্চান্তা জগৎ একটা মন্ত ভূল তখনই করে যখন সে ভাবে শুধু বিজ্ঞানের সাহায্যে একটা নৃত্তন মানবসভ্যতা গড়িয়া তোলা সম্ভব। সে পথে পাশ্চান্তা মনীষা অনেক দূর অগ্রসরও হইয়াছিল। জড়ের রাজ্যে প্রযোজ্য ক্রিয়া-প্রতিক্রিয়া, আকর্ষণ-বিকর্ষণ ইত্যাদি কিংবা পশুজগতে প্রযোজ্য ক্রমবিকাশবাদের অস্তর্ভুক্ত যোগ্যতমের উর্ক্তন, প্রাকৃতিক নির্বাচন ইত্যাদির মতবাদ অবলম্বনে এককালে শেতাক্রসম্প্রদায় সমন্ত জগতে শাসন চালাইতে অগ্রসর হইয়াছিল, নিজ নিজ দেশেও ঐরপ সমাজগঠনে উন্থত ইইয়াছিল; এখনও তাহারা সে পথ সম্পূর্ণ বর্জন করে নাই। সব দেখিয়া স্থামীজী বলিয়াছিলেন যে, ইওরোপ একটা আগ্রেয়গিরির মূথে বসিয়া আছে; সে যদি তাহার চলনের ধারা পরিবর্তন না করে, তবে তাহার ধ্বংস অনিবার্য।

অপচ স্বামীজী ছিলেন মানবপ্রেমিক; মাহুবের কোন সংপ্রচেষ্টাকেই তিনি
নিলা করিতে প্রস্তুত ছিলেন না। তিনি দেখিলেন, ইওরোপীয় সমাজ তথন
সমাজতান্ত্রিকতা, সাম্যবাদ ইত্যাদির দিকে ঝুঁকিতেছে। তিনি প্রকারান্তরে
ইহার অবশুজ্ঞাবিতা স্বীকার করিতেও প্রস্তুত ছিলেন; কিন্তু তাহার নির্দিষ্ট পথ
ছিল অশুরূপ। তিনি বলিয়াছিলেন, প্রকৃত সাম্য প্রতিষ্ঠা করিতে হইলে অবৈত
বেদান্তকে তাহার ভিত্তিরূপে মানিয়া লইতে হইবে, আর সে সাম্য স্থাপনের
উপায় হইবে উচ্চন্তরের মানবকে নিম্নগামী করিয়া নহে, প্রত্যুত নিম্নবর্তী সকলকে
উন্নত করিয়া, অর্থাৎ শিক্ষা ও সংস্কৃতির অধিকতর প্রসারের ব্যবস্থা করিয়া।
তিনি সমাজতান্ত্রিকতাকে এইজন্ত মানিয়া লইতে চাহিয়াছিলেন বে, সমসাম্মিক
সমাজে নিপীড়িতের উন্নয়নের এতদপেক্ষা অধিকতর ফলদায়্রক কোন উপায়
আবিদ্ধত হয় নাই। কথায় বলে, "নাই মামার চেয়ে কানা মামা ভাল।" এই
অর্থেই তিনি বলিয়াছিলেন, "আমি সমাজতন্ত্রবাদী।"

ধর্মের স্তরেও তিনি দেখাইয়া দিলেন যে, অবৈত বেদাস্কের আলোকসম্পাতে বাইবেলের বহু গৃঢ় রহস্ত উদ্যাটিত হইতে পারে—বস্তুতঃ বাইবেল বুঝিতে হইলে অবৈতের সাহায্য গ্রহণ আবেশুক। খৃষ্ট যথন বলেন, "আমি ও আমার পিতা এক", তথন সে কথার মর্মগ্রহণের জন্ত উপনিষদের "সোহহম্" মহাবাক্য স্মরণ করিতে হয়। আবার বাইবেলের অস্তুর্জু বৈতবাদ, বিশিষ্টাবৈতবাদ ইত্যাদির কথাও এই ভাবেই অনুসন্ধিংস্বর দৃষ্টি আকর্ষণ করে ও সামঞ্জ্য লাভ করে।

এইরপে খৃষ্টধর্মের পরিপুরক হিসাবে ভারতীয় ভক্তিবাদ ও জ্ঞানমার্গের ব্যাখ্যার সব্দে সঙ্গে তিনি ধ্যানের কথাও পাশ্চান্তা জগৎকে শুনাইলেন। কর্মব্যস্তভার মধ্যে ঘেমন জীবনের প্রকাশ দেখা ঘায়, ধ্যানের মধ্যেও তেমনি তাহার সার্থকতা দৃষ্ট হয়। ভগবানের চিস্তাশৃত্য ও স্বস্করেপের উপলব্ধিবির্হিত জীবন তো নির্বর্ধক। ধ্যানেরই মধ্যে প্রক্ষত কর্ম ও ভক্তির বীজ্ব নিহিত—ধ্যান হইতেই জীবনের প্রক্ষত বিকাশ, যেমন ধ্যানন্তিমিত হিমালয় হইতেই গঙ্গাদি পবিত্রসলিলা স্রোভক্ষতীর উৎপত্তি।

খুষ্টানদের অহুসত জনসেবাকেও ভারতীয় ভাবের সাহায্যে অধিকতার আধ্যাত্মিক-ভাব-পরিপুই করা চলে। কর্তব্যমাত্রই কার্যে পরিণত বেদাস্থসহামে তগবৎপুজায় পরিবর্তিত হইতে পারে। সাম্প্রদায়িক আচারাহুষ্ঠানাদির মধ্যে ধর্মকে আবদ্ধ রাথার কোন প্রয়োজন নাই। ধর্ম মাহুষের জীবনে যে কোন তরে, যে কোন অবস্থায় অহুসত হইতে পারে। অতএব মধ্যযুগীয় ইওরোপে ধর্মের সহিত সমাজ বা রাষ্ট্রের যেসব বিরোধ দেখা গিয়াছিল, তাহা নিম্প্রয়োজন। "মত পথ", অতএব ধর্মের নামে সম্প্রদায়গত বিবাদ-বিসংবাদও তথু অনাবশ্রক নহে, অস্তায়। আবার রাষ্ট্রের নিকট ধর্মকে আত্মবলিদান দিতে হইবে না। ধর্ম প্রত্যেকের নিজম্ব বস্তু —ইইনিষ্ঠাই ইহার ভিত্তি। ধর্মকে লইয়া দলবদ্ধ হওয়া এবং সেই দলের সংরক্ষণজ্ঞ শক্তিশালী রাজদণ্ডের আশ্রয় লওয়া—ইত্যাদি ব্যবহারের ফলেই ধর্ম রাষ্ট্রায়ত্ত হইয়া পড়ে এবং ক্রমে উহার অবনতি ঘটে।

লকপ্রতিষ্ঠ আত্মন্তরী পাশ্চান্তাকে তিনি ইহাও শুনাইয়াছিলেন যে, তাহাদের সমাজব্যবস্থা এখনও যুগ-যুগান্তরের পরীক্ষায় উত্তীর্ণ হয় নাই; বরং তৃখনই উহাতে যেসব তুর্বলতা লক্ষিত হইতেছিল, তাহার ফল আশাপ্রদ ছিল না। অপর দিকে ভারতের সমাজ সহস্র বৎসরের প্রতিকৃল অবস্থায়ও আপনাকে বাঁচাইতে পারিয়াছে এবং এখনও নবোজমে অগ্রসর হওয়ার শক্তি রাখে। অতএব ভারত হইতে শিখিবার অনেক কিছু আছে। এই শিক্ষিতব্য বিষয়গুলির মধ্যে স্থামীজী ভারতের নারীজাতির আদর্শ মাতৃত্বের কথা বিত্তারিতভাবে বুঝাইয়া দিয়াছিলেন। আর বলিয়াছিলেন যে, ভারতের সমাজ অনেকটা সমাজতন্ত্রবাদের উপর প্রতিষ্ঠিত; এখানে বিবাহবিধি প্রভৃতি সমাজের কল্যাণোক্ষেশে সম্বন্ধিত হইয়াছে, ব্যক্তির আনন্দবৃদ্ধির জন্ত নহে। ভারতীয় সমাজের মূলমন্ত্র ত্যাগ ও সেবা—অধিকার-প্রসার বা ভোগ নহে।

প্রাচীন সংস্কৃতির সন্ধানে

স্বামীজী চলিয়াছেন পশ্চিম হইতে পূর্বে—নবীন সভ্যতার লীলাভূমি হইতে ক্রমে প্রাচীনের নিদর্শনাবলীর অভিমুখে। নৈশ অন্ধকার ভেদ করিয়া ট্রেন ছুটিয়াছে—দৃশ্যরাজি দবই তমদাবৃত। গাড়ীর একটি কামরায় জুল বোয়ার দকে সমস্ত রাত্রি নিদ্রায় কাটাইয়া স্বামীজী উষার আলোকে চক্ষু মেলিয়া জানিলেন, তাঁহারা ফরাসীর সীমা অতিক্রমান্তে জার্মানীর ভিতর দিয়া চলিতেছেন। জার্মান দেশ তিনি পূর্বেই দেখিয়াছিলেন। এখন সেই সব কথাই মনে পড়িতে লাগিল। শক্তিমান উল্লমশীল বীরের জাতি জার্মানরা তথন প্রবল বেগে সর্বত্র, বিশেষতঃ আমেরিকার নগরগুলিতে. বংশবিস্তার করিতেছে। সৈন্ত-প্রতিষ্ঠায় তাহারা সর্বশ্রেষ্ঠ : অতএব ইওরোপে তাহাদেরই আদেশ বলবত্তম। বিস্থাতেও তাহারা অগ্রণী; ইওরোপের অপর জাতিগুলির পুর্বেই তাহারা রাজদণ্ডের ভয় দেখাইয়া নরনারীসকলকে শিক্ষিত করিয়াছে, এবং তখন তাহার স্বফল ভোগ করিতেছে। কষ্টসহিষ্ণু ধৈর্যশালী জার্মানরা তথন চারিদিকে শিল্প ও নগর এবং বিরাট ষট্টালিকাদি প্রস্তুত করিতেছে: পণ্য-উৎপাদনে তাহারা ইংরেজকেও পরাভত করিয়াছে। ট্রেন সারাদিন জার্মান রাজ্যের মধ্য দিয়া চলিয়া অপরাহে অষ্ট্রিয়া-সীমান্তে উপস্থিত হইল এবং ২৫শে অক্টোবর সন্ধার পর রাজধানী ভিয়েনা নগরীতে পৌছাইল। ইওরোপের পুর্বাংশ বহু ক্ষুদ্র ক্ষুদ্র বাধীন রাজ্যে বিভক্ত থাকায় এবং প্রত্যেক রাজ্যে প্রবেশকালে পুঝারুপুঝরূপে জিনিসপত্র পরীক্ষার ব্যবস্থা থাকায় পর্যটনকারীকে অনেক অস্থবিধা সহ্য করিতে হইত। স্বামীজীরাও ইহা হইতে অব্যাহতি পান নাই। ভিমেনাতে অধিক বিদেশী যাত্রী ছিলেন না বলিয়া স্বামীজীরা শীঘ্রই শুল্কবিভাগের পরীক্ষা শেষ করাইয়া রাত্তির মতোহোটেলে আশ্রয় লইলেন।

পরদিন (২৬শে অক্টোবর) ভিয়েনা দর্শন আরম্ভ হইল। প্রথম দর্শনীয় স্থান ছিল সানবার্ন-প্রাসাদ। ফ্রান্সের বীর নেপোলিয়োঁ বোনাপার্ট সিংহাসনারত হইয়া স্বীয় প্রথমা পত্নী জোদেফিনকে পরিত্যাগ করেন ও মৃদ্ধে পরাজিত অস্ত্রিয়ার বাদশাহের কলা মেরী লুইসের পাণিগ্রহণ করেন। পরে বোনাপার্টের পতন হইলে বোনাপার্ট-পুত্রকে সানবার্ন-প্রাসাদে ফিরাইয়া আনা হয়, এবং সেধানেই তাহার মৃত্যু হয়। দর্শকেরা ঐ প্রাসাদে গিয়া বোনাপার্ট-পুত্তের শ্ব্যাকক, পাঠাগার, মৃত্যুগৃহ ইত্যাদি দেখিয়া থাকেন। স্বামীজীরাও দেখিলেন।

ভিয়েনা শহরে অপর স্তষ্টব্য স্থান মিউজিয়ম—বিশেষতঃ বিজ্ঞানের মিউজিয়ম বিভার্থীর পক্ষে শিক্ষাপ্রদ। নানা প্রকার লপ্ত জীব-জন্তর কন্ধালাদির সংগ্রহ দেগানে প্রচুর। এছাড়াও আর যাহা কিছু দর্শনযোগ্য ছিল সবই তিনি দেখিলেন। কিন্তু ভিয়েনা তাঁহাকে খুলী করিতে পারিল না—স্বদেশের মতো এখানেও দর্বত্র প্রাচীন রীতিনীতির একটা গতামুগতিক প্রাণহীন স্মুরুদ্তি তাঁহাকে পীড়া দিতে লাগিল। সথেদে তিনি লিখিলেন: "ভিয়েনায় তিন দিন— দিক ক'রে দিলে ! প্যারিসের পর ইউরোপ দেখা—চর্ব্যচ্ছ্য থেয়ে তেঁতুলের চাটনি চাকা; সেই কাপড়চোপড়, খাওয়া-দাওয়া, সেই সব এক ঢঙ, তুনিয়াস্থদ্ধ সেই এক কিন্তুত কালো জামা, সেই এক বিকট টুপি! তার উপর—উপরে মেঘ আর नीटि शिन शिन कदाइ এই काटना ऐशि, काटना खामाद नन ; नम रयन चार्टिक দেয়। ইউরোপস্থল দেই এক পোশাক, দেই এক চাল-চলন হয়ে আসছে! প্রকৃতির নিয়ম—ঐ দবই মৃত্যুর চিহ্ন ! শত শত বৎদর কদরত করিয়ে আমাদের আর্ধেরা আমাদের এমনি কাওয়াজ করিয়ে দেছেন বে, আমরা এক ঢঙে দাঁত মাজি, মুথ ধুই, থাওয়া থাই, ইত্যাদি ইত্যাদি; ফল—আমরা ক্রমে ক্রমে যন্ত্রগুলি হ'মে গেছি; প্রাণ বেরিয়ে গেছে, থালি যন্ত্রগুলি মুরে বেড়াচ্ছি! যন্ত্রে 'না' বলে না, 'হাঁ' বলে না, নিজের মাথা ঘামায় না, 'যেনাস্ত পিতরে। যাতাঃ' (বাপ-দাদা বেদিক দিয়ে গেছে) সেদিকে চলে যায়, তার পর পচে মরে যায়। এদেরও তাই হবে। 'কালশু কুটিলা গতিঃ'---সব এক পোশাক, এক খাওয়া, এক খাঁন্ডে কথা কওয়া, ইত্যাদি, ইত্যাদি,—হ'তে হ'তে ক্রমে সব যন্ত্র, ক্রমে সব 'বেনাস্থ পিতরো যাতা:' হবে, তার পর পচে মরা !!" ('বাণী ও রচনা', ৬।১৩৩)।

২৮শে অক্টোবর তাঁহারা আবার সেই 'ওরিয়েণ্ট এক্সপ্রেস' ধরিয়া ৩০শে অক্টোবর কনস্টান্টিনোপল পৌছাইলেন। এই ছই রাত্রি ও এক দিনে তাঁহারা হাঙ্গেরি, সাবিয়া, ক্নমানিয়া ও বুলগেরিয়া অতিক্রম করিয়া গেলেন—কোথাও থামিলেন না। কনস্টান্টিনোপল স্টেশনে নামিয়া মাল থালাস করাইতে তুর্কির কাস্টমস কর্মচারীদের সহিত বেশ থানিকটা বচসা হইয়া গেল—বিশেষতঃ পুত্তক লইয়া। শেষ পর্যন্ত ছইথানি বই রাথিয়াতাহারা সব ফেরত দিল; আর আখাস দিল, হোটেলে ঐ ছইথানি পাঠাইয়া দিবে। ফেরত কিন্তু কোন কালেই পাওয়াগেলনা।

হোটেলে বিশ্রামান্তে তাঁহার। নগরদর্শনে বাহির হইলেন। 'পোণ্ট' বা সমুদ্রের থাড়ি-পারে 'পেরা' বা বিদেশীদিগের বাসন্থান হোটেল ইত্যাদি অবন্থিত। দেখান হইতে গাড়ী করিয়া শহর: বাজার ইত্যাদি দেখিয়া হোটেলে ফিরিয়া আবার বিশ্রামলাভ হইল। পরদিন বোটে চড়িয়া তাঁহারা বক্ষোরাস ভ্রমণে বাহির হইলেন। সেদিন হাওয়া ছিল জোর এবং ঠাণ্ডাও প্রচুর। অতএব বোট প্রথম ক্টেশনে থামিবামাত্র স্বামীক্ষী ও ম্যাকলাউড নামিয়া পড়িলেন। স্থির হইল, তাঁহারা সমুত্র-প্রণালীর অপর পারে স্কুটারিতে গিয়া পেয়র হিয়াসাম্বের সঙ্গে দেখা করিবেন। ভাষা জানিতেন না: অতএব ইন্ধিতে বোট ভাডা করিয়া অপর তীরে গেলেন ও তথা হইতে গাড়ী লইলেন। পথে এক স্থাফ ফকিরের 'তাকিয়া' **एमिथिलान। এই স্থানের দরবেশরা রোগ সারায়। প্রথমে ঝুঁকিয়া ঝুঁকিয়া** কলমা পড়ে, তারপর নৃত্য করে: তথন ভাব হয় এবং ভাবাবেশে রোগীর শরীর মাড়াইয়া দিয়া রোগ আরাম করে। হিয়াসাম্বের সঙ্গে সাক্ষাৎ হইলে, সেখানে আমেরিকান কলেজ সম্বন্ধে অনেক কথাবার্তা হইল। পরে সমুদ্রতীরে আসিয়া নৌকা খুঁজিয়া পাইলেন। মাঝি কিন্তু পর পারে নিজের খুশী মতো জায়গায় নামাইয়া দিল। স্থতরাং দেখান হইতে ট্রামে চড়িয়া তাঁহারা বাসস্থানে পৌছাইলেন।

তাঁহাদের পরবর্তী দর্শনীয় স্থান ছিল মিউজিয়ম; উহা প্রাচীন গ্রীক বাদশাহদের ধেথানে অন্ধর-মহল ছিল, সেথানে অবস্থিত। স্থামীজী শবদেহরক্ষার প্রস্তরনির্মিত অপূর্ব আধার (সারকোফ্যাগ) দেখিলেন। তাহার পর তোপখানার উপর হইতে নগরের মনোহর দৃশুও দেখিলেন। স্থামীজীর ছেলেনাফ্রী ভাব সর্বদাই ছিল; স্থতরাং স্বদেশস্থলত ছোলাভালা দেখিয়া উহা কিনিয়া খাইলেন, সন্ধাদের সহিত তুর্ক-দেশীয় অন্যান্ত স্থান্থও আস্থাদন করিলেন। আর তাঁহারা দেখিলেন স্থটারির কারখানা ও প্রাচীন পাঁচিল—পাঁচিলের মধ্যে ভয়ঙ্কর কারগার। যেগব ভন্তলোকের সহিত ঐ নগরে স্থামীজীর সাক্ষাং হইয়াছিল, তাঁহাদের মধ্যে কয়েকজনের নাম জানিতে পারা যায়, যথা উভস-পাশা (বা সম্রান্ত ব্যক্তি), ফরাসীর পররান্ত সচিবের অধীনস্থ একজন কর্মচারী, জনৈক গ্রীক পাশা, ও একজন আলবানি ভন্তলোক। ছিতীয় ব্যক্তির সহিত স্থামীজী একদিন ভোজন করিয়াছিলেন। স্থানীয় পুলিশের আদেশাস্থগারে পেয়র হিয়াসান্থের বক্ত্তাদান বন্ধ ছিল; একই প্রকার সম্ভাবনান্থলে স্থামীজীরও কোন ভাষণ দেওয়া

হইল না। কিন্তু বক্তৃতা না হইলেও ম্যাক্সিমের পরিচয়পত্রের সাহায্যে বহু গণ্যমান্ত ব্যক্তির সহিত তাঁহার আলাপ হইয়াছিল এবং ঘরোয়া বৈঠকেরও আয়োজন হইয়াছিল; এইভাবে তিনি স্বীয় বাণী প্রচারের বহু স্বযোগ পাইয়াছিলেন। কনস্টান্টিনোপলে আনেক ভারতবর্ষীয় হিন্দু ও মুসলমানের বাস ছিল। তাহাদের মধ্যে স্বামীক্ষী দেবন্মল নামক এক ব্যক্তি ও চোবেজী নামক এক গুজরাতি বাহ্মণের সহিত পরিচয়ের কথা উল্লেখ করিয়াছেন।

নগরের আর একটি ঘটনার কথা স্বামীজী কথনও ভূলেন নাই। একজন বৃদ্ধ তুর্কি হোটেলওয়ালা স্বামীজী ভারতবর্ষ হইতে আদিয়াছেন শুনিয়া তাঁহাকে ও তাঁহার দক্ষিগণকে তাহার আতিথাগ্রহণের জন্ম অমুরোধ করিয়াছিল। এই স্কৃর প্রবাদে ভিন্ন জাতীয় লোকের এইরূপ সহানয়তা বাস্তবিকই স্মরণযোগ্য।

কনস্টান্টিনোপলে দিন কয়েক' কাটাইয়া তাঁহারা গ্রীসে ঘাইবার জন্ম একদিন সকালে দশটায় স্থীমারে উঠিলেন। পথে এক দিন ও এক রাত্রি সম্দ্রেই কাটিল। সম্প্র থ্বই শাস্ত ছিল। চলিতে চলিতে তাঁহারা গোল্ডেন হর্ন ও মারমোরা দ্বীপপুঞ্জ দেখিলেন। দ্বীপাবলীর একটিতে গ্রীক ধর্মের একটি মঠও দেখিলেন। এই মঠ এশিয়া ও ইওরোপের মধ্যস্থলে অবস্থিত থাকায় প্রাচীনকালে এথানে ধর্মশিক্ষার স্ব্যবস্থা ছিল। মেডিটেরিন দ্বীপপুঞ্জ প্রাতঃকালে দেখিতে গিয়া সেথানে অধ্যাপক লেপরের সহিত স্বামীজ্ঞীর সাক্ষাৎ হইল। পূর্বে মাদ্রাজ্ঞে পাচিয়াপ্লার মহাবিত্যালয়ে তাঁহার সহিত পরিচয় ঘটিয়াছিল। সেধানে একটি দ্বীপে তাঁহারা এক মন্দিরের ভয়াবশেষ দেখিলেন এবং সম্প্রতীরে উহার অবস্থান দেখিয়া অস্থমান করিলেন, ইহা নেপচুন-এর (বক্লণের) মন্দির ছিল। সন্ধ্যার পর তাঁহারা এথেকে পৌছিলেন। একরাত্রি কোয়র্যান্টিন-এ কাটাইয়া পরিদিন তাঁহারা নামিবার আদ্বেশ পাইলেন।

পাইরিউন বন্দরটি ক্ষুদ্র হইলেও বেশ স্থন্দর। বিধি-ব্যবস্থা সবই ইওরোপের সদৃশ; শুধু মাঝে মাঝে ঘাগরা-পরা গ্রীক পুরুষরা জানাইয়া দেয় যে, এ গ্রীন দেশ। বন্দর হইতে সকলে গাড়ী করিয়া পাঁচ মাইল দূরবর্তী এক প্রাচীন প্রাচীর দেখিতে গেলেন। ঐ প্রাচীরটিই পুরাকালে এথেন্স নগরকে বন্দরের সহিত সংযুক্ত রাখিত। ইহার পর তাঁহারা নগরদর্শনে চলিলেন; দেখিলেন—
আকরোপলিন, হোটেল, বাড়ী-ঘর-দোর সব অতি-পরিকার; রাজবাটীটি ছোট!

১। ম্যাকলাউড-এর মতে নয় দিন ; 'পরিবাজক'-এর একটি পাদটীকা অনুবায়ী এগার দিন।

দেই দিনই আবার পাহাড়ের উপর উঠিয়া আকরোপলিস, বিজয়াদেবীর মন্দির, পার্থেনন ইত্যাদি দর্শন করিলেন। পরদিন পূন্বার মাদামোয়াজেল মেলকার্বির সহিত ঐ সকল ভাল করিয়া দেখিলেন। মেলকার্বি সকলকে ঐ সমন্তের ঐতিহাসিক তথ্য ব্রাইয়া দিলেন। দ্বিতীয় দিনে তাঁহারা ওলিম্পিয়ান জুপিটারের মন্দির, থিয়েটার ডাইওনিসিয়াস ইত্যাদি সম্ভ্রুট পর্যন্ত দেখিলেন। তৃতীয় দিন গ্রীকদের প্রধান তীর্যহান এলুসি দেখিতে গেলেন। ইতিহাস-প্রসিদ্ধ এলুসি-রহস্তের অভিনয় এখানেই হইত। এখানকার প্রাচীন থিয়েটারটি নৃতন করিয়া নির্মিত হইয়াছে। এই সকল দর্শনান্তে চতুর্থ দিন সকলে রুশদেশীয় স্থীমার 'জার'-এ আরোহণপূর্বক মিশর অভিমুখে যাত্রা করিবেন, এইরূপ অভিপ্রায়ে সকালে দশটায় স্থীমারে আসিয়া জানিলেন, উহা ছাড়িবে বিকাল চারিটায়; স্থতরাং এই অবসরে যীশুখুষ্টের পাঁচ-ছয় শত বংসরের পূর্বে আবিত্রত ভাস্কর এজেলাদাস এবং তাঁহার তিন শিয়ের ভাস্কর্যের কিছু কিছু নিদর্শন দেখিয়া আসিলেন।

মিশরে আসিয়া স্বামীজী কায়রো যাতুঘর দেথিয়া সাতিশয় প্রীতিলাভ করিলেন, এবং তাঁহার মনে অফুক্ষণ দোর্দগুপ্রতাপ ফ্যারাও সম্রাটগণের অতীত কীর্তিকলাপের কথা উদিত হইতে লাগিল; পার্থিব সমস্ত বস্তুর নশ্বরভার সহিত মানবের চিরম্মরণীয় হইয়া থাকার আদমা আকাজ্জার ঘোরতর বিরোধ তাঁহাকে মহামায়ার বিচিত্র লীলার কথাই স্মরণ করাইয়া দিল: ক্যিংকস (অর্ধনারী-সিংহ-মূর্তি) ও পিরামিডসমূহ তাঁহার মনকে বেদনাক্লিষ্ট করিয়া ভুগু এইটুকুই বুঝাইয়া দিল যে, সাম্রাজ্য, ঐশ্বর্য, ভোগ, নাম, যশ সকলই অসার—সকলই অকিঞ্চিৎকর। ফলত: অসীম শক্তি লইয়া অনস্তকাল স্বথে-স্বাচ্ছন্দো বাঁচিয়া থাকা ও পরে চিরম্মরণীয় হওয়ার আশার প্রতি বিজ্ঞপের হাস্মবর্ষণকারী বালুকাপ্রান্তর মধ্যে অবস্থিত তৎকালীন বিগতগৌরব প্রাণহীন সেই সব বিশাল স্বতিচিহ্নগুলি তাঁহার মনে এক অবসাদ আনিয়া দিল এবং তিনি তথা হইতে দূরে—ম্বদেশে চলিয়া যাইবার জন্ম ব্যগ্র হইয়া পড়িলেন। এই ব্যগ্রতার অন্ম কারণও ছিল। তাঁহার মন যেন তাঁহাকে বলিয়া দিতেছিল, তাঁহার প্রিয় শিশু ও পরম বন্ধু সেভিয়ার আর বাঁচিবেন না, স্বামীজীর অবিলয়ে স্বদেশে ফিরিয়া যাওয়া আবক্তক। তাঁহাদের পরিকল্পিত ভ্রমণপর্বায় তথনও অসমাপ্ত: ইজিপ্তের পরে জেইনালেম প্রভৃতি স্থানেও যাইবার কথা ছিল, এমন কি স্বামীন্সী পুনর্বার প্যারিদে ফিরিবার আশাও পোষণ করিতেন। তাঁহার ১৪ই অক্টোবরের পজে আছে: "ফেরার পথে ভেনিস দেখে আসব। ফিরে আসার পর প্যারিদে কয়েকটি বক্তৃতা দিতে পারি।" কিন্তু ভালবাসার আকর্ষণে সেসব এক মৃতুর্তে পরিত্যক্ত হইল। শ্রীমতী ম্যাকলাউড লিথিয়াছেন: "আমরা বাহির হইয়া পড়িলাম—ছই দিন ভিয়েনায়, কনস্টান্টিনোপলে নয় দিন, এবং এথেকে চারিদিন থাকিয়া পরে ইজিপ্তে য়াইবার জন্ম। সেখানে দিন কয়েক পরে আমীজী বলিলেন, 'আমি ষেতে চাই।' 'কোথায় য়াবেন ?'—আমি জিজ্ঞাসা করিলাম। 'ভারতে ফিরে যেতে চাই।' আমি বলিলাম, 'বেশ তো, য়ান।' তিনি জিজ্ঞাসা করিলেন, 'য়াব তো?' আমি বলিলাম, 'নিকয়।' কাজেই আমি মাদাম কালভের নিকট গিয়া বলিলাম, 'য়ামীজীর ভারতে ফিরে য়াবার ইচ্ছা হয়েছে।' তিনি বলিলেন, 'নিকয়।' তিনি আমীজীর জন্ম একথানি প্রথম শ্রেণীর টিকেট কিনিয়া তাঁহাকে পাঠাইয়া দিলেন।" ('রেমিনিসেন্সেন্স', ২৪৭ পৃ:)। ইজিপ্ত ছাড়িয়া য়াইবার পূর্বে আমরা মাদাম কালভের 'স্বৃতিকথা' হইতে (ঐ, ২৬৬-৬৭ পৃ:) কিছু নৃতন তথ্য পাঠকবর্গকে উপহার দিতেছি:

"কি অপুর্ব ছিল সেই তীর্থবাত্রাটি! স্বামীজীর নিকট বিজ্ঞান, দর্শন ও ইতিহাসের কোন রহস্তই অজ্ঞাত ছিল না। আমার চারিদিকে হেসব জ্ঞানগর্ভ ও পাণ্ডিত্যপূর্ণ আলোচনা চলিত, আমি সবই উৎকর্ণ হইয়া শুনিতাম'। আমি তাঁহাদের চর্চায় যোগ দিবার চেষ্টা করিতাম না; কিন্তু আমি আমার অভ্যাসায়-সারে সময় মতো গান শুনাইতাম। পাণ্ডিত্য ও ধর্মশাস্ত্রে বৃংপত্তির জন্ত খ্যাতনামা ফাদার লয়জনের সহিত স্বামীজী নানা বিষয়ে বাদ-বিচার করিতেন। এটা একটা আশ্চর্ণ লক্ষণীয় বিষয় ছিল যে, কোন বিচার্থ প্রমাণপত্তের তারিখ, খুয়ান চার্চের কোন সম্মেলনের দিন-ক্ষণ ইত্যাদি সম্বন্ধে ফাদার লয়জন সঠিক বলিতে না পারিলেও স্বামীজী তাহা ছবছ বলিতে পারিতেন।

"গ্রীদে থাকাকালে আমরা এলুসিদ দেখিতে গিয়াছিলাম। তিনি আমাদিগকে তথাকার রহস্ত-তত্ত্ব ব্ঝাইয়া দিয়াছিলেন এবং মন্দির হইতে মন্দিরান্তরে লইয়া যাইতে যাইতে সেদব স্থানে যেরূপ শোভাষাত্রা হইত তাহা বর্ণনা করিয়াছিলেন, প্রাচীন প্রার্থনামন্ত্র আবৃত্তি করিয়া শুনাইয়াছিলেন এবং যাক্সকুলের ক্রিয়া-কলাপ ব্যাখ্যা করিয়াছিলেন।

"পরে ইন্ধিপ্তে এক অবিশ্বরণীয় রাজে নীরব ক্ষিংকদ-এর মৃতির ছাদ্বাজলে

বিসিয়া তিনি প্রেরণাপূর্ণ অতীন্দ্রিরাজ্যের ভাষাবলম্বনে আমাদিগকে পুনর্বার এক স্বদূর অতীতে লইয়া গিয়াছিলেন।

"স্বামীন্দ্রী সর্বদাই আমাদের কোতৃহল উদ্দীপিত রাখিতেন, এমন কি তিনি ধখন সহজ ভাবে কথা কহিতেন, তখনও ভাল লাগিত—তাঁহার কণ্ঠম্বরে এমন এক মোহিনী শক্তি ছিল যাহা শ্রোতাদিগকে মৃদ্ধ করিত। এমন কতবার হইয়াছে বে, রেল-স্টেশনের অপেক্ষাগৃহে বিিদ্ধা তাঁহার কথাবার্তায় বিমৃদ্ধ আমরা সময়ের কথা সম্পূর্ণ বিশ্বত হইয়া ট্রেন হারাইয়াছি। এমতী ম্যাকলাউড যদিও আমাদের সকলের তুলনায় অধিক বান্তববাদিনী ছিলেন, তথাপি তিনিও সময় ভূলিয়া যাইতেন, এবং ইহার ফলে আমরা দেখিতাম যে, আমরা লক্ষ্যন্থল হইতে দরে অতি অসময়েও অতীব অবাঞ্ধনীয় স্থানে পডিয়া আছি।

"একদিন আমরা কায়রোতে পথ হারাইলাম। বোধ হয় আমরা বড় বেশী রকম গল্পজ্জবে মাতিয়া গিয়াছিলাম। যাহাই হউক, আমরা দেখিলাম, এমন একটা রাস্তায় আসিয়া পড়িয়াছি, যাহা আবর্জনাপূর্ণ ও তুর্গন্ধময়, আর সেখানে অর্ধার্তা রমণীরা বাতায়ন পথে ঝুঁকিয়া আছে অথবা হারপ্রাস্তে শ্লখদেহে বিদ্যা আছে। স্বামীজী এ পর্যন্ত কিছুই লক্ষ্য করেন নাই; কিন্তু অবশেষে একটি জীর্ণ বাটার নিম্নে একখানি বেঞ্চিতে উপবিষ্টা একদল অতিমুখরা নারী হাসিতে হাসিতে তাহাকে ডাকিতে থাকিলে তাহার চমক ভাঙ্গিল। আমাদের দলের এক সঙ্গিনী আমাদিগকে সরাইয়া লইয়া যাইতে ত্রান্বিতা হইলেন; কিন্তু স্বামীজী ধীরে-স্বস্থে আমাদের দল হইতে সরিয়া গিয়া বেঞ্চিতে উপবিষ্টা রমণীদের দিকে আগাইয়া চলিলেন। তিনি বলিতে লাগিলেন, 'আহা বাছারা! আহা অভাগিনীরা! ওরা তাদের সৌন্দর্থের পায়ে নিজ্ঞেদের দেবীত্বকে বলি দিয়েছে! এখন দেখ দিকি তাদের অবস্থা!'

"তিনি অশ্র বিসর্জন করিতে লাগিলেন; নারীগুলি নীরব ও লজ্জিতা হইল।
একজন সমূথে ঝুঁ কিয়া স্বামীজীর আবরণপ্রাস্ত চুম্বন করিল এবং স্পেনিস ভাষায়
ভালা ভালা স্বরে মৃত্কঠে বলিতে লাগিল, 'ইনি ঈশ্বরজানিত মাহুষ', 'ইনি
ঈশ্বরজানিত মাহুষ', 'ইনি ভগবানের লোক!' আর একটি নারী অক্মাৎ লজ্জা
ও ভয়ে অভিভূতা হইয়া স্বহন্তে বদন আরুত করিল—যেন ঐ প্রিত্ত নয়নম্ম
ইইতে সে ভাহার ক্রমসঙ্কৃচিত আত্মাকে ঢাকিয়া রাধিতে চায়।

"শেষ পর্যন্ত দেখা গেল যে, সেই চমৎকার ভ্রমণকালেই আমার জীবনে

স্বামীজীকে দেখিবার অস্তিম স্থযোগ ঘটিয়াছিল। ইহার অল্প পরেই তিনি জানাইলেন যে, তাঁহাকে স্বদেশে ফিরিতে হইবে। তাঁহার বোধ হইতেছিল, তাঁহার দিন ফুরাইয়া আসিতেছে এবং তাঁহার অমুভব হইতেছিল যে, তাঁহার স্থদেশেই প্রত্যাবর্তন কর্তব্য — তিনি ছিলেন সে দেশের নেতা ও সে দেশেই তাঁহার যৌবন ব্যয়িত হইয়াছিল।"

মাদাম কালভে ক্যাথলিকদের প্রথাহ্নসারে স্বামীজ্ঞীকে মঁ পেরে (স্বামার বাবা) বলিয়া ডাকিতেন। ম্যাকলাউডের নিকটও ডিনি ছিলেন গুরু ও নিকট স্বাস্থায়। মঁ বোয়া তাঁহাকে সাধু, পণ্ডিত ও সহৃদয় বন্ধু বলিয়া আদর করিতেন। স্বতএব স্বামীজ্ঞী বিদায় লইবেন জানিয়া সকলেই সাতিশয় হুংখিত হইলেন; কিন্তু ধরিয়া রাখিবার তো উপায় ছিল না। স্বামীজ্ঞী প্রথম যে জাহাঙ্ক পাইলেন তাহাতেই চড়িয়া স্বদেশবাত্রা করিলেন। তিনি সম্ভবতঃ পোট টাউফিক হইতে জাহাঙ্ক ধরিয়াছিলেন। সেখান হইতে ম্যাকলাউডকে লিখিত ২৬শে নভেম্বের (১৯০০) পত্রে আছে:

"জাহাজখানি আসিতে দেরী হচ্ছে, তাই অপেক্ষা করছি। ভগবানকে ধন্যবাদ যে, আজ জাহাজ পোর্ট সৈয়দ খালের মধ্যে চুকেছে। তার মানে, সব ঠিক ঠিক চললে সন্ধ্যায় জাহাজ এখানে (পোর্টে) পৌছবে। অবশ্য এ ছদিন যেন নির্জন কারাবাস চলছে; "মি: গেজের এজেন্ট আমায় সব ভুল নির্দেশ দিয়েছিল। প্রথমতঃ আমায় স্বাগত জানানো তো দ্রের কথা, কিছু ব্ঝিয়ে দেবার মতো কেউই এখানে ছিল না। বিতীয়তঃ আমায় কেউ বলেনি যে, অন্য জাহাজের জন্ম আমাকে এজেন্টের আফিসে গিয়ে গেজের টিকিটখানি পালটে নিতে হবে— আর তা করবার জাগয়া স্থয়েজ, এখানে নয়। স্বতরাং জাহাজখানির দেরী হওয়ায় এক হিসাবে ভালই হয়েছিল। "আজ রাজে কোন একসময়ে জাহাজে উঠব, আশা করি। "মাদাম কালভেকে আমার চিরক্বতজ্ঞতা ও ভভেছা জানাবে। তিনি বড় চমৎকার মহিলা।"

অতঃপর জাহাজের কিছু কিছু ঘটনা জানিতে পারি আমেরিকান মিশনারী রীভদ ক্যান্ধিল-এর স্থতিলিপি ('রেমিনিদেন্দেদ', ৪০৩-০৭ পৃঃ) হইতে। আমরা উহার সারাংশ পাঠকদিগকে উপহার দিতেছি। মনে রাখিতে হইরে ক্যান্ধিল ছিলেন মিশনারী; কাজেই স্বামীজীকে সম্রেজভাবে গ্রহণ করেন নাই। তবে জীবনে কখনও কোন বিশিষ্ট ব্যক্তির সহিত মিলন ঘটিয়া থাকিলে, লোকে তাহা স্বভাবতই দশজনকে বলিতে চায়; ক্যাজিলও ঠিক ঐভাবেই নিজের পছন্দ ও অপছন্দ, প্রত্যক্ষ ও অহুমান মিলাইয়া এই লিপিটি রচনা করিয়াছিলেন। আমরা তাঁহার মতামত বা অহুমানের দিকে তেমন দৃষ্টি না রাখিয়া ঘটনাগুলিই বলিয়া যাইব।

তৎকালীন ইটালীদেশীয় এক কোম্পানীর 'ক্বাট্টিনো' নামক জাহাজে চড়িয়া ক্যান্ধিন প্রভৃতি অনেকে ভারতে আদিতেছিলেন। তিনি জাহাজ ধরিয়াছিলেন নেপলদে। জাহাজের খাবারের ঘরের মধ্যবর্তী একটি টেবিলের এক প্রান্তে ছিল তাঁহার জন্ম নির্দিষ্ট আসন: তাঁহার ঠিক ডানদিকের আসনে বসিতেন মধ্যপ্রদেশের সিভিল সার্ভিদের কর্মচারী ডেক ব্রক্ষ্যান ; ব্রক্ষ্যানের বিপরীত দিকে বসিতেন সিভিল সার্ভিসেরই আর একব্যক্তি। লোহিতসাগরে প্রথমবারে আহারের সময় ত্রকম্যানের দক্ষিণে এক সম্ভ্রান্ত ভারতবাসীর অভ্যানয় হইল। তিনি নীরবে বসিয়া কিছু সোডা ওয়াটার ও একখানি জাহাজী বিস্কট খাইয়া উঠিয়া গেলেন। অমনি সকলের কৌতৃক জাগিল, ইনি কে? কিছ জানিবার উপায় ? ভোজনকারীদের একজন অত আদবকায়দার ধার ধারিতেন না: তিনি বেয়ারাকে ডাকিয়া পানীয়ের আদেশ-কার্ডগুলি আনিতে বলিলেন এবং নিজেরটা দেখিবার অছিলায় সব কার্ডগুলি নাড়িয়া একথানি কার্ড বাহির কবিলেন যাহাতে পেন্সিলে লিখিত ছিল 'বিবেকানন্দ'। উহা হইতে সকলে জানিয়া লইলেন এই মৰ্যাদাবান পুৰুষ স্বামী বিবেকানন। ক্যাঞ্চিন্স চিকাগো ধর্ম-মহাসভায় স্বামীজীকে দেখিয়াছিলেন—যদিও সীয় খুষ্টধর্ম সম্বন্ধে গোঁড়ামি থাকায় তিনি তথন তাঁহার প্রতি আফুট হন নাই; দিতীয়বার এইরূপ দাক্ষাৎ হওয়ায় তিনি ঘনিষ্ঠভাবে মিশিবার জন্ম উৎস্থক হইয়া রহিলেন। স্বামীজী পরের বারেও টেবিলে কাহারও সহিত তেমন কথা বলিলেন না। এদিকে অপরেরা তাঁহার সহিত কথা পাড়িয়া একট মন্তা করিবার মতলব আঁটিতেছিলেন। ক্যাঙ্কিল ঠিক করিলেন, এভাবে অপরের পেছনে লাগা অন্তায়। অতএব পরবর্তী দশ দিন জাহাজের অপরেরা যদিও স্বামীজীর সহিত বাদ-প্রতিবাদে মাতিয়া গেলেন, ক্যাছিল নিজেকে বাঁচাইয়া চলিতে লাগিলেন। ইহার ফলে স্বামীজী ও তাঁহার মধ্যে একটা হৃত্যতা জমিয়া উঠিল।

একদিন স্বামীজী তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, "আপনি কি আমেরিকান ?" "হা।" "মিশনারী ?" "হা।" স্বামীজী জানিতে চাহিলেন, "আপনি আমার দেশে ধর্মপ্রচার করেন কেন ? ক্যান্ধিন্স প্রত্যুত্তর দিলেন, "আপনিই বা আমার দেশে ধর্মপ্রচার করেন কেন ? তারপর স্বামীজীর কৌতৃক-ভরা চোথের পাতা একটু নড়িবামাত্র তুই জনেই উচ্চৈঃকরে হাসিয়া উঠিলেন; অমনি বন্ধুত্ব স্থাপিত হইয়া গেল 1

প্রথম ছই-একদিন টেবিলে বসিয়া স্বামীজীকে কথার পাাচে ফেলিবার মতলবটা তেমন কার্যকর হয় নাই। স্বামীজী স্বল্প কথায় অথচ এমন ষ্থোচিত পালটা জবাব দিয়া যাইতেছিলেন আর তাহা এমনই চমংকার হইতেছিল হে. স্মালোচনা জ্বমিবার স্থযোগ ঘটতেছিল না। তাঁহার কথাগুলি সমূচিত উদ্ধৃতি ও সংক্ষিপ্ত অর্থপূর্ণ বাক্যে ঝলমল করিত। কাজেই ব্রক্ম্যান ছাড়া আর সকলেই স্বামীন্সীর সহিত বাক্যযুদ্ধে অগ্রসর হওয়ার ত্রাশা ত্যাগ করিলেন। স্বামীষ্কীর বক্তব্য দর্বাধিক উৎকর্ষলাভ করিয়াছে বলিয়া মনে হইল। বাধা ও প্রশ্ন সত্তেও তিনি স্বীয় বক্তব্য বলিয়াই চলিলেন এবং কথা শেষ করিয়া সকলকে যথারীতি অভিবাদনান্তে ভোজনকক হইতে বিদায় লইলেন। অমনি অতি-বৃদ্ধিমান দিভিলিয়ান্ত্র ঠিক করিয়া ফেলিলেন, স্বামীজী তাঁহার মুখস্থ করা বক্ততাগুলিরই একটি সেদিন ঝাড়িয়া দিয়া গেলেন। হিংসাপর ও দান্তিক সমালোচক বা আহামকের বৃদ্ধি এমনি ভাবেই বিভ্রাম্ভ হয়, সত্যের মুখ এমনি করিয়া তাহাদের নিকট আরত থাকিয়া যায় ! ক্যাঞ্চিলও এই ভ্রম করিয়াছিলেন। করিবেনই বা না কেন ? হাজার হউক মিশনারী তো? আর দাদা-চামড়া! কালো-চামড়ার কেহ নোট-এর সাহায্য না লইয়া বিনা প্রয়ত্ত্বে এমন স্থলর ইংরেজী ভাষায় এমন বাগ্মিতাপুর্ণ ভাষণ দিতে পারেন—প্রত্যক্ষ দেখিলেও ষে একথা অবিশ্বাস্তা।

আর একদিন বিদেশীদের সহিত ভাবসংঘর্ষের ফলে স্বামীজী গর্জিয়া উঠিলেন, "শাসন পরিচালনে স্থকোশল ইংরেজরা আমাদের শেখাতে পারে; কারণ ও বিছায় ব্রিটেন সর্বজাতির শীর্ষস্থানে।" তারপর ক্যান্ধিন্সের দিকে ঘূরিয়া বলিলেন, "আমেরিকা আমাদের ক্ষবিদ্যা ও বিজ্ঞান এবং আপনাদের কর্ম-কুশলতা শেখাতে পারে; কারণ ওসব বিষয়ে আমরা আপনাদের শিক্সস্থানীয়; কিন্ধ—" বলার সঙ্গে স্বামীজীর স্বরে একটু তীব্রতা আসিয়া পড়িল—"কোন জাতি যেন ভারতকে ধর্ম শেখাবার স্পর্ধা না রাখে—কারণ এক্ষেত্রে ভারতই সব জাতিকে শেখাবে।"

সেরাত্রে ডেকে বেড়াইতে বেড়াইতে ক্যান্ধিল ব্ঝাইতে চেটা করিয়াছিলেন, স্থামীজী যে অর্থে মিশনারীদিগকে ভারতে ধর্মপ্রচার হুইতে বিরত থাকিতে বলিতেন, সে অর্থে কোন মিশনারীই ধর্মপ্রচার করিতেন না—তাঁহারা তথু যীগুণ্টরের প্রতি ভারতবাসীদের প্রেম আকর্ষণেই উন্মুখ ছিলেন। পরবর্তী হুই দিন ইহাদের ঘনিষ্ঠতা আরও বৃদ্ধি পাইলে ক্যান্ধিল্প লক্ষ্য করিয়াছিলেন, উচ্চ আধ্যাত্মিক বিষয়ে আলোচনা করিতে করিতে স্থামীজী যেন আপনাকে কোন অচেনা লোকে হারাইয়া ফেলিতেন, আর এই ভাবান্থর আদিত স্থাভাবিক রূপে, উহার মধ্যে বিন্দুমাত্র ক্রত্রেমতা থাকিত না। বোম্বে পৌহাইবার পূর্ববর্তী শেষ রাত্রে জাহাজের সন্মুখস্থ ডেকে দাঁড়াইয়া তাঁহারা কথা বলিতেছিলেন। অক্সাৎ স্থামীজী ক্যান্ধিল-এর স্বন্ধে স্থীয় হন্ত স্থাপন করিয়া বলিলেন, "লোকেরা নিজ নিজ বৃদ্ধ, রুক্ষ, থৃষ্ট প্রভৃতি সম্বন্ধে যে যত কিছু বলিতে চায়, বলুক; কিন্তু মহাশ্যা, আমরা—আমরা তুই জনে জানি আমরা সর্ব-স্বরূপের অংশমাত্র।" অবশ্য খৃষ্টান মিশনারী ক্যান্ধিল-এর পক্ষে এরপ মতবাদ স্থীকার করা সন্তব ছিল না; কথায়ও তিনি তাহা প্রকাশ করিলেন। কিন্তু স্থামীজী তথন ভাবস্থ; তাঁহার চক্ ন্তিমিত — মন কোন রাজ্যে চলিয়া গিয়াছিল, তাহার তন্ত ক্যান্ধিল জানিতেন না।

পরদিন জাহাজ বোষাই বন্দরে ভিড়িল। স্বামীজী না জানাইয়া আদিয়া-ছিলেন; অতএব স্বাগত সন্তাবণের জন্ম কেহই দেখানে উপস্থিত ছিল না। তিনি নামিলেন এবং তথনই কলিকাতা গমনের জন্ম ট্রেন ধরিলেন। দৈবক্রমে ট্রেনে তাঁহার পূর্বপরিচিত বন্ধু শ্রীযুক্ত মন্মথনাথ ভট্টাচার্য মহাশয়ের সহিত সাক্ষাৎ হইল। বিদেশী পোশাকে সজ্জিত স্বামীজীকে তিনি প্রথমে চিনিতেই পারেন নাই; কিন্তু পরে উভয়ে পূর্বেরই নায় অনেকক্ষণ আমোদ-আহ্লাদে কাটাইলেন।

ুই ভিসেম্বর (১৯০০) সদ্ধার বছ পরে স্বামীন্ত্রী অক্সাৎ বেলুড় মঠে উপস্থিত হইলেন। মঠের সাধু-অন্ধচারীরা সবেমাত্র আহারে বসিয়াছেন, এমন সময় বাগানের মালী উর্জ্বশাদে ছুটিয়া আদিয়া হাঁপাইতে হাঁপাইতে ঘোষণা করিল, এক সাহেব আদিয়াছেন। অমনি তাড়াতাড়ি ডাহাকে সম্প্রের ফটকের চাবি দিয়া পাঠানো হইল এবং এত রাত্রে কে সাহেব, কোথা হইতে, কেন আসিলেন, এই বিষয়ে জল্পনা-কল্পনা আরম্ভ হইল। হঠাৎ সকলে সবিস্ময়ে দেখেন, সাহেব নিজেই জ্রুতপদে তাঁহাদের দিকে আসিতেছেন; একটু নিকটে আসিতেই চিনিতে বিলম্ব হইল না—এ যে স্বামীন্ধী! অমনি "স্বামীন্ধী এসেছেন", "স্বামীন্ধী

এসেছেন"—সহর্ষকণ্ঠের এই ধ্বনিতে চারিদিক মুখরিত হইয়া উঠিল, আর একটা মহা ছড়াছড়ি পড়িয়া গেল। প্রথমে তাঁহারা ভাবিয়াছিলেন, দৃষ্টিবিভ্রম হয় নাই তোঁ; পরে য়খন নিঃসন্দিশ্বভাবে চিনিলেন—ইনি স্বামীন্দ্রী, তখনও বুরিতেই পারিলেন না, কি করিয়া তিনি ভিতরে আসিলেন, কারণ ফটকে তো তালা দেওয়া ছিল। স্বামীন্দ্রী নিজেই বুরাইয়া দিলেন, "তোদের খাবার ঘন্টা শুনেই ভাবলুম, এই য়াঃ এখনি না গেলে হয়তো সব সাবাড় হয়ে য়াবে! তাই আর দেরী করলুম না।" অর্থাৎ তিনি মালীকে দিয়া খবর পাঠাইয়াই আর অপেক্ষা করিতে না পারিয়া প্রাচীর উল্লেখনপূর্বক ভিতরে প্রবেশ করিয়াছিলেন।

অনতিবিলম্বে তাঁহার জন্ম আসন পাতিয়া ঠাঁই করিয়া দেওয়া হইলে তিনি বিসিয়া তৃপ্তি সহকারে থিচুড়িপ্রসাদ চাহিয়া খাইতে লাগিলেন; অনেক দিন উহা খাওয়া হয় নাই, স্থতরাং উহার প্রতি স্বভাবতই একটা আকর্ষণ ছিল। খাইতে বিসিয়া এবং পরেও নানা গল্পজ্জব চলিতে লাগিল। সে রাত্রে কাহারও চক্ষে ঘূম ছিল না বলিলেই চলে। দীর্ঘকাল পরে তাঁহার দর্শন ঘটিয়াছিল; তাঁহাকে দেখিয়া ও তাঁহার কথা শুনিয়া ঘেন আশ মিটতেছিল না, সমস্ত রাত্র ব্যাপিয়া মঠে এক অনাবিল আনন্দের ফোয়ারা ছুটিয়াছিল।

এইবারে প্রত্যাবর্তনের পর পশ্চিম-সম্বন্ধে স্বামীক্ষী ষেসব কথা বলিয়াছিলেন, তাহাতে একটু ভাবের পরিবর্তন লক্ষিত হইয়াছিল। পূর্ববারে প্রশংসার চক্ষে দেখিয়া তিনি সবই অত্যুত্তম বলিয়া প্রকাশ করিলেও, এবারে সে নিরবছিল্ল গুণগানের স্থলে একটু সমালোচনাও আত্মপ্রকাশ করিয়াছিল। মোটাম্টি তিনি এইরূপ বলিয়াছিলেন: "প্রথম যেবার ওদেশে যাই, তথন ওদের ক্ষমতা, ওদের একত্র দল বেঁধে কার্য করার রীতি ইত্যাদি দেখে বড় ভাল লেগেছিল, কিন্তু এবার দেখলুম, ওদের ব্যবসাদারীটা বড় বেনী, অর্থলোভ স্বার্থপরতা আর নিব্দের স্থয়োগ স্থবিধা ও ক্ষমতালাভের চেষ্টা—এসবেই বেন ভরে রয়েছে। তারপর গরীব লোকদের থাটিয়ে নিয়ে লাভের অংশটি বড়লোকেরা ভোগ করছেন, ছোটখাট কারবারের স্থবিধাগুলি বড় বড় একজোট-কারবারে (কম্বিনেশনে) গিলে থাছেছ। এসব শোষণপ্রণালী কি ভাল ?" এই প্রসঙ্গে বলা চলে যে, স্বামীক্ষী আর একজনকে একবার বলিয়াছিলেন, "দলবাধার অভ্যাসটা খ্ব ভাল বটে, কিন্তু একদল নেকড়ে তা বলে কি আর দেখতে স্ক্রের ?—ওদেশে যত বেনী বেড়ালুম, যত বেনী দেখলুম শুনলুম তত জ্ঞান হল যে ওটা বেন নরক! চীনেরা

মহুখ্যনীতির আদর্শের যত কাছাকাছি গেছে কোন নৃতন জাতই ততন্র যায়নি বা যেতে পারেনি।" (বাঙ্গলা জীবনী, ৮৬৬-৬৭ পৃঃ)। মনে রাখিতে হইবে, ইহা পঁয়ষটি বংসর পূর্বের কথা, যথন চীন বিদেশীর অত্যাচারে ও অপরের অফুকরণে তাহার দর্শন ও জীবনধারার গতি ও রূপ সম্পূর্ণ পরিবর্তিত করে নাই।

চীন সম্বন্ধে ঐরূপ আর একটি উক্তি উদ্ধৃত করিয়াছেন শ্রীযুক্ত মন্নথ গাঙ্গুলি।
বিদেশীদের সমসাময়িক শোষণের ফলে নৃতন চীন যে অভিনব রূপ ধারণ করিবে,
তাহাই যেন স্বামীদ্দী মানসচক্ষে দেখিয়াছিলেন। মন্নথবারু লিখিয়াছেন: "এই
সময়ে চীনদেশের আভ্যন্তরীণ অবস্থা অত্যন্ত খারাপ হইয়াছিল। পাশ্চান্ত্য
শক্তিমান দেশগুলি চীনকে ভাগাভাগি করিয়াশোষণনীতি অবলম্বন করিয়াছিল।
জাপানও তাহাদের দলে ভিড়িল। দেই সময় স্বামীদ্ধীকে জিজ্ঞাসা করিলাম,
'এত পুরাতন সভ্য একটা দেশ—এইবার কি শেষ হয়ে যাবে?' স্বামীদ্ধী অল্ল
কাল চুপ করিয়া রহিলেন। পরে বলিলেন, 'আমি দেখছি—একটা প্রকাণ্ড
হাতীর পেটে একটা বাচ্চা হয়েছে। সেই বাচ্চাটা ভূমিষ্ঠ হল—কিন্তু সেটা
একটা সিংহশাবক। এই বাচ্চাটা বড় হবে। তখন নতুন চীন তোয়ের হবে'।"
('উল্লোধন', ৬২ বর্ষ, ১০ম সংখ্যায় 'চীনের ভবিয়্বং')।

হিমালয়ে শেষবার

শ্রীযুক্ত সেভিয়ারকে দেথিবার জন্ম স্বামীজী যথাসম্ভব ক্রত ভারতে প্রত্যাবর্তন করিয়াও তাঁহার সাক্ষাৎ পাইলেন না। বেলুড়ে পৌছিয়াই তিনি জানিলেন, সেভিয়ার পূর্বেই ২৮শে অক্টোবর, ১৯০০ তারিখে দেহত্যাগ করিয়াছেন। শ্রীযুক্তা সেভিয়ার অবশ্র সবিশেষ লিথিয়া প্যারিসের ঠিকানায় যথাসময়ে পত্র দিয়াছিলেন: কিন্তু স্বামীজী তথন পূর্ব ইওরোপ ও মিশরে ঘুরিতেছিলেন। পত্রও তাঁহার পশ্চাতে ঘুরিয়া ঘুরিয়া অবশেষে হুই মাস পরে বেলুড়ে উপস্থিত হুইয়াছিল। শেভিয়ারের মৃত্যুতে স্বামীজী থুবই ছ:খিত হইয়াছিলেন, ইহা **ভাঁ**হার একাধিক পত্র হইতে বৃঝিতে পারা যায়। ঐযুক্তা সেভিয়ারের পত্রপ্রাপ্তির পূর্বে ১১ই ডিসেম্বর তিনি শ্রীমতী ম্যাকলাউডকে লিখিয়াছিলেন, "পর্ভ রাত্রে আমি এখানে পৌছেছি; কিন্তু হায়। এত ভাড়াহুড়া করে এসেও কোন লাভ হল না। ক্যাপ্টেন সেভিয়ার বেচারা কয়েক দিন পূর্বেই দেহত্যাগ করেছেন। হন্ত্রন মহাপ্রাণ ইংরেজ প্রামাদের জন্ত-হিন্দুদের জন্ত আত্মদান করলেন। শহীদ কোথাও থাকে তো-এঁরাই।" আর ওলি বুলকে ১৫ই ডিদেম্বরের পত্তে লিখিয়াছিলেন, "মি: সেভিয়ার দেহত্যাগ করেছেন। এটা সভাই একটা প্রচণ্ড আঘাত—হিমালয়ের কাজের ভবিশ্বং যে কি হবে জানি না। মিদেস সেভিয়ার এখনও দেখানে আছেন এবং আমি রোজই তাঁর কাছ থেকে চিঠি আশা করছি।"

ষামীজী ঠিক করিয়াছিলেন, তিনি শ্রীযুক্তা সেভিয়ারকে সান্ধনা দিতে মায়াবতী যাইবেন। এতদ্বাতীত হিমালয়ের ক্রোড়ে মায়াবতীতে স্থাপিত অবৈত আশ্রমের ভবিশুৎ কি হইবে তাহাও জানা আবশ্রক ছিল। সেভিয়ার-দম্পতির অর্থে ও উৎসাহে এবং স্বামীজীর শিশুদের ঐকান্তিক অধ্যবসায়ে যে আশ্রমটি প্রথমে আলমোড়ায় ও পরে মায়াবতীতে স্কারুরূপে তৃই বৎসরেরও অধিককাল পরিচালিত হইতেছিল এবং যাহার প্রভাব ক্রমেই দ্র দ্রান্তরে প্রসারিত হইতেছিল তাহা কি অঙ্ক্রেই বিনষ্ট হইবে, অথবা সেভিয়ার-গৃহিণী স্বামীর আরক্ত কর্ম সহধ্যিণীরই সম্চিতরূপে পূর্বৎ চালাইয়া যাইবেন—ইহা স্বামীজীর মনে এক সমস্তাকারে দেখা দিয়াছিল। পরে তিনি শ্রীযুক্তা সেভিয়ারের

১। ৩৬ডেউইন ও সেভিয়ার।

পত্র পাইয়া বুঝিয়াছিলেন যে, তাঁহার সন্দেহ অলীক—শ্রীযুক্তা সেভিয়ার পতির বিরহ ধর্মপ্রাণা সভীরই ক্যায় সম্ভ করিয়াছিলেন এবং মায়াবভীর কার্য বন্ধ করার কথা তিনি মোটেই কল্পনা করেন নাই। কিন্তু শ্রীযুক্তা দেভিয়ারের একপ **দাখাসপ্রদ পত্র হন্তগত হইবার পূর্বে স্বামীন্দীর দিক হইতে তাঁহার মনোভাব** জানার চেষ্টা করা স্বাভাবিক বলিয়াই তিনি তাঁহাকে চিট্টি লিখিয়াছিলেন (১১ই ভিদেশর ও ১৫ই ভিদেশরের পত্রন্বয় স্রষ্টব্য)। বথাকালে শ্রীযুক্তা সেভিয়ারের **অভিপ্রায় জানিতে পারিয়া তিনি ২৬শে ডিদেম্বর শ্রীমতী ম্যাকলাউডকে** লিপিয়াছিলেন: "মিদেস সেভিয়ার অবিচলিত আছেন। প্রারিসের ঠিকানায় তিনি আমাকে যে চিটি লিখেছিলেন, তা এই ডাকে ফিরে এল। আগামীকাল আমি তাঁর সকে দেখা করতে পাহাডে যাব। ভগবান তাঁহার এই প্রিয় ও সাহসী মহিলাকে আশীর্বাদ করুন।" ঐ পত্রেই আমরা জানি কাপ্টেন সেভিয়ার কতথানি হিন্দুভাবাপন্ন হইয়াছিলেন এবং তাহার ফলে স্থানীয় লোক ও সাধু ব্রহ্মচারীদের কিরুপ হৃদয় জন্ম করিয়াছিলেন: "আমাদের প্রিয়বন্ধ-মি: দেভিয়ার আমি পৌছিবার আগেই দেহত্যাগ করেছেন। তাঁর প্রতিষ্ঠিত স্মাশ্রমের পাশ দিয়ে যে (পাহাড়ী) নদীটি প্রবাহিত, তারই তীরে হিন্দুরীতিতে তাঁর সংকার করা হয়েছে। আহ্মণেরা তাঁর পুষ্পমাল্যশোভিত দেহ বহন করে निरम्भिन এবং उन्नामात्रीता रामध्यनि करत्रिका।" त्यात्र এই निमान्न घर्षेनात्र त्रीम মনোভাব ব্যক্ত করিতে গিয়া স্বামীজী লিথিয়াছিলেন, "আমি নিজে দঢ় এবং শাস্ত আছি। আৰু পৰ্যস্ত কোন ঘটনা কখনও আমাকে বিচলিত করতে পারেনি: আজও মহামায়া আমাকে অবসন্ন হ'তে দেবেন না।"

ক্যাপ্টেন সেভিয়ার চলিয়া গিয়াছেন, শ্রীযুক্তা সেভিয়ারের সম্বন্ধ যে ভয় ছিল, তাহা দ্রীভূত হইয়াছে। স্বামীজী তথাপি দ্বির করিলেন, তাঁহাকে একবার মায়াবতী যাইতেই হইবে। তদম্বায়ী তিনি পত্র লিখিয়াছিলেন এবং শ্রীযুক্তা সেভিয়ারের পক্ষ হইতে সাদর শাহ্রান আসিয়াছিল। আশ্রমবাসীরাও তাঁহাকে পাইবার জল্প শতীব আগ্রহাছিত ছিলেন। কিছ্ক পথ ছিল হুর্গম; কুলি, ভাগ্রী ইত্যাদির সাহায় ব্যতীত সে পার্বত্যপথ অভিক্রম করা স্বামীজীর পক্ষে সম্ভব ছিল না। আবার তথন দারুণ শীত; ঐ কালে অনেক পর্বত্বাসীনীচে সমতলভূমিতে নামিয়া যায়। অতএব অক্সাৎ লোকসংগ্রহ করা স্বক্ষিন। তাই স্বামীজীকে জানানো ইইয়াছিল, তিনি বেন শক্তঃ আট দিন পূর্বে

সংবাদ দেন। কার্যতঃ তাহা হইল না। স্বামীকী তারবার্তা পাঠাইবার স্বল্প পরেই কাঠগোদাম যাত্রা করিলেন। তথনকার দিনে মান্বাবতীতে তার পৌছাইতে যথেষ্ট সমন্ব লাগিত; উহা তাঁহারা পাইলেন ২৫শে ডিসেম্বর বৈকালে। অতএব সেধানে এক অসম্ভব পরিস্থিতির উদ্ভব হইল—স্বামীকী তিন দিন পরে কাঠগোদামে পৌছাইতেছেন, এত তাড়াতাড়ি ব্যবস্থা কিরূপে হইবে? অবশেবে অভ্তক্মা গুরুভক্ত স্বামী বিরজ্ঞানন্দ (বা কালীক্রফ) এই ত্রুহ ব্যবস্থার দান্ত্রিত্ব গ্রহণ করিলেন। পরবর্তী ঘটনাবলী আমরা বাঙ্গলা ও ইংরেজী জীবনীন্ন্র ও 'অতীতের শ্বতি' (১১৮-৩০ পঃ) অবলম্বনে উপস্থিত করিতেছি।

২৯শে ডিসেম্বর ভোরে স্বামীজীদের কাঠগোদামে পৌচাইবার কথা চিল মায়াবতী হইতে উহার দূরত্ব প্রষষ্ট মাইল—পায়ে হাঁটিয়া আসিতে অন্ততঃ তিন দিন লাগার কথা। আশ্রমের অধ্যক্ষ স্বামী স্বরূপানন্দের অনুমতিক্রমে স্বামী বিরজানন্দ ২৬শে তারিখ সারাদিন গ্রামে গ্রামে ঘুরিয়া, সাধ্য-সাধনা করিয়া ও বর্ক শিশের লোভ দেখাইয়া ডাণ্ডীর ও মালের জন্ম কুলি প্রভৃতি সংগ্রহ করিলেন এবং তাহাদের সহিত হাঁটিয়া হুই দিনে ঐ স্থদীর্ঘ পার্বত্যপথ অতিক্রমান্তে ২৮শে ভিদেম্বর রাত্রি বারটায় কাঠগোদামে উপস্থিত হইলেন: স্থামীজীর টেন আসিল রাত্রিশেষে ভোর পাঁচটায়। তাঁহার সঙ্গে ছিলেন স্বামী শিবানন্দ ও স্বামীজীর অন্ততম শিশু স্বামী সদানন্দ (বা গুপ্ত মহারাজ)। কালীরুঞ্চক দেখিয়া স্বামীন্দ্রী সাতিশয় আহলাদিত হইলেন এবং অল্প সময়ে কিভাবে অসাধ্য সাধিত হইয়াছে শুনিয়া বলিলেন, "বা:, এই তো ঠিক আমার চেলা।" কালীক্লফ ও কুলিদিগকে ক্লাস্ত দেথিয়া এবং নিজেরও একটু জ্বর-জ্বর ভাব হইয়াছে বুঝিয়া স্বামীজী স্থির করিলেন, একদিন কাঠগোদামে বিশ্রাম করিবেন। স্বামীজীর মনে সন্দেহ ছিল যে, মায়াবতী হইতে এত অল্প সময়ে হয়তো কেহ আসিতে পারিবে না। তাই তিনি আলমোড়াতে লালা বদ্রীশার নামেও তার পাঠাইয়া জানাইয়াছিলেন যে, মায়াবতীর লোক না আসিলে তিনি আলমোডা ঘাইবেন। ভার পাইয়া বল্রীশা স্বীয় ভ্রাতৃপুত্র গোবিন্দলাল শাকে কাঠগোদামে পাঠাইয়া-ছিলেন। পরদিন প্রাতঃকালে (৩০শে ডিসেম্বর) যথন মায়াবতী যাত্রা আরম্ভ হইল তথন গোবিন্দলালও সঙ্গে চলিলেন। বিরন্ধানন্দকে ক্লান্ত দেখিয়া স্বামীজী

২। বাঙ্গলা জীবনীতে জাতা, 'অতীতের স্মৃতিতে' ভাতুসূত্র।

তাঁহার জন্ম একটি ঘোড়া লইতে আদেশ করিয়াছিলেন। বিরক্তানন্দেরই উপর যাত্রার সমস্ত ব্যবস্থাভার অপিত ছিল। আলমোড়ায় না ষাইয়া স্বামীজীকে তথনই মায়াবতী লইয়া ঘাইবার দায়িত্বও তাঁহাকেই গ্রহণ করিতে হইয়াছিল। বস্তুত: এই সিদ্ধান্ত পূর্বে মায়াবতীতেই স্থিরীকৃত হইয়া সিয়াছিল। আশ্রমবাসীরা ভাবিয়া দেখিয়াছিলেন, কেহ যদি য়থাসময়ে কাঠগোদামে উপস্থিত না থাকেন, তবে স্বামীজী আলমোড়া চলিয়া য়াইবেন এবং পরে আবহাওয়া খারাপ হইলে হয়তো মায়াবতী গমনের সম্বর্ত্ত পরিত্যক্ত হইবে। এইজন্মই ফ্রত রেল-ফেশনে উপস্থিত হওয়া ও স্বামীজীকে লইয়া যাওয়ার জন্ম বিরজ্ঞানন্দের আগ্রহের অন্ত ছিল না। এখন স্বামীজী সম্বত হওয়ায় তিনি সানন্দে তাঁহার রন্ধন ও ব্যক্তিগত সেবার ভার সহত্তে লইয়া মায়াবতী অভিম্বে যাত্রা করিলেন। তাঁহার সাহায়্যার্থ স্বামী সদানন্দ স্বামীজীর পোশাক-পরিচ্ছদ ও লটবহর প্রভৃতির দায়িত্ব লইলেন।

প্রথম দিনে তাঁহারা ভীমতালে কিছুক্ষণের জন্ম থামিয়া ভোজনাদি শেষ করিলেন, অতঃপর পথ চলিয়া সন্ধাকালে ১৭ মাইল দূরবর্তী ঢারী নামক স্থানে ডাকবান্ধলাতে রাত্রিবাসের জন্ম আশ্রয় লইলেন। সেদিনও রাত্রি ভালই কাটিয়াছিল। কিন্তু পরদিন ঢারী হইতে তুই মাইল যাইতে না যাইতে কুয়াসায় (বা নিম্নচারী জলভরা মেঘে) চারিদিক অন্ধলারাচ্ছর হইয়া জানাইয়া দিল যে, তুর্যোগ আসম্প্রায়। অল্পরেই প্রবল বৃষ্টিপাত আরম্ভ হইল, তাহার পরই তুষারপাত। প্রথম প্রথম বরফ খুব বেশী না পড়িলেও বৃষ্টি বেশ চাপিয়া আসিয়াছিল, তাই পথ পিচ্ছিল হইয়া গেল। চলিতে চলিতে বিশেষতঃ উতরাই-এর সময় ডাণ্ডীবাহকদের পদখলন হইতে লাগিল। বরফের ঠাণ্ডা বা পাহাড়ের তুর্যোগের সহিত স্থামীজী অপরিচিত ছিলেন না, আর অস্থ্যিধার মধ্যেও তিনি মনকে প্রফুল্ল রাখিতে জানিতেন। অতএব আনন্দ করিতে করিতে ও স্থইজরল্যাণ্ডের গল্প জনাইতে গুনাইতে তিনি চলিলেন, মাঝে মাঝে বাহকদের সহিত মশকরাও চালাইলেন। তাহাদের মধ্যে একজন ছিল বেশ মজার লোক। তাহার বারক্তক বিবাহ হইয়াছিল, কিন্তু সব জীই তথন গতান্থ। চণ্ডী পুন্তকথানি ছিল তাহার মুধ্স। সে উহা স্থীয় অভুত স্বর ও উচ্চারণসহ অপরকে শুনাইয়া আত্ম-

৩। বাঙ্গলা জীবনীর মতে ভোরেই বৃষ্টি পড়িতে থাকায় বাত্রা দেরীতে আরম্ভ হর।

প্রসাদ লাভ করিত। স্বামীজীকেও শুনাইতে ছাড়িল না—বদিও মাঝে মাঝে ভূল হইল এবং স্বামীজী সংশোধন করিয়া দিলেন। স্বামীজী তাহাকে পণ্ডিতজী বলিয়া ডাকিডেন। এক অবসরে তিনি পণ্ডিতজীকে শুধাইলেন, দে পুনর্বার বিবাহ করিতে প্রস্তুত কিনা। দে অমানবদনে উত্তর দিল, "তা খ্ব রাজী, কিছ যৌতুকের টাকা কোথায় ?" স্বামীজী বলিলেন, "ধর বদি আমি দিই।" তথন পণ্ডিতজীর আহলাদ দেখে কে ? সে বারংবার স্বামীজীকে প্রণাম করিতে লাগিল।

তুর্বোগের মধ্যে ধীরে ধীরে চলিয়া এবং আহারাদির জন্ত থামিয়া বেলা তিনটার ডাণ্ডী মাত্র লাড়ে লাভ মাইল দুরবর্তী পহরাপানিতে পৌছিল। আরও সমপরিমান পথ চলিলে পরবর্তী ডাকবান্সলো পাওয়া ঘাইত, স্থতরাং বাকি রাস্তা একটান ও ক্রত চলার প্রয়োজন ছিল। বিরক্ষানন সমস্ত দলটিকে সামলাইয়া পশ্চাতে পশ্চাতে আদিতেছিলেন, আর অগ্রবর্তীদের বলিয়া দিয়াছিলেন, ডাণ্ডী যেন না থামে, কারণ কুলিদের রীতিই এই যে, তাহারা তামাক খাইবার অছিলায় কোথাও বসিয়া পড়ে এবং আর নাড়িতে চায় না। ডাগুীর কুলিরা ঐ সাড়ে সাত মাইল অতিক্রম করার পর একটি দোকান দেখিয়া চা ও তামাক খাইবার জন্ত ভাণ্ডী থামাইতে চাহিল। পুর্বের সতর্কতার কথা মনে থাকিলেও এই তুর্যোপের দিনে দয়াপরবশ হইয়া স্বামীজী অমুমতি দিলেন, আর বলিলেন, "তোরা কিছু श्रावात (श्राय तन, श्रामि श्रामा तनव, श्रात त्काशा शांवि १" वित्रज्ञानन तमश्रात আসিয়া যথন কাণ্ডটি দেখিলেন, তথন হতাশ হইয়া পড়িলেন। কুলিরা সেখানেই সাডে পাঁচটা বাজাইয়া দিল। শীতের বেলা, সন্ধ্যা তথন আগতপ্রায়। আর দোকান তো ভারী! একটা চালা—চৌদ হাত লম্বা ও হাত দশেক চওড়া। অগত্যা বাধ্য হইয়া দে রাত্তি ঐ অপরিচ্ছন তুর্গদ্ধ জীর্ণ কুটিরেই রাত্তিবাদের ব্যবস্থা করিতে হইল। রাত্রে আবার রন্ধন ও শীতনিবারণের জ্বন্য অগ্নি প্রজ্ঞালনের ফলে ঘরখানি ধুমপূর্ণ হইয়া অস্বন্তি চরমে উঠিল। স্বামীজী অতিষ্ঠ হইয়া ছেলেমান্তবের মতো অপরের উপর দোষারোপ করিতে লাগিলেন। তিনি স্বামী শিবানন্দকে (वा जातकतारक) প্রধানত: लक्षा कतिया विलितन, "मवश्रामारे पाराचक ! वित বরফ পড়বার ভয় ছিল, তবে কি করে আমাকে আসতে দিলে ? কালীরুঞ্চ না হয় ছেলেমাহুৰ, কিন্তু ভারকদা তুমি বুড়ো মাহুৰ, তুমি কোন আল্কেলে আমায় এ दूर्वारभंत्र मर्सा चानसाजाम ना भिरम अमिरक निरम अल ?" कानीकृष्करक বলিলেন, "তুই আমাকে কাঠগোদাম থেকে আলমোড়ায় ষেতে না দিয়ে কেন

মায়াবতী বাবার জন্মে পীড়াপীডি করলি?" বিরক্তানন্দ নীরবে সব শুনিয়া স্থামীজী একটু থামিলে ধীরে ধীরে বলিলেন, "কিন্তু দোষ তো আপনারই। আপনাকে তো বারণ করেছিলাম, আপনি কুলিদের ডাগুী থামাবার অহুমতি দিয়েই তো এই বিজ্ঞাট ঘটালেন। এথানে ওরা এত দেরী না করলে আমরা যে করেই হোক ডাকবাঙ্গলায় পৌছে ষেতৃম।" এই শাস্ত অথচ দৃঢ় আত্মপক্ষসমর্থন শুনিয়া স্থামীজী শিশুরই মতো ঠাগু৷ হইয়া বলিলেন, "আছে৷, যা হবার হয়েছে, বকেছি, কিছু মনে করিসনি। বাপও ভো ছেলেকে বকে। আর এখন যতটা পারা যায়, রাত কাটাবার বাবস্থা করা যাক।"

नाना त्याविन्ननान मा ७ त्रामी ममानन ছिल्मन मल्तत्र भूत्राजात्य । ठाँशांत्रा এই অভিপ্রায়ে জ্রুত চলিতেছিলেন যাহাতে স্বামীকী পরবর্তী ডাকবান্দলোয় পৌছাইবার পূর্বেই তাঁহারা দেখানে থাকার সব স্থব্যবস্থা করিয়া ফেলিতে এবং আগুন জালিয়া ঘর গরম রাখিতে পারেন। স্বামীজী লোকানে ইহাদিগকে না দেখিয়া মহা চিন্তিত হইয়া পড়িলেন—এই তুর্ঘোগে ঠাণ্ডার মধ্যে না জানি তাঁহারা কত বিপদগ্রন্ত হইয়াছেন। তাঁহাকে সংবাদসংগ্রহের জন্ম ব্যন্ত দেখিয়া অবশেষে দোকানদার প্রস্তাব করিল যে, সে তাহার ভাগিনেয়কে ভাকবাদলো পর্যস্ত পাঠাইয়া খবর আনাইতে পারে, কিন্তু সেজগু তুইটাকা বকশিশ চাই। অগত্যা ঐব্লপ ব্যবস্থাই হইল এবং ঘটা কয়েক পরে সংবাদ আদিল যে, তাঁহারা চুইজন ডাকবান্দলোতে নিরাপদে আছেন। রাত্রে উক্ত দোকানদারের হাতে প্রস্তুত মোটা কটি থাইয়াই ক্ষরিবৃত্তি করিতে হইল এবং পরে গুড়িশুড়ি হইয়া রাত্রি কাটাইতে হইল। সমন্ত রাত্তে কেহই তেমন ঘুমাইতে পারিলেন না। বিরক্ষানন্দ সকলকে শ্বরণ করাইয়া দিলেন—সেদিন ১৯০০ খুষ্টাব্দের ৩১শে ডিসেম্বর অথবা উনবিংশ শতাব্দীর শেষ যামিনী, পরদিবস প্রত্যুষেই বিংশ শতাব্দীর আরম্ভ হইবে: তাই এভাবে ঐ রাত্রিষাপন বেশ তাৎপর্যপূর্ণ। স্বামীন্দ্রী ভনিয়া একট চিস্তামগ্রভাবে হাসিলেন। এদিকে তাঁহাদের গল্পজ্ববে দোকানদার অতিষ্ঠ হইয়া উঠিয়াছিল। ইহারা কেহ পাহাড়ী ভাষা জানেন, এইরপ না ভাবিয়াই সে তাঁহার আত্মীয়বজনকে বলিয়া ঘাইতে লাগিল, যাত্রীদিগকে জায়গা দিয়া কুকাজ করিয়াছে: রাত্তি প্রভাত হইলেই সর্বপ্রথমে উহাদিগকে তাড়াইবে। সে হয়তো ভাবিষাছিল এই তর্ষোগে আগন্তকরা পরের দিনটাও ঐ দোকানেই কাটাইবে। ষাত্রীরা কিছ থাকিলেন না। পরের দিন এক ফুট গভীর বরফের উপর দিয়াই যাত্রা শুক্ষ হইল। পূর্বদিনের অব্যবস্থা হইতে রক্ষা পাইবার জন্ম বিরক্ষানন্দ এইদিন স্থামীজীর ডাণ্ডীর দক্ষে দক্ষে চলিলেন। চারিদিকে তথন এক অপূর্ব দৃশ্য — গাছ-পালা, পথ, পাহাড় দব তৃষারধবল, আর তাহার উপর প্রভাত-স্র্বের আলোক-দন্পাত এক স্থামীর দৌন্দর্বের স্বষ্টি করিয়াছে। স্থামীজী দেখিয়া খ্ব প্রফুল্ল হইলেন। দে রাত্রি কাটিল মৌরনলা ডাকবাঙ্গলোতে। স্থামী সদানন্দের যত্ত্বে পূর্বরাত্রেই এখানে দর্বপ্রকার স্থাবস্থা হইয়াছিল; অভএব স্থামীজী অনেকটা আরামবোধ করিলেন এবং ফুর্তি করিয়া পূর্বরাত্রের অভিজ্ঞতার কথা শুনাইটেত লাগিলেন।

চতুর্থ দিন (২রা জামুয়ারি) বরফ অনেকটা গলিয়া গিয়াছিল। দেদিন তাঁহাদের বিশ্রামন্থল ছিল একুশ মাইল দূরে ধুনাঘাটের ডাকবাঙ্গলোয়। শেষের দিকে স্বামীজী লাঠিতে ভর দিয়া ও বিরজানন্দের স্কন্ধে হস্ত রাথিয়া খানিকটা রান্তা হাঁটিয়া চলিলেন আর বলিলেন, "দেখ, আগে বিশ-পঁচিশ মাইল হাঁটা আমার কাছে কিছুই ছিল না। এখন কি রকম তুর্বলহয়ে গেছি—একটু হাঁটতেই কত কষ্টবোধ হচ্ছে।" একট পরে বলিলেন, "দেখ বাবা, এখন তো জীবনের শেষে এনে পৌছেছি।" বিরজানন্দ চমকিয়া উঠিলেন; কিন্তু স্বামীজী যে অত্যন্ত তুর্বল হইয়া পড়িয়াছেন, একথা তো চাক্ষুষ সত্য। পরের দিন ৩রা জামুয়ারি দ্বিপ্রহরে মায়াবতীর অবস্থানস্থলের পাহাড়ের বিপরীতদিকের উচ্চ পাহাড় হইতে আশ্রমের বাড়ীগুলি চারিদিকে দেওদার, সরল, ওক, রডডেণ্ডন প্রভৃতি বুক্ষবেষ্টিত থাকিয়া স্বামীজীর চক্ষে বডই স্থন্দর দেখাইতেছিল। দেখান হইতে আশ্রমের নীচে খডে যে ঝরণার ধারে দেভিয়ারের শেষক্ষত্য সমাপ্ত হইয়াছিল, দেখানে নামিয়া তিনি ভনিলেন অহৈত আশ্রমের ঘণ্টায় বারটা বাজিতেছে। অমনি থাবার সময় উপস্থিত জানিয়া তাড়াতাড়ি দেখানে উপস্থিত হইবার জন্ম একটি ঘোড়ায় চড়িলেন এবং বেগে উহাকে ছুটাইয়া আশ্রমে উপনীত হইলেন। আশ্রমে পৌছাইয়া দেখিলেন তাঁহার অভ্যর্থনার জন্ম আশ্রমবাটীকে পত্রপুষ্পে সজ্জিত করিয়া আরও স্থন্দর করা হইয়াছে।

মায়াবতীতে স্বামীদ্বী ১৭ই জাত্মারি পর্যন্ত থাকিয়া ১৮ই তারিথে কলিকাতাভিম্পে যাত্রা করেন। দীর্ঘ পদচারণ ভালবাসিলেও ঐ সময় আশ্রমের চারিপার্শ্বের জমি প্রায়ই বরফে ঢাকা থাকায় তাঁহাকে অধিকাংশ সময় গৃহাভ্যন্তরে
কাটাইতে হইত। স্থযোগ পাইলে তিনি ভ্রমণেও নির্গত হইতেন। অন্ত, সময়

দাশ্রমবাসীদের সহিত গল্পঞ্জব করিতেন, কিংবা পার্যবর্তী স্থানগুলি হইতে বাঁহারা তাঁহার দর্শনার্থ উপস্থিত হইতেন, তাঁহাদের সহিত আলাপ করিতেন। শরীর তথন থুবই থারাপ ছিল, পরিশ্রম মোটেই দছ হইত না, মাঝে মাঝে হাঁপানির টানও চলিত। তবু তিনি মায়াবতীতে বেশ আনন্দে ছিলেন—ইহা তাঁহার ঐ কালের পত্রসকল হইতে স্পষ্ট প্রতীত হয়। তাঁহার ৬ই জামুয়ারির পত্তে আছে: "মিসেদ দেভিয়ার খুব দচ্চিত্ত মহিলা এবং খুব শান্ত ও সবলভাবে শোক সহা করে নিয়েছেন। তিনি এপ্রিল মাসে।ইংলও যাচ্ছেন এবং আমিও তাঁর সঙ্গে যাচ্ছি। এ স্থানটি অতি স্থলর এবং তারা (আশ্রমবাসীরা) একে থুব মনোরম করে তুলেছে। কয়েক একর পরিমিত বিশাল স্থানটি সমত্বে রাখা হয়েছে। আশা করি, মিদেদ দেভিয়ার ভবিশ্বতে ইহা রক্ষা করতে পারবেন। অবশ্য তিনি বরাবরই এরপ আশা করেছেন। । । হিমালয়ে বেশ ভাল আছি। এখানে খুব বরফ পড়েছে, পথে প্রবল হিমঝঞ্চার মধ্যে পড়েছিলাম। কিন্তু ঠাঙা তত বেশী,নয়। এখানে আসার পথে চুদিন ঠাণ্ডা লাগায় খুব উপকার হয়েছে বলে মনে হয়। আজ মিদেদ দেভিয়ারের জমিগুলি দেখতে দেখতে বরফের উপর দিয়ে মাইল খানেক চড়াই করেছি। সেভিয়ার সব জায়গায় স্থন্দর রাস্তা তৈরী করেছেন। প্রচুর বাগান মাঠ ফলগাছ এবং দীর্ঘ বন তাঁর দথলে। থাকবার কুটীরগুলি কি সাদাসিদে পরিচ্ছন্ন স্থন্দর এবং সর্বোপরি কাজের উপযোগী !…. চারিদিকে ছ-ইঞ্চি গভীর বরফ পড়ে আছে, সূর্য উজ্জ্বল ও মহীয়ান আর মধ্যাহে বাহিরে বদে আমরা বই পড়ছি। আমাদের চারধারেই বরফ! বরফ থাকা সত্ত্বেও শীতকাল এখানে বেশ মুদ্ধ। বায়ু শুক্ষ ও স্লিগ্ধকর এবং জ্ঞল প্রশংসার অভীত।"

তাঁহার মায়াবতী অবস্থানকালে যেসকল ব্যক্তি তাঁহার দর্শনার্থ সেখানে আসিয়াছিলেন, তাঁহাদের মধ্যে বাললা জীবনীতে এই কয়জনের কথা উল্লিখিত আছে: ৬ই জাহুয়ারি আসিয়াছিলেন চম্পাবতের একদল দর্শনার্থী। ১ই তারিখে আসিয়াছিলেন চীরাপানি নামক স্থান হইতে বাললার ভূতপূর্ব ছোটলাটের পুত্র প্রীযুক্ত বীজন। তিনি ছিলেন এক চা-বাগানের স্বজাধিকারী। ১১ই তারিখে আসিয়াছিলেন তহনীলদার ও তাঁহার সলে আরও কয়েকজন ভদ্রলোক। ১৩ই জাহুয়ারি ছিল স্থামীজীর জন্মতিথি; সেদিন তিনি আটিত্রিশ বংসব্র বয়স পূর্ণ করিয়া উনচল্লিশে পদার্পণ করিলেন। প্রদিন ছিল ক্যাপ্টেন

সেভিয়ারের অন্মদিন; বাঁচিয়া থাকিলে তিনি সেদিন ৫৭ বংসর বয়সে পড়িতেন। স্বামীজী বে এক পক্ষকাল মায়াবতীতে ছিলেন, তাহার প্রতিটি দিনই ছিল चानत्म পরিপূর্ণ। বাহিরে ঘাইতে না পারিলেও ঘরে অগ্নিকুও জালিয়া উহার সম্মুখে আরামে বসিয়া তিনি সাধুত্রশ্বচারীদের সহিত কত গল্প-গুজুবে, কত প্রেরণাময় কথায়ই না সময় কাটাইতেন। প্রথমে তাঁহাকে আশ্রমবাড়ীর দোতলায় একখানি ঘরে থাকিতে দেওয়া হইয়াছিল: কিছু সেখানে ঘর গরম রাধার স্থব্যবস্থা না থাকায় পরে ডাঁহাকে নীচে অগ্নিকুণ্ডের পার্ষেই বিছানা করিয়া দেওয়া হয়। দেখানে এবং দিনের বেলায় সূর্য উঠিলে রৌল্রে বসিয়া কথাবার্তা হইও। আশ্রমবাসীরা সর্বদা তাঁহার সেবা করিতেন কিংবা আশে-পাশে খুরিয়া বেড়াইতেন তাঁহার কথামূত পান করিবার জন্ম। "যে কথায় তন্ত্রা কাটে, জড়তা ছুটে, মোহ দুরীভূত হয়, হাদয় নাচিয়া উঠে, ধমনীতে তড়িৎপ্রবাহ বহিতে থাকে, সে কথা ভনিয়া কি আকাজকা পূর্ণ হয় ?" একদিন পাশ্চান্তা শিয়াদের আহগত্যের কথা হইতেছিল। কথা বলিতে বলিতে যেন তাঁহার ভাবসিদ্ধ উদ্বেলিত হইয়া উঠিল। তিনি বক্ততাদানের ভন্গীতে উঠিয়া দাঁড়াইলেন ও দীপ্তনয়নের বিমল জ্যোতিতে চারিদিক উদ্রাসিত করিয়া পরিষ্কার সতেজকণ্ঠে পাশ্চান্ত্য শিশ্রদের গুরুভজির কথা বলিয়া যাইতে লাগিলেন। সে দেশে কত ভক্ত ছিল বাহারা তাঁহার আদেশে মৃত্যুবরণ করিতে প্রস্তুত ছিল; তাহারা কিরপ নীরবে একনিষ্ঠমনে তাঁহার দেবা করিত, অর্থের মায়ামমতা ছাড়িয়া কিরপে অকাতরে মুক্তহন্তে তাঁহার জন্ত ব্যয় করিত, এমন কি তাঁহার একটি কথায় সর্বস্থ বিসর্জন দিত— এই দব কথাই দকলকে শুনাইতে শুনাইতে তিনি বলিলেন, "এই দেখ ক্যাপ্টেন পেভিয়ার কেমন করে আমার কাজের জন্মে মায়াবতীকে প্রাণটা দিয়ে গেল।" খার একদিন খাজ্ঞাবহতার প্রসঙ্গে তিনি বলিয়াছিলেন, "জোর করে কেউ কাউকে দিয়ে ভক্তি বা হুকুম-তামিল করাতে পারে না। খাঁটি প্রেম-ভালবাসা আর মহচ্চরিত্রের কাছে সকলেই নত হয়। স্বতরাং যার এ ঘটি আছে, তাকে সকলেই মানে।" তাঁহার মতে তিনটি জিনিস মানা জীবনে স্বত্যাবশ্রক ছিল— বে ব্রত গৃহীত হইয়াছে, বে সম্প্রদায়কে স্বীকার করা হইয়াছে ও যিনি কেন্দ্রের অধাক বা মঠাধীশ।

একদিন তিনি স্বামী স্বরূপানন্দকে আশ্রমণরিচালন সম্বন্ধে তেজঃপূর্ণ ভাষায় উপদেশ দিতেছিলেন এবং সঙ্গে সংস্কৃতি সকল কথার কার্যে পরিণতির জন্ত পরামর্শ ও উৎসাহ দিতেছিলেন। স্বরূপানন্দ সমন্ত মানিয়া লইয়া বলিলেন যে, ব্যক্তিগতভাবে তিনি ঐ ভাবে চলিতে ও স্বামীজীর সমস্ত কথাই অক্সরে অক্ষরে কার্ষে পরিণত করিতে প্রস্তুত থাকিলেও অপর সকল আশ্রমবাসীর সম্পূর্ণ সহবোগিতা ও প্রত্যেকের নিকট হইতে মায়াবতীতে অস্ততঃ তিন বংসর থাকার প্রতিশ্রুতি না পাইলে ফললাভ স্বুরপরাহত। স্বরূপানন্দের উক্তির তাৎপর্য ও যুক্তিযুক্ততা হুদয়কম করিতে স্বামীক্ষীর অধিক সময় লাগিল না ; ডাই দকলে সমবেত হইলে তিনি ঐ কথা উত্থাপনপূর্বক তাঁহাদের মতামত জানিতে চাহিলেন। সকলেই স্বামীন্দীর প্রস্তাবে সম্মত হইলেন, তথু বির্জানন্দ (কালীক্লফ) জানাইলেন যে, তিনি কিছুদিন নির্জনে অবস্থানপূর্বক মাধুকরী-ভিক্ষাবলম্বনে জীবন্যাপন ও ধ্যান্ধারণায় সময় কাটাইতে চাহেন। মাধুক্রীর কথা ভনিয়া স্বামীজী বিরজানন্দকে উহা হইতে প্রতিনিবৃত্ত হইবার জন্ম যুক্তি দেখাইলেন ও নিজের অভিজ্ঞতার দৃষ্টান্ত দিয়া বলিলেন, "আমাদের অভিজ্ঞতা থেকে শেখ। অত কট করে শরীরটাকে মাটি করিদনি। আমরা শরীরটাকে বেজায় কট मिराइकि । जात करन इराइकि १—ना, खीवरनत राठी नवरहरा जान नमा. সেধানটায় শরীর গেল ভেকে। আর আজও পর্যন্ত তার ঠেলা সামলাচ্চি। তারপর অনেকক্ষণ ধ্যানধারণার কথা কি বলছিদ ? যদি পাঁচ মিনিট -- পাঁচ মিনিট কেন এক মিনিটও মনটা একটা বিষয়ে একাগ্র করতে পারিস ভাহলে যথেষ্ট। স্থার তা করতে হলে রোজ সকালে বিকালে একটা সময় নির্দিষ্ট করে অভ্যাস করতে হবে। বাকি সময়টা পড়াওনো, কি সাধারণের হিতকর কোন কাজে লাগিয়ে রাথবি। আমি চাই, আমার শিষ্মেরা শারীরিক ক্বছুতার চেয়ে কর্মের দিকে বেশী ঝোঁক দিবে। কর্ম আর কি ?—সাধনা ও তপস্থারই তো একটা অক।"

স্বামী বিরজানন্দ সব যুক্তিই মানিয়া লইলেন; অথচ নিজের উদ্দেশ্রেও অটল রহিলেন—তাঁহার মতে নিদ্ধাম কর্ম সম্পাদনের উপযুক্ত শক্তিসঞ্চয়ার্থ প্রথম দিকে একটু তপস্থারও প্রয়োজন। স্বামীজী বিরজানন্দের জিদ দেখিয়া অগ্নিশর্মা হইয়া ধমকাইতে লাগিলেন; কিন্তু বিরজানন্দ চূপ করিয়া রহিলেন—তিনি স্বামীজীর স্বভাব জানিতেন, অতএব কথার মুখে বাধা দিয়া আর বিরক্তিবৃদ্ধি করিতে সাহস পাইলেন না, নীরবে নতমুখে সব গালাগালি সহু করিয়া কার্যবাপদেশে অক্টত্র চলিয়া গেলেন। তথন স্বামীজী শাস্ত হইয়া বলিলেন, "মোটের উপর

কিছ কালাক্বফ যা বলেছে, তাই ঠিক। ওর হাদয়টা আমি বুঝেছি। ধ্যানধারণা আর স্বাধীন জীবন—এইটা যে সন্ধ্যাসজীবনের প্রধান গৌরব তা কি আর আমায় বলতে হবে রে! আমারও এক সময়ে অমনি করে দিন কেটেছে—একমাত্র ভগবানের উপর নির্ভর সম্বল নিয়ে ভিক্ষে মেগে দেশে দেশে ঘুরে বেড়িয়েছি। সেসব কি স্থাথের দিনই গেছে! যদি সর্বস্থ দিয়েও আবার সেই দিন ফিরে পাওয়া যেত, তাতেও রাজী আছি।" নবভাবের প্রবর্তক যুগনায়ক জীবনসন্ধ্যায়ও প্রাচীনধারার প্রতি শ্রন্ধাবান ছিলেন। আবার উপযুক্ত শিশ্র বিরজ্ঞানক্ষও শেষ পর্যন্ত স্থামীজীর প্রস্তাবে সম্মত হইয়াছিলেন—গতায়গতিকের অম্পরণকেই শ্রেয়ঃ মনে করেন নাই।

স্বামীজীকে মাঝে মাঝে অপ্রসন্ধ দেখাইলেও এবং সময়ে সময়ে তিনি ভংসনাদি করিলেও আশ্রমবাসীরা ইহাতে ক্ল্প হইতেন না; তাঁহারা ব্ঝিতেন, এই সব শ্রুতিকটু কথার আড়ালে আছে একথানি আশীর্বাদে ভরা প্রাণ, আর ভাষা সময়বিশেষে তীত্র হইলেও গরলহীন ও শিক্ষাপ্রদ। শ্রীযুক্তা সেভিয়ারের সহিত যথন তিনি বাক্যালাপ করিতেন, মনে হইত যেন একটি সরল-হৃদয় শিভ্ স্বীয় জননীর সহিত কথা কহিতেছে।

মায়াবতীর নিকটবর্তী পাহাড়গুলির মধ্যে ধরমঘর পাহাড়টি দর্বোচ্চ এবং দেখান হইতে অভ্রভেদী হিমালয়ের তৃষার-শৃঙ্গাবলীর দৃষ্ঠ অতীব মনোরম। একদিকে পশ্চিমের কেদার-বদরীর অথবা তদপেক্ষাও পশ্চিমের শৃঙ্গাবলী হইতে অপরদিকে পূর্বে অন্নপূর্ণা ধবলগিরি প্রভৃতি নেপালের বহু প্রসিদ্ধ হিমক্টের দৃষ্ঠ দেখানে যুগপৎ নয়নপথে নিপতিত হইয়া চিত্ত মুগ্ধ করিয়া থাকে। স্বামীজী একদিন প্রাতঃকালে আশ্রমবাসীদের সহিত দেড় মাইল দ্রবর্তী ধরমঘর-চূড়ায় বেড়াইতে গেলেন। সেথানকার দৃষ্ঠটি তাঁহার নিকট এতই ভাল লাগিয়াছিল যে, তিনি সেধানে একটি আশ্রমস্থাপনপূর্বক ধ্যানভজনের অভিলাষ প্রকাশ করিয়াছিলেন। অবশ্র জলের অভাব ও অন্যান্ত অস্থ্বিধাবশতঃ আজ পর্যন্ত সেধানে ঐক্রপ কিছু করা সম্ভব হয় নাই।

আশ্রমের জমির অন্তর্ভুক্ত একটি পাহাড়ের মাধার একাংশে ক্রত্রিম বাঁধ নির্মাণপূর্বক বৃষ্টির জল ধরিয়া রাধা হইত; অন্ত সময় উহা শুকাইয়া ঘাইত। উর্ধেব ও নিয়ে তুই ভাগে বিভক্ত জলাশয়টি অবৃহৎ ও অগভীর হইলেও আশ্রম-রাসীরা উহার নাম দিয়াছিলেন লেক বা ব্রদ। ক্রদপার্যবর্তী বাঁধের উপর দিয়া যে রান্তাটি চলিয়া গিয়াছে, উহা স্বামীজীর বেশ ভাল লাগিয়াছিল এবং তিনি বলিয়াছিলেন, "জীবনের শেষভাগে সমন্ত জনহিতকর কাজ ছেড়ে এখানে আসব আর গ্রন্থরচনা ও সঙ্গীতালাপ করে দিন কাটাব।" হ্রদে শীতকালে বরফ জমিত। উহা সংগ্রহ করিয়া উহার সাহায্যে বিরজানন্দ একদিন প্রকাণ্ড এক তাল আইসক্রিম তৈরী করিলেন। স্বামীজী উহা পাইয়া খুব আনন্দিত হইলেন।

মায়াবতী অবৈত আশ্রম অবৈতসাধনার কেন্দ্ররূপে প্রতিষ্ঠিত হইয়াছিল এবং সেখানে বৈভভাবে পূজামুষ্ঠানাদি অবাঞ্চিত ছিল। ইহা জানিয়া-শুনিয়াও আশ্রমবাসী কেহ কেহ একথানি ঘরে শ্রীরামক্নফের প্রতিক্ততি স্থাপনপূর্বক পুষ্প, ধুপ, দীপ প্রভৃতি উপচারে সাদাসিধাভাবে পুজা শুরু করিয়া দিলেন। বিরজানন্দও এই দলের অগ্রণী ছিলেন। স্বামীজীর পক্ষে ইহা বরদান্ত করা অসম্ভব ছিল। তথাপি স্থানীয় বেসব যুবক একপ ব্যবস্থা করিয়াছিলেন, তাঁহাদিগের মনে প্রত্যক্ষত: আঘাত দিবার ভয়ে তিনি ঠাকুরঘর তুলিয়া দিবার আদেশ করিলেন না। এই ব্যাপার তাঁহার জ্ঞানগোচর হওয়ার পর তিনি ভুগু আশ্রমের ব্যবস্থাদির জন্ম দায়ী শ্রীযুক্তা সেভিয়ার ও স্বামী স্বরূপানন্দকে তিরস্কার করিলেন। ইহারা তুইজন অবশ্য নীরবে সব ওনিলেন। প্রত্যক্ষতঃ বাঁহারা দোষী তাঁহারাও ভনিলেন। ফলে ইহারা লজ্জিত হইয়া ও স্বামীজীর ভাব হৃদয়পম করিয়া ঠাকুরঘর তুলিয়া দিলেন। তবু একজনের মনে একটু সন্দেহ থাকিয়া গেল—স্বামীজী যাহা করিতে চাহিয়াছিলেন, তাহা কি সতাই সর্বগুরুজনসমত ? এই সন্দেহনিরাসের জন্ম স্বামী বিমলানন শ্রীশ্রীমাতাঠাকুরানী দারদাদেবীকে পত্র লিখিলেন। উত্তরে শ্রীমা জয়রামবাটী হইতে ১৩০০ বঙ্গান্দের ১৫ই ভাত্র তারিখের পত্তে লিখিলেন, "আমাদের গুরু যিনি, তিনি তো অবৈত; তোমরা যথন সেই গুরুর শিশু, তথন তোমরাও অবৈতবাদী। আমি জোর করিয়া বলিতে পারি, তোমরা অবশ্য অবৈতবাদী।" ('অতীতের স্বৃতি'তে উদ্ধৃত স্বামী স্বরূপানন্দের ভায়েরী, ৭।৯।১৯০২)। ইহার পর অবৈতাশ্রমে আর কথনও ঠাকুরঘর প্রতিষ্ঠিত হয় নাই। चामीकी त्वनुष् मर्छ প্রত্যাবর্তনাক্তে ঐ ঘটনা অরণপূর্বক সংখদে বলিয়াছিলেন, "আমি ভেবেছিলুম অন্ততঃ একটি কেন্দ্রেও তাঁর (শ্রীরামক্রফের) বাহ্যপুজাদি বন্ধ থাকবে। কিন্তু হায়, হায়, গিয়ে দেখি বুড়ো দেখানেও জেঁকে বদে আছেন।"

স্বামীজীর সরল শিশুস্বভাবের একটি দৃষ্টাস্ত স্বামী বিরজানন্দ দিয়াছেন। একদিন ধ্থাসময়ে স্বাহার্য প্রস্তুত না হওয়ায় তিনি সকলকে তিরস্কার করিতে করিতে একেবারে রন্ধনশালায় গিয়া উপস্থিত হইলেন ও দেখিলেন, ধোঁয়ার অন্ধকারে রন্ধননিরত বিরক্তানক অনবরত ফুঁ দিতেছেন এবং আগুনকে সতেজ করিয়া ক্রত রন্ধন সমাপনের জন্ম মথাসাধ্য চেঠা করিতেছেন। অমনি আর কিছু না বলিয়া তিনি ফিরিয়া গেলেন। কিছু পরে থাবার লইয়া বিরজানক তাঁহার নিকট আসিলে তিনি বলিলেন, "যা নিয়ে য়া, আমি থাব না।" বিরজানক ব্ঝিলেন, ইহা অভিমানের কথা; একটু নীরব থাকিলেই রাগ জল হইয়া ঘাইবে; তিনি চূপ করিয়া দাঁড়াইয়া রহিলেন। এক মিনিট, তুই মিনিট, তিন মিনিট, বস—রাগ পড়িয়া গেল এবং স্বামীজী ক্র্ধাত্বর বালকের স্থায় থাইতে আরম্ভ করিলেন; তারপর থাইতে থাইতে হাইচিতের বলিলেন, "এখন ব্রুছি, কেন এত রেগে গিয়েছিল্ম। বড্ড থিদে পেয়েছিল।" স্বামীজী জানিতেন না ষে, মায়াবতীতে শীতকালেও প্রচুর রুষ্টপাত হইয়া কাঠ ভিজিয়া যায়; স্বাবার রৌলের অভাবে অকানেও সম্ভব হয় না।

অনলস স্বামীজীর মায়াবতীতেও যথেষ্ট কাজ ছিল। মায়াবতীতে বসিয়া তিনি অনেকগুলি পত্র লিথিয়াছিলেন, ইহা আমরা ধরিয়াই লইতে পারি, যদিও তন্মধ্যে মাত্র তুইথানি তাঁহার গ্রন্থাবলীতে দেখিতে পাওয়া যায়। আচার্য জগদীশ-চল্লের অমুরোধে তিনি এই সময়ে 'নাসদীয় স্কু'টির অমুবাদ করিয়াছিলেন। এতঘাতীত 'প্রবৃদ্ধভারত'-এর জন্ম তিনটি প্রবৃদ্ধ রচনা করিয়াছিলেন—'আর্য ও তামিল জাতি' নামক ঐতিহাসিক তথ্যপূর্ণ সারগর্ভ সন্দর্ভ, 'থিয়োসফি সম্বন্ধে তই-চারিটি মন্তব্য' নামক একটি অকপট সমালোচনা ও 'সমাজ-সমস্তা-বিষয়ক সভার অধিবেশন' এই শিরোনাম অবলম্বনে একটি প্রবন্ধে ১৯০০ খুষ্টাব্দে ভারত-বর্ষীয় সমাজ-সমস্তা-বিষয়ক সভার অধিবেশনে বিচারপতি রানাডে যে অভিভাষণ দিয়াছিলেন, তাহার উত্তর। এই মহারাষ্ট্রদেশীয় জননায়কের স্বদেশপ্রেম ও উদারচিত্তের তিনি ভূষদী প্রশংসা করিলেও তাঁহার সন্মাসবিদ্বেষের অযৌক্তিকতা দেখাইতে ছাড়েন নাই। স্বামীষ্কী রানাডের প্রতিবাদকল্পে লিখিয়াছিলেন যে. ভারতের সন্মাসীরা একাস্ত অলম ও সন্মাসিমপ্রালায় নিতান্ত নিপ্রয়োজন—এমব কথা ভ্রমাত্মক। ঔপনিষদিক যুগ হইতে আরম্ভ করিয়া বছ জনহিতকর কার্য তাঁহাদের দারা প্রবর্তিত হইয়াছে; এবং যতপ্রকার শক্তিপ্রদ, প্রেরণাপুর্ণ, উচ্চাকাজ্ঞাসম্পূট ভাবস্রোত সমাজশরীরে প্রবিষ্ট হইয়া পুনঃ পুনঃ উহার আবিলতা, মোহপদ্ধিলতা ও জড়তা দুরীভূত করিয়াছে, তাহার পশ্চাতে রহিয়াছে শন্ন্যাদীর ত্যাগ ও পরকল্যাণ-কামনা। সন্ন্যাদীরা দিয়াছেন ভারতকে বল, বুদ্ধি, ভরদা; ধর্মের মানির দিনে ও সামাজিক অবনতির দিনে রাজ্বশক্তিকে উদ্বুদ্ধ করিয়া ও ক্ষাত্রবীর্থকে অত্যাচারের প্রতিকারকল্পে নিয়োজিত করিয়া তাঁহারা জাতির জীবনে আনিয়াছেন প্রেম, পবিত্রতা ও শাস্তি; ভোগবিলাসের স্থলে তাঁহারা মহিমমণ্ডিত করিয়াছেন ত্যাগ ও দেবাকে। ব্রহ্মচর্য ও সংখ্যের গৈরিক পতাকা উচ্চে উড্ডীন রাখিয়া নির্দেশ দিয়াছেন তাঁহারা অভিযানের পথের। সন্ম্যাদীই যুগে যুগে সমাজের ধাতা, পাতা, নিয়স্তা। ভর্ম শংস্কার" শংস্কার" বলিয়া উচ্চরব তুলিলেই সমাজের কল্যাণ সাধিত হয় না—অন্ধবংসকারী বলিয়া সন্ম্যাদীকে গালাগালি দিলেও তাহা সম্পাদিত হয় না। প্রকৃত প্রগতির পথ কঠিন সাধনসাপেক্ষ, আর সে সাধনবহ্ছি সন্ম্যাদীরাই যুগে যুগে প্রজ্ঞলিত রাখিয়াছেন, ও রাখিতে সমর্থ।

স্বামীজী দীর্ঘকাল মায়াবতীতে থাকিতে আসেন নাই। আবার চারিদিকে বরফে ঢাকা, ভ্রমণাদির স্থবিধা তেমন নাই; শীতও বেশ, অথচ শীতপ্রধান পাশ্চাত্তাদেশের ত্যায় বাসস্থানে উষ্ণতাসম্পাদনের স্ব্যবস্থা নাই। এইসব ও **অন্তান্ত** কারণে তিনি বেলুড়ে ফিরিয়া যাইতে চাহিলেন; কি**ন্তু** তথন অনেক ভাড়া দিয়াও কুলি যোগাড় করা শক্ত ব্যাপার। তাই একদিন প্রফুল্লমনে আশ্রমবাসীদের সহিত গল্প করিতে করিতে তিনি জিজ্ঞাসা করিলেন, যদি কুলি নাই পাওয়া যায়, তবে কি ব্যবস্থা হইবে ? বিরজানন্দ সমূথে আগাইয়া আসিয়া বলিলেন, "স্বামীজী, কুছ পরোয়া নেই; লোক যদি নাই পাওয়া যায়, আমরাই আপনার ডাণ্ডী বয়ে নিয়ে যাব।" স্বামীজী ভনিয়া হো হো করিয়া হাসিয়া উঠিলেন ও বলিলেন, "ওঁ বুঝেছি! আমাকে বুঝি খদে ফেলবার মতলব আঁটা হচ্ছে ?" অবশেষে সিদ্ধান্ত হইল, এবারে কাঠগোদামের পথে না ঘাইয়া টনকপুরের পথে যাওয়া হইবে এবং পিলিভিতে ট্রেন ধরা হইবে; তথন পর্যন্ত পিলিভিত-টনকপুর শাখা লাইনটি প্রস্তুত হয় নাই। এই দ্বিতীয় পথ কাঠগোদামের পথ অপেক্ষা কিঞ্চিৎ দীৰ্ঘতর হইলেও উহার অর্ধেকাংশ সমভূমিতে থাকায় তেমন দুর্গম নহে। পতবারের কষ্টভোগের কথা শ্বরণ করিয়া যাত্রার পুর্বে স্বামীজী चाभी मनानन्मदक छाकिया विनातन, "त्नथ्, এवात मव छात्र वित्रकानतन्मत्र अभव । ওর মাথাটা খুব ঠাণ্ডা, আর বহ্বাড়ম্বর নেই ; এবার তুইও কিছু করবিনি, আমিও किছू कत्रव ना, व्यान ?" अमिरक शास्य शिन क्लि मःश्राह्त क्छ नियाहितन,

তিনি ছই-তিন দিনের মধ্যেও ফিরিলেন না দেখিয়া স্বরূপানন্দ স্বয়ং কুলির সন্ধানে চা-বাগানে গেলেন; ইতিমধ্যে গ্রামের কুলিরা আদিয়া পড়িল ও স্বামীজীকে লইয়া বাজা করিল। স্বরূপানন্দও ততক্ষণে লোক লইয়া আশ্রমাভিমুথে আদিতে-ছিলেন; পথে উভয় দলের সাক্ষাৎ। তথন অগত্যা দিতীয় দলকে মোটা বকশিশ দিয়া বিদায় করিতে হইল।

এবারে গোটা পথটাই স্বামীজীর মন বেশ প্রফুল্ল ছিল। প্রথম রাত্রে চম্পাবতের ডাকবান্দলোতে বসিয়া তিনি সঙ্গীদিগকে শ্রীরামক্ষণেবের কথা শুনাইলেন, বলিলেন, "তাঁর অন্তর্ণ ষ্টি থুব তীক্ষ্ণ, আর লোকচরিত্রজ্ঞানও অসাধারণ ছিল—যার সম্বন্ধে যা বলতেন, সেটা একেবারে কাঁটায় কাঁটায় মিলে যেত। তাঁর শিশ্যদের জনকয়েককে তিনি 'ঈশ্বরকোটি' বলে নির্দেশ করতেন, আর माधात्रण क्षीवरमत वनरक्त 'क्षीवरकािंगः। अयतरकािंग्सत कुननाम क्षीवरकािंग्सत আসন অনেক নীচে দিতেন। বলতেন, 'ঈশ্বরকোটি আচার্যস্থানীয়, লোক শিক্ষার জ্ঞ্মই তাঁর দেহধারণ। আমি অনেকবার ও কথাটা পরীক্ষা করে দেখেছি। তাঁর কথা একট্ও বেঠিক হয়নি। বাঁদের তিনি ঈশ্বরকোটি বলতেন, সব সময় হয়তো তাদের সঙ্গে আমার মতে মেলে না, কি হয়তো অনেক সময় তাদের কড়া কথাও বলতে হয়, কিন্ধু তারা যে প্রকৃতই উন্নতশ্রেণীর আত্মা, তার আর সন্দেহ নেই।" এইসব বলিতে বলিতে বক্তৃতার ভাব আসিয়া পড়িল, নয়নছয় জলিয়া উঠিল, বদনমণ্ডল অপুর্ব জ্যোতিতে উদ্ভাসিত হইল, আর স্বর দৃঢ়তর ও উচ্চতর হইল। তিনি পুন: পুন: বলিতে থাকিলেন, "আর যতই যাই হোক, যতই যাই হোক— আমি তাঁর আদর্শ থেকে একচুল ভ্রষ্ট হইনি, অন্তরের সঙ্গে তাঁকে মেনে চলেছি।" আর একবার স্বামীজী ঈশরকোটিদের প্রদক্ষে বলিয়াছিলেন, "তাদের আমি যত বিশ্বাস করি, আর কাউকে তেমন করি না। আমি জানি, যদি পৃথিবীস্থন্ধও আমায় ছেড়ে পালায়, তবু তারা আমায় কথন ছাড়বে না। যত অসম্ভবই হোক, আমার ভাব ও উদ্দেশ্য কাজে পরিণত করবার জন্ম তারা প্রাণ দেবে।"

এখানে শ্রীরামক্কফের বাণী অবলম্বনে 'ঈশরকোটি'দের সম্বন্ধে আর একটু পরিক্ষার ধারণা পাওয়ার চেষ্টা করিলে মন্দ হইবে না। তাঁহার মতে ঈশরকোটি— যেমন শ্রীচৈতত্তাদি অবতার পুরুষ কিংবা প্রহলাদাদি শুক্ষসন্বস্থণী ভক্ত বা (অবতারের) লীলাসহচর। ঈশরকোটি না হইলে, মহাভাব, প্রেম হয় না। ইহারা ইচ্ছা করিলে মুক্ত হইতে পারেন; ইহারা প্রার্কের অধীন নহেন; ইহাদের বিশাস ষতঃসিদ্ধ, বেমন প্রহুলাদের; এবং ইহাদের কোন অপরাধ হয় না। ঈশ্বরকোটির প্রেম হইলে জগং-মিথ্যা বোধ তো হয়ই, অধিক্ত শরীর যে এত ভালবাসার জিনিস, তাহাও ভূল হইয়া ষায়। ত 'লীলাপ্রসঙ্গ গুরুভাব'-এ (পূর্বার্ধ, ৪৪ পৃঃ) ঈশ্বরকোটি সম্বন্ধে স্থলর বর্ণনা আছে, এবং ঐ গ্রন্থের 'দিব্যভাব'-এ (১৭৪ পৃঃ) ঈশ্বরকোটির সংখ্যা দেওয়া হইয়াছে ছয়, য়দিও স্বামীজ্ঞীর বাঙ্গলা জীবনীতে সাতজনের কথা বলা হইয়াছে (৮৮৪ পৃঃ), এবং ইহাও বলা হইয়াছে যে, এই শ্রেণীর ভক্তদের মধ্যে শ্রীরামকৃষ্ণ স্বামীজীকেই সর্বশ্রেষ্ঠ স্থান দিতেন। ইংরেজী জীবনী এবং 'লীলাপ্রসঙ্গে'ও এই সর্বোত্তম স্থান স্থীকৃত হইয়াছে। 'শ্রীরামকৃষ্ণ-পূর্ণি'রও মত অহ্বন্ধপ, য়দিও ঈশ্বরকোটিদের নাম ও সংখ্যা সম্বন্ধে এখানেও ভিন্ন মত পাই (৬০৪ পৃঃ)। 'লীলাপ্রসঙ্গে' স্পষ্টতঃ ছয়জনের নাম লিপিবদ্ধ না থাকিলেও ঐ গ্রন্থের বিভিন্ন স্থান দৃষ্টে এবং বেল্ড মঠের পরস্পরা হইতে এই কয়জনের নাম পাওয়া যায়—নরেন্দ্র, রাখাল, বাবুরাম, যোগীন, নিরঞ্জন ও পূর্ণ।

পরদিন পুনর্বার চম্পাবত হইতে ডিউরী অভিমুখে যাত্রা আরম্ভ হইল;
অরপানন্দ চম্পাবত পর্যন্ত আসিয়া সেখান হইতে মায়াবতী ফিরিয়া গেলেন।
বেলা ১টায় সকলে ১৫ মাইল দ্রবর্তী ডিউরীর ডাকবাঙ্গলায় পৌছাইয়া
দেখিলেন, এক বিভ্রাট—ডাকবাঙ্গলাের চৌকিদার কোথায় চলিয়া গিয়াছে,
তাহার কোন সন্ধান নাই। সৌভাগ্যক্রমে দরজার তালাটি একটু জােরে
টানিতেই খুলিয়া গেল ও সকলে ভিতরে প্রবেশ করিয়া বিশ্রাম উপভাগ করিতে
লাগিলেন। স্বামীজীর সঙ্গে তথন ছিলেন স্বামী শিবানন্দ, স্বামী সদানন্দ, স্বামী
বিরক্ষানন্দ ও আলমােড়ার লালা গােবিন্দলাল শা। বিরক্ষানন্দ যথাসন্তব সত্তর
রন্ধনকার্থে ব্যাপ্ত হইলেন। কিন্তু হাঁড়ির তুলনায় চালের পরিমাণ এত বেশী
ছিল যে, ভাত অর্ধসিদ্ধ অবস্থায়ই উথলাইয়া পড়িবার উপক্রম হইল। এদিকে
স্বামীজীর ক্ষ্ধার উদ্রেক হওয়ায় তিনি লােকের পর লােক পাঠাইয়া খবর লইতে
লাগিলেন, রান্নার কত দেরী। বিরক্ষানন্দ মহা ফাঁপরে পড়িয়া ভাবিলেন,
খানিকটা ভাত নামাইয়া লইয়া বাকি ভাতে আরও জল দিয়া ফুটাইবেন। এমন
সময় স্বামীজী আসিয়া অবস্থা বুঝিতে পারিয়া বলিলেন, "ওরে, ওসব কিছু করতে

৪। 'কৰামৃত,' ১।৭।৬, ২।১৭।১, ভা৭।৩, ভা১১।৩, ভা১৪।৭, ভা১৫।৪, ভা২৬।২, ইত্যাদুদি।

হবে না। আমার কথা শোন—ভাতে খানিকটা ঘি ঢেলে দে, আর হাঁড়ির ম্থের সরাথানা উলটে দে, এখনই সব ঠিক হয়ে যাবে, আর খেতেও ধুব ভাল হবে।" বিরজানন্দ ঐ উপদেশ যথাযথ পালন করিলেন; ফলে সেদিনের 'ঘি-ভাত' সকলেরই নিকট বেশ উপভোগ্য হইয়াছিল।

ইহার পরে আরও পনর মাইল চলিয়া তাঁহারা সমভূমিতে টনকপুরে পৌছাইলেন। সেধানেও আর এক ফ্যাসাদ উপস্থিত হইল—ডাকবাঙ্গলোতে স্থান ছিল না বলিয়া তাঁহাদিগকে এক ম্দীর দোকানের উপরে বাসা লইতে হইল। নীচে আরও যাত্রী ছিল; আর তথন সকলেই রন্ধনে ব্যাপৃত থাকা মনীচের ধোঁয়া কাঠের পাটাতন ভেদ করিয়া উপরে উঠিয়া মহা জালাতন করিতে লাগিল। রাত্রে দোকানী থাতির করিয়া নিজের থাট্যাথানা স্থামীজীকে ছাড়িয়া দিল। কিন্তু থাট্যা পাইলেই তো ঘুম হয় না। স্থামীজী যতবার পাশ ফিরিতে লাগিলেন, পুরাতন থাট্যা ততবার ক্যাচ কোঁচ করিয়া নিজের জীর্ণাবন্ধার কথা জানাইয়া দিতে লাগিল; মনে হইতে লাগিল—এই বুঝি ভাজিয়া পড়ে। এই অসোয়ান্তির মধ্যেও এই বিষয় লইয়া স্থামীজী ফণ্টনিষ্ট করিতে ছাড়িলেন না।

পরদিন পিলিভিত পর্যন্ত অবশিষ্ট পথের জন্ম ঘোড়া ষোগাড় করা হইলে বামী সদানন্দ সর্বাপেকা তেজী ঘোড়াটিতে উঠিলেন এবং ঘোড়াও সবেগে ছুটিয়া অদৃশ্র হইয়া গেল। টনকপুর হইতে মাইলথানেক পথ চলার পরও সদানন্দের কোন থবর না পাইয়া স্বামীজী উদ্বেগ প্রকাশ করিতে থাকিলে পথচারী একজনকে জিজ্ঞাসা করিয়া জানা গেল, ঘোড়া উচ্চুঙ্খল গতিতে দৌড়িয়া আব্রাহীসমেত মাঠের মধ্যে উধাও হইয়া গিয়াছে। সকলে অগত্যা সেখানে থামিলেন এবং কেহ কেহ সদানন্দের সন্ধানে মাঠের মধ্য দিয়া ঐ দিকে অগ্রসর হইলেন। থানিক পরেই দেখা গেল, সদানন্দ স্বামী ঘোড়া হাঁকাইয়া ঐ দিকেই আসিতেছেন। অতঃপর জানা গেল, ঘোড়া একবার সওয়ারকে ভূপাতিতও করিয়াছিল, যদিও সদানন্দ আহত হন নাই এবং পুন্বার ঘোড়ায় চড়িয়া উহাকে বাগে আনিয়াছেন। এই ঘটনায় খেতড়ীর একটি দিনের কথা স্বামীজীর মনে পড়িয়া গেল এবং তিনি উহা সন্ধীদিগকে শুনাইলেন। সদানন্দ সেবারেও একটি

 ⁽ শব্দীতের শ্বৃতি' পড়িলে মনে হয়, স্বামীজী এই পথও ডাওীতে গিয়াছিলেন; অপরদের
ক্ষাই বোডার ব্যবহা হইয়াছিল।

ত্বষ্ট ঘোড়ায় চড়িয়াছিলেন। রাজবাড়ীর ছাদ হইতে স্বামীজী, থেডড়ী-রাজ ও অপর সকলে তথন রাস্তার দিকেই তাকাইয়া ছিলেন। তাঁহারা দেখিলেন—সেই বজ্জাত ঘোড়ার পিঠে চড়িয়া সদানন্দ তীরবেগে ছুটিয়াছেন। কিন্তু ঘোড়া সওয়ার চিনিতে পারিয়া তাঁহার বাধ্য হইয়া পড়িয়াছে। স্বামীজী সেদিন সদানন্দের অশারোহণ-দক্ষতার তারিফ করিয়া বলিয়াছিলেন, "সদানন্দ বাবা, তুমিই আমার ঠিক মরদ শিশু!"

টনকপুর হইতে তিন মাইল পথ অগ্রদর হওয়ার পর মেজর হেনেদী নিজের বাললো হইতে রান্তায় আদিয়া স্বামীজীকে অভ্যর্থনা করিলেন। তিনি স্বীয় গৃহ হইতে স্বামীজীকে দেখিয়া ও চিনিতে পারিয়া দাক্ষাতের আশায় ক্রত বাহির হইয়া আদিয়াছিলেন। অপরায় হইটায় য়াত্রীয়া থাতিমা নামক স্থানে পৌছাইলেন। দেইদিনকার মতো উহাই বিশ্রামন্থলরূপে নির্দিষ্ট ছিল। দেদিন সন্ধ্যার দময় কথাপ্রসকে স্বামীজী স্বামী শিবানন্দকে বলিলেন, "মহাপুরুষ, আপনি পিলিভিতে আমাদের ছেড়ে একলা বেল্ড় মঠের জন্ম অর্থসংগ্রহ করতে বাবেন।" স্বামীজী তাঁহাকে তারকদা বা মহাপুরুষ বলিয়া ভাকিতেন; পরে তিনি এই বিত্রীয় নামেই রাময়্বয়্ধ সজ্মে স্থপ্রদিদ্ধ ছিলেন। পুর্বোক্ত প্রসক্ষেই স্বামীজী আরও বলিয়াছিলেন, "বেল্ড় মঠের প্রত্যেক দল্লাদী ভারতের চতুদিকে ধর্মপ্রচার করে আর লোকশিক্ষা দিয়ে বেড়াবে। আর শেষকালে অস্ততঃ হুই হাজার টাকা এনে সাধারণ ভাণ্ডারে জমা দেবে।" স্বামীজীর সে অভিপ্রায়্লসারে স্বামী শিবানন্দ পিলিভিত হইতেই অন্তদিকে চলিয়া গিয়াছিলেন।

পঞ্চম দিনে অর্থাৎ শেষ দিনে পিলিভিতের কাছাকাছি আসিয়া স্বামীজী বিরজানন্দকে লইয়া একটু মজা করিলেন। বিরজানন্দকে ঘোড়ায় চড়িতে ভীত দেখিয়া তিনি বলিলেন, "আমি তোকে ঘোড়ায় চড়া শিখিয়ে দিছিছ।" এই বলিয়া নিজে ভাণ্ডী হইতে নামিলেন, কি করিয়া ঘোড়ায় বসিতে হয়, কিরুপে লাগাম ধরিতে হয়, ইত্যাদি বিষয়ে কিঞ্চিৎ উপদেশ দিয়া বিরজানন্দকে একটি ঘোড়ায় বসাইলেন; তারপর নিজে একটি ঘোড়ায় চড়িয়া উহাকে চার্ক মারিয়া ম্বরিত গতিতে ছুটাইলেন, আর বিরজানন্দকে বলিলেন, "তুইও এই রকম কর।" তাঁহাকে ঐরুপ করিতে হইল না। সাধীকে ছুটিতে দেখিয়া বিরজানন্দের ঘোড়াও উর্ধেশাসে ছুটিল; নিরুপায় বিরজানন্দ কোন প্রকারে ঘোড়ার ঘাড় ধরিয়া বসিয়া রহিলেন। এই লইয়া খ্ব হাসাহাসি হইল। তবে ফল এই হইল

যে, বিরক্ষানন্দের ভয় কাটিয়া গেল এবং বাকি পথ তিনি সকলের সঙ্গে ছষ্ট-চিত্তেই চলিলেন।

বেলা চারিটার সময় তাঁহারা পিলিভিতে উপন্থিত হইলেন। পাছে টেন ধরিতে দেরী হইয়া যায়, এই ভয়ে ঐ দিন ভাল আহার করা হয় নাই; আবার সারা রাজি ট্রেনে কাটাইতে হইবে। তাই সকলের আগে শহরে উপনীত হইয়া স্বামী সদানন্দ আহার-সংগ্রহের চেষ্টায় নিরত হইলেন এবং গোবিন্দলাল ঐ জেলার ডেপুটি কালেক্টর শ্রীয়ক্ত ভবানীদত্ত যোশীকে স্বামীজীর স্বাগমনবার্তা জানাইতে গেলেন। সংবাদ পাইয়া যোশী মহাশয় স্বামীজীর অভার্থনার্থ স্বান্ধবৈ রেল-স্টেশনে উপস্থিত হইলেন এবং তাঁহারা বিবিধ বিষয়ে আলোচনায় প্রবৃদ্ধ হইলেন। ক্রমে আমিষ ভক্ষণের কথা উঠিল এবং যোগীলী সবিনয়ে মাংস ভোজনের নিন্দা করিলেন। স্বামীন্ধী কিন্ধ এই সব ক্ষেত্রে রাথিয়া-ঢাকিয়া কথা বলিতে জানিতেন না বা কাহারও মনস্বষ্টির চেষ্টা করিতেন না। তিনি বেদাদি-শাস্ত্র হইতে উদ্ধৃতি দিয়া প্রমাণ করিলেন, মাংসভোজন শাস্ত্রসম্মত। সকলে মাংসাশী হউক বা যাহারা নিরামিষাশী তাহাদের ব্যবহার প্রশংসনীয় নহে, এইরূপ কোনও মত পোষণ না করিলেও তিনি ধর্মের নামে আমিষাহারের নিন্দায় মত হওয়া পছন্দ করিতেন না, কিংবা আমিষাহার করিলেই আধ্যাত্মিক অবনতি ঘটিবে, এইরূপ অবান্তব কথার সমর্থন করিতেন না। অতএব গোঁডামির মূলোচ্ছেদ করার উদ্দেশ্যে তিনি বলিতে লাগিলেন, "অত কথায় কাজ কি ? আজকাল হিন্দুরা যে গো-মাংসের নামে শিউরে উঠেন, বৈদিক ঋষিরা সেই গো-মাংস ভোজন করতেন। এমন কি, প্রাচীন যুগে অতিথির সম্মানের জ্বন্ত ভভকর্মে গো-হত্যা একটা রীতি ছিল। ° হিন্দুজাতির অধংপতনের সঙ্গে সঙ্গে নিরামিষ-ভোজনের পাগলামি আরম্ভ হয়েছে—এর প্রধান কারণ দেশাচার ও লোকাচার।" যোশীন্ধী নীরবে শুনিয়া গেলেন। ওদিকে স্বামীন্ধীর কথায় আরুষ্ট বেলকর্মচারীরাও তাঁহাকে ঘিরিয়া দাঁডাইয়াছিলেন। উত্তর ভারতে স্মামিষ-নিরামিষের হৃদ্ধ বড়ই প্রবল এবং স্মামিষাহারীদের প্রতি নিরামিষাশীদের ব্যবহার নিন্দা ছাড়াইয়া ঘুণার পর্যায়েও উঠিয়া থাকে। স্বামীন্দী ইহা কানিতেন।

পূর্বেও স্বামী বিরজানন্দের প্রসঙ্গে ঘোড়ার কথা পাইয়াছি। মনে হয়, তিনি তথন ঘোড়ায়
চড়িয়া পাকিলেও উহা পাহাড়ী মালবাহী ঘোড়া; উহাতে চড়িতে দক্ষতার প্ররোজন হয় না।

৭। বৃহদারণ্যকোপনিবদ্, ৬।৪।১৮ ক্সইব্য। অতিখির প্রতিশব্দ 'গোদ্ধ' (আপ্তের অভিধান)।

ষামীজীর 'বাণী ও রচনা'র সহিত পরিচিত পাঠকর্ন্দও অবগত আছেন বে, তিনি বহু স্থলে মাংসাহারের নিন্দা না করিয়াও অনেকের পক্ষে ধর্মজীবনের সহায়করপে আমিষাহারের উপযোগিতা স্বীকার করিয়াছেন। কিন্তু আজ সমস্ত জানিয়া-শুনিয়াও যোশীজীকে উপলক্ষ্যমাত্র করিয়া উপস্থিত সকলকে শুনাইয়া তাঁহার চিরাভ্যন্ত 'বোমা-ফাটানো'র কোশলাবলম্বনে রুখা জাত্যভিমানাদির মন্তকে মুবলাঘাত করিতে উত্যত হইয়াছিলেন। যুক্তিবিচারহীন দেশাচার ওলোকাচারের পকে নিমজ্জিত হইয়া প্রকৃত আধ্যাত্মিকতা বিলোপপ্রাপ্ত হইবে, ইহা সহ্য করা তাঁহার পক্ষে স্ফর্কীন ছিল; নতুবা বিশুদ্ধ দাবিক জীবন্যাপনে প্রয়াসী কেহ আমিষাহার বর্জন করিলে তাহা তো প্রশংসারই কথা।

স্টেশনে আসিয়া স্বামীজী সদানন্দকে খুঁ জিয়া পান নাই, সন্ধ্যা সমাগত হইলেও তিনি ফিরিতেছেন না দেখিয়া স্বামীজী গোবিন্দলাল শাকে তাঁহার সন্ধানে পাঠাইলেন। অবশেষে ট্রেন ছাড়িবার আধঘণ্টা পূর্বে গোবিন্দলাল ও সদানন্দ একটি প্রকাও ঝুড়ি লইয়া হাজির হইলেন। উহাতে ছিল-গ্রম গ্রম পুরী, ভাজাভুজি, তরকারি, চাটনী ও মিষ্টান্নাদি। সদানন্দ নিজের সামনে থাবার তৈরী করাইতেছিলেন বলিয়া ফিরিতে দেরী হইয়াছিল। যোশীন্সীর সহিত কথাবার্তায় নিমগ্ন স্বামীজী আহারের কথা ভূলিয়া গিয়াছিলেন। একণে সম্মথে থাত উপস্থিত দেখিয়া এবং টেন আসারও বিলম্ব নাই জানিয়া তিনি যোশীজীকে বলিলেন যে. তাঁহারা যেখানে কম্বল পাতিয়া বসিয়াছিলেন, সেখানেই আহার করিতে চাহেন, ভদ্র মহোদয়দের অনুমতি পাইলেই তাঁহারা ভোজনে বসিবেন। স্বামীজীর এই সৌজন্তপূর্ণ ব্যবহারে সকলেই মুগ্ধ হইলেন এবং ভোজনম্বানের স্থব্যবস্থা করিয়া দিলেন। স্বামীজী তখন সঙ্গীদিগকে খাইতে অমুমতি দিলেন: নিজেও चन्नश्रद्ध थारेलन. ८वनी थारेलन ना, कात्रण उथन प्रमा चालाठा विषयारे निविष्ठ বিদায়গ্রহণকালে যোশী মহোদয় ও অক্তান্ত ভদ্রলোকগণ স্বামীজীর দর্শন-লাভে কৃতার্থ হইয়াছেন এবং হিন্দুধর্ম সম্বন্ধে নৃতন দৃষ্টিভঙ্গী লাভ করিয়াছেন বলিয়া বিশেষ ক্লভজ্ঞতা জ্ঞাপন করিলেন। অধিকত্ক ভবানীদন্ত যোশী স্বামী শিবানন্দ ও স্বামী বিরজানন্দকে স্বীয় আবাসে কিছদিন থাকিবার জন্ম সাদর আহ্বান জানাইয়া গেলেন।

ট্রেন আসিলে স্বামীজী ও স্বামী সদানন্দ একটি ঘিতীয় শ্রেণীর কামরায়

প্রবেশ করিতে যাইবেন, এমন সময় এক হান্ধামা উপস্থিত হুইল। ঐ কক্ষে কর্নেল-পদস্থ এক ইংরেজ দৈলাধ্যক্ষ ছিলেন। 'নেটিভ'-ছয়কে তথায় প্রবেশ করিতে দেখিয়া তাঁহার মন বিষেষপূর্ণ হইল, অথচ এতগুলি 'নেটিভ' ভদ্রলোক সন্মাসি-ঘয়কে গাড়ীতে তুলিয়া দিতে আসিয়াছেন দেখিয়া সরাসরি বাধা দিতে সাহসে কুলাইল না। অগত্যা এই অবাঞ্চিত ব্যক্তিদের অপসারণের জন্ম তিনি ফেশন মাস্টারের শরণাগত হইলেন। ইংরেজ-পুদ্ধবের দাপটে হতবৃদ্ধি স্টেশন মাস্টার আইন-এর মর্যাদা লজ্মনপূর্বক স্বামীজীর নিকট আসিয়া বিনীতভাবে তাঁহাঁকে কক্ষত্যাগের জন্ম অমুরোধ জানাইলেন। স্বামীজী কিন্তু এভাবে নতিস্বীকার করিয়া খদেশ ও স্বজাতির অপমান বাড়াইতে প্রস্তুত ছিলেন না, তিনি ঐ ব্যক্তির কথা শেষ হইতে না হইতে গজিয়া উঠিলেন, "আপনি কি করে একথা আমায় বলতে সাহস করলেন? আপনার লজ্জা হল না?" বেগতিক দেখিয়া সেঁশন মান্টার সরিয়া পড়িলেন। ইত্যবসরে স্বাভিপ্রায়ামুরূপ কার্য সমাধা হইয়া গিয়াছে এই বিখাদে কর্নেল স্বস্থানে ফিরিয়া দেখেন, স্বামীজী ও সদানন্দ পূর্ববৎ দেখানেই বসিয়া আছেন। তথন তাঁহার পুনর্বার গাত্রদাহ আরম্ভ হওয়ায় তিনি ফেশনের একপ্রান্ত হইতে প্রান্তান্তর পর্যন্ত উচ্চরবে "স্টেশন মাস্টার", "স্টেশন মাস্টার" বলিয়া ভাকিতে ডাকিতে ছুটাছুটি করিতে লাগিলেন। কিন্ধু স্টেশন মাস্টার গা-ঢাকা দিয়াছেন, আর এদিকে ট্রেন ছাডিবারও বিলম্ব নাই। অতএব সাহেবের মাথায় স্বুদ্ধি আসিল, তিনি স্বীয় বোঁচকা-বুঁচকি লইয়া অপর এক কামরায় চলিয়া গেলেন—বীরত্ব সেথানেই সমাপ্ত হইল। স্বামীজী তাঁহার পাগলামি দেখিয়া হাশুসংবরণ করিতে পারিলেন না। এমনি ছিল সমসাময়িক ভারতের অবস্থা— জগন্বরেণ্য যে ব্যক্তির ঘটি কথা শুনিবার জন্ম কিংবা একটু স্পর্শলাভে জীবন ধন্ম করিবার জ্বন্ত আমেরিকার ও ইওরোপের অতি গণ্যমাত্ত নরনারীর মধ্যেও ঠেলাঠেলি লাগিয়া ঘাইত, তাঁহাকেও তথন এক নগণ্য ইংরেজ অপমানিত করিতে সাহস পাইত এবং বিনা বাধায় তাহাতে অগ্রসর হইত, যদিও স্বামীজীর বেলায় একাধিক ক্ষেত্ৰে তাহাদিগকে পশ্চাৎপদ হইতে হইয়াছিল।

২৪শে জাত্মারি (১৯০১) স্বামীজী বেলুড় মঠের অপেক্ষমাণ গুরুত্রাত্রগণ ও শিশুবুন্দের মধ্যে উপস্থিত হইলে তাঁহারা সবিশেষ স্পানন্দিত হইলেন। স্বামীজীরও ইহাতে অপরিসীম স্থানন্দ হইল। তিনি সকলের নিকট সোৎসাহে মায়াবতীর গল্প বলিতে লাগিলেন এবং এই বলিয়া ক্ষোভ প্রকাশ করিতে লাগিলেন বে,

এমন নয়নমনোভিরাম সাধনামুক্ল স্থানে তিনি আরও অধিকদিন থাকিতে পারিলেন না।

এ আনন্দ অবশ্য অবিমিশ্রিত ছিল না। স্বামীজী ভূলিতে পারেন নাই যে, এই ভ্রমণের মূলে ছিল তাঁহার অহুগত শিশু ক্যাপ্টেন সেভিয়ারের মৃত্যু। মায়াবতী হইতে প্রত্যাবর্তনের পরও তাঁহার কথায় ও লেখায় সে বিষাদময় স্থারের কম্পন প্রতীত হইত। স্বার্থ একটি শোক তাঁহাকে সহা করিতে হইয়াছিল—তাঁহার শিশু ও কার্যসহায়ক খেতড়ী-রাজের দেহত্যাগের সংবাদ তিনি পথিমণ্যেই পাইয়াছিলেন। শ্রীযুক্তা ওলি বুলকে তাই তিনি ২৬শে জাতুয়ারির পত্তে সবিষাদে ন্ধানাইয়াছিলেন, "আপনার উৎসাহপূর্ণ কথাগুলির জন্ম অশেষ ধন্মবাদ; এথনই স্মামার ঐরূপ উৎসাহবাক্যের বিশেষ প্রয়োজন ছিল। নৃতন শতান্ধী এসেছে, কিন্তু অন্ধকার কাটেনি, বরং স্পষ্টই তা ঘন হয়ে উঠেছে। মিসেস সেভিয়ারকে দেখতে মায়াবতী গিয়েছিলাম। পথে থেতড়ী-রাজের আক্ষিক মৃত্যুসংবাদ পেলাম। যতদূর বোঝা যাচ্ছে, তিনি নিজ ব্যয়ে আগ্রার কোন পুরাতন স্থাপত্যকীতির সংস্কার করছিলেন, কাজ পরিদর্শনের জন্ম কোন গম্বুজে উঠেছিলেন, গম্বুজটির ষ্মংশবিশেষ ভেঙ্গে পড়ে এবং সঙ্গে সঙ্গে তাঁর মৃত্যু ঘটে।" এই বিষাদের রেশ ১৮ই মে-র পত্তেও অফুভূত হয়। দেদিন তিনি মেরীকে লিখিয়াছিলেন, "কয়েক মাস আগে থেতড়ীর রাজা পড়ে গিয়ে মারা গিয়েছেন। তাহলেই দেখছ, এখন আমার চারিদিকে সব কিছু বিষয়তায় ভরা এবং আমার নিজেরও স্বাস্থ্য অত্যস্ত খারাপ।" মেরীকে লিখিত ৫ই জুলাই-এর পত্তেও খেতড়ী-রাজের মৃত্যুর উল্লেখ আছে: "সেকেন্দ্রায় সম্রাট আকবরের সমাধির একটি উচু চূড়া থেকে পড়ে গিয়ে তিনি মারা গিয়েছেন। আগ্রার এই পুরাতন স্থাপত্যকীর্তিটি তিনি নিজ ব্যয়ে সংস্থার কর্জিলেন। কাজ্ঞটা পরিদর্শন করতে গিয়ে একদিন পা পিছলে গিয়ে একেবারে কয়েক-শ ফুট নীচে পড়ে ধান।" রাজা অজিত সিংহের মৃত্যু হয় ১৮ই জামুয়ারি, ১৯০১, যেদিন স্বামীজী মায়াবতী ত্যাগ করেন।

পূৰ্ববঙ্গ ও আসাম

মায়াবতী হইতে ফিরিয়া স্বামীজী বেলুড়ে প্রায় ছই মাস ছিলেন। শ্রীর তথন মোটেই ভাল ছিল না; হাঁপানি আরম্ভ হইয়াছিল, অক্সান্ত উপসর্গও ছিল। অতএব গুরুত্বপূর্ণ কোন কার্যে নিযুক্ত হওয়া তাঁহার পক্ষে সম্ভব ছিল না, আবার চুপ করিয়া বসিয়া থাকাও তাঁহার প্রকৃতিবিরুদ্ধ ছিল। তাই যে কয়দিন তিনি মঠে ছিলেন, সে কয়দিন মৌখিক আলোচনা, কলিকাতায় গমনপূর্বক বন্ধুবাদ্ধবের সহিত মেলামেশা এবং মঠে নবাগত ব্রন্ধচারী ও পুরাতন শিশুবুন্দকে উপদেশদান বা শাস্ত্রপাঠে সহায়তা ইত্যাদিতেই তাঁহার সময় অতিবাহিত হইত। অবসরকাল গ্রন্থপাঠ বা চিঠিপত্র আদানপ্রদানে ব্যয়িত হইত।

ইহারই মধ্যে একদিন তিনি স্থানীয় মধ্য ইংরেজী বিভালয়ের পারিতোষিক-বিতরণ সভায় সভাপতিত্ব করেন ও শিক্ষা সম্বন্ধে একটি মনোজ্ঞ ভাষণ দেন। উহা যথাকালে 'ইণ্ডিয়ান মিরর' পত্রিকায় প্রকাশিত হয়। ('উদ্বোধন', বিবেকানন্দ শতবার্ষিকী সংখ্যা, ১০ পৃঃ)।

স্বামীজীর স্বাস্থ্যোদ্ধারোদ্দেশ্রে বাহিরে কোথাও যাওয়ার প্রস্তাব উঠিতেছে, এমন সময় পূর্ববন্ধে যাইবার জন্ম পূন: পূন: সাগ্রহ আহ্বান আসিতে লাগিল। সমকালেই স্বামীজীর জননীর মনে তীর্থদর্শনের ইচ্ছা উদিত হইয়াছিল। বিভিন্ন কারণপরম্পরার এইরূপ সমাবেশ হইলে স্বামীজী পূর্ববন্ধভ্রমণের সিদ্ধান্ত গ্রহণ করিলেন এবং ২৬শে জাহ্ময়ারি শ্রীযুক্তা ওলি বুলকে লিখিলেন, "বাংলা দেশে, বিশেষতঃ মঠে যে মৃহুর্তে পদার্পণ করি, তখনি আমার হাঁপানির কট্টা ফিরে আসে, এস্থান ছাডলেই আবার স্কৃত্ব। আগামী সপ্তাহে আমার মাকে নিয়ে তীর্থে যাছিছ। তীর্থযাজা সম্পূর্ণ করতে কয়েক মাস লাগবে। তীর্থদর্শন হ'ল হিন্দু বিধবার প্রাণের সাধ; সারা জীবন আত্মীয়স্বজনদের কেবল তৃঃথ দিয়েছি। তাঁদের এই একটি ইচ্ছা অস্ততঃ পূর্ণ করতে চেষ্টা করছি।" স্বামীজীর প্রাবলী হইতে আমরা আরও জানিতে পারি যে, তিনি স্বীয় জননীকে লইয়া দাক্ষিণাত্যের তীর্থদর্শনে যাইবার সম্বন্ধ্নও করিয়াছিলেন; কিন্তু কার্যতঃ তাহা হয় নাই; ইহার

১। 'উদ্বোধন'-এ উলিখিত সভার তারিথ ২২শে জামুমারি সম্পেহজনক ; কারণ স্বামীজী মারাবতী হইতে ফিরিয়াছিলেন ২৪শে তারিথে। (বাললা জীবনী, ৮৮৯ পুঃ; ইংরেজী জীবনী, ৭০৫ পুঃ)।

প্রধান কারণ ছিল প্রতিক্ল দৈহিক অবস্থা। একই কারণে পূর্ববন্ধে এবং আসামেও তিনি দীর্ঘকাল থাকিতে পারেন নাই; যদিও ঐরপ বাসনা লইয়াই বাহির হইয়াছিলেন।

২৬শে জামুয়ারির পত্রে তিনি অবশ্ব লিখিয়াছিলেন যে, পরবর্তী সপ্তাহে তীর্থারা শুক্র হইবে, কিন্তু তিনি পূর্ববলাভিম্থে যাত্রা করেন ১৮ই মার্চ, ১৯০১। তাঁহার প্রথম গন্তব্যহল ছিল ঢাকা। ১৯শে মার্চ স্ত্রীমার গোয়ালন্দ ছাড়িল। স্ত্রীমারের একটি ঘটনা শ্রীযুক্ত মন্মথ গাঙ্গুলি লিপিবদ্ধ করিয়াছেন ('উছোধন', ৬৪ তম বর্ষ, ১০ম সংখ্যা): "বিশাল পদ্মাবক্ষে স্ত্রীমার চলিতেছে; স্বামীজী দেখিলেন, জেলেরা নদীতে ইলিশ মাছ ধরিতেছে। হঠাৎ বলিলেন, 'বেশ তাজা ইলিশ, থেতে ইচ্ছা হচ্ছে'।" পার্ঘেই তাঁহার শিন্তা কানাই মহারাজ্য স্বামী নির্ভয়ানন্দ) ছিলেন, তিনি স্বামীজীর সেবায় নিযুক্ত থাকায় স্বামীজীর মনোভাব ঠিক ঠিক ধরিতে পারিতেন; তিনি ব্রিলেন, ইহা শুধু স্বামীজীর নিজের ভোজনেছাে নহে, তিনি জাহাজের গরীব মুসলমান খালাসীদেরও থাওয়াইতে চান। সারেওকে স্বামীজীর অভিলাষ জানাইলে সে দর করিয়া জানাইল, এক আনায় একটা মাছ পাওয়া যায়, আর তিন-চারিটি হইলেই যথেষ্ট। স্বামীজী অমনি ছকুম করিলেন, "তবে এক টাকার কেন।" অচেল মাছ হইয়া গেল; পথে স্ত্রীমার থামাইয়া চাল এবং পুঁইশাকও যোগাড় করা হইল এবং সকলকে ভ্রিভোজন করাইয়া স্বামীজী পরিতৃপ্ত হইলেন।

মন্নথবাবু এই প্রদক্ষে আর একটি ঘটনা লিখিয়াছেন। একবার ট্রেনে ঘাইতে যাইতে স্বামীজী এক ক্টেশনে দেখিলেন, একজন মৃসলমান ফেরিওয়ালা চানাসিদ্ধ বিক্রয় করিতেছে; জমনি সেবক ব্রহ্মচারীকে বলিলেন, "ছোলা-সিদ্ধ খেলে বেশ হয়; বেশ স্বাস্থ্যকর জিনিস।" ব্রহ্মচারী এক পয়সার ছোলা লইলেন; কিন্তু স্বামীজীর উদ্দেশ্য কেরিওয়ালাকে সাহায্য করা, ইহা ব্বিতে পারিয়া মূল্য হিসাবে একটি সিকি দিলেন। স্বামীজী জিজ্ঞাসা করিলেন, "কিরে, কভ দিলি?" "চার আনা।" "ওরে, ওতে ওর কি হবে ? দে, একটা টাকা দিয়ে দে। ঘরে ওর বউ আছে, ছেলেপিলে আছে।" একটু পরে আবার বলিলেন, "আহা, আজ বোধ হয় বেশি কিছু হয়নি! তাই দেখছিস না, ফার্স্ট সেকেণ্ড ক্লাসের সামনে ফেরি করছে।" ছোলা ক্রয় করা হইল, ঐ পর্যন্ত । তিনি দাঁতেও কাটিলেন না।

ইহাকেই বলে জাতি-বর্ণনির্বিশেষে নারায়ণজ্ঞানে সেবা। ঘটনা তুইটি ক্ষুদ্র হইলেও মহামানবের বেদনাস্থভবের ও সহাস্থভ্তির দিক হইতে বড়ই মর্মস্পর্শী। গরীবের ব্যথা তাঁহার চিত্তকে যথন ব্যথিত করিত, তথন তিনি নির্বিচারে সাহায্য করিতে অগ্রসর হইতেন। জীবনের শেষ প্রান্তে তিনি এক পত্তে (১৮ই ফেব্রুয়ারি, ১৯০২) স্বামী ব্রন্ধানন্দকে লিখিয়াছিলেন, "যদি একজনের মনে— এ সংসার-নরককৃণ্ডের মধ্যে একদিনও একটু আনন্দ ও শাস্তি দেওয়া যায়, সেইটুকুই সত্যা, এই তো আজন্ম ভূগে দেওছি।"

ষ্ঠীমার ঐ দিনই যথাসময়ে নারামণগঞ্জে পৌছাইলে তথায় উপস্থিত ঢাকা।
অভ্যর্থনা সমিতির সভাবৃন্ধ স্বামীজী ও তাঁহার সঙ্গীদিগকে স্বাগত সম্ভাষ্
জানাইলেন। সেথান হইতে সকলে ট্রেনে চড়িয়া অপরাহে ঢাকায় উপস্থিত
হইলেন। তথন নগরবাসীর পক্ষ হইতে তথাকার খ্যাতনামা উকিল শ্রীযুক্ত
ঈশ্বরচন্দ্র ঘোষ ও শ্রীযুক্ত গগনচন্দ্র ঘোষ মহাশয়্বয় স্বামীজীকে য়থোচিত অভ্যর্থনা
করিয়া জমিদার শ্রীযুক্ত মোহিনীমোহন দাসের বাটীতে লইয়া চলিলেন। স্টেশনে
বহু গণ্যমান্ত ভদ্রলোক ও স্থলকলেজের ছাত্র সমবেত হইয়াছিলেন। স্বামীজীর
গাড়ী চলিতে থাকিলে ছাত্রগণ "জয় রামক্ষফদেব কী জয়" রবে দিগদিগস্থ
মুথরিত করিয়া গাড়ীর সহিত ছুটিতে লাগিল। মোহিনীবাব্র বাটীতেই স্বামীজীর
বাসস্থান নিদিষ্ট হইয়াছিল এবং সেখানে বহু ভদ্রলোক তাঁহার আগমন প্রতীকা
করিতেছিলেন। তিনি উপস্থিত হইলে সকলের কণ্ঠ হইতে সমবেত আনলক্ষনি
সমুখিত হইল এবং তাঁহার দর্শনে সকলের নয়নমন পরিতৃপ্ত হইল।

বুধাষ্টমী তথন সমাগতপ্রায়। ঐদিনে অসংখ্য নরনারী লাঙ্গলবন্ধ নামক ছানে বন্ধপুত্র নদীতে স্নান করিয়া থাকেন। ঢাকা হইতে নৌকাষোগে বৃড়ীগঙ্গা নদীপথ ধরিয়া নারায়ণগঞ্জে শীতলক্ষা নদীতে পড়িতে হয়। নারায়ণগঞ্জের নিকটবর্তী শীতলক্ষার দৃশ্য অতীব মনোহর। শীতলক্ষা ধরিয়া ধলেশরীতেও ধলেশরী হইতে বন্ধপুত্রে ঘাইতে হয়। প্রবাদ আছে যে, বন্ধপুত্রের তীরে অবস্থিত এই পুণ্যতীর্থ লাঙ্গলবন্ধে স্নান করিয়া পরশুরাম মাতৃবধজনিত পাপ হইতে মৃক্ত হইয়াছিলেন। তদবধি এই স্থান ধর্মপা হিন্দুনরনারীর নিকট মহাতীর্থে পরিণত হইয়াছে। ঐ উপলক্ষে একটি বিরাট মেলাও বিদয়া থাকে। এবারেও প্রচুর লোকসমাগম হইয়াছিল এবং নৌকাগুলি হইতে মৃত্মু ছঃ যাত্রীদের স্থানন্দরব, হরিনামসংকীর্তন ও হুলুধ্বনি উঠিতেছিল। স্থামীজী ঐ ভীর্ষে

পুণ্যস্নানের জক্ত আগ্রহান্বিত হইয়া সশিশ্ব নৌকাযোগে সেখানে চলিলেন।
পুর্বব্যবস্থামুসারে তাঁহার ভাগ্যবতী জননীও কয়েকজন আত্মীয়ার সহিত
মানোপলক্ষে ২৫শে মার্চ নারায়ণগঞ্জে স্থামীজীর সহিত মিলিত হন এবং
স্থামীজীর কতিপয় সয়্লাসি-শিশ্বের তত্বাবধানে তাঁহার। একত্রে লাকলবদ্ধ
স্থানের জক্ত রওনা হইলেন।

খামী শুদ্ধানন্দও ঐ দলে ছিলেন। তাঁহার মুথে ঐ কালের একটি মজার ঘটনা শোনা গিয়াছে। লাঙ্গলবদ্ধ ব্রহ্মপুত্রের পুরাতন থাতের উপর অবস্থিত; নদীতে জ্বল স্বল্প ও ময়লা; বিশেষতঃ মেলার সময়ে কলেরার প্রাত্ত্রিব হওয়া অসম্ভব নহে। এই সকল কথা ভাবিয়া স্বামীজী সকলকে সাবধান করিয়া দিয়াছিলেন, কেহ যেন নদীর জ্বল পান না করেন। সাবধান করার প্রয়োজনও ছিল; কারণ তীর্থস্থানের জ্বল পান করিলে দেহ পবিত্র হয়, ভক্তিবৃদ্ধি হয়, ইহাই হিন্দুদের বিশ্বাস। তীর্থস্পানাস্থে সকলে যথন ঢাকায় ফিরিতেছেন, তথন স্বামীজী জ্বানিতে চাহিলেন, কেহ জ্বল পান করিয়াছেন কিনা। সকলেই বলিলেন, না। তথন স্বামীজী সহাস্থে বলিলেন, তিনি কিন্তু তুব দিয়াকিঞ্চিৎ জ্বল পান করিয়াছেন, কারণ কোথা দিয়া কিভাবে পুণ্যসঞ্চয় হইয়া য়ায়, তাহা কে বলিতে পারে প্রতিন্যা বেশ একটু হাসাহাসি হইল। ইহাতে একদিকে যেমন স্বামীজীর মধ্যে আপ্রিতদের রক্ষার জন্ম সাবধানতা লক্ষিত হয়, অপরদিকে তেমনি মহতুদ্দেশ্যে জীবন বিপন্ন করিতেও কুণ্ঠাহীনতার পরিচয় পাওয়া য়য়; অধিকন্ত ইহাও প্রমাণিত হয় যে, তাঁহার মধ্যে জ্ঞানের একটা বহিরাবরণ থাকিলেও অস্করে প্রবল ভক্তিপ্রোত সদাপ্রবহমান ছিল।

ঢাকায় প্রত্যাবর্তনের পর নিত্য বহু নরনারী স্বামীজীর উপদেশ শ্রবণের জন্ম সমবেত হইতেন। বিশেষতঃ অপরাহে ছই-তিন ঘণ্টা জ্ঞান, ভক্তি, বিশাস, বৈরাগ্য, কর্ম ইত্যাদি বিষয়ে স্থগভীর ও উদ্দীপনাপূর্ণ আলোচনা চলিত এবং শতাধিক শিক্ষিত ব্যক্তি প্রাণ ভরিয়া তাঁহার বাক্যস্থধা পান করিতেন। জ্ঞান-সাধারণের জন্ম তাঁহার তুইটি ইংরেজী বক্ততাও হইয়াছিল—প্রথমটি হয় ৩০শে

ই। "Swamiji, Nityananda and five others started for Dacca this evening (March 18)." "Swamiji's mother came to the Math and asked me to arrange for Brahmaputra bath. Received a reply telegram from Swamiji in which he says to send his mother (March 23)." "The Swamiji's mother, aunt, sister and party left for Narayanganj (March 24)."—বামী ব্যক্তাৰশের দিবলিশি।

মার্চ, জগলাথ কলেজে। বক্ততার বিষয় ছিল, 'আমি কি শিথিয়াছি ?' সভার প্রায় হুই সহত্র শ্রোতা উপস্থিত ছিলেন ও বক্তৃতা চলিয়াছিল একঘণ্টা যাবং। ঐ সভায় সভাপতিত্ব করিয়াছিলেন স্থানীয় স্বনামধন্য উকিল শ্রীযুক্ত রমাকান্ত নন্দী। পরদিন পগোজ স্থলের বিস্তৃত উন্মুক্ত প্রাঙ্গণে প্রায় তিন সহস্র শ্রোতার সমক্ষে 'আমাদের জন্মপ্রাপ্ত ধর্ম' সম্বন্ধে তুই ঘণ্টাকালব্যাপী বক্তৃতা হইয়াছিল। উভয় বক্ততাই নগরবাসীদের চিত্তে গভীর প্রেরণা জাগাইয়াছিল এবং তাহা-मिगरक त्रामक्रक-विरवकानस्मत वाठी **গ্রহণে ও প্রচারে উ**দোধিত করিয়াছিল। বক্তভাষয় পাণ্ডিভাপুর্ণ ও গুঢার্থময় হইলেও এবং ঐ সময়ে স্বামীজীর বার্ডা পূর্ণতম রূপ গ্রহণ করিয়া থাকিলেও সাঙ্কেতিক লিপিকারকের অভাবে পূর্ণত: সংবৃক্ষিত হয় নাই। ঢাকার পরে গৌহাটিতে তিন বার এবং শিলং-এ একবার বক্ততা দেওয়া ছাড়া স্বামীজী জনসাধারণের সমক্ষে বক্ততাবলম্বনে হিন্দুধর্মের এইরূপ তথ্যপূর্ণ দ্বাঙ্গীণ ব্যাখ্যা প্রদানের আর স্থযোগ পান নাই। ঢাকার বক্তভাদ্বয়ের সারাংশ স্বামীজীর জনৈক শিশু বন্ধভাষায় লিপিবন্ধ করিয়াছিলেন: এখন আমরা উহারই অফুবাদ বা অফুবাদের অফুবাদ পাইয়া থাকি। শিলং-এর বক্ততার কোন কিছুই সংরক্ষিত হয় নাই এবং গৌহাটিতে বক্ততা হইয়াছিল, এই তথ্য ছাড়া আর কিছুই জানিবার উপায় নাই।

ঢাকার বক্তৃতাদ্বরের যেটুকু সারমর্ম সংরক্ষিত হইয়াছে, তাহার মধ্যে প্রথম বক্তৃতার সংক্ষিপ্ত বিবরণের গোড়াতেই পাই স্বদেশ, স্বজাতি ও স্বধর্মের প্রতি তাঁহার এক স্থগভীর প্রেম ও গৌরববোধ। অতঃপর তিনি বৈদেশিক ভাবাপন্ন সংস্কারকদের প্রতি কটাক্ষ করিয়া বলেন যে, হিন্দুরা পৌত্তলিক নহে। কিন্তু তাই বিলিয়া তিনি হাঁচি টিকটিকির পর্যন্ত তথাকথিত বৈজ্ঞানিক ব্যাখ্যা মানিতে প্রস্তুত ছিলেন না। স্বামীজী নিজেকে সেই প্রাচীন সম্প্রদায়েরই অন্তর্ভুক্ত বলিয়া মনে করিতেন, বাঁহারা আধ্যাত্মিক জীবনে কোন প্রকার অসরলতার প্রশ্রম না দিয়া ঈশ্বরলাভকেই মানবজীবনের সর্বশ্রেষ্ঠ পরিপুর্তি বলিয়া বিশ্বাস করেন ও তদক্ষরপ বত্নপরায়ণ হন।

षिতীয় বক্তৃতায় তিনি প্রাচীনের গৌরবস্থতির উল্লেখ করিয়া বলিয়াছিলেন বে, শুধু ঐ গৌরবাহভবই যথেষ্ট নহে, স্বয়ং সেই মহন্ত লাভ করিতে হইবে। "বর্তমান কালের অবনত অবস্থা দেখিয়া আমি তুঃখিত নই; ভবিশ্বতে যাহা হইবে, তাহা ভাবিয়া আমি আশান্তিত।" হিনুদের মধ্যে আচার-বিচার, রীতিনীতিতে আকাশ-পাতাল তফাত থাকিলেও কয়েকটি বিষয়ে মিল আছে — হিন্দুরাগোমাংস ভক্ষণ করে না; তাহারা বেদ মানে—বিশেষতঃ উপনিষদের প্রামাণ্য সকলের স্বীকার্য; "স্বৃতি, পুরাণ, তন্ত্র—এই সবগুলিরই তত্তুকু গ্রাহ্ম, ষত্তুকু বেদের সহিত মিলে, না মিলিলে অগ্রাহ্ম। বেদের ক্রিয়াকাণ্ড লুপ্ত হইয়াছে, ঐ গুলিকে ফিরাইয়া আনা অসম্ভব; ধর্মমতে বিভিন্ন সম্প্রদায়ের বিরোধসত্বেও কতকগুলি ঐক্য আছে। প্রথমতঃ তিনটি বিষয়—তিনটি সন্ত্রা প্রায় সকলেই স্বীকার করেন ঃ ঈশ্বর, আত্মাও জগং।" হিন্দুদের মধ্যে অবতারবাদ প্রচলিত। তারপর মৃর্তিপুজার কথা তুলিয়াবলেন, "শাস্ত্রোক্ত পঞ্চ উপাস্থা দেবতা ব্যতীত সকল দেবতাই এক একটি পদের নাম, কিন্তু এই পঞ্চদেবতা সেই এক ভগবানের নামমাত্র।" সর্বশেষে স্বামীজী সকল হিন্দুকে সমবেতভাবে নিজেদের উন্নতিসাধনের আহ্বান জানাইয়া বলিয়াছিলেন যে, সংস্কারের নামে ভালিয়া ফেলা বা গালিবর্ধণ করা অযৌক্তিক। এইরূপে তিনি প্রাচীনের সহিত নবীনের এবং বৈচিত্র্যের সহিত একত্বের একটা ফ্রন্র সামঞ্জস্ত স্থাপন করিয়াছিলেন। ('বাণী ও রচনা', ৫।৩৫৮-৬৫)।

স্বামীজীর ঢাকায় অবস্থানকালে স্বভাবতই তাঁহার যশংসৌরভ চতুর্দিকে বিস্থৃত হইয়ছিল। সাধারণ লোকের বিশাস এই ষে, স্বামীজীর ন্যায় সিদ্ধ মহাপুরুষণণ ইচ্ছামাত্র অপরকে রোগমুক্ত করিতে পারেন; আর এইরূপ ব্যক্তিরগু অভাব নাই যাহারা আপনাদের মধ্যে এইরূপ শক্তির সম্পূর্ণ অভাব আছে জানিয়াও এই সরল বিশ্বাসকে জাগাইয়া রাখিতে চায় এবং সেই স্থযোগে অর্থ ও নাময়শ উপার্জন করে। অতএব ইহা কিছুই বিচিত্র নহে যে, একদিন দেখা গেল, একটি রমণী ঐরূপ উদ্দেশ্যে স্বীয় জননীসহ ফিটন-গাড়ীতে চড়িয়া স্বামীক্ষীর নিকট উপস্থিত হইয়াছে। তাহার আপাদমন্তক রত্তমণ্ডিত—দেখিলেই মনে হয়, কুবেরও যেন তাহার আজ্ঞাধীন। ঢাকা-নিবাসীদের কিন্তু চিনিতে বিলম্ব হইল না যে, সে বারবনিতা; অতএব গৃহস্বামীর আত্মীয় যতীনবাবু ও স্বামীক্ষীর ভক্তবৃন্দ তাহাকে স্বামীক্ষীর নিকট লইয়া যাইতে ইভন্ততঃ করিতে লাগিলেন। কিন্তু স্বামীক্ষীকে ঐ সংবাদ দেওয়া হইলে তিনি তাহাদিগকে নিজ সকাম্যে লইয়া আসিতে অম্বানবদনে অমুমতি দিলেন। ইহার ফলে বারনারী ও তাহার মাতা গৃহাভ্যন্তরে আগমনপূর্বক স্বামীক্ষীকে অভিবাদনান্তে উপবিষ্ট হইল ও কক্সাটিত

^{ু।} বাঙ্গলা ও ইংরেজী জীবনীর মতে কম্বা, সভ্যেন্দ্র মজুমুদারের মতে মাতা।

নিবেদন করিল যে, সে হাঁপানির পীড়ায় ভূগিতেছে এবং ঐ রোগ হইতে পরিত্রাণলাভের জন্ম স্বামীজীর নিকট ঔষধ ভিক্ষা করিতে আসিয়াছে। শুনিয়া স্বামীজী বিন্দুমাত্র দ্বিধা না করিয়া সহাক্তভূতিপূর্ণ ও স্নেহার্ক্তর্গু অথচ স্কন্সষ্ট ভাষায় বলিলেন, "এই দেখ, মা! আমি নিজেই হাঁপানির ষন্ত্রণায় অন্থির, কিছুই করিতে পারিতেছি না। যদি ব্যাধি আরোগ্য করিবার ক্ষমতা আমার থাকিত, তাহা হইলে কি আর এরূপ দশা হয়!" এইরূপ বেদনামাথা সত্য কথা সকলেরই হৃদয় স্পর্শ করিলেও ব্যর্থমনোরথ স্বীলোক তৃইটি নিশ্চয়ই সম্ভষ্ট হইল না; তাহারা কিছুক্রণ অপেকা করিয়া স্বামীজীর আশীর্বাণীমাত্র লইয়া চলিয়া গেল। অলৌকিক শক্তির পশ্চাতে যাহারা স্বার্থোদ্ধারমানসে ধাবিত হয়, শ্রীরামকৃষ্ণ-শিশ্বের নিকট তাহারা আর কি পাইতে পারে? কিছু ধর্মপ্রাণ ঢাকা-বাসীদের হৃদয়ে স্বামীজীর এই কয়দিনের অবস্থিতি সত্যই এক গভীর অধ্যাত্মাহুভূতি আনিয়া দিয়াছিল—ঢাকা ভাববন্তায় প্রাবিত হইয়াছিল।

ঢাকা হইতে বেল্ড় মঠে প্রত্যাবর্তনের পর শিশ্ব শরৎবাব্র দারা জিজ্ঞাসিত হইয়া স্বামীজী ঢাকার একটি ঘটনার কথা উল্লেখ করিয়াছিলেন। সেধানে ধর্মভাবের কথাপ্রসঙ্গে তিনি বলিয়াছিলেন, "ধর্মভাব সম্বন্ধে দেখলুম—দেশের লোকগুলো বড় রক্ষণশীল; উদারভাবে ধর্ম করতে গিয়ে আবার অনেকে ধর্মোয়াদ হয়ে পড়েছে। ঢাকার মোহিনীবাব্র বাড়ীতে একদিন একটি ছেলে একখানা কার ফটো এনে আমায় দেখালে এবং বললে, 'মহাশয়, বলুন ইনি কে, অবতার কিনা?' আমি তাকে অনেক ব্ঝিয়ে বললুম, 'তা বাবা, আমি কি জানি?' তিনচার বার বললেও সে ছেলেটি দেখলুম কিছুতেই তার জেদ ছাড়ে না। অবশেষে আমাকে বাধ্য হয়ে বলতে হ'ল, 'বাবা, এখন থেকে ভাল ক'য়ে থেয়ো-দেয়ো, তাহ'লে মন্তিকের বিকাশ হবে। পুষ্টিকর খাছাভাবে তোমার মাথা যে শুকিয়ে বোবা, ছেলেদের এরপ না বললে তারা যে ক্রমে পাগল হয়ে দাঁড়াবে। তা কি ক'য়ব বাবা, ছেলেদের এরপ না বললে তারা যে ক্রমে পাগল হয়ে দাঁড়াবে। তারুককে লোকে অবতার বলতে পারে। যা ইচ্ছা তাই ব'লে ধারণা করবার চেটা করতে পারে। কিছু ভগবানের অবতার ম্বথন-তখন, ষেখানে-সেখানে হয় না। এক ঢাকাতেই শুনলুম, তিন-চারটি অবতার দাঁড়িয়েছে।" ('বাণী ও রচনা', ৯০১৯৪)।

ঢাকা হইতে স্বামীজী দেওভোগে নাগ-মহাশয়ের বাটাতে গিয়াছিলেন। ঐ বিষয়ে কথা তুলিয়া স্বতঃপর শরৎবাবু তাঁহাকে বলিলেন, "ভনিলাম, নাগ- মহাশরের বাড়ী নাকি গিয়াছিলেন ?" স্বামীনী প্রত্যুত্তরে বলিলেন, "হাঁ, স্বমন মহাপ্রের ! এতদ্র গিয়ে তাঁর জন্মস্থান দেখব না ? নাগ-মহাশয়ের স্ত্রী স্বামায় কত রেঁথে থাওয়ালেন! বাড়ীথানি কি মনোরম—য়েন শান্তি-স্বাশ্রম! ওথানে গিয়ে এক প্রুরে গাঁতার কেটে নিয়েছিল্ম। তারপর, এলে এমন নিজা দিল্ম যে বেলা আড়াইটা! স্বামার জীবনে যে-কয়দিন স্থনিলা হয়েছে, নাগ-মহাশয়ের বাড়ীর নিজা তার মধ্যে একদিন। তারপর উঠে প্রচুর স্বাহার। নাগ-মহাশয়ের স্বী একথানি কাপড় দিয়েছিলেন। সেইথানি মাথায় বেঁধে ঢাকায় রওয়া হল্ম। নাগ-মহাশয়ের ফটো পূজা হয় দেখল্ম। তাঁর সমাধিস্থানটি বেশ ভাল করে রাথা উচিত। এখনও—যেমন হওয়া উচিত, তেমন হয়নি।" (ঐ, ১০১৪-১৫)।

ঢাকায় স্বামীজীর শরীরের অবস্থা দেখিয়া সহাস্থৃতিশীল একজন ভদ্রলোক তাঁহাকে বলিয়াছিলেন, "স্বামীজী, আপনার শরীর এত তাড়াতাড়ি ভেঙ্কে গেল, আগে থেকে যত্ন নেননি কেন ?" স্বামীজী প্রত্যুত্তরে বলিয়াছিলেন, "আমেরিকায় আমার শরীরবোধই ছিল না!"

ঢাকা ও তাহার পার্শ্বর্তী লাঙ্গলবন্ধ ও দেওভোগ এই ছইটি পুণ্যস্থান দেখিয়া স্বামীজী অতঃপর চট্টগ্রাম জেলায় অন্তর্বতী চন্দ্রনাথতীর্থ দর্শনে চলিলেন। তাঁহার ২৯শে মার্চ, ১৯০১ ভারিথে লিখিত একখানি পত্তে তিনি শ্রীযুক্তা ওলি বুলকে লাক্লবন্ধ ও চন্দ্ৰনাথ সম্বন্ধে এইরূপ লিথিয়াছিলেন: "আমার মা ও তাঁর সন্ধিনীরা পাঁচ দিন আগে ঢাকা এদেছেন, ব্রহ্মপুত্রে পবিত্র আনের যোগে। যথনই ক্রেকটি গ্রহের বিশেষ সংযোগ ঘটে, যা খুবই চুর্লভ, তথনই কোন নির্দিষ্ট স্থানে নদীতীরে বিপুল লোকসমাগম হয়। এ বৎসর এক লক্ষেরও বেশী লোক হয়েছিল; মাইলের পর মাইল নদী নৌকাতে ঢাকা ছিল। यদিও নদী সেখানে এক মাইল চওড়া, তবু কর্দমাক্ত। কিন্তু (নদীগর্ভ) শক্ত থাকায় আমরা স্নান পূজা ইত্যাদি করতে পেরেছি। ঢাকা তো বেশ ভালই লাগছে। আমার মাও আর সব মেয়েদের নিয়ে চন্দ্রনাথ বাচ্ছি; সেটা পূর্ব বাঙ্গলার শেষ প্রান্তে একটি তীর্থস্থান।" চক্রনাথের পর তিনি কামাখ্যাদর্শনে যান। চক্রনাথ হইতে তিনি কোন পথে গৌহাটি ও কামাখ্যায় গিয়াছিলেন, তাহা কোন জীবনীতে উল্লিখিত নাই। হয় তো তিনি ট্রেনে ও স্ত্রীমারে ধুবড়ি হইয়া গৌহাটিতে গিয়াছিলেন; কারণ তথনও আসামের পার্বত্য অংশের রেল লাইন প্রস্তুত হয় নাই। তাঁহার মাতা ও তুগিনী একই সঙ্গে কামাখ্যাদর্শনে গিয়াছিলেন কিনা, ইহারও উল্লেখ জীবনী- প্রান্থে বাথাকিলেও স্বামী ব্রহ্মানন্দের দিনলিপি² হইতে আমরা অমুমান করিতে পারি যে, তাঁহারা স্বামীজীর সঙ্গে কামাখ্যা দর্শন করিয়াছিলেন। মাতাকে তীর্থদর্শন করাইবার কতথানি আগ্রহ স্বামীজীর হৃদয়ে ছিল, তাহার পরিচয় পাই, এই অধ্যায়েরই প্রারজ্ঞে উদ্ধৃত স্বামীজীর পত্তাংশ হইতে। ('বাণী ওরচনা', ৮।১৭৬ দ্রষ্টব্য)।

চন্দ্ৰনাথ দৰ্শনান্তে স্বামীজী গৌহাটিতে উপনীত হইয়া পাৰ্যবৰ্তী কামাখ্যাতীৰ্থ দর্শন করেন এবং কামাখ্যাদেবীর দর্শনাস্তে কিছুদিন গোয়ালপাড়া ও গৌহাটিত বিশ্রাম করেন। গৌহাটিতে তিনি তিনটি বক্ততাও দিয়াছিলেন; কিন্তু উহার কোনটিই লিপিবদ্ধ হয় নাই। ঢাকা ও গৌহাটিতে স্বামীজীর স্বাস্থ্য উত্তরোত্তর খারাপ হইতে থাকায় স্থির হইল যে. তিনি দিনকয়েকের জন্ম আদামের রাজ্ঞধানী ও স্বাস্থ্যনিবাদ শিলং শহরে যাইবেন। ভারতবন্ধু স্বনামধন্ত শ্রীযুক্ত স্থার হেনরী কটন তথন আসামের চীফ কমিশনার ছিলেন। স্বামীজীর নাম তিনি পূর্বেই শুনিয়াছিলেন ও তাঁহার প্রতি আরুট হইয়াছিলেন। একণে শিলং-এ উপস্থিতির স্বযোগে স্বামীক্ষীর সহিত তাঁহার মিলনের আকাজ্জা পরিপূর্ণ হইল। তিনি স্বামীজীর আবাসম্বলে আগমনপূর্বক তাঁহাকে দর্শন করিলেন এবং কৌতকচ্ছলে জিজ্ঞানা করিলেন. "স্বামীজী। ইউরোপ-আমেরিকায় বেড়িয়ে এই জঙ্গলী জায়গায় কি দেখতে এসেছেন ? আর এখানে আপনার মর্যাদাই বা বুঝবে কে ?" শিলং-এ বাসকালে কটন সাহেবের সহিত স্বামীজীর প্রায়ই আলাপ হইত। স্বামীজীকে অস্ত্রন্ত জানিয়া এই সদাশয় ব্যক্তি স্থানীয় সিভিল সার্জনকে তাঁহার চিকিৎসার ভার লইতে বলিয়া দিয়াছিলেন এবং স্বয়ং চুই বেলা থবর লইতেন। স্বামীজীও ইহার গুণে মুগ্ধ হইয়াছিলেন এবং বলিতেন, "এই একটি লোক যিনি ভারতের অভাব-অভিযোগ ঠিক ঠিক বুঝেছেন এবং প্রকৃতই এদেশের কল্যাণ কামনা করেন।" স্বামীজীর শরীর অক্ষয় থাকিলেও তিনি কটন সাহেবের অনুরোধে कुइन्টेन इत्न (मनी ও विरमनी ভদ্রলোকদের সমক্ষে একটি বক্ততা দেন। উহাতে ভারতীয় সভ্যতা ও আদর্শের তিনি এমন চমৎকার বর্ণনা ও ব্যাখ্যা প্রদান করেন যে, উপস্থিত সকলেই মৃগ্ধ হন। এই বক্তৃতাও লিপিবন্ধ হয় নাই।

^{8 | &}quot;May 12 (Sunday): Swamiji, Gupta, Swamiji's mother, sister, aunt, Ramdada's wife came back in the morning from Shillong. In the night Nityananda and Kanai came from Goalunda."

শিলং স্বাস্থ্যকর স্থান হইলেও এখানে আসিয়া স্বামীজীর রোগের উপশম হইল না। ঢাকাতেই বছ্মুত্রের সহিত হাঁপানির প্রকোপ বৃদ্ধি পাইয়াছিল; গোহাটিতে অবস্থার আরও অবনতি ঘটে; শিলং-এ পীড়া হ্রাস না পাইয়া প্রবলতর হইল। যখন হাঁপানির টান বাডিত তখন কতকগুলি বালিশ একত করিয়া বুকের উপর ঠাদিয়া ধরিতেন ও সম্মধের দিকে ঝুঁ কিয়া প্রায় একঘণ্টাকাল অসহা ষন্ত্রণা ভোগ করিতেন। কিন্তু এইরূপ অবস্থাতেও তাঁহার চিন্তা ভগবানেই নিমগ্ন থাকিত। বৈভনাথে যথন হাঁপানির টান অসহ হইত তথনও যেমন ঈশ্রই তাঁহার একমাত্র ধ্যেয় ছিলেন, এখানেও তেমনি অধ্যাত্মানুধ্যান ও বিখের কল্যাণ-চিস্তার তুলনায় স্বীয় দৈহিক যন্ত্রণা অকিঞ্চিৎকর বলিয়া মনে হইত। একদিন এইরূপ অবস্থায় শিয়গণ ভনিলেন, তিনি অহুচ্চস্বরে যেন আপনারই উদ্দেশে বলিতেছেন, "যাক, মৃত্যুই যদি হয়, তাতেই বা কি আদে যায় ? যা দিয়ে গেলুম, দেড় হাজার বছরের খোরাক।" সত্যই তো, তাঁহার দেহমন অবলম্বনে ষে ভাবরাশি জগতে প্রসারিত হইয়াছে, উহা সম্পূর্ণ আয়ত্ত এবং কার্যে পরিণত করিতে বিশ্ববাসীর এখনও বছশত বৎসর লাগিবে। এমন কি, এই অল্পদিনের মধ্যেই দেখা যাইতেছে, তাঁহার প্রতিটি চিম্তা ও কার্য কিরূপ গভীর ভাৎপর্যপূর্ণ ; যতই অমুধাবন করা যায়, ততই উহার নবীনতর অর্থ ও ভাবী কার্যকরী সম্ভাবনা আমাদের সমুথে উদ্ঘাটিত হইয়া আমাদিগকে বিস্ময়বিমুগ্ধ করে।

শিলং-এ স্বাস্থ্যেয়তি না হওয়ায় তাঁহাকে সমতলে নামিয়া আসিতে হইল।
মে মানের মাঝামাঝি বেলুড় মঠে প্রত্যাগমনাস্তে মেরীকে স্বীয় ভ্রমণবৃত্তাস্ত দিতে
গিয়া তিনি লিখিয়াছিলেন, "এই গ্রীয়ে বড় বড় নদী ও পাহাড় এবং ম্যালেরিয়ার
দেশ পূর্বক ও আসামের মধ্য দিয়ে ভ্রমণ করেছি এবং ত্-মাস কঠোর পরিশ্রমের
পর আবার স্বাস্থ্য একেবারে ভেঙেছে। এখন আবার কলকাতায় ফিরে এসেছি
এবং ধীরে ধীরে এর প্রকোপ কাটিয়ে উঠছি।" ('বাণী ও রচনা', ৮।১৮১)।
একমাস পরে ১৬ই জুন তারিখে তিনি আবার লিখিয়াছিলেন, "আসামে একট্
অক্ষম হয়ে পড়েছিলাম; মঠের আবহাওয়া এখন আমাকে কিছু চালা করে তুলছে।
আসামের পার্বত্য স্বাস্থ্য-নিবাস শিলং-এ আমার জর, হাঁপানি ও আালবুমেন
বেড়েছিল এবং শরীর দিগুণ ফুলে গিয়েছিল। যা হোক, মঠে কেরার সকে
সলেই এরাগের লক্ষণগুলি হ্রাস পেয়েছে।" মঠে ফিরিয়া তিনি পূর্ববৃক্ষ ও

আসামের বিবিধ অভিজ্ঞতার কথা বলিতেন। 'বাণী ও রচনা'তে (১।১৯২-৯৮) উহার কিছুটা সংগৃহীত আছে।

মে মাদের শেষভাগে শিয় শরৎবাবু যখন জানিতে চাহিলেন, পূর্বক তাঁহার কেমন লাগিয়াছিল, তথন তিনি উত্তর দিলেন, "দেশ কিছু মন্দ নয়; মাঠে দেখলুম খুব শস্ত ফলেছে। আবহাওয়াও মন্দ নয়; পাহাড়ের দিকের দৃশ্ত অতি মনোহর। বন্ধপুত্র উপত্যকার শোভা অতুলনীয়। আমাদের এদিকের চেম্বে লোকগুলো কিছু মজবুত ও কর্মঠ। তার কারণ বোধ হয়, মাছ-মাংসটা খুব थांग्र ; या करत्र थ्व र्गारत्न करत्र । था अन्ना-मा अन्नार्क थ्व रक्त- कर्वि (मन्न्रं); अकी ভাল নয়।" শিলং সম্বন্ধে তিনি বলিয়াছিলেন, "শিলং পাহাড়টি অতি স্থালর।" আর আসামের ধর্ম সম্বন্ধে তাঁহার মত ছিল: "তন্ত্রপ্রধান দেশ। এক হঙ্কর দেবের নাম অনলুম, যিনি ও অঞ্চলে অবতার বলে পুজিত হন। অনলুম তাঁর সম্প্রদায় খুব বিস্তৃত।" পূর্ববন্ধ ও আসামের লোকদের সম্বন্ধে তিনি বলিয়াছিলেন. "এ অঞ্চলের লোকের চেয়ে কিন্তু তাদের রাজোগুণ প্রবল ; কালে সেটা স্বারও বিকাশ হবে।" "ওদেশে আমার থাওয়া-দাওয়া নিয়ে বড় গোল করত। বলত---ওটা কেন থাবেন, ওর হাতে কেন থাবেন, ইত্যাদি। তাই বলতে হত, আমি তো সন্ন্যাসি-ফকির লোক, আমার আবার আচার কি ? তোদের শাল্পেই না বলেছে, 'চরেন্মাধুকরীং বৃত্তিমপি ফ্রেচ্ছকুলাদপি'; তবে অবশ্য বাইরের আচার ভেতরে ধর্মের অমুভূতির জন্ম প্রথম প্রথম চাই; শাস্ত্রজ্ঞানটা নিজের জীবনে কার্যকর করে নেবার জন্ম চাই। ... স্মাচার-বিচার কেবল মাম্ববের ভেতরের মহাশক্তিকুরণের উপায় মাত্র। ... উদ্দেশ্য হারিয়ে থালি উপায় নিয়ে ঝগড়া করলে कि श्रव १ रव प्राप्त यारे, प्राथ जेशाय निष्य नाठानाठि ठान छ। जेप्पर अंत দিকে লোকের নম্বর নেই, ঠাকুর এটি দেখাতেই এসেছিলেন। । । বতটা অফুভৃতি করতে পেরেছে, তার বিধিনিষেধ ততই কমে যায়। আচার্য শঙ্করও বলেছেন, 'নিস্তৈগুণ্যে পথি বিচরতাং কো বিধিঃ কো নিষেধঃ।' অতএব মূলকথা হচ্ছে—অহভৃতি।"

আসাম ও পূর্ববঙ্গের প্রাকৃতিক সৌন্দর্য সম্বন্ধ তিনি মেরীকে ৫ই জুলাই (১৯০১) তারিখে লিখিয়াছিলেন: "সম্প্রতি আমি পূর্ববাংলা ও আসাম পরিভ্রমণ করছিলাম। কাশ্মীরের পরেই আসাম ভারতের সবচেরে স্কল্পর জারগা, কিন্তু খুবই অস্বাস্থ্যকর। দ্বীপময় বিশাল ব্রহ্মপুত্র নদ পাহাড়-পর্বতের মধ্য দিয়ে এঁকে-

বেঁকে চলে গিয়েছে, এ দৃষ্ট দেখবার মতো। তুমি জ্ঞানো, আমার এই দেশকে বলা হয় জ্ঞালের দেশ। কিন্তু তার তাৎপর্য পূর্বে কখনও এমনভাবে উপলব্ধি করিনি। পূর্ববাংলার নদীগুলি যেন তরক্ষসক্ল ক্ষম্ভ জ্ঞালের সমৃদ্র। নদী মোটেই নয়, এবং দেগুলি এত দীর্ঘ যে স্থীমার—সংগ্রাহের পর সংগ্রাহ তাদের মধ্য দিয়ে চলতে থাকে।"

বেলুড় মঠে

वना हरन रा भूर्ववन ७ जानाम जमराव नरक नरक नामीकीत क्रमाधातराव সহিত মেলা-মেশার পর্ব শেষ হইয়া গেল। ইহার পরে প্রকাশ্র সভায় জনতার সম্মধে মঞ্চে দাঁড়াইয়া বক্তভা প্রদান তাঁহার শরীরের দিক দিয়া অসম্ভব হইয়া পড়িয়াছিল। শিলং হইতে তিনি যথন ফিরিলেন, তথন তাঁহার দৈহিক অবস্থা-দর্শনে বেলুড় মঠের সকলেই বিশেষ চিস্তিত হইয়া পড়িলেন। সকলে পরামর্শক্রিমে স্থির করিলেন যে. আর তাঁহাকে এভাবে ছাড়িয়া দেওয়া চলিবে না; একস্থানে রাথিয়া বিশ্রাম, স্থপথ্য ও স্থচিকিৎদার ব্যবস্থা করিতে হইবে। এখন হইতে কঠিন দৈহিক শ্রম যেমন বন্ধ থাকিবে, গভীর চিন্তা হইতেও তেমনি তাঁহাকে বাঁচাইতে হইবে। গুরুভ্রাতারা ও শিগুরুদ তদব্ধি তাঁহার সর্বপ্রকার সম্চিত ব্যবস্থায় যত্নপর হইলেন এবং গল্প-গুজ্ব, হাসি-ঠাট্রা ইত্যাদিতে তাঁহার স্বাভাবিক উর্ধ্বগামী মনকে ধরিয়া রাখিতে সচেষ্ট রহিলেন। এইসব অমুরক্ত হিতাকাক্ষীদের অমুরোধ অগ্রাহ্য করা স্বামীজীর পক্ষে সহজ ছিল না। তাই ঐকালে একাদিক্রমে তিনি সাত মাস বেলুড় মঠেই বাস করিয়াছিলেন ও সকলের অভিপ্রায়াহরূপ চিকিৎসা করাইয়াছিলেন। কিন্তু সকলের সতর্কদৃষ্টি থাকিলেও গুরুতর চিন্তায় নিবিষ্ট হওয়া হইতে তাঁহাকে বিরত রাখা বড় সহজ ছিল না। বরং দেখা যাইত যে, দৈহিক কার্যব্যন্ততা হইতে মুক্তি পাইয়া তাঁহার মন প্রাচীন অভ্যাসবশতঃ গভীর একাগ্রতাভিমুখে ধাবিত হইত। অনেক সময় শিল্পেরা তাঁহার আদেশমত তামাক সাজিয়া বা পানীয় জল লইয়া তাঁহার পার্ষে দাঁডাইলেও স্বামীজী আদিট বস্তুর কথা ভূলিয়া অন্তর্লীনাবস্থায় দীর্ঘকাল নিশ্চল বসিয়া থাকিতেন; এমন কি, 'স্বামীজী, এই নিন, স্বাপনি যা চেয়েছিলেন, তা এনেছি', ইত্যাদি বলিয়া ডাকিলেও সাড়া পাওয়া যাইত না। এইরূপ অক্সমনম্বতার মধ্যেও দেখা যাইত যে, একটি বিষয়ে তিনি কথনও ওদাসীল দেখাইতেন না—শাস্ত্রাদি অধ্যাপন বিষয়ে তিনি **मर्वहारे बाध्यमीन हिल्ला।** ममग्रवित्माख जिलि मन्नीजानाथन कवित्जन, निश्च-দিগকে শিখাইতেন কিংবা ভাহাদিগকে সমবেতকণ্ঠে তাঁহার সহিত গাহিতে আদেশ দিতেন্। আর কথা-বার্তা, গল্প-গুজবেও তিনি পুর্বেরই স্থায় প্রাণ খুলিয়া সকলের সহিত মিশিতেন।

ঐ সময়ে তাঁহার পা ফুলিয়া শোধের লক্ষ্ণ দেখা দিয়াছিল, হাঁটিতে কষ্ট হইত। যাহারা সেবায় নিযুক্ত ছিলেন, তাঁহারা দেখিয়াছিলেন, তাঁহার অঙ্গপ্রত্যক এত শিথিল ও কোমল হইয়া গিয়াছিল যে, একট জোরে হাত পা টিপিলে ব্যথা লাগিত। তবু এত কষ্টের মধ্যেও তাঁহার মনের ফুতি অব্যাহত ছিল; কেহ দেখা করিতে আসিলে তাহার সহিত সোৎসাহে দীর্ঘকাল আলাপ করিতেন. कान वात्रण मानिराजन ना। जारव दानी क्यारत कथा वनात मामर्था हिन ना। একটু নিম্নগলায় তিনি অনৰ্গল এমনভাবে কথা বলিয়া যাইতেন যে, কেহ বুঝিতেই পারিত না, তিনি অস্তম্ভ। তিনি গুরুলাতাদের নির্বন্ধাতিশয় এডাইতে না পারিয়া কঠিন কবিরাজী চিকিৎসা করাইতে রাজী হইয়াছিলেন। স্বামীজীকে অনেক করিয়া বুঝাইয়া এবং পীড়াপীড়ি করিয়া স্বামী নিরঞ্জনানন্দ এক জন বিচক্ষণ কবিরাজকে লইয়া আসিয়াছিলেন। ইনি বিধান দিয়াছিলেন, স্বামীজীকে একুশদিন শুধু হুধ খাইয়া থাকিতে হইবে, সুন খাওয়া বা জলপান করাও চলিবে না। জুন মাসের যে মঞ্চলবার হইতে এই চিকিৎসা আরম্ভ হইবার কথা ছিল, তাহার পুর্ববর্তী শনিবারে শিশু শরচ্চন্দ্র বেলুড় মঠে আসিয়া চিকিৎসার ব্যবস্থা শুনিয়া স্বামীজীকে বলিলেন, "মহাশয়, এই দারুণ গ্রীমকাল! তাহাতে আবার আপনি ঘণ্টায় চার-পাঁচ বার করিয়া জলপান করেন, এসময়ে জল বন্ধ করিয়া ঔষধ খাওয়া আপনার অসহা হইবে।" স্বামীজী কিন্তু উত্তর দিলেন, "তুই কি বলছিদ ? ঔষধ খাওয়ার দিন প্রাতে 'আর জলপান করব না' বলে দুঢ় সহল্প ক'রব, তারপর সাধ্যি কি জল আর কণ্ঠের নীচে নাবেন ! তথন একুশ দিন জল আর নীচে নাবতে পারছেন না। শরীরটা তো মনেরই খোলদ। মন যা বলবে, দেইমত তো ওকে চলতে হবে, তবে আর কি ? নিরঞ্জনের অমুরোধে আমাকে এটা করতে হ'ল, ওদের অমুরোধ তো আর উপেক্ষা কবতে পাবিনে।"

ঐদিন তাঁহার পরিকল্পিত ন্ত্রী-মঠ সম্বন্ধেও বিন্তারিত আলোচনা হয়: গদার পূর্বতটে ঐ দ্ধী-মঠ স্থাপিত হইবে। এই সব ক্ষেত্রে তৎকালে দ্ধীপুরুষের মধ্যে বে ভেদ দৃষ্ট হইত, উহা বেদবিরুদ্ধ; পরবর্তী কালের স্থৃতি প্রভৃতির বিধানামুসারে এই পার্থক্যের স্থৃষ্টি হইয়াছিল। জগদম্বার সাক্ষাৎ প্রতিমা এইসব মেয়েদের এখন না তুলিলে এদেশের উপায়াস্তর নাই। মেয়েরা জ্ঞানভক্তির অধিকারিণী নহেনুএমন কথা আশাস্ত্রীয়। যেদেশে, যেজাতে মেয়েদের পূজা নাই, সে-জাতি,

সে-দেশ কোন কালে বড় হইতে পারে নাই, পারিবেও না। মহু বলিয়াছেন:


যত্ত নাৰ্যন্ত পূজান্তে রমস্তে তত্ত্ব দেবতা:।

যত্ত্বতান্ত ন পূজান্তে স্বান্ত্ত্বাফলা: ক্রিয়া:॥ ৩।৫৬


তাহার পর স্ত্রী-শিক্ষার কথা উঠিল এবং শিশ্য ব্ঝাইতে চাহিলেন যে, তৎকালে শিক্ষার অনেক কৃষলে সমাজজীবন বিপন্ন হইতেছিল—শিক্ষিতা নারীরা ভোগবিলাসে ও নাটক-নভেল পাঠেই অর্থ্যয় ও কালাভিপাত করিতেছিলেন। তহন্তরে স্থামীজী বলিয়াছিলেন, "প্রথম প্রথম অমনটা হয়ে থাকে। দেশে বৃত্তন ভাবের প্রথম প্রচারকালে কতকগুলি লোক ঐ ভাব ঠিক ঠিক গ্রহণ করতে না পেরে অমন থারাপ হয়ে যায়। তাতে বিরাট সমাজের কি আদে যায়? কিন্তু যারা অধুনা-প্রচলিত যৎসামান্ত স্ত্রী-শিক্ষার জন্তুও প্রথম উত্যোগী হয়েছিলেন, তাঁদের মহাপ্রাণতায় কি সন্দেহ আছে? তবে কি জানিস, শিক্ষাই বলিস আর দীক্ষাই বলিস, ধর্মহীন হ'লে তাতে গলদ থাকবেই থাকবে। তাল-মন্দ সব দেশে সব জাতের ভেতর রয়েছে। আমাদের কাজ হচ্ছে—ভাল কাজ ক'রে লোকের সামনে দৃষ্টান্ত ধরা। তাই মায়ার জগতে যা করতে যাবি, তাইতেই দোষ থাকবে। তাই ক'লে কি নিশ্চেষ্ট হ'য়ে বসে থাকতে হবে ? যতটা পারিস ভাল কাজ করে যেতে হবে।"

পরিশেষে কথা উঠিল কর্ম ও জ্ঞানের বিরোধ সম্বন্ধে; উত্তরে স্বামীজী বাহা বলিলেন, তাহা প্রণিধানযোগ্য: "আচার্য শহর — জ্ঞানবিকাশকরে কর্মকে আপেক্ষিক সহকারী ও সত্তও দির উপায় ব'লে নির্দেশ করেছেন। তবে শুদ্ধজ্ঞানে কর্মের অন্ধ্রুবেশ নেই—ভাশ্তকারের এ সিদ্ধান্তের আমি প্রতিবাদ করছি না। ক্রিয়া-, কর্তা- ও কর্মবোধ যতকাল মাহ্যুবের থাকবে, ততকাল সাধ্য কি—সে কাজ না ক'রে বলে থাকে ? অতএব কর্মই যথন জীবের স্বভাব হয়ে দাঁড়াচ্ছে, তথন যেস্ব কর্ম এই আত্মজ্ঞান-বিকাশকরে সহায়ক হয়, সেগুলি কেন ক'রে যা না ? কর্মমাত্রই ভ্রমাত্মক—এ-কথা পারমার্থিকরূপে যথার্থ হলেও ব্যবহারে কর্মের বিশেষ উপযোগিতা আছে। তুই যথন আত্মতত্ত প্রত্যক্ষ করবি, তথন কর্ম করা বা না করা তোর ইচ্ছাধীন হয়ে দাঁড়াবে। সেই অবস্থায় তুই যা করবি, তাই সংকর্ম হবে; তাতে জীবের, জগতের কল্যাণ হবে। — তথন আর মতলব এঁটে কর্ম করতে হবে না।" ('বাণী ও রচনা', ১০১৯-২০৭)।

कवित्राकी खेरध-एमवनात्रस्थत नाठ-माछितन भटत भत्रश्वान् वकतिन वकि



বেলুড় মঠে সামীজীর ব্যবহাত পুহাভ্যন্তর



বেলুড় মঠে স্বামীজীর বাসগৃহ

প্রকাণ্ড রুই-মাছ লইয়া মঠে আসিলে স্বামী প্রেমানন্দ বলিলেন দে, রবিবারে মাছ-ভোগ দেওয়া হয় না; আর স্বামীজীও অক্স। স্বামী প্রেমানন্দের মূথে সব শুনিয়া স্বামীজী কিন্তু বলিলেন মে, ভক্তের আনীত দ্রব্য শ্রীশ্রীঠাকুরকে দেওয়া উচিত। অধিকত্ব ভোগের জ্ঞা প্রয়োজনীয় অগ্রভাগ সরাইয়া লইবার পর স্বামীজী স্বহন্তে বিলাতী কায়দায় হুধ, ভারমিসেলি, দধি প্রভৃতির সাহায়ে চার-পাঁচ প্রকারে মাছ রাধিয়া ফেলিলেন। অনেকে অবশ্র আপত্তি করিয়াছিলেন যে, তিনি জলপান বর্জন করিয়া আছেন, এই অবস্থায় আগুনের পাশে দীর্ঘকাল থাকিলে কট্ট হুইবে। কিন্তু তিনি সে আপত্তি গ্রাছ্ করিলেন না। ভোজনকালে তিনি স্বয়ং এসব মাছের তরকারির বিন্দুমাত্র চাধিয়া বাকি সবটা অপরদের খাওয়াইলেন।

এইকালে স্বাভাবিক অনিদ্রা ও কবিরাজের বিধানামুসারে আহার চলিতে থাকিলেও তাঁহার মনের বিরাম ছিল না। দিন করেক আগে মঠের জন্ম এনসাইক্লোপেডিয়া ব্রিটানিকা ক্রম করা হইয়াছিল। ঝকঝকে বইগুলি দেখিয়া শিশু বলিলেন, "এত বই এক জীবনে পড়া হুর্ঘট।" স্বামীজী কিন্তু এই কয়দিনেই উহার দশ খণ্ড শেষ করিয়া একাদশ খণ্ড পড়িতেছিলেন। তাই তিনি বলিলেন, "কি বলছিস ? এই দশখানি বই থেকে আমায় যা ইচ্ছা জিজ্ঞেদ কর্—দব ব'লে দেবো।" সাহস পাইয়া শিশু ঐ গ্রম্বাবলী হইতে বাছিয়া বাছিয়া কঠিন কঠিন প্রশ্ন করিতে লাগিলেন, আর স্বামীজীও যথায়থ উত্তর দিতে থাকিলেন। পরাজিত শিশু তথন কহিলেন, "ইহা মাছ্যবের শক্তি নয়।" স্বামীজী কিন্তু বলিলেন, "দেখলি, একমাত্র ব্রদ্ধালন ঠিক ঠিক করতে পারলে সমন্ত বিভা মূহুর্তে আয়ন্ত হয়ে যায়—শ্রুতিধর, শ্বতিধর হয়।" এই গ্রন্থাবলী এখনও বেলুড় মঠের লাইবেরীতে স্বত্বে রক্ষিত আছে।

তারণর দর্শনশান্তের গভীর আলোচনা চলিতে থাকিলে স্থামী ব্রহ্মানন্দ আসিয়া শিশুকে এই বলিয়া ভ²ননা করিলেন বে, গল্পার করিয়া স্থামীজীকে প্রফুল্ল রাথাই উচিত; এভাবে জটিল বিষয়ে চর্চা করা অক্সার। স্থামীজী তব্ বলিলেন, "নে, রেথে দে ভোদের কবিরাজী নিয়ম-ফিয়ম। এরা স্থামার সন্তান, এদের সত্পদেশ দিতে আমার দেহটা যায় তো বয়ে গেল।" দর্শনশান্তের চর্চা কিন্তু থামিয়া গিয়া সাহিত্য-চর্চা আরম্ভ হইল। স্থামীজী মত প্রকাশ করিলেন যে, ভারতচন্দ্রের কুক্চিপূর্ণ ও স্ক্রীলতাময় কাব্যাদি ছেলেদের হাতে না পড়াই ভাল। পরে মাইকেল মধুস্থান দন্তের কথা তুলিয়া 'মেঘনাদবধ'-কাব্যের ভূয়সী প্রশংসা করিলেন ও মঠের লাইব্রেরী হইতে ঐ গ্রন্থথানি আনিতে বলিলেন। শিশু বই লইয়া আসিলেন ও স্বামীজীর আদেশে প্রথম সর্গের থানিকটা পড়িলেন; কিন্তু পড়া পছন্দ না হওয়ায় স্বামীজী নিজেই পড়িয়া শুনাইলেন। তিনি আরও বলিলেন যে, যেখানে ইক্রজিতের মৃত্যুসংবাদ শুনিয়াও রাবণ স্বীয় সন্ধল্লে অটুট রহিয়াছিল ও মুদ্ধে গমনোত্তত হইয়াছিল, উহাই ঐ কাব্যের শ্রেষ্ঠাংশ। (ঐ, ১।২০৭-১২)।

ইহার মাসাধিক কাল পরে শরৎবাব্ আবার লিথিয়াছেন: "স্বামীজীর অন্থপ তথনও একটু আছে। কবিরাজী ঔষধে অনেক উপকার হইয়াছে। মাসাধিক শুরু তথ পান করিয়া থাকায় স্বামীজীর শরীরে আজকাল যেন চন্দ্রকান্তি ফুটিয়া বাহির হইতেছে এবং তাঁহার স্থবিশাল নয়নের জ্যোতি অধিকতর বর্ধিত হইয়াছে।" ঐদিন শিশু স্বামীজীর সহিত অবৈততত্ত্বের বিচারে অনেককণ কাটাইবার পর মন্দিরে সন্ধ্যারতি আরম্ভ হইল। শিশু স্বামীজীর ঘরেই রহিয়া গেলেন ও বাহিরের অমাবস্থার দিকে দৃষ্টি আকর্ষণ করিয়া স্বামীজীকে বলিলেন, "আজ কালীপুজার দিন"। স্বামীজীর মনও তথন সেই গভীর তমসার্ত নিত্তর প্রকৃতির সৌন্দর্যে আরুষ্ট হইল ও তিনি আত্তে আত্তে গান ধরিলেন:

নিবিড় আঁধারে মা তোর চমকে ও রূপরাশি। তাই যোগী ধ্যান ধরে হয়ে গিরিগুহাবাসী।

গীত সাক হইলে স্বামীকী গৃহে আসিয়া বসিলেন ও মাঝে মাঝে বলিতে লাগিলেন, "মা, মা, কালী, কালী"। শিশুরে মনে হইল, স্বামীজীর অন্তরাত্মা যেন তথন কোন সমাধিভূমিতে বিচরণ করিতেছে। অমাবস্থা ও কালীর কথা তুলিয়া স্বামীক্ষীর মনে এই ভাবান্তর উপস্থিত করিয়াছেন ভাবিয়া তিনি অন্তর্গ্ত হইলেন এবং স্বামাজীকে সাধারণ শুরে নামাইয়া আনিবার জন্ম চেষ্টাও করিলেন। স্বামীক্ষী শিশুরে ভাবগতিক দেখিয়া আবার গান ধরিলেন:

কথন কি রক্ষে থাক মা, শ্রামা স্থা-তর্ঞ্বিণী,

---কালী স্থা-তরঞ্গি।

গান শেষ করিয়া তিনি বলিলেন, "এই কালীই লীলারূপী ব্রহ্ম। ঠাকুরের কথা 'সাপ চলা, আর সাপের ছির ভাব'—ভনিসনি ?" ঐ কথাপ্রসঙ্গেই স্বামীজী

ইহাও বলিয়াছিলেন ধে, দেবারে তাঁহার ৺তুর্গাপুজার অভিলাষ আছে। (ঐ, ৯৷২১৩-১৬)।

স্বার একদিনের কথা। সেদিন স্বামীন্সী শিশুকে বুঝাইতেছিলেন যে, তাঁহার শরীর জগ্ন হইয়া গেলেও তথন পর্যন্ত যথেষ্ট শুদ্ধ-সন্ত্-গুণী যুবক পাইলেন না, যাঁহারা তাঁহার উদার ভাব গ্রহণপূর্বক উহা কার্যে পরিণত করিতে এবং তদমুর্প লোককল্যাণ সম্পাদনে জীবন উৎসর্গ করিতে প্রস্তুত। তাহাদের থাকিবে বল, বীর্ঘ, বৈরাগ্য ও পবিত্রতা-শ্রীরামচন্দ্রের জন্ম উৎসর্গিত-জীবন মহাবীরেরই মতো। এইসব কথা বলিতে বলিতে তিনি সন্ধার প্রাক্কালে শিখ্যসহ উপর হইতে নীচে নামিলেন এবং মঠের প্রাক্তণে আমগাছের তলায় যে ক্যাম্প খাটটি পাতা থাকিত এবং যাহার উপর তিনি অনেক সময় বসিতেন, উহাতে পশ্চিমাশু হইয়া বসিলেন। সেথানে আরও সন্ন্যাসী ও বন্ধচারী উপস্থিত ছিলেন। তাঁহাদিপকে দেখাইয়া তিনি ভাবগম্ভীরকঠে উচ্চৈ:মবে শিশ্বকে উপলক্ষ্য করিয়া বলিতে লাগিলেন, "এই যে প্রত্যক্ষ ব্রহ্ম। একে উপেক্ষা ক'রে যারা অতা বিষয়ে মন দেয়, ধিক্ তাদের ! করামলকবং এই যে ব্রহ্ম! দেখতে পাচ্ছিদ নে ?—এই—এই।" শরংবার মন্তব্য করিয়াছেন, "এমন হানয়স্পাৰ্শী ভাবে স্বামীজী কথাগুলি বলিলেন যে. শুনিয়াই উপস্থিত সকলে 'চিত্রার্পিতারম্ভ ইবাবতস্থে'—সহসা গভীর ধ্যানে মগ্ন! কাহারও মুথে কথাটি নাই। স্বামী প্রেমানন্দ তথন গলা হইতে কমগুলু করিয়া জল লইয়া ঠাকুরঘরে উঠিতেছিলেন। তাঁহাকে দেখিয়াও স্বামীজী 'এই প্রত্যক্ষ ব্রহ্ম, এই প্রত্যক্ষ ব্রহ্ম' বলিতে লাগিলেন। ঐ কথা শুনিয়া তাঁহারও তথন হাতের কমগুলু হাতে বন্ধ হইয়া রহিল, একটা মহা নেশার ঘোরে আচ্ছন্ন হইয়া তিনিও তথনি ধ্যানস্থ হইয়া পড়িলেন! এইরূপে প্রায় পনর মিনিট গত হইলে স্বামীজী স্বামী প্রেমানন্দকে আহ্বান করিয়া বলিলেন, 'ঘা, এখন ঠাকুরপুজায় যা।' স্বামী প্রেমানন্দের তবে চেতন হয় ! ক্রমে সকলের মনই আবার 'আমি-আমার' রাজ্যে নামিয়া আসিল এবং ধে ধাহার কার্যে গমন করিল। সেদিনের সেই দুখা শিশু ইহজীবনে কথনও ভূলিতে পারিবে না।" (এ, ৯।২২০-২১)।

স্বামীজীর শরীর তথনও অর্ম্ম হইলেও তিনি সকাল-সন্ধ্যায় বেড়াইতে বাইতেন। পুর্বোক্ত ঘটনার পর শিক্তসহ বেড়াইতে বাহির হইয়া তিনি বলিলেন, "দেখলি, আজ কেমন হ'ল? স্বাইকে ধ্যানম্ম হ'তে হ'ল। এরা স্ব ঠাকুরের সম্ভান কিনা, বলবামাত্র এদের তথন তথনই অমুভূতি হয়ে পেল।" শরৎবাবু কহিলেন, "মহাশয়, আমাদের মতো লোকের মনও ধখন নির্বিষ হইয়া গিয়াছিল, তখন ওঁদের কা কথা! আনন্দে আমার হালয় খেন ফাটিয়া ঘাইতেছিল! এখন কিছু ঐ ভাবের আর কিছুই মনে নাই—বেন স্বপ্রবৎ হইয়া গিয়াছে।"

ভ্ৰমণকালে 'দৰ্বমুক্তি'র কথা উঠিল। স্বামীজী বুঝাইতে চাহিলেন যে, সমন্ত বিখে যখন এক অথণ্ড আত্মা বিভাষান, তখন সমষ্টির মুক্তি না হওয়া পুর্যন্ত ব্যষ্টির মুক্তি অসম্ভব। শিশ্ব আপত্তি জানাইলেন: ব্যষ্টিভাবই বন্ধনের কারণ এবং এই ভাব দুরীভূত হইলে জীবজগৎ কিছুই থাকে না; ফলতঃ তথন সর্বমূক্তির চিষ্টাই আসিতে পারে না। উত্তরে স্বামীজী বলিলেন, "হাঁ, তুই যা বলছিস তাই স্মধিকাংশ বেদান্তবাদীর সিদ্ধান্ত। উহা নির্দোষও বটে। ওতে ব্যক্তিগত মুক্তি অবরুদ্ধ হয় না। কিন্তু যে মনে করে—আমি আব্রহ্মজগণ্টাকে আমার সঙ্গে নিয়ে একসঙ্গে মুক্ত হবো, তার মহাপ্রাণতাটা একবার ভেবে দেখ দেখি !" (এ, >।२२১-२०)। ইहा युगनाम्नटकत्र नवीन मृष्टिङ्गी—माधनटकटक व्यटेष्ठटविमारस्त নবীন অভিযান। বেদাস্ত বলিয়াছে, "নেতি নেতি", আবার বেদাস্তই বলিয়াছে, "সর্বং খৰিদং ব্রহ্ম"। এই দ্বিতীয় বাক্যের বান্তব প্রয়োগ কি কোথাও হইবে না — ৩ ব নেতিমূলক সাধন ও সিদ্ধির মধ্যেই মানবের অধ্যাত্মপ্রয়াস সীমাবদ্ধ থাকিবে ? অথচ শ্রীরামক্বফ্ট তো বেদাস্তদাধন ও দিদ্ধি উভয়েরই একটা ইতিমূলক রূপ প্রত্যক্ষ করিয়াছিলেন। তিনি এক সময়ে সবিস্থায়ে বলিয়াছিলেন, "চোধ वुक्राता जिन चारहन, चात्र राध ठारे तारे ।" चात्र श्रेष्ठ विद्याहितन, "চোখ বুজলেই ধ্যান, চোখ খুললে আর কিছু নাই ?" ('ক্থামূভ', ৩।১৬।১)। অন্ত সময়ে তিনি বলিয়াছিলেন, "অহং-বুদ্ধি ষতক্ষণ, ততক্ষণ তিনিই সব হয়েছেন, এই বোধ হয়।" (ঐ, ১।১৩৬)। স্পধিকন্ত কতবারই না তিনি বলিয়াছেন যে; নেতি-মার্গে জ্ঞানলাডের পর বিজ্ঞানী দেখেন সবই ব্রহ্ম।

স্বামীজীর দেহ-মন অবলম্বনে পূর্বে আমরা যেসব দৈবশক্তি প্রকাশের উদাহরণ পাইয়াছি, উহারই অমূরণ আরও ছইটি ঘটনা জানা যায়, য়দিও উহারা শ্রীরামক্কফের পূতান্থির সহিত জড়িত এবং তাহারই মহিমার জ্ঞাপক। স্বামীজীর শিশু স্বামী নির্ভিয়ানন্দ একবার প্রবল জরে আক্রাস্ত হন এবং জরের উত্তাপ ১০৭

১। 'কথামৃত', ২।১৫।২ দ্রষ্টব্য।

ভিত্রি পর্যন্ত উঠে। সঙ্গে সঙ্গে মন্তিক্ষের বিকারও পূর্ণ মাত্রায় দেখা দেয় এবং তিনি প্রলাপ বকিতে থাকেন। আরোগ্যের আশা তিরোহিত হইতেছে দেখিয়া সকলেই উদ্বিয় এবং অতিমাত্র বিষয়। স্বামীজীরও চোখেম্থে তৃঃখ ও উদ্বেশের চিহ্ন স্বন্দাই। এমন সময় তিনি শ্রীশ্রীঠাকুরের পূজাগৃহে প্রবেশপূর্বক তাঁহার পূজাদি সমাপন করিলেন ও যে কোটাটিতে তাঁহার ভত্মাবশেষ রক্ষিত ছিল, এবং যাহাকে স্বামীজী 'আত্মারামের কোটা' আথ্যা দিয়াছিলেন, উহা গলাজলে ধৌত করিয়া সেই পবিত্র বারি নির্ভয়ানন্দকে পান করিতে দিলেন। তারপর জর আর একটু বৃদ্ধি পাইয়া ক্রমশং একেবারে কমিয়া গেল। তথন স্বামীজী উপস্থিত সাধুদের প্রতি দৃষ্টি ফিরাইয়া বলিলেন, "দেগ্, ঠাকুরের শক্তি দেখ্। তিনি কী না করতে পারেন ?"

'আআরামের কোটা'র প্রতি স্বামীজীর শ্রন্ধা ছিল অপরিদীম। তাঁহার নিত্যকর্মের মধ্যে ছিল ঠাকুরঘরে প্রবেশের পর ঠাকুরের চরণামূত পান, তাঁহার প্রীপাত্রকাষয় মন্তকে ধারণ ও ঐ কোটার সন্মধে সাষ্টাঙ্গ প্রণিপাত। কিছ চিরকালই তাঁহার অভ্যাস ছিল বিচারপূর্বক প্রতিটি জ্বিনিস গ্রহণ বা পরিভ্যাপ করা। অতএব এত শ্রদ্ধাভক্তি সন্ত্বেও একদিন 'আত্মারামের কোটা'র পরীক্ষায়ও তিনি প্রবৃত্ত হইবেন—ইহাতে আর আশুর্য কি ? একদিন যথারীতি সাষ্টান্ধ প্রণিপাত ও মন্তকে কোটা স্পর্শ করাইবার পর ঠাকুরঘর হইতে বাহিরে আসার সময় অক্সাৎ তাঁহার মনে হইল: "সভাই কি এতে আত্মারাম ঠাকুরের আবেশ त्ररहा ? चाष्ट्रा, तिथे श्रार्थना करत ।" এই विनिहा मरन मरन श्रार्थना कतितन. "ঠাকুর, তুমি যদি সত্য সত্যই এর মধ্যে থাক, তবে তিন দিনের মধ্যে গোয়ালিয়রের মহারাজ্ঞকে মঠে আকর্ষণ করে আন।" মহারাজ তথন কলিকাতায় থাকিলেও স্বামীজী জানিতেন যে, তাঁহার তথন বেলুড় মঠে স্বাগমন একাস্কই অসম্ভব। তবু এই অপুরণীয় বাসনাই তাঁহার মনে প্রার্থনাকারে উদিত হইল। **অবশ্য এসব কথা তাঁহার নিজ অন্ত:করণের গোপন কোণেই থাকিয়া গেল, অপর** কেহ জানিতে পারিল না। এমন কি কিছুক্ষণ পরে তিনি নিজেও ইহা ভূলিয়া গেলেন। পরদিন তাঁহাকে কার্বোপলকে কলিকাতায় যাইতে হইয়াছিল। অপরাত্তে মঠে প্রত্যাবর্তনাম্ভে তিনি জানিতে পারিলেন, গোয়ালিয়রের মহারাজ গ্রাণ্ড টাঙ্ক রোড ধরিয়া গাড়ীতে যাইতে যাইতে স্বামীন্সী মঠে স্বাছেন কিনা সংক্রান লইবার অব্য সীয় ভ্রাতাকে পাঠাইয়া দিয়াছিলেন; কিন্তু স্বামীজী অহপদ্বিত থাকায় বিষণ্ণমনে ফিরিয়া গিয়াছেন। এই কথা প্রবণমাত্র স্বামীজীর মনে পূর্ব দিনের কথা উদিত হইল এবং তিনি তথনই ক্রতপদে ঠাকুরছরে প্রবেশাস্তে 'আত্মারামের কোটা'তে মাথা ঠেকাইয়া ও পুনঃ পুনঃ প্রণাম করিয়া বলিতে লাগিলেন, "তুমি সত্যি", "তুমি সত্যি", "তুমি সত্যি"। স্বামী প্রেমানন্দ সেই সময় ধ্যান করিবার জন্ম ঠাকুরছরে গিয়াছিলেন। তিনি এই কাণ্ড কিছুই ব্বিতে না পারিয়া চিত্রার্শিতপ্রায় দাঁড়াইয়া রহিলেন। পরে স্বামীজীর মুখে সমস্ত বৃত্তান্ত শুনিয়া বিশ্বয়ে শুন্তিত হইলেন। সেই দিন হইতে স্বামীজী ঐ ঘটনার উল্লেখ করিয়া মঠের সকলকে বিশেষ সন্তর্পণে উক্ত কোটার পূজাদি করিছে আদেশ দিয়াছিলেন।

ফলতঃ স্বামীজী প্রতি বস্তুর অন্তর্নিহিত অধ্যাত্মশক্তির পরিচয় যেমন সহজে পাইতেন, অপরের মধ্যে তেমনি স্থীয় শক্তির সঞ্চারও করিতে পারিতেন। উপরোক্ত দৃষ্টাস্তগুলিতে আমরা এই উভয় সত্যেরই প্রমাণ পাই। আমরা পুর্বেও দেখিয়া আসিয়াছি যে, তিনি আমেরিকা ও লগুন প্রভৃতি স্থানে বছ ক্ষেত্রে স্বীয় অলৌকিক শক্তির মহিমা দেখাইয়াছিলেন, আর ভারত ও ভারতেতর দেশে ভ্রমণকালে বহু স্থানে বিচিত্রেরূপে দৈবশক্তির সাহায্য পাইয়াছিলেন। অবশ্য শক্তি প্রকাশ তিনি সব সময় করিতেন না—উহার দৃষ্টাস্ত বিরল।

অপুর্ব ভাবময় স্বামীজীর আর একটি দিকের পরিচয় পাই শরৎবাব্র পরবর্তী বিবরণ হইতে। অবৈতবাদী শঙ্করাচার্য হাদয়ের আবেগে দেবদেবীর শুব রচনা করিয়াছিলেন, পূজায়ষ্ঠানাদিকেও সম্চিত মর্যাদা দিয়াছিলেন এবং মন্দিরাদির স্থাপন বা সংস্কারেও সর্বদা যত্নপর ছিলেন। ব্রহ্মজ্ঞানী বেদাস্থবাদী স্বামীজীর জীবনেও ইহার অশুথা হয় নাই এবং তাঁহারও ক্ষেত্রে শাল্লীয় ক্রিয়াকলাপাদি অয়ষ্টিত হইয়াছিল হাদয়ের ভাবভক্তির ফলে। আমরা পুর্বেই তাঁহার কালীভক্তি, ক্ষীরভবানী-দর্শন ও অমরনাথ-দর্শনাদির কথা বলিয়া আসিয়াছি। এক্ষণে বেলুড় মঠে তর্গাপুজার কথা বলিতেছি। শরৎবাব্ও লিখিয়াছেন য়ে, উহা ভাবভক্তির আতিশয্যের ফলেই অয়ষ্টিত হইয়াছিল। অবশ্ব বেলুড় মঠের প্রতি লোকের একটা অশ্বদ্ধার ভাব ছিল.এবং ঐ পুজার পরে উহা বছধা তিরোহিত হইয়াছিল।

২। 'বাণী ও রচনা', ৮।৪৮ দ্রষ্টব্যঃ "গত দশ বৎসর বাংলা দেশে ছুর্গাপুক্তা দেখিনি···। জ্বাশা করি এবছর পূজা দেখব।" এইরূপ উক্তি পূজার প্রতি জ্বাগ্রাহেরই প্রমাণ দেয়।

কিছ উহা অবাস্তর ফল; স্বামীক্ষীর পূজা ঐ উদ্দেশ্যে অহুটিত হয় নাই। ঐকালের লোকনিন্দার কথা উল্লেখ করিয়া শরংবার লিখিয়াছেন: "বেলুড় মঠ স্থাপিত হইবার সময় নৈটিক হিন্দুগণের মধ্যে অনেকে মঠের আচার-ব্যবহারের প্রতি তীব্র কটাক্ষ করিতেন। বিলাত-প্রত্যাগত স্বামীক্ষী-কর্তৃক স্থাপিত মঠে হিন্দুর আচারনিষ্ঠা সর্বদা প্রতিপালিত হয় না, এবং ভক্ষ্য ভোজ্যাদির বাদবিচার নাই—প্রধানত: এই বিষয় লইয়া নানা স্থানে আলোচনা চলিত এবং ঐ কথায় বিশাসী হইয়া শাস্ত্রানভিজ্ঞ হিন্দুনামধারী অনেকে সর্বত্যাগী সন্মাসিগণের কার্যকলাপের অযথা নিন্দাবাদ করিত। নৌকায় করিয়া মঠে আসিবার কালে শিশ্য সময়ে শ্রমণ সমালোচনা স্বকর্পে শুনিয়াছে। তাঁহার মূথে স্বামীক্ষী কথন কথন ঐসকল সমালোচনা শুনিয়া বলিতেন—

হাতী চলে বান্ধারমে, কুতা ভোঁকে হান্ধার। সাধুন্কো হুর্ভাব নহী, জব নিন্দে সংসার॥

কথনও বলিতেন, 'দেশে কোন নৃতন ভাব প্রচার হওয়ার সময় তার বিরুদ্ধ প্রাচীনপদ্বীদের আন্দোলন প্রকৃতির নিয়ম। জগতের ধর্মসংস্থাপক-মাত্রকেই এই পরীক্ষায় উত্তীর্গ হতে হয়েছে।' আবার কথনও বলিতেন, 'অক্সায় অত্যাচার না হ'লে জগতের হিতকর ভাবগুলি জগতের অস্তম্ভলে সহজে প্রবেশ করতে পারে না।' স্বতরাং সমাজের তীব্র কটাক্ষ ও সমালোচনাকে স্বামীজ্ঞী তাঁহার নবভাব-প্রচারের সহায়ক বলিয়া মনে করিতেন, কথনওউহার বিরুদ্ধে প্রতিবাদ করিতেন না বা তাঁহার আশ্রিত গৃহী ও সয়্যাসিগণকে প্রতিবাদ করিতে দিতেন না। সকলকে বলিতেন, 'ফলাভিসদ্ধিহীন হয়ে কাজ করে য়া, একদিন ওর ফল নিশ্চয়ই ফলবে।' স্বামীজ্ঞীর শ্রীম্বে একথাও সর্বদা শুনা যাইত, 'ন হি কল্যাণকৃৎ কশ্চিৎ তুর্গতিং তাত গছেতি'।" ('বাণী ও রচনা', ১।২২৪-২৫)।

স্তরাং সে বৎসর যথন স্বামীজী সিদ্ধান্ত করিলেন যে, মঠে প্রতিমায় তুর্গোৎসব হইবে, তথন আমরা সহজেই বুঝিতে পারি, তিনি ইহা অভিসদ্ধিপ্রণোদিত হইয়া করেন নাই। স্বাভাবিক ধর্মভাব, দেবভক্তি ও শ্রীরামরুঞ্চের শিক্ষাগুণেই এই অভিলাব তাঁহার মনে উদিত হইয়াছিল, যদিও ইহার অবশ্রস্তাবী ফলস্বরূপে বিরুদ্ধবাদীদের সমালোচনাও অনেকটা নিন্তর হইয়াছিল। বন্ততঃ স্বামীজী ঐ বৎসরের মে মাস হইতেই ৺হুর্গাপুজার কথা ভাবিতেছিলেন এবং তথন—ঐ জন্ত শরৎবারুকে রঘুনন্দনপ্রণীত একখানি 'অট্টাবিংশতি-তত্ব' আনিতে

বলিয়াছিলেন; শরংবাব্ও উহা আনিয়া দিয়াছিলেন। পূজা বাহাতে যথাশাস্ত্র সম্পাদিত হয়, এই অভিপ্রায়েই স্বামীজী ঐ গ্রন্থানি আনাইয়া স্বয়ং অধ্যয়ন করিয়াছিলেন। তথনও একটি অস্তরায় ছিল, উপযুক্ত অর্থের অভাব। যথাকালে অর্থ সংগৃহীত হইয়া ঐ বংসরেই (১৯০১) বেলুড় মঠে প্রথম তুর্গোৎসবের আয়োজন হইল। স্বামীজী বলিলেন, "আমরা তো কৌপীনধারী—আমাদের নামে (পূজা) হবে না।" অতএব শ্রীরামরুষ্ণভক্ত—জননী পরমারাখ্যা শ্রীশ্রীমাতাঠাকুরানীর অন্মতিক্রমে স্থির হইল যে, পূজার সয়য় তাঁহারই নামে হইবে। পূজার সর্বাঙ্গ প্রতিপালিত হওয়া উচিত মনে করিয়া স্বামীজী পশুবলি-প্রদানের জন্মও প্রস্তুত ছিলেন, কিন্তু শ্রীমায়ের অভিপ্রায়াস্থসারে উহা বন্ধ রহিল। কুমারটুলি হইতে প্রতিমা আনা হইল। ব্রন্ধারী রুষ্ণলাল পূজক ও স্বামী রামকুষ্ণানন্দের পিতা সাধকাগ্রণী শ্রীযুক্ত ঈশ্বরচন্দ্র ভট্টাচার্থ মহাশয় তন্ত্রধারক হইলেন। যে বিল্বক্ষমূলে বিদ্যা স্বামীজী একদিন গান গাহিয়াছিলেন,

বিষর্ক্ষম্লে পাতিয়া আসন গণেশের কল্যাণে গৌরীর আগমন।

সেইখানেই বোধনাধিবাসের সাদ্ধ্যপুজা সম্পন্ন হইল। পুজার কয়দিন শ্রীমা বেলুড়ে আসিয়া সঙ্গনীদের সহিত মঠের নিকটবর্তী নীলাম্বরবাব্র বাগানবাটীতে ১৮ই হইতে ২২শে অক্টোবর পর্যন্ত অবস্থান করিলেন এবং প্রতিদিনই পুজামগুণে উপস্থিত থাকিয়া সকলের আনন্দবর্ধন করিলেন। তাঁহারই নামে সঙ্কল্লিভ পুজা তাঁহারই সম্মুখে যথাবিধি অস্কৃতিত হইল। গরীব-তৃঃখীদিগকে পরিভোষপূর্বক ভোজন করানো এই তুর্গোৎসবের একটি প্রধান অক ছিল। বেলুড়, বালি ও উত্তরপাড়ার বহু পরিচিত ও অপরিচিত ব্রাহ্মণ পণ্ডিত নিমন্ত্রিত হইয়া সাগ্রহে পুজায় যোগদান করিলেন এবং পুজাদর্শনে তাঁহাদের স্থির ধারণা জন্মিল যে, সন্ধ্যাসীরা সনাতন্মার্গ-বিরোধী নহেন।

মহাইমীর পূর্বরাত্তে স্বামীজীর জব হওয়ায় তিনি পূজায় যোগদান করিতে পারেন নাই; কেবল সন্ধিকণে উঠিয় মহামায়ার চরণে তিনবার পূপাঞ্চলি প্রদান করেন।. অধিকন্ত তিনি নবমীরাত্তে শ্রীরামক্লফের মূবে শ্রুত তৃই-একথানি গান গাহিয়াছিলেন। পূজাশেষে শ্রীশ্রীমাতাঠাকুরানীর দারা যজ্ঞদক্ষিণাস্ত করা হইল; স্বামীজী তাঁহার হাত দিয়া তন্ত্রধারককে পচিশটি টাকা দেওয়াইলেন। ৺ত্র্গাপূজার পর মঠে যথারীতি ৺লক্ষীপুজা ও ৺শ্রামাপুজাও হইয়াছিল। (ঐ, ১৷২২৪ শে ৭)।

শরৎবাবুর 'স্বামি-শিশ্য-সংবাদ' অবলম্বনে ৺তুর্গাপুজার পূর্বোক্ত বিবরণপ্রদানের পর এই বিষয়ে অক্যাক্সফর্ট্রে আর বাহা কিছু জানা গিয়াছে তাহাও এখানে আবক্সকবোধে বিবৃত করিতেছি। বাঙ্গলা জীবনীর মতে (৯১১ পঃ) পুজার নশ-বার দিন পূর্বে পর্যন্ত ঐ সম্বন্ধে কোন প্রকাশ্র আলোচনা হয় নাই। এরই মধ্যে ('সামী ব্রন্ধানন্দ' গ্রন্থের মতে) স্বামী ব্রন্ধানন্দ একদিন মঠের সম্মুখে বসিয়া সহসা দেখিলেন, যেন মা তুর্গা দক্ষিণেশরের দিক হইতে গন্ধাবকে চলিয়া মঠের বিৰতলায় গিয়া উঠিলেন। এই দময়ে স্বামীন্সী কলিকাতা হইতে নৌকা করিয়া মঠে আসিয়াই জিজ্ঞাসা করিলেন, "রাজা (ব্রহ্মানন্দ) কোথায় ?" তাঁহাকে দেখিতে পাইয়া বলিলেন, "এবার প্রতিমা এনে মঠে তুর্গাপুঞ্জা করতে হবে, সব আয়োজন কর।" বন্ধানন্দ বলিলেন, "তোমাকে ছদিন পরে কথা দেব; এখন প্রতিমা পাওয়া বায় কিনা দেখতে হবে—সময় একেবারে সংক্রেপ, তুটো দিন সময় দাও।" স্বামীজী তাঁহাকে জানাইলেন যে, তিনি ভাবচকে দেখিয়াছেন, মঠে ছুর্গোৎসব হইতেছে ও প্রতিমায় পূজা হইতেছে। স্বামী ব্রহ্মানন্দও তথন স্বীয় দর্শনের কথা विनित्तन । मर्फ अडेमव अनिया देश के नाशिया रान । सामी बन्नानत्मत सामित्न ব্ৰহ্মচারী ক্লফলাল কলিকাভায় কুমারটুলিতে প্রতিমার সন্ধানে গেলেন—তথন পুজার মাত্র চারি-পাঁচ দিন বাকি। তবু আশ্চর্যের বিষয় এই যে, একখানি মাত্র প্রতিমা দেখানে দেখা গেল। ক্লফলাল কারিগরকে জিজ্ঞাসা করিলেন, "তুমি এই প্রতিমা আমাদের দিতে পার ?" কারিগর উত্তরে জানাইল যে. যিনি ফরমায়েদ দিয়াছিলেন, তিনি হয়তো কোন কারণে তথনও লইয়া যান নাই: তিনি নিবেন किना विकाश भवितन भाका कथा निष्ठ भावित्व । वामीकी कृष्ण्यात्मव मृत्य नव ভনিয়া বলিলেন, "যেমন করেই হোক, প্রতিমাধানি নিয়ে আসবি।" শেষ পর্যন্ত প্রতিমাথানি পাওয়া গেল এবং উহাতেই মঠের পূজা সম্পন্ন হইল। ('স্বামী वकानम्, ১२०-२४ थः)।

তত্র্গাপুজা ও পকালীপুজার পরে অগ্রহায়ণ মাসের শেষভাগে স্বামীজী স্বীয় জননীর ইচ্ছা-পরিপুরণার্থ বাল্যকালের এক 'মানত'-পুজা সম্পাদনের উদ্দৈশ্যে কালীঘাটে গিয়া গলাস্থানাত্তে ভিজাকাপড়ে মায়ের মন্দিরে প্রবেশপূর্বক মায়ের পাদপায়ের সন্মুখে ভিনবার গড়াগড়ি দেন, সাভবার মন্দিরপ্রদিশি করেন এবং নাটমন্দিরের পশ্চিমপার্থে অনার্ভ চন্বরে বসিয়া নিজেই হোম করেন। এ সমায়ে কালীঘাটের কর্মকভাদের উদারভাব দেখিয়া স্বামীজী পূর্ব প্রতি ইইমাছিলেন এবং

পরে শরৎবাবৃকে বলিয়াছিলেন, "কালীঘাটে এখনও কেমন উদারভাব দেখলুম ঃ শামাকে বিলাত-প্রত্যাগত বিবেকানন্দ ব'লে জেনেও মন্দিরের অধ্যক্ষগণ মন্দিরে প্রবেশ করতে কোন বাধাই দেননি; বরং পরম সমাদরে মন্দিরমধ্যে নিয়ে গিয়ে যথেছে পুজা করতে সাহায্য করেছিলেন।" ('বার্ণী ও রচনা', ১।২২৭)।

এইকালে স্বামীন্দ্রী বেলুড়ে আছেন জানিয়া কলিকাতার বহু গণ্যমান্ত 😉 শিক্ষিত ব্যক্তি তাঁহার দর্শনজন্ম সেখানে আদিতেন ; দূরদূরাম্ব হইতে কলিকাতার স্বাগত বহু ব্যক্তিও এই স্ক্রেগে তাঁহাকে দেখিয়া যাইতেন। ১৯০১ খুষ্টাব্দের মাঝামাঝি এক সময়ে স্বামীজীর পূর্বপরিচিত স্বাসী পণ্ডিত শ্রীযুক্ত জুল বোয়া ভারতভ্রমণে আসিয়া স্বামীজীর সহিত সাক্ষাৎ করিয়াছিলেন। এতম্বতীত বছ ধর্মপিদাস্থ ব্যক্তিও দর্বদা যাতায়াত করিতেন। অবশ্য স্বামীজীর স্বাস্থ্য ভাল নাং থাকায় তিনি সব সময় নীচে নামিতে পারিতেন না—তথন শ্যাতেই শায়িত থাকিতেন। অহুথ কম থাকিলে তিনি নীচে নামিয়া মঠের দাধু ও আগস্ককদের স্থিত আলোচনাদি করিতেন বা ভ্রমণে বাহির হইতেন। শিশুস্থানীয় মঠের সাধুদের সহিত ব্যবহারে সর্বদাই তাঁহার স্বেহপুর্ণ হৃদয়ের পরিচয় পাওয়া যাইত : অভ্যাগতদিগকেও তিনি সাদরে গ্রহণ করিতেন ও সর্ববিষয়ে তাঁহাদের তত্ত্বাবধান করিতেন। "মঠের ক্ষুদ্র বৃহৎ দকল কার্বেই তাঁহার তীক্ষ্ণ দৃষ্টি ছিল, এমন কি তাহারাও প্রত্যেকেই তাঁহার সেবার অধিকার লাভের জন্ম উদগ্রীব থাকিত ৮ নৌকায় করিয়া মঠ হইতে কলিকাতা ৰাতায়াতকালে দাঁড়ি মাঝিরা তাঁহাকে স্থাপন স্থাপন নৌকায় লইবার জন্ম কোলাহল করিত। কখনও কখনও তিনি কেবলমাত্র কৌপীন-পরিহিত হইয়া মঠের চতুর্দিকে ভ্রমণ করিতেন অথবা একটা স্থাবি আলখালায় দেহ আবৃত করিয়া পল্লীর নিভূত পথে একাকী বিচরণ করিতেন। অনেক সময় গন্ধার ধারে বা মঠের অভ্যন্তরন্থ কোন বুক্লের ত্মিঞ্চ নিবিড় ছায়ায় বসিয়া থাকিতেন। আবার কথনও বা নিজের গ্রহে বসিয়া পুস্তকের পাতা উলটাইতেন বা ছবি দেখিতেন। অনেক সময় বন্ধনশালায় গিয়া বন্ধনাদি পর্যবেক্ষণ করিতেন, কিংবা স্বয়ং সথ করিয়া চুই-একটি উৎকৃষ্ট দ্রব্য প্রস্তুত क्तिएक ।" (वाक्ना कीवनी, २०२ थ्रः)।

মঠ ও মঠের পার্যবর্তী স্থানগুলি তাঁহার বড়ই প্রিয় ছিল। মঠে গঙ্গার ধারে বা বেলুড়গ্রামে তিনি প্রায়ই বেড়াইতেন। তাঁহার বসিবার একটি প্রধান স্থান ছিল মঠের প্রাঙ্গণে অবস্থিত সামগাছের তলায়। সেধানে ক্যাম্প থাটে ব্যূলয় তিনি গত্র করিতেন বা বই পড়িতেন, অথবা পত্র ও প্রবন্ধানি নিখিতেন। একটি প্রিয় স্থান ছিল তাঁহার বর্তমান সমাধিমন্দিরের কোণে অবস্থিত বিষরুক্ষ-মল। তাঁহার শয়নকক ছিল পুরাতন মঠবাড়ীর দোতলায় গলার ধারে দক্ষিণ-পূর্ব কোণে অবস্থিত। এখানে তাঁহার দিবসের অনেকথানি সময় ব্যায়িত হইত। একই কক্ষ জাঁহার ভোজনাগার এবং আফিসরূপেও ব্যবহৃত হইত। এই ঘরে छाँशांत वज्रानि, भया, जामन, ठा-नान, टिविन, टिगांत, जानगांती, शाहका, লিখিবার উপকরণ, বাছ্যযন্ত্র ও অক্তান্ত ব্যবহার্য দ্রব্য তাঁহার জীবনকালে বেটি ষে-রূপ ছিল, এখনও ঠিক সেইভাবেই সংরক্ষিত আছে। ঐ কক্ষ অন্য কেহ ব্যবহার করেন না, ভুধু কেহ কেহ সেখানে ধ্যানাদি করেন। গৃহখানি তাঁহার আমেরিকার বন্ধুগণ ও ভক্তবুন্দের অর্থে স্থসজ্জিত হইয়াছিল; কিন্তু স্বামীন্ত্রী ঐ সব দাজসজ্জাকে কি চক্ষে দেখিতেন, তাহা তাঁহার স্বমূথেই প্রকাশ। তাঁহার কয়েকজন বাদ্যবন্ধ একদিন তাঁহাকে বলিয়াছিলেন, "স্বামীন্ধী, তুমি যে ছেলেবেলায় বে করতে বললে বলতে, 'বে করব না, আমি কি হবো, দেখবি।' তা যা বলেছিলে তাই করলে।" স্বামীন্সী ইহার উত্তরে বলিয়াছিলেন, "হা ভাই, করেছি বটে। তোরা তো দেখেছিস—থেতে পাইনি, তার উপর খাটুনি। বাপ, কতই না থেটেছি ! আজ আমেরিকানরা ভালবেদে এই দেখকেমন খাট বিছানা গদি দিয়েছে ! হুটো থেতেও পাচ্ছি। কিন্তু ভাই, ভোগ আমার অদৃটে নেই। গদিতে ওলেই রোপ বাড়ে, হাঁপিয়ে মরি। স্থাবার মেক্কেয় এলে পড়ি. তবে বাঁচি।" ('বাণী ও व्रह्मां, २।८७৮)।

চিরকালের অভ্যাদাস্থসারে তিনি প্রভ্যুষে শয়াত্যাগ করিতেন এবং অপর মঠবাদীদিগকে নিদ্রা হইতে জাগাইয়া ধ্যান-জপাদিতে নিরত হইতে বলিতেন। আমীজীর শরীর স্বস্থ থাকিলে তিনিও ঠাকুরঘরে সকলের সহিত ধ্যানে বলিতেন। সকালের পরবর্তী কর্তব্য ছিল গো-সেবা ও বাগানের তত্ত্বাবধান। আমী ব্রহ্মানন্দের উপর তরকারী ও ফুলের বাগানের ভার ছিল। তাহারই পার্যে গোচারণভূমি। এই উভয় ভূমির দীমা-বিভাগ লইয়া তিনি আমী ব্রহ্মানন্দের সহিত কতই না বালকোচিত মধুর কলহে প্রবৃত্ত হইতেন, আর তাহাতে মঠবাদীরা কতই না আমোদ উপভোগ করিতেন! শৈশবাবধি পশুপক্ষীদের প্রতি আমীজীর একটা আভাবিক আকর্ষণ ছিল। ঐশুলির কোনটি বাগানে চুকিলেই ব্রহ্মানন্দ আপত্তি করিতেন এবং আমীজীও ঐশুলির পক্ষ লইয়া প্রমাণ করিতে অগ্রসর চইতেন

বে, পশুগুলির কোনই দোব হয় নাই। মঠে তিনি কতকগুলি গাভী, হাঁস, কুলুর, ছাগল, সারস ও হরিণ পুবিয়াছিলেন। একটি মালী ছাগলের নাম দিয়াছিলেন 'হংলী' এবং তাহারই হুখে তাঁহার সকালের চা প্রস্তুত হইত। একটা ছাগলছানার আদরের নাম ছিল 'মটক' এবং তাহার গলায় তিনি যুক্তর পরাইয়া দিয়াছিলেন। মটক দিনরাত তাঁহার পারে পারে খুরিত এবং তিনিও তাহার সহিত ছোট ছেলের ফায় দৌড়াদৌড়ি করিয়া থেলিতেন। ইহার উপর ঐকালে তিনি সামাজিক আদব-কায়দার বিশেব ধার ধারিতেন না। বদ্ছোক্রমে চলিয়া ফিরিয়া বেড়াইতেন—কথনও চটিপায়ে, কথনও থালি-গায়ে, কথনও গেকয়া পরিয়া, কথনও বা থালি কৌপীন আঁটিয়া। অনেক সময় হাতে থাকিত ছঁকা বা লাঠি। কোট, সাট, কলার, জুতা, এ সকলের কোন হালামা তথন ছিল না—তিনি থাকিতেন তথন আপন নির্জন মানসভূমিতে—সম্পূর্ণ স্বাধীন ও স্বছ্বক। যেসকল নবাগত ব্যক্তি তাঁহার দর্শনের জন্ত ভাজাভরে অকমাৎ আসিয়া উপস্থিত হইতেন, তাঁহারা তাঁহাকে তদবস্থ দেখিয়া ভাবিতেন: "ইনিই বিশ্ববিজয়ী স্বামী বিবেকানন্দ!"

জন্ত গুলিকে তিনি এতই ভালবাদিতেন যে, কিছুদিন পরে 'মটক' মরিয়া পোলে তিনি সংখদে বলিয়াছিলেন, "কি আশ্চর্য, আমি ষেটাকেই একটু আদর করতে যাই, দেটাই যায় মরে !" এই জন্ত গুলির আহারাদির ভত্বাবধান তিনি নিজে করিতেন এবং স্বামী সদানন্দ হইতেন তাঁহার প্রধান সহায় ৷ তাহাদের সঙ্গে তিনি সাগ্রহে আলাপাদিও করিতেন, যেন তাহারা মাহ্যষেরই মতো সবাক ও বৃদ্ধিমান—তাহারা জানোয়ার নয়, মাহ্যয় ! একদিন তিনি সহাস্থে বলিয়াছিলেন, "মটক নিশ্চয়ই আর জন্মে আমার কেউ হোতো !" মাঝে মাঝে ছাগলী 'হংলী'র নিকট ঘাইয়া তিনি ছধের জন্ম সাধ্যসাধনা করিতেন, যেন ছধ দেওয়া না-দেওয়া 'হংলী'র ইচ্ছাধীন ৷ এই প্রাণীদের প্রতি তাঁহার ভালবাসার ছাপ নিবেদিতাকে লিখিত তাঁহার ৭ই সেপ্টেম্বরের পত্রে স্পষ্ট দেখিতে পাওয়া যায় ; নিজের স্বাভাবিক কর্মপ্রবৃদ্ধি সম্বন্ধে নৈর্ব্যক্তিক ছই-চারিটি কথার পরেই উহাতে আছে : "মঠের জমিতে যে বর্ষার জল দাঁড়ায়, তার নিজাশনের জন্ম একটি গভীর নর্দমা কাটা হচ্ছে ৷ সেই কাজে খানিকটা থেটে আমি এইমাত্র ক্ষিরলাম ৷ — আমার সেই বিশালকায় সারসটি এবং হংস-হংসীগুলি খ্ব ফুর্তিতেই আছে ৷ জামার পোষা কৃষ্ণার (হরিণ)-টি মঠ থেকে পালিয়েছিল এবং তাকে খুলে

বের করতে আমাদের দিনকয়েক বেশ উবেগে কাটাতে হরেছে। আমার একটি হংসী ছুর্ভাগ্যক্রমে কাল মারা গেছে। প্রায় এক সপ্তাহ বাবং তার শাসকট হচ্ছিল। আমাদের একজন হাস্তরসিক বৃদ্ধ সাধু তাই বলেছিলেন, 'মশায়, এই কলিয়ুগে বখন জলর্ষ্টিতে হাঁসেরও সদি লাগে, আর ব্যাওও হাঁচতে শুক্ত করে তখন আর বেঁচে থেকে লাভ নেই। একটি রাজহংসীর পালক খসে যাছিল। আর কোন প্রতিকার জানা না থাকায় একটা টবে থানিকটা জলের সঙ্গে একটু কার্বলিক এসিড মিশিয়ে তাতেই কয়েক মিনিটের জন্ম তাকে ছেড়ে দেওয়া হয়েছিল—উদ্বেশ ছিল যে, হয় সেরে উঠবে, না হয় মরে যাবে; তা হংসীটি এখন ভাল আছে।" ১৯০২ সালের ২১শে ফেব্রুয়ারি স্বামী ব্রহ্মানন্দকে কালী হইতে একথানি পত্রেও সবকথার মাঝে লিখিডে ভূলেন নাই, "ছাপলটাকে একটু দেখো।"

মঠের কুকুরটির নাম ছিল 'বাঘা'। 'বাঘা' অন্ত সব প্রাণীগুলির উপর সরদারী করিত এবং ভাবিত, মঠে তাহার একটা বিশিষ্ট স্থান আছে। একবার মত্যধিক হুটামির জন্ম তাহাকে গলার পরপারে নির্বাদনে বাইতে হয়। কিছ 'বাঘা' এই ব্যবস্থা মানিয়। লইতে দশ্মত ছিল না—দে মঠকে ভালবাসিত. বিশেষতঃ স্বামীঙ্গীকে ছাড়িয়া থাকিতে পারিত না। সারাদিন স্বতীব চংথে কাটাইয়া সে সন্ধাকালে এক ফলী আঁটিল ও থেয়া নৌকায় উঠিয়া বসিল। নৌকার মাঝি ও আরোহীরা তাহাকে তাড়াইতে চেষ্টা করিলেও দে নামিল না, বরং দস্ত বাহির করিয়া ও গর্জন করিয়া ভয় দেখাইতে লাগিল। অগত্যা ভাহাকে নির্বিবাদে পার হইতে দেওয়াই উচিত মনে করিয়া সকলে স্থান ছাড়িয়া দিল। এপারে আসিয়া সে রাত্রিটা এদিক-ওদিকে লুকাইয়া কাটাইল। ভোর চারিটায় স্বামীকী স্বানাগারে প্রবেশ করিতে ঘাইতেছেন, এমন সময় পায়ে কি একটা ঠেকায় তিনি চমকিয়া উঠিলেন ও চাহিয়া দেখিলেন, 'বাঘা!' বাঘা তাঁহার পায়ে লুটাইয়া মিনতিপুর্ণকণ্ঠে ক্ষমাভিকা ও পুন:প্রবেশাধিকার-ষাজ্ঞা করিতে লাগিল। সে ঠিক ব্রিয়াছিল, এই বিপদ হইতে উদ্ধারকর্তা একমাত্র স্বামীলী; তাই অপর সকলের নিল্রাভলের পূর্বে ঠিক যেখানে স্বামীন্দীর শরণ লওয়া চলিবে সেখানেই অপেকা করিতেছিল। স্বামীন্তী তাহার পিঠ চাপড়াইয়া **আদর** कतित्वत ও आधान मित्वत. अधिक मन्त्रत्व विद्या मित्वत, वाघा वाहाई করুকু, আর তাহাকে তাড়ানো চলিবে না।

বাঘার স্থার সব কাহিনীও স্বপূর্ব। গ্রহণের সমন্ত্র প্রাক-ঘন্টা বাজিলে সেও নাকি সকলের সন্তে গলালানে নামিত। স্বামীজীর লীলাসংবরণের স্থানেক কাল পরে বাঘার মৃত্যু হইলে তাহার দেহ গলান্ত্র বিসর্জন দেওলা হইল। জোনারের সমন্ত্র পোনীর ভাসিরা চলিয়া গেলেও ভাটার সমন্ত্র সকলে সবিস্থান্ত্রে দেখিলেন, উহা মঠের সীমানার মধ্যেই গলার পলিমাটির উপর পড়িয়া স্থাছে। ইহাতে মঠের প্রতি বাঘার প্রাণের টানের পরিচয় পাইয়া মঠবাসী একজন ব্রহ্মচারী স্পরদের স্ক্রমতিক্রমে ঐ দেহ ঐ স্থানেই সমাধিত্ব করিলেন।

এইসব মানবস্থলত স্নেহ-প্রীতি ও মহাপুরুষোচিত ঋণ্যাত্মপ্রচেষ্টার সমকালৈ স্বামীন্দীর জীবনের সহিত ওতপ্রোতভাবে মিশ্রিত ছিল এক সক্রিয় দৃষ্টিভলী ও প্রগতিশীল মনোভাব। মঠে পাঁউলটি নির্মাণের জন্ম তিনি বিবিধ প্রকারের ধমির লইয়া অনেক পরীক্ষা করিয়াছিলেন। ঐ কার্যে পুন: পুন: বিফল হইলেও ঐ চেষ্টা ছাড়েন নাই। অভাববোধ থাকিবে অথচ বৈফল্যের ভয়ে ঐ অভাবমোচনের উন্নম হইতে বিরত থাকিবেন, ইহা যেন তাঁহার প্রকৃতিবিক্লন্ধ বলিয়াই মনে হইত। মঠে স্বাস্থ্য ভাল না থাকার একটা প্রধান কারণ ছিল, বিশুন্ধ পানীয় জলের অভাব। ইহার প্রতিকারকল্পে তিনি বিলাতী-প্রণালীতে 'আর্টিন্ধান ওয়েল' বা নলকুপ বসাইবার উদ্দেশ্যে যন্ত্রপাতি আনাইয়াছিলেন; কিন্তু উপযুক্ত মিস্ত্রীর অভাবে ঐ কার্য সম্পাদিত হয় নাই।

জনসাধারণের মধ্যে প্রচারাদি কার্য হইতে নিবৃত্ত থাকিয়া স্বামীজী এইভাবে ভাগীরথীতীরে নীরব বেল্ড মঠের শাস্তপরিবেশমধ্যে ভগ্নস্থায় লইয়া দিন কাটাইতে থাকিলেও তাঁহার ষশ তথনও সর্বত্র পরিব্যাপ্ত ছিল; এতএব বিভিন্ন স্থানে যাইবার জন্ম জহুরোধ আসিতেছিল। শরীরে কুলাইলে তিনি ঐসব গ্রহণে একেবারে অসম্বত ছিলেন না, ইহা তাঁহার পত্রাবলীতেই প্রকাশ। তরা জুন (১৯০১) তিনি স্বামী রামক্ষণানন্দকে এক পত্রে লিখিয়াছিলেন: "দক্ষিণে একটু বর্ষা আরম্ভ হলেই আমি বোধ হয় বদ্বে পুনা হয়ে মাক্রাজ যাব।…তুমি কাজকর্ম কিছুদিনের জন্ম বদ্ধ করে একদম মঠে চলে এস—এখানে মাসধানেক বিপ্রামের পর তুমি আমি একসঙ্গে বিরাট ভ্রমণে বেক্বব—গুজরাট, বদ্বে, পুনা, হাম্বরাবাদ ও মহীশুর হয়ে মাক্রাজ পর্যন্ত।"

ভারতের বাহির হইতেও এইকালে একটি বিশেষ আমন্ত্রণ আদে। শ্রীমতী ম্যাকলাউড যথন (মে-জুন) জাপানে বেড়াইতেছিলেন তথন বিশিষ্ট ক্ষাপ্রানী

ভদ্রলোকেরা তাঁছার দাহাব্যে স্বামীজীকে জাপানে লইরা বাইবার জন্ম চেটা করিতে থাকেন। এই অভিপ্রায়টি স্বামীজীরও মনের মতো ছিল; কেবল দেহের অবস্থা বৃদ্ধিয়া তিনি তেমন দাহদ পাইতেছিলেন না, পাকা কথাও দিতে পারিতেছিলেন না। ১৬ই জুন (১৯০১) তিনি শ্রীমতী ম্যাকলাউডকে লিখিয়াছিলেন, "ভারত ও জাপানের মধ্যে একটা যোগস্ত্ত-স্থাপন সত্যই অত্যম্ভ বাস্থনীয়।…যদি আমাকে জাপান যেতে হয়, তবে এবার কাজটা চালাবার জন্ম লারদানন্দকে দলে নিয়ে বাওয়া প্রয়োজন।…বাকি মা জানেন। এখনও কিছু স্থির নেই।" দিন কয়েকের মধ্যেই তাঁহার জাপান গমনের জন্ম শ্রীযুক্ত ওকাকুরার প্রেরিত অর্থও আদিয়া পড়িল (১৮।৬।১৯০১-এর পত্র)। তথনও তিনি জাপানে স্থাইবার জন্ম "থথাসাধ্য চেটা" করিতেছিলেন, যদিও "তুর্বল স্বাস্থ্য এবং কিছু আইনঅটিত ব্যাপার প্রভৃতির জন্ম একটু দেরী" হওয়ার সন্ভাবনা ছিল।

শ্রীযুক্ত মন্মথনাথ গান্দুলি মহাশয়ের স্থৃতিকথা হইতে জানা যায় যে, ইত্যবসরে একদিন বেলা চারিটায় সময় জাপানের কনসাল স্বামীজীর সহিত দেখা করিতে আসিলেন। স্বামীন্সী এই জাতীয় ভদ্রলোকদের সহিত মঠবাডীর নীচে পশ্চিম দিকের বারাণ্ডায় বলিয়া আলাপ করিতেন; কনসালকে সেখানেই অপেকা করিতে বলা হইল। অতঃপর স্বামীজীর নীচে নামিয়া বেড়াইবার সময় উপস্থিত ভ্ইলে ডিনি নামিলেন ও কনসালের সমূথে চেয়ারে বসিয়া আলাপে প্রবৃত্ত হুইলেন, একজন দোভাষী অমুবাদকের কাজ করিতে লাগিলেন। কনসাল বলিলেন, "আমাদের মিকাডো আপনাকে জাপানে পাবার জন্ম খুব অগ্রহান্থিত। আপনার স্থবিধামত ধাতে যত শীঘ্র সম্ভব আপনি জাপানে যান, তারই জঞ্ অফুরোধ করতে তিনি আমাকে পাঠিয়েছেন। জাপান আপনার মুখে হিন্দুধর্মের কথা শুনবার জন্ম উদার্থ হয়ে আছে।" স্বামীজী উত্তর দিলেন, "আমার শরীরের বর্তমানে যা অবস্থা তাতে আমার এখন জাপান যাওয়া সম্ভব হবে বলে মনে হয় না।" কনসাল তবু বলিলেন, "তাহলে আপনার অহুমতি নিয়ে আমি কি মিকাভোকে জানাতে পারি যে, ভবিশ্বতে আপনার স্বাস্থ্যের উন্নতি হ'কে আপনি কোন এক সময় জাপানে বাবেন ?" স্বামীজী কিন্তু তথনও विलालन, "এ नतीत कथम मगर्य इत्त किना थ्वह मत्स्य इस वर्षा।" ('রেমিনিসেন্দেন', ৩৫৮ পৃ:)। বস্তুত: বাওয়া না-বাওয়া বিবয়ে প্রথমে একট্ট ফ্রিল থাকিলেও শরীরের অবস্থা-বিক্রেনায় তিনি পরে যাওয়ার কথা ছাড়িয়া দিয়া শ্রীমতী ম্যাকলাউডকেও লিথিয়াছিলেন, "তোমার জাপানী বন্ধু বড়ই সক্ষতা দেথিয়েছেন; কিন্তু আমার স্বাস্থ্য এতই থারাপ যে, আশকা হয়—আমি হয়তো জাপানের জন্ত সময় করতে পারব না। স্তেরাং তোমার জাপানী বন্ধু আমার পাথেয় বাবদ যে টাকা পাঠিয়েছেন, তাঁকে তুমি দিয়ে দিও; তুমি যথন নভেম্বরে ভারতে আসবে আমি তা শোধ করব।"

তাঁহার এই কালের জীবনের আরও কিছু ঘটনা গাস্থলি মহাশয়ের মাজিলিপিতে পাওয়া যায়। তাঁহার বর্ণিত প্রথম ঘটনার সময়ে স্বামীজীর স্বাস্থ্য অপেকাক্বত ভাল ছিল। মন্মথবাবৃ পূর্বাহ্রে মঠে পৌছিয়া থবর পাইলেন, স্বামীজী ঠাকুরঘরে আছেন। তদহুসারে তিনি তথায় ঘাইয়া দেখেন, স্বামীজী অন্থাবিষয়ে ভ্রাক্ষেপহীন হইয়া বীরদর্পে ঠাকুরঘরের সম্মুখের বারাওার এক প্রাস্ত হইতে অপর প্রান্ত পর্যবহায় পদচারণ করিতেছেন ও স্থাস্থস্বরে আর্ত্তিকরিতেছেন: "গর্জস্তং রাম রামেতি, জ্রবন্তং রাম রামেতি।" তাঁহার বদন ছথন আর্ত্তিম—যেন ভাব চাপিয়া রাখিতে পারিতেছেন না, আর একাগ্রমনে বীর হয়ুমানের মতো শ্রীয়ামকুঞ্জের ছারে সতর্ক প্রহরীর কার্যে নিযুক্ত আছেন।

মঠে দিন অপরাত্মে দশ-বার জন যুবক—সম্ভবতঃ মহাবিভালয়ের শিক্ষার্থী,
মঠে আসিয়া স্বামীজীর দর্শনার্থ মঠ বাড়ীর দোতলায় গঙ্গার দিকের বারাগুায়
সমবেত হইল। একটু পরেই স্বামীজী নিজের ঘরের বাহিরে আসিয়া তাহাদের
সহিত এমনভাবে কথাবার্তা আরম্ভ করিলেন যেন তিনি তাহাদেরই সমবয়সী
একজন—সরলমন প্রাণখোলা যুবক! তাঁহার পকেটে একটি সোনার ঘড়ি ছিল
এবং গলদেশে উহারই সহিত সংযুক্ত একটি খাঁটি সোনার চেন ছিল। একটি
যুবক ঐ চেনটি স্বীয় অঙ্গুলিঘারা স্পর্শ করিয়া বলিল, "বেশ স্থন্দর তো!" অমনি
স্বামীজী ঐ ঘড়ি ও চেন যুবকটির হাতে তুলিয়া দিয়া বলিলেন, "এটা যথন
তোমার পছন্দ হয়েছে, এটা তোমারই হলো। কিন্তু বাবা, এটা বিক্রী করেয়
না মেন; শ্বতিচিক্রপে এটা রেখে দিও।" যুবকটি ইহাতে অতীব আশ্চর্ম
হইলেও হর্ষান্বিত যে হইয়াছিল, ইহা বলাই বাছল্য। স্বামীজী এত সহজে এমন
এক্টা মূল্যবান বন্ধ ত্যাগ করিতে পারেন দেখিয়া তথায় উপস্থিত মন্মথবাবুরও
বিশ্বয়ের অবধি রহিল না; আর তিনি চাক্র্য প্রমাণ পাইলেন যে, স্বামীজীর
কথা ও কার্যের মধ্যে পূর্ণ রামঞ্জ্য বিল্পমান। স্বামীজীই তাঁহার সন্মুখে একদিন
ক্রিক্রাছিলেন, "ত্যাগ মানে নিজস্ব কিছু ত্যাগ করা। যার সব কিছু আছে,

অথচ সে-সবে উদাসীন, সেই হচ্ছে প্রকৃত বিরাগী। যার কিছু নেই, সে ভো ভিথিরি; সে আবার দেবে কি?"

বড়দিনের ছুটিতে আগ্রা হইতে জনকয়েক বাঙ্গালী ভদ্রলোক আসিয়াছিলেন;
ইহাদের কেহ কেহ ছিলেন মহাবিভালয়ের অধ্যাপক। মঠের আঙ্গিনায়
বেঞ্চিতে বিসিয়া তাঁহারা স্বামীজীর সহিত দর্শন, সমাজ-বিভা, রাট্রনীতি ইত্যাদি
বহু বিষয়ে আলোচনা করিয়াছিলেন। স্বামীজী তাঁহাদের সম্মুথে একথানি
চেয়ারে বিসয়া উত্তর দিতেছিলেন। সমাগত ভদ্রলোকদের হাবভাব দেথিয়া
মক্মথবাবুর মনে হইয়াছিল, তাঁহারা উত্তর শুনিয়া খুশী হইয়াছিলেন।

ইহারা আসিয়াছিলেন সকাল নয়টায়; কথা বলিতে বলিতে প্রায় বারটা বাজিয়া গেল। আলোচনাশেষে স্বামীজী অকস্মাৎ মন্মথবাবুর দিকে ফিরিয়া বলিলেন, "সাধু অমুন্য এলাহাবাদে থাকে; তুমি তাকে চেন কি? সে কেমন আছে ? তার সব কথা আমায় বল।" মন্মথবাবু বলিলেন: সাধু অমূল্যকে এলাহাবাদের লোকেরা সাধুন্ধী বলিয়া ডাকিত, আর চেলারা বলিত গুরুন্ধী। গুরুজী প্রথমে ব্রহ্মচারীদের স্থায় খেতবস্থ পরিতেন ; পরে গেরুয়া ধারণ করিতেন এবং **আরও** পরে নাগা সাধুদের ক্রায় দিখসনে ভূষিত থাকিতেন। তিনি ও তাঁহার চেলারা গাঞ্চা, চরদ, ভাঙ্গ ইত্যাদিতে আসক্ত ছিলেন। দব শুনিয়া স্বামীজী কিয়ৎক্ষণ চুপ করিয়া থাকিয়া বলিলেন, "আহা! মহাপুরুষ!' মহাপুরুষ !" একটু পরে আবার বলিলেন, "তার এ জীবনটা র্থা গেল; কিন্ত পরজীবনে সে মৃক্ত হবে। অমূল্য আমার কলেজের সহপাঠী ছিল। সে পড়ান্তনায় ভালই ছিল। তার দৃষ্টি ছিল উদার এবং সে ছিল জ্ঞানমার্গী। সাধু অমৃল্যের কোন দীক্ষাগুরু ছিল না। শিশুদের যথন বেচালে পা পড়ে ও পতনের সম্ভাবনা ঘটে, তথন গুরু তাকে রক্ষা করেন ও শিশ্ব তাল সামলে নেয়।" মন্মথবাবুর বুঝিতে বিলম্ব হইল না যে, স্বামীজী পূর্ণ নীতিবাদী হইলেও পতিতের প্রতি অশেষ রূপাময়—তাঁহার কথাগুলি তখন এমনি করুণাসিক্ত ছিল! একটু পরে স্বামীন্দী আবার বলিলেন, "মন্মথ, এবার যখন তুমি এলাহাবাদে ফিরবে, তথন অমূল্যের দঙ্গে দেখা করে বলো যে, তার কোন অভাব থাকলে তা মেটাবার জন্য আমিই তোমাকে পাঠিরেছি।" মন্মথবারু স্বামীজীর সে ইচ্ছা: পূর্ণ করিয়াছিলেন এবং অমূল্যসাধৃও স্বামীজীর কথা শুনিয়া পরম পরিভৃপ্ত হইরাছিলেন। অবশ্ব ইহা কিছু পরের কথা

আলোচাদিনে সাধু অম্লোর কথা শেব করিয়া স্বামীজী মন্নথবাবুকে বলিলেন, "তুমি আমার কাছে কি জানতে চাও; যে কোন প্রশ্ন করতে পার।" মন্নথবাবৃ উত্তর দিলেন, "আমি আপনার মারা-বিবয়ক বকৃতাগুলি দেখেছি। এগুলি আমার বেশ প্রাণে লেগেছে; কিছু আমি বুঝতে পারিনি। মায়া জিনিসটা কি, আমার বুঝিরে দিন।" স্বামীজী বলিলেন, "ও থাক। আর কিছু জানবার থাকলে তাই বরং প্রশ্ন কর।" মন্নথবাবু তবু মায়ারই সম্বন্ধে জানিতে চাহিলেন। আগতাা স্বামীজী মায়ার ব্যাখ্যা আরম্ভ করিলেন। বাগ্মিতাপূর্ণ ভাষায় যুক্তিবহুল কথাগুলি স্বামীজী ক্রুত উচ্চারণ করিয়া চলিলেন, আর মন্নথবাবু একাগ্রমনে ভানিতে লাগিলেন। ক্রমে তাঁহার অহুভব জাগিল, জীব, জগৎ সমস্ত—এমন কি স্বামীজীও কোথায় বিলীন হইয়া গিয়াছেন, অবশিষ্ট রহিয়াছে ভ্রুথু একটা বিশ্বব্যাপী স্পন্দন। তারপর সবই শ্লো বিলীন হইয়া গেল। এইভাবে কিছুক্ষণ কাটার পর তিনি সন্ধিং ফিরিয়া পাইলেন আরু মনে হইল, তিনি মায়ার অর্থ ব্রিয়াছেন। তিনি বুঝিলেন—বিভেদ-বিচ্ছেদ সমস্তই মায়ার অন্তর্গত এবং সত্যবস্তু একমাত্র অথণ্ড চৈতন্ত।

একটু পরেই দ্বিপ্ররের ভোজনের সময় হওয়ায় স্বামীজী উঠিয়া দাঁড়াইলেন এবং মন্মথবাবু তাঁহাকে শিৰজ্ঞানে সাষ্টাঙ্গ প্রণাম করিলেন। ইহার পূর্ব পর্যন্ত তাঁহার বান্ধণ্যাভিমান সম্পূর্ণ তিরোহিত হয় নাই। আজ কিন্তু তাঁহার বোধ হইল, স্বামীজীর প্রসাদ পাইলে তিনি ধন্ত হইবেন। স্বামীজী তাঁহার সেই অব্যক্ত প্রার্থনা জানিতে পারিয়াই যেন আহারকালে তাঁহাকে প্রসাদ দিয়া পরিতৃপ্ত করিলেন।

মন্মথবাবু লক্ষ্য করিরাছিলেন, ঐ সময়ে স্বামীজীর বিশ্রামের অবকাশ ছিল না—তিনি তথন মঠের নিয়মাবলী-বচনায় ব্যস্ত ছিলেন। মন্মথবাবু সেদিন ও দে-রাত্রি মঠেই কাটাইয়াছিলেন। পরদিন প্রাতে তিনি স্বামীজীকে প্রণাম করিতে গেলে স্বামীজী তাঁহাকে গঙ্গাস্থান করিয়া আসিতে বলিলেন এবং পরে নিজের ঘরে বসিয়া তাঁহাকে অতীত জীবনের অনেক কথা স্মরণ করাইয়া দিলেন ও মন্ত্রদীকা দিলেন। ('রেমিনিসেন্সেন্স')।

তথনকার দিনে শীতকালে—সাধারণতঃ বড়দিনের ছুটিতে জাতীয় কংগ্রেসের অধিবেশন হইত। সেবারে ডিসেম্বরে কলিকাতায় কংগ্রেসের অধিবেশন হওয়ায় এবং স্বামীজী বেলুড় মঠে উপস্থিত থাকায় নেতৃস্থানীয় অনেকেই তাঁহান্ধ-সহিত

দেখা করিতে আসিতেন, শুধু বিশ্বরেণ্য সাধু হিসাবে নহে, প্রত্যুত ভারতের নবজাগরণের অক্ততম স্বদেশপ্রেমিক অগ্রাদৃত হিসাবে নিজের প্রতিকুল স্বাস্থ্যের কথা না ভাবিয়া স্বামীজী এই সকল দেশনায়কদের সহিত আলাপ-আলোচনার षण সর্বদা প্রস্তুত থাকিতেন। উত্তর-ভারতীয়দের সহিত তিনি ইংরেজীতে কথা না বলিয়া হিন্দীতে স্বীয় মনোভাব ব্যক্ত করাই অধিক পছন্দ করিতেন এবং শ্রোতারাও ইহাতে মুগ্ধ হইতেন ও আলোচ্য বিষয়টি তাঁহাদের মনে দুঢ়ান্ধিত হইয়া যাইত। স্বদেশের বহু সমস্থার কথাই তিনি ভাবিয়াছিলেন এবং তাহার সমাধানও আবিষ্কার করিয়াছিলেন, যদিও উপযুক্ত কর্মীর অভাবে ঐগুলি ভাবরাজ্য হইতে নামিয়া বহির্জগতে আত্মপ্রকাশের বা রূপধারণের অবকাশ পাইতেছিল না। অতএব আগ্রহবান শ্রোতা পাইলে তিনি সোৎসাহে দীর্ঘকান ধরিয়া ঐসব কথা বলিতে থাকিতেন। একদিন মঠের বিন্তুত ময়দানে ভ্রমণ করিতে করিতে তিনি প্রায় দেড় ঘণ্টা ধরিয়া একটি বিষয় সম্বন্ধে প্রবল উৎসাহে ও আবেগভরে কথা কহিয়াছিলেন। এই সকল দাক্ষাতের উল্লেখ করিয়া লক্ষ্ণে-এর 'আডভোকেট'-পত্রিকা লিথিয়াছিল: "গত কংগ্রেদের সময়ে তাঁহার সহিত আমাদের দেখা হইয়াছিল। সেই দেখাই শেষ দেখা। তিনি উৎসাহপ্রদীপ্তবদনে হিন্দীতে অনর্গল আমাদিগের সহিত ভারতের উন্নতিসাধন-বিষয়ে আলাপ করিয়াছিলেন। সে হিন্দী এরপ বিশুদ্ধ ও শিষ্টজনসমত যে. কোন উত্তর-পশ্চিমবাদীর পক্ষেও তাহা গৌরবের কারণ হইত।" (বাঙ্গলা ष्ट्रीवनी, २२७)।

ইহাদের সহিত আলোচিত বিষয়গুলির মধ্যে স্বামীজীর বেদবিভালয়স্থাপনের পরিকল্পনাও ছিল। ঐ বিভালয়ের উদ্দেশ্য ছিল প্রাচীন সংস্কৃত ভাষায়
নিবদ্ধ জ্ঞানরাশি ও আর্যসংস্কৃতির সংরক্ষণ এবং উক্ত সাধনা ও সিদ্ধির ধারার
প্রচার ও প্রসারের জন্ম উপযুক্ত আচার্য-স্কুল। আগন্তকদের অনেকেই
স্বামীজীর সহিত সহমত হইয়া এই কার্যে যথাসাধ্য সাহায্য প্রদানের প্রতিশ্রুতি
দিয়াছিলেন। বেদের অধ্যয়ন ও অধ্যাপনার প্নঃপ্রবর্তন সম্বন্ধে স্বামীজী
এতই আগ্রহায়িত ছিলেন যে, স্বয়ং সাধু ও ব্রন্ধচারীদিগকে উহা তো
পড়াইতেনই, স্ববিধামত অপরের মধ্যেও এই ভাবসঞ্চালনে যম্বপর থাকিতেন।
এমন কি নানা অস্ববিধার জন্ম যথন উদ্বোধন"-প্রেস চালানো কঠিন হইয়া পড়ে
ভথন ক্রিনি স্বামী ব্রিগুণাতীতকে বলেন, তিনি যেন উহা বেচিয়া ঐ টাকা

ঐকপ বিভালয়ের জন্ম রাথিয়া দেন; উহার সাহায্যে পণ্ডিত রাথিয়া ছোটথাট রকমের একটা কিছু আরম্ভ করা যাইবে। তবে প্রেস বিক্রীর পর তথনই ঐ কাজে না নামিয়া তিনি স্থির করেন যে, শরীর স্বস্থ হইলে তিনি ঐ বিষয় লইয়া জনসাধারণের সমক্ষে অর্থভিক্ষার জন্ম উপস্থিত হইবেন এবং নবসংগৃহীত অর্থ ও প্রেসের টাকার সাহায্যে আরও বড় একটা বিভালয় আরম্ভ করিবেন। এই মহদভিপ্রায়ে প্রেসের টাকা তথনকার মতো জন্মা রাথিয়া দেন। কিছু অল্পকাল পরেই তাঁহার দেহত্যাগ হওয়ায় সে সভুদ্দেশ্য কার্যে পরিয়ত হয় নাই।

জাতীয় কংগ্রেসের অধিবেশন উপলক্ষে শ্রীযুক্ত মোহনদাস করমচাঁদ গান্ধী (পরবর্তীকালের মহাত্মা গান্ধী) স্বামীজীর দর্শনার্থ বেলুড় মঠে আসিয়াছিলেন, কিন্তু দর্শন হয় নাই। তিনি স্বীয় আত্মচরিতে লিথিয়াছেন: "ব্রাহ্মসমাজের ঘনিষ্ঠ সংস্পর্শে আসার পরে আমার পক্ষে বিবেকানন্দকে না দেথিয়া তুই থাকা সম্ভব ছিল না। তাই মহা উৎসাহে প্রায় সমস্ত পথ পায়ে হাঁটিয়া বেলুড় মঠে গিয়াছিলাম। মঠের নিস্তন্ধ পরিবেশ আমার খ্ব ভাল লাগিয়াছিল। স্বামীজী তথন অস্তন্থ হইয়া কলিকাতার বাড়ীতে আছেন; তাই তাঁহার সঙ্গে দেখা করা সন্তব নয়, একথা জানিয়া আমি অত্যন্ত নিরাশ ও ছঃথিত হইয়াছিলাম।"

লোকমান্ত বালগঙ্গাধর তিলক মহাশয়ও স্বামীজীর সহিত দেখা করিয়াছিলেন, এই কথা আমরা এই গ্রন্থের প্রথম থণ্ডে (৩৫৯ পৃঃ) বলিয়া আসিয়াছি। তিলক মহাশয়ের নিজম্থে বিবৃত উক্ত বিবরণ ছাড়াও আর একটি বিবরণ স্বামীজীর শিল্প স্বামী নিশ্চয়ানন্দের মূথে শুনিয়া শ্রীযুক্ত মহেন্দ্রনাথ দত্ত তাঁহার 'শ্রীমৎ স্বামী নিশ্চয়ানন্দের অষ্ণ্যান' নামক পৃত্তিকায় লিপিবজ্ব করিয়াছেন। উহার যাথার্থ্য-নির্ণয়ের চেষ্টা না করিয়াই আমরা পাঠকদের কৌতৃহলনির্ত্তির জন্ম উহার মর্মার্থ এখানে তুলিয়া দিলাম: স্বামীজীর শরীর তথন অক্তম্থ থাকায় সাধারণ আগন্তককে তাঁহার সহিত দেখা করিতে দেওয়া হইত না। তিলক একদিন আসিয়া মঠের দক্ষিণাংশে বেলতলার কাছে নোকা হইতে নামিলেন ও নিজের নাম-লেথা একথানি কার্ড একজন বৃদ্ধ সাধুকে দিলেন। কিন্তু সাধু জানাইলেন, স্বামীজী অক্তম্ব, দেখা হইবে না। তিলক কার্ড রাথিয়া চলিয়া গেলেন। সন্ধ্যার পর স্বামীজী নীচে নামিলে তাঁহাকে কার্ড দেওয়া মাত্র তিনি তিলকের সহিত দেখা করিতে চাহিলেন; কিন্তু তিলক তে চিন্তু ক্রায়

গিয়াছেন। তিনিয়া স্বামীলী অত্যন্ত বিরক্ত হইলেন এবং বলিলেন যে, বৃদ্ধ সাধুটি অবিবেচনার কাজ করিলেও নিশ্চয়ানন্দের জন্ম মহারাষ্ট্রে; তাঁহার অন্ততঃ তিলকের নাম জানা উচিত ছিল এবং স্বামীজীর সহিত সাক্ষাৎ করানো উচিত ছিল। যাহা হউক, স্বামীজী পত্র লিখিয়া তিলককে পুনরাগমনের জন্ত অন্তরোধ করিলেন এবং ফুই-একদিনের মধ্যেই তিলক আদিলেন।

তিলকের দহিত স্বামীজী মঠবাড়ীর দক্ষিণদিকের মাঠে পারচারি করিতে করিতে কথা বলিয়াছিলেন, কাছে অপর কেহ ছিল না। তবে দ্র হইতে দেখা গিয়াছিল, স্বামীজী স্বীয় প্রেরণাবশে মাথা ও হাত নাড়িয়া বলিয়া যাইতেছেন, আর তিলক ধীর ও শাস্তভাবে শুনিতেছেন। স্বামী নিশ্চয়ানন্দের মতে তিলকের কার্যপ্রণালী পূর্বে মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ-সমাজের মধ্যেই আবদ্ধ ছিল; স্বামীজীর সংস্পর্শ লাভের পর উহা জনসাধারণে বিস্তৃত হয়। তাঁহার মতে লোকমান্ত বালগঙ্গাধর তিলক মহাশয় আরও কয়েকবার মঠে আদিয়া স্বামীজীর দহিত বাক্যালাপ করিয়াছিলেন, এবং একদিন 'মোগলাই চা' প্রস্তুত করিয়া সকলকে থাওয়াইয়াছিলেন। জায়ফল, জয়ত্রী, ছোট এলাচ, লবঙ্গ, জাফরান ইত্যাদি একসঙ্গে দিদ্ধ করিয়া ঐ দিদ্ধ জলের কাথে চা, ত্থ ও চিনি মিশাইয়া এই চা প্রস্তুত হয়াছিল। বলা বাহুলা তিলক মহাশয়ের পূর্বোল্লিথিত বিবরণে একাধিকবার আদা, প্রথম বারে ফিরিয়া যাওয়া এবং এইরপ ঘনিষ্ঠ মেলামেশার কোন উল্লেখ নাই; তবে ইহাও সত্য যে, ঐ বিবরণটি তাঁহার স্বলেখনীসস্তৃত নহে, তাঁহার মুথে শুনিয়া অপরে লিথিয়াছিলেন।

কংগ্রেস-নেতৃবর্গের সহিত ভারতের স্বাধীনতা সম্বন্ধে স্বামীজীর নিশ্চয়ই আলোচনা হইয়াছিল। অবশ্য তাঁহার রাজনীতিক চিস্তা কংগ্রেসসেবীদের অহরূপ ছিল না। এই বিষয়ে তাঁহার মোলিক চিস্তার কথা আমরা পূর্বে বলিয়া আসিয়াছি। রামক্রক্ষ-সজ্যে এই একটি কথা বহুকাল প্রচলিত ছিল যে, স্বামীজীর মতে ভারতের স্বাধীনতা এক অভ্তপূর্ব উপায়ে আসিবে। কিন্তু এইরূপ কথা পূর্বে কথনও লিপিবদ্ধ হয় নাই। ইদানীং শ্রীঘৃক্ত ময়থনাথ গাঙ্গলি লিথিয়াছেন, "ভারত সম্পর্কে তিনি (বিবেকানন্দ) বলিয়াছিলেন, আগামী পঞ্চাশ বংসরের মধ্যে ভারত স্বাধীন হবে। কিন্তু যেভাবে সাধারণতঃ দেশ

৩। তিলকের বিবৃতিতে এই ঘটনার উল্লেখ নাই; হরতো তিনি নিজে না আসিরা অপর কাহাকেউ থবর লইতে পাঠাইরাছিলেন।

স্বাধীন হয়, দেভাবে নয়। কৃড়ি বৎসরের মধ্যেই একটা মহাযুদ্ধ হবে। পাশ্চান্ত্য দেশগুলি যদি materialism (জড়বাদ) না ছাড়ে, তাহলে আবার যুদ্ধ অনিবার্য। স্বাধীন ভারতবর্ধ ক্রমে পাশ্চান্ত্যের materialism নেবে। প্রাচীন ঐহিক গৌরবকে নতুন ভারত মান করে দেবে। আমেরিকা প্রভৃতি দেশ উত্তরোত্তর অধ্যাত্মবাদী হবে। তারা জড়বাদের শিথরে পৌছে বুঝেছে—জড়ে শান্তি দিতে পারে না।" ('উষোধন', ৬২তম বর্ব, ১০ম সংখ্যা)।

পরিশেবে এই সময়ে মহাপ্রাণ স্বামীজীর স্বহস্তে দরিদ্র-নারায়ণ-সেবার একটি মর্মস্পর্ণী নিদর্শন দিয়া আমরা এই অধ্যায়টির পরিসমাপ্তি করিব। ৪ তথন মঠের জমি সাফ করিতে এবং মাটি কাটিতে প্রতি বছরেই কতকগুলি সাঁওতাল স্ত্রীপুরুষ আসিত। পুরুষদের সহিত স্বামীজী তাহাদের স্বথছ:থের আলোচনা করিতেন আবার রঙ্গরগণ্ড করিতেন। তাহাদের একজনের নাম ছিল কেন্টা, সে ছিল স্বামীজীর প্রিয়পাত্র অথচ কাজে ছঁশিয়ার। কথা কহিতে আসিলে কেন্টা স্বামীজীকে কথন কথন বলিত, "ওরে স্বামী বাপ, তুই আমাদের কাজের বেলা এখানকে আসিদ না; তোর সঙ্গে কথা বললে আমাদের কাজ বন্ধ হয়ে যায়, পরে বুড়ো বাবা (অর্থাৎ স্বামী অবৈতানন্দ) এসে বকে।" কথা শুনিয়া স্বামীজীর চোখ ছলছল করিত আর বলিতেন, "না, না বুড়ো বাবা বকবে না; তুই তোদের দেশের ছটো কথা বল।" এই বলিয়া সাংসারিক স্বথছ:থের কথা পাড়িতেন।

একদিন স্বামীজী কেষ্টাকে বলিলেন, "ওরে তোরা আমাদের এখানে খাবি ?" কেষ্টা উত্তর দিল, "আমরা যে তোদের ছোঁয়া এখন আর খাই না; এখন যে বিয়ে হয়েছে, তোদের ছোঁয়া হন খেলে জাত যাবে রে বাপ।" স্বামীজী তরু বলিলেন, "হন কেন খাবি ? হন না দিয়ে তরকারি রেঁধে দেবে। তাহলে তো খাবি ?" কেষ্টা ঐ কথায় রাজী হইল। অনস্তর স্বামীজীর আদেশে সাঁওতালদের জন্ম লুচি, তরকারি, মেঠাই, মন্তা, দধি ইত্যাদি যোগাড় করা হইল এবং তিনি সম্মুখে বসিয়া তাহাদিগকে ভ্রিভোজন করাইলেন। খাইতে

^{8।} ঘটনাটির সময়নির্দেশ ছুংসাধা। 'বাণী ও রচনা'য় (১)২৬০) ঐ ঘটনার শিরোভাগে আছে "কাল—১৯-২", অথচ বর্ণনার প্রারম্ভে আছে, "পূর্বক হইতে ফিরিবার পর স্বামীজী মঠেই থাকিতেন এবং মঠের কাজের তত্বাবধান করিতেন। অতএব ধরিরা লইলাম, ইহা ১৯-২ খুটান্বের একেবাক্লে গোড়ার, অর্থাৎ কাশী বাইবার পূর্বের ঘটনা। তিনি কাশীর দিকে বাত্রা করেন আমুরারির বিতীম্ন সন্তাহে।

খাইতে কেষ্টা বলিল, "হাঁরে স্বামী বাপ, তোরা এমন জিনিসটা কোথা পেলি পূহামরা এমনটা কথনো থাইনি।" স্বামীজী তাহাদের পরিতোবপূর্বক থাওয়াইয়ার বলিলেন, "তোরা যে নারায়ণ, আজ আমার নারায়ণের ভোগ দেওয়া হল।" স্বামীজী যে দরিদ্র-নারায়ণ-সেবার কথা প্রচার করিতেন, তাহা এইভাবে স্বয়ং অমুষ্ঠান করিয়া গিয়াছিলেন।

আহারাম্ভে সাঁওতালরা চলিয়া গেলে স্বামীজী শিশু শরৎবাবুকে বলিলেন, "এদের দেখলুম যেন সাক্ষাৎ নারায়ণ। এমন সরলচিত্ত, এমন অকপট, অকুত্রিম ভালবাসা আর দ্বেখিনি।" অনস্তর মঠের সন্ন্যাসিবৃন্দকে বলিলেন, "দেখ এরা কেমন সরল! এদের কিছু হৃ:থ দূর করতে পারবি ? নতুবা গেরুয়া পরে আর কি হল ? প্রহিতায় সর্বস্থ অর্পণ-এরই নাম যথার্থ সন্ন্যান। এদের ভাল জিনিস কথন কিছু ভোগ হয়নি। ইচ্ছা হয়—মঠ-ফঠ দব বিক্রী করে দিই, এইসব গরীব-ত্ব: মাদরিজ্ঞ-নারায়ণদের বিলিয়ে দিই, আমরা তো গাছতলা সার করেইছি। আহা! দেশের লোক থেতে পরতে পাচ্ছে না! আমরা কোন প্রাণে মুথে অন্ন তুলছি ? অহা ! দেশে গরীব-ত্ব: খীর জন্ম কেউ ভাবে না রে ! যারা জাতির মেরুদণ্ড, যাদের পরিশ্রমে অন্ন জন্মাচ্ছে, যে মেথর-মুদ্দফরাস একদিন কাজ বন্ধ করলে শহরে হাহাকার রব ওঠে—হায়! তাদের সহাত্মভূতি করে, তাদের শোকে-ছু:থে সান্থনা দেয়, দেশে এমন কেউ নেই রে! এই দেখ না হিন্দুদের সহাত্মভূতি না পেয়ে মাদ্রাজ অঞ্চলে হাজার হাজার পেরিয়া রুশ্চান হয়ে যাছে। ... আমরা দিনরাত তাদের কেবল বলছি—ছুঁসনে ছুঁসনে। দেশে কি আর দয়াধর্ম আছে রে বাপ! কেবল ছুৎমার্গীর দল! অমন আচারের মুখে মার ঝাঁটা, মার লাঠি! ... তোরা সব বুদ্ধিমান ছেলে, হেপায় এতদিন আস্ছিস। কি করলি বল দিকি? পরার্থে একটা জন্ম দিতে পারলিনি ম আবার জন্মে এনে তথন বেদাস্ত-ফেদাস্ত পড়বি! এবার পরসেবায় দেহটা দিয়ে যা. তবে জানবো—আমার কাছে আদা দার্থক হয়েছে।" (এ, ১।২৩৫-৩৬).

কাশীধামে

আমরা পূর্বে বলিয়া আদিয়াছি, স্বামীজীর জাপানে যাওয়ার কথা উঠিয়াছিল; কিন্তু স্বাস্থ্যাহরোধে তিনি যাইতে অস্বীকৃত হন। তবু তাঁহার যাওয়া না হইলেও জাপানী অহবাগীদের ভারতে, তথা বেল্ডে আসিতে বাধা ছিল না। তাঁহার সহিত সাক্ষাৎ করা ও সম্ভব হুইলে তাঁহাকে জাপানে লইয়া যাইবার জন্ম ঐ দেশ হইতে হইজন কৃতবিগু ব্যক্তি-জাপানের একটি বৌদ্ধ মঠের অধ্যক্ষ শ্রীযুক্ত ওড়া এবং তাঁহার সহচর শিল্পামুরাগী শ্রীযুক্ত ওকাকুরা—আসিয়া জানাইবেন যে, অদূর ভবিষ্যতে জাপানে একটি ধর্মসভা আহ্বানের সম্ভাবনা আছে এবং 🔄 সভায় উপস্থিত থাকার জন্ম তাঁহারা স্বামীজীকে নিমন্ত্রণ জানাইতে চান। ওড়া অগ্রণী হইয়া বলিলেন, "আপনার ন্তায় জগৎপূজা ব্যক্তি যদি এই মহাসভায় যোগদান করেন, তবেই ইহার সর্বাঙ্গীণ সার্থকতা হইবে। আপনাকে সেথানে গিয়া আমাদিগকে দাহাঘ্য ও উৎদাহ দান করিতেই হইবে। এখন ছাপানে ধর্মের জাগরণ প্রয়োজন হইয়া পডিয়াছে। আপনি ভিন্ন আর কাহাকেও দেখিতেছি না, যিনি সেই প্রয়োজনসিদ্ধি বিষয়ে আমাদিগকে সহায়তা করিতে পারেন।" স্বামীজী তাঁহাদের কথায় সহামুভূতি ও উৎসাহ দেথাইলেন, এমন কি শরীরে কুলাইলে যাইতেও দমত হইলেন, যদিও তিনি জানিতেন যে, স্বাস্থ্য তথন তাঁহার আয়ত্তাধীন ছিল না। নিজের সম্বন্ধে ভাবী অনিশ্চয়তার কথা ভূলিয়া গিয়া আপাততঃ নবীন জাগ্রত জাপানের বৌদ্ধধর্মাবল্ধী হুইজন বিশিষ্ট ব্যক্তিকে পাইয়া তিনি বৌদ্ধর্ম ও জাপান সম্বন্ধে নানা আলোচনায় লিপ্ত হইলেন। ভগবান বুদ্ধের জীবন ও বাণী, উহার দার্শনিক তত্ত্ব, এবং জগৎকল্যাণার্থ তাঁহার আত্মদান ইত্যাদি বিষয়ে স্বামীজী এরূপ শ্রদ্ধাভক্তি অবলম্বনে ও স্ক্রদৃষ্টিসহায়ে স্বীয় মত ব্যক্ত করিতে লাগিলেন যে, আগম্ভক ভদ্রমহোদয়গণ অতীব মৃগ্ধ হইলেন। ওকাকুরা মঠের আতিখা স্বীকারপর্বক কিছদিন দেখানেই থাকিয়া গেলেন, তাঁহার দহিত আগত বালক ভূতা 'হোরি'ও রহিল। ইহাদের উভয়কেই স্বামীজী থুব ভালবাসিতেন। ওকাকুরাকে তিনি বলিতেন খুড়া, আর হোরি^১

>। 'শ্রীমৎ স্বামী নিশ্চরানন্দের অমুধ্যান'-এর মতে ইহার নাম 'হরিনটকী' (১৭ পৃঃ)।
শুকাকুরা স্বামীজীকে লইরা ঘাইতে আসিরাছিলেন বলিরা মঠের সাধুরা তাহার নাম রাধিরাছিলেন
আক্রুর খুড়ো; স্বামীজীর নিকট তিনি ছিলেন শুধু 'খুড়ো'।

ছিল তাঁহার হরি। ঐ বালকটি পরে ভারতভ্রমণকালে দেহত্যাগ করে। ইহাতে স্বামীন্ধী থুবই ব্যথিত হইয়াছিলেন।

কিয়দিন মঠবাদের পর ওকাকুরা স্বামীজীকে লইয়া তীর্থযাত্রার সম্বল্প কবিলেন। এদিকে পদুর্গাপূজার পর হইতে স্বামীজীর শরীর খুবই থারাপ ছিল এবং এজন্ম বায়ুপরিবর্তন করার উদ্দেশ্যে তাঁহার কাশীতে যাওয়ার সিদ্ধাস্থ গৃহীত হইয়াছিল। স্বামী নিরঞ্জনানন্দের চেষ্টায় দেখানে তাঁহার বাসের জন্ত 'গোপাললাল ভিলা' নামক কালীক্বফ ঠাকুর মহাশয়ের একটি বাড়ীও সংগৃহীত হইয়াছিল। অতএব ওকাকুরার প্রস্তাব মানিয়া লইয়া স্বামীজী বলিলেন যে, তিনি তাঁহার সহিত প্রথমে বুদ্ধগয়ায় ঘাইবেন এবং তথা হইতে কাশীধামে গিয়া দেখানে কিছুকাল বাস করিবেন। এই অবকাশে ওকাকুরা স্বামী নিরঞ্জনানন্দের সহিত প্রাচীন বৌদ্ধযুগের অন্তান্ত নিদর্শনগুলি দেখিয়া আসিতে পারেন। এই ব্যবস্থাস্থায়ী সকলে জাত্য়ারি মাসের প্রারম্ভে কোন একদিন বুদ্ধগন্নাম সদলবলে উপস্থিত হইলে তত্ত্ৰতা মহাস্ত মহারাজ সাদরে স্বামীজ্ঞীকে স্বীয় বাদভবনে স্থান দিলেন এবং তাঁহার দর্বপ্রকার সেবার ব্যবস্থা করিলেন। বিশ্ববিশ্রুত স্বামী বিবেকানন্দ স্বতঃপ্রণোদিত হইয়া তাঁহার মঠে আতিখ্যগ্রহণ করিতে আসিবেন, ইহা তাঁহার কল্পনাতীত ছিল। স্বামীঙ্গী এই স্থযোগে বুদ্ধগন্না ও তন্নিকটবর্তী স্থানসমূহ দর্শন করিলেন এবং বোধিক্রমতলে শ্রীবুদ্ধের শাধনপীঠে সমাধিমগ্ন হইলেন। কাশীপুর হইতে পনর-বোল বৎসর পূর্বে তিনি এমনি করিয়া একদিন একই স্থলে ধাানে বসিয়াছিলেন। সেদিন আর এদিন! নির্বিকল্প সমাধিলাভে সম্ৎস্থক আবেগপূর্ণ-হৃদয় নবাযুবক নরেক্স আজ লক্ষপ্রতিষ্ঠ, ক্বতকর্মা জগিছখ্যাত মানবপ্রেমিক বিবেকানন্দ। তথন বিপুল কার্যের প্রস্তুতি, এখন মহাকর্মচক্র-প্রবর্তনের পর অস্তালীলা অবসানপ্রায়।

বৃদ্ধগন্ন। হইতে তিনি সাঙ্গোপাঙ্গসহ চলিলেন ৺বিখনাথ-অন্নপূর্ণার পবিত্রধাম বারাণসীতে। ১৯০২ খুটান্দের জাছ্যারি মাসে শিবতুলা স্বামীজী অবিমৃক্তক্ষেত্র বারাণসীধামে টেন হইতে অবতরণ করিলে তথার উপস্থিত রামকৃষ্ণ সন্তেব সাধু ও ভক্তবৃন্দ তাঁহাকে সাদরে অভ্যর্থনা করিলেন। তাঁহার গলদেশ পুস্পমাল্যে ভূষিত হইল এবং প্রীচরণে পুস্পাঞ্চলি প্রদন্ত হইল। অতঃপর তিনি সকলের সহিত পূর্ব হইতে নির্দিষ্ট কালীকৃষ্ণ ঠাকুরের 'গোপাললাল ভিলা' নামক বাটাতে বৃগ্না •উঠিলেন। তাঁহার সঙ্গে আঁসিয়াছিলেন ওকাকুরা, স্বামী নির্জন্নন্দ,

স্থামী বোধানন্দ এবং গোর ও নাত্ব নামক তৃইটি বালক। স্থামী শিবানন্দ ও স্থামী নিরঞ্জনানন্দ তথন কাশীধামেই ছিলেন, তাঁহারাও ঐ বাড়ীতে চলিয়াঃ স্থানিলেন।

কালীধাম স্বামীজীর নিজের স্থান। ৺বীরেশবের পূজা করাইয়া তাঁহার জননী তাঁহাকে পাইয়াছিলেন, আর তাঁহার "জন্মের অব্যবহিত পূর্কে শ্রীরামক্তক্ষদেব দেখিয়াছিলেন, যেন একটা উজ্জ্বল জ্যোতিঃ দিয়াগুল উদ্ভাসিতঃ করিয়া আকাশের উত্তর-পশ্চিম দিক হইতে কলিকাতার উত্তরভাগে সিমলাঃ পদ্ধীর দিকে আদিতেছে। ইহা দেখিয়া তিনি বলিয়াছিলেন, 'এইবার মে আমারঃ কাজ করবে সে এল' এবং উত্তর-পশ্চিম প্রদেশের কোন শহরের সহিত তাঁহারঃ আগমনের সম্বন্ধ আছে, এইরূপ আভাস দিয়াছিলেন।" (বাঙ্গলা জীবনী, ৯৩২ পৃঃ)। স্বতরাং কাশীতে তিনি বেশ আনন্দ পাইলেন। এখানে অবস্থানকালে তিনি প্রায় প্রত্যহ অপরাহ্নে নৌকায় করিয়া গঙ্গাবক্ষে ভ্রমণঃ করিতেন এবং শরীর ভাল থাকিলে নদীতে স্থান করিয়া ৺বিশ্বনাথ ও ৺অল্পপূর্ণারঃ মিলিরে যাইতেন।

এথানেও তাঁহার কার্যের বিরাম ছিল না, তাঁহাকে "যাবতীয় কার্যের সংবাদ রাখিতে হইত। বেলুড় মঠ হইতে চতুর্দিককার চিঠির গাদা প্রত্যহ এথানে প্রেরিড হইত। সেই সকল চিঠির জবাব লিখিতেও বছ সময় লাগিত। , অনেক চিঠিতে আবার সমাজ, দর্শন ও ঐতিহাসিক জটিল সমস্থাদির মীমাংসা করিতে হইত।" (ঐ, ১২৭ পৃঃ)।

ঐ সময় স্বামীজীর ভাবে অহ্প্রাণিত কয়েক জন যুবক আর্তের সেবার জক্ত একটি প্রতিষ্ঠান গড়িয়াছিলেন। ক্ষুত্র হইলেও নৃতন ভাবধারার নিদর্শন হিসাকে ও যুবকদের ঐকাস্তিকতার দিক হইতে এই প্রতিষ্ঠানটি ছিল অমূল্য এবং স্বামীজীও সর্বাস্তঃকরণে ইহার অহ্নোদন করিয়াছিলেন। দলটির নেতা ছিলেন চাক্রচন্ত্র দান (পরবর্তী নাম স্বামী ভভানন্দ) আর তাঁহার সঙ্গে ছিলেন

২। মহেক্রনাথ দত্ত লিখিত 'কালীধামে খামী বিবেকানন্দ' গ্রন্থের মতে বাড়াটির নাম ছিল-'শ্রৌধাবাস'। গ্রন্থের বিবরণ খামী সদালিবানন্দ (ভক্তরাজ মহারাজ)-এর ছারা প্রদন্ত । উহারু ইংরেজী অনুবাদ 'রেমিনিসেলেস'-এ আছে। বর্তমান অধ্যারে আমরা এই বাজলা গ্রন্থের সাহায্য লইব। খামীজী কোন তারিখে মঠ ছাড়িয়া ঠিক কবে কালীধামে উপনীত হন তাহা অজ্ঞাত । বিবেদিতার মতে তিনি তাহার জীবনের শেব জন্মতারিখের প্রাতঃকালে (অর্থাৎ ১২ই আনুরারি)-বুক্সরার উপন্থিত হন। ('খামীজীকে বেরুণ দেখিরাছি', ৩৭১ পৃঃ)।

কেদারনাথ মেলিক (স্বামী অচলানন্দ), হরিদান ওদেদার (স্বামী নদাশিবানন্দ), স্বামিনীরঞ্জন মন্ত্র্যদার, বিভৃতিপ্রকাশ ব্রন্ধচারী, হরিদান চট্টোপাধ্যার, জ্ঞানেশ্রনাথ সিংহ ও পণ্ডিত শিবনাথ ভট্টাচার্য। স্বামীজীর কাশীধামে অবস্থানকালে ইহারা সর্বদা তাঁহার নিকট যাতায়াত করিতেন। স্বামীজীর শিশু স্বামীকল্যাণানন্দের নিকট সেবাব্রতের প্রেরণা পাইরা ইহারা ১৯০০ খ্টান্দের স্ক্র্নমানে 'প্তর মেনস রিলিফ আাসোসিয়েশন' নামে প্রতিষ্ঠানটি গড়িয়া তোলেন। স্বামীজী উহার জক্ম একখানি আবেদনপত্র লিথিয়া দিয়াছিলেন, এবং বলিয়াছিলেন যে, প্রতিষ্ঠানের নাম তাবের অন্থ্যায়ী হওয়া আবশ্রক, ভুল পতাকা তুলিয়া চলা ঠিক নহে। তথনও রামকৃষ্ণ মিশন আইনতঃ রেজেন্ত্রীকৃত হয় নাই বলিয়া স্বামীজীর অভিপ্রায়ান্থসারে উহার নৃতন নাম হয় 'রামকৃষ্ণ হোম অব সার্ভিস'। স্বারও পরে উহা 'রামকৃষ্ণ মিশন হোম অব সার্ভিস' নামে প্রসিদ্ধিলাভ করে।

এই যুবসজ্খের প্রতি স্বামীজীর ব্যবহার ছিল বড়ই ক্ষেহপূর্ণ। একদিন চারুবার (শুভানন্দ) ও হরিদাস (সদালিবানন্দ) স্বামীজীর নিকট উপস্থিত হইয়া দেখিলেন, স্বামী শিবানন্দ, স্বামী নিরঞ্জনানন্দ ও ওকাকুরার সহিত তিনি এক উচ্চাসনে উপবিষ্ট আছেন। স্বামীজীর সন্মুখে উচ্চাসনে উপবেশন নীতিগর্হিত জানিয়া আগন্ধকষয় নিমন্থ গালিচা বা আন্তরণের উপর বসিলেন। স্বামীজী কিন্ত ইহাতে প্রীত না হইয়া তাঁহাদের প্রতি স্নেহদৃষ্টি-নিক্ষেপপূর্বক অতি কোমলকণ্ঠে বলিতে লাগিলেন, "উঠে বস বাবা, উঠে বস !" প্রোত্রয়ের বু তথন মনে হইল, মাহুষের মধ্যে উচ্চ্-নীচ ভাব স্বামীজীর নিকট বেদনাদায়ক। সে প্রেমপূর্ণ সন্তারণের আকর্ষণে তাঁহারা তথনই মনে মনে তাঁহার শ্রীপাদপন্মে আস্থানিবেদনপূর্বক শিশ্বত্ব গ্রহণ করিলেন।

রাত্রিকালে পূর্বোক্ত ঘুইজন ও হরিদাস চট্টোপাধ্যায় প্রায়ই স্বামীজীর আবাদে পাকিতেন এবং ভোজনের সময় প্রায় সকলে একত্রে বসিতেন। কোন জিনিস থাইতে থাইতে ভাল লাগিলে, স্বামীজী তৎক্ষণাৎ উহা তৃলিয়া যুবকদের পাত্রে দিতেন এবং বস্তুটি তাহাদের স্থাত্ মনে হইয়াছে কিনা দেখিবার জন্ত মুথের দিকে চাহিয়া থাকিতেন আর বলিতেন, "কিরে, কেমন লাগলো? ভোগ ভাল লাগলো কি ? থা, থা, বেশ করে থা, জিনিসটা আমার বেশ ভাল লেগেছে, তাই তোকে দিছি ।"

o" 'कानीशास्य यात्री विस्तकानम' अस्य हैंशास्त्र नियानम वना श्हेबाद्ध ।

সেবাস্থল হইতে স্বামীন্দীর আবাস প্রায় পাঁচ মাইল দ্বে হইলেও য্বকদের সেখানে নিয়মিত যাতায়াত ছিল। একদিন স্বামী শিবানন্দ য্বকদিগকে দীক্ষা দিবার জন্ত স্বামীন্দীকে অন্থরোধ করিলেন; স্বামীন্দী ইহাতে সমত হইলেও তখনই কোন দিন দ্বির করিলেন না। সাখীদের অন্থরোধে হরিদাস ওদেদার একদিন স্বামীন্দীকৈ পূন্বার অন্থরোধ করিলে স্বামীন্দী তাঁহাকে বলিলেন, "কেন? তোরা তো রামান্থনী বৈশুবভাবে দীক্ষিত, বিশ্বুম্তি তো ভাল, তোর দীক্ষার তো আমি কোন প্রয়োজন ব্রুছি না।" হরিদাস তব্ বলিলেন, "আপনার স্থায় যোগার নিকট আমার দীক্ষা নিতে ইচ্ছা।" ইহাতে তিনি হাসিয়া সমত হইলেন। দীক্ষা লইতে কিন্ধ বিলম্ব হইল, কারণ দিন কয়েকেয়্ব মধ্যে হরিদাসের আত্বিয়োগ হইল। এই সংবাদ শুনিয়া স্বামীন্দী পূর্ণ সহান্থভূতির সহিত জিজ্ঞাসা করিয়াছিলেন, "তোর নাকি ভাই মারা গেছে? তোর কিরপ বোধ হল? মাকে কি বললি?" হরিদাসের মূথে সব প্রস্নের উত্তর পাইয়া স্বামীন্দী সথেদে বলিয়া উঠিলেন, "আমার ভায়েদের যদি এমন হত, আমার কিন্ধ বড় কট্ট হত।" এমন সমবেদনাপূর্ণ কাতরোক্তি শুনিয়া হরিদাস বেশ সান্ধনা পাইলেন। ইহার পরে একদিন সকলের দীক্ষা হইয়া গেল।

সেবাপ্রতিষ্ঠানটির কর্মীরা হাড়ভাঙ্গা পরিশ্রম করিতেন, অথচ পৃষ্টিকর আহার পাইতেন না—ভিক্ষা করিয়া উদরপালন করিতে গিয়া অনেক সময় অর্ধাশনে থাকিতে হইত এবং শরীর রুশ হইয়া যাইত। স্বামীজীর ইহাতে বড় কট্ট হইত এবং তিনি তাঁহাদিগকে স্বীয় আবাসে আহার করিতে বলিতেন। ইহাদের মধ্যে একটি নবাগত বালক আবার অত্যধিক তুর্বল ও রুশ ছিল। স্বামীজী তাহার উপর বিশেষ নজর রাখিতেন এবং বলিয়া দিয়াছিলেন, "বাবা, তোমার শরীরটা বড় তুর্বল, তুমি প্রত্যহ দিনের বেলা এথানে এসে থাবে। পেটে না থেলে কাজ করা যায় না; তা তুমি রোজ তুপুরবেলা এসে আমার সঙ্গে থাবে।" সেবাসমিতির কাজ সারিয়া আসিতে বালকটির কথন কথন বিলম্ব হইত; কিন্তু দে না আসিলে স্বামীজী থাইতে বসিতেন না। তাঁহার স্বানাহার যথাসময়ে না হইলে পীড়া বৃদ্ধি পাইবে, এই ভয়ে সেবকদের তুশ্চিস্তার অবধি থাকিত না ও তাঁহারা স্বামীজীকে পুনঃ পুনঃ আহার সারিয়া লইতে অন্থ্রোধ করিতেন। স্বামীজী তবু ছেলেটির জন্ত অপেকা করিতেন ও উদিয়্লচিত্তে পাদচারণ করিতেক করিতে বারংবার রান্তার দিকে চাহিতেন আর কাত্রকণ্ঠে বলিতেন, "ছেলেটি

কি এসেছে ? আছ এত বিলম্ব হচ্ছে কেন ? আহা, ছেলেটি এত বেলা পর্যন্ত কিছু থাম্বনি, রোগা শরীর, অল্প বয়স, তারপর এই হাড়ভাঙ্গা থাটুনি" ইত্যাদি। অবশেষে ছেলেটি যথন ক্ষিপ্রগতিতে গৃহে প্রবেশ করিত তথন স্বামীদ্বীর মূথে হাসি ফুটিয়া উঠিত আর তিনি ম্নেহসিক্তকণ্ঠে বলিতেন, "কিরে বাবা, এত দেরী হল কেন ? কাজ বড় পড়েছিল নাকি ? সকালে কিছু খেয়েছিলি তো ? তোর জন্ম এখনও আমি কিছু খাইনি। আয়, হাত-পা ধুয়ে নে, শীগগির শীগগির থাইগে চল। আমার শরীর অস্তম্ব। সময়মত না থেলে অস্থথ বাড়ে। একটু সকাল সকাল আসবার চেষ্টা করবি—তবে কাজের ঠেলা, কি করবি বল!" আহারে বসিয়াও স্বামীজীর সম্পূর্ণ দৃষ্টি বালকটির উপর রহিল এবং নিজের থালা হইতে ভাল ভাল জিনিস তুলিয়া তাহার পাতে দিতে লাগিলেন। এই খাওয়ানোর আনন্দে তিনি নিজের আহার পর্যন্ত ভুলিয়া গেলেন। উপস্থিত অপর সকলে স্বামীজীর এই প্রেমময় মূর্তি দর্শনে আনন্দিত হইলেও তাঁহার আহার হইতেছে না, দেখিয়া মাঝে মাঝে স্মরণ করাইতে লাগিলেন, "স্বামীজী, আপনার আহার হচ্ছে না, আপনি একটু আহার করুন।" কিন্তু কাহাকেই বা বলা, আর কেই বা শোনে! স্বামীষ্কী যেন তথন প্রত্যক্ষ বালগোপালকে ভোজন করাইতেই ব্যস্ত, শুধু অভ্যাদবশত: নিজে হুই-এক গ্রাদ মুথে দিতেছেন মাত্র।

ষামীজীর চরিত্রের অক্তান্ত দিকগুলিও এই কালে দকলের চক্ষে পড়িতযেমন তাঁহার স্বভাবস্থলভ রিদিকতা। একদিন স্বামীজী ও স্বামী শিবানন্দ হুইটি
পর্যন্ধে বিদয়া এইরূপ হাসিঠাট্টা করিতেছিলেন। বছমূত্ররোগে দীর্ঘকাল ভোগার
ফলে স্বামীজীর নেত্রের স্ক্রনাড়ী ক্ষতিগ্রস্ত হওয়ায় তাঁহার দৃষ্টিশক্তি হ্রাস
পাইয়াছিল। ইহাতে তৃ:খিত না হইয়া আনন্দময় পুরুষ স্বামীজী স্বীয় গুরুভাতাকে বলিলেন, "কি বলেন মহাপুরুষ (অর্থাৎ স্বামী শিবানন্দ), আমি
দৈতাগুরু শুক্রাচার্য! এঁটা—এঁটা—ঠিক না ?" বলিয়া উচ্চৈঃস্বরে হাসিতে
লাগিলেন ও মুখভঙ্গী করিতে থাকিলেন। শুক্রাচার্য ছিলেন দৈতাগুরু ও
তাঁহার একচক্ ছিল দৃষ্টিহীন। স্বামীজীও তথন ক্ষীণদৃষ্টি এবং পুরাণের কথা
মানিতে গেলে তাঁহার বেদান্ত-প্রচারের ক্ষেত্র ছিল পাতালপুরীতে বিদেশীদের
মধ্যে। অবশ্য মনে রাখিতে হইবে, আলোচ্যকালে রিদিকতামাত্র চলিতেছিল,
বিদেশীদের বেদান্ত অধিকার বা অন্ধিকারের কোন প্রশ্নের অবকাশই ছিল না।

শামীজীর প্রস্থাবলীর পাঠকবর্গের নিকট ইহা স্থবিদিত যে, শামীজী অনেকস্থলে পাল্টান্ডাবানীদিগকে বর্তমান ভারতবানীদের অপেকা বেদান্ডগ্রহণের উপযুক্ততর পাত্র বলিয়া বর্ণনা করিয়াছেন, স্থলবিশেবে তাহাদিগকে ব্রাহ্মণের সমপর্যায়ভূক্তও বলিয়াছেন। ('বাণী ও রচনা', ৯৬, ৯।১৩৩, ৯।৪০৯-১০ ইত্যাদি দ্রঃ)। আলোচ্যকালে চলিতেছিল ক্তি, আনন্দ, হাস্ত, পরিহান—স্থামী শিবানন্দও জানিতেন, ঐ কালের কোন কথা আক্ষরিক অর্থে গ্রহণীয় নহে; তাই তিনিও আনন্দর্কিরই জন্ম স্থামীজীর কথায় দায় দিয়া মাঝে মাঝে বলিতেছিলেন, 'হা, তাতো বটেই, তাতো বটেই।"

সেদিন স্বামীজীর রস্পিন্ধ উথলিয়া উঠিয়াছিল। অক্ত দিন হরিদাস তাঁহাকে সাষ্টাঙ্গ প্রণাম করিতে আসিলে "থাক বাবা, থাক" বলিয়া নিষেধ করিতেন; কারণ স্বামীজী জানিতেন হরিদাসের পায়ে বাত। সেদিন কিন্তু হরিদাসের প্রথম জীবনের বৈষ্ণবাচার শ্বরণ করিয়া কোতুকে মাতিয়া তিনি বলিলেন, "কিরে, রামান্থজী ৮৫৬ প্রণাম কর।" স্বামী শিবানন্দ মনে করাইয়া দিলেন, "ওর পায়ে বাত যে! ওরূপ প্রণাম করতে ওর কট হবে।" স্বামীজী তবু বলিলেন, "ও কিছু নয়, ওসব কিছু নয়, ও সেরে যাবে। তুই প্রণাম কর, প্রণাম কর।" অগতাা হরিদাস হস্তদ্বয় লম্বমান করিয়া মেঝের উপর সাষ্টাঙ্গ হইয়া প্রণাম করিলেন। তাহাতে স্বামীজী খুব হাসিলেন।

এরূপ কথোপকথন হইতেছে ও কোতুক চলিতেছে এমন সময় কেদারনাথের মহাস্ত মহারাজ স্বামীজীর সহিত দেখা করিতে আদিলেন। শ্রুবণমাত্র স্বামীজীর রূপ পরিবর্তিত হইয়া গেল—তথন তিনি ধীর, স্থির গঞ্জীর, তাঁহার বদন প্রশাস্ত ও নয়নদ্বয় স্থপ্রদীপ্ত। তিনি মহাস্তজীকে লইয়া আদিয়া অন্ত কক্ষে বসাইতে বলিলেন এবং স্বামী শিবানন্দকে সঙ্গে লইয়া দেই ঘরে প্রবেশ করিলেন। শ্রুপরেরাও তাঁহাদের পদাস্থসরণ করিলেন। শ্রুপর যথোচিত অভিবাদন-সম্ভাবণাদির পর মহাস্তজী স্বীয় মাতৃভাবায় আপনার বক্তব্য নিবেদন করিলেন ও তাঁহার সঙ্গী একজন সিংহলী বোদ্ধ দাধু ইংরেজীতে স্বামীজীকে বুঝাইয়া দিলেন: "আপনি সাক্ষাৎ শিব, আপনি জীবের মঙ্গলার্থ আবিভূতি হইয়াছেন। ইওরোপ ও আমেরিকাতে আপনি যেরূপ কার্য করিয়াছেন ও শক্তির পরিচয় দিয়াছেন, অন্থাপি কোন ব্যক্তি ঐরপ করিছে পারেন নাই। পাশ্রাস্ত লোকদিগের সন্মুথে আপনি হিন্দুধর্মের ঘেরূপ শতগুণ গৌরবরৃদ্ধি করিয়াছেন,

ভাহাতে প্রত্যেক হিন্দু, প্রভ্যেক সন্নাসী আপনাকে গৌরবাহিত মনে করেন। ইবদিকধর্মের মৃঢ় রহস্তগুলি আপনি উপলব্ধি করিয়া যেরপ স্থচাক্তরূপে এবং সর্বসম্বাদিক্রমে তাহা ব্যাখ্যা করিরাছেন, তাহাতে আমরা সন্ন্যাসিমগুলী ও যাবতীয় হিন্দু আপনার নিকট বিশেষ ঋণী আছি।" বৃদ্ধ মহাস্কুজীর মূথে এইরূপ স্তুতিবাদ শুনিয়া স্বামীজী খুবই লজ্জিত হইলেন ও বলিলেন যে, তিনি নিজে কিছুই করেন নাই, ভগবান নিজেই নিজের মহিমা প্রকাশ করিয়াছেন মাত্র। অধিকন্ত মহাস্তজীর শ্রার পলিতকেশ বুদ্ধ সাধুদের আশীর্বাদ থাকিলে এরূপ বহু কাৰ্য স্থসাধিত হইতে পারে। মহাস্তলী আরও বলিলেন, "আপনি যথন দেতৃবন্ধ স্থামেশ্বর হইতে উত্তরাভিমুধে যাত্রা করিতেছিলেন, তখন আমাদের প্রধান মঠ হুইতে আপনাকে প্রভ্যুদ্গমন করিবার জন্ম শিবিকা ও লোকজন প্রেরণ করা হইয়াছিল; কিন্তু আপনাকে দেখিবার জন্ম জনসংখ্যা বহুল হওয়াতে আপনি শারীরিক ক্লান্ত হইয়াছিলেন এবং আমাদের নিমন্ত্রণ তথন কার্যবশতঃ গ্রহণ করিতে পারেন নাই। আমাদিগের মঠের সাধুমহাত্মারা এজন্ত বিশেষ হু:থিত আছেন। তাঁহারা আমার প্রতি তারযোগে এই সংবাদ দিয়াছেন, যেন কাশীর এই মঠেতে আপনাকে বিশেষভাবে সংবর্ধনা ও অভিবাদন করা হয়। আমাদিগের এই মিনভি, ফেন আপনি স্বগোষ্ঠী লইয়া কেদারের মঠে একদিন ভিক্ষাগ্রহণ করেন।" স্বামীজী নিমন্ত্রণ গ্রহণ করিয়া বলিলেন, এইজন্ত বৃদ্ধ মহান্তজীর নিজের আসার প্রয়োজন ছিল না, লোক পাঠাইয়া আদেশ করিলেই. স্বামীজী স্বয়ং মঠে উপস্থিত হইতেন।

পরদিন এগারটার সময় স্বামীজী দক্ষিবৃদ্দদহ মহাস্ত মহারাজের মঠে উপস্থিত হইলেন। ঐ মঠে তথন সিংহলদেশীয় যে বৌদ্ধ ভিক্ বাদ করিতেন, তিনিই পূর্বদিনের ভায় আজও দোভাষীর কাজ করিতে থাকিলেন এবং স্বরংও স্বামীজীকে নানা প্রশ্ন করিলেন। ভিক্ষাগ্রহণ ও বিশ্রামের পর অপরায়ে মহাস্তলী স্বামীজীকে একটি প্রকোঠে লইরা গিয়া তথায় তাঁহার পূর্বতন শুক পরস্পরার আলেখ্য দর্শন করাইলেন ও প্রত্যেকের শুণকীর্তন করিলেন। অবশেষে একথানি গৈরিক বস্ব স্বামীজীর পরিহিত গৈরিক বসনের উপর পরাইয়া এবং আর একখানি গৈরিক উত্তরীর গারে জড়াইয়া দিয়া তিনি অতি ক্রটান্ত:করণে ভাবোজ্যানে বলিতে লাখিলেন, "আল প্রত্নত দ্বীজীর ভোজন হইলে।" ইহার পর মহাস্তলীর অনুবাধে সকলে ৮কেলারের মন্দিরে চলিকেন।

শামীজীর আগমন উপলক্ষে তথনই ৺কেদারজীর আরতি হইতে লাগিল।
শামীজী বাহিরের প্রকোষ্ঠে বা যেখানে নন্দী আছেন, সেই গৃহের ভারদেশে
প্রবেশ করিয়াই একেবারে সমাধিস্থ, বাহুজ্ঞান রহিত, নিশ্চল ও নিশ্পন্দ হইয়া
দণ্ডায়মান রহিলেন; অগ্রসর হওয়া বা পদবিক্ষেপ করিবার সামর্থ্য আর রহিল
না, যেন 'চিত্রার্পিতারক্ত ইবাবতস্থে'। পায়ে মোজা ছিল, জলে ভিজিতেছিল;
কিন্ত কাহারও সামর্থ্য হইল না যে, মোজা উন্মোচন করিয়া দেয় বা কোনরূপ
শব্দ করে। সকলেই ভাবে তল্ময় ও ধ্যানময়; কাহারও কিছু লক্ষ্য করিবার
সময় বা সামর্থ্য রহিল না। আরতি শেষ হইলে অর্ধবাহ্যদশায় স্বামীজীকে
লইয়া সকলে মন্দিরের বাহিরে আসিলেন ও তাহাকে সন্তর্পণে গাড়ীতে বসাইয়া
আবাসস্থলে চলিলেন। গাড়ীতে বসিয়া স্বামীজী সমাধি হইতে ব্যুথিত হইলেন
ও সকলের সহিত সহজভাবে হাসি-ঠাট্টা করিতে লাগিলেন। ('কানীধামে
বিবেকানন্দ', ৩৪ পৃ:)।

জনৈক ডাক্তার প্রায়ই স্বামীঙ্গীকে দেখিতে আসিতেন। তিনি থিয়োসফির অমুরাগী ছিলেন। একদিন তিনি এ মতবাদের প্রশংসায় অতিমাত্র মুথর হইয়া উঠিলেন। থিয়োসফিক্যাল সোসাইটি দেশের প্রভৃত উপকার করিতেছে, শ্রীযুক্তা বেশান্ত ও তাঁহার অমুচররুন্দ যে প্রণালী অবলম্বনে কার্য করিতেছেন, উহাই ভারতের প্রকৃত কল্যাণমার্গ ইত্যাদি কথা তিনি অনর্গল বলিয়া যাইতে লাগিলেন। আবার আপসোদ করিয়া বলিলেন, "তাই তো মশায়, বেশান্ত আপনার দঙ্গে দেখা করতে এলেন না!" স্বামীজী প্রথমত: নীরব শ্রোতার ভূমিকা গ্রহণ করায় ভাক্তারবাবুর বাক্চাতুর্য বাড়িয়াই চলিয়াছিল। কিন্তু শেষ কথার চঙে ক্রমে তাঁহার রূপ পরিবর্তন হইতে দেখা গেল— তেজোহীন চক্ষ্ ক্রমশ: উজ্জ্বল হইল, মুথের পেশীতে একটা দৃঢ়তার চিক্ ফুটিয়া উঠিল। অতঃপর তিনি বলিতে লাগিলেন, "বিদেশীরা এদেশের সর্ব বিষয়ে গুরু হয়েছে, বাকি আছে এক ধর্ম; ডাতেও তারা হাত দিতে আসছে, আর তোমরা অবনতমস্তকে বিদেশীকে গুরুর আসনে বসিয়ে গুরু বলে সমান করছ! এই পুণ্য ভারতভূমিতে মহাপুরুষগণ কি একেবারে चर्राईं रायाह्न त्य, विराम थारक श्वक चानित्य निष्ठ श्रव ? अहा कि গৌরবের না হীনতার কথা? আমি এখানে অভিনন্দন দিতে বা কোন প্রকার গোলমাল করতে সকলকে বারণ করেছি। শরীর অফুস্থ, নিরিংবিলিং থাকব; তাই চুপচাপ বসে আছি।" ক্রমে কথার আরও ওজ্বতি। দেখা দিল; তিনি ডাক্তারের দিকে চাহিয়া গম্ভীরকণ্ঠে বলিলেন যে, তিনি ইচ্ছা করিলে সেই মুহূর্তেই কাশীর সকলের, এমন কি থিয়োসফিস্টদেরও অভিনন্দন লাভ করিতে পারেন।

স্বামীজ্ঞীর ঐদিনের চেহারা-পরিবর্তনাদি লক্ষ্য করিয়া প্রত্যক্ষদ্রষ্টা হরিদাস (স্বামী সদাশিবানন্দ) বলিয়াছিলেন, "তিনি যথন স্বাভাবিকভাবে থাকেন, সাধারণ লোকের চেয়েও নিয় ও হীন হইতে পারেন—বালক বা বৃদ্ধিহীনের আয় হইতে পারেন; শক্তিমন্তার কোন বিশেষ পরিচয় দেন না; দেখিলে অতি সাধারণ লোক এইটি মাত্র বোঝা যায়; কিস্তু যদি আবশ্যক হয়, তাহা হইলে নরম, কোমল, স্নেহপূর্ণ ম্থ একেবারেই বিপরীত-ভাবাপন্ন হয় ও ছ্প্রেক্সাবদন হইয়া উঠিতে পারেন। তিনি ইচ্ছামত ম্থের ও শরীরের গঠন সম্পূর্ণভাবে পরিবর্তন করিতে পারিতেন, এইটিই তাঁহার বিশেষ লক্ষণ ছিল।" (ঐ, ৩৮-৩৯ পঃ)।

'কেশরী' পত্রিকার সম্পাদক শ্রীযুক্ত নরসিংহ চিস্তামন কেলকার তথন কাশীধামে ছিলেন। একদিন সায়ংকালে তিনি স্বামীজীর দর্শনার্থ আসিলেন। স্বামীদ্ধী তথন অমুস্থাবস্থায় পর্যকে শায়িত চিলেন। কেলকার সময়মে করযোডে প্রণাম করিয়া বিনীতভাবে নিমন্থ আন্তরণে বদিলেন। ইংরেজীতে কথাবার্তা হইতেছিল। ভাবরাশি ঘনীভূত হওয়ার দঙ্গে সঙ্গে স্বামীজী উঠিয়া বসিলেন। শব্দ ক্রমে শ্লথ ও কোমল অবস্থা ত্যাগ করিয়া ক্রত ও তেজ্ব:পূর্ণ হইল। ভারতেরই রাজনীতিক, সামাজিক, আর্থিক উন্নতির কথা হইতেছিল। থেদপূর্ণ স্বরে তিনি বলিয়া উঠিলেন: "ভারতবাসীদের এরপ হীন অবস্থায়, এক্লপ দীন অবস্থায় বেশী দিন বেঁচে থেকে লাভ কি ? পলে পলে নরকযন্ত্রণা ভোগ করছে, কেবল জীবনমাত্র সংবক্ষণ করে দিনাতিপাত করছে; অনাহার, লাম্বনা, ক্লেশ দিবারাত্র ভোগ করছে, প্রজ্ঞলিত নরকানলে দিবারাত্র দম্ম হচ্ছে —মৃত্যু এর চেয়েও যে ঢের ভাল ছিল!" প্রতিকারের উপায় নির্দেশ করিতে গিয়া তিনি বুঝাইয়া দিলেন যে, শুষ্ক বৈদেশিক বাজনীতিতে কিংবা অহুকরণে কোন ফল হইবে না—বরং স্বতঃ-উৎসাবিত পুরাতন ভাব বক্ষা করিলে উপকার হইতে পারে; কারণ ভারতবর্ষের চিরামুস্ত পশ্বাই এই যে, ধর্মের ভিতর **দিয়া ন্যাজ-সংস্থার ও বিবিধ উন্নতি সাধন হইয়া থাকে। স্বদেশপ্রেমের**: পুনরুজীবনের অন্ততম প্রধান অগ্রান্ত হইলেও স্বামীজীর চিস্তাধারা ছিল সম্পূর্ণ অভিনৰ—একেবারে নিজস্ব।

কাশীধামে জনকরেক যুবকের উভ্যমে যে দেবা-প্রচেষ্টা চলিতেছিল, পণ্ডিত শিবানন্দ তাহার পৃষ্ঠপোষক ছিলেন। প্রাচীন পদ্বাহুগামী নিষ্ঠাবান ব্রাহ্মণ হইলেও পণ্ডিতজী স্বামী বিবেকানন্দের দেবার আদর্শে অফুপ্রাণিত হইয়াছিলেন, শ্রীরামক্বফের প্রতিও তিনি অশেষ ভক্তিপরায়ণ ছিলেন। পণ্ডিতঙ্গী ইংরেজী জানিতেন না ; কিন্তু স্বামীজীর বক্ততাদির বঙ্গামুবাদ সাগ্রহে পড়িতেন একং এই কালে তাঁহার কাশীতে অবস্থানের স্থযোগে পণ্ডিত শিবানন্দ তাঁহার সহিত স্থপরিচিত হইলেন। অতঃপর গুণমুগ্ধ পণ্ডিতজী তাঁহার নামে সংস্কৃত ভাষায় একটি প্রশস্তি রচনা করিয়া কলিকাতা হইতে ছাপাইয়া মানিলেন। কিছ মনের আবেগে স্বামীজীকে পুন: পুন: দুর্শন করিতে গেলেও উহা সঙ্গে শইতে ভুলিয়া যাইতেন। অবশেষে একদিন উহা লইয়া একথানি গাড়ীতে চড়িয়া স্বামীজীর আবাদস্থলে চলিলেন। চারুবাবু ও হরিদাসও ঐ গাড়ীতে উঠিয়া বদিলেন। পথে তাঁহাদের ছারা জিজ্ঞাদিত হইয়া পণ্ডিত বিবানন্দ বলিলেন যে, তিনি স্বামীজীকে একজন প্রকৃত যোগী ও মহাপুরুষ বলিদ্বা মনে করেন; তাঁহার মহত্ত্বে ও শক্তির কুল্ফিনারা করা অসম্ভব। কিয়দূর অগ্রসর ट्टेमा टेटाता (मिथलिन चामीकी, चामी निवानन ७ चामी গোবिन्नानन नामक জনৈক সাধু একথানি গাড়ী করিয়া ভিঙ্গার রাজার বাগানবাটীর দিকে যাইতেছেন। উভন্ন যানেরই গতি রুদ্ধ হইলে পণ্ডিতজী ব্যক্ত সমস্ত হইন্না প্রশন্তি পত্রখানি স্বামীজীর শ্রীহন্তে অর্পণ করিলেন। পড়িয়া স্বামীজী বলিলেন, "পণ্ডিত মশায়, একি করেছেন! আমি দামাগ্য ব্যক্তি, এরূপ উচ্চ ও বছল প্রাশংসা আমার পক্ষে সম্ভব নয়। স্বই তার ইচ্ছায় হয়েছে; তিনি জীবকে যা করান তাই হয়।" পণ্ডিতজী শাম্রে পড়িয়াছিলেন, "প্রতিষ্ঠা শৃকরীবিষ্ঠা"; আজ তাহা চাকুষ দেখিলেন। তিনি স্বামীজীর প্রতি এতটা আরুষ্ট হইয়াছিলেন বে, কাশীর পণ্ডিতসমাজে মৃক্তকণ্ঠে তাঁহার গুণকীর্তন করিতেন। তিনি বিশাস করিতেন ও বলিতেন, এরূপ যোগৈশ্বর্য সাধারণ জীবে সম্ভব নছে; স্বন্ধং শহরেই এবপ্রকার বিভূতি থাকা সম্ভব, স্বামীজী শিবাবতার। স্বামীজীর চিস্তায় নিমর পণ্ডিত শিবানন্দের ধর্মবিশ্বাদেও পরিবর্তন আদিয়াছিল। ভিনি স্বশ্নে এদখিয়াছিলেন জগয়াতার মৃতির ফলে পুন: পুন: বামীজী আবিভৃতি হুইতেছেন; পরে স্বপ্নাবন্ধারই তিনি স্বামীজীর দলে মিশিয়া কীর্তনে মন্ত হুইয়াছিলেন এবং অহুভব করিয়াছিলেন যে, জ্ঞান ও ভক্তি ছুইই এক লক্ষ্যে শৌহাইয়া দেয়।

ভিঙ্গার রাজা লক্ষ্ণে অঞ্চলের একজন বিভবশালী ভুমাধিকারী ছিলেন। তিনি তথন বানপ্রস্থাবলম্বনে কাশীর হুর্গাবাডীর নিকটে 'ভিঙ্গাভবন' নামক সীয় উভানবাটীতে বাদ করিতেন। আর প্রতিজ্ঞা করিয়াছিলেন যে, আমরণ কাশীধাম ত্যাগ করিবেন না, এমন কি স্বীয় উন্থান-ভবনেরও বাহিরে যাইবেন না। স্বামীজীর বারাণসীক্ষেত্রে আগমনের সংবাদ পাইয়া রাজা তাহার দর্শনের জন্ম বিশেষ উৎস্থক হইলেন এবং গোবিন্দানন্দ নামক একজন সাধুকে ফলমূলাদি উপহারসহ তাঁহার নিকট পাঠাইলেন। গোবিন্দানন্দ স্বামীজীকে রাজার অভিলাষ জানাইয়া বলিলেন যে, তিনি যদিও স্বীয় ভবনের বাহিরে না আসিতে প্রতিক্ষাবন্ধ, তথাপি স্বামীজীর দর্শনের একটা সময় জ্বানিতে পারিলে ঐ ত্রত ভঙ্গ করিয়াও স্বামীজীর বাদস্থলে উপস্থিত হইবেন। স্বামীজী অবস্থ সম্বন্ধ ত্যাগের কথা অহুমোদন করিলেন না, বরং বলিলেন যে, তিনি স্বয়ং ভিঙ্গাভবনে উপশ্বিত হইবেন। তদমুদারে তিনি পরদিবদ বা আরও একদিন পরে স্বামী শিবানন্দ ও অপর কয়েকজনের সহিত রাজসমক্ষে উপস্থিত হইলেন। বাজা স্থপণ্ডিত ছিলেন—তিনি ইংরেজী ও সংস্কৃত বেশ জানিতেন। স্বামীজীকে তিনি দাদরে গ্রহণপূর্বক তাঁহার কার্যের ভূয়দী প্রশংদা করিলেন এবং কাশীতে একটা ধর্মপ্রতিষ্ঠান গড়িয়া তুলিলে তিনি অর্থসাহায্য করিতে প্রস্তুত আছেন, ইহাও জানাইলেন। আর স্বামীজীকে উদ্দেশ করিয়া তিনি বলিলেন, "বৃদ্ধ শহর যে শ্রেণীর, স্বামীজী, আপনিও দেই শ্রেণীর।" স্বামীজী তাঁহাকে দানাইলেন যে, তাঁহার শরীর অস্কুত্ব, এইদ্বন্ত প্রস্তাবিত প্রতিষ্ঠান সম্বন্ধে কোন পাকা কথা দেওয়া সাধ্যায়ত্ত নহে: কলিকাতায় প্রত্যাবর্তনান্তে শরীর স্বন্ধ হইলে এই বিষয় ভাবিয়া দেখিবেন।

পরদিবদ ভিঙ্গাভবন হইতে এক ব্যক্তি আদিয়া স্বামীজীকে একথানি বন্ধ পত্র দিল। উহা উন্মুক্ত করিলে দেখা গেল, উপঢৌকনম্বরূপ ভিঙ্গারাজ স্বামীজীকে পাঁচণত টাকার একথানি চেক পাঠাইয়াছেন এবং পত্রেও উহাই উল্লিখিত আছে। অমনি স্বামীজী পার্ষবর্তী স্বামী শিবানন্দের দিকে ফিরিয়া বলিলেন; "মহাপুরুষ, আপনি এই টাকা নিয়ে কাশীতে ঠাকুরের মঠ স্থাপন করুন।" স্বামী শিবানন্দ অবস্থ তথনই সমত হন নাই, তিনি সমত হইয়াছিলেন আরও প্রায় চারি-পাঁচ মাস পরে। সে কথা আমরা যথাস্থানে বলিব।

স্বামীজীর পূর্বপরিচিত বন্ধ পপ্রমদাদাস মিত্র মহাশরের পুত্র কালিদাস মিত্র একদিন অপরাহ পাঁচটায় স্বামীজীকে দেখিতে আদিলেন। পরিচয় পাইয়া স্বামীজী ইহাকে সাদরে গ্রহণ করিলেন। কালিদাসবাবু চিত্র ও চারুকলার চর্চা করিতেন। স্বামীন্ধী তাঁহার সহিত কথা বলিবার জন্ম মেঝের উপর গালিচায় विभागता को निर्मामवावृ । विभागता ; अभरतता ममञ्जास अमृत छे भएंत्र मन করিলেন। তথন মাঘ মাদ,⁸ তাই স্বামীজীর গায়ে সোয়েটার, পায়ে গরম মোজা, পরিধানে গেরুয়া বহির্বাস। সমঝদার পাইয়া স্বামীজী সেদিন চিত্রবিতা ও চারুকলা দম্বন্ধে এমন তথ্যপূর্ণ ও চমকপ্রদ সব কথা বলিতে লাগিলেন যে, শ্রোতাদের মনে হইল, ঐ বিষয়েই যেন তিনি সারা জীবন সাধনা করিয়াছেন। মিত্র মহাশয়ের দিকে তাকাইয়া তিনি আলেখ্য, প্রাক্কৃতিক বিষয়ের চিত্র ইত্যাদি বিষয়ে এমন ভাবে পুঙ্খামূপুঙ্খ বিচার ও মন্তব্য প্রকাশ করিতে লাগিলেন, যেন শিল্পসভায় কোন বিশেষজ্ঞের ভাষণ চলিতেছে। ক্রমে ইটালি, ফ্রাষ্স, চীন, জাপান, ভারতীয় বৌদ্ধযুগের ও মোগলযুগের এবং পারস্থ প্রভৃতি দেশের চারু-শিল্পের আলোচনাও চলিতে লাগিল। সেদিনের সভায় শিল্পামুরাগী ওকাকুরা উপস্থিত ছিলেন না। তিনি তথন স্বামী নিরপ্রনানন্দের সহিত ভারতভ্রমণে নির্গত হইয়াছেন। সম্ভবতঃ এই দিনের এই শিল্পচর্চার উল্লেখ করিয়া স্বামীজী ১০ই ফেব্রুয়ারির এক পত্রে শ্রীযুক্তা ওলি বুলকে লিথিয়াছিলেন:

"ছোটখাটো একটু ভ্রমণে মিঃ ওকাকুরা বেরিয়ে পড়েছেন—আগ্রা, গোয়ালিয়র, অজস্তা, ইলোরা, চিতোর, উদয়পুর, জয়পুর এবং দিল্লী দেখার অভিপ্রায় নিয়ে। বারাণসীর এক স্থাশিক্ষিত ধনী যুবা—যার পিতার সঙ্গেছিল আমাদের অনেক দিনের বন্ধুত্ব—গতকাল এই শহরে এসেছে। শিল্প সন্থক্তে তার বিশেষ আগ্রহ; লুপুপ্রায় ভারতীয় শিল্প পুনক্ত্রনারের চেষ্টায় সে স্বেচ্ছাপ্রণাদিত হয়ে প্রচুর অর্থবায় করছে। মিঃ ওকাকুরা চলে যাবার মাত্র কয়েক ঘন্টা পরেই সে আমার সঙ্গে দেখা করতে এসেছিল। তাঁকে শিল্পময় ভারত (অর্থাৎ যতটুকু অবশিষ্ট আছে) দেখাবার সে-ই উপযুক্ত লোক এবং শিল্প সন্থক্তে

৪। 'কাশীধামে স্থামী বিবেকানন্দ'-এর মতে ফাল্পন। কিন্তু পরে উদ্ধৃত এই বিবরক স্থামীজীর পত্রের তারিশ্ব ১০ই ফেব্রুয়ারি, অর্থাৎ মাঘের শেষ ('বানী ও রচনা', ৮।১৯৬-৯৮)। ব

ওকাকুরার নির্দেশে দে নিশ্চয়ই বিশেষ উপক্বত হবে। ওকাকুরা এখানে ভতাদের ব্যবহারের একটি সাধারণ টেরাকোটার জলের পাত্র দেখতে পেয়েছিলেন। সেটির আঙ্কতি ও কোদিত কারুকার্য দেখে তিনি একেবারে মুগ্ধ। কিন্তু এটি একটি সাধারণ মুৎপাত্র এবং পথের ধাকা সহু করার অফুপযোগী, তাই তিনি আমাকে অফুরোধ করে গিয়েছেন, পিতল দিয়ে অবিকল সেরপ আর একটি তৈরি করাতে। কি করা যায় ভেবে ভেবে আমি হতবৃদ্ধি হয়ে পড়েছিলাম। কয়েক ঘণ্টা পরে আমার যুবক বন্ধুটি আদে, দে দেটা ক'রে দিতে রাজী তো হয়েছেই, আবার বলেছে, ওকাকুরার পছন্দ ঐ জিনিসটির চেয়ে বছগুণ ভাল কোদিত কাককার্যবিশিষ্ট কয়েক-শ টেরাকোটার পাত্র সে দেখাতে পারে। সেই অপূর্ব পুরাতন শৈলীতে আঁকা প্রাচীন চিত্রাবলীও সে দেখাবে বলেছে। প্রাচীন রীতিতে আঁকতে পারে, এরূপ একটিমাত্র পরিবার বারাণসীতে টিকে আছে। ... পর্যটন শেষ ক'রে ওকাকুরা আশা করি আবার এই শহরে ফিরে আসবেন, তথন এই ভন্তলোকের অতিথি হয়ে অবশিষ্ট স্পষ্টব্য জিনিসগুলি কিছু কিছু দেখে যাবেন। মিঃ ওকাকুরার সঙ্গে নিরঞ্জন গিয়েছে। তিনি জাপানী বলে কোন মন্দিরে তাঁর প্রবেশ করা নিয়ে কেউ আপত্তি করে না।"

স্বামীন্দীর শিল্পাস্থভ্তির একটি দৃষ্টাস্ত 'কাশীধামে স্বামী বিবেকানন্দ' হইতে গ্রহণ করিতেছি। একবার তিনি ফ্রান্দের এক প্রসিদ্ধ রঙ্গালয়ে অভিনয় দর্শনে গিয়াছিলেন। রঙ্গালয়ের পটগুলি বিশিষ্ট শিল্পিছারা অন্ধিত হইলেও যবনিকার উপর দৃষ্টিপাত করিয়া তিনি দেখিলেন উহার উপরের আলেখ্যে একটু ভ্রাস্তি আছে। অভিনয়শেষে তাই তিনি ঐ বিষয়ে কার্যাধ্যক্ষের দৃষ্টি আকর্ষণ করিলেন। সোভাগ্যক্রমে শিল্পীও তথায় উপস্থিত ছিলেন। অধ্যক্ষ তাহাকে ডাকিয়া উহা দেখাইয়া দিলে শিল্পী স্বীকার করিলেন যে, আলেখ্যের ঐ অংশটি সত্যই অপরিক্ষ্ট।

স্বামীজীর সহিত কালিদাসবাব্র হৃততা স্থাপিত হওয়ায় তিনি প্রায়ই স্বামীজীর আবাসস্থলে আদিতেন। একদিন আদিয়া তিনি স্বামীজীর শ্বাস্থ্যের কথা তুলিলেন। তারপর জ্বাপানের কথা আরম্ভ হইলে স্বামীজী কহিলেন, "জ্বাপানটি বেশ দেশ; তারা শিল্পবিভা দৈনন্দিন কার্যেও পরিণত করেছে।… স্বত্তালি খুব পরিছার পরিছের। জ্বাতা খুব উর্বিত করছে।… স্বাপানীরা

পশ্চান্তা বিছা খ্ব অধিকার করেছে, ···বেদান্তভাব কিছু তাদের মধ্যে প্রবেশ করিয়ে দিলে তাদের খ্ব মঙ্গল হবে।"

একদিন কথাপ্রদক্তে নেপোলিয়ন সামান্ত একজন সৈনিক হইয়াও আত্মনির্ভর ও আত্মপ্রত্যায়ের ফলে কিয়পে কমতার উচ্চস্থানে অধিরত হইয়াছিলেন, সেই সব কথা উঠিল। ক্রমে বামীজী নেপোলিয়নের কথায় এমন তয়য় হইয়া গেলেন এবং অকভিদিসহ নেপোলিয়নের বীরত্বকাহিনী এমন উল্লামপূর্ণ ও তেজোময় ভাবায় বর্ণনা করিতে লাগিলেন যে, প্রোতা ও দর্শকদের মনে হইতে লাগিল যেন তিনি নেপোলিয়নের ভাবে ভাবিত ও তদাকারকারিত হইয়া গিয়াছেন। সকলের চক্রর সমূথে তথ্ন বেন অস্টারলিজের ও জেনার রণক্ষেত্র প্রতাক্ষ ভাসিতেছিল। স্বামী শিবানন্দ পরে কহিয়াছিলেন, "একেই বলে স্বামীজীর ইন্সায়ার্ড লেকচার (দৈব প্রেরণাপূর্ণ বক্তৃতা)। ইওরোপ ও আমেরিকায় স্বামীজীর সব লেকচারই এরপ ইন্সায়ার্ড অবস্থায় হয়েছিল।"

ষামী ষরপানন্দকে লিখিত ষামীজীর নই ফেব্রুয়ারির পত্র পড়িয়া মনে হয়, ষামীজী ঐ সময় বৌদ্ধর্ম ও বৌদ্ধদের ইতিহাস লইয়া গভীর আলোচনা করিতেছিলেন। এরপ করা তথন খুবই ষাভাবিক ছিল। ওকাকুরা তখন সঙ্গে ছিলেন; বুদ্ধের জীবনের সহিত সংশ্লিষ্ট অক্সতম প্রধান স্থান সারনাথ নিকটেই ছিল; আর বৌদ্ধর্যপ্রধান জাপানে যাইবার পূর্বে একবার ঐ ধর্মের প্রন্যালোচনাও সমীচীন ছিল। ওকাকুরার অহুরোধে তিনি তখনও জাপানে যাওয়ার কথা পুনর্বার ভাবিয়া দেখিতেছিলেন। বৌদ্ধর্মের এই আলোচনার কিঞ্চিৎ ফল তাঁহার উক্ত পত্রে লিপিবদ্ধ আছে। তন্মধ্যে ঘূই-চারিটি কথা বিশেষ তাৎপর্যপূর্ণ: "বৌদ্ধর্মের মহাযান শাখা তো অবৈতপন্থী"; "বৌদ্ধর্মের সাথাদরের মধ্যে মহাযান প্রাচীনতর"; "সম্প্রতি আমি বৌদ্ধর্মের সম্বন্ধরে আমার মতের সম্পূর্ণ পরিবর্তন হয়েছে।" ('বাণী ও রচনা', ৮।১৯৫-৯৬)।

জীবনপ্রান্তে

কাশী হইতে শিবতুল্য মহাপুক্ব প্রচুর প্রফুরতা লইরা ফিরিলেন; কিন্তু মন্দ্রক্র থাকিলেও শরীরের অবস্থা তথন ভয়াবহ। বেলুড়ে ফিরিয়া রোগর্জির জন্য তাঁহাকে স্বগৃহেই আবদ্ধ থাকিতে হইত; ঐ বংসর শ্রীরামক্তক্ষের উৎসক মধন আদিল ওখন তিনি প্রায় শ্যাগত। পা খুব ফুলিয়া গিয়াছে এবং সর্বশরীরে জলসঞ্চার হইয়াছে, হাঁটিবার সামর্থ্য মোটেই নাই। সকলেই ব্ঝিলেন, এবার অবস্থা শহাজনক; স্বতরাং উৎসবের মধ্যেও কাহারও মনে আনন্দ ছিল না—একটা গভীর উল্বেগ ও নিরানন্দের ভাব যেন সর্বত্র পরিব্যাপ্ত। স্বামীজীর দর্শনলাভ ও বচনস্থাপানের জন্ম অনেকেই সেবারে উৎসবে আদিয়াছিলেন; কিন্তু সে ভভ বাসনা অপরিপূর্ণ রহিয়া গেল। ভক্তদের সহিত্য আলাপ করিবার ইছা তাঁহার খুবই ছিল; কিন্তু ভাক্তার বেশী কথা বলিতে বারণ করিয়াছিলেন এবং তিনিও ছই-একজনের সঙ্গে কথা বলিয়াই দেখিলেন ক্লান্ত হইয়া পড়েন দ্বত্য বে চেটা ছাড়িয়া দিয়া নিজ কক্ষে বিসয়া বহিলেন।

ঐ দিনের কথা শরংবাব্র লেখনীমুখে এইরূপ বিবৃত হইরাছে ('বাণী ও রচনা', মাং২৭-৩০); "শিশু শুশ্রীঠাকুরের উদ্দেশে সংস্কৃত ভাষার একটি স্তব্ রচনা করিয়া উহা ছাপাইয়া আনিয়াছে। আসিয়াই স্বামিপাদপদ্ম দর্শন করিতে উপরে গিয়াছে। স্বামীজী মেঝেতে অর্ধ-শায়িত অবস্থায় বসিয়াছিলেন। শিশু আসিয়াই শ্রীপাদপদ্ম হদমে ও মস্তকে স্পর্শ করিল এবং আস্তে আস্তে পায়ে হাত বুলাইয়া দিতে লাগিল। স্বামীজী শিশুরচিত স্তবটি পড়িতে আরম্ভ করিবার পূর্বে তাছাকে বলিলেন, 'খুব্ আস্তে আস্তে পায়ে হাত বুলিয়েদে, পা ভারি টাটিয়েছে।' শিশু তদমুরূপ করিতে লাগিল। স্তব-পাঠান্তে স্বামীজী ক্টচিতে বলিলেন, 'বেশ হয়েছে।' স্বামীজীর শারীরিক অস্কৃতা এতদ্র বাড়িয়াছে মে, তাঁছাকে দেখিয়া শিশুর বৃক ফাটিয়া কায়া আসিতে লাগিল।" শিশুর মনোভাব ব্রিতে পারিয়া স্বামীজী বলিলেন, "কি ভাবছিস ? শ্রীরটা জন্মেছে, আবার মরে যাবে। তোদের ভেতরে আমার ভাবগুলির কিছু কিছু যদি চুকুতে

>। Condensed Ephemeris দেখিরা মনে হর, ১৬ই মার্চ, রবিবারে সাধারণ উৎস্ব হইরাছিল। 'বামি-শিয়-সংবাদে' শুধু আছে, "মার্চ, ১৯০২"। ঐ বৎসর জন্মতিখি পূজা হয়। ১১ই মার্চ।

পেরে থাকি, তাহলেই জানবো দেহটা ধরা সার্থক হয়েছে।" তিনি একটু পরেই আবার বলিলেন, "সর্বদা মনে রাথিস, ত্যাগই হচ্ছে মূলমন্ত্র। এ মন্ত্রে দীক্ষিত্ত না হ'লে ব্রহ্মাদিরও মৃক্তির উপায় নেই।" সব শুনিয়াও শিক্ত স্থামীজীর শ্রীচরণে শরণভিক্ষা করিলেন, "মহাশয়, এ দীন দাসকে জয়ে জয়ে পাদপদ্মে আশ্রম দিন—ইহাই একান্ত প্রার্থনা। আপনার সঙ্গে থাকিলে ব্রহ্মজ্ঞানলাভেও আমার ইচ্ছা হয় না।" শুনিয়া স্বামীজী অক্তমনস্কভাবে কি ভাবিতে লাগিলেন, কিছুক্ষণ পরে বলিলেন, "লোকের শুলতোন দেখে কী আর হবে ? আজ আমার কাছে খাক্। আর নিরঞ্জনকে ডেকে দোরে বসিয়ে দে, কেউ যেন আমার কাছে এসে বিরক্ত না করে।" আদেশ শুনিয়া স্বামী নিরঞ্জনানন্দ মাথায় পাগড়ি বাধিয়া, হাতে লাঠি লইয়া স্বামীজীর ঘরের দরজার সমুথে আসিয়া বসিলেন। ভিতরে শিক্ত তাহার সেবায় নিয়ুক্ত রহিলেন এবং গ্রন্থজ্ব করিতে লাগিলেন।

কথাপ্রসঙ্গে স্বামীজী শ্রীশ্রীঠাকুরের উৎসব কিভাবে অন্থান্তিত হওয়া উচিত তাহার একটা ধারণা দিলেন: "আমার মনে হয়, এভাবে এখন আর ঠাকুরের উৎসব না হয়ে অক্তভাবে হয় তো বেশ হয়। একদিন নয়, চার-পাঁচ দিন ধরে উৎসব হবে। প্রথম দিন হয়তো শাস্ত্রাদি-পাঠ ও ব্যাখ্যা হ'ল। ছিতীয় দিন বেদবেদান্তাদির বিচার ও মীমাংসা হ'ল। তৃতীয় দিন প্রশ্লোক্তর হ'ল। তার পর দিন চাই কি বক্তৃতা হ'ল। শেষ দিনে এখন যেমন মহোৎসব হয়, তেমনি হ'ল। তুর্গাপূজা যেমন চারদিন ধ'রে হয়, তেমনি। ঐরপ্রে উৎসব করলে শেব দিন ছাড়া অপর কয়দিন অবশ্র ঠাকুরের ভক্তমণ্ডলী ভিন্ন আর কেউ বোধ হয় বড় একটা আসতে পারবে না। তা নাই বা এল। বছলোকের গুলতোন হলেই যে ঠাকুরের ভাব খ্ব প্রচার হ'ল, তা তো নয়।" শিয়্য সায় দিয়। বলিলেন, "মহাশয়, ইহা আপনার স্থান্দর কয়না; আগামী বারে তাহাই করা ঘাইবে। আপনার ইচ্ছা হইলে সব হইবে।" স্বামীজী কিন্তু কহিলেন, "আর বাবা, ও-সব করতে মন স্বায় না। এখন থেকে তোরা ও-সব করিস।" একেবারে নিঃসঙ্গ নিক্তম!

এমন সময় শিশু বলিলেন, "মহাশয়, এবার কীর্তনের অনেক দল আসিয়াছে।" ভনিয়া স্বামীজী দক্ষিণের জানালার গরাদে ধরিয়া উঠিয়া দাঁড়াইলেন এবং

২। বর্তমানে বেলুড়ে ছুই দিন উৎসব হয়—জন্মদিবসে ভক্তদের জন্ম ও পরবর্তী রবিবারে সর্বসাধারণের জন্ম। অনেক শাখা কেন্দ্রে সন্তাহব্যাপী উৎসবও হর।

ন্দ্রমাগত ভক্তমণ্ডলীকে নিরীক্ষণ করিলেন। কিন্তু অ**রক্ষণ পরেই স্বস্থানে** জ্যাসিয়া বসিলেন—দাঁড়াইয়া থাকাও তথন তাঁহার পক্ষে তৃঃসাধ্য।

একটু বাদে শিশু সজলনয়নে স্বামীজীর পাদপদ্ম ধরিয়া অমুনয় ক্রিলেন, ^এবার আমায় উদ্ধার করিতে হইবেই হইবে।" স্বামীজী বুঝাইয়া দিলেন, "কে কার উদ্ধার করতে পারে বল ? গুরু কেবল কতকগুলি আবরণ দুর করে দিতে পারে। ঐ আবরণগুলো গেলেই আত্মা আপনার গৌরবে আপনি জ্যোতিমান হয়ে সূর্যের মতো প্রকাশ পান।" প্রশ্ন হইল, "তবে শাম্বে রুপার কথা ভনতে পাই কেন ?" স্বামীজী উত্তর দিলেন, "কুপা মানে কি জানিস ? যিনি আত্মসাক্ষাৎকার করেছেন, তাঁর ভেতরে একটা মহাশক্তি থেলে। তাঁকে কেন্দ্র করে কিছুদূর পর্যস্ত রেডিয়াস (ব্যাসার্ধ) নিয়ে যে একটা সার্কল (বুত্ত) হয়, সেই বৃত্তের ভেতর যারা এসে পড়ে, তারা ঐ আত্মবিৎ সাধুর ভাবে অমুপ্রাণিত হর, অর্থাৎ ঐ সাধুর ভাবে অভিভূত হয়ে পড়ে। স্থতরাং সাধন-ভন্সন না করেও তারা অপূর্ব আধ্যাত্মিক ফলের অধিকারী হয়। একে যদি রুপা বলিস তো বল।" "এ ছাড়া আর কোনরূপ রূপা নাই কি, মহাশয় ?" "তাও আছে। যথন অবতার আদেন, তথন তাঁর সঙ্গে সঙ্গে মুফু পুরুবেরা সব তার লীলার সহায়তা করতে শরীর ধারণ করে আসেন। কোটি জন্মের অন্ধকার কেটে এক জন্মে মুক্ত করে দেওয়া কেবলমাত্র অবতারেরাই পারেন। এরই মানে রূপা, বুঝলি ?" যাহাদের অবতারের লীলাকালে তাঁহার দর্শনের ভাগ্য হয় না তাহাদের সম্বন্ধে তিনি বলিলেন, "তাদের উপায় হচ্ছে—তাঁকে ভাকা। ভেকে ভেকে অনেকে তাঁর দেখা পায়, ঠিক এমনি আমাদের মতো শরীর দেখতে পায় এবং তাঁর রূপা পায়।"

এইরপ কথা হইতেছে এমন সময় স্বামী নিরঞ্জনানন্দ হারে আঘাত করিলেন এবং শিশু উঠিয়া জানিয়া লইলেন কে আসিতেছে। নিবেদিতা ও অপর ফুই-চারি জন ইংরেজ মহিলা আসিতেছেন শুনিয়া স্বামীজী আলথালাটি চাহিয়া লইয়া উহা পরিলেন ও "সভ্য-ভব্য হইয়া বসিলেন"। অতঃপর নিবেদিতা আসিলেন এবং মেঝেতে বসিয়া স্বামীজীর শারীরিক কুশলাদি জিজ্ঞাসা করিয়া জল্প কথাবার্তার পরেই বিদায় লইলেন। তথন স্বামীজী শিশুকে ব্লিলেন, "দেশছিস্, এরা কেমন সভ্য! বাঙ্গালী হ'লে আমার অস্বর্থ দেখেও অস্ততঃ আধা ফুটা বকাত।" শিশু দর্জা বন্ধ করিয়া ভামাক সাজিয়া দিলেন।

বেলা আড়াইটার সময় লোকের খুব ভিড় জমিয়াছে; কত কীর্তন ও প্রসাদবিতরণাদি চলিতেছে—তাহার সীমা নাই। শিক্তের মন বুঝিতে পারিয়া আইজিটা বলিলেন, "একবার নয় দেখে আয়, খুব শীগগির আসবি কিন্ত।" শিক্ত আনন্দে বাহির হইয়া গেলেন, নিরঞ্জনানন্দ পূর্ববৎ পাহারায় নিযুক্ত রহিলেন। শিক্ত ফিরিলে স্বামীজী জিজ্ঞাসা করিলেন, "কত লোক হবে?" "পঞ্চাশ হাজার"—উত্তর দিলেন শিক্ত। শুনিয়া স্বামীজী উঠিয়া দাঁড়াইলেন এবং জনসক্ত্য দেখিয়া বলিলেন, "বড়জোর তিরিশ হাজার"। বেলা চারিটায় ভিড় কমিয়া আসিল ও স্বামীজীর ঘরের দরজা খুলিয়া দেওয়া হইল; কিন্তু কাহাকেও তাঁহার নিকটে ঘাইতে দেওয়া হইল না।

আমরা দেখিয়া আদিয়াছি, পূর্ববঙ্গ হইতে প্রত্যাবর্তনের পর স্বামীজীর কবিরাজী চিকিৎসা হইয়াছিল, এবং তাহাতে তিনি উপক্বত হইয়াছিলেন। বারাণদী হইতে আগমনের পরও অমুরূপ ব্যবস্থা হইয়াছিল বলিয়া মনে হয়। ইংরেজী জীবনীতে কবিরাজ মহানন্দ সেনগুপ্ত মহাশয়ের ব্যবস্থাম্যায়ী জল ও লবন পরিত্যাগপূর্বক কেবল ছ্য়পানের কথা উল্লিখিত আছে (৭৩৬ পৃঃ)। স্ত্যসঙ্কল্ল স্বামীজীকে যেরূপ দেখিয়াছি গ্রন্থেও ইহা সমর্থিত (৩৭৪ পৃঃ)। স্ত্যসঙ্কল স্বামীজী যথন স্থিব করিলেন যে, তিনি জলপান করিবেন না, তথন তিনি দেখিলেন যে, "তাহার গলদেশের পেশীসমূহ (মুথপ্রক্ষালনকালে) একবিন্দু জল প্রবেশ করিতে গেলেও আপনা হইতে বন্ধ হইয়া যাইত।" (ঐ, ৩৫৮ পৃঃ)। এইরূপ চিকিৎসায় স্বামীজীর স্বাস্থ্যের কিঞ্চিৎ উন্ধতি হইয়াছিল।

শরীর একটু স্থাই হওয়ার সঙ্গে সঙ্গেই তিনি তাঁহার চিরাভ্যন্ত অধ্যাপন, ধ্যানজপ-পরিচালনা, মঠের কার্যাদি পরিদর্শন ইত্যাদিতে মনোনিবেশ করিলেন। আমরা অবগত আছি যে, তাঁহার মনে যখন কোন কার্য সম্পাদনের ইচ্ছা জাগিত তখন শারীরিক অবসাদ, ব্যাধি, বা যন্ত্রণা তুচ্ছ জ্ঞান হইত, সব ভুলিয়া তিনি উহাতেই লাগিয়া যাইতেন। এই ভাবেই তিনি জীবনের শেষদিন পর্যন্ত শাস্ত্রাধ্যাপন ও শ্রীরামক্ষের ভাবপ্রচারে ব্যাপৃত ছিলেন। একান্ত অসম্ভব না হইলে তিনি প্রত্যাহ ঠাকুরদ্বরে যাইয়া ধ্যানে বসিতেন, অত্য সময়ে ধ্যানের প্রক্রিয়া ও সাধনপ্রণালী ব্যাখ্যা করিতেন। এতহাতীত নিজের লেখাপড়া, হিন্দুদর্শন ও ভারতবর্বের ইতিহাসাদি বিষক্ষে কোন প্রব্যোজনীয় উদ্ধৃতি টুকিয়া রাখা, চিঠিপত্রের উত্তর দেওয়া, সাধারণের সহিত দেখাসাক্ষাৎ ও আলাপ করাঃ

ইত্যাদিতেও প্রচুর সময় বায়িত হইত। সময়ে সময়ে চিত্তৰিনোদনের জন্ম বা ব্দপরকে আনন্দে রাখার জন্ম গান গাহিতেন বা হান্ত পরিহাস করিতেন। ইহাতে পারিপার্শ্বিক বিষয়তা অনেকটা কাটিয়া যাইত এবং উপস্থিত সকলে মনে করিতেন স্বামীদ্দী বুঝি ভালই আছেন। প্রকৃত অবস্থা কিছ অন্তরূপ ছিল। তাই দেখা যাইত, কথা বলিতে বলিতে তিনি হঠাৎ নীরব হইয়া যাইতেন, অথবা চোখে মুখে একটা ক্লান্তির ছাপ ফুটিয়া উঠিত। অমনি বিশ্রামের প্রয়োজন বোধ করিয়া সকলে তাঁহাকে নি:সঙ্গ থাকিতে দিতেন। একদিন তাঁহার চারিপার্যে বসিয়া অনেকে তর্ক-বিতর্ক করিতেচিলেন: স্বামীজী নীরবে বসিয়াছিলেন—আলোচনা ভাল লাগিতেছিল না। হঠাৎ তাঁহার হস্তবিত একটি শৃক্ত প্লাস ভূমিতে নিক্ষিপ্ত হইয়া চুর্ণবিচূর্ণ হইয়া গেল এবং কষ্টবোধের তিনি এইটুকুই নিদর্শন দিলেন। (এ, ৩৫৮ প:)। বন্ধুবান্ধব সকলে স্বামীজীর বিশ্রামের ব্যবস্থা করিতে আগ্রহশীল হইলেও তাঁহার নিজের দিক হইতে প্রকৃত আচার্যের কর্তব্য এড়াইয়া চলার বিন্দুমাত্র চেষ্টা ছিল না। ববং তিনি যথন জানিতে পারিলেন যে, তাঁহার অস্থবিধা হইবে বলিয়া তাঁহার গুরুভাতৃগণ অনেক তথামেধীকে তাঁহার সহিত দেখা করিতে দেন না. তথন তিনি বলিয়াছিলেন, "আরে দেখ, এ শরীরে আর কি প্রয়োজন ? পরের কল্যাণের জন্মই এ দেহপাত হউক। ঠাকুরকে দেখিস নি, শেষ দিন পর্যস্তও লোককল্যাণের জন্ম শিক্ষা দিয়ে গেছেন ? আমার কি উচিত নয় তাই করা ? আর এ দেহ গেলেই বা কি আসে যায় ? এ তো অতি তুচ্ছ পদার্থ, যদি দেশের লোকের হৃদয়নিহিত আত্মাকে প্রবৃদ্ধ করবার জন্ম শত শত বার মৃত্যুযন্ত্রণা ভোগ করতে হয়, তাতেও আমি পশ্চাৎপদ নই।"

ক্দু বৃহৎ সব কার্যেই তাঁহার দৃষ্টি ছিল। পরিষার পরিচ্ছন্নতা এত ভালবাদিতেন যে, কোথাও এতটুকু ময়লা পড়িয়া থাকার জো ছিল না। কথনও ভৃত্যদের অস্ক্রতাবশতঃ ঘর-ঘারে ঝাঁট না পড়িলে নিজে সম্মার্জনী-হস্তে ঐ কার্যে নামিতেন। ঐরপ দেখিয়া কেহ যদি তাঁহার হস্ত হইতে ঝাঁটা লইতে আমিত বা বলিত, "আপনি কেন?" তাহা হইলে মার্জনী না ছাড়িয়াই বলিতেন, "তা হলই বা—অপরিষার থাকলে মঠের সকলের যে অস্থ করবে।" অনেক্র সময় নিজে সকলের বিছানাপত্র তদারক করিতেন, দেখিতেন সময়মত

রেজ-হাওয়ায় দেওয়া হইতেছে কিনা; গাফিলতি দেখিলে সাবধান করিয়া
দিতেন। শ্রীশ্রীঠাকুরের আদর্শ অবলম্বনে তিনি সকলকে বলিয়া দিয়াছিলেন
যে, সকাল-সন্ধ্যা যাহাতে ধ্যানজপের স্থবিধা হয়, সেইজন্ত রাত্রে গুরুভোজন
করা অক্তান্ধ—কেবল দ্বিপ্রহরে একবার পূর্ণ আহার করা উচিত, আরু
সকাল-সন্ধ্যায় শুধু অল্প জলযোগ।

অধ্যয়ন-অধ্যাপনের প্রতি ঝোঁক তাঁহার শেষ পর্যন্ত ছিল। সকলকে পুন: পুন: বলিয়া রাখিয়াছিলেন, যাহাতে প্রত্যাহ নিয়ম করিয়া বেদ ও পুরাণ পঠিত হয়। লীলাসংবরণের দিনেও স্বয়ং ঐ সব পাঠে উপস্থিত থাকিয়া ডিনি সকলের আনন্দ ও উৎসাহ বর্ধন করিয়াছিলেন। একবার তিনি বলিয়াছিলেন. বেদের ব্রাহ্মণভাগ হইতেই পুরাণসমূহের উৎপত্তি। একদিন পুস্তকাগার হইতে গো-পথ-ব্রাহ্মণ আনাইয়া স্বামী শুদ্ধানন্দকে উহার থানিকটা ব্যাখ্যা করিতে বলিয়াছিলেন, নিচ্ছেও ঐ বিষয়ে সাহায্য করিয়াছিলেন। একবার তিনি নিয়ম করিয়াছিলেন যে, দ্বিপ্রহরে ভোজনের পর কেহ নিদ্রা যাইবে না, প্রত্যুত পুরাণ পাঠের জন্ম সমবেত হইবে। পূজাদি বা অন্ত কোন বিষয়ে বেশী বাড়াবাড়ি করা তাঁহার মন:পৃত ছিল না। ঠাকুর-পূজা করিতে সিয়া অত্যধিক ক্ষিপ্রতাপ্রদর্শন যেমন তাঁহার কচিবিক্দ ছিল, তেমনি অবাস্থনীয় ছিল অনাবশুক আড়ম্বরপূর্ণ ও দীর্ঘকালব্যাপী ক্রিয়াকলাপ। ভক্তির সহিত অকপটহাদয়ে পূজা করিয়া যাও, সরলপ্রাণে তাঁহার শ্বরণ মনন কর, একান্ত নির্ভরের সহিত তাঁহার শ্রীপাদপন্ধে শরণ লও—ইহাই ছিল তাঁহার মতে সর্ববিধ উপাসনার মর্মকথা। বেশী খুঁটিনাটির দিকে ঝুঁকিয়া সময়ের অপব্যবহার না করিয়া বরং ঐ সময়টা ধ্যান-ধারণা বা শাল্পাঠাদিতে কাটাইলে অধিকতর কল্যাণলাভ হয়। শাস্ত্রপাঠের জন্য নির্দিষ্ট সময়ে ঘণ্টা বাজিত এবং নিয়ম ছিল যে, ঘণ্টা বাজার সঙ্গে সঙ্গে সকলকে আর সমস্ত কাজ ছাড়িয়া পাঠস্থলে উপস্থিত হইতে হইবে। সকলকে তিনি যেমন ভালবাসিতেন, তেমনি কঠোরভাবে শাসনও করিতেন— প্রকলাতারা পর্যস্ত এই শাসন অতিক্রম করিতে পারিতেন না।

ধ্যানধারণার প্রতি তাঁহার আবাল্য যে প্রীতি ছিল, শেষের দিনগুলিতেও উহা অব্যাহত ছিল কিংবা আরও পরিস্ফুট হইয়াছিল। ঘণ্টা বাজিবার আধ ঘণ্টার মধ্যেই সকলে যথন ঠাকুরঘরে হাজির হইতেন, তখন নেহাৎ অসমর্থ না হইলে তিনি স্বয়ং প্রত্যাহ সেখানে যাইতেন। তাঁহার জন্ম ঠাকুরঘরে একথানি আসন নির্দিষ্ট থাকিত। তিনি তছুপরি উদ্ভরাক্ত হইয়া বসিতেন, এবং সকলে কিঞ্চিৎ দূরে দূরে তাঁহাকে বেটন করিয়া বসিতেন। তিনি না উঠিলে কাহারও আসন ত্যাগের অধিকার ছিল না। অনেক দিন ধ্যানে ছই ছেটা পর্যন্ত কাটিয়া যাইত। তারপর তিনি "শিব শিব" বলিয়া গাজোখান করিতেন, শ্রীরামক্বফকে প্রণাম করিয়া নীচে নামিতেন ও পায়চারি করিতেন; কথনও বা শ্রামাসঙ্গীতাদি করিতেন। স্বামী ব্রদ্ধানন্দ একবার বলিয়াছিলেন, "আহা! নরেনের সঙ্গে ধ্যান করতে বসলে কি তল্ময়তা আসে! একলা বসলে ঠিক অমনটা হয় না।"

অতঃপর আমরা 'বাণী ও রচনা' হইতে স্বামীন্সীর শিশ্ব শরচক্র চক্রবর্তী মহাশয়ের লিখিত কিছু বিবরণ উপস্থিত করিতেছি। উহা হইতে ঐ কালের মঠ-জীবন সম্বন্ধে কিঞ্চিৎ ধারণা হইবে। শরৎবাবু লিথিয়াছেন: "আজ শনিবার। সন্ধ্যার প্রাককালে শিশু মঠে আসিয়াছে। মঠে এখন সাধন-ভজন জ্বপ-তপস্থার খুব ঘটা। স্বামীজী আদেশ করিয়াছেন—কি ব্রহ্মচারী, কি সন্নাসী সকলকেই অতি প্রত্যুবে উঠিয়া ঠাকুরঘরে জপ-ধ্যান করিতে হইবে। স্বামীজীর তো নিদ্রা একপ্রকার নাই বলিলেই চলে, রাত্রি তিনটা হইতে শ্যা ত্যাগ করিয়া উঠিয়া বশিয়া থাকেন। একটা ঘণ্টা কেনা হইন্নাছে; শেবরাত্রে সকলের ঘুম ভাঙ্গাইতে ঐ ঘণ্ট। মঠের প্রতি ঘরের নিকট সন্ধোরে বাজানে। হয়।" (ঐ, ১।২৩৭)। শিশ্ব আসিলে স্বামীন্দীর সহিত এইসব প্রসঙ্গ মঠের আদিকালে বরাহনগরে কঠিন তপস্থাদির কথা হইতে লাগিল। তারপর স্বামীজী ঐ প্রসঙ্গে বলিলেন, "তবে এখন যে মঠে খাট-বিছানা, থাওয়া-দাওয়ার সচ্চল বন্দোবস্ত করেছি তার কারণ—আমরা যতটা সইতে পেরেছি, তত কি আর এখন যারা সন্ন্যাসী হ'তে আসছে তারা পারবে ? আমরা ঠাকুরের জীবন দেখেছি, তাই দু:খ-কট্ট বড় একটা গ্রাহের ভেতর আনতুম না। এখনকার ছেলেরা তত কঠোর করতে পারবে না। তাই একটু থাকবার জায়গা ও একমুঠো অন্নের বন্দোবস্ত করা—মোটা ভাত মোটা কাপড় পেলে ছেলেগুলো সাধন-ভন্ধনে মন দেবে এবং জীবহিতকয়ে জীবনপাত করতে শিখবে।" শিক্স বলিলেন, "মহাশন্ন, মঠের এ-সব খাট-বিছানা দেখিয়া বাহিরের লোক কড কি বলে!" স্বামীদী কহিলেন, "বলতে দে না। ঠাটা করেও তো এখানকার কপ্রা একবার মনে আনবে! শক্রভাবে শীগগির মৃক্তি হয়।" (ঐ, ১।২৩১)।

অপর এক রাজে শরৎবার্ স্বামীজীর ঘরেই ঘুমাইরাছিলেন। রাজি চারিটার সময় স্বামীজী শিশুকে বলিলেন, "যা, ঘণ্টা নিয়ে সাধু-ব্রহ্মচারীদের জাগিয়ে তোল্।" শিশু ঐরপ করিলে সাধুরা ক্রন্ড প্রাতঃরুত্য সমাপনাস্তে ঠাকুরঘরে জপধ্যানের জ্বন্ত গেলেন। ঘণ্টাটি স্বামীজীর নির্দেশমত স্বামীর ব্রহ্মানন্দের কানের কাছে খুব জোরে জোরে বাজানো ইইয়াছিল; ইহাতে তিনি বলিয়াছিলেন, "বাঙ্গালের জ্ঞালায় মঠে থাকা দায় হল।" শিশুমুখে স্বামীজী ঐ কথা শুনিয়া খুব হাসিলেন। যথাসময়ে স্বামীজীও হাতম্থ ধুইয়া শিশুসহ ঠাকুরঘরে ঢুকিলেন। স্বামীজী আসনে বসিবার পরেই একেবারে দ্বির শাস্ত নিশ্বন্দ হইয়া গোলেন। স্বমেকবৎ অচল দেহ হইতে তথন অতি ধীরে ধীরে স্বাস নির্গত হইতেছিল। শিশু স্তন্তিত হইয়া স্বামীজীর সেই নিবাত নিক্ষ্প দীপশিথার গ্রায় অবস্থান নির্নিমেষে দেখিতে লাগিলেন।" প্রায় দেড় ঘণ্টা পরে স্বামীজীর ধ্যান ভঙ্গ হইল। দেখা গেল, ধ্যানোখিত মহাযোগীর চন্দ্ অরুণরাগে রঞ্জিত এবং মুখ গন্তীর, প্রশাস্ত ও দ্বির। শ্রীশ্রীঠাকুরকে প্রণাম করিয়া তিনি নীচে নামিলেন এবং মঠপ্রাঙ্গণে পায়চারি করিতে লাগিলেন। (ঐ, ২৪১-৪২ পৃঃ)।

কোনও দিন অহস্থাবস্থায় স্বামীজী হয়তো ঠাকুরম্বরে যাইতে পারিতেন না; কিন্তু তথনও তিনি থবব রাথিতেন, অপরেরা দেখানে নিয়মিত যাইতেছেন কিনা। একবার কয়েক দিন অহপস্থিতির পর হঠাৎ একদিন ঠাকুরম্বরে গিয়া তিনি দেখিলেন, মাত্র হুইজন ব্যতীত আর কেহ সেথানে নাই। অত্যক্ত অসম্ভইটিন্তে নীচে নামিয়া তিনি সকলকে নিকটে ডাকাইলেন এবং প্রত্যকের নিকট অহপস্থিতির জন্ত কৈদিয়ত চাহিলেন। ছই-তিন জন শারীরিক অস্থ্যতার কথা বলিলেন, আর কেহ কোন সম্ভোষজনক কারণ দেখাইতে পারিলেন না। ইহাদের মধ্যে স্বামীজীর একজন গুরুভাইও ছিলেন; কিন্তু সেদিন কেহই নিস্তার পাইলেন না, বাহিরে ভিক্লা করিয়া থাইতে হইবে; এমন কি কলিকাতার বন্ধদের বাড়ীতেও যাওয়া চলিবে না। কিন্তু স্বামীজীর চরিত্রে ছিল কোমল-কঠোরের অপূর্ব সমাবেশ। মঠের ভাইরা দেদিন অনাহারে থাকিবে কিংবা কটে আর্জিত ভিক্লারে ক্ষার যৎকিঞ্চিৎ প্রশমনে যত্বপর হইবে ইত্যাদি ভাবিয়া দে দৃষ্ঠ হইতে দূরে সরিয়া যাইবার জন্ত তিনি এক কাল্পের

অছিলায় কলিকাতার চলিয়া গেলেন। পরদিন আসিয়া জিজ্ঞাসা করিলেন, কাহার ভাগ্যে কি স্কৃটিয়াছিল। তখন তাঁহার ব্যবহার অতি সদয় ও ক্ষেত্ময়; ভিক্ষাকালীন অভিজ্ঞতা শুনিয়া খুব হাসি-ঠাট্টা চলিতে লাগিল। যাহারা তাঁহার শুকুল্রাতার সঙ্গ লইয়াছিলেন, তাঁহারা হাওড়ার উত্তরাংশে—মঠ হইতে তিন মাইল দ্বে সালকিয়ায় এক মাড়োয়ারী ব্যবসায়ীর গৃহে প্রচ্র উপাদেয় বস্থ পাইয়াছিলেন শুনিয়া আফ্রাদে আটখানা হইলেন। আবার কাহারও ভাগ্যে উপযুক্তরূপ খাত্ত স্কুটে নাই শুনিয়াও তিনি আমোদ করিতে লাগিলেন। নবযুগ প্রবর্তনে নিরত স্বামীজী একদিকে যেমন সেবার আদর্শকে উচ্চ স্থান দিতেন, অপরদিকে তেমনি ত্যাগ ও ধ্যানের উৎকর্ষের প্রতিও সতর্ক দৃষ্টি বাথিতেন; আবার মানবীয় সম্বৃত্তিগুলিকেও পূর্ণ প্রকাশের অবকাশ দিতেন—তিনি ছিলেন স্বাঙ্গীণ উন্নতির পথিকৎ।

তিনি জানিতেন, তাঁহার লীলা সমাপ্তপ্রায়। এখন তাঁহার কাজ পূর্ব-প্রচারিত আদর্শ ও ভাবরাজিকে দৃচ্মল করা; চিরকাল খুঁটিনাটি ব্যাপারে লাগিয়া থাকা তাঁহার কর্তব্য নহে, ঐসব এখন হইতে অপরকেই করিতে হইবে। তাঁহার এই অভিপ্রায়টি 'উলোধন'-সংক্রাস্ত একটি ঘটনায় পরিষ্কার বৃদ্ধিতে পারা যায়। 'উলোধন'-পত্রের তৎকালীন পরিচালকের নিকট ঐ পত্রে প্রকাশের জন্তু শরচন্দ্র চক্রবর্তী ও পণ্ডিত প্রমথনাথ তর্কভূষণ মহাশয় গীতার ঘইটি অন্থবাদ পাঠাইলে পরিচালক দ্বির করিতে পারিলেন না, কোনটি প্রকাশ করা সমীচীন। এই সমস্তা লইয়া স্বামীজীর নিকট আসিলে তিনি খুশী না হইয়া বরং বলিলেন, "এটা এমন কিছু গুরুতর বিষয় নয় যে, তার মীমাংসার জন্ত তোদের এখানে ছুটে আসার দরকার ছিল। একটু বৃদ্ধি-বিবেচনা থরচ যদি না করতে পারিদ, তবে তোরা কি করে কাজ চালাবি ? এই দেখ্ দিকি, নিবেদিতা কেমন নিজের মাখা থাটিয়ে ধীরে ধীরে আপনার কাজ করে যাচ্ছে—আমাকে এক্ষারগ্র

৩। 'বামী ব্রন্ধানন্দ' গ্রন্থে অমুরূপ একটি ঘটনা আছে (২০৯-২০ পৃ:), কিন্তু সে বর্ণনার দ্বিপ্রহরে বামীজীর মঠে উপস্থিতি বীকৃত হইরাছে; উপরের বর্ণনার তাহা অবীকৃত (বাঙ্কলা জীবনী, ১৪২ পৃ:)। অধিকন্ত প্রথম গ্রন্থের মতে বামী ব্রন্ধানন্দ ভিক্ষা করিতে গিরাছিলেন, ভিক্ষা করারই উদ্দেশ্যে, কোন অপরাধের কলে নহে। বামী ব্রন্ধানন্দের দিনলিপিতে আর একদিনের ঘটনার বিবরণে আছে: "May 1 (1902): Tarakda, myself, Kanai and Haripada gong to beg Madhukari and returned to the Math at 10-30 s. m."

বিরক্ত করে না।" অবশ্র ইহার পর তিনি তর্কভূষণ মহাশয়ের অমুবাদই ছাপাইতে বলিয়াছিলেন; তবে তৎপূর্বে লেখককে স্বামীদ্ধীর অভিপ্রায়ামূসারে অমুবাদটি পুনরায় লিখিতে হইয়াছিল। কারণ প্রথমবারে উহা দেখিয়া স্বামীদ্ধী মন্তব্য করিয়াছিলেন, "এদেশের পণ্ডিতরা শ্লোকের ঠিক শব্দগত অমুবাদ করতে দানেন না।"

খামীজী চাহিতেন, সকলে স্থ স্থা ক্ষেত্রে পূর্ণ দায়িত্ব গ্রহণ করিতে শিখুক; তৎসহ আবশ্রক ছিল সকল কাজের গুরুত্ব-লঘুত্ব বিচার। অধিকারপ্রাপ্ত ব্যক্তিকে স্বায়ন্তাধীন লঘু সমস্থার সমাধান স্বয়ং করিতে হইবে; কিন্তু গুরুত্বর বিষয়ের জন্ম অপরের পরামর্শও লইতে হইবে। পূর্বোক্ত ঘটনার পরে 'উলোধন'-পরিচালকগণ ভয়ে অনেকদিন স্বামীজীর নিকট আসেন নাই। কেবল একবার একটি সমস্থা সম্বন্ধে তাঁহার মত গ্রহণ করা আবশ্রক হওয়ায় পত্র লিখিয়াছিলেন। বিষয়টি খুবই গুরুত্ব ছিল এবং দিদ্ধান্ত গ্রহণের পূর্বে অনেক গোপনীয় আলোচনার প্রয়োজন ছিল। তাই স্বামীজী পত্রোত্তরে তাঁহাদিগকে দেখা করিতে লিখিলেন এবং জানাইলেন যে, এইরূপ ক্ষেত্রে স্বয়ং না আসায় অবিবেচনার কাজ হইয়াছে।

রামকৃষ্ণ মঠ-মিশনের মৃথপত্রে যাহাতে জ্রীরামকৃষ্ণের ভাবধারা সঠিক প্রকাশ পায়—এই বিষয়ে স্বামীজী সতর্ক দৃষ্টি রাখিতেন। একবার 'উদ্বোধনে' এক ধার্মিক ব্যক্তির সন্ধার্প সাম্প্রদায়িক মতের পরিপোষক একটি প্রবন্ধ প্রকাশিত হইলে স্বামীজী বিশেষ কট হইয়াছিলেন। আর একবার এক গণ্যমান্ত ব্যক্তির মৃত্যুর পর যে সম্পাদকীয় মন্তব্য মৃত্রিত হইয়াছিল, ভাহাতে "দীর্যখাস, অক্তকা ও লোক-প্রকাশের অন্তান্ত উপকরণের কিছু আধিক্যা" দেখিয়া স্বামীজী মহা অসন্তই হন এবং তৎক্ষণাৎ সম্পাদককে ডাকাইয়া ওরূপ অসারোজ্যির দারা কাগজ বোঝাই করার জন্ত বিলক্ষণ তিরন্ধার করেন। অন্ত এক সময়ে উক্ত সম্পাদক সমাজ-সংস্থার বিষয়ে লেখনী পরিচালনা করিলে স্বামীজী তাঁহাকে ভর্মনা করিয়া বলেন যে, পত্রিকাখানিকে সংস্থারকারীদের প্রচারকার্যের যন্তে পরিণত করিলে চলিবে না। (বাঙ্গলা জ্বীবনী, ১৩৯ পুঃ)।

জতঃপর শরৎবাবু 'স্বামি-শিশ্য-সংবাদ'-এ আরও যে তুই-একথানি চিত্র অন্ধিত করিয়াছেন, আমরা তাহার উল্লেখ করিতেছি। ('বাণী ও রচনা', ১।২৪০ ইত্যাদি)। শরৎবাবুর লেখনীমুখে প্রশ্নোক্তর-ক্লাস বা স্বামীজীর ভাষায় 'চর্চা'ক্

কথা স্থলর লিপিবদ্ধ হইরাছে। এই চর্চাকালে গীতা, ভাগবত, উপনিবদ্ ও বন্ধস্ত্ত আলোচিত হইত। স্বামী ভদানন্দ, বিরজ্ঞানন্দ ও স্বন্ধপানন্দ ছিলেন প্রধান জিজ্ঞান্থ। স্বামীজী প্রায় নিতাই উপস্থিত থাকিরা প্রস্নগুলির মীমাংসা করিরা দিতেন। স্বাম সময়ে অপর কেহ মীমাংসাকারীর আসন গ্রহণ করিতেন।

একদিন অপরাত্নে স্বামীন্ধী স্বামী প্রেমানন্দের সহিত ভ্রমণে বাহির হইলেন।
তাঁহার গায়ে আলখারা, মন্তকে গৈরিক কান-ঢাকা টুপি এবং হাতে একগাছা
মোটা লাঠি। তিনি শরৎবাবুকেও দক্ষে ভাকিয়া লইলেন, কিন্তু রাস্তায় বাহির
হইয়া কথা না বলিয়া আপন মনে হাঁটিয়া চলিলেন—গ্রাও ট্রাক্ত রোডে পড়িয়াও
ঐ ভাবেই অগ্রসর হইতে থাকিলেন। অগত্যা শরৎবাবু স্বামী প্রেমানন্দের
দহিত আলাপ করিতে লাগিলেন। শ্রীশ্রীঠাকুর বিভিন্ন সময়ে স্বামীন্ধীর সম্বন্ধে
যেসব উক্তি করিতেন তাহারই কথা হইল: "নরেন অথওের ঘর থেকে
এসেছে"; "ও আমার খন্তর ঘর"; "এমনটি জগতে কথনও আসেনি—আসবে
না"; "মহামায়া ওর কাছে যেতে ভয় পায়"। স্বামীন্ধী কোন ঠাকুর-দেবভার
কাছে মাথা নোয়াইতেন না; একদিন ঠাকুর সন্দেশের ভিতর প্রিয়া
স্বাধাদেবের প্রসাদ থাওয়াইয়া দিয়াছিলেন। ফিরিবার পথেও স্বামীন্দীর
সহিত কোন কথা হইল না—তিনি আপন মনে নীরবে চলিতে থাকিলেন এবং
ঐ ভাবেই মঠে ফিরিলেন।

আর একদিন বিকালে শিশু শরংবারু কলিকাতায় গঙ্গার ধারে বেড়াইতে বেড়াইতে দেখিলেন, একজন সন্ত্রাসী আহিরিটোলার ঘাটের দিকে অগ্রসর হইতেছেন। নিকটস্থ হইয়া তিনি দেখিলেন, সাধু অপর কেহ নহেন, তাঁহারই শুরু স্বামী বিবেকানন্দ। স্বামীজীর বামহন্তে শালপাতার ঠোঙায় চানাচুর ভাজা; বালকের মতো উহা থাইতে থাইতে ঘাটের দিকে চলিয়াছেন। শিশু-ভাহাকে কলিকাতায় আসার কারণ জিজ্ঞাসা করিলে তিনি বলিলেন, "একটা দরকারে এসেছিল্ম। চল্, তুই মঠে যাবি ? চারটা চানাচুর ভাজা থা না ? বেশ স্থন-ঝাল আছে।" শিশু সহান্তে প্রসাদ গ্রহণ করিলেন ও মঠে ঘাইতে সম্মত হইয়া নৌকার খোঁজে গেলেন। তিনি এক মাঝির সহিত দর-দম্বরে ব্যস্ত আছেন—মাঝি আট আনা চায়, আর শিশু বলেন তুই আনা—এমন সময়ঃ স্মীজী সেখানে আসিয়া পড়িলেন ও বলিলেন, "ওদের সঙ্গে আবার কিঃ

দর দন্তব করছিন? যা, আট আনাই দেবো।" নৌকা চলিতে থাকিলে শ্রীরামক্ষের লীলাগুণকীর্তন আরম্ভ হইল। স্বামীজী বৃঝাইরা দিলেন, ঠাকুর কিরপে ভক্তদের শ্রেণীবিভাগ করিতেন—কেহ ভক্ত, কেহ অন্তবঙ্গ, কেহ জন্মরকোটি। "কাম-কাঞ্চনের সেবাও করবে, আর ঠাকুরকেও বৃথবে—একি কথনও হয়েছে?—না হতে পারে ?…ঠাকুরের ভক্তদের ভেতর অনেকে এখন 'ঈশ্বরকোটি', 'অন্তবঙ্গ' ইত্যাদি বলে আপনাদের প্রচার করছে। তাঁর ত্যাণ-বৈরাগ্য কিছুই নিতে পারলে না, অথচ বলে কিনা তারা দব ঠাকুরের অন্তবঙ্গ ভক্ত।…ঘিনি ত্যাগীর 'বাদশা', তাঁর ক্লপা পেয়ে কি কেউ কথন কাম-কাঞ্চনের সেবার জীবনযাপন করতে পারে ?…তাঁর ক্লপা যারা পেয়েছে, তাদের মন-বৃদ্ধি কিছুতেই আর সংসারে আসক্ত হতে পারে না। ক্লপার টেন্ট (পরীক্ষা) কিন্তু হচ্ছে কাম-কাঞ্চনে অনাসক্তি।" (ঐ, না২৫০-৫৩)।

অতঃপর অন্য প্রসঙ্গের অবতারণক্রমে শিশ্ব প্রশ্ন করিলেন, "মহাশন্ন, আপনি যে দেশ-বিদেশে এত পরিশ্রম করিয়া গেলেন, ইহার ফল কি হইল?" উত্তর আদিল, "কি হয়েছে, তার কিছু কিছু মাত্র তোরা দেখতে পাবি। কালে পৃথিবীকে ঠাকুরের উদার ভাব নিতে হবে, তার স্ফনা হয়েছে। এই প্রবল বক্তামুখে সকলকে ভেনে যেতে হবে।" (ঐ)।

শিক্স তারপর জানিতে চাহিলেন, স্বামীজীর নিজের সম্বন্ধে ঠাকুর কি কি বলিতেন। স্বামীজী কতকটা এড়াইয়া গিয়া বলিলেন, "আমার কথা আর কি বলব ? দেখছিদ তো, আমি তার দৈতাদানার ভেতরকার একটা কেউ হবো। তার দামনেই তাঁকে কথন কথন গালমন্দ করতুম। তিনি ভনে হাদতেন।" বলিতে বলিতে তাঁহার ম্থ গন্তীর হইয়া গেল। তারপর কিয়ৎক্ষণ নীরব থাকিয়া আপন মনে গুনগুন করিয়া গান ধরিলেন—

"(কেবল) আশার আশা, ভবে আসা, আসামাত্র সার হ'ল।

এখন সন্ধাবেলায় ঘরের ছেলে ঘরে নিম্নে চলো।" ইত্যাদি
ততক্ষণ নৌকা মঠে পৌছিয়া গিয়াছে। ভাড়া চুকাইয়া স্বামীজী নৌকা হইডে
নামিলেন ও জামা খুলিয়া মঠের পশ্চিমের বারাণ্ডায় বসিলেন।

১৩ই আবাঢ় (২৭শে জুন) শুক্রবার, ১৯০২, তারিখে শিশ্ব আফিনের পোশাকেই স্বামীজীর নিকট উপস্থিত হইলে তিনি বলিলেন, "তুই কোট-প্যাণ্ট -পরিদ, কলার পরিদনি কেন ?" স্বামী দারদানক্ষকে ডাকিয়া বলিজেন, "আমার যে-সব কলার আছে, তা থেকে ছটো কলার কাল একে দিল তো।" কিছুক্রণ পরে স্বামীক্ষী উপরে চলিয়া গেলেন। তাহারও কিছু পরে শিশ্র स्रोमोकीत करक शिवा मिथिलन जिनि शानस्—मृथ अभृत जाद भूर्व, राम চক্রকান্তি ফুটিয়া বাহির হইতেছে। বহুক্রণ দাঁড়াইয়াও স্বামীন্দীর বাহু চেতনার ককণ না দেখিয়া শিষ্য দেখানেই বসিয়া পড়িলেন। আরও অর্ধঘন্টা পরে দেখা গেল স্বামীজীর বন্ধ পাণিপদ্ম কম্পিত হইতেছে; উহার পাচ-দাত মিনিট বাদেই তিনি চক্ষ্ক্রীলন করিয়া শিয়কে জিজ্ঞাসা করিলেন, "কথন এখানে এলি ?" "এই কতক্ষণ আদিয়াছি।" "তা বেশ। এক গ্লাদ জল নিয়ে আয়।" জল পানের পর সাধনাদি সম্বন্ধে একট কথাবার্তা হইল। অতঃপর স্বামীন্ধী শিক্তকে আশীর্বাদ করিলেন, "শ্রদ্ধাবান হ, বীর্যবান হ, আত্মজ্ঞান লাভ কর, আর পরহিতায় জীবনপাত কর—এই আমার ইচ্ছা ও আশীর্বাদ।" শিশ্ব তথাপি পদপ্রান্তে পড়িয়া রুপাভিকা করিতে থাকিলে তিনি আবার বলিলেন, "আমার আশীর্বাদে যদি তোর কোন উপকার হয় তো বলছি—ভগবান রামক্লঞ্চ তোকে ক্রপা করুন। এর চেয়ে বড আশীর্বাদ আমি জানি না।" শিশুনীচে নামিয়া স্বামী শিবানন্দকে ঐ আশীর্বাদের কথা শুনাইলে, তিনি বলিলেন, "যাঃ বাঙ্গাল, তোর দব হয়ে গেল। এর পর স্বামীজীর আশীর্বাদের ফল জানতে পারবি।"

পরদিন প্রত্যুবে তাড়াডাড়ি হাতমূথ ধুইয়া শিশু স্বামীজীর নিকট বিদায় লইতে গেলে স্বামীজী জিজ্ঞাসা করিলেন, "এথনি যাবি?" "আজে হাঁ।" "আগামী রবিবারে আসবি তো?" "নিশ্চয়।" "তবে আয়; ঐ একথানি চলতি নৌকাও আসছে।" শিশুের ইহাই শেষ দর্শন।

ষামীজীর একটি কাজ তথনও অবশিষ্ট ছিল—ভিঙ্গার রাজার প্রাদত অর্থে (পাঁচ শত টাকার) কাশীধামে একটি আশ্রম স্থাপন করিতে হইবে। তিনি প্রথমতঃ স্বামী সারদানন্দকে এই কার্যভার দিতে চাহিলেন; কিন্তু সারদানন্দজী শত্মত হইলেন না। তথন তিনি স্বামী শিবানন্দকে এ কর্তব্য বরণ করিতে বলিলেন। স্বামী শিবানন্দ তথন স্বামীজীর সেবায় নিযুক্ত ছিলেন। স্বেচ্ছার্ত এই অভ্যাবশুক কর্তব্য ছাড়িয়া তাঁহার অন্তত্ত যাওয়ার মোটেই ইচ্ছা ছিল না; স্থতরাং তিনিও অস্বীকৃত হইলেন। স্বামীজী তব্ হাল ছাড়িলেন না, বেশ বিরক্তি দেখাইয়া অন্থযোগ ও ভর্মনা-মিশ্রিত স্বরে বলিলেন, "টাকা নিয়ে কালুনা করায় আপনার জন্ম আমাকে কি শেবে জ্যোচ্চার বনতে হবে ?"

শিবানন্দলী অগত্যা রাজী হইলেন এবং জুনের একেবারে শেবে কাশা যাত্রা করিলেন। কি আশ্চর্য, স্বামীজীর শেব কীর্তি—কাশীধামে স্বামী শিবানন্দ কর্তৃক 'শ্রীরামকৃষ্ণ অবৈতাশ্রম' স্থাপন—হইল সেই অবিশ্বরণীয় দিনে—৪ঠা জুলাই!

৪। 'মহাপুরুষ শিবাদক্ষ' গ্রন্থে (১৪০ পৃষ্ঠা) ২ংশে বা ২৬শে জুন তাঁহার কালী বাত্রার কথা আছে। কিন্তু 'বালী ও রচনা'র মতে (৯।২৭৭) ১৩ই আবাঢ় (২৭শে জুন) স্বামী শিবানক্ষ বেলুড়ে উপস্থিত ছিলেন। স্বামী ব্রন্ধানক্ষের দিনলিপিতে আছে: "June 23 (1902): Tarakda with Kedar gone to Benaras by this evening mail from Math."

মহাসমাধি

কিছুকাল যাবং বছ কুদ্র কুদ্র ঘটনা এবং অস্পষ্ট ইঙ্গিত বা স্পষ্ট ঘোষণা সকলকে জানাইয়া দিতেছিল যে, স্বামীজীর মর্ত্যালীলা সমাপ্তপ্রায়, আর অল্প দিনই বাকি; কিন্তু এমন নিদাক্রণ সত্য কে স্বীকার করিয়া লইতে চায়? সকলেই তথন ভাবিতেন—না, স্বামীজী এত শীল্প তাঁহার প্রিয়জনদের ছাড়িয়া যাইতে পারেন না। তথন ঐসব উক্তি বা আভাসকে গ্রাহ্থ না করিলেও তাঁহার লীলাসংবরণের পরে ঐগুলি সকলেরই নিকট বাঞ্জনামর বলিয়া বোধ হইয়াছিল। বিশেষত: (৮ই মার্চ) কাশী হইতে ফিরিবার পরে ইহা ফুটতর হইয়াছিল। তিনি জমেই আপনাকে সর্বপ্রকার দায়িত্ব হইতে সরাইয়া লইতেছিলেন। তিনি তাহার সন্মাসী শিল্পবৃন্দকে দেখিবার অভিলাবে স্বহস্তে পত্র লিখিয়া তাঁহাদিগকে তুই-একদিনের জন্মও তাঁহার সহিত দেখা করিয়া যাইতে লিখিয়াছিলেন। অনেকে আহ্বান পাইবামাত্র আদিয়াছিলেন, কেহ কেহ কার্যায়্রেমধে আসিতে পারেন নাই—পরে যথন শুনিলেন তিনি আর ইহলোকে নাই, তথন দর্শনের এই শেষ স্থযোগ হারাইয়া তাঁহাদের আক্ষেপের সীমা ছিল না।

কাজ হইতে তিনি সরিয়া দাঁড়াইতেছিলেন শারীরিক অসামর্থ্যের জন্ম এবং
শিশুদিগকে কাজের দায়িত্ব দিয়া উপযুক্ত করিয়া তুলিবার জন্ম। স্বামী
শিবানন্দের ২রা জুন, ১৯০২-এর পত্রে জানা যায় যে, স্বামীজীর "চঁক্ষ্র অস্থ্যের
জন্ম নিজে অনেক সময় পড়িতে অথবা লিথিতে" পারিতেন না। আর শিশুদের
হস্তে কার্যভার অর্পন করার কথা নিজেই বলিয়াছিলেন, "কত দেখা যায় যে, মাহুষ
দিনরাত তার শিশুগণের কাছে থেকে তাদের মাটি করে ফেলে! একবার
লোকগুলি তৈরী হয়ে যাবার পর এটা বিশেষ প্রয়োজন যে, তাদের নেতা তাদের
কাছ থেকে দ্রে থাকবেন, কারণ তাঁর অন্থপস্থিতি ছাড়া তারা নিজেদের
বিকাশসাধন করতে পারবে না।" ('স্বামীজীকে যেরূপ দেখিয়াছি', ৩৭২ পৃঃ)।
কথাগুলি শুনিয়া শিশুগণ বিষাদগ্রন্ত হইতেন আর ভাবিতেন, তিনি এত শীশ্র
সরিয়া গেলে যে সমূহ ক্ষতি হইবে! তিনি কিছু পার্থিব বন্ধনগুলিকে ক্রমেই
ছিন্ন করিতেছিলেন। তিনি সর্বদা ধ্যানতন্ময় থাকিতেন, আর শুশ্রীঠাকুর ও
ভলগন্মাতার চরণে মিলিত হইবার জন্ম ব্যগ্রতা প্রকাশ করিতেন। সকলেই
লক্ষ্য করিতেন—সব বিষয়েই তাঁহার যেন এক উদাস ভাব, আর শক্ষিতিচিত্তে

শ্বরণ করিতেন শ্রীরামক্লের ভবিক্সছাণী—"ও যথন নিজেকে জানতে পারবে, তথন আর দেহ রাথবে না।" একদিন পুরান বিষয়ের আলোচনা প্রসঙ্গে একজন শুক্রভাতা তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, "শ্বামীজী, এখন কি আপনি বৃকতে পেরেছেন, আপনি কে?" স্বামীজী নি:সঙ্কোচে উত্তর দিলেন, "হাঁ পেরেছি বই কি?" সে উত্তরে সকলে স্তব্ধ হইলেন, আর কেহ বাঙ্নিশন্তি করিতে পারিলেন না। তাঁহারা বৃঝিলেন, আশাদীপ নির্বাপিত হইবার আর বেশী দেরী নাই; যে-কোন দিন তিনি চলিয়া ঘাইতে পারেন।

মহাপ্রয়াণের এক সপ্তাহ পূর্বে তিনি স্বামী শুদ্ধানন্দকে একথানি পঞ্জিকা আনিতে বলিলেন। উহা আনীত হইলে সেই দিনের তারিথ হইতে পর পর থানকয়েক পাতা উলটাইয়া পঞ্জিকাথানি নিজেরই ঘরে রাথিয়া দিলেন। তদবধি তাঁহাকে মাঝে মাঝে উহার পাতা উলটাইতে দেখা যাইত, যেন কোন কিছুর অফুসদ্ধান করিতেছেন। তাঁহার মহাসমাধির পরে সকলের বুঝিতে বাকি রহিল না, তিনি কি উদ্দেশ্যে নিবিষ্টচিত্তে পঞ্জিকা দেখিতেন; আর তাঁহাদের মনে পড়িল, শ্রীরামক্রফদেবও দেহত্যাগের পূর্বে ঐক্রপ করিয়াছিলেন; শেষ রোগশ্যায় শায়িতাবস্থায় তিনি জনৈক শিল্পকে পঞ্জিকা পড়িয়া শুনাইতে বলিয়াছিলেন এবং তুই-চারিটি দিনের কথা পড়া হইলেই বলিয়াছিলেন, "হয়েছে, আর দরকার নেই।"

দেহত্যাগৈর তিন দিবস পূর্বে একদিন অপরাত্নে মঠের তৃণাচ্ছাদিত ময়দানে ভ্রমণ করিতে করিতে স্বামীজী দক্ষিণদিকে বিশ্ববৃক্ষসমীপবর্তী গঙ্গাতীরের একটি স্থানে অঙ্গুলিনির্দেশপূর্বক গন্তীরভাবে বলিয়াছিলেন, "আমার দেহ গৈলে ঐথানে সংকার করবি।" তাহার আদেশ প্রতিপালিত হইয়াছিল এবং ঐ ভূমিথণ্ডেরই উপর তাহার সমাধিমন্দির নির্মিত হইয়াছে।

লীলাসমাপনের আরও কত ইঙ্গিত গত কয়েক বৎসর যাবৎই আসিতেছিল!
১৮৯৭ খুষ্টাব্দের ১১ই আগস্ট তিনি স্বামী অচ্যুতানন্দকে বলিয়াছিলেন,
"আর পাঁচ-ছয় বৎসর মাত্র জীবিত থাকব।" এতদপেক্ষাও স্পষ্টতর আভাস
দিয়াছিলেন ১৯০১ খুষ্টাব্দে। ঢাকার জনসাধারণের সম্মুখে বক্তৃতা দিবার পর
একদিন তিনি গজীরকণ্ঠে বলিয়াছিলেন, "আমি আর বড় জোর এক বছর আছি।
এখন ভগু মাকে গোটাকতক তীর্থ দর্শন করিয়ে আনতে পারলেই আমার কর্তব্য
শেষ হয়। তাই চক্রনাথ আর কামাখ্যা যাছি। তোরা কে কে আমার সমুক্

যাবি বল ? দ্বীলোকের উপর যাদের খ্ব ভক্তি-শ্রদ্ধা আছে, শুধু তারাই যেতে পাবে।"

শ্রীমতী ম্যাকলাউড তাঁহার শ্বতিকথায় লিথিয়াছেন ('রেমিনিসেক্সেস অব্ শ্রামী বিবেকানন্দ', ২৪৮-৪৯ পৃঃ): (১৯০২ পৃষ্টান্দের) "এপ্রিল মাসের একদিন তিনি (আমাকে) বলিলেন, 'জগতে আমার কিছুই নেই; নিজের বলতে আমার এক কানাক্ডিও (পেনি) নেই। আমাকে যথন যা কেউ দিয়েছে তা সবই আমি বিলিয়ে দিয়েছি।' আমি বলিলাম, 'স্বামীজী, যতদিন আপনি বেঁচে থাকবেন, ততদিন আমি আপনাকে প্রতিমাসে পঞ্চাশ ডলার করে দেব।' তিনি মিনিট থানেক ভাবিয়া বলিলেন, 'তাতে কুলিয়ে নিতে পারব তো ?' 'হাা, নিশ্চয়ই পারবেন।' 'অবশ্র তাতে হয়তো আপনার ক্রীম–এর ব্যবস্থা হবে না',— আমি উত্তর দিলাম। আমি তথনই তাহাকে ত্ই শত ডলার দিয়াছিলাম; কিন্তু চারিমাস যাইতে না যাইতেই তিনি ইহলোক হইতে চলিয়া গেলেন।'

"একদিন বেলুড় মঠে এক ক্রীড়া প্রতিযোগিতায় (২৮শে মার্চ, ১৯০২) ভগিনী নিবেদিত। পুরস্কার বিতরণ করিতেছিলেন। আমি স্বামীজীর শয়নঘরের জানালার ধারে দাঁড়াইয়া দেখিতেছিলাম। সেই সময় তিনি আমাকে বলিলেন, 'আমি কক্ষন চল্লিশ পেকবো না।' তাঁহার বয়দ যে তথন উনচল্লিশ বৎসর তাহা আমি জানিতাম; তাই বলিলাম, 'কিন্তু স্বামীজী, বৃদ্ধের জীবনের বড় কাজ তো তাঁর চল্লিশ থেকে আশী বছর বয়সের মধ্যে হয়েছিল, তার আগে হয় নি ?' তিনি তবু বলিলেন, 'আমার যা দেবার ছিল তা দিয়ে কেলেছি, এখন আমাকে যেতেই হবে।' 'যাবেন কেন ?'—আমি জিজ্ঞাসা করিলাম। তিনি উত্তর দিলেন, 'বড় গাছের ছায়া ছোট গাছগুলোকে বাড়তে দেয় না; তাদের যায়গা করে দেবার জন্ম আমাকে যেতেই হবে।' অধ্যান্তিক শক্তির ক্রিয়া ভক্ক হয়েছে, তা দেড় হাজার বছর ধরে চলবে—তা একটা বিরাট বিশ্ববিদ্যালয়ের রূপ নেবে। মনে কোরো না, এটা আমার কল্পনা, এ আমি চোথের সামনে দেখতে পাছিং।"

১। ম্যাকলাউড পরেও টাকা পাঠাইয়াছিলেন। উহা হইতে এবং অপরদের দান হইতে স্বামীজীঃ স্বীয় য়য়নীকে মাসে ১০৫৯ ও ভগিনীকে ৫০১ দিতেন; তথন সম্ভবতঃ খেডড়ীর দান বন্ধ ছিল। ('বামী ব্রক্ষানকের দিনলিপি')।

অন্ত বিষয়ের ফাঁকে ফাঁকে এমনি করিয়া তিনি এই নিদারুণ বার্তা শুনাইয়া যাইতেন। অনেকে উহা বুঝিয়াও বুঝিতেন না; যাঁহারা বুঝিতেন, চমকিত হইতেন। না বুঝার জন্ম কাহারও তেমন দোষও ছিল না। ৺অমর্নাথ হইতে ফিরিয়া তিনি বলিয়াছিলেন যে, মহাদেব তাঁহাকে ইচ্ছামুত্য বর দিয়াছেন: কাজেই অনেকেই আশা পোষণ করিতেন যে, শেষ বিদায়ের প্রাক্কালে নিশ্চয়ই স্বশষ্ট স্চনা পাওয়া যাইবে। প্রত্যাশিত আভাস অবস্থ আসিয়াছিল; কিন্তু মানববুদ্ধিতে তাহা প্রতিভাত হয় নাই। আবার দব **জা**নিয়া-ডনিয়াও স্বামীজী এমন একটা দৃঢ় মনোবল লইয়া চলিতেন, যাহা আশু বিদায়ের সম্ভাবনাকে আরত করিয়া রাখিত। কাশ্মীরে একদিন এক অস্থথের পর তিনি তুই থণ্ড প্রস্তব হস্তে লইয়া নিবেদিতাকে বলিয়াছিলেন, "যথনই মৃত্যু আমার কাছে আদে, আমার সব তুর্বলতা চলে যায়। তথন আমার ভয় বা সন্দেহ বা বাহুজগতের চিস্তা, এ-সব কিছুই থাকে না। আমি ভুধু নিজেকে মৃত্যুর জন্ত ৈতৈরী করতে থাকি। তথন আমি এই রকম শক্ত হয়ে যাই"—এই বলিয়া তিনি তুই হাতে পাথর তুইখানিকে ঠুকিলেন, আর বলিলেন, "কারণ, আমি শ্রীভগবানের পাদপদ্ম স্পর্শ করেছি।" ('স্বামী**জী**কে যেরূপ দেথিয়াছি,' ৩৭৫ পঃ)। নিজের মৃত্যু সম্বন্ধে যেন ভবিশ্বস্থাণীরই মতো তিনি একদিন স্বামী ব্রন্ধানন্দকে লিথিয়াছিলেন: "আমার চোথে এ সংসার থেলা মাত্র···।" "তবে আমি চিরকাল বীরের মতো চলে এসেছি—আমার কান্ধ বিদ্যাতের মতো শীঘ্র, আর বদ্ধের মতো অটল চাই। আমি ঐ রকম মরব।" "আমি শাক্ত-মায়ের ছেলে। ...মা জগদ্দে ! হে গুরুদেব ! তুমি চিরকাল বলতে, 'এ বীর !'— আমায় যেন কাপুক্ষ হয়ে মরতে না হয়!" ('বাণী ও রচনা,' ৮।৯-১০)।

কিন্ত এই দৃঢ়মনোবল মহামানবের চরিত্রেও নিবেদিতা একটি যায়গায় একটু হুর্বলতা লক্ষ্য করিয়াছিলেন; যুগ-প্রবর্তনের দিনগুলি ফুরাইয়া আসার কালে যথন তাঁহার মনে হঠীৎ অকারণে সন্দেহ জাগিত, হয়তো বা সব চেষ্টাই ব্যর্থতায় পর্যবসিত হইবে, তখন তাঁহার চিন্ত অবসম হইয়া পড়িত। "দেহাস্তের অব্যবহিত পূর্ব রবিবারে তিনি জনৈক শিয়কে (শিয়াকে ?) বলিলেন, 'দেখ, এ-সব কাজই চিরকাল আমার হুর্বলতার হুল! যথন আমি ভাবি যে, ও-সব নষ্ট হয়ে যাবে, তখন আমি একেরারে হতাশ হয়ে পড়ি'।" ('স্বামীজীকে যেরূপ দেখিয়াছি', ৩৭৬ গৃঃ)। বীর সয়্যাসী বিবেকানন্দের নিজের জয় কোন চিন্তা ছিল না, কিছ

বিশ্বপ্রেষিক স্বামীক্ষার উপর প্রীপ্তকর অর্পিত যে কর্মভার ছিল, তাছাতে তো স্ববহেলা দেখানো চলে না।

এই ভাবেই দিন কাটিতেছিল—জানা-অজানা, আলো-আধারের থেলা লইরা। নিবেদিতা লিথিয়াছেন: "জুন মাস শেষ হইলে কিন্তু তিনি বিলক্ষণ বৃঝিতে পারিয়াছিলেন যে, তাঁহার অম্ভিমকাল নিকটবর্তী হইয়াছে। দেহত্যাগের পূর্ব বৃধবারে তিনি সমীপস্থ একজনকে বলিয়াছিলেন, 'আমি মৃত্যুর জন্ত তৈরী হচ্ছি। একটা মহা তপস্থা ও ধ্যানের ভাব আমার মধ্যে জেগেছে, এবং আমি মৃত্যুর জন্ত প্রস্তুত হচ্ছি।'

"আর আমরা ধদিও স্বপ্নে ভাবি নাই যে, তিনি অস্কতঃ তিন-চারি বৎসরের পূর্বে আমাদিগকে ছাড়িয়া চলিয়া যাইবেন, তথাপি জানিলাম যে, তাঁহার কথাগুলি সত্য। এই সময়ে জগতের থবরাথবর শুনিয়া তিনি নামমাত্র উত্তর প্রদান করিতেন। সাময়িক কোন সমস্থা সম্বন্ধে তাঁহার মতামত জিজ্ঞাসা করা এখন অনর্থক হইয়া পড়িল। তিনি শাস্কভাবে বলিতেন, 'তোমার কথা ঠিক হতে পারে, কিন্তু আমি আর এ-সব ব্যাপার নিয়ে আলোচনা করতে পারি না। আমি মৃত্যুর দিকে চলেছি।'…

"ঐ সপ্তাহেরই ব্ধবারে—দেদিন একাদশী—তিনি নিরম্ উপবাস করিলেন এবং পূর্বোক্ত শিশ্বকেই নিজহাতে প্রাতঃকালীন আহারীয় দ্রব্যসকল পরিবেশন করিবার জন্ম জেদ করিতে লাগিলেন। প্রত্যেক জিনিসটি—কাঁঠালের বিচিসিদ্ধ, আলুসিদ্ধ, সাদা ভাত এবং বরফ দিয়া ঠাণ্ডা করা হধ দিবার সময় তৎসম্বন্ধে কোতৃক সহকারে গল্প করিতে লাগিলেন। সর্বশেষে ভোজন সমাপ্ত হইলে তিনি নিজ হাতে জল চালিয়া দিলেন এবং তোয়ালে দিয়া হাত মূছাইয়া দিলেন। স্বভাবতই শিশ্ব প্রতিবাদ করিয়া বলিয়াছিলেন, 'স্বামীজী, এ-সব আমারই আপনার জন্ম করা উচিত। আপনার আমার জন্ম নয়।' কিন্তু তাঁহার উত্তর অতি বিশ্বয়জনক গান্তীর্যপূর্ণ হইল—'ইশা তাঁর শিশ্বসপ্রেশ পাধুইয়ে দিয়েছিলেন।' তত্তরে শিশ্বের মূথে আসিতেছিল, 'কিন্তু সে তোশের সময়ে!' কিন্তু যেন কথাণ্ডলিকে আটকাইয়া দিল—তাহা আর বলা হইল না। ভালই হইয়াছিল। কারণ এখানে শেষ সময় সমাগত হইয়াছিল।

২। ইংরেজীতে উভয়-নিক্সাত্মক Disciple শব্দ ও বঙ্গাসুবাদে শিদ্ধ শব্দ ব্যবহৃত হুইলেও ক্যাকলাউড-এর মতে ইনি শবং নিবেদিকা ("রেমিনিসেশেস অব স্বামী বিবেদানন্দ;" ২০৯ পৃঃ)।

"এই কয়দিন স্বামীজীর কথা ও চালচলনে কোন বিষাদগন্তীর ভাব ছিল না।
পাছে তিনি অতিবিক্ত ক্লান্তি বোধ করেন, তজ্জ্যু আমরা বিশেষ চিন্তান্থিত
থাকিতাম এবং কথাবার্তা ইচ্ছাপূর্বক অতি লঘু বিষয়দকলেই নিবন্ধ রাখা
হইত। তাঁহার পালিত পশুগণ, তাঁহার বাগান, নানাবিধ পরীক্ষা, পুস্তক
এবং দ্রন্থিত বন্ধুবর্গ এই দকলেরই প্রসঙ্গ হইত। কিন্তু এ-সকল সন্ত্বেও
আমরা ঐ সময়ে একটি জ্যোতির্ময় দত্তা অহুভব করিতাম—তাঁহার স্থুল দেহ যেন
উহারই ছায়া বা প্রতীকমাত্র বলিয়া বোধ হইত। তথাপি কেহই অত শীর্দ্র দব
শেষ হইয়া যাইবে, এ কথা বৃঝিতে পারেন নাই—বিশেষতঃ সেই ৪ঠা জুলাই
শুক্রবারে—কারণ দেদিন তাঁহাকে, বহু বৎসর যাবৎ তিনি যেমন ছিলেন,
তদপেক্ষা অধিক স্বন্থ ও সবল দেখা গিয়াছিল এবং তজ্জ্যু ঐ দিনটিকে বড় শুভ
দিন বলিয়া মনে হইয়াছিল।" (ঐ, ৩৭৪-৭৭ পৃঃ)।

২রা জুলাই, বুধবারে নিবেদিতার সহিত আলাপপ্রসঙ্গে স্বামীজী পাশ্চান্ত্য শিশ্ব-শিশ্বা ও বন্ধু-বান্ধবদের কথাও তুলিয়াছিলেন। শ্রীমতী ম্যাকলাউড সম্বন্ধে তিনি মস্তব্য করিয়াছিলেন, "ও পবিত্রতার মতোই পবিত্র এবং মমতারই মতোঃ মমতাময়ী।" নিবেদিতার নিকট ঐ কথা শুনিয়া ম্যাকলাউডের বিশ্বাস্থ জন্মিয়াছিল,—তাহার প্রতি স্বামীজীর উহাই শেষ উপদেশ।

এইরপ স্নেহপ্রীতিমাখা ব্যবহার চলিতেছিল কিছুদিন ধরিয়া। মহাসমাধিক দিনেও আন্ত বিপদ অজ্ঞাতই রহিয়া গেল, যদিও পরে বিভিন্ন ঘটনা আলোচনা করিয়া সকলেই সেদিনকার ব্যবহারের মধ্যে একটা অদৃষ্টপূর্ব স্বাচ্ছন্দ্য, দৃঢ়তা, কর্মোছ্যম, প্রীতিপূর্ণ আলোচনা ইত্যাদির কথা শ্বরণ করিয়াছিলেন এবং সিদ্ধাস্থ করিয়াছিলেন যে, এই সমস্তই ছিল একটা গভীর ভাবের ছোতক—যেন দীপ নির্বাপণের পূর্বে অত্যুজ্জ্বল দীপ্তিচ্ছটা! সেদিন প্রাতে চা খাইতে খাইতে তিনি শুরুলাতাদিগের সহিত অতীতদিনের অনেক আলোচনা ও গল্প করিবার ইচ্ছা প্রকাশ করিলেন। কিঞ্চিৎ পরেই স্বামী রামক্কঞ্চানন্দের পিতা ৮ কালীমাতার পরম্ব ভক্ত ও সাধকাগ্রণী শ্রীযুক্ত ঈশ্বচন্দ্র ভট্টাচার্য (চক্রবর্তী) মহাশয় আসিয়া উপস্থিত হওরার স্বামীজী সানন্দে উচ্চৈঃশ্বরে বলিয়া উঠিলেন, "এই যে ভট্টাচার্য মহাশয়ও এসেছেন।" তৎক্ষণাৎ তিনি স্বামী শুদ্ধানন্দ ও বোধানন্দকে পূজার সমস্ত আয়োজন ও প্রব্যাদি সংগ্রহ করিতে বলিলেন। তাঁহারাও ঐ কার্যে ব্যাপৃত ইইলেন,!

ইহার পরে স্বামীজী প্রায় সাড়ে আটটায় ঠাকুরের পূজাগৃহে গিয়া ধ্যানে বসিলেন; পরে সাড়ে নয়টায় স্বামী প্রেমানন্দ পূজা করিতে আসিলে তাঁহাকে ধ্যানের আসনখানি ঠাকুরের শয়নঘরে পাতিয়া ঐ ঘরের সমস্ত দরজা বন্ধ করিয়া দিতে বলিলেন এবং সেথানেই ধ্যানে বসিলেন। অক্যদিন তিনি পূজার ঘরে বসিয়াই ধ্যান করিতেন। আহুমানিক এগারটা পর্যন্ত ধ্যানের পর তিনি "মা কি আমার কালো? কালরূপা এলোকেশী হৃদিপদ্ম করে আলো"—ইত্যাদি গানটিত গাহিতে উপর হইতে নামিয়া আসিয়া প্রাঙ্গণে পাদ্যারণা করিতে লাগিলেন। স্বামী প্রেমানন্দ তাঁহাকে অক্ট্রেরে বলিতে ভনিলেন, "যদি আর একটা বিবেকানন্দ থাকতো তবে বুঝতে পারত, বিবেকানন্দ কি করে গেল। কালে কিন্তু এমন শত শত বিবেকানন্দ জন্মাবেং।" খুব উচ্চাবস্থায় অধিরু না হইলে স্বামীজী নিজের সম্বন্ধে এইরূপ কিছু বলিতেন না; অতএব কথাগুলি স্বামী প্রেমানন্দকে খুবই বিচলিত করিল।

তাহার পরই শাস্ত্রালোচনা আরম্ভ হইল। স্বামীজীর আদেশে স্বামী শুদ্ধানন্দ পুস্তকাগার হইতে শুক্লযজুর্বেদ গ্রন্থখানি আনিয়া ভাষ্মমেত এই ্মন্ত্রটি পাঠ করিতে লাগিলেন:

স্থ্যঃ স্থ্রশিশ্দ্রমাগন্ধর্বস্তম নক্ষ্রাণ্যপ্রদাে ভেকুরয়াে নাম। স ন ইদং ব্রহ্মক্ষত্রং পাতৃ তম্মৈ স্বাহা বাট্ তাত্যঃ স্বাহা॥

—বাজসনেয়-সংহিতা, মাধ্যন্দিন-শাখা ১৮I৪·

উহার মহীধরক্কত ভাষ্য সম্বন্ধে স্বামীজী বলিলেন, "এ ব্যাখ্যা আমার মনে লাগছে না। ভাষ্যকার স্থম্মা পদের যে ব্যাখ্যাই করুন, পরবর্তীকালে তদ্ধাদিতে দেহাভাক্তরস্থ স্থম্মা-নাড়ী বলে যা উক্ত হয়েছে, তারই বীজ এই বৈদিক মন্ত্রে নিহিত রয়েছে। তোরা এই সব শ্লোকের প্রকৃত্ত মর্ম প্রাণিধান করবার চেষ্টা করবি। শাস্ত্রের অর্থ সম্বন্ধে নিজে নিজে চেষ্টা করবি; ভাহলেই মৌলিক ব্যাখ্যা বার করতে পারবি।" ঐ মন্ত্রের ঐক্লপ ব্যাখ্যা ও পরদিন কালীপ্জার অভিলাব হইতে পরে স্পষ্ট বুঝা গিয়াছিল যে, ঐ দিন

৩। পরে উদ্ধৃত স্বামী প্রেমানন্দের পত্র স্তম্বর্য। বাঙ্গলা জীবনীতে "কে বলে তারিণী তোমান্ধ তিমির বরণী" এই গানের উল্লেখ স্থাছে।

s। বাঙ্গলা জীবনী, ৯৪৯ পৃ:। ইরেজী জীবনীতে আছে, "how many Vivekanandas shall be born"—কডই না বিবেকানন্দ জন্মাবে (৭৪৯ পৃ:)।


স্বামীজীর মন ষ্ট্চক্রভেদ ও তৎসাধন-প্রক্রিয়ার কথা বিশেষভাবে আলোচনা ক্রিতেচিল।

আবার কে বলিবে, পরদিবস অমাবস্থায় ৺কালীপূজার বাসনার অস্তরালেও কোন ভাবী ইন্দিত লুকায়িত ছিল কিনা? দেদিন একদিকে মহাপ্রয়াণ, শ্বশান, শোক, ভীতি, আবার অপরদিকে চির্মুক্তি, অমঙ্গলের মধ্যেও জগন্মাতার সন্তার উপলব্ধি, বিপদেও সাহস অবলম্বন, সসীম জীবনেও অসীম অমতের সন্ধান, নিরাশার মধ্যেও উচ্চম, শোকবিহ্বলতার মধ্যেও আদর্শের অহুসরণের উদ্দীপনা—ইত্যাদি বিরুদ্ধ ভাবরাশির সম্মেলনে যে পরিবেশের স্থাষ্টি হইয়াছিল তাহা কি স্বামীজীর লেখনীমূখে চিত্রিত কালীমূর্ভি ও তাঁহার সানসনেত্রে দৃষ্ট কালীপূজারই অহুদ্ধপ নহে ? ব

তিনি সাধারণতঃ স্বগৃহে পৃথক্ আহার করিলেও ৪ঠা জুলাই বিপ্রহরে সকলের সহিত নীচে বসিয়া বেশ তৃপ্তি ও কৃচির সহিত ভোজন করিলেন। আহারান্তে কিয়ৎক্ষণ বিশ্রাম করিয়া একটার সময়, অর্থাৎ অক্যদিন অপেক্ষা একঘণ্টা দেড় ঘণ্টা আগে স্বয়ং ব্রন্ধচারীদের গৃহে গিয়া তাহাদিগকে সংস্কৃত ক্লাসে যোগ দিতে ভাকিলেন। তারপর তিন ঘণ্টা ধরিয়া ব্যাকরণের চর্চা চলিল। স্বামীজী বরদরাজের লঘুকোমূদীর স্ত্রেগুলি ধরিয়া নানা হাস্যোদ্দীপক গল্পের সহিত ঐ গুলিকে জুড়িয়া দিয়া এবং স্থেজের ভাষা-বিষয়ে বিবিধ রসিকতার অবতারণা করিয়া ভঙ্ক ব্যাকরণ শাস্ত্রকে হাসির হুল্লোড়ে পরিণত করিলেন। ফলে ঐ শাস্ত্রের কথাগুলি ব্রন্ধচারীদের মনে চিরকালের মতো গাঁথিয়া গেল। মহাবিভালয়ে অধ্যয়নকালে তিনি এমনি করিয়া একরাত্রে সহপাঠী দাশরথি সান্ধ্যাল মহাশয়কে সমগ্র ইংলণ্ডের ইতিহাস আয়ন্ত করাইয়াছিলেন। আলোচ্য দিনে পাঠলেষে স্বামীজীকে একটু ক্লান্ত দেখাইতেছিল; কিন্তু মনের ফুর্তি তথনও বেশ।

ঐ দিন বৈকালে তিনি স্বামী প্রেমানন্দের সহিত বেল্ড় বাজার পর্যস্ত বেড়াইরা আসিলেন। শরীর থারাপ হওরা অবধি স্বামীজী প্রারই অতদ্র ঘাইতেন না। সেদিন তিনি কোন কট্ট অহুতব করিলেন না, বরং বলিলেন, শরীর খুব হান্ধা বোধ হইতেছে। প্রেমানন্দজীর সহিত আলোচিত অনেক কথার মধ্যে একটি প্রধান বিষয় ছিল বেদবিভালয়-স্থাপনের পরিকল্পনা। প্রেমানন্দজী জিজ্ঞাসা করিয়াছিলেন, "বেদপাঠে কি উপকার হবে ?" আর

^{ে। &#}x27;বাণী ও রচনা'--'মৃত্যুরপা মাতা'. (१।०১২) এবং 'নাচুক তাহাতে ভাষা' (৬।২৬৪-৭১)।।



(वनूड मर्ट यामीकीत मिन्त

স্বামীজীর সারগর্ভ দংক্ষিপ্ত উত্তর ছিল, "ম্বার কিছু না হোক, কুদংস্কারগুলো তো দূর হবে।"

সন্ধার কিঞ্চিৎ পূর্বে মঠে ফিরিয়া স্বামীন্ধী মঠবাসীদের সহিত আলাপ ও সকলের কুশলপ্রশ্নাদি করিলেন। তারপর সন্ধ্যারতির ঘণ্টা বা**ন্ধিলে** নি**ন্ধ** কক্ষে প্রবেশপূর্বক গঙ্গার দিকে মুখ করিয়া ধ্যানে বসিলেন। তখন সন্ধ্যা সাতটা। ব্রজেন্দ্র নামক একজন ব্রন্ধচারী নিকটেই ছিলেন, ধ্যানে বসিবার পূর্বে সামীলী জপের মালা হাতে লইলেন এবং ব্রহ্মচারীকে বাহিরে বসিয়া ধ্যান করিতে আদেশ দিলেন। প্রায় একঘণ্টা পরে তিনি বন্ধচারীকে ভিতরে ডাকিয়া মাধায় বাতাস করিতে বলিলেন এবং গরম বোধ হওয়ায় সমস্ত দরজা জানালা খুলিয়া দিতে বলিয়া শয়ন করিলেন। মালা তথনও হাতে আছে। একটু পরে তিনি শিশ্বকে পা টিপিয়া দিতে বলিলেন। এইভাবে আরও একঘণ্টা কাটিয়া গেলে স্বামীজী পার্য পরিবর্তন করিয়া দক্ষিণ পার্যে শয়ন করিলেন এবং ক্ষুদ্র বালকের ক্রন্দনের তার অস্ফুট ধ্বনি করিলেন। তথন রাজ্ঞিনয়টা। ডান হাতথানি একবার একটু কাঁপিয়া উঠিল, সঙ্গে সঙ্গে একটি গভীর নিঃখাস নির্গত হইল এবং মস্তকটি উপাধান হইতে গড়াইয়া পড়িল। আর ছই-এক মিনিট পরে তিনি পূর্ববং আর একটি গভীর নিংশাস ফেলিলেন—তারপর সব স্থির হইয়া গেল, যেন ক্লাস্ত একটি শিশু মাতৃক্রোড়ে বিশ্রামলাভ করিল। চক্ষু হুইটি তথন জ্রষগলমধ্যে স্থির নিবন্ধ, প্রশাস্ত আননে স্বর্গীয় জ্যোতি:—ঠিক যেন মহাযোগী মহাধানে নিমগ্ন। তখন নয়টা বাজিয়া মিনিট দশেক মাত্র হইয়াছে।

অল্পবয়স্ক ব্রহ্মচারীটি কিছুই বৃঝিতে না পারিয়া তাড়াতাড়ি একজন বয়স্ক সাধুকে (সন্তবতঃ স্বামী নিশ্চয়ানন্দকে) ভাকিয়া আনিলেন। তথন সবে নৈশভোজনের ঘণ্টা বাজিয়াছে। সাধু আসিয়া নাড়ী দেখিয়া কিছুই বৃঝিতে পারিলেন না, তাই আর একজন সাধুকে (সন্তবতঃ স্বামী প্রেমানন্দকে) । ভাকিলেন। তৃইজনেই দেখিলেন নাড়ী নাই। এমন তঃসহ বান্তবতাকে তোকেহ সহজে মানিয়া লয় না; তাই সমাধি অবস্থা মনে করিয়া উপস্থিত সকলে উচৈচঃস্বরে শ্রীরামক্বফের নাম শুনাইতে লাগিলেন; কিন্তু সমাধিভঙ্গ হইল না। হায়! হায়! একি তবে মহাসমাধি? মূহুর্তমধ্যে অক্সান্ত সাধুরাও আসিয়া ৬। ইহা বাঙ্গলা জীবনীর মত। পরে উজ্ত প্রত্যক্ষপ্তহা স্বামী প্রেমানন্দের মতে ইনি স্বামী অবৈত্যনন্দ।

পড়িলেন। স্বামী অবৈতানন্দের পরামর্শে স্বামী বোধানন্দ ভাল করিয়া নাড়ী দেখিলেন; তিনি অনেকক্ষণ কোন সাড়া না পাইয়া চীৎকার করিয়া কাঁদিয়া উঠিলেন। তথন অবৈতানন্দ নির্ভয়ানন্দকে বলিলেন, "হায়! হায়! আর কি দেখছ? শীন্ত্র মহেন্দ্র ডাক্তারকে (বরাহনগরের মহেন্দ্রনাথ মজুমদারকে) ডেকে আন।" একজন তথনই ডাক্তার ডাকিতে ছুটিলেন, আর একজন কলিকাতায় স্বামী ব্রহ্মানন্দ ও স্বামী সারদানন্দকে সংবাদ দিতে গেলেন। বাল্যস্বা, শীরামকৃষ্ণ-লীলাসহচর, সভ্যনেতা স্বামীজীর অকস্মাৎ অন্তর্ধানের তঃথ স্বামী ব্রহ্মানন্দের নিকট অসহ ছিল—তিনি তাঁহার বক্ষে কাঁপাইয়া পড়িলেন। স্বামী সারদানন্দ তাঁহাকে অতিকটে উঠাইয়া আনিলে তিনি বাষ্পগদগদ কণ্ঠে বলিলেন, "সামনে থেকে যেন হিমালয় পাহাড় অদুষ্ঠ হয়ে গেল।" যথাকালে ডাক্তারও আসিয়া পরীক্ষা করিলেন, কৃত্রিম উপায়ে স্বাস-প্রস্থানক্রিয়া প্নরারম্ভের চেষ্টা করিলেন; কিন্তু কিছু তেই কিছু হইল না। রাত্রি বারটায় তিনি বলিলেন, প্রাণবায়ু বাহির হইয়া গিয়াছে।

দেহ প্রাণহীন হইলেও উহাতে কোন বৈলক্ষণ্য দৃষ্ট হইল না, কোন পীড়া হইয়ছিল এবং তাহারই পরিণতিস্বরূপ জীবনাস্ত ঘটিয়ছে এইরূপ কোন লক্ষণই দৃষ্টিগোচর হইল না—এমনই স্বস্থ সবল ও জীবস্ত মনে হইতেছিল! মৃত্যুতেও সে পৃতদেহ সমাধিলীন মহাদেবের কথাই স্মরণ করাইয়া দিতেছিল। তাহার পদ্মচক্ষ্ ত্ইটি উদ্বর্গামী হইয়াছিল বটে; কিন্তু তাহাদের খেতাংশ হইতে তথনও জ্যোতি: বিচ্ছুরিত হইতেছিল। রাত্রি এই ভাবেই কাটিল। ১৯০২ খৃষ্টাব্দের ৪ঠা জুলাই শুক্রবার (বাঙ্গলা ২০শে আষাঢ়, ১৩০৯ সাল)—আমেরিকার স্বাধীনতা দিবসের উৎসব মধ্যেই স্বামীজী দেহবন্ধন ছিন্ন করিয়া স্থ-স্বরূপে প্রতিষ্ঠিত হইলেন।

প্রাতে দেখা গেল, তাঁহার লোচনত্বয় জবাকুস্থম-দদৃশ লোহিতাভ হইয়াছে এবং নাসিকাঘারে ও মুখপ্রাস্তে রক্তচিহ্ন রহিয়াছে। ক্রমে স্থবিজ্ঞ ডাক্তার বিপিনচন্দ্র ঘোষ মহাশয় আসিলেন। তিনি সমস্ত দেখিয়া শুনিয়া ও পরীক্ষা

१। স্বামী ব্রহ্মানন্দের দিনলিপি হইতে জানা বার, কবিরাজী চিকিৎসার পরে ২৭শে জুন ডাঃ
মজুমদারের চিকিৎসা আরম্ভ হয়। ৪ঠা জুলাই স্বামী ব্রহ্মানন্দ বলরাম-শুবনে ছিলেন। রাত্রি
আন্দাজ দশটার কানাই মহারাজ সংবাদ লইরা আসেন বে, স্বামীজীর দেহত্যাগ আসর।
...

করিয়া অভিমত জানাইলেন—সন্ন্যাসরোগে দেহত্যাগ হইরাছে; মহেন্দ্রবার্
বলিয়া গিয়াছিলেন, হুংক্রিয়া বন্ধ হওয়াই মহাপ্রয়াণের কারণ। তারপর আরও
ভাক্তার আসিয়া স্ব স্ব বিচিত্র মত প্রকাশ করিলেন। কেহ কেহ বলিলেন,
মাথার শির ছিঁ ড়িয়া গিয়াছিল। সাধুরা এবং ভক্তেরা কিন্ত ব্ঝিলেন, জপ ও
ধ্যান করিতে করিতে স্বামীজীর উধ্ব গামী প্রাণবায় ব্রহ্মরন্দ্র ভেদ করিয়া অনস্তে
মিশিয়া গিয়াছে; শ্রীরামক্বফ যাহা বলিতেন তাহাই ঘটিয়াছে—স্বামীজী
যোগাবলম্বনে সমাধিমার্গে দেহত্যাগ করিয়াছেন।

ক্রমে সংবাদ ছড়াইয়া পড়িল। বন্ধুবান্ধব অনেকেই শেষ দর্শনের জন্ম বেলুড় মঠে সমবেত হইলেন। ভগিনী নিবেদিতা প্রাতেই আসিয়াছিলেন। তিনি স্বামীজীর পার্ষে বিসিয়া বেলা ছইটা পর্যন্ত ধীরে ধীরে ব্যজন করিতে ধাকিলেন। তারপর সেই পবিত্র দেহকে গঙ্গাজলে অভিষিক্ত, নৃতন গৈরিক বসনে আচ্ছাদিত ও পুস্পমাল্যে বিভূষিত করিয়া অলক্তকরঞ্জিত চরণমুগলের চিহ্ন গ্রহণ করা হইল; পরে ঐ বরবপুকে প্রদক্ষিণপূর্বক শন্ধাঘণ্টানিনাদ সহকারে ধুপদীপের ন্বারা আরতি করা হইল। অতঃপর সকলে শ্রীচরণে মন্তক স্পর্শ করাইলেন, কেহ বা ধ্লাবল্ঞিত হইয়া শ্রীচরণরেণু গ্রহণ করিলেন। সর্বশেষে "জয় শ্রীগুরুমহারাজজীকী জয়," "জয় শ্রীস্বামীজী মহারাজজীকী জয়" ধ্বনিতে দিক-বিদিক প্রতিধ্বনিত করিয়া তাঁহার দেহ পূর্বনির্দিষ্ট স্থানে গঙ্গাতীরে বিল্বক্ষসমীপে লইয়া যাওয়া হইল এবং মৃত, চন্দনকার্চ, ধৃপ, অগুরু ইত্যাদি শ্বারা উহার সৎকার করা হইল।

শেষ দিনে তাঁহার বয়স হইয়াছিল উনচল্লিশ বংসর পাঁচ মাস চব্বিশ দিন। তিনি ভবিশ্বদাণী করিয়াছিলেন, "আমি চল্লিশ পেরুচ্ছি না", সে বাণী বর্ণে বর্ণে ফলিয়া গেল।

অবশেষে অস্তা ঘটনাবলী সম্বন্ধে আমরা তৃইখানি পত্র উদ্ধৃত করিতেছি; উহাতে কিঞ্চিং পুনক্জি থাকিলেও সমসাময়িক বিবৃতি হিসাবে খুবই প্রামাণিক; কিছু নৃতন তথ্যও উহাতে আছে। পত্রম্বায়র লেথক স্বামী সারদানন্দ ও স্বামী, প্রেমানন্দ; এবং তাঁহারা লিখিয়াছিলেন গুরুলাতা স্বামী অভেদানন্দকে।ইনি তথন আমেরিকার যুক্তরাষ্ট্রে ছিলেন। পত্রম্বায়ের জন্ম আমরা কলিকাতার শ্রীরামকৃষ্ণ বেদাস্ক মঠ হইতে প্রকাশিত 'পত্রসংকলন' নামক পুস্তকের নিকট ঋণী।

স্বামী সারদানন্দের পত্র

বেল্ড় মঠ, হাওড়া ৭ই আগস্ট, ১০০২

ভাই কালী,

গত ৪ঠা জুলাই রাত্রি ৯টা ১০ মিনিটের সময় আমাদের পূজনীয় স্বামীজী সমাধিতে দেহত্যাগ করিয়াছেন। ৬ই জুলাই তোমাকে জানাইবার নিমিন্ত তার করিয়াছিলাম, কিন্তু এ পর্যস্ত কোন থবর না পাওয়াতে সকলে বিশেষ ভাবিত আছি। তার আফিসে সন্ধান লইতে যাওয়ায় তাহারা বলিল, তুমি নিশ্চিত তার পাইয়াছ। নতুবা থবর আসিত। এই ঠিকানায় তার পাঠাই ই অভেদানন্দ, বেদাস্ত সোসাইটি, নিউ ইয়র্ক। এতদিন সকলের মনের অবস্থা যে কি হইয়াছিল, বুঝিতেই পার, সেজন্ত চিঠি লিখিতে পারি নাই, ক্ষমা করিবে।

শামীজীর মৃত্যু বড়ই অন্তত ৷ প্রায় হুই মাস পূর্বে তিনি কাশীধামে যান, সেখান হইতে শরীর খুব থারাপ হইয়া আসেন। মঠে ফিরিয়া আসিয়া কবিরাজী চিকিৎসা করান। তাহাতে বেশ সারিয়া উঠেন। একমাস ঔষধ ব্যবহারে হাত-পা ফোলা সারিয়া গেল; পেটেও (উদরী হইয়াছিল) জল রহিল না। শরীরে লাবণ্য আদিল এবং জোরও বেশ হইল। কলিকাতায় যাওয়া-আদা করিতে লাগিলেন—এক মাইল, ছই মাইল পথ হাঁটিতে কোন কষ্ট বোধ হইত না। এমন কি এক সপ্তাহের জন্ম কলিকাতা হইতে কিছু দূরে জাগুলে নামক পদ্মীগ্রামে এক বন্ধবাটীতে নিমন্ত্রিত হইয়া যাইলেন" এবং তাহাতেও কোন অহুখ হইল না। মঠের সমস্ত দেখাগুনা তিনিই করিতেন এবং ছেলেদের পড়াগুনার ভারও তিনিই লইয়াছিলেন। ইদানীং পূর্বের ক্রায় বৈরাগ্য ভাবটা খুব প্রবল হইয়াছিল। রাত্রি ৪টার সময় সকলকে লইয়া ঠাকুরঘরে গিয়া জ্প-ধ্যান করিতেন এবং সর্বদাই বলিতেন, 'আমার কার্য হইয়া গিয়াছে, এখন তোরা সব ছাথ শোন, আমায় ছুটি দে।' কথনও বলিতেন, 'আমার মৃত্যু শিয়রে, কাজ-কর্ম ও থেলা চের করা গিয়াছে, যা কাজ করিয়া দিয়াছি তাই এখন জগৎ নিক, ভাই বুৰতে এখন ঢের দিন লাগবে। ও খেলা কি চিরকাল করতে হবেঁ? ও করিয়া ফেলিয়া দিয়াছি ।'

৮। ৬ই জুন, ১৯০২ সেখানে যান; ১২ই জুন মঠে ফিরেন। সঙ্গে ছিলেন কানাই মহারাজ ২৪ নাছ মহারাজ।

৪ঠা জুলাই তারিখে সকালে ঠাকুরঘরে ঘাইয়া তিন ঘটা ধ্যান করেন, ঘণ্টার দিন আগে রাথালকে বলিয়াছিলেন, 'এবার যা হয় একটা এম্পার ওমার করিব, হয় শরীরটা ধ্যান-জ্বপ করিয়া সারিয়া কাজে ভাল করিয়া লাগিব, না হয় তো এ ভয় শরীর ছাড়য়া দিব।' অক্সদিন সকলের সহিত বিসয়া জ্বপ-ধ্যান করিতেন। সেদিন ঠাকুরের শয়নঘরে একলা বিসয়া ধ্যান করিলেন। তারপর ঠাকুরের বিছানা স্বহস্তে ঝাড়য়া দিলেন ও নীচে নামিয়া সকলের সহিত বিসয়া বেশ ক্র্ধার সহিত ইলিশ মাছের ঝোল, ভাজা ইত্যাদি দিয়া ভাত খাইলেন। থাবার পর একঘন্টা বিশ্রাম করিয়া সকলকে ভাকিয়া ব্যাকরণ ও ঘোগ সঘদে ২ ঘন্টা কাল শিক্ষা দেন। যজুর্বেদের 'য়য়য়য় হয়রিরা বাধ্যা সকলকে ভানিইলেন। পরে ৪টা হইতে ৫টা পর্যন্ত বার্রামের সঙ্গে মঠের বাহিরে ঘূই মাইল বেড়াইয়া আসিলেন, বেড়াইতে বেড়াইতে পৃথিবীর সকল জাতির সভ্যতা কেমন করিয়া হইল এ সম্বদ্ধে যত ইতিহাস গল্লছলে তাহাকে বলেন। ফিরিয়া আসিয়া বলিলেন, 'আজ শরীর যেমন য়য়, এমন অনেক দিন বোধ করি নাই।…'

সন্ধ্যার পর নিজের ঘরে যাইয়া মালা লইয়া জপ করিতে বসিলেন এবং বলিলেন, 'যতক্ষণ না ডাকি, অন্ত ঘরে গিয়া জপ-ধ্যান কর।' একঘণ্টা পরে ডাকিয়া শয়ন করিয়া ধ্যান করিতে লাগিলেন। একজন ব্রন্ধচারী কাছে বসিয়া বাতাস করিতে লাগিল। প্রায় একঘণ্টা এইরূপ স্থির হইয়া চিৎ হইয়া শুইয়া থাকিবার পর ডান হাতথানি ঈষৎ কাঁপিতে লাগিল এবং কপালে বিন্দু বিন্দু ঘাম হইতে লাগিল। মিনিট তুই ঐরপ হইবার পর ম্থ দিয়া একটি দীর্ঘাস ছাড়িলেন। পরে মিনিট তুই আবার স্থির থাকিয়া ম্থ দিয়া আর একটি দীর্ঘাস ঘাড়িলেন। পরে মিনিট তুই আবার স্থির থাকিয়া ম্থ দিয়া আর একটি দীর্ঘাস ফেলিলেন এবং সেই সঙ্গে মাথাটি নড়িয়া উঠিল এবং চক্ষ্ ভ্রমধ্যে স্থির হইয়ার রহিল, আর ম্থে অপূর্ব জ্যোতি ও হাসি দেখা গেল। এইরূপ দেখিয়া মঠের সকলকে ডাকা হইল, সকলে দেখিল, হাত-পা ঠাগুা, নাড়ী নাই। ডাক্ডার ডাকা হইল, ডাক্ডার মক্রমদার আসিয়া বলিল—শবীর ত্যাগ করিয়াছেন।

পরদিন অপরাছে বেলা ৪টার সময় শরীর অগ্নিসাৎ করা হইল। মুথের সে অপূর্ব ভাব শেষ পর্যস্ত যে দেখিয়াছিল, সেই মোহিত হইয়াছিল!

৯। সুবুরঃ সুর্বরশ্বিশচক্রমা—ইত্যাদি ওক্লবজুর্বেদ, ১৮/৪০

তাঁহার সমাধিস্থলে একটি মন্দির নির্মাণ করিয়া দিবার কথা হইন্নাছে। যদি ভাঁহার বন্ধুরা এ বিষয়ে কিছু সাহায্য করেন তো পাঠাইও।

গঙ্গার পশ্চিম পারে মঠের ভিতরেই তাঁহার শরীর অগ্নিসাৎ করা হয়। ইহার ঠিক অপর পারেই গুরু মহারাজের শরীর অগ্নিসাৎ করা হইয়াছিল।

তাঁহার কার্য তিনি করিয়া চলিয়া গেলেন। এখন যে সকল কাজকর্ম আরম্ভ করিয়া গিয়াছেন তাহা তুমি, রাথাল প্রভৃতি সকলে মিলিয়া যাহাতে বজায় থাকে তাহার উপায় করিও।

হরিভাই স্বামীজ্ঞীর শরীর ত্যাগের ১৫ দিন ' পরে এখানে পৌছিরাছেন । তাঁহার মনের অবস্থা যে কিরূপ হইয়াছে বুঝিতেই পারিতেছ। তিনি তো একেবারে হতাশ হইয়া পড়িয়াছেন।

আমার এবং মঠের সকলের ভালবাসা ও নমস্কার জানিও ও পত্রের উত্তর শীঘ্র দিও। ইতি

দাস

শরৎ

স্তুষ্টব্য এই যে, স্বামী সারদানন্দ মঠে আসেন রাত্রি সাড়ে দশটায়। অপরের নিকট সন্তঃশ্রুত কথাগুলিই তিনি লিপিবদ্ধ করিয়াছিলেন। পরবর্তী পত্রথানি স্বামী প্রেমানন্দের দারা লিখিত। তিনি সে রাত্রে মঠেই ছিলেন।

বেলুড় মঠ,

২০ আগষ্ট, ১৯০২

ভাই কালী,

আমরা এখন যেন জীবন্মৃত হয়ে রয়েছি। সে শক্তি, সে উৎসাহপূর্ণ আদেশ, সে উদার ভাবের আলোচনা আর নাই! কবিরাজী চিকিৎসায় তাঁর শরীর বেশ সেরে উঠেছিল। বিশেষ কোন অস্থই ছিল না। ঠিক ইচ্ছা করে শরীর ছেড়ে দিলেন!

প্রায় তুই মাস হতে ছেলেদের নিয়মমত ধ্যানভন্ধন করাতেন এবং নিচ্ছেও উহাতে যোগ দিতেন। কিছুদিন হতে বৈরাগ্যের ভাব থুব প্রবল দেখতুম। 'কিমর্থং কশু কামায় শরীবং অমুদঞ্জেবেং' প্রায় এই শ্লোক আওড়াইতেন।

১ । প্রকৃতপক্ষে দশদিন পরে, অর্থাৎ ১৪ই জুলাই বেলুড় মঠে পৌছান।

আর জিল্পাসা করতেন—'হারে, ঠাকুর কোন ঘটি গান শেষে শুনতে ভালবাসতেন ?'—বলে 'ভূবন ভূলাইলি মা ভবমোহিনী' ও 'কবে সমাধি হব শ্যামাচরনে' এই গানগুলি গাহিতেন। তুমি জান কাজকর্মের ভার তাঁতে কোনদিন কম ছিল না। ১০।১৫ দিন পূর্বেই কাশীতে একটা আশ্রম খুলিবার জন্য তারকদাদাকে পাঠাইয়াছিলেন। মঠে একটি বেদবিভালয় স্থাপন করিবেন—এই ইচ্ছা ক'দিন হতে খ্ব প্রবল হয়েছিল। শেষের দিনেও বেদসংক্রাস্ত পৃস্তক আনাইবার জন্য পুনা ও বোমাই নগরে তিনথানা চিঠি লেখা হয়। আমার সঙ্গে ঐ দিন বেদবিভালয় রসম্বন্ধে কত কথাই হয়েছিল। আমি জিল্পানা করিলাম—বেদ পড়িয়া কি হবে ? 'কুসংস্কারগুলো যাবে বেদ পড়িলে' কহিলেন।

কার্যগতিকে শবৎ, রাথাল ত্-চার দিন কলিকাতায় ছিল। পুরাতন লোকের মধ্যে গোপালদাদা ও আমি সেদিন মঠে ছিলাম। কোন অস্থইছিল না, বৃঝতে পাচছ? ঐ দিন প্রাতঃকালে উঠে যেমন ক্ষুর্তি কন্তেন সেইরূপ ক্ষুর্তি হাসি বিজ্ঞপ আমার সঙ্গে কত হল। যেমন গরম ত্বধ ও ফলাদি খান সেইরূপ খেলেন ও আমায় খাওয়াইবার জন্ম কত আগ্রহ কল্পেন। তারপর গঙ্গার একটা ইলিশ মাছ এ বৎসরে এই প্রথম কেনা হল, তার দাম নিয়ে আমার সঙ্গে কত রহস্ম হতে লাগল। একজন বাঙ্গাল ছেলে ছিল তাকে বল্পেন—'তোরা নৃতন ইলিশ পেলে নাকি পূজা করিস, কি দিয়ে পূজা কন্তেহয় কর।' তারপর বেড়াতে বেড়াতে আমায় বললেন—'আমার কেন নকল করবি, ঠাকুর নকল কত্তে বারণ কন্তেন। আমার মত উড়ন চড়ে হবি নে।' ঐ বেদবিভালয় নিয়ে আবার কত কথা হবার পর স্থয়্মা সম্বদ্ধে বেদে কি লিখেছে দেখিয়া বলিলেন—'টীকা ঠিক নহে, তোরা মূল থেকে মানে করবার চেষ্টা করিবি।'

আন্দান্ধ সাড়ে আটটা বেলার সময় তিনি ঠাকুরঘরে ধ্যান করিবার জক্ত উঠিলেন। আমি প্রায় সাড়ে নয়টায় পূজার জন্ত ঠাকুরঘরে উঠিলাম। আমায় দেখে কহিলেন—'আমার আসন ঠাকুরের শয়নঘরে করে চারিদিকের দরজা'

১১। ইনেরজী ও বাঙ্গলা জীবনীতে সমস্ত দরজা-জানালা বন্ধ করিরা ঠাকুরবরে (পূজাগৃহে) ধ্যানের কথা আছে। বর্তমান বিবরণে ধ্যানের স্থান পার্যবর্তী ঠাকুরের শরন্যর—উহার তিন দিকে সম্ভ্রা—কেবল উত্তরে জানালা; পূজাধর ও শরন্যরের মধ্যেও একাধিক দরজা আছে।

বন্ধ করে দে।' অক্সদিন আমি পূজা করিলেও ঐ পূজাষরের এককোণে স্বামীজী বিসিয়া ধ্যান করিতেন। আজ অগু মত করিলেন। আব্দাজ ১১টার পর ধ্যান থেকে উঠিয়া—'মা কি আমার কাল, কালরূপা এলোকেশী কৃদিপদ্ম করে আলো' গুনগুন রবে এই গান গাহিলেন। আহারের সময় অতি ভৃপ্তির সহিত সেই ইলিশ মাছের ঝোল অম্বল ভাজা দিয়া ভোজন করিলেন। কহিলেন—'একাদশী করে থিদেটা খুব বেড়েছে, ঘটি-বাটিগুলো ছেড়েছি কষ্টে।' আহারের পর নানা কথা কয়ে কিছু বিশ্রাম করলেন।

বেলা একটার পর আমায় তুলে বলিলেন—'চল পড়িগে, সন্মাসী হন্ধে দিবানিস্রা থারাপ। আমার আজ ঘুম হলো না। একটু ধ্যান করে মাথাটা কিছু ধ্রেছে, brain weak হয়েছে, দেখছি।' তারপর Library-র ঘরে বসে তিন ঘণ্টা পাণিনি ব্যাকরণ পড়াইলেন। চারিটার পর আমায় সঙ্গে নিয়ে বাগানের বাহিরে প্রায় এক মাইল রাস্তা গেলেন। একটা বাগান দেখিয়া তোমাদের Leggett সাহেবের বাগানের বর্ণনা করিতে লাগিলেন। সে দেশে আয় লোকে machine-এর সাহায্যে বড় বড় বাগান কেমন সাফাই রাখে। সাড়ে পাঁচটার পর মঠে ফিরিয়া আমায় European civilisation-এর History তন্ন তন্ন করে বুঝাইলেন, তারপর History of Colonies-এর কথা বলিলেন।

সন্ধার সময় আমি ঠাকুরঘরে গেলে আমাদের শশীর বাবার সহিত অনেকক্ষণ কথা কয়ে স্বামীজী উপরে গেলেন। ব্রজেন্দ্র বলে একটা বাঙ্গাল ছেলে তাঁর সঙ্গে সে সময় ছিল · · · — (তাকে) বলেন যে— 'আজ আমার শরীর বড় হারা বোধ হচ্ছে। আজ বেশ আছি।'

নিজের ঘরে বদে ঐ ব্রজেন্দ্রকে 'আমার মালা হ'ছড়া দে' কহিলেন, আর উহাকে অন্থ ঘরে যাইতে আদেশ করিলেন, বলিলেন 'ডাকিলে আসিন'। প্রায় এক ঘণ্টা বাদে উহাকে ডাকিয়া বাতাস করিতে ও পা টিপিয়া দিতে বলিলেন। পা টিপিয়া দিতে দিতে তাঁর নিজাবেশ হইল। প্রায় আধ ঘণ্টা নিজাবেশের পর তাঁর হাত ঈষৎ কাঁপিল—হ্-চার সেকেণ্ডের জন্ম। ইহার পর একটি দীর্ঘ নিঃখাস মুখ দিয়া ত্যাগ করিলেন। তার হ্-এক মিনিট পর আর এক দীর্ঘ নিঃখাস ভ্যাগের পর একেবারে সমাধি। তখন বজেন্দ্র ভয় পেরে গোপালদাকে ভাকিয়া বলে—কি হইল দেখুন। ইহার হ্-এক মিনিট

পরে আমি গিয়া মহাসমাধিস্থ দেখিয়া শশীর বাবাকে ডাকিয়া স্বামীজীর কানে
শ্রীশ্রীগুরুমহারাজের নাম করিতে লাগিলাম—যদি সমাধি ভক্ষ হয়। কি সে
জ্যোতির্ময় মুখমণ্ডল! কি সে স্বর্গীয় তেজ্ঞপূর্ণ বিক্ষারিত নেত্র! কেবল
কৌপীন-পরিহিত সে স্থলর শরীরে এক অপূর্ব কান্তি পরিলক্ষিত হয়েছিল!

তার পর দিবসেও সে মৃথমওল দর্শন করে অনেকের ত্র:খ-শোক দ্র হয়েছিল।
ঠিক যেন শিব শুরে আছেন! কোন অঙ্গের কোনরূপ বিক্তি হয় নাই!
ইচ্ছা করে যেন শরীর ত্যাগ করিলেন। সেই রাত্রেই মজুমদার ডাক্তারকে
আনান হইল। শরৎ, রাথাল ও সাত্রেল রাত্রে আসিল। ডাক্তারেও ঠিক
করে বলিতে পারিল না যে, কোন রোগে এরপ হইল।

ঠাকুর যে বলিতেন—'তুই যেদিন স্ব-স্বরূপ জানতে পারবি দেদিন তুই শরীর ছেড়ে দিবি।' তাই হইল! যে স্থানে দাহ হয় সে স্থানে একটি শিবমন্দির ও তাহার সম্মুখে নাট-মন্দির স্থাপন করিবার ইচ্ছা, চেষ্টা কিছু কিছু হইতেছে।

কলিকাতার লোকেও একটা memorial meeting করবার চেষ্টা করছে। মাদ্রাজে এব্ধণ একটি হয়ে গেছে, টাকাও উঠছে।

রাথানভায়া তোমায় চিঠি নিথিতেন, কিন্তু কদিন হতে তাঁর দর্দি ও জর হয়েছে। শরৎ কলিকাতায় গিয়াছে। এথানে এসেই হরিভায়ার জর হয়েছিল। আজকান ভাল আছেন।

সারদা শীঘ্রই আমেরিকা যাচ্ছে হরিভায়ার স্থানে, স্বামীজী পূর্বেই ইহা বন্দোবস্তু করেছিলেন।

আমাদের যার যতটুকু দাধ্য দে ততটুকু স্বামীজীর কার্য রক্ষা করিবার চেষ্টা করিব। এই আমাদের দঙ্কল্প। তুমি কেমন আছ লিথিবে। আমাদের ভালবাদা ও নমস্কারাদি জানিবে।…

> দাস বাবুরাম

আমেরিকার স্বাধীনতা দিবসে ৪ঠা জুলাই তাহার মহাপ্রয়াণ; কিন্তু ইহা কি সত্তাই চলিয়া যাওয়া, চিরনির্বাণ—পৃথিবীর মাহুষের সহিত চিরবিচ্ছেদ? তাঁহার জীবন ও বাণী হইতে তো তাহা মনে হয় না। ৪ঠা জুলাই সম্বন্ধে তিনি নিজেই না লিখিয়া গিরাছেন? তারপর এল দিন—সফলিয়া উঠিল যথন
সকল সাধনা কর্ম পূজা প্রেম আত্মবলিদান—
গ্রহণ করিলে আসি—সব হল—সম্পূর্ণ সার্থক!
তথন উঠিলে তুমি—হে প্রসন্ন ছড়াবার তরে
মৃক্তির আলোক শুল্ল—সারা বিশ্ব-মানবের 'পরে।
চল প্রভু চল তব বাধাহীন পথে ততদিন—
যতদিন ঐ তব মাধ্যন্দিন প্রথব প্রভায়
প্রাবিত না হয় বিশ্ব, পৃথিবীর প্রতি দেশে দেশে
সেই আলো না হয় ফলিত, যতদিন নরনারী—
তুলি উচ্চ শির—নাহি দেখে টুটেছে শৃষ্থলভার—
না জানে শিহরানন্দে তাহাদের জীবন নৃতন। ১২

বিচার করিয়াছিলেন ম্যাকলাউড ও নিবেদিতা স্বামীজীর স্বন্ধপ সম্বন্ধে।
ম্যাকলাউড বলিলেন, তিনি ছিলেন 'মূর্তিমান শক্তি', আর নিবেদিতা বলিলেন,
তিনি ছিলেন 'মূর্তিমান স্নেহ'। ভগবৎ-পথসঞ্চারী ইতিমূলক সক্রিয় প্রীতি ও
শক্তির মূর্তবিগ্রহ যুগনায়ক স্বামী বিবেকানন্দ বিশ্ববাসীর হৃদয়ভাবে নববার্তা
লইয়া সম্পস্থিত—কে তাঁহাকে বরণ করিয়া নব্যুগের রূপায়ণ স্বরান্তি করিবে?

॥ ওঁ ঐবিবেকানকার্পণমন্ত্র॥

নিৰ্দেশিকা

অথগুনন্দ (স্বামী) -মুর্শিদাবাদে
 চ্ছিক্ষ-সেবা ৯, ২৪, ১৯৭, ২১০;
 -'স্বতিকথা' ৯; রাজপুতানায় ৯;
 অনাথ বালক সেবা ২৯; অনাথ
 আভাম স্থাপনে স্বামীজীর উৎসাহ
 ৪১; মুর্শিদাবাদ থেকে উৎসবে
 ৯২; সম্মে শিশুকে স্বামীজীর
 কথা ৯২; স্বামীজীর উপদেশ ২১০;
 সামীজীকে বিদায় সম্ভাষণ ২৩৭

অচ্যতানন্দ (সরস্বতী) আর্ধ সমাজের প্রচারক ২২, ৩৪; অমৃতসরে ৩৬; রাওলপিণ্ডিতে ৪২; লিথিত দিনলিপি ৪৩; -কে স্বামীজী আর্থ-সমাজের ক্রটি ব্ঝাইলেন ৪৬; তাঁকে স্বামীজী পড়াতেন ৬৩

অজিত সিংহ -ইংলগু রাজদরবার প্রত্যাগত ৬৩, ৭০; স্বামীজীর সাথে জয়পুর যাত্রা ৭২, ৭৫; নৈনীতালে স্বামীজীর সহিত ১০৮; তাঁহার দেহত্যাগ ৩৭৭

'অতীতের স্থতি' স্বামী বিরজানন্দের স্থতিলিপি অবলম্বনে ৩৫৮-৬৩; ইহাতে উদ্ধৃত স্বরূপানন্দের ডায়েরী ৩৬৭

অবৈত-আশ্রমন্থাপন ১৯৩-৯৪, ১৯৫;

-এর সংশ কর্মের মিলন ২২১;

-আশ্রম হিমালয় ক্রোড়ে ৩১৫;

-সাধনার কেন্দ্র মায়াবতী ৩৬৭;

বেলাস্তের নব অভিবান ৩৯৬

অবৈতানন্দ—(স্বামী, বুড়োগোপাল)

-বেলুড় মঠ অমির কারে ৮৫;

-এর সহিত স্বামীঙ্গীর রসিক্তা ২১৮

অভ্তানন (সামী, লাট্মহারাজ)উত্তর ভারত ভ্রমণে স্বামীজীর সঙ্গী
২২; অমৃতসরে ৩৬; পাণ্ডবদের
মন্দিরে ৩৮; ও স্বামীজীর মধ্যে
প্রীতি ও শ্রন্ধার ঘটনাদ্বর ৩৮-১;
কাশ্মীরে স্বামীজীর সঙ্গী ৩১;
জয়পুরে ৪২; তাঁহার স্বৃতি
কথা ৬৭, ৭৫ পা: টী:; অবাঞ্চিত
পরিস্থিতি ২০৪

অভেদানন্দ (স্বামী, কালী মহারাজ)
আমেরিকায় কার্ষে ৮৪, ২৯৭;
রিজলী ম্যানরে ২৫১; ক্যালিফনিয়ার কাজ সম্বন্ধে ২৯৪; নিউ
ইয়্র্ক বেদাস্ত-সমিতিতে ২৫১,

অমরনাথ নিবেদিতাকে যাওয়ার নিমন্ত্রণ ১৫০; -গুহার ১৫২; সহদ্ধে স্থামী-জীর কথা ১৫৭-৫৮; হইডে শ্রীনগর ১৫৯; -দর্শন ১৬৪, ১৭৩ স্থামীনী কুমার দত্ত—স্থামীজীর সহিত সাক্ষাৎ ৬১; এ-সন্থাক্ষ তাঁহার লেখা ৬১; স্থামীজীর সহিত কথোপকথন ৬২-৪

আইডা আনসেল (উচ্ছলা) স্বামীজীর বক্তভার সাক্ষেতলিপি গ্রহণ ২৬০, ২৭৭, ২৭০; স্বামী তুরীয়ানন্দের শিষ্যা ২৬০; ক্যাম্প আর্ডিং-এ ২৭৪; তাঁহার স্বতিক্থার উদ্ধৃতি ২৭৪-২৭৫, ২৭৭, ২৭৯, ২৮৯-৯০ ; তাঁহার পরিচয় ২৭৭ ; ক্যাম্পের বিষয়ে লিখেছেন ২৮৩

আত্মানন্দ (স্বামী, গোবিন্দচক্র স্কুল)
—প্রেগে দেবা ১৯৩

স্মামেরিকা প্রজাতস্ত্রমূলক কার্য ১১৫;
স্বাধীনতা দিবস ১৪১; ক্লবিবিল্ঞা ও কর্মকুশলতা ভারতকে শেখাতে পারে ৩৫২

স্মার্য-সভ্যতা ৭১; ও গ্রীক তুলনা ৭১; -ধর্মই ঈশাহি ধর্ম ১৪৭; -সংস্কৃতি ২৩২;- ভাস্ক্রধ ৩২৭

স্মাৰ্য সমাজ ভগবান সম্বন্ধে ৫০-১; বিৰুদ্ধে বক্তৃতায় স্বামীজীর স্বাপত্তি ৫২

অালমোড়া, আলমোড়ায় শ্রীমতী মূলার ২১; স্বামী শিবানন্দ ২২; স্বামী-জীর কার্যসূচী ২৪; -ত্যাগের काल २७, २२, ७०, ७८; প্रधान ঘটনা ৩১ ; সোভিয়ার-দম্পতির বাস ১০৪; স্বামীজীর গমন ১০৫; স্বামী প্রেমানন্দ ১০৮; সেভিয়ার গ্রহে স্বামীজী ১১১, ১১২ ; কষ্টকর কিন্ধ শিক্ষাপ্রদ শ্বতি >>8: নিবেদিতার মনোভাব > 656 বাসের শেষ দিন ১২৯ 'প্ৰবৃদ্ধ ভারতে'র কান্ত ১৩০

আলাসিকা পেকমল—মাজাজ বন্দরে ২৪০-৪১; কলছো থেকে মাজাজ ২৪২

আলোয়ার, আলোয়ারে সামীজীর আগমন প্রতীকায় ভক্ত ৬৫; ভক্ত ও বন্ধু মধ্যে সামীজী ৬৬; হইতে জন্মপুরে যাত্রা ৬৭

স্থাসাম স্থামীজীর বক্তভা ৭৭

স্ম্যালবার্স, ক্লষ্টিনা—লিখিত বিবরণ ২৮৯

স্থালেন, এডিথ (বিরক্তা)-উজ্জ্বলার
স্থাতিকথায় ২৮৬; স্থামীজীর
সহিত আলাপ ২৮৬-৮৭; রান্নাদরে
স্থামীজীকে সাহায্য ২৮৭; তাঁর
স্থাতিকথা ২৮১-১০

আ্যানেন, টম (অজয়)-উজ্জ্বার শ্বতিকথা ২৮৬; তৃইটি আশ্রুর্ফ কথা ২৮৬; 'স্বামীজীর ঘোষণা কারী' ২৮৬; পরিচয় ২৮৮ আ্যাম্পিনল, এমিলি (কল্যাণী) শ্বামীজীর গৃহস্থালীর কাজে ২৭৯

'ইউনিট' পত্রিকায় বক্তৃতার বিবরণ ও স্বামীজীর চরিত্র ২৬১

ইউরোপ কি অভিমত প্রকাশ করে
১১২; বর্ণনা স্বামীজী কর্তৃক
১১৫; -এর মেয়েরা পুরুষত্ব
বাঁচিয়ে রাখে ২১•; তরুণ ও
সজীব ২৪•; আগ্নেম্বিগিরির উপর
বদে ৩৪•

ইংবেজ বাণিজ্য কর্মে ১১৫; সব সময় সত্যপরায়ণ নম্ব ১২২; ভারভকে শাসন কার্য শিখাতে পারে ৩৫২ 'ইভিনিং স্টার' (প্যাসাডেনার) পত্রিকায় ঘোষণা ২৬৪

'ঈশামূসরণ' স্বামীজীর নিত্য সহচর ১৪০,২৮৪

'উদোধন'-পত্রিকায় প্রকাশিত বিবরণ ১৭৫-৭৬; পঠনমূলক নেতিমূলক নম ১৯২; পত্রিকায় শ্লেপ-সেবা-কার্থের বিজ্ঞান্তি ১৯৩;-এঞ্জকাশের জন্য স্বামীজীর ভ্রমণ বৃত্তান্ত ২৪২

উপনিষদ্ বৃহদারণ্যক—১৩৩-৩৪;
খেতাখেতর—১৪০; বৃঝিতে
গীতার সাহায্য প্রয়োজন ১৪১;
-পাঠ ২০৬; -এর বাণী ২৩৭;
-এর সোহহম্ বাক্য ৩৪১; -এর প্রামাণ্য ৩৮৩

উষা (ব্রহ্মচারিণী) লিখিত 'দক্ষিণ ক্যালিফর্নিয়ায় স্বামীজী' ২৫৯

ওকাকুরা (জাপানী শিল্লাহরাগী) বেলুড়ে ৪১৬; তীর্থ ভ্রমণ ৪১৭, ৪২৮

ওড়া (জাপানী ভিক্স্) বেলুড়ে ৪১৬

ওয়াইকফ (শ্রীমতী ক্যারীমীড, সিন্টার ললিতা, সিন্টার) তাঁর বাড়ীতে হলিউডের বিবেকানন্দ ভবন ২৬৭; পরিচয় ২৭০, স্বামীজীর বক্তৃতায় মুয়া ২৭১; তাঁর অহুপম ভক্তি ২৭৪; বেদাস্ত সমিতিকে দান ২৭৫ ওলবার্গ স্মৃতিকথা ২৯১-৯২

কংগ্ৰেস সম্বন্ধে স্বামীজী ৩২

কর্ম-ভগবত্পাসনায় পরিণত ১; চিত্ত-শুদ্ধির উপায় ২, ২২২, ২২৩; -যোগ ১৬, ২২২, ২৩৬; -মার্গ ১৮, ২২২; -কেন্দ্র ২৮; নিদ্ধাম—১৭০, ২৩১, ৩৬৫; -বিভাগ ২২০, ২৩২; পরার্থে—২২৩; -দ্বারা মৃক্তি ২২৩; -বিরহিত জ্ঞান বা ভক্তি ২২৩

কালভে (মাদাম এমা) চিকাগোয় ২৫৫; স্বামীজীকে ভ্রমণে অফুরোধ ৩৩**৫, ৩৩**৭ ; **তাঁর স্থ**তিকথা ৩৪৮– ৫০

কাশী-ধামে স্বামীজী ৪১৬; 'রামকৃষ্ণ হোম অব সার্ভিন' ৪১৯; -ধামে সেবা-প্রচেষ্টা ৪২৬

কাশ্মীর সম্বন্ধে স্বামীঞ্জী ৩৯; দারিদ্রা
৩৯; মঠ স্থাপন প্রকল্প ৪৪; আশ্রম
স্থাপনে ব্যর্থকাম ৬৮; বিভিন্ন
ধর্মযুগের কথা ১৩৭-৩৮, স্বামীঞ্জীর
বৈরাগ্যপ্রবণতা ১৪৩; ইতিহাদের
চারিটি স্তর ১৪৫; কণিন্ধ যুগের
মন্দির ১৪৫; মঠ স্থাপনের আশা
১৬১

ক্যালিফনিয়া-বাত্রা স্বামীজীর ২২৫;
বেদাস্ত সমিতিতে স্বামীজীর বক্তৃতা
রক্ষিত ২৬১; উত্তর—২৭৪, ২৭৬;
-রাজ্য অন্তর্গত স্থান ক্রান্দিস্নো
২৭৮; বেদাস্ত প্রসার লাভের ঠিক বায়গা ২৯৪

ক্যান্ধিন্স, রীভস (মিশনারী)—শ্বৃতি-কথা ৩৫০-৫৩

ক্ষীরভবানী -স্বামীজীর জীবনে তাৎপর্য ১৫৩ ; -দর্শন ১৬৫ ; তথায় তপস্থা ১৭৩ ; তথায় দৈববাণী শ্রবণ ১৭৩-৭৪

খেতড়ী জ্বপুরের সামস্ত রাজ্য ৬৫; -রাজার বাঙ্গলোয় স্বামীজী ৬৭; -রাজ্যের দিনলিপি ৭২

> ী, মোহনদাস করমচাদ—বেলুড় মঠে ৪১২

গিরিশচক্র ঘোষ (জি-সি.) -গৃহে
ন্থানীজী ১৪; মঠে ৯০; যোগী
সাজে ৯১; শ্রীরামক্রফ সম্বন্ধে
৯১-২

গীতা-স্বামীজীর নিত্য সহচর ১৪°, ২৮৪; বৃদ্ধের পূর্ববর্তী ৩২৮

শুডউইন (জে. জে.)— স্বামীন্দীর সাথে উত্তর ভারতে ২২; মাদ্রাজে ২৫; দ্বারা লিপিবদ্ধ ঘটনা ৪৭-৮; মাদ্রাজ থেকে জন্মতে ৪৭; কর্তৃক লিখিত লাহোরের বিবরণ ৪৮-৫০; কর্তৃক লিখিত ৫৬; তাহার দেহাবসান ১২৫, ১২৬, ১২৭; তাহার মাতার নিকট কবিতা প্রেরণ ১২৮; সম্বন্ধে স্বামীজীর উক্তি ১২৮

প্রীক -সভ্যতা ৭১; ও আর্যের তুলনা ৭১; -শিল্পকলা ১৩২; -প্রভাব ৩২৭

চীন -দেশ জগতের কোষাগার ১১৬;
-মন্দিরে প্রাচীন বাঙ্গালা-লিপি
১১৬; ও স্থইজরল্যাণ্ডের লোকের
সাদৃশ্য ১১৬; -দেশের প্রশংসা
১২১; তথায় মহন্থনীতির আদর্শ
৩৫৫

জগদীশ বস্থ (আচার্য) পারিতে স্বামীজীর সহিত আলাপ ৩৩৪

জাতি -ভেদ গুণগত ৪৭, ২৩২; -ভেদ বংশগত ৪৭; -ভেদ উচ্ছেদ ৭৯; -ভেদ বহস্থা উদ্বাচন ৯৯; -ভেদ সম্বন্ধে স্বামীজী ১১৫; ইহার ইতিহাস ১৩৭; ক্রিয়াসস্কৃত—২৩২; -ভেদ মানা ২৬০

জাপান, জাপানী -দের দেশপ্রীতি সম্বন্ধে ৬১; চীন শোষণে যোগদান ৩৫৫; তথায় ধর্মমহাসভা ও ধর্মের জাগরণ ৪১৬; প্রশংসা ৪২৯ জার্মানী সম্বন্ধে ৩৪৩ ডেভিড হেয়ার -স্কটল্যাগুবাসী শিক্ষা-ব্রতী ১১৯; -নিরীশ্বরবাদী ১১৯

তিলক, বালগন্ধাধর কারাদণ্ড ৬১ পাঃ
টীঃ; বেলুড় মঠে ৪১২-১৩

তীর্থরাম গোস্বামী (স্বামী রামতীর্থ)
—লাহোর কলেজের গণিত
অধ্যাপক ৫৪; স্বামীজীর সাক্ষাৎ
৫৪-৫; স্বামীজীর গান সম্বন্ধে ৫৫;
দার্জিলিং হইতে পত্র ৫৫

ত্রীয়ানল (স্বামী, হরি মহারাজ) -নবাগতদিগকে শাস্ত্রশিক্ষাদান ৮৮, ২২৬: 'প্রবৃদ্ধ ভারত' প্রকাশে সাহায্য ১৩০ ; প্রচারার্থ গুজরাটে ১৯১; কাথিওয়ারে ১৯৭, ২৩৪; স্বামীজীর সঙ্গে বিদেশে ২৩৪: ব্রাহ্মণোচিত জীবনে অভ্যন্ত ২৩৪ : वित्म नगम् विन्छा २०४-७६ : তপস্থাপরায়ণ সন্মাসী ২৩৯. ২৯৩: विरामी ठानठनन भिका २৫১-৫२: মার্কিনদেশীয় ব্রহ্মচারিণীর বিবরণ ২৫২; তাঁর কার্য আরম্ভ ২৫২; ক্যান্বি জে ২৫২; শঙ্করাচার্য সম্বন্ধে প্রবন্ধ পাঠ ২৫২; ক্যালিফর্নিয়ায় ২৯৪; তাঁর পা ভাকা ২৯৪; -কে আশ্রম স্থাপনে ডাকা ২৯৪; নিউ ইয়ৰ্ক বেদান্ত-সমিতিতে অভেদানন্দকে সাহায্য २२१: নিউ ইয়র্কে কাজ ৩০৩: -কে 'শান্তি-আশ্রম' স্থাপনের ৩০৩-০৪ ; ক্যালিফর্নিয়ায় শান্তি-আশ্রম স্থাপনে ৩০৬

ত্যাগ ভারতের সনাতন আদর্শ— ৭৯, ১৪৭; সম্বন্ধে উপদেশ ১২৭; -ত্রতী ১৭৮; -ধর্ম ১৭৯; -ভিত্তিক ১৭৯; ধর্মভিত্তিক-২২১; **অর্ধ** ২২৪; **আ**ত্ম-২৩৭; -এর বাণী ৩০০

ত্তিগুণাভীত (স্বামী, সারদাচরণ মিত্র)
-ত্তিক সেবাকার্য ৮৮; বাংলা
মাসিক পত্ত প্রকাশ চেষ্টা ১৯১;
দিনাজপুরে ত্তিক সেবাকার্য ১৯৭

তুর্গাচরণ নাগ-বেলুড় মঠে ২০৫;
স্বামীঞ্জীর সহিত বার্তালাপ ২০৫০৮; মহাভক্ত ২০৬

ছজিক -দেবা ৯, ২৩, ২৪, ২৫, ২৮-৯, ৮৮, ১১৯, ১৯৭, ২১০ ; -নিবারণ ২৮, ২১১ ; দেশব্যাপী—১৯৯

বৈত্ত –বাদ ৭১,৩৪১; -ভাবের তুর্বলতা ১৯৫; হইতে বিশিষ্টাবৈত ২২৩; -ভাবের পুঙ্গনাদি অবাঞ্ছিত ৩৬৭

ধর্মপাল অনাগারিক-মঠে ৯৩-৪

নগেন্দ্রনাথ গুপ্ত-লিখিত 'শ্বতিকথায়' মনোজ্ঞ ঘটনা ৬০-১; -লিখিত ধর্মপ্রচারকের ঘটনা ২৪৮

নিউ ইয়র্ক-প্রচার কেন্দ্র ১৯৭;—বেদান্তসমিতির নিজন্ব বাড়ী ২৫১;
বেদান্ত সোসাইট ২৫৪; -বেদান্তসমিতির সেক্রেটারীর কার্যবিবরণ
২৯৬, ৩০৫-০৬;—এর ঘটনাবলী
২৯৭

নিত্যানন্দ (স্বামী, যোগেন্দ্রনাথ চট্টো-পাধ্যায়) মূর্নিদাবাদে »; প্লেগ-দেবাকার্যকারি ১৯৩

নিরঞ্জনানন্দ (স্বামী, নিত্যনিরঞ্জন ঘোষ) দেওঘরে আর্তদেবায় ১৮৭-৮৮; পুকাকুরা সহ ভারত ভ্রমণে ৪১৭, ৪২৮; স্বামীজীর ঘারে পাহারা ৪৩২

নিশ্চয়ানন্দ (স্বামী, স্থরজরাও) মহারাষ্ট্রে-জন্ম ৪১৩

নেপলিয়েঁ৷ বোনাপাটি-উথান-পতন ৩৪৩-৪৪; তাহার আত্মপ্রত্যয় ৪৩•

নৈনীতালে—তিনটি প্রধান ঘটনা ১০৮; দেবদাসী সংক্রান্ত ঘটনা ১০৮, ১০৯

(মার্গারেট, নিবেদিতা)— নোবল ভারতাগমন ও বেলুড়ে বাস ৮৬; ভারতীয় নারীর শিক্ষায় আত্ম-निरमार्ग ৮७: म्हात थिरमहोरत বক্ততা ৯৪; বন্ধচর্য-দীকা ৯৫. २১०: हीका मद्रस्क ab : বিবরণ ৯৫-৬. পরিবারে প্রবেশাধিকার লেখনীমুখে সংরক্ষিত স্বামীজীর বাণী ১০০; স্বামীন্সীর মানস হহিতা ১০১, ১৫০; প্রেগসেবা ঘোষণার পাণ্ডলিপি ১০০; কালীরূপ বর্ণনা শ্রবণ ১০৪; ভারত পরিচয় ১০৬; ছইথানি বই ১০৬; স্বামীজীর বাণীর মূলস্ত্র লিখা ১১২-১৩; দিব্য-দৃষ্টিলাভ ১১৩; আলমোড়ার শিক্ষাকাল ১১৩-১¢; विशामाগর সম্বন্ধে ১১৯; -জীবনে ভাবগত मः पर्य ১२১; ही नारम् त मन्दर्क ১२১; हिन्दूर त्र मुक्ति मध्य ५२२; यागौजीत निका नवरक ১२२; চিন্তা-জগতে সন্ধটকাল ১২২-২৩; পাঞ্জাবে স্বামীজী সম্বন্ধে ১৩২-৩৩ : কাশ্মীর যাত্রা সম্বন্ধে ১৩৩-৩৪: শ্রীনগর বর্ণনা ১৩৬ : ক্ষীরভবানী প্রস্রবণ সম্বন্ধে ১৩৮-৩৯; ৪ঠা জুলাই-এর উৎসব ১৪১-৪২; অমর-নাথ যাত্রা লেখা ১৪৩-৪৪; পরি-কল্পনা ও দায়িত্ব ১৪৯; ভাবী কার্য সম্বন্ধে স্বামীজীর শিকা ১৫০-৫১; যাত্রাপথে সাধুসেবা ১৫২; স্বামীজীর সহিত স্ত্রীশিক্ষার আলোচনা ১৬০; 'মৃত্যুরূপা মাতা' বর্ণনা বিত্যালয়ের আরম্ভ ১৭৪; কার্যা-রস্তের সভা ১৭৫; মঠে আধুনিক বিজ্ঞান বিষয়ক বক্তৃতা ১৮৮; বেলুড় মঠে বক্ততা ১৯২-৯৩; স্বামীজী দ্বারা বক্তৃতা পুর্বেই অমু-মোদন করান ১৯৩; কলিকাতা প্লেগ সেবাকার্যের সম্পাদিকা ১৯৩: প্লেগ ও ছাত্রগণের কর্তব্য সম্বন্ধে ১৯৩: কালীঘাটে বক্ততা ১৯৫-৯৬: আত্মদান ২০৯; স্বামীজীর সহিত প্লেগের কথা ২১০; সাধারণ স্বাস্থ্য ব্যবস্থার উন্নতিকল্পে ২১০ ; নিবেদিতা নাম প্রদান ২১০: বিদেশ যাত্রা ২৩৪; সমস্তা ২৩৫; স্বামীজীর কথা হৃদয়ে গাঁথিয়া রাখিতেন ২৪৩; তাঁর হিন্দু ধর্ম ও কুষ্টি বিষয়কগ্রন্থ ২৪৩; তাঁর গ্রন্থে মা কালী ২৪৪-৪৫; ভারতের কল্যাণের উপায় স্বামীজীকে প্রশ্ন ২৪৫;উল্লিখিত ঘটনা ২৪৭, ২৫৪; রিজলী ম্যানরে ২৫১: চিকাগোয় শিক্ষা পরিকল্পনার জন্ম অর্থ সংগ্রহে ২৫৫: লিখিত গল্প ২৫৮: নিউ ইয়র্কে ২৯৬; 'নারীর আদর্শ' বক্ততা ৩০৫; 'প্রাচীন ভারতের শিল্পকলা' বক্তৃতা ৩০৬; ফরাসী (मट्रेंग ७२३

পওহারী বাবা-নিজ দেহ অগ্নিতে আছতি ১২৫-২৬; ইহা শ্রবণে স্বামীজীর মনোভাব ১২৭-২৮ পাঞ্চাবে-শিক্ষাক্ষেত্ৰে ৪৬; হইতে সিন্ধদেশ গমনেচ্ছা ৬২ ; আশ্রমস্থাপনে ব্যর্থকাম ৬৮ ; থেকে বাংলা উদারতর আগত স্থারাম গণেশ দেউস্করের বন্ধ ১৯৯; অন্নাভাব ১৯৯ \ 'পারি প্রদর্শনী' প্রবন্ধ ৩২৫-২৮ 🕽 পূর্ববঙ্গে বক্তৃতা ৭৭; প্রচারার্থ শিষ্য প্রেরণ ১৯০ প্যারিস-প্রদর্শনী ২৯৬; সভ্যতাকেন্দ্র ৩৩৭ : -এর পর ইউরোপ ৩৪৪ প্রকাশানন্দ (স্বামী, স্থশীল চক্রবর্তী) আমালায় প্রেরিত ৩৯; পুর্ববঙ্গ ঢাকায় প্রচারে ১৯০; প্রচারার্থ পূর্ববঙ্গে ১৯৭ 'প্রবৃদ্ধ ভারত' (পত্রিকা)-মাদ্রাজে প্রকাশিত ১২৯: আলমোড়ায় স্থানাস্তরিত **५२**२-७०. চালাইবার কাজ ১০০; আফিস আলমোডার 'থমদন হাউদে' ১৩০ ; গোডাপত্তন আলমোডায় ১৯৪:

প্রেক হইতে নিবেদিতা ২০৯
প্রিয়নাথ সিংহ লিখিত 'স্বামীজীর স্মৃতি'
২১১; গীতার কর্ম সম্বন্ধে ২৩৬
প্রেমানন্দ (স্বামী, বাবুরাম মহারাজ)
-আলমোড়ার পথে ১১১; পুজাদির
ভার গ্রহণ ২১৭; স্বামীজীর অফুট
উক্তি শ্রবণ ৪৫১

ফাঙ্কি (শ্রীযুক্তা) স্বামীজীর বর্ণনা ২৪৮;
সমুদ্রধাত্তা সম্বন্ধে শ্বতি ২৫০-৫১
বদ্রীশা (লালা) - শ্বালমোড়ায় ২১;

ভাতৃপুত্ৰ গোবিন্দলাল শা কাঠ-গোদামে ৩৫৮

বলরাম বস্থ ভবনে নিবেদিতা ১৭৫; স্থগ্রহণ দিনের ঘটনা ১৮৪; স্বামীজীর কথা ২১১-১২

বাইবেল -সমালোচনা ১৪৫; জীবনী
অংশ ১৪৫; -উক্ত মার্থা ২৭৩;
হইতে ভক্তি ও সমাজ্ঞ সেবা ৩৩৯;
-এর রহস্থা সমাধান ৩৪১; -এর
বৈতবাদ বিশিষ্টাবৈতবাদ ৩৪১

বিজয়ক্ষ গোস্বামী-বলরামগৃহে ২১৮; ও স্বামীজী সাক্ষাৎ ২১৮-১৯

বিজ্ঞানানন্দ (স্বামী, হরিপ্রসন্ন চট্টোপাধ্যায়, পেসন) মঠবাড়ী নির্মাণ
শেষ ১৭৪; -ঘাট ও পোন্তা প্রস্তুত ২১৩; জীবনীর ঘটনা ২১৪-১৫; স্বামীজীকে ভয় ও ভালবাসা ২১৫; স্বামীজীর নিক্ট শ্রীমার মহিমা জ্ঞাত ২১৫-১৬

বিভাসাগর (ঈশ্বরচন্দ্র) ১১৮ বিধবা -বিবাহ ৭৯, ১১৮; বাল-১১৮; -আশ্রম ৭, ২৩৫

বিবাহ আন্তর্জাতিক-৭৯; বাল্য -৭৯
-পদ্ধতি হিন্দুর ১১৫; বহু -১১৮; হিন্দুর-১৪৭, ৩৪২

বিবেকানন্দ (স্বামী) যুগনায়ক-১;
-প্রতিষ্ঠিত সংঘের উদ্দেশ্য ১৯;
বীর সন্ধ্যাসী-৩১; কার্যে ব্যাপৃত
৪৭; জন্মতে হিন্দী বক্তৃতা ৪৮;
দেরাছন যাত্রা ৫৭; কর্মযোগী
সন্ধ্যাসীরূপে ১০০; তাঁহার
আখাসে জনসাধারণের আখিতি
১০৩; টাটার মতে ১৭৯; জ্ঞানিশ্রেষ্ঠ ১৮১; -এর প্রতিকৃতি লস
১০এঞ্জিলিসে ২৫৬

বিমলানন্দ (স্বামী, ধগেন্দ্রনাথ চট্টো-পাধ্যায়) শ্রীমান্বের বাড়ীতে ১৭২; শ্রীমাকে চিঠি ৩৬৭

বিরজ্ঞানন্দ (স্বামী, কালীক্লঞ্চ বস্থু)
-পূর্ববন্ধে প্রচারে ১৯০, ১৯৭;
দেওঘরে হুভিক্ষ দেবা ১৯৭; অভুড কর্মী ৩৫৮; ভারগ্রহণ ৩৫৮-৬; প্রদত্ত স্বামীজীর শিশুস্থলভ স্বভাবের দৃষ্টাস্ত ৩৬৭-৬৮; ঘোড়ায় চড়া ৩৭৩

বিশিষ্টাদ্বৈত --বাদ ৭১, ৩৪১; হইতে অদ্বৈত ২২৩

বুক. মিনি. সি (কুমারী) স্থান-স্মাণ্টোনে জমিদান ২৯৪; জমি রেজেন্টারী ৩০৬

বুদ্ধদেব -সারনাথে ধর্ম-চক্র প্রবর্তন ১৯;
-চরণে অঞ্চলি ৯৬; ক্ষত্তিয়কুলে
জন্মের হেতু ১১৬; সম্বন্ধে স্বামীজী
১১৬-১৭; জননী মায়াদেবী ১৪৫;
অম্বাপালীর গৃহে ১৪৬; ও বীশুর
উপদেশের সাদৃশ্য ১৪৬; 'মারজিং'
১৪৭; তাঁহার অফুগামীদের
প্রচার ১৯০; অহিংসা প্রচার
২৪৬

বৃল, ওলি (ধীরামাতা) ভারতে আসিতে
চাহেন ৩৬; ভারতে বাত্রা ৮৫;
উৎসবে যোগদান ৯৩; বক্তৃতা
৯৪-৫; মঠের জমিতে পুরাতন
বাটীতে বাস ৯৬; আলমোড়ায়
১০৫; কাশ্মীরে ১২০; বামীজীর
সহিত কাশ্মীরে ১৩০; বেলুড়ে
গৃহনির্মাণে টাকা দান ১৭৬; মঠ
স্থাপনের জন্ম অর্থ দান ১৯১;
রিজ্বীম্যানরে ২৫১

বেঞ্চামিন ফে মিল্স ধর্মবাজক ২৭৬;

গৃহে স্বামীজী ২৭৬-৭৭; স্বামীজীর প্রশংসা ২৭৭-৭৮

বেণীশঙ্কর শর্মা—লিখিত পুন্তক ৭২

বেদ -মতে ৫, ২৩১; -বেদান্ত ৫; -এর
উপদেশ-তাত্ত্বিক ও ব্যাবহারিক
২৭; -আদিশান্ত্র ৪২; আলোচনা
প্রসঙ্গ ৭১; নির্ভরযোগ্য ৮১;
স্বয়ং ছিজাতির উপনয়ন অধিকারের
প্রমাণস্থল ৮৯; বাণী ১৪০; -এ
পাপবাদ ১৪৭; -এ শয়তান ১৪৭;
-এর মাথায় সন্ম্যাসী দাঁড়িয়ে ২২৯;
একমাত্র শান্ত্র ২৩১; -বেদান্তের
সার ২৪৬; ইহার আন্ধণ ভাগ
৪৬৬; -পাঠে উপকার ৪৫৩

বেদান্ত কার্যে পরিণত—১, ২২২,
২২৬, ২৪৪, ৩৪২; -বাদ ১, ২২১;
কার্যকরী করা ২; প্রচার ২৯, ৫৫,
১৭১; ২৩৪, ২৫৩, ২৯০, ২৯৪,
৩০৭; বিষয়ে ভাষণ ৪৯, ৫৮, ৭১;
-বাদী ৫৭; অধ্যয়ন ৬৮; সম্বন্ধে
বক্তৃতা ৭১; -শান্ত্র ৮১; -কেশরী
১০০; -বাণী প্রচার ১২৯; -এর
প্রেষ্ঠ ভাবগুলি শিথ গুরুদের
সাধারণে প্রচার ১৩২; বনের১৭৮, ১৯৮, ২২১; -বিচার ১৯৯
-পাঠ ২১৭; -দর্শন ২৭৯, ২৯২;
-সমিতি ২৯০; -সভা ও কেন্দ্র
২৯০; -চর্চা ২৯১; -সাধন ২৯৪,
৩০৭

বেশান্ত, অ্যানি—আলমোড়ায় ১১১; স্বামীজীকে অমুরোধ ১১১

বোয়া, জুল ফরাসী লেখক-গৃহে স্বামীজী ৩২৩-২৪; স্বামীজীর ভ্রমণ সঙ্গী ৩৩৭; ও স্বামীজীর বন্ধুত্ব ৩৫০; বেলুড়ে ৪০২ বৌদ্ধ -ধর্মের অবনতি কাল ১; দর্শন ৪৯; -ধর্মের ব্রাহ্মণ্য প্রতিছম্বী ভাব ১১৬: -সম্রাটদের অভাদয় ও চন্দ্রগুপ্ত ১৩২ : -ধর্মের নীতি ২৩৭: ধর্মের আলোচনা প্রসঙ্গে অশোক ১৩৮ ; -ধর্মের যুগ কাশ্মীরে ১৪৫ : -যুগে ভাস্কর্যের উন্নতি ১৪৫: -অমুষ্ঠানাদির সহিত খুইধর্মের সৌসাদৃশ্য ১৪৫; -ধর্ম হইতে খুষ্ট-ধর্মের উৎপত্তি ১৪৫ : -ধর্মের উৎস বৈদিকধৰ্ম ১৪৫; - एतत्र मरधा শয়তান ১৪৬; -দের সন্ন্যাসবাদের কুফল ২০১; ও জৈন ধর্ম-সংস্কারের কুফল ২৩৭-৩৮: -ধর্মের শাখা ও তথা ৪৩০

ব্রন্ধানন্দ (স্বামী, রাথাল মহারাজ)
কলিকাতা কেন্দ্রের সভাপতি ১২;
স্থচারুরূপে মঠের কার্য সম্পাদন ৮৮;
নিবেদিতার বিভালয়ে ১৭৪,১৭৬;
বলরাম ভবনে ২১২,২১৪; ও
স্বামীজী ২১২-১৪

রজেট, এস. কে (শ্রীযুক্তা) স্বামীজী সম্বন্ধে উক্তি ২৫৭; এবং জ্বয়ার কথোপকথন২৫৭; -এর স্মৃতিলিপি ২৬৬-৬৯; স্থাসামীর কাহিনী ২৬৮

ভক্তি-আলোচনা ১১৭; ত্যাগরহিত ১২৭, ২২১;-লাভ ২২২; -বাদ ৩৪২ ভারত, ভারতবর্ধ—বাসী বলবীর্বহীন গুপরাধীন কেন ৪৫;- ভূমির অভ্য-খান ৭৭; পূর্বাপেকা শক্তিশালী ও গৌরবমণ্ডিত হবে ৭৮; -বাসীর মনে শ্রন্ধা উত্তেক ৭৮; ব্ঝিতে হইলে চোখে আধ্যাত্মিকতার অঞ্জন চাই ১০২; অমর ১০২;-বাসী আদর্শন্ত ই ২০২; নৃতনভাবে গড়া ২৪৬; তরুণ ও সন্ধীব ২৪৭; সম্বন্ধে পাশ্চান্তো অজ্ঞতা ৩৩৯; ধর্মেসব জাতির শিক্ষক স্থানীয় ৩৫২ ভারতে, ভারতবর্ষে—কাজের অস্তরায় ৩; বক্কৃতা ও অধ্যাপনার ফল ২৪; সন্ধ্যাসধর্ম প্রচার ১৭৮; নৃতন জাগরণের স্তর্পাত ২২১

ভারতের অবনতির কারণ ১; মৃক্তির উপায় ৯, ৩২; জাতিসমূহের ধর্মে ঐক্য - ৪৮; মধ্যবিত্তেরা বীর্যহীন ৬০-১: সভাতা সভ্যতার তুলনা ৭৮; পুনক-क्कीवत्नत्र উপाय १৮; व्यानर्भ २०२, ১৪৭; ভবিশ্বৎ ১০২; ও ইউ-রোপীয় ইতিহাস ও উচ্চভাবের তলনা ১১৪: প্রাচীনকালে ব্রাহ্মণ ও ক্ষত্রিয়ের সংঘর্ষ ১১৬ ; রুষ্টি ১৩৯, ৩২৭ : বৈজ্ঞানিক গবেষণা ১৭৮ : নারীজাতির আদর্শ ২০২, ৩৪২; পুনরুখান ২৩২; কল্যাণার্থ প্রকল্প ২৩৩; আধুনিক অবনতি ও ভবিশ্বৎ উন্নতি ২৪৩ ; জনসাধারণে আর্থিক উন্নতি ও শিক্ষাপ্রসার ২৬৪; সামাজিক ব্যবস্থা২৭০,৩৪২: নারী ওপাশ্চাত্তা নারী ২৭০; কার্যের জন্য অর্থ সংগ্রহ ২৯১, ২৯২ ; ধর্ম ও খুষ্টান ধর্ম ৩৩৯-৪০ ; ভক্তিবাদ ও জ্ঞান-মার্গ খৃষ্টধর্মের পরিপুরক ৩৪২; সমাজের মূলমন্ত্র ৩৪২; নব জাগরণ ৪১১

ভিঙ্গার রাজা-কাশীতে মঠ ছাপনে দান ৪২৭, ৪৪৩-৪৪

মঠ, মঠে-ছাপনের জন্ম অর্থ ২৩;

-কাশীপুর উত্থান বাটীতে স্থাপনের প্রকল্প ২৬ ; কলিকাতায়-৬২, ৬৮ ; नीमाध्य म्थार्कीय वाशास्त्र ৮8, ২৩০; স্বামী সারদানন্দ ৮৬; वांगेटि विदिनी महिनावुन ५७; বাড়ীতে ৮৭; স্ত্রী-১৬১, ১৬৩: -বাড়ী নিৰ্মাণাদি ১৭৪: -স্থাপন ১৭৬; থেকে তিন প্রকার দান ১৭৭; -আরম্ভ ১৭৯; -ভূমি ১৮০; রামকৃষ্ণ-১৯৭, २२১; স্বামীজীর নিয়ম ২০৩, ২২৯-৩০: -বাড়ী পুরাতন ২৩১; -মন্দির ২১৬; -কেন্দ্র ২১৭; -বাড়ী ২১৭, ২২০; - ४र्भ श्राज्य २२०; - जीवन २२२, ২৩০ ; কার্যভার যুবকদের উপর ২২৬; (আলমবাজার) নিয়মা-বলী ২৩০; (বেলুড়) নিয়মাবলী ২৩০-৩২, ৪১০ : -স্থাপনের উদ্দেশ্ত ২৩০, ২৩১, ২৩৮ ; সমাজ সম্বন্ধে কর্তব্য ২৩০ : শ্রীরামক্লফের উদার ভাবে পরিচালিত ২৩১; বিশ্ব-बनीन कन्गार्वत बन्ग २७२ ; द्वान्छ-ডীড ৩৩০-৩২ ; তুর্গাপুজা ৩৯৯-805

মন্মথ গাঙ্গুলি-লিখিত শ্বতিলিপি
২১৮, ৩৭৯, ৪০৭-১০, ৪১২-১৩;
স্বামীজীর সহিত আচরণ ২১৯;
সংস্কারের বাধা তিরোহিত ২২০;
চীন সম্বন্ধে উক্তি লিপিবন্ধ ৩৫৫
মহম্মদের-ঐতিহাসিকতা সন্দেহাতীত
১৪৫

(এ) মা (সারদাদেবী)-বেলুড়ে আগমন ১৭৪; নিবেদিতার বিভালয়ে ১৭৬; মঠ-দর্শন ১৮৮; আমীজী প্রভৃতিকে আশীর্বাদ ও ভোজন করান ২৩৮; সম্বন্ধে শেক্সপীয়র ক্লাবে ভাষণ ২৬৪

মান্ত্রাজ, মান্ত্রাজে-কাজের ধায়গা ২৯;
-বাসী ব্রাহ্মণ সম্বন্ধে ৩৩-৪;
স্বামীজী ও সদানন্দ ৬৫-৬; হইতে
প্রকাশিত পত্রিকাদ্বয় ১৩৮; প্রচার
কেন্দ্র ১৯৭; রামক্রফানন্দ ২১৭;
বন্দরে স্বামীজী ২৪০

মায়াবতী-অবৈতাশ্রম ১৯৩-৯৪; প্রচার কেন্দ্র ১৯৭

মীড (শ্রীমতী হেলেন) ব্লজ্জেট গৃহে ২৬৭; পরিচয় ২৭০; বক্তৃতার সাঙ্কেতিক লিপি গ্রহণ ২৭১

মূলার (মিস হেনরিয়েটা)—ভারতে
২০; আলমোড়ায় ২১, ২৫;
নির্জন উভানে ২৩, ২৪; সভায়
২৮; -প্রদত্ত অর্থে মঠ জ্মি ক্রয়
৮৪; -গৃহে ওলিবুল ও ম্যাকলাউড
৮৬; সম্বন্ধে স্বামীজী ৮৭, ১৪

ম্যাকলাউড (জোসেফিন, জয়া)—
ইংলণ্ডের পথে ভারতে ৮৬;
উৎসবে ৯৩; মঠের পুরাতন বাটীতে ৯৬; স্বামীজীকে ভারত সেবার প্রশ্ন ১০২; নিবেদিভার কথা

জানান ১২৩-২৪; ও স্বামীজীর কথা ১৪৮-৪৯; লিখেছেন ১৯১, ২৫৩, ২৬৩; লস এঞ্জেলিসে ২৫৬; চিকাগো হইয়া নিউ ইয়র্ক ২৭৬; স্বামীজীর ভ্রমণ সঙ্গী ৩৩৭; জাপানে ৪০৬;

ম্যাকলাউডের সম্মুখে ভারতীয় চিত্র ৩৬; স্মৃতিকথা ৮৫ পা: টী:, ১১১, ১২৯ পা: টী:, ২৫৭-৫৮, ২৬৬-৬৭, ৩২৪, ৩৩৫-৩৭, ৪৪৭; ভ্রাতার পীড়ার খবর ২৫৬; ব্লক্টের ' সহিত কথোপকথন ২৫৭; মতে আধ্যাত্মিকতার বাচাই ২৬৬-৬৭; লিখিত জেরাল্ড নোবল ৩২৪

যীভথ্ট তাঁহার ঐতিহাসিক সন্তা ১৪৫৪৬; - জীবনের ভারতীয় জীবনের
সহিত সাদৃশ্য ১৪৬; ও শ্রীকৃঞ্চের
জন্ম ও বাল্যলীলার সাদৃশ্য ১৪৬;
তাঁহার পুনরুখান ১৪৭; ছিলেন
ত্যাগী ৩৪০;

ষোগ কর্ম-৭৭, ৮০; জ্ঞান-৭৭, ৮০; ভক্তি-৭৭, ৮০; রাজ-৭৭, ৮০, ২৩৬; - স্ত্রে (পাতঞ্জল) ১৮৫; - সমন্বয় ২২১; - মার্গ চারিটি ২২২; -বিভৃতি ২৩২; - চতুর্বিধের সামঞ্জুস্তা ২৩৬

যোগানন্দ (স্বামী, যোগীন মহারাজ)
স্বামীজীর সহিত মতানৈক্য ১৩;
স্বামীজীর সহিত ভ্রমণে ১৭; কাঠগোদামে ২১, ২২

বোগেশচন্দ্র দত্ত—স্বামীন্দীর সহপাঠী ১০৯; স্বামীন্দীর সহিত আলোচনা ১০৯-১০; স্বতিলিপি ১১০

রণদাপ্রসাদ দাশগুপ্ত—স্বামীজীর সহিত আর্ট সম্বন্ধে ৩৩৩-৩৪; মঠের প্রতীক সম্বন্ধে ৩৩৩-৩৪;

রাজম, আয়ার— 'প্রবৃদ্ধভারত' সম্পাদক ১২৯; অকালে দেহত্যাগ ১২৯ 'রাজযোগ' বলাহ্নবাদ ৩৯; পাঠ ২৭০, ২৭৭; পশ্চিম উপকূলে ২৫৯; -শিকাদান ২৭৮

রাজা রামমোহন রায় সম্বন্ধে স্বামীন্দীর কথা ১০৮-০৯, ১১৮ রানাডে (বিচারপতি) মহারাষ্ট্র দেশীয়

নেতা ৩৬৮: সন্ন্যাস-বিদ্বেষী ৩৬৮ (এ) রামক্লফ-শরীর ধারণের হেতু ১: দেওঘর ও রাণাঘাটে সেবা-ব্রতের বীজ প্রোথিত করেন ২: -পরমহংস ঈশরাবতার প্রদর্শিত ধর্ম সময়য় ৮০, ২২২; কিশোর স্বামীজীকে শুক বলতেন ১১৮: নরেন্দ্রের স্পর্শক্তি সম্বন্ধে ১২৪; বাহিরে ভক্তিময় ভিতরে জ্ঞানময় ১২৮: জীবনের ঘটনা ১२२: त्रामीजी मध्दक ১৫৮: -কেন্দ্রিক নব কার্যধারা কাশীপুরে স্বামীজীকে বলেন ১৮০; মহাযুগাবতার ১৮০; জগতের জন্ম প্রাণ দেন ২২৮ ; - প্রচার ১৫. ২৩০: সমন্বয়াবভার ২৩১: সম্বন্ধে শেক্সপীয়র ক্লাবে ভাষণ ২৬৪: স্বামীজীর জন্ম সম্বন্ধে ৪১৮

(১৯) রামক্রফের-জীবন ও উপদেশ
১,১৪; শিক্ষা ১৬,২২২; জীবনের
সামঞ্জস্থ ১৬; কাজ ১৭; বাণী
প্রচার ১২৯, ১৯৮; ভাব প্রচার
১৬৮, ১৯৭, ৪৩৪; স্থায়ী মঠ
১৭৬; অফুগামীদের প্রচার প্রস্তুতি
১৯০; আদর্শ ২২২; উক্তি বেদমতের ব্যাখ্যা ২৩১; স্থান নবীন
প্রাচীন সম্মিলনে ২৪৬; ভবিশ্বংবাণী ৪৪৬

'রামক্ষ-মিশন'-রেজেন্টারী ১০ পাঃ
টীঃ, ১২; - জ্যাসোসিয়েশন ১১;
'প্রচার সমিতি'র কার্যপ্রণালী ১১৩; সাফল্য সম্বন্ধে ২৩; মহলার ত্তিকে সেবা ২৫,২৬; তরফ হইতে খেডড়ী-রাজকে সংবর্ধনা
... ৫৩; পকে খেডড়ী-রাজকে অভি- নন্দন ৬৯; প্লেগে জনসেবা ১০৩০৪; - সভ্য ১৯১; - এর ইতিহাসে
প্রধান ঘটনা ১৯৩; কলিকাতায়
প্রতিষ্ঠা ১৯৬; অবলম্বনে কার্য
২২১; স্থাপন সম্বন্ধে ২৬৪; প্রতীক
রচনা ৩৩০, ৩৩৪

রামকৃষ্ণানন্দ (স্থামী, শশী মহারাজ)
মান্ত্রাজে ৮, ২১৭; মঠের সেবাকার্যে অর্থ সাহায্য ৩৬; মান্ত্রাজ বন্দরে ২৪০-৪১

রামচন্দ্র দত্ত-গৃহী ভক্ত ১; - গৃহে ৩১;
দেহ ত্যা গ ২০৪; ও স্বামীজী
২০৫; বিবরণ স্বামী সস্তোধানন্দ দারা লিপিবদ্ধ ২০৫; স্বামীজীর নিকট ক্ষমা ভিক্ষা ২০৫

রিশেলু (ডিউক) ও স্বামীজী ৩৩৫
রোমান-ক্যাথলিক-সম্প্রদায়ের সহিত
বৌদ্ধ দের মিল ১৪৫-৪৬;
অফুষ্ঠানাদি সম্বন্ধে ১৪৬; সাধু
মতলব এঁটে কাজ জানতেন না

রোমাঁ রোলাঁ—লিখিত জীবনী হইতে উদ্ধৃতি ১৯

লস এঞ্জেলিস-'ইভিনিং এক্সপ্রেস' পত্রিকায় বক্তৃতার বিবরণ ২৬০ 'লস এঞ্জেলিস টাইমস' পত্রিকায় ব ক্তৃ তা র বিবরণ ২৬১; মতে স্বামীজী জে. সি. নিউটন গৃহে ২৭১ লাহোর এখানে সেবা সমিতি গঠন ৫০; জিজ্ঞাস্থদের পিপাসা ৫১; স্বসাম্প্রদায়িক মনোভাব ৫২;ছাত্র-গণ ৫৫; বৈঠকী আলোটনা ৫৯; শিধ সম্প্রদায়ের শুদ্ধিসভা ৫৯-৬০; লেগেট-দম্পতি ২৫১; স্বামীজীর মা শ্রীযুক্তা—২৫১; জো'র ভগ্নী বেটি
-২৫৩; -দম্পতি স্বা মী জী কে
আমন্ত্রণ ২৯৬; নিউ ইয়র্ক বেদাস্থ
সমিতির সভাপতি ২৯৭; সভাপত্রির পদত্যাগ ২৯৯

লোগান, ডি. এম (ডাক্তার) স্বামীজীর চিকিৎসা ২৮৬; তার গৃহে বেদাস্থ সমিতি ২৯২

শকরাচার্য-মায়া সম্বন্ধে ২২৪; প্রবর্তিত দশনামী সম্প্রদায় ২৩৩; - প্রদর্শিত পদ্ধা ২৩৩; সম্বন্ধে প্রবন্ধ ২৫২; অবৈতবাদী-৩৯৮

শচীন্দ্রনাথ বস্থ-মহিষাদলের রাজার
ম্যানেজার ১৮৯; -লিখিত স্থামী
শুভানন্দকে পত্র ১৮৯; - লিখিত
পত্রাংশ ১৯৫-৯৬; স্থামীজীর
বিদায় সভার বক্তৃতা সম্বন্ধে ২৩৮;
-লিখিত যাত্রার বিবরণ ২৩৯

শরচন্দ্র (চক্রবর্তী)-লিথিত বিবরণ
৮৯-৯৽, ৪৩১-৩৪, ৪৪০-৪৪১;
'আত্মারামের কোটা' বহন ১৮০৮১; বলরাম গৃহে ১৮৪; পশুশালায় ১৮৪-৮৬; ক্রমবিকাশবাদ
আলোচনা ১৮৬-৮৭; উদ্বোধন
সম্বন্ধে আলাপ ১৯১-৯২

'শারীরক সূত্র'-এর শহর, রামামুজ ও মধ্য ভাষ্য এবং বল্লভাচার্যের অমুভাষ্য ৫৮ শিবনাথ (পণ্ডিড, শিবানন্দ) কাশীধামে স্বামীজীর গুণমুগ্ধ ৪২৬-২৭

শিবানন্দ (স্বামী, মহাপুরুষ মহারাজ)
-তপত্মানিরত ২২; কলম্বোতে ২৯;
প্রচার কার্যান্তে মঠে ৮৮;
প্রেগানেসবায় কার্যকারি ১৯৩;
মঠের জন্ম অর্থসংগ্রহে ৩৭৩

শিয়ালকোট থেকে আমন্ত্রণ ৪৬;
বন্ধুদের আহ্বান ৪৭; তথায়
বালিকাবিজ্ঞালয় স্থাপন আগ্রহ ৪৮
শুদ্ধানন্দ (স্বামী, স্থান্তর চক্রবর্তী)-লিখিত
৭, ৬৩, ১৯৬-৯৭; সম্বন্ধে স্বামীজী
২২৫; তাঁহার শ্বতিলিপি ২২৯;
লাঙ্গলবন্ধের ঘটনা ৩৮০-৮১
শ্রাদ্ধ প্রথা সম্বন্ধে ৫২; বিষয়ে প্রকাশ্র

বক্তৃতা বন্ধ ৫৩; সমর্থন ৫৮

শ্রীনগর—বর্ণনা ৩৯; পর্যস্ত রান্তার
সৌন্দর্য ১৩৬; কণিক্ষের সময়ে
১৩৮; ৪ঠা জুলাই উৎসব ১৪২;
৫ই জুলাই-এর ঘটনা ১৪২-৪৩

সধারাম গণেশ দেউস্কর—'হিতবাদী'-সম্পাদক ১৯৮; স্বামীজীর স্বদেশ-প্রেম সম্বন্ধে ১৯৯

সদানন্দ (স্বামী, গুপ্ত মহারাজ)
মান্রাজের ঘটনা ৬৫-৬; -লিখিত
থেতড়ীর ঘটনা ৬৯-৭২; প্লেগ
সেবাকার্যের কার্যাধ্যক্ষ ১৯৩;
নিবেদিতার সেবাকার্য সম্বন্ধে ২০৯;
দক্ষ ঘোডসওয়ার ৩৭২-৭৩

সন্ন্যাস—ধর্মলাভের পথ ১; বেদমতে-৫;

-ধর্ম ৫,৯৫,১৭৮,১৭৯; -এর প্রকৃত
উদ্দেশ্রত; -মহিমা৬,১৯; -এর কথা
৪৫; -দীক্ষা১৭৭; জীবনের মূলভিভি
২২৬; -মার্গে সাক্ষাৎ ফল ২২৯;
নবীন-২৩২; -বিধি ২৩৩; সম্বজ্জে
স্বামীজী ২৩৭; -জীবনের গৌরব
৩৬৬; পরহিতায় সর্বস্ব অর্পণ ৪১৫
সন্ন্যাসী বৌদ্ধ-১, ১৪৬; হিন্দু-১;
-দিগকে বুঝান ২; সরব প্রতিবাদ
১৪; গৈরিক পরিহিত-৩১;
আমেরিকার-৫৫; স্বামীজীর সাধী-

৫৭; মঠের-৮২, ৮৮, ৯০, ২০৬; পদচারী -১৬৪; ভারতীয় -১৪৬; -দের ফ্লেছ্সংস্পর্লে আপত্তি ১৫২; -সজ্বগঠনে স্বামীজী ২২৫, ২২৭; বেদের মাথায় দাঁড়িয়ে ২২৯; ও গৃহীর ব্রহ্মচর্য ২৮০; -ত্যাগ ও পরকল্যাণ কামনা ৬৬৯; সম্বন্ধে স্বামীজী ২২৬-২৭; ইহার আদর্শ ২২৮-২৯, ২৬৭

সরলা ঘোষাল—'ভারতী'-সম্পাদিকা ২০০; সম্মৃথে নিবেদিতার স্বামীজীকে সেবা ২০১

সারদানন্দ (স্বামী, শরৎ মহারাজ)—
আমেরিকায় ৮৫; প্রচারান্তে মঠে
৮৬, ৮৮; নিবেদিতার বিত্যালয়
উলোধনে ১৭৬; শ্রীরামক্বক্ত ভাবপ্রচার ১৯২; কাথিওয়ারে ১৯৭,
২৩৪; দর্শনাদি শিক্ষাদান ২২৬;
স্বামীজীর বিদায়সভার উদ্বোধন
২৩৬-৩৭; নিউ ইয়র্ক বেদান্তসমিতির কার্যপরিচালনা ২৯৭

সেবা শিবজ্ঞানে জীব-১; -ব্রত ২, ৩, ৯, ১৪; -আদর্শ ২, ৪৩৯; -সহ জড়িত ৩; পরের—১৬, ৭৮; আর্ত-১৬, ১৮৭-৮৮, ২২৫, ৪১৭; সমাজ -১৯, ৩৩৯; -ভাব ১৯; -প্রবণতা ২৫; ভারতের সনাতন আদর্শ-৭৯; -বাঞ্ছনীয় কার্যধারা ৭৯; -কার্যের শিক্ষা ৮৮; ভারতের-১২১; -কার্য ত্তিক্ষে ১৭৯, ২১০; কার্য প্রেগে ২০৯; ধর্মভিত্তিক-২২১; -র বাণী ৩০০; জ্বন-৩৪২; নারায়ণজ্ঞানে-৩৮০

সেভিয়ার, সেভিয়ারের—হিমালয়ে , মাশ্রমস্থাপনে উদ্গ্রীব ৪১;

-দম্পতির অনাথালরের চেষ্টা ৬২;
দিন দিন সাধুবনা ১১১; -দম্পতির পত্রিকার ভারগ্রহণ ১২৯-৩০;
অবৈত আশ্রম স্থাপন ১৯৪;
বাঁচিবেন না ৩৪৭; -এর দেহত্যাগ
৩৫৬

স্বরূপানন্দ (অজয়হরি বন্দ্যোপাধ্যায়)
সম্বন্ধে স্বামীজীর আশা ও ধারণা
৯৫; 'প্রবৃদ্ধভারত'-সম্পাদক ১২৯৩০ 'প্রবৃদ্ধ ভারতের' গোড়াপত্তন
১৯৪; আশ্রমের অধ্যক্ষ ৩৫৮

ী—যুগ প্রবর্তন ১-১৯; দেবাব্রত সম্বন্ধে ২ ; কর্মী প্রস্তুত করা ৩, ৭ ; ভারত সম্বন্ধে ৯ ; দার্জিলিং-এ ৯ ; প্রচার সমিতি গঠন ১২ : সম্প্রদায় সৃষ্টি বিরোধী ১৩: প্রবর্তিত কার্য-ধারায় দন্দেহ ১৬; ভক্তির প্রতি বিদ্রপ ১৬; কর্মযোগাদর্শের কথা ১৬; মাতৃভূমির প্রতি কর্তব্য ১৭; প্রয়াস ১৭ ; যুগনায়ক ১৮ ; পর্বত-রাব্দের ক্রোডে ২০-৪১; ভারতীয় কাজ সম্বন্ধে ২৪; মৰ্ত্যলীলা অব-मात्मद हेकि**छ मान २৫, ७**८, २**৫৫,** শ্রীনগরে ৩৭-৮, 88¢, 885; ৪০, ১৩৪, ১৩৫, ১৬৪; মারীতে **অভিনন্দনের উত্তর ৪০: পঞ্চনদী-**তীরে ৪২-৬১; প্রচারে ব্যস্ত 80: कामीवाड़ीट एमकन्गारन উপদেশ ৪৪; কাশ্মীরে মঠ স্থাপনের कथा 88 : नियान काटि 8७, 89 ; আর্বসমাজের গোড়ামি দুরীকরণে ৫১ ; শুদ্ধিসভায় ৫৯-৬০ ; ভারতীয় প্রচারের শেষ পর্যায় ৬২-৮১; দরিদ্র বৃদ্ধা গৃহে ৬৭; খেতড়ীতে কাৰ্যকলাপ ৬৭-৮; প্ৰাচ্য পাশ্চান্ত্য আদর্শ তুলনা ৭০; বক্তৃতা মাধ্যমে ভারতীয় প্রচারকার্য সমাপ্ত ৭৭; বাণীকে বাস্তবে পরিণত করার অন্ত উপায় ৭৭; ভারত ও ভারত-বাদীর জন্ম কি করেছেন ৭৭-৯; সামাজিক সমস্তা সম্বন্ধে ৭৯, ২৬৯; স্বপ্লের রূপায়ণ ৮২-১০৫; রামকুষ্ণ-পুর উৎসবে ৮৩-৪; অব্রাক্ষণকে উপবীত দান ৮৯; ভারতকে ভাল-বাসা ১০২; কলিকাতা প্লেগে.১০২-০৪; ভারত পরিচয় ১০৬-৩৪; এশিয়াবাসী ও লণ্ডন নিউ ইয়র্কের তুলনা ১১০; তরুণ বয়স্কদের মহত্ত मद्राक्त ১১१[°]; अद्याशानीत काहिनी ১১৭: অসত্যপরায়ণতা সম্বন্ধে ১২১; পওহারীবাবা সম্বন্ধে ১২৫-২৬; গুডউইনের মৃত্যুতে ১২৬-২৮; ভারতীয়া সন্ন্যাসনীর কথা ১২৭: বাহিরে জ্ঞানময় অন্তরে ভক্তিপূর্ণ ১২৮; পাঞ্জাব অভিমুখে ১৩১ ; কঠোর তপস্থাকে 'বর্বরতা' বলা ১৩৪; ভৃন্বৰ্গ ১৩৫-৫২; অশোকের একচ্ছত্রতা চূর্ণের কারণ ১৩৮; মানব জীবনের গৃঢ় তত্ত্ব জ্ঞাত ১৪০; মৃত্যুর সন্মুখীন অবস্থায় ১৪৮, ৪৪৮; সাধুদের पर्योक्टिक मारी अमन। ১৫२; অমরনাথ ও কীরভবানী ১৫৩-৭২; সাধুদের আপত্তি মানা ১৫৩; মতলব করে কিছু করতেন না ১৫৩; অমরনাথ তুষারলিক তথ্য ১৫৮; मिनाहात्र माना ১७०; কাশ্মীরে আশ্রম স্থাপন সম্বন্ধ ত্যাগ ১৬১ ; টডের 'রাজস্থান' ও মীরা-

বাঈ ১৬২-৬৩; মীরাবাঈ ও বৈষ্ণব সাধু ১৬২-৬৩; ष्मমরনাথ দর্শনের পূর্বে ও পরে মৃত্যুকে আলিন্ধনের কথা ১৬৮, ১৬৯; বশিষ্ঠ বিশামিত ১৭০; শ্রীমার নিকটে ১৭১-৭২, ১৭৪; षामर्ट्यत वाखव ऋभ ১१७-२०२; নিবেদিতার বিভালয় উদোশনে ১৭৬-৭৭; মঠের নিয়ম প্রবর্তন ১৮৩, २১৮; ज्यानिপूत পশুশानाय ১৮৪-৮৬; ক্রমবিকাশবাদের ব্যাখ্যা ১৮৫-৮৬; ভাষা সম্বন্ধে ১৯২; বক্ততা ত্যাগ ১৯২; কি চাহিতেন ১৯৮, ২২১; পাঞ্চাবের উন্নতি সম্বন্ধে ১৯৯; উত্তর ভারতীয় পণ্ডিত সহ ১৯৯-২০০; সরলা ঘোষাল সম্বন্ধে ২০১; ভারতবাসী প্রতীচ্য ক্বষ্টিতে আক্রষ্ট দর্শনে থেদ २०२; श्रुक्त मर्ष्ट्र २०७-२०; अ নাগমহাশয় ২০৫-০৮; নবীনধারা প্রবর্তনে ২০৮; নারী সমাজ সম্বন্ধে २०२; निकानात्म देश्यमीन २५०; ও বিজ্ঞানানন্দ ২১৬ ; মঠের মন্দির मश्रक्ष २১७-১१; नदौन मह्यानि-সজ্য ২২১-৩৩; বুন্দাবনলীলা সম্বন্ধে २२७; माद्यावानी नट्टन बन्नवानी ২২৪: মাত্রুষ গঠনে মনোযোগী ২২৫; কিরূপ কর্মী চাহিতেন ২২৬; আজ্ঞাবহতা সম্বন্ধে ২২৮, ७७४; मर्क्त निश्चम निश्विष २२२; भूनतात्र माकिन मूनूरक २७8-**८८**; গীতার কর্ম সম্বন্ধে ২৩৬ ; নরমাংস-ভোজী मश्रद्ध २८७-८८ ; कानी-সম্বাদ্ধ ২৪¢; উপাসনা উপনিষদ প্রচার করেন ২৪৬;

রিজ্ঞলী ম্যানরে ২৫১: ছইলারের २६६; अनि वृत्नद्र আমন্ত্ৰণে २००: काानिकर्निया আমন্ত্রণে যাবার উদ্দেশ্রে २००: दश्न পরিবার মধ্যে २৫৫; मिकिन ক্যালিফর্নিয়ায় ২৫৬-৭৫; শ্রীযুক্তা ব্লজেট গ্রহে ২৫৭, ২৭৬ ; ব্লজেটের षानाथ २०৮: কালিফর্নিয়ায় সর্বোচ্চ শিক্ষালান ২৬০: বিশ্ব-জনীন ধর্মের রূপদান ২৬৫ : মীড-ভগ্নীদের গৃহে ২৭১; প্যাসাডেনায় গমন ২৭২; পাশ্চাত্তা সমাজে যাহা করেছিলেন ২৭৫; উত্তর ক্যালি-ফর্নিয়ায় ২৭৬-৯৫: মীডদের আতিথা ২৭৬: পাশ্চাত্তা জীবনের ক্রততার ভাবে ঠাটা২৮০; বোমা ফাটান ২৮০; শ্রীযুক্তা স্থীলের ভোজে ২৮০-৮১ : ২৮১: স্বীয় গুরুদেব সম্বন্ধে ২৮৭: স্থান ফ্রান্সিস্কোতে বেদাস্তসমিতি স্থাপন ২৯১: প্যাবিসে २२२: আমেরিকা হইতে বিদায় ২৯৫-৩২১: লেগেট-দম্পতির আমন্ত্রণ ২৯৬: বিবাদস্থলে বৈরাগ্য ৩০০: নিউ ইয়র্কে কার্য আরম্ভ ৩০৪; প্রচারের ফল ৩০৪; নিউ ইয়র্ক ৩০৬: ত্রীয়ানন্দকে ত্যাগ **दिशराम**ण ৩০৬ : পাশ্চাত্তা-কৃষ্টিকেন্দ্র ৩২২-৪২ : ফ্রান্স সম্বন্ধে ৩২২-২৩ : লেগেট-দম্পতি গ্রহে ৩২৩ : ব্রিটানিতে ৩২৩, ৩২৯ ; বোয়ার গৃহে ৩২৩-২৪; 'খেয়ালী কংগ্রেস' ৩২৮: মঠের দেবোত্তর টাস্টডীড ৩৩০-৩২ : রামরুঞ্-মিশন • ও মঠের প্রতীক রচনা ৩৩০, ৩৩৩ ; · স্বামীন্দীর প্রধান কর্তব্য ১ ; নবীন

কালভের অভিথিরূপে ভ্রমণ ৩৩৫: প্যারিস ত্যাগ ৩৩৭ ; স্বদেশপ্রেমিক পাশ্চাত্তো কি দিলেন ৩৩৯-৪২; 'সমাজতন্ত্রবাদী' ৩৪১; প্রাচীন সংস্কৃতির সন্ধানে ৩৪৩-৫৫: ম্যাক্সিমের পরিচয় পত্তে ৩৪৬; তুর্কী বৃদ্ধের হৃত্যতায় ৩৪৬; বেলুড মিশরে ৩৪৭: হিমালয়ে প্রত্যাবর্তন ৩৫৩ ; শেষবার ৩৫৬-৭৭; পূর্বইউরোপ ও মিশর ভ্রমণে ৩৫৬; শ্রীয়ক্তা সেভিয়ারকে সান্তনার জন্ম মায়া-বতীতে ৩৫৬, ৩৫৭; মায়াবতী যাত্রা ৩৫৯-৬২ ; মায়াবতী অবস্থান-কালে ৩৬৩; পাশ্চাত্ত্য শিশু সম্বন্ধে স্বরূপানন্দকে পরিচালনার উপদেশ ৩৬৪-৬৫; **जा**ठार्य जगनी गठत्क्रत जञ्जरतार्थ 'নাসদীয় স্থক্ত' অমুবাদ ৩৬৮; প্রতিবাদে রানাডের সন্ন্যাদের সমর্থন ৩৬৮-৬৯; মাংস ভোজন সহদ্ধে ৩৭৪; পিলিভি স্টেশনের ঘটনা ৩৭৫-৭৬; পূর্ববঙ্গ ও আসাম ৩৭৮-৮৯; নাগমহাশয়-গৃহে ৩৮৪-৮৫; চন্দ্রনাথে ৩৮৫; বেলুড় মঠে ৩৯০-৪০৮; 'আত্মারামের কোটা' সম্বন্ধে ৩৯৬-৯৮; কালী-ঘাটে পূজা ৪০১-০২; ও ব্রহ্মানন্দের বালকোচিত কলহ ৪০৩; কাশী-शास्य ४८७-४७०; कीवन প्रारह ৪৩১-৪৪৪ ; শেষ পর্যস্ত শ্রীরামকৃষ্ণ ভাবধারা প্রচার ৪৩৪ ; লীলা সমাপ্ত জানতেন ৪৩৯, ৪৪৯; মহাসমাধি 880-७) : 8ठी जुनारे 80)-02

চিন্তা ১; পত্র—অথণ্ডানন্দকে ১, ২৪, ২৮, ২৯, ৪১; -অজিত সিংহকে ১৬৪; -ইন্দুমতী মিত্রকে ৬২ ; -এলবাটাস্টার্জিসকে ৩২৩ ; -छिन वृनाक ७, २०, ७७, २००, २৫৮, २৫৯, २१৮, २৯৪, २৯৮, ৩৫৬, ৩৬৩, ৩৭৮, ৩৮৫, ৪২৮-২৯ -ক্লক্টিনকে ৩২৩, ৩৪৮ ; তুরীয়া-नम्दर्क २५४, २२४, ७०१, ७२४, ৩৩১, ৩৩৩ ; -নিবেদিতাকে ৩, २८, २৮, २२, ८১, ৮৬-१, ১२७, २৫৮, २৫৯, २१२, २৮२, २৮७, ৩৩১, ৪০৪-০৫; -বেটি লেগেটকে ২৭৩, ২৭৪, ২৯৮, ৩২৮ ; -ব্রহ্মা-नन्तरक २७, २७, ७৯, ४०, ४১, ७৮, ১०৮, ১১১, २১৪, २८२, ৩৮০; -মেরী হেলকে ২০, ২৩-৪, २৫, ১৬৩, ২৪৯, ২৫৭, ২৭২, ২৭৮, २৮১-৮२, २৮৬, २৮৮, २৯৬, ७०१, 000, 068, 069, 066-63; -মেরী হেলবয়স্টারকে ২৯; -ম্যাক-লাউডকে ২৩, ২৫, ১০২-০৩, ১৮a, ২8a, ২a৮ ২aa, ৩05, 000,060,066,069,809,80b; -ব্লুজেটকে ২৮২; -রামক্লফানন্দকে ৪, ৩৬, ৯৯, ৪০৬; -শশিভ্ষণ ঘোষকে ২৩; -শুদ্ধানন্দকে ৩৯, ৪০: -সফরাজকে ১০৯: -সরলা ঘোষালকে ২০০; -স্টার্ডিকে ২৪৯-৫০; -হরিপদ মিত্রকে ৩৯, ১৭১; श्रद्भाशीनन्मटक ४७०;

নবীন উত্তম ৮; মূল উদ্দেশ্য ৮; সেবা- ক ব্রতের আদর্শ ৯, ১৬; ভাবধারায় সন্দেহ, ১২; শ্রীরামক্ষণ সম্বন্ধে ধারণা ১৩; বাহাতঃ জ্ঞানকর্ম অন্তরে ক

ভক্তি ১৮; প্রাণরক্ষক ফকির ২১, ৬৫; হিমালয়ের সহিত সম্বন্ধ ২২; আলমোড়ায় আশ্রম ২২; সেবা-প্রবণতা ২৫-৬; বক্তৃতা—ইংলিশ क्नार्व २७; -हिन्मि २७-१, ४৮; -'বেদের উপদেশ, তাত্ত্বিক ও ব্যাবহারিক' ২৭; -ফনোগ্রাফে ৩৫ ; -ইংরেজী ৪২, ৪৮ ; -জন্মতে ৪৬; -'বেদাস্ত' ৪৯; -'আমাছের বর্তমান সমস্থাসমূহ' ৫৬-৭; 'হিন্দু-ধর্মের সাধারণ ভিত্তি' ৫৬-৭'; 'ভক্তি' ৫৬-৭; -'বেদাস্ত' ৫৬-৭, ৭১-২; -স্থমহলে ৭৫; -আসামে ৭৭; বিজ্ঞান পরিষদে ৯৫; 'সন্ন্যাস' ২৩৭; -'বেদাস্তদর্শন' ২৬০ ; -'ব্রহ্মাণ্ড' ২৬০ ; -'ভারতের ইতিহাদ' ২৬০ ; -'কর্ম ও তার রহস্থ' ২৬১ ; -'আমরা নিজেরাই' ২৬১; -'ঈশদূত যীশুখুই' ২৬১; -'মনের শক্তি' ২৬১; -'পৃথিবীতে খুষ্ট প্রচার' ২৬২; -'ব্যাবহারিক আধ্যাত্মিকতার ইন্দিত' ২৬২; -'ব্রাহ্মণ্য ধর্ম' ২৬৪; -'ভক্তিযোগ' ২৬৪, ২৭৯; -'ভারতীয় নারী' ২৬৪, ২৭০; - 'আমার জীবন ও ত্রত' ২৬৪, ২৭১; -'বিশ্বজনীন ধর্ম উপলব্ধির পন্থা' ২৬৫; -'প্রাচীন ভারতীয় মহাকাব্যগুলি' ২৬৫; -'জগতের মহত্তম আচার্যগণ' ২৬৫; -ম্যাসনিক মন্দিরে ২৬¢; ইউনি-ভার্সেলিস্ট গীর্জায় ২৭৩; -প্যাসা-ডেনায় ২৭৬; -'হিন্দুমতে মুক্তি माधना' २११ ; - 'विश्वक्रनीन धर्यत ष्पानर्नं २१५; -ग्रेजा ও दिनास्ट দৰ্শন ২৭৯; -স্তান

অক্সাক্ত স্থানে ২৭৯; -'জগতের প্রতি বুদ্ধের বাণী' 'আরব দেশের ধর্ম ও ঈশদৃত মহম্মদ' 'বেদাস্তই কি ভারতবর্ষের ধর্ম' 'বিশ্বের প্রতি খুষ্টের বাণী' 'জগতের নিকট ক্বফের বাণী' 'বিখের কাছে মহমদের বার্ডা' 'মন, তাহার শক্তি ও সম্ভাবনা' 'মনের উৎকর্ষসাধন' 'একাগ্ৰতা' 'প্ৰকৃতি ও মানুষ' 'আআ ও পরমাআ' 'প্রাণায়াম বিজ্ঞান' 'পুজ্য ও পুজক' 'ভারতীয় কলা ও বিজ্ঞান' 'আমু-ষ্ঠানিক পুজা' ২৭৯ ; -'রাজ্যোগ' 'একাগ্রতা ও প্রাণায়াম' 'ধর্মের সাধনা' ২৭৯; -ছোম অব টুথে ২৮০: -'নরক সম্বন্ধে হিন্দুদের বিচিত্র ধারণা' ২৮১; -গীতা বিষয়ে ২৮৬, ২৯২ ; -'বেদাস্ত দর্শন' ২৯৬ ; -নিউ ইয়র্কে ৩০৪; - ধর্ম মানে কি' ৩০৫; -'শক্তিপুজা' ৩০৬; -পারি মহাসভায় ৩২৬-২৮; 'শিক্ষা' ৩৭৮; পুর্ববঙ্গে ৩৭৯; 'আমি কি শিথিয়াছি' ৩৮২; 'আমাদের জন্ম-প্রাপ্ত ধর্ম' ৩৮৩; গৌহাটিতে তিনটি ৩৮২ ; শিলং-এ একবার ৩৮২ ; নবযুগের বাণী ২৪, ৮১; ভূতাপ-मात्रग ७०; मिक्करमञ्जत कानी মন্দিরের ঘটনা ৪০, ৯৩; কাশ্মীরে কেন্দ্র স্থাপনাভিপ্রায় ৪১; উত্তর-পশ্চিম ভারতে কেন্দ্র স্থাপনেচ্ছা ৪১ ; বকৃতা মাধ্যমে প্রচার আরম্ভ ৪২ ; শিষ্য গুডউইন দ্বারা লিপিবদ্ধ ৪৭-৪৮; শিয়ালকোটে বালিকা বিভালয় সম্বন্ধে ৪৮; নিকট তুই জন সন্নাসিনী ৪৮; গোঁড়ামি

সম্বন্ধে মত ৫১-২; লাহোরে দৃঢ় অসাম্প্রদায়িক মত ৫২ ; সমদশিতা ৫৩; অমায়িকতা ও হান্ততা ৫৪; সহিত তীর্ধরাম গোস্বামীর সাক্ষাৎ ৫৪; বৈঠকী আলোচনার উৎকর্ষ ৫৮; কলিকাতায় মুঠ স্থাপনের চেষ্টা ৬২; খেতড়ী রাজ্যে ৬৮-১; यञ्जनीका **ल्यानी १७-१**: धर्म সমন্বয় ৮০; নিবেদিতাকে সাবধান-বাণী ৮৭; অভিমানশূকতা ১৪; মধ্যপ্রাচ্য ও প্রতীচ্যের মিলন ১০০: ম্যাকলাউডের প্রশ্নোত্তর ১০২ ; ভারতের বৈদান্তিক মন্তিক ও ঐসলামিক দেহ সম্বন্ধে বাণী ১০৯; পাশ্চাত্ত্যে ধর্মসম্বন্ধে অজ্ঞতা ১১০ ; সভ্যতা সম্বন্ধে মত ১১৫ ; গল্ল ১২০; ইঞ্জিনিয়ার যুবকের গল্প ১২০-২১; নিবেদিতাকে শিক্ষার পদ্ধতি ১২৩; 'রেকুইস ক্যাট ইন পাদে' কবিতা ১২৮: 'প্রবুদ্ধ ভারতের প্রতি' কবিতা ১৩०, ১৩৮: काभौती मूननमानी বুদ্ধার পরিচয় ১৩৬; কালীঘাটে ভক্তি আতিশধ্যের ব্যাখ্যা ১৩৬-৩৭ , ভারতীয় ক্লষ্টি ইত্যাদির সহিত পাশ্চাত্ত্যের তুলনা ১০১; মতে ন্ত্রীলোক ও শৃদ্রের জ্ঞানচর্চা ১৪১; 'টু দি ফোর্থ অব জুলাই' রচনা ১৪২; ক্রীট দ্বীপের নিকট স্বপ্ন ১৪৫-৪৬; মতে বৃদ্ধ ও মহম্মদের ঐতিহাসিকতা ১৪৫; নিবেদিতার ভাবী কার্যের আলোচনা ১৪৯; অমরনাথে বরলাভ ১৫৮; ক্ষীর-ভবানী ১৫२, ১৬e; **लोका**त्र মাঝি ১৫৯-৬০; মতে স্বদেশ

ও ধর্ম ১৬০; মতে ভারতের অভাব ১৬০: দৈনন্দিন জীবন-ধারায় পরিবর্তন ১৬০ : 'স্ত্রীমঠ' ১৬১. ৩৯১: চিত্ত শিব থেকে শক্তির প্রতি আরুষ্ট ১৬৪-৬৫; শ্রীহন্তের কবিতা 'কালী দি মাদার' ১৬৫; 'মৃত্যুরূপা মাতা' কবিতা ১৬৭-৬৮, ১৬৯; উপর ফকিরের অভিচার ১৭১; শ্রীরামরুঞ্চের উপর অভিমান ১৭১-৭২: অমরনাথ ও 390-98: ক্ষীরভবানী বর্ণনা চিরাকাজ্জিত বালিকা বিভালয় ১৭৬: মঠ সম্বন্ধে ভবিষ্যদাণী ১৭৭; স্বজাতির উন্নতিকল্পে নৃতন প্রচেষ্টা ১৮২: আর্ত নারায়ণ সেবা ১৮৭-৮৮ : অব্ৈবত আশ্রম স্থাপনেচ্ছা ১৯৪: লিপি, অমুষ্ঠানপত্তে ১৯৪-৯৫; পরিকল্পনা রূপায়িত ১৯৬; পুস্তক ও বক্ততা শ্রীরামকৃষ্ণ বাণী-वाइक ১৯৮; मावधानवाणी २०२; শিক্ষায় নিবেদিতা ২১০: দ্বিতীয় বার আমেরিকা গমন ২১২: ও ব্রহ্মানন্দের ঘটনা ২১২-১৪ : স্বভাব ২১৩: প্রতিষ্ঠিত সন্ন্যাস ২২৪: ভাবাদর্শে নবীন সন্ন্যাস ২৩২-৩৩; ফটো ২৩৬, ২৭৩; আজ্ঞাবহতার উপদেশ ২৩৮; 'পরিব্রাজক' গ্রন্থ ২৪০, ২৪২; ভারতীয় কার্যধারার মূলসূত্র ২৪৫-৪৬; রিজলী ম্যানরে ২৫৩: অপরের ভাব মান্ত ২৫৩; মতে ভক্তির চেয়ে জ্ঞান বড় ২৫৪; মৰ্ত্য লীলা অবসান জানতেন ২৫৫, ৪৪৫, ৪৪৬; লীলাবসানের ইন্দিত २৫৫, ७००, ७৫२; भिউनिनि-প্যালিটির সহিত ট্যাক্স প্রদানে মতভেদ ও দেবোত্তর ট্রাস্ট ২৫৯: ম্যাসনিক মন্দিরে বক্তৃতাকালে ২৬৯ - ৭০: দক্ষিণ ক্যালিফর্নিয়ার ভ্রমণ বুত্তান্ত ২৭১-৭২; উত্তর ক্যালি-ফর্নিয়ায় ২৭২ : কর্মপ্রবণতা সম্বন্ধে ২৭২-৭৩ ; মীড-গৃহবাসের বিবরণ ২৭৩; ক্যাম্পটেলরের ঘটনা ২৮২: রেড ইণ্ডিয়ান ছেলের সহিত ২৮৪-৮৫ ; নিউ ইয়র্কে উপস্থিতি ২৮৬ ; জাহাজ-ভাসান দর্শন ২৮৮-৮৯; লক্ষ্যভেদ ২৯৫; নিউ ইয়ৰ্ক যাত্ৰা ২৯৬; নিউ ইয়র্কে বেদাস্ত সমিতি স্থাপন ২৯৭; পত্রাবলীর অংশ উদ্ধৃতি ২৯৮-৯৯; চরিত্রের বৈশিষ্ট্য ৩০১ ; বন্ধুবান্ধবের সহিত মনো-মানিলো ৩০১-০২; প্রত্যক্ষদশী ভক্তের স্মৃতিলিপি ৩০৭-২১: প্যারিসে আসার উদ্দেশ্ত ৩২৪-২৫; পশ্চিম সম্বন্ধে সমালোচনা ৩৫৪-१८६: ठीन मश्रक छक्ति ७८८: সেভিয়ারের মৃত্যুতে তুঃখ ৩৫৬; সমস্থা ৩৫৬-৫৭; 'প্রবৃদ্ধ ভারতে'র জন্ম প্রবন্ধ রচনা ৩৬৮ ; ঢাকার ঘটনা ৩৮৩-৮৪; স্ত্ৰী-শিক্ষা সম্বন্ধে মত ৩৯২; শ্বতিশক্তি ৩৯৩; নবীন দৃষ্টিভঙ্গী ৩৯৬; কক্ষ সংরক্ষিত ৪০০; পশুপক্ষী ৪০৩- ৪; বেদবিত্যালয় পরিকয়না ৪১১: মতে ভারতের স্বাধীনতা লাভ ৪১৩: দরিন্দ্রনারায়ণ সেবা ৪১৪-১৫ ; স্বভাবস্থলভ রসিকতা ৪২১; শিল্পামুভৃতি ৪২৮-২৯; শ্রীরামকুষ্ণের উৎসবের ৪৩২ ; তুর্বলতা শুধু নিজের কাজে ৪৪৮ : নিবেদিতাকে ভোজন করান ৪৪৯-৫০; কালীপুজার ইচ্ছা ৪৫০; মহাসমাধি ৪৫৩

হিন্দু হিন্দিভাষী- ৫৫; -নহে ছুঁৎমার্গী
৭১; -ধর্মপ্রচারে ৭২, ৭৯;
-ধর্মের ত্র্বোধ্য বিষয় ৯৯; -জীবনধারা পাশ্চান্ত্য মনে ৯৯; - বিবাহ
পদ্ধতি ১১৫; - সভ্যতা ১১৮;
ও খুষ্টান ক্রিয়াকাণ্ডে সাদৃশ্য ১৪৬;
-ধর্মের বৈশিষ্ট্য ১৫৯; - নারীর
জীবন ৩০৫; - দের দর্শনে
শিথিবার ৩৪০; - জাতির অধঃপ ত নে র সঙ্গে নিরামিধাহার
৩৭৫; কয়েক বিষয়ে মিল
৩৮৩

হিয়াসাম্ব, পেয়র (মঁলয়জন) স্বামীজীর ভ্রমণ সঙ্গী ৩৩৭; কনস্টান্টিনোপলে বক্তৃতা বন্ধ ৩৪৫

হিরাম ম্যাক্সিম—স্বামীজীর সহিত

বন্ধুত্ব ৩৩৪; পরিচয় ৩৩৪-৩৫ হেষ্টি—স্কটন্যাগুবাসী শিক্ষক ১১৯; স্বামীজীকে শ্রীরামক্লফের নিকটে যেতে বলেন ১১৯

হালবরে (শ্রীযুক্তা এলিস মীড, শান্তি)
স্থানীজীর সহিত সাক্ষাৎকার
২৬৭; স্থানীজীর কাজে সাহায্যের
সকল ২৭০; স্থানীজীকে প্যাসাডেনায় আমন্ত্রণ ২৭১; স্থানীজীর কথা
২৭২; উত্তর ক্যালিফর্নিয়ায় ২৭৪;
গৃহস্থালীর ও সেক্রেটারীর কাজ
২৭৪, ২৭৯; ক্যার জন্ম ব্যাকুল
২৭৪; ক্যাম্প আর্ভিং-এ ২৭৪;
স্থানীজীর কাজে সর্বদা ব্যন্ত ২৭৪;
ক্যাম্পে ২৮২-৮৩; ও কল্যাণী
২৮৪; স্থাতিকথা ২৯১, ২৯২-৯৩;
বেদান্ত কেন্দ্র স্থাপনে ২৯২

গ্রন্থপঞ্জী

(বর্তমান গ্রন্থে ব্যবস্থত প্রধান পুস্তকাবলী)

শীশীরামরুফকথামৃত: শ্রীম কথিত

প্রকাশক: অরুণকুমার গুপ্ত, ১৩-৩, গুরুপ্রসাদ চৌধুরী লেন, কলিকাতা। প্রথম ভাগ—: ৫শ সংস্করণ; দ্বিতীয় ভাগ— ৯ম সংস্করণ; তৃতীয় ভাগ—৮ম সংস্করণ; চতুর্থ ভাগ—৬ চ্চ সংস্করণ; পঞ্চম ভাগ— ৫ম সংস্করণ।

এ প্রীরামক্ষণীলাপ্রসঙ্গ স্বামী সারদানন

উদ্বোধন কার্যালয়, ১নং উদ্বোধন লেন, কলিকাতা-৩। প্রথম থণ্ড—৯ম সংস্করণ; দ্বিতীয় থণ্ড—৯ম সংস্করণ; তৃতীয় থণ্ড—৯ম সংস্করণ; চতুর্থ থণ্ড —৮ম সংস্করণ; পঞ্চম থণ্ড—৭ম সংস্করণ।

স্বামী বিবেকানন্দের বাণী ও রচনা, প্রথম সংস্করণ 🕹

স্বামী বিবেকানন্দ: শ্রীপ্রমথনাথ বস্থ

প্রথম ভাগ---৩য় সংস্করণ, দ্বিতীয় ভাগ---- য় সংস্করণ :

স্বামীজীকে যেরপ দেখিয়াছি: ভগিনী নিবেদিতা, চতুর্থ সংস্করণ:

উদ্বোধন : উদ্বোধন কার্যালয়—শতবার্ষিকী সংখ্যা ও যথাস্থানে উল্লিখিত অস্থান্থ সংখ্যা

স্বামী অথগুনন্দ: স্বামী অন্নদানন্দ, প্রথম সংস্করণ: উদ্বোধন স্বামীজীর সহিত হিমালয়ে: ভগিনী নিবেদিতা, পঞ্চম সংস্করণ: উদ্বোধন স্বামী ব্রন্ধানন্দ, বিতীয় সংস্করণ:

শ্রীশ্রীলাটু মহারাজের স্মৃতিকথা: শ্রীচন্দ্রশেথর চট্টোপাধ্যায়, বিতীয় সংস্করন: ভারতে বিবেকানন্দ, ১৩শ সংস্করন:

শ্রীমৎ স্বামী নিশ্চয়ানন্দ মহারাজের অমুধ্যান: শ্রীমহেন্দ্রনাথ দত্ত

১৩৪১-১৮ই কার্তিক: মহেন্দ্র পাবলিশিং কমিটি, ও গৌর ম্থার্জী খ্রীট, কলিকাতা

স্বামী বিবেকানন্দের বাল্যজীবনী: মহেন্দ্রনাথ দন্ত, আমিন ১৬৪২:
লগুনে স্বামী বিবেকানন্দ: শ্রীমহেন্দ্রনাথ দন্ত, প্রথম থগু—১ম সংস্করণ; দিতীয়
. • থগু—২য় সংস্করণ:

শ্রীমং বিবেকানন্দ স্বামীজীর জীবনের ঘটনাবলী : মহেন্দ্রনাথ দত্ত, প্রথম খণ্ড—২য় সংস্করণ ; দ্বিতীয় খণ্ড—২য় সংস্করণ ; তৃতীয় খণ্ড—২য় সংস্করণ :

কাশীধামে স্বামী বিবেকানন্দ: মহেন্দ্রনাথ দত্ত, দ্বিতীয় সংস্করণ;

সঙ্গীত সাধনায় বিবেকানন্দ ও সঙ্গীত-কল্পতক: দিলীপ কুমার ম্থোপাধ্যায় জিজ্ঞাসা, কলিকাতা

ভগিনী নিবেদিতা: প্রবাজিকা মুক্তিপ্রাণা

বিতীয় সংস্করণ ; সিস্টার নিবেদিতা গার্লস স্থল, ৫ নিবেদিতা লেন, কলিকাতা অতীতের স্বতিঃ স্বামী শ্রদ্ধানন্দ, প্রথম সংস্করণঃ বেল্ডমঠ, হাওড়া

আমার জীবনকথা: স্বামী অভেদানন্দ

প্রথম দংস্করণ: শ্রীরামক্বফ বেদাস্ত মঠ, ১নবি রাজা রাজক্বফ খ্রীট, কলিকাতা

বিশ্ববিবেক: অসিতকুমার বন্দ্যোপাধ্যায়, শঙ্করীপ্রসাদ বস্থ, শঙ্কর ; বাক-সাহিত্য, ৩৩ কলেজ রো, কলিকাতা-৯

পত্র-সঙ্কলন: স্বামী অভেদানন্দ, শ্রীরামকৃষ্ণ বেদাস্ত মঠ, ১৯বি রাজা রাজকৃষ্ণ স্থীট, কলিকাতা

Life of Swami Vivekananda: By His Eastern & Western Disciples: Sixth Edition: Advaita Ashrama, 5 Dehi Entally Road, Calcutta-14.

Reminiscences of Swami Vivekananda: By His Eastern & Western Admirers: Second Edition,

Swami Vivekananda in America: New Discoveries: By Marie Louise Burke: First Edition,

Life of Vivekananda and the Universal Gospel: By Romain Rolland: Fifth Edition,

Life of Ramakrishna: By Romain Rolland; Fourth Impression:

Swami Vivekananda: A Forgotten Chapter of His Life, 1963: By Benishankar Sarma.

Oxford Books & Stationery Co., 17 Park Street, Calcutta-16.

Swami Vivekananda Patriot-Prophet: By Bhupendranath Dutta; 1954. Nababharat Publishers, 153/1, Radha Bazar St., Calcutta.